ন কর্ম্মসদৃশস্ত্যাগো ন কর্ম্মসদৃশস্তপঃ ।
ন কর্ম্মসদৃশং পুণ্যং ন কর্ম্মসদৃশী গতিঃ ॥ ১৮৫ ॥

অনুবাদ—আদিপুরাণে কথিত হইয়াছে—ভগ-বৎসেবাই উৎকৃষ্ট ধ্যান, ভগবৎসেবাই শ্রেষ্ঠ ফল, ভগবৎসেবার মত ত্যাগ আর নাই, তাঁহার পরিচর্য্যার মত তপস্যা আর নাই, তাঁহার সেবার তুল্য পুণ্য আর নাই এবং তাঁহার সেবার সদৃশ গতিও আর নাই। ॥ ১৮৫ ॥

টীকা—যথা যথাবৎ, শুভং স্বতএব পরমফল-রূপঞ্চ জানীহীতি শেষঃ। কর্ম্ম ভগবৎপরিচর্য্যাদি, ফলং স্বর্গাদি, গতিরাশ্রয়ঃ ॥ ১৮৩-১৮৫ ॥

নারদীয়ে—

ভক্তিগ্রাহ্যো হৃষীকেশো ন ধনৈর্ধরণীসুরাঃ।
ভক্ত্যা সংপূজিতো বিষ্ণুঃ প্রদদাতি সমীহিতম্ ॥১৮৬
জলেনাপি জগন্নাথঃ পূজিতঃ ক্লেশহা হরিঃ।
পরিতোষং ব্রজত্যাশু তৃষার্ত্তঃ সুজলৈর্য্যথা ॥১৮৭॥

অনুবাদ – শ্রীনারদপুরাণে ব্রাহ্মণগণকে সম্বোধন করিয়া বলা হইয়াছে—শ্রীভগবান হৃষীকেশ ভক্তি-দ্বারা গ্রাহ্য, ইনি ধনদ্বারা গ্রাহ্য নহেন, প্রকৃতপক্ষে ভক্তিপূর্ব্বক শ্রীবিষ্ণুর পূজা করা হইলে অভীষ্ট ফল পাওয়া যায়। তৃষ্ণার্ত্ত ব্যক্তি যেমন সুশীতল জল লাভে তৃপ্ত হয়, সেই প্রকার জল দ্বারাও দুঃখহারী জগৎপতি শ্রীহরি সুপূজিত হইলে অল্পকালেই পরিতুষ্ট হন ॥ ১৮৬-১৮৭ ॥

টীকা—সমীহিতং বাঞ্ছিতম্ ॥ ১৮৬ ॥

হরিভক্তিসুধোদয়ে—

কৃতাপি দম্ভহাস্যার্থে সেবা তারয়তে জনান্।
বিফলা নান্যকর্ম্মেব কৃপালুঃ কো ন্বতঃপরঃ ॥১৮৮

অনুবাদ—শ্রীহরিভক্তিসুধোদয়ে বলা হইয়াছে—শ্রীভগবৎসেবা দম্ভ বা পরিহাসছলে করা হইলেও ঐ সেবা লোকসকলকে উদ্ধার করেন। সেবাকার্য্য অন্য কার্য্যের মত ফলহীনা হন না, সুতরাং দয়াময় শ্রীহরি ছাড়া এমন দয়ালু আর কে আছেন ? ১৮৮ ॥

টীকা—বিফলা বৈগুণ্যেহপি ন ফলহীনা ॥১৮৮॥

ব্রহ্মবৈবর্ত্তে—

স সমারাধিতো দেবো মুক্তিকৃৎ স্যাৎ যথা তথা।
অনিচ্ছয়াপি হুতভুক্ সংস্পৃষ্টো দহতি দ্বিজ ॥১৮৯
ধনবান্ পুত্রবান্ ভোগী যশস্বী ভয়বর্জ্জিতঃ।
মেধাবী মতিমান্ প্রাজ্ঞো ভবত্যারাধনাদ্ধরেঃ ॥১৯০॥

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণে বলা হইয়াছে—অনিচ্ছায় বা অজ্ঞাতে অগ্নিস্পর্শ হইলে যে প্রকার অগ্নি দহন-নিবৃত্ত হয় না, হে ব্রাহ্মণ! সেই প্রকার যে ভাবেই হউক জগদারাধ্য শ্রীহরিকে আরাধনা করিলে মুক্তিলাভ হয়। শ্রীহরির আরাধনা দ্বারা নরগণ ধনবান্, পুত্রবান্, ভোগী, যশস্বী, নির্ভয়া, মেধাবী, মতিমান্ ও প্রাজ্ঞ হইয়া থাকেন ॥ ১৮৯-১৯০ ॥

টীকা—ধীর্ধারণাবতী মেধা তদ্বান্; মতির্জ্ঞানং আত্মানাত্মাদিবিষয়কং, তদ্বান্; প্রাজ্ঞশ্চ আত্মতত্ত্বাদ্যনুভাববান্ ভক্তিমাহাত্ম্যাভিজ্ঞো বা ॥ ১৯০ ॥

স্কান্দে সনৎকুমার-মার্কণ্ডেয়-সংবাদে—

বিশিষ্টঃ সর্ব্বধর্ম্মাচ্চ ধর্ম্মো বিষ্ণর্চ্চনং নৃণাম্।
সর্ব্বযজ্ঞতপোহোমস্তীর্থস্নানৈশ্চ যৎ ফলম্।
তৎ ফলং কোটিগুণিতং বিষ্ণুং
সংপূজ্য চাপ্নুয়াৎ ॥ ১৯১ ॥
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন নারায়ণমিহার্চ্চয়েৎ ॥ ১৯২ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে সনৎকুমার-মার্কণ্ডেয়-সংবাদে বলা হইয়াছে—মনুষ্যগণের পক্ষে সর্ব্বশ্রেষ্ঠ পূজা হইল শ্রীবিষ্ণুপূজা। সর্ব্বপ্রকার যজ্ঞ, তপস্যা, হোম ও তীর্থস্নানে যে ফল পাওয়া যায়, এক শ্রীবিষ্ণুপূজার দ্বারাই সেই ফলের কোটিগুণ ফল লাভ হইয়া থাকে। অতএব ইহলোকে সর্ব্বপ্রযত্নে শ্রীমন্নারায়ণের আরাধনা করা কর্ত্তব্য ॥ ১৯১-১৯২ ॥

তত্রৈব শ্রীশিব-উমা-সংবাদে—

যঃ প্রদদ্যাৎ দ্বিজেন্দ্রায় সর্ব্বাং ভূমিং সসাগরাম্।
অর্চ্চয়েদ্যঃ সকৃদ্বিষ্ণুং তৎ ফলং লভতে নরঃ ॥১৯৩
মাসার্ধমপি যো বিষ্ণুং নৈরন্তর্য্যেণ পূজয়েৎ।
পুরুষোত্তমঃ স বিজ্ঞেয়ো বিষ্ণুভক্তো ন সংশয়ঃ ॥১৯৪
মধ্যংদিনগতে সূর্য্যে যো বিষ্ণুং পরিপূজয়েৎ।
বসুপূর্ণমহীদাতুর্য্যৎ পুণ্যং তদবাপ্নুয়াৎ ॥ ১৯৫ ॥
প্রাতরুত্থায় যো বিষ্ণুং সততং পরিপূজয়েৎ।
অগ্নিষ্টোমসহস্রস্য লভতে ফলমুত্তমম্ ॥ ১৯৬ ॥

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেই শ্রীশিব ও উমা সংবাদে বলা হইয়াছে—একবার মাত্র বিষ্ণুপূজায় বেদ-পারগ ব্রাহ্মণশ্রেষ্ঠকে সসাগরা পৃথিবী দানের ফল পাওয়া যায়। যিনি সর্ব্বদা অন্তত দুইপক্ষকাল শ্রীবিষ্ণুর পূজা করিয়া থাকেন, তিনি যে বিষ্ণুভক্ত এবং পুরুষ শ্রেষ্ঠ তাহাতে সন্দেহ নাই, দিবা দ্বিপ্রহরে যিনি বিষ্ণুপূজা করেন, বসুপূর্ণ বসুন্ধরা দানের ফল

তিনি প্রাপ্ত হন। প্রাতঃকালে শয্যা ত্যাগের পর যিনি প্রণত হইয়া সর্ব্বদা শ্রীবিষ্ণুপূজায় রত থাকেন, তিনি সহস্র অগ্নিষ্টোম যাগের ফল লাভ করেন ॥ ১৯৩-১৯৬ ॥

———

যো বিষ্ণুং প্রযতো ভূত্বা সায়ংকালে সমর্চ্চয়েৎ।
গবাং মেধস্য যজ্ঞস্য ফলমাপ্নোতি দুর্ল্লভম্ ॥ ১৯৭॥
এবং সর্ব্বাসু বেলাসু অবেলাসু চ কেশবম্।
সম্পূজয়ন্নরো ভক্ত্যা সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ ॥১৯৮
কিং পুনর্যোঽর্চ্চয়েন্নিত্যং সর্ব্বদেবনমস্কৃতম্।
ধন্যঃ স কৃতকৃত্যশ্চ বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ ॥১৯৯॥

অনুবাদ—সায়ংকালে প্রযত্নসহকারে যিনি শ্রীবিষ্ণুপূজায় রত থাকেন, তিনি গোমেধ যজ্ঞের দুর্ল্লভফল লাভ করিয়া থাকেন। এইরূপে মাধ্যাহ্নাদিকালে বা অন্য সময়ে ভক্তিভাবে শ্রীভগবানের পূজা করিয়া নরগণ সর্ব্বকামনা সিদ্ধ করিতে পারেন। অধিক কথা কি, যিনি প্রত্যহ সর্ব্বদেব নমস্য শ্রীবিষ্ণুর পূজা করেন, তিনি ধন্য ও কৃতকৃত্য হইয়া বিষ্ণুলোক প্রাপ্ত হন ॥ ১৯৭-১৯৯ ॥

টীকা—বেলাসু মধ্যাহ্নাদিকালেষু, অবেলাসু তদন্যকালেষ্বপি ॥ ১৯৮ ॥

টীকা—এবং মধ্যাহ্নাদৌ কদাচিৎ কৃতার্চ্চনস্য ফলমুক্ত্বা নিত্যপূজাফলমাহ—কিমিতি ॥ ১৯৯ ॥

———

কিঞ্চ—
দীক্ষামাত্রেণ কৃষ্ণস্য নরা মোক্ষং লভন্তি বৈ।
কিং পুনর্যে সদা ভক্ত্যা পূজয়ন্ত্যচ্যুতং নরাঃ ॥২০০॥

অনুবাদ—আরও বলা হইয়াছে যে, মনুষ্যগণ যখন শ্রীহরিনাম দীক্ষামাত্রেই মুক্তি ফল লাভ করেন, তখন ভক্তিভরে সর্ব্বদা তাঁহার পূজা করিলে যে কি ফল লাভ হয়, তাহা আর কি বলিব ? ২০০ ॥

———

তত্রৈব শ্রীব্রহ্মনারদ-সংবাদে—
সংসারেঽস্মিন্ মহাঘোরে জন্মমৃত্যুভয়াকুলে।
পূজনং বাসুদেবস্য তারকং বাদিভিঃ স্মৃতম্ ॥২০১॥

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে—শ্রীবাসুদেবের পূজাই এই জন্মমৃত্যুভয়াকুল মহাঘোর সংসারে ভবপারে যাইবার একমাত্র উপায়। সকলেই ইহা স্বীকার করেন ॥ ২০১ ॥

টীকা—বাদিভিঃ স্মৃতং সর্ব্ববাদিনামেব সম্মতমিত্যর্থঃ ॥ ২০১ ॥

———

স নাম সুকৃতী লোকে কুলন্তেন হ্যলঙ্কৃতম্।
আধারঃ সর্ব্বভূতানাং যেন বিষ্ণুঃ প্রসাদিতঃ ॥২০২॥
যজ্ঞানাং তপসাঞ্চৈব শুভানামপি কর্ম্মণাম্।
তদ্বিশিষ্টফলং নৃণাং সদৈবারাধনং হরেঃ ॥ ২০৩॥

অনুবাদ—তিনিই সুকৃতীর অধিকারী যিনি শ্রীবিষ্ণুর প্রসন্নতা লাভ করিতে পারেন। তাঁহার দ্বারাই তাঁহার বংশ অলংকৃত হইয়া থাকে এবং তিনিই সর্ব্ব প্রাণীর আধার। সর্ব্বদা শ্রীহরির পূজা করাই লোকের যজ্ঞ, তপস্যা ও অন্যান্য শুভকর্ম্মের বিশিষ্ট ফল ॥ ২০২-২০৩ ॥

টীকা—প্রসাদিতঃ আরাধিতঃ ॥ ২০২ ॥

টীকা—হরের্যদারাধনং, তদেব যজ্ঞাদীনাং বিশিষ্টং ফলম্ ॥ ২০৩ ॥

———

কলৌ কলিমলাক্রান্তা ন জানন্তি হরিং পরম্।
যেঽর্চ্চয়ন্তি তমীশানং কৃতকৃত্যাস্ত এব হি।
নাস্তি শ্রেয়োত্তমং নৃণাং বিষ্ণোরারাধনাৎ ॥ ২০৪ ॥

অনুবাদ—শ্রীহরির পরম স্বরূপ কলিকল্মষাক্রান্ত জীবগণ এই ঘোর কলিকালে উপলব্ধি করিতে পারে না, কিন্তু তাহারা সেই পরমপুরুষ ভগবানের পূজায় প্রবৃত্ত হইলে কৃতকৃত্য হইয়া যায়। লোক সকলের পক্ষে শ্রীবিষ্ণুর আরাধনাই শ্রেষ্ঠতম ফল ॥ ২০৪ ॥

টীকা—উত্তমং শ্রেয়ঃ ফলং, সন্ধিরার্ষঃ, পাঠান্তরং স্পষ্টম্ ॥ ২০৪ ॥

———

যুগেঽস্মিন্ তামসে তস্মাৎ সততং হরিমর্চ্চয়েৎ।
অর্চ্চিতে দেবদেবেশ শঙ্খচক্রগদাধরে।
অর্চ্চিতাঃ সর্ব্বদেবা স্যুর্যতঃ সর্ব্বগতো হরিঃ।
অর্চ্চিতে সর্ব্বলোকেশে সুরাসুর-নমস্কৃতে।
কেশবে কেশি-কংসঘ্নে ন
যাতি নরকং নরঃ ॥ ২০৫-২০৬ ॥

অনুবাদ—বিশেষ করিয়া এই অন্ধকারাচ্ছন্ন কলিযুগে সর্ব্বদা শ্রীহরি পূজা করিতে হইবে। প্রকৃত পক্ষে দেবদেবেশ্বর শঙ্খ চক্র গদাধারী শ্রীভগবানের পূজা হইলে সব দেবতারই পূজা হইয়া থাকে, কারণ তিনিই সর্ব্বদেবমূল। সর্ব্বলোকশ্রেষ্ঠ সুরাসুর নমস্কৃত কেশি-কংসহন্তা শ্রীকেশবের পূজা করিলে নরগণকে আর নরক যন্ত্রনা ভোগ করিতে হয় না ॥২০৫-২০৬

টীকা—নরঃ পাপকৃদপি নরকং ন যাতি ॥২০৬॥

সকৃদভ্যাচ্চিতো যেন হেলয়াপি নমস্কৃতঃ।
স যাতি পরমং স্থানং যৎ সুরৈরপি পূজিতম্ ॥২০৭
সমস্তলোকনাথস্য দেবদেবস্য শাঙ্গিণঃ।
সাক্ষাদ্ভগবতো নিত্যং পূজনং জন্মনঃ ফলম্ ॥২০৮॥

অনুবাদ—জগৎপূজ্য শ্রীহরিকে অবহেলা ভরেও যিনি নমস্কার করেন, যিনি একবার মাত্রও পূজা করেন, তিনি দেবগণ-পূজিত পরমপদ লাভ করিয়া থাকেন। সর্ব্বলোকেশ্বর দেবদেব শ্রীবিষ্ণুর নিত্যপূজাই নরজন্মের সাক্ষাৎ ফল ॥ ২০৭-২০৮ ॥

তত্রৈবাগ্রে—

অসারে খলু সংসারে সারমেতন্নিরূপিতম্।
সমস্তলোকনাথস্য শ্রদ্ধয়ারাধনং হরেঃ ॥ ২০৯ ॥

অনুবাদ—ঐ পুরাণে আরও বলা হইয়াছে—সর্ব্বলোকনাথ শ্রীহরিতে শ্রদ্ধাপূর্ব্বক পূজাই এই অসার সংসারমধ্যে সার বলিয়া নির্ধারিত হইয়াছে ॥ ২০৯ ॥

কিঞ্চ—

যত্র বিষ্ণুকথা নিত্যং যত্র তিষ্ঠন্তি বৈষ্ণবাঃ।
কলিবাহ্যা নরাস্তে বৈ যেঽর্চ্চয়ন্তি সদা হরিম্ ॥২১০

অনুবাদ—আরও বলা হইয়াছে যে, যে যে স্থানে প্রত্যহ ভগবৎকথা-প্রসঙ্গ উত্থাপিত হইয়া থাকে, যে যে স্থানে বৈষ্ণবগণ বাস করেন এবং সর্ব্বদা বিষ্ণু পূজারত ব্যক্তিগণ—এইসব স্থানে কলি তাহার প্রভাব বিস্তার করিতে পারে না ॥ ২১০ ॥

কাশীখণ্ডে—

হরেরারাধনং পুংসাং কিং কিং ন কুরুতে বত।
পুত্রমিত্রকলত্রার্থং রাজ্যস্বর্গাপবর্গদম্ ॥ ২১১ ॥
হরত্যঘং ধ্বংসয়তি ব্যাধীনাধীন্নিরস্যতি।
ধর্ম্মং বিবর্ধয়েৎ ক্ষিপ্রং প্রযচ্ছতি মনোরথম্ ॥২১২॥

অনুবাদ—কাশীখণ্ডে উক্ত হইয়াছে—শ্রীহরির আরাধনায় কি না লভ্য হয়? পুত্র, মিত্র, কলত্র, রাজ্য, স্বর্গ, অপবর্গ, এ সমস্তই শ্রীহরির অর্চ্চনার ফল। শ্রীহরির আরাধনায় পাপধ্বংস প্রাপ্ত হয়, আধি-ব্যাধি দূরে চলিয়া যায় এবং ধর্ম্মবৃদ্ধি ও মনোবাঞ্ছা পূর্ণ হইয়া থাকে ॥ ২১১-২১২ ॥

অতএব স্কান্দে ধ্রুবং প্রতি শ্রীমার্কণ্ডেয়স্য বচনম্—

সকৃদভ্যাচ্চিতো যেন দেবদেবো জনার্দ্দনঃ।
স প্রাপ্নোতি পরং স্থানং সত্যমেতন্ময়োদিতম্ ॥২১৩॥

অনুবাদ—অতএব স্কন্দপুরাণে ধ্রুব মহারাজের প্রতি শ্রীমার্কণ্ডেয় বচন যথা—যিনি অন্ততঃ একবারও দেবদেব শ্রীজনার্দ্দনের পূজা করেন, তিনিই পরমপদ প্রাপ্ত হন ইহা আমি সত্য করিয়া বলিতেছি—ইহা অন্যথা হইবার নহে ॥ ২১৩ ॥

তথাঙ্গিরসঃ—

যস্যান্তঃ সর্ব্বমেবেদং যস্য নান্তো মহাত্মনঃ।
তমারাধয় গোবিন্দং স্থানমগ্র্যং যদীচ্ছসি ॥ ২১৪ ॥

অনুবাদ—ঋষি অঙ্গিরা বলিয়াছেন—যদি তুমি উৎকৃষ্ট স্থান পাইতে চাও, তবে যাঁহার অন্তরমধ্যে এই নিখিল বিশ্ব অবস্থিত এবং যিনি অন্তরহিত, সেই শ্রীঅনন্ত শ্রীগোবিন্দকে আরাধনা কর ॥ ২১৪ ॥

পুলস্ত্যস্য—

পরং ব্রহ্ম পরং ধাম যোঽসৌ শাশ্বত-পুরুষঃ।
তমারাধ্য হরিং যাতি মুক্তিমপ্যতিদুর্ল্লভাম্ ॥২১৫॥

অন্বয়ঃ—ঋষি পুলস্ত্য বলিয়াছেন—যিনি পরব্রহ্ম, পরমধাম ও নিত্যপুরুষ সেই শ্রীহরির আরাধনা করিলে সুদুর্লভ মুক্তিও লাভ হয় ॥ ২১৫ ॥

পুলহস্য—

ঐন্দ্রমিন্দ্রঃ পরং স্থানং যমারাধ্য জগৎপতিম্ ।
প্রাপ যজ্ঞপতিং বিষ্ণুং তমারাধয় সুব্রত ॥ ২১৬ ॥

অনুবাদ—ঋষি পুলহ বলিয়াছেন—হে সুব্রত। যে জগৎপতি যজ্ঞপতি শ্রীবিষ্ণুকে আরাধনা করিয়া ইন্দ্র দেবগণের রাজা হইয়াছেন, সেই শ্রীভগবানকে আরাধনা কর ॥ ২১৬ ॥

বশিষ্ঠস্য—

প্রাপ্নোত্যারাধিতে বিষ্ণৌ মনসা যদ্‌যদিচ্ছতি ।
ত্রৈলোক্যান্তর্গতং স্থানং কিমু সর্ব্বোত্তমোত্তমম্ ॥২১৭
যান্ যান্ কাময়তে কামান্ নারী বা পুরুষোঽপি বা।
তান্ সমাপ্নোতি বিপুলান্ সমারাধ্য জনার্দ্দনম্ ।২১৮

অন্বয়ঃ—বশিষ্ঠ মুনি বলিয়াছেন—সর্ব্বোৎকৃষ্ট শ্রীবৈকুণ্ঠলোক প্রাপ্তি যখন শ্রীবিষ্ণুর আরাধনা দ্বারা পাওয়া যায়, তখন ইচ্ছা করিলে যে ত্রৈলোক্যান্তর্গত অন্যান্য স্থান পাওয়া যাইবে, তাহাতে আর সন্দেহ কি ? নর বা নারী যেই হউক, তাহাদের কামনার বিষয়সমূহ শ্রীজনার্দ্দনের আরাধনায় অধিক পরিমাণেই লভ্য হইয়া থাকে ॥ ২১৭-২১৮ ॥

টীকা—সর্ব্বোত্তমোত্তমং স্থানং শ্রীবৈকুণ্ঠলোকমপি প্রাপ্নোতি, ত্রৈলোক্যান্তর্গতং প্রাপ্নোতীতি কিমুত বক্তব্যমিত্যর্থঃ ॥ ২১৭ ॥

অগস্ত্যসংহিতায়াম্—

আরাধ্যৈব নরো বিষ্ণুং মনসা যদ্‌যদিচ্ছতি ।
ফলং প্রাপ্নোত্যবিহতং ভূরি স্বল্পমথাপি বা ॥ ২১৯ ॥

অনুবাদ—অগস্ত্যসংহিতায় বলা হইয়াছে—মনুষ্য মনের মধ্যে কম বা বেশী যাহা ইচ্ছা করে, শ্রীবিষ্ণুর আরাধনায় তাহা বিনা বাধায় পাইয়া থাকে ॥ ২১৯ ॥

টীকা—স্বল্পং ভূরি বা যদ্‌যদিচ্ছতি, তৎফলমারাধ্যৈব আরাধন-মাত্রং কৃত্বা সদ্য এব অবিহিতং সর্ব্বোপদ্রবরহিতং অনশ্বরঞ্চ প্রাপ্নোতি ॥ ২১৯ ॥

ঈদৃশং বিষ্ণুপুরাণেঽপি কিঞ্চিদধিকং চেদং—

শ্রীমরীচেঃ—

অনারাধিতঃ-গোবিন্দৈন রৈঃ স্থানং নৃপাত্মজ ।
ন হি সংপ্রাপ্যতে শ্রেষ্ঠং তস্মাদারাধয়াচ্যুতম্ ॥২২০।

অনুবাদ—শ্রীবিষ্ণুপুরাণে এ সব কথা অপেক্ষা অনেক বেশী স্পষ্ট করিয়া শ্রীমরীচি বলিয়াছেন—হে রাজনন্দন ! উত্তমঃশ্লোক গোবিন্দকে আরাধনা না করিলে মানবগণ উত্তমস্থান লাভ করিতে পারে না, সুতরাং তুমি অচ্যুত শ্রীগোবিন্দের পূজা কর ॥২২০॥

কিঞ্চ তত্রৈব—

ভৌমান্ মনোরথান্ স্বর্গং স্বর্গবন্দ্যং তথাস্পদম্ ।
প্রাপ্নোত্যারাধিতে বিষ্ণৌ নির্ব্বাণমপি চোত্তমম্॥২২১

অনুবাদ—ঐ শ্রীবিষ্ণুপুরাণেই বলা হইয়াছে—শ্রীবিষ্ণুকে আরাধনা করিলে ইহ জগতের সবকিছু মনোবাঞ্ছা সিদ্ধি, স্বর্গ এবং স্বর্গবন্দ্য ধ্রুবলোক, নির্ব্বাণমুক্তি ও উত্তম শ্রীবৈকুণ্ঠলোক লাভ করা যায় ॥ ২২১ ॥

টীকা—স্বর্গবন্দ্যমাস্পদং শ্রীবৈকুণ্ঠলোকং, মুমুক্ষুশ্চেৎ নির্ব্বাণমপি প্রাপ্নোতি ; যদ্বা, স্বর্গবন্দ্যং শ্রীধ্রুবলোকং ব্রহ্মলোকং বা, উত্তমং নির্ব্বাণং মুক্তিবিশেষরূপং শ্রীবৈকুণ্ঠলোকম্ ; যদ্বা, নির্ব্বাণং মোক্ষং তস্মাদুত্তমঞ্চ শ্রীবৈকুণ্ঠলোকমপি ॥ ২২১ ॥

তথা ব্রহ্মবৈবর্ত্তে—

যৎপাদোদকমাধায় শিবঃ শিরসি নৃত্যতি ।
যন্নাভিনলিনাদাসীদ্‌ব্রহ্মা লোকপিতামহঃ ॥ ২২২ ॥
যদিচ্ছাশক্তিবিক্ষোভাদ্‌ব্রহ্মাণ্ডোদ্ভবসংক্ষয়ৌ ।
তমারাধয়ঃ গোবিন্দং স্থানমগ্র্যং যদীচ্ছসি ॥ ২২৩ ॥

অনুবাদ—এই বিষয়ে ব্রহ্মবৈবর্ত্তপুরাণে বলা হইয়াছে—কৈলাসবাসী মহাদেব যাঁহার চরণামৃত শিরে ধারণ করিয়া নৃত্য করিয়া থাকেন, যাঁহার নাভিপদ্মে লোক পিতামহ ব্রহ্মার জন্ম, যাঁহার ইচ্ছাশক্তি বিক্ষোভে ব্রহ্মাণ্ডের উৎপত্তি ও বিনাশ হয়, যদি উৎকৃষ্ট লাভ করিতে চাও, তাহা হইলে সেই শ্রীগোবিন্দকে আরাধনা কর ॥ ২২২-২২৩ ॥

নারসিংহে মার্কণ্ডেয়-সহস্রানীক-সংবাদে—
যস্তু সম্পূজয়েন্নিত্যং নরসিংহং নরেশ্বর।
স স্বর্গমোক্ষভাগী স্যান্নাত্র কার্য্যা বিচারণা॥ ২২৪॥
তস্মাদেকমনা ভূত্বা যাবজ্জীবং প্রতিজ্ঞয়া।
অর্চ্চনান্নরসিংহস্য সংপ্রাপ্নোত্যভিবাঞ্ছিতম্ ॥২২৫॥

অনুবাদ—নৃসিংহপুরাণে শ্রীমার্কণ্ডেয়-সহস্রানীক-সংবাদে মুনিবর বলিলেন—হে নৃপেন্দ্র! যিনি প্রত্যহ শ্রীনৃসিংহদেবের সম্যক্ আরাধনা করেন তিনি স্বর্গ এবং মোক্ষভাগী হইয়া থাকেন এই বিষয়ে বিচারের অপেক্ষা নাই। সুতরাং প্রতিজ্ঞাকরতঃ একাগ্রচিত্তে যাবজ্জীবন সেই নরসিংহদেবের পূজা করিলে অভীষ্ট ফল প্রাপ্তি হয়॥ ২২৪-২২৫॥

তত্রৈব শ্রীব্যাস-শুক-সংবাদে শ্রীমার্কণ্ডেয়-মৃত্যুঞ্জয়-সংবাদানন্তরম্—
নরকে পচ্যমানস্তু যমেন পরিভাষিতঃ।
কিন্ত্বয়া নার্চ্চিতো দেবঃ কেশবঃ ক্লেশনাশনঃ? ২২৬॥
উদকেনাপ্যলাভে তু দ্রব্যাণাং পূজিতঃ প্রভুঃ।
যো দদাতি স্বকং লোকং স ত্বয়া
কিং ন পূজিতঃ?॥ ২২৭॥
নরসিংহো হৃষীকেশঃ পুণ্ডরীকনিভেক্ষণঃ।
স্মরণান্মুক্তিদো নৃণাং স ত্বয়া কিং ন পূজিতঃ? ২২৮

অনুবাদ—ঐ পুরাণেই শ্রীব্যাস-শুক-সংবাদে বলা হইয়াছে—ধর্ম্মরাজ যম নরকে পচ্যমান এক ব্যক্তিকে জিজ্ঞাসা করিয়াছিলেন, কেন সে ক্লেশনাশন শ্রীকেশবের পূজা করে নাই। কারণ কেশবের পূজা করিলে তাহার এই প্রকার দুরবস্থা হইত না। যিনি উপচারাদির অভাবে কেবল জলদ্বারা পূজিত হইলেও পূজককে মুক্তি দিয়া থাকেন, তাঁহাকে পূজা না করিবার কারণ কি? যে নৃসিংহ হৃষীকেশ পদ্মলোচন শ্রীনারায়ণকে স্মরণ করিলে তিনি মুক্তি দিয়া থাকেন, তুমি কি তাঁহার পূজা কর নাই? ২২৬-২২৮॥

টীকা—দ্রব্যাণাং পাদ্যাদীনামলাভে সতি উদকেনাপি পূজিতঃ সন্॥ ২২৭॥

বৃহন্নারদীয়েঽদিতি-মাহাত্ম্যে শ্রীসূতোক্তৌ—
যত্র পূজাপরো বিষ্ণোস্তত্র বিঘ্নো ন বাধতে।
রাজা চ তস্করশ্চাপি ব্যাধয়শ্চ ন সন্তি হি॥ ২২৯॥
প্রেতাঃ পিশাচাঃ কুষ্মাণ্ডা গ্রহা বালগ্রহাস্তথা।
ডাকিন্যো রাক্ষসাশ্চৈব ন বাধন্তেঽচ্যুতার্চ্চকম্ ॥২৩০

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে অদিতিমাহাত্ম্যে শ্রীসূত মহাশয়ের বাক্যে—বিষ্ণুপূজক ব্যক্তিগণ যেখানে বাস করেন, সেখানে কোনও বিঘ্ন বাধা সৃষ্টি করিতে পারে না, সেখানে রাজা, তস্কর কিংবা ব্যাধির কোনও উৎপাত থাকে না। প্রেত, পিশাচ, কুষ্মাণ্ড, বালগ্রহ, ডাকিনী ও রাক্ষস ইহারা কেহই বিষ্ণুপূজকের বাধা উৎপাদন করিতে পারে না॥ ২২৯-২৩০॥

টীকা—স্মরণাদপি মুক্তিদঃ; রাজা, তৎকৃতোপদ্রব ইত্যর্থঃ॥ ২২৯॥

তত্রৈব যমভগীরথ-সংবাদে—
পত্রৈঃ পুষ্পৈঃ ফলৈর্বাপ্যর্চ্চ্য পূজারহিতমচ্যুতম্।
স যাতি বিষ্ণুসালোক্যং কুলসন্ততি-সংযুতঃ ॥২৩১॥

অনুবাদ—ঐ গ্রন্থেই যম-ভগীরথ-সংবাদে বলা হইয়াছে—পূজারহিত অচ্যুত ভগবানকে পত্র, পুষ্প ও ফলদ্বারা যিনি পূজা করেন, তাঁহার সন্ততিকুল বিষ্ণু-সাযুজ্য লাভ হয়॥ ২৩১॥

টীকা—আর্চ্চ্য সম্যগীষদ্বার্চ্চয়িত্বা, পূজারহিতম্ অরণ্যান্তর্গতত্বাদিনা কেনাপ্যপূজ্যমানম্॥ ২৩১॥

তত্রৈব ধ্বজারোপণ-মাহাত্ম্যে শ্রীবিষ্ণুদূতানামুক্তৌ—
উৎক্রান্তি-কালে যন্নাম শ্রুতবন্তোঽপি বৈ সকৃৎ।
লভন্তে পরমং স্থানং কিমু শুশ্রূষণে রতাঃ॥ ২৩২॥
মুহূর্ত্তং বা মুহূর্ত্তার্দ্ধং যস্তিষ্ঠেদ্ধরিমন্দিরে।
স যাতি পরমং স্থানং কিমু শুশ্রূষণে রতাঃ ॥২৩৩॥

অনুবাদ—ঐ পুরাণেই ধ্বজারোপণমাহাত্ম্যে বিষ্ণু-দূতগণের কথায় প্রকাশ যে—মৃত্যুকালে একবার মাত্র নারায়ণের নামোচ্চারণ শ্রবণ পূর্ব্বক জীবগণ অনায়াসে সেই দিব্যলোকে গমন করেন, তখন তাঁহার পরিচর্য্যা করিলে যে কি ফল লাভ হইবে সেই বিষয়ে আর কি বলিব? যিনি মুহূর্ত্ত কিংবা তদর্দ্ধকাল শ্রীহরিমন্দিরে অবস্থিতি করেন, তাঁহার যখন দিব্য-

গতি হইয়া থাকে, তখন পরিচর্য্যাকারীগণের সম্বন্ধে আর বক্তব্য কি ? ২৩২-২৩৩ ॥

টীকা—উৎক্রান্তিকালে মরণসময়ে ॥ ২৩২ ॥

তত্রৈব বিভাণ্ডকমুনেঃ সুমতিনৃপং প্রতি—

অবশেনাপি যৎকর্ম্ম কৃতন্তু সুমহৎ ফলম্‌ ।
দদাতি নৃণাং রাজেন্দ্র কিং পুনঃ সম্যগর্চ্চনা ॥ ২৩৪

অনুবাদ—ঐ পুরাণেই সুমতি নৃপতির প্রতি বিভাণ্ডকমুনির উক্তি—যাঁহার কার্য্য অপ্রকৃতিস্থ অবস্থায়ও করা হইলে নরগণ সুমহৎ ফল লাভ করিয়া থাকে, হে রাজেন্দ্র। তাঁহার সম্যক্ পূজার কথা আর কি বলিব ? ২৩৪ ॥

টীকা—যস্য কর্ম্ম কিঞ্চিৎ পরিচর্য্যাদিরূপম্ ॥২৩৪

প্রায়শ্চিত্তপ্রকরণান্তে—

সম্পর্কাদ্ যদি বা মোহাদ্‌যস্তু পূজয়তে হরিম্‌ ।
সর্ব্বপাপবিনির্মুক্তঃ স যাতি পরমং পদম্‌ ॥ ২৩৫ ॥
সর্ব্বান্তরায়া নশ্যন্তি মনঃশুদ্ধিশ্চ জায়তে ।
পরং মোক্ষঃ লভেচ্চৈব পূজ্যমানে জনার্দ্দনে ॥২৩৬॥
ধর্ম্মার্থকামমোক্ষাখ্যা পুরুষার্থাঃ সনাতনাঃ ।
হরিপূজাপরাণাস্তু সিধ্যন্তে নাত্র সংশয়ঃ ॥ ২৩৭ ॥
সর্ব্বতীর্থানি যজ্ঞাশ্চ সাঙ্গা বেদাশ্চ সত্তমাঃ ।
নারায়ণার্চ্চনস্যৈতে কলাং নার্হন্তি ষোড়শীম্‌ ॥২৩৮॥

অনুবাদ—প্রায়শ্চিত্ত প্রকরণের শেষে বলা হইয়াছে—কোনও দ্রব্য প্রার্থনা করিয়া কিংবা মোহ নিবন্ধন যিনি শ্রীহরির পূজা করেন তিনি সর্ব্ব প্রকার পাতক হইতে মুক্ত হইয়া পরম পদ লাভ করিয়া থাকেন। শ্রীজনার্দ্দনকে পূজা করিলে সর্ব্ববিধ বাধা দূরীভূত, মনঃশুদ্ধি প্রকাশিত ও উৎকৃষ্ট মোক্ষ ফল লাভ হইয়া থাকে। যাঁহারা শ্রীহরিপূজা-পরায়ণ, তাঁহারা ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ নামক সনাতন পুরুষার্থ লাভ করেন ইহাতে সন্দেহ নাই। যাবতীয় তীর্থসকল, উৎকৃষ্ট যজ্ঞসমূহ কিংবা সাঙ্গবেদ সকল, ইহাদের কিছুই নারায়ণপূজার ষোড়শাংশেরও যোগ্য নহে ॥ ২৩৫-২৩৮ ॥

টীকা—হে সত্তমাঃ ; যদ্বা, পরমোত্তমা ইতি যজ্ঞাদীনাং বিশেষণম্ ॥ ২৩৮ ॥

শ্রীবিষ্ণুতোষবিধি-প্রশ্নোত্তরে—

সত্যং বচ্মি হিতং বচ্মি সারং বচ্মি পুনঃ পুনঃ ।
অসারোদগ্রহসংসারে সারং যদ্বিষ্ণুপূজনম্‌ ॥ ২৩৯ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুতোষণ বিধির প্রশ্নোত্তরে বর্ণিত হইয়াছে—সত্য বলিতেছি, হিত বলিতেছি ও পুনঃ পুনঃ সারকথা জানাইতেছি, এই অসার ঘোর সংসার মধ্যে বিষ্ণুপূজাই সার-সামগ্রী ॥ ২৩৯ ॥

উপলেপন-মাহাত্ম্যান্তে—

অকামাদপি যে বিষ্ণোঃ সকৃৎ পূজাং প্রকুর্ব্বতে ।
ন তেষাং ভববন্ধস্তু কদাচিদপি জায়তে ॥ ২৪০ ॥

অনুবাদ—উপলেপন মাহাত্ম্যের শেষে—অনিচ্ছা-সত্ত্বেও যাঁহারা একবার শ্রীবিষ্ণুকে পূজা করেন, তাঁহারা আর কখনও ভববন্ধনে বদ্ধ হন না ॥২৪০॥

যজ্ঞধ্বজোপাখ্যানান্তে—

তস্মাৎ শৃণুত বিপ্রেন্দ্রা দেবো নারায়ণোঽব্যয়ঃ ।
জ্ঞানতোঽজ্ঞানতো বাপি পূজকানাং বিমুক্তিদঃ ॥২৪১
তে বন্দ্যাস্তে প্রপূজ্যাশ্চ নমস্কার্য্যা বিশেষতঃ ।
যেঽর্চ্চয়ন্তি মহাবিষ্ণুং প্রপন্নার্ত্তি-প্রণাশনম্‌ ॥ ২৪২ ॥
যে যজন্তি স্পৃহাশূন্যা হরিং বা হরমেব বা ।
ত এব ভুবনং সর্ব্বং পুনন্তি বিবুধর্ষভাঃ ॥ ২৪৩ ॥

অনুবাদ—যজ্ঞধ্বজোপাখ্যানের শেষে—যাঁহারা অব্যয় নারায়ণকে জ্ঞানতঃ বা অজ্ঞানে পূজা করেন, হে বিপ্রগণ। তাঁহারা মুক্তি লাভ করেন। যাঁহারা প্রপন্নার্ত্তিনাশন মহাবিষ্ণুকে পূজা করেন, তাঁহারা বন্দনীয়, পূজ্য ও নমস্য হইয়া থাকেন। স্পৃহারহিত ভাবে যে সব জ্ঞানী বা ঋষি শ্রীহরি বা হরের পূজা করেন, তাঁহারা সকল ভুবন পবিত্র করেন ॥ ২৪১-২৪৩ ॥

টীকা—হে বিবুধর্ষভাঃ ; যদ্বা, ত এব বিবুধর্ষভাঃ বিদ্বদ্বরাঃ দেবোত্তমা বা ॥ ২৪৩ ॥

পাদ্মে শ্রীনারায়ণনারদ-সংবাদে পূজাবিধি-প্রসঙ্গে—
মদ্ভক্তো যো মদর্চ্চাঞ্চ করোতি বিধিদৃষ্টয়ে।
তস্যান্তরায়ঃ স্বপ্নেঽপি ন ভবত্যভয়ো হি সঃ ॥ ২৪৪

অনুবাদ—পদ্মপুরাণে নারায়ণ-নারদ-সংবাদে পূজাবিধি-প্রসঙ্গে—যথাবিধি আমার পূজক ভক্ত স্বপ্নেও বিপত্তি ভোগ করেন না এবং সর্ব্বদা তিনি নির্ভয়ে বাস করিতে পারেন ॥ ২৪৪ ॥

তত্রৈব বৈশাখ-মাহাত্ম্যে নারদাম্বরীষ-সংবাদে—
পুত্রান্ কলত্রান্ দীর্ঘায়ু রাজ্যং স্বর্গাপবর্গকম্।
স দদ্যাদীপ্সিতং সর্ব্বং ভক্ত্যা
সংপূজিতোঽজিতঃ ॥ ২৪৫ ॥
নরকেঽপি চিরং মগ্নাঃ পূর্ব্বজা যে কুলদ্বয়ে।
তত্রৈব যান্তি তে স্বর্গং যদার্চ্চতি সুতো হরিম্ ॥২৪৬

অনুবাদ—ঐ পদ্মপুরাণেই বৈশাখমাহাত্ম্যে নারদ-অম্বরীষ-সংবাদে—অজিত শ্রীহরিকে পূজা করিলে পুত্র, কলত্র, দীর্ঘায়ু, রাজ্য, স্বর্গ এমন কি মোক্ষ প্রভৃতি সকল অভীষ্ট ফল লাভ হইয়া থাকে। কুলোদ্ভব কেহ শ্রীহরিপূজা করিলে তাঁহার কুলদ্বয়ের পূর্ব্ব পুরুষগণ চিরকাল নরকমগ্ন থাকিলেও সন্তানের সুকৃতিবলে স্বর্গে গমন করেন ॥ ২৪৫-২৪৬ ॥

টীকা—যদা তেষাং সুতঃ কুলোৎপন্নো হরি-মর্চ্চয়তি ॥ ২৪৬ ॥

তত্রৈব শ্রীযমব্রাহ্মণ-সংবাদে চ—
অনারাধ্য হরিং ভক্ত্যা কো লোকান্ প্রাপ্নুয়াদ্বুধঃ।
আরাধিতো হরৌ কামাঃ সর্ব্বে করতলস্থিতাঃ ॥২৪৭

অনুবাদ—ঐ পদ্মপুরাণেই যম-ব্রাহ্মণ-সংবাদে কথিত হইয়াছে—পণ্ডিত ব্যক্তিও ভক্তিসহকারে শ্রীহরির আরাধনা না করিলে স্বর্গাদি সুখ ভোগ করিতে পারেন না। অথচ তাঁহার আরাধনা করিলে সর্ব্বপ্রকার কামনা বাসনার দ্রব্যসমূহ সহজেই প্রাপ্ত হন ॥ ২৪৭ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীকৃষ্ণামৃতস্তোত্রে—
সোঽপি ধন্যতমো লোকে যোঽর্চ্চয়েদচ্যুতং সকৃৎ।
কিং পুনঃ শ্রদ্ধয়া যুক্তং সুপুষ্পৈঃ প্রতিবাসরম্ ॥২৪৮
বৈষ্ণবানপি যে নিত্যং প্রপশ্যন্ত্যর্চ্চয়ন্তি চ।
তেঽপি বিষ্ণুপদং যান্তি কিং পুনর্বিষ্ণুসেবকাঃ ॥২৪৯
স যোগী স বিশুদ্ধাত্মা স শান্তঃ স মহামতিঃ।
স শুদ্ধঃ স চ সম্পূর্ণঃ কৃষ্ণং সেবেত যো নরঃ ॥২৫০

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীকৃষ্ণামৃতস্তোত্রে বলা হইয়াছে—একবার মাত্র শ্রীভগবানের পূজা করিলেই যদি সার্থকজন্মা হইয়া থাকেন, তাহা হইলে যিনি প্রত্যহ সুরম্য পুষ্পে শ্রীভগবানের পূজা করেন তাঁহার কথা আর কি বলিব ? প্রত্যহ যাঁহারা বৈষ্ণবদর্শন বা বৈষ্ণবের পূজা করেন, তাঁহাদিগের যখন বিষ্ণু-লোকে গতি হয়, তখন বিষ্ণুসেবকগণের কথা আর কি বলিব ? যিনি শ্রীকৃষ্ণের সেবা করেন, তিনি যোগী, বিশুদ্ধাত্মা, শান্ত, মহামতি, পবিত্র ও সর্ব্বার্থ-পরিপূর্ণ হন ॥ ২৪৮-২৫০ ॥

অগস্ত্যসংহিতায়াম্—
অনন্যমনসঃ শশ্বদ্গণয়ন্তোঽক্ষমালয়া।
জপন্তো রামরামেতি সুখামৃতনিধৌ মনঃ।
প্রবিলাপ্যামৃতীভূয় সুখং তিষ্ঠন্তি কেচন ॥ ২৫১ ॥
পরিচর্য্যাপরাঃ কেচিৎ প্রাসাদেষ্বেব শেরতে।
মনুষ্যমিব তং দ্রষ্টুং ব্যবহর্ত্তুঞ্চ বন্ধুবৎ ॥ ২৫২ ॥

অনুবাদ—অগস্ত্যসংহিতায় বলা হইয়াছে—শ্রীভগবানের সেবকগণের মধ্যে কেহ কেহ সর্ব্বদা জপমালায় সংখ্যা রাখিয়া শ্রীরামনাম জপ করিয়া সুখামৃতসমুদ্রে নিমগ্ন হইয়া জীবন্মুক্ত ভাবে অবস্থান করেন এবং কোনও কোনও ভক্ত সেবা-পরায়ণ হইয়া শ্রীরামচন্দ্রকে নরদেহধারীরূপে দর্শন এবং তাঁহার সহিত বন্ধুবৎ ব্যবহার করিবার নিমিত্ত তাঁহার প্রাসাদে শয়ন করেন ॥ ২৫১-২৫২ ॥

টীকা—অমৃতীভূয় জীবন্মুক্তো ভূত্বা ॥ ২৫১ ॥

টীকা—তেভ্যোঽপি পূজাপরাণাং মাহাত্ম্যমাহ—পরিচর্য্যেতি। প্রাসাদেষ্বেব শেরত ইতি সদা ভগবৎ-সান্নিধ্যেন পরমনৈশ্চিন্ত্যাদিনা চৈহিক-পরমসুখমুক্তম্। তং শ্রীরামং মনুষ্যমিব লোকব্যবহারাদ্যনুসারিণং দ্রষ্টুম, অতো বন্ধুবৎ তেন সহ ব্যবহর্ত্তুঞ্চ বিহর্ত্তুমপি প্রেমবিশেষ-সম্পত্ত্যা পারলৌকিকপরমসুখং চোক্তম্। এতচ্চ শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে সম্যক্ নিরূপিতমস্তি।

অনন্যেত্যাদয়ঃ শ্লোকা যদ্যপি ভগবদ্ভক্তি-মাহাত্ম্যে লিখিতুং যুজ্যন্তে, তথাপি পরিচর্য্যাপরা ইতি উপাসকমিতি চেত্যুক্ত্যা পরিচর্য্যোপাসনয়োঃ প্রাধান্যেন পূজাপরতামাত্রাভিধানাদত্র লিখিতাঃ। এবমগ্রেঽপ্যূহ্যম্ ॥ ২৫২ ॥

কিঞ্চ—

যথা বিধি-নিষেধৌ তু মুক্তং নৈবোপসর্পতঃ।
তথা ন স্পৃশতো রামোপাসকং বিধিপূর্ব্বকম্ ॥২৫৩

অনুবাদ—আরও বলা হইয়াছে যে,—মুক্ত পুরুষ যেপ্রকার বিধি-নিষেধের বাধ্য নহেন, সেইপ্রকার বিধি অনুযায়ী অর্চ্চনা করিলে শ্রীরামচন্দ্রের উপাসককে বিধি-নিষেধ স্পর্শ করিতে পারে না অর্থাৎ তাহাদিগের প্রভাব ভক্তের নিকট গৌণ হইয়া যায় ॥ ২৫৩ ॥

শ্রীভগবদ্গীতাসু (১২।১)—

এবং সততযুক্তা যে ভক্তাস্ত্বাং পর্য্যুপাসতে।
যে চাপ্যক্ষরমব্যক্তং তেষাং কে যোগবিত্তমাঃ ॥২৫৪

ইত্যর্জ্জুনেন পৃষ্টঃ শ্রীভগবানুবাচ (শ্রীগীঃ ১২।২)—

ময্যাবেশ্য মনো যে মাং নিত্যযুক্তা উপাসতে।
শ্রদ্ধয়া পরয়োপেতাস্তে মে যুক্ততমা মতাঃ ॥ ২৫৫ ॥

অনুবাদ—শ্রীমদ্ভগবদ্গীতায় বলা হইয়াছে—হে ভগবন্! এইভাবে সমাহিত চিত্তে যে সব ভক্ত সর্ব্বদা আপনাকে আরাধনা করেন এবং যাঁহারা আপনার অক্ষর ও অব্যক্ত রূপের সন্ধান জানেন, ইঁহাদিগের মধ্যে শ্রেষ্ঠ যোগী কে? অর্জ্জুনের এই প্রকার প্রশ্নের উত্তরে শ্রীকৃষ্ণ কহিলেন,—যাঁহারা আমাকে পরমেশ্বর জানিয়া আমাতে চিত্ত সমর্পণ পূর্ব্বক সর্ব্বদা একাগ্র চিত্ত হইয়া আমাকেই আরাধনা করেন, সেই শ্রদ্ধাবান্ যোগীই শ্রেষ্ঠ ইহাই আমার সুবিবেচিত মত বলিয়া জানিবে ॥ ২৫৪-২৫৫ ॥

টীকা—পূর্ব্বং 'মৎকর্ম্মকৃৎ মৎপরমঃ' (শ্রীগীঃ ১১।৫৫) ইত্যেবং ভক্তিনিষ্ঠস্য শ্রেষ্ঠত্বমুক্তম্; 'কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্তঃ' (শ্রীগীঃ ৯।৩১) ইত্যাদিনা চ তত্র তস্যৈব শ্রৈষ্ঠ্যং বর্ণিতম্; তথা তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তির্বিশিষ্যতে (শ্রীগীঃ ৭।১৭) ইত্যাদিনা 'সর্ব্বং জ্ঞানপ্লবেনৈব' (শ্রীগীঃ ৪।৩৬) ইত্যাদিনা চ জ্ঞাননিষ্ঠস্য শ্রৈষ্ঠ্যমুক্তম্। এবমুভয়োঃ শ্রৈষ্ঠ্যেঽপি বিশেষ-জিজ্ঞাসয়া শ্রীভগবন্তমর্জ্জুনঃ পৃচ্ছতি—এবমিতি। এবং সর্ব্বকর্ম্মার্পণাদিনা সততং যুক্তাস্তন্নিষ্ঠাঃ সন্তো যে ভক্তাস্ত্বাং পর্য্যুপাসতে সমারাধয়ন্তি, যে চাপ্যক্ষরং ব্রহ্ম অব্যক্তং নির্ব্বিশেষমুপাসতে, তেষামুভয়েষাং মধ্যে কে অতিশয়েন যোগবিদঃ শ্রেষ্ঠা ইত্যর্থঃ ॥ ২৫৪ ॥

টীকা—তত্র প্রথমাঃ শ্রেষ্ঠা ইত্যুত্তরং শ্রীভগবানাহ—ময়ীতি; ময়ি পরমেশ্বরে সর্ব্বজ্ঞতাদি-গুণবিশিষ্টে সাক্ষাদ্ভগবতি শ্রীকৃষ্ণে মন আবেশ্য একাগ্রং কৃত্বা নিত্যং যুক্তাঃ মদর্থকর্ম্মানুষ্ঠানাদিনা মন্নিষ্ঠাঃ সন্তঃ শ্রেষ্ঠয়া শ্রদ্ধয়া যুক্তাঃ যে মামারাধয়ন্তি, তে যুক্ততমা মেঽভিমতাঃ ॥ ২৫৫ ॥

চতুর্থস্কন্ধে শ্রীপৃথূক্তৌ (২১।৩১)—

যৎপাদসেবাভিরুচিস্তপস্বিনা-
মশেষজন্মোপচিতং মলং ধিয়ঃ।
সদ্যঃ ক্ষিণোত্যন্বহমেধতী সতী
যথা পদাঙ্গুষ্ঠবিনিঃসৃতা সরিৎ ॥ ২৫৬ ॥

অনুবাদ—চতুর্থস্কন্ধে শ্রীপৃথু মহারাজের কথায়—শ্রীভগবানে পদাঙ্গুষ্ঠ বিনিঃসৃত সুরতরঙ্গিণী গঙ্গার মত শ্রীহরিপাদপদ্মের সেবাভিলাষ সংসার তাপগ্রস্ত জীবগণের বুদ্ধির অশেষ জন্মসঞ্চিত মলিনতা তৎক্ষণাৎ বিনাশ করিয়া সেবা বাসনাকে দিন দিন পরিবর্দ্ধিত করিয়া থাকে ॥ ২৫৬ ॥

টীকা—যস্য মম পাদয়োঃ সেবায়ামভিরুচিরপি তপস্বিনাং সংসারতপ্তানাম্; যদ্বা, তপঃ স্বধর্ম্মাচরণং চিত্তৈকাগ্রতা বা, তদ্যুক্তানামপি অশেষজন্মভিঃ সংবৃদ্ধং ধিয়ো মলং সদ্যঃ ক্ষপয়তি। কথম্ভূতা? অহন্যহনি বর্দ্ধমানা সতী সাত্ত্বিকী পরমোত্তমা বা। এবং মলক্ষপণমানুষঙ্গিকং, মুখ্যঞ্চ ফলং নিত্যমেধমানোত্তমা তৎসেবাভিরুচিরেবেত্যভিপ্রেতম্। তৎপাদসম্বন্ধস্যৈবৈষ মহিমেতি দৃষ্টান্তেনাহ—যথেতি। পদাঙ্গুষ্ঠবিনিঃসৃতেত্যয়ং ভাবঃ বামপাদস্যাঙ্গুষ্ঠাৎ বিনিঃসৃতা নির্গত্য ভুবং গতা, সা চ একরূপৈব, ন চ

নিত্যং বর্দ্ধমানা, তথাপ্যনেকজন্মোপচিতং মলং সদ্যঃ ক্ষপয়তি। এষা চ পাদয়োঃ সেবাসু অভিরুচিঃ, তত্র সংলগ্নো মনসো ভাবঃ, তৎ সদ্যঃ ক্ষিণোতীতি কিং চিত্রং, কিন্তু নিত্যং বর্দ্ধমানা চোত্তমা সতী ফলরূপতাং প্রাপ্নোতীত্যুচিতমেবেতি ॥ ২৫৬ ॥

কিঞ্চ নারদোক্তৌ (শ্রীভাঃ ৪।৩১।১৪)—

যথা তরোর্মূলনিষেচনেন
তৃপ্যন্তি তৎস্কন্ধভুজোপশাখাঃ।
প্রাণোপহারাচ্চ যথেন্দ্রিয়াণাং
তথৈব সর্ব্বার্হণমচ্যুতেজ্যা ॥ ২৫৭ ॥

অনুবাদ—ঐ চতুর্থস্কন্ধেই শ্রীনারদমুনির বাক্য যথা—বৃক্ষের মূলে যে প্রকার জলসেচন দ্বারা তাহার স্কন্ধ শাখা প্রশাখা প্রভৃতি সতেজ ও পুষ্ট হয় কিন্তু তৎপরিবর্ত্তে এক একটি অবয়বে জল দিলে তা তেমন কার্য্যকরী হয় না। ভোজনদ্বারা প্রাণের তৃপ্তি হয় কিন্তু তাহা না করিয়া একটি একটি ইন্দ্রিয়ের স্বতন্ত্র অন্নাদি ভোগে তাহাদের তৃপ্তি হয় না সেইরূপ অচ্যুত শ্রীনারায়ণের আরাধনা দ্বারা সকল দেবতারই তৃপ্তি সাধন হইয়া থাকে। অর্থাৎ শ্রীবিষ্ণুর তৃপ্তিতেই সকলের তৃপ্তি, তাই তাঁহার পূজাই একান্ত কর্ত্তব্য ॥২৫৭

টীকা—শ্রীভগবদর্চ্চনেনৈব জগতঃ সন্তোষ ইতি সদৃষ্টান্তমাহ—যথেতি। মূলাৎ প্রথমবিভাগাঃ স্কন্ধাঃ, তদ্বিভাগাঃ ভুজাঃ, তেষামপ্যুপশাখাঃ, উপলক্ষণমেতৎ, পত্রপুষ্পাদয়োঽপি তৃপ্যন্তি, ন তু মূলসেকং বিনা স্বস্ব-নিষেচনেন। প্রাণস্যোপহারো ভোজনং তস্মাদেবেন্দ্রিয়াণাং তৃপ্তিঃ, ন তু তত্তদিন্দ্রিয়েষু পৃথক্ পৃথগন্নলেপনাৎ। তথা চাচ্যুতারাধনমেব সর্ব্বদেবতারাধনং, ন পৃথগিত্যর্থঃ ॥ ২৫৭ ॥

একাদশস্কন্ধে চ কবিযোগেশ্বরস্য বাক্যম্ (২।৩৩)—

মন্যেঽকুতশ্চিদ্ভয়মচ্যুতস্য
পাদাম্বুজোপাসনমত্র নিত্যম্।
উদ্বিগ্নবুদ্ধেরসদাত্মভাবা-
দ্বিশ্বাত্মনা যত্র নিবর্ত্ততে ভীঃ ॥ ২৫৮ ॥

অনুবাদ—একাদশস্কন্ধে কবি যোগেশ্বরের উক্তি যথা—হে মহারাজ! সর্ব্বভয়হারী শ্রীঅচ্যুত ভগবানের আরাধনায় সর্ব্বতোভাবে ভয়নাশ এবং মঙ্গলের উদয় হয়, যেহেতু এই সংসারে দেহাদি অনিত্য ও অনাত্ম বস্তুতে আত্মীয় জ্ঞান করিয়া যাহারা সর্ব্বদা উদ্বেগ গ্রস্ত তাহাদিগেরও ভগবদুপাসনার দ্বারা সকল ভয় বিনষ্ট হইয়া থাকে ॥ ২৫৮ ॥

টীকা—আত্যন্তিকং ক্ষেমং কথয়তি—মন্য ইতি। ন কুতশ্চিদপি ভয়ং যস্মাৎ তদকুতশ্চিদ্ভয়ম্; অত্র সংসারে অসদাত্মভাবাৎ অসতি দেহাদাবাত্মভাবনাতঃ নিত্যং সর্ব্বদা উদ্বিগ্নবুদ্ধের্জনস্য বিশ্বাত্মনা সর্ব্বথা নিঃশেষং যত্র পাদাম্বুজোপাসনে ভীর্ন বর্ত্ততে। যদ্বা, যত্র যস্মিন্ সতি, রসদাত্মভাবাৎ রসদশ্চাসাবাত্মা চ হরিঃ শ্রীকৃষ্ণঃ ইত্যর্থঃ, তস্মিন্ ভাবঃ প্রেমা তস্মাদ্ধেতোনিত্যমুদ্বিগ্নবুদ্ধেরপি বিশ্বাত্মনা ভীর্ন বর্ত্ততে; অন্যৎ সমানম্ ॥ ২৫৮ ॥

শ্রীভগবতশ্চ (শ্রীভাঃ ১১।২৭।৪৯)—

এবং ক্রিয়াযোগপথৈঃ পুমান্ বৈদিক-তান্ত্রিকৈঃ।
অর্চ্চন্নুভয়তঃ সিদ্ধিং মত্তো বিন্দত্যভীপ্সিতাম্ ॥২৫৯

কিঞ্চ (শ্রীভাঃ ১১।২৭।৫৩)—

মামেব নৈরপেক্ষ্যেণ ভক্তিযোগেন বিন্দতি।
ভক্তিযোগং স লভতে এবং যঃ পূজয়েত মাম্ ॥২৬০

অনুবাদ—শ্রীভগবানের বাক্যেও—এই প্রকার বৈদিক ও তান্ত্রিক ক্রিয়াযোগপথের অনুসরণ ক্রমে লোকে আমার নিকট হইতে ঐহিক ও পারত্রিক সর্ব্বপ্রকার সিদ্ধি লাভ করিয়া থাকে। আরও-নিরপেক্ষ ভক্তিযোগ দ্বারাই আমাকে পাওয়া যায়। এই ভাবে যিনি আমার পূজা করেন, তিনি ভক্তিযোগ লাভে কৃতার্থ হন ॥ ২৫৯-২৬০ ॥

টীকা—এবং পূর্ব্বোক্তপ্রকারৈঃ ক্রিয়াযোগরূপৈর্মার্গৈঃ; যদ্বা, ঈদৃশৈঃ ক্রিয়াযোগপ্রকারৈঃ অর্চ্চন্ অর্চ্চয়ন্; উভয়ত্র ইহামুত্র চ ॥ ২৫৯ ॥

টীকা—নৈরাপেক্ষ্যেণ অহৈতুকেন প্রেমলক্ষণেনেত্যর্থঃ। ননু নৈরপেক্ষ্যো ভক্তিযোগঃ কথং ভবতি? তত্রাহ—ভক্তিযোগমিতি ॥ ২৬০ ॥

গৌতমীয়তন্ত্রে শ্রীনারদস্য—

তুলসীদলমাত্রেণ জলস্য চুলুকেন চ।
বিক্রীণীতে স্বমাত্মানং ভক্তেভ্যো ভক্তবৎসলঃ।।২৬১

অনুবাদ—গৌতমীয়তন্ত্রে শ্রীনারদ বাক্য—ভক্তি-ভরে এক গণ্ডূষ জল ও তুলসীপত্র দানেই সেই ভক্ত-বৎসল ভগবান শ্রীহরি ভক্তগণের বশীভূত হইয়া থাকেন ॥ ২৬১ ॥

টীকা—বিক্রীণীতে—বশ্যং করোতি ॥ ২৬১ ॥

অথ পূজানিত্যতা

মহাভারতে—

মাতৃবৎ পরিরক্ষন্তং সৃষ্টিসংহারকারকম্।
যো নার্চ্চয়তি দেবেশং তং বিদ্যাদ্ব্রহ্মঘাতকম্।।২৬২

অনুবাদ—অনন্তর পূজার নিত্যতা মহাভারতে বলা হইয়াছে—যিনি জননীর মত রক্ষাকর্ত্তা, যিনি সৃষ্টি ও সংহারকারী সেই জগন্নাথকে যে ব্যক্তি পূজা করে না, তাহাকে ব্রহ্মঘাতক বলিয়া জানিতে হইবে ॥ ২৬২ ॥

অতএবোক্তং বৃহন্নারদীয়ে পাদোদক-
মাহাত্ম্যাখ্যানারম্ভে—

হরিপূজাবিধানন্তু যস্য বেশ্মনি নো দ্বিজাঃ।
শ্মশান-সদৃশং বিদ্যান্ন কদাপি বিশেচ্চ তৎ।।২৬৩।।

অনুবাদ—অতএব বৃহন্নারদীয়পুরাণে পাদোদক মাহাত্ম্যের কথারম্ভে বলা হইয়াছে—সেই গৃহে কখনও প্রবেশ করিতে নাই যে গৃহে শ্রীহরিপূজার অনুষ্ঠান হয় না। হে বিপ্রগণ। সেই গৃহ শ্মশান তুল্য ইহা মনে রাখিও ॥ ২৬৩ ॥

টীকা—হরেঃ পূজাবিধানং পূজনম্; হে দ্বিজাঃ ॥ ২৬৩ ॥

অতএবোক্তং বিষ্ণুধর্ম্মোত্তরে—

পুষ্পৈর্বা যদি বা পত্রৈঃ ফলৈর্বা যদি বাম্বুভিঃ।
যষ্টব্যঃ পুণ্ডরীকাক্ষস্ত্যক্ত্বা কার্য্যশতানি চ ॥ ২৬৪ ॥

অনুবাদ—অতএব শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—শত কর্ম্ম ফেলিয়া রাখিয়াও পুষ্প, পত্র, ফল, অভাবে জল দিয়াও শ্রীপুণ্ডরীক ভগবানে অর্চ্চনা করা উচিত ॥ ২৬৪ ॥

কিঞ্চ নারদীয়ে—

নিমিত্তেষু চ সর্ব্বেষু তত্তৎকালবিশেষতঃ।
পূজয়েদ্দেবদেবেশং দ্রব্যং সম্পাদ্য যত্নতঃ ॥ ২৬৫ ॥

অনুবাদ—নারদীয়পুরাণে আরও বলা হইয়াছে—জন্মাষ্টমী প্রভৃতি তিথিসমূহে ও কালবিশেষে প্রয়োজনীয় দ্রব্য সংগ্রহ করিয়া যত্নসহকারে দেব-দেব নারায়ণের পূজা করিবে ॥ ২৬৫ ॥

টীকা—নিমিত্তেষু জন্মাষ্টম্যাদিষু ॥ ২৬৫ ॥

অতএবোক্তং ভগবতা হয়গ্রীবেণ, হয়শীর্ষপঞ্চরাত্রে—

প্রতিষ্ঠিতার্চ্চা ন ত্যাজ্যা যাবজ্জীবং সমর্চ্চয়েৎ।
বরং প্রাণস্য বা ত্যাগঃ শিরসো বাপি কর্ত্তনম্ ॥
ইতি ॥ ২৬৬ ॥

অনুবাদ—অতএব হয়শীর্ষপঞ্চরাত্রে শ্রীভগবান হয়গ্রীব বলিয়াছেন—প্রাণত্যাগ বা শিরশ্ছেদও বর-ণীয় কিন্তু যাবজ্জীবন ভগবানের প্রতিষ্ঠিত অর্চ্চা-মূর্ত্তির পূজা কখনই ত্যাগ করা যাইবে না, পূজা করিতেই হইবে ॥ ২৬৬ ॥

টীকা—অর্চ্চা প্রতিমা যা কাচিদপি, এবমর্চ্চন-নিত্যতা স্বতএব সিদ্ধা ॥ ২৬৬ ॥

পূজায়া নিত্যতালেখি প্রাক্ চ নৈবেদ্য-ভক্ষণে।
মাহাত্ম্যঞ্চ পরং শালগ্রামচক্রপ্রসঙ্গতঃ ॥ ২৬৭ ॥
পূজাঙ্গানাঞ্চ মাহাত্ম্যং যদ্যদ্বিলিখিতং পুরা।
তৎ সর্ব্বমিহ পূজায়াং পর্য্যবস্যতি হি স্বতঃ ।।২৬৮।।

অনুবাদ—ইহার পূর্ব্বে নৈবেদ্যভক্ষণ ও পূজার নিত্যতা বিষয়ে এবং প্রসঙ্গক্রমে শ্রীশালগ্রাম চক্রের মাহাত্ম্য বর্ণিত হইয়াছে। পূর্ব্বে পূজাঙ্গসমূহের মাহাত্ম্যবিষয়ে যাহা লিখিত হইয়াছে, এখানে সে সমস্তই স্বাভাবিক ভাবেই পূজায় পর্য্যবসিত হইল

অর্থাৎ সেই মাহাত্ম্যসকলই পূজার মাহাত্ম্য রূপে গণ্য হইবে ॥ ২৬৭-২৬৮ ॥

টীকা—অত্রালিখিতমপ্যন্য পূজায়াঃ নিত্যত্বস্য মহাত্ম্যস্য চ বচনজাতং পূর্ব্বলিখিতেনৈকীকুর্ব্বন্ লিখতি—পূজায়া ইতি দ্বাভ্যাম্। প্রাগলেখি 'অনর্চ্চয়িত্বা গোবিন্দং যৈর্ভুক্তং ধর্ম্মবর্জিতৈঃ' ইত্যাদিভিঃ। পরমন্যচ্চ মাহাত্ম্যং শালগ্রাম-শিলারূপস্য চক্রিণশ্চক্রযুক্তস্য ভগবতঃ প্রসঙ্গে ; তথা চ শালগ্রামশিলা-মাহাত্ম্যে—'যঃ পূজয়েদ্ধরিং চক্রে শালগ্রামশিলোদ্ভবে। রাজসূয়সহস্রেণ তেনেষ্টং প্রতিবাসরম্' ইত্যাদি ॥২৬৭

টীকা—পূজাঙ্গানাং তত্তদুপচারসমর্পণাদীনাম্ ; স্বতএব পর্য্যবস্যতি পূজায়া এব মাহাত্ম্যমিতি জ্ঞেয়মিত্যর্থঃ, অঙ্গানাং মাহাত্ম্যেনাঙ্গিন এব মাহাত্ম্যাপত্তেঃ। এবং সর্ব্বস্যৈব পূজাঙ্গত্বাৎ তত্তন্মাহাত্ম্যং সর্ব্বমেব পূজায়া মাহাত্ম্যমিতি ভাবঃ ॥ ২৬৮ ॥

পূজামহিমমত্তেভাঃ শাস্ত্রারণ্যবিহারিণঃ।
কীটেন কতি সংগ্রাহ্যাঃ প্রভাবং শ্রীহরের্বিনা ॥২৬৯॥

অনুবাদ—শ্রীহরির প্রভাব ব্যতীত কীটতুল্য সামান্য ব্যক্তি শাস্ত্রারণ্যবিহারী তদীয় মাহাত্ম্য রূপ মত্তগজকে কি প্রকারে আয়ত্ত করিতে পারে ? ২৬৯॥

টীকা—এবমনন্তান্যেব পূজামাহাত্ম্যবচনানি জ্ঞানক্রিয়াশক্তিহীনেন ময়া কতি লিখিতুং শক্যন্তে ? যচ্চ তত্র কিঞ্চিল্লিখিতং, ত্বৎ শ্রীভগবন্মহিম্নৈবেতি নিজৌদ্ধত্যং পরিহরন্ পূজায়া মাহাত্ম্যবিশেষং দর্শয়তি—পূজেতি ; পূজায়া মহিমান এব মত্তেভাঃ মত্তহস্তিনঃ দুর্গ্রহত্বাৎ, কথম্ভূতাঃ ? শাস্ত্রাণ্যেবারণ্যানি, অর্থতঃ শব্দতশ্চানন্ত্যেন পরমদুর্গমত্বাৎ, তেষু বিহর্ত্তুমিতস্ততঃ সর্ব্বত্র ক্রীড়িতুং শীলং যেষাং তে। অতএব কীটতুল্যেন পরমাসমর্থেন জনেন কতি সংগ্রাহ্যাঃ, সংগ্রহীতুং শক্যাঃ ? শ্রীহরেঃ প্রভাবং বিনেতি, তেনৈব সংগ্রাহ্য ভবন্তি, নান্যেনেত্যর্থঃ। অত্র চ যথা বনান্তর্বর্ত্তিনো মত্তগজাঃ কীটেন সংগ্রাহ্যাঃ ন ভবন্তি, কিন্তু সিংহস্যৈব শক্ত্যা ভবন্তীতি দৃষ্টান্তঃ স্পষ্ট এব ॥২৬৯

অথ শ্রীভগবন্নাম সদা সেবেত সর্ব্বতঃ।
তন্মাহাত্ম্যঞ্চ বিখ্যাতং সংক্ষেপেণাত্র লিখ্যতে ॥২৭০॥

অনুবাদ—অতএব সিদ্ধান্ত এই হইতেছে যে সর্ব্ব প্রকারে সর্ব্বদা শ্রীভগবানের নাম স্মরণ করা উচিত ; তাঁহার মাহাত্ম্য অতি বিস্তৃত ও বিখ্যাত, তবুও এখানে তাহা সংক্ষিপ্ত ভাবে লিখিত হইতেছে ॥ ২৭০ ॥

টীকা—এবং পূজামাহাত্ম্যং লিখিত্বা 'মধুরেণ সমাপয়েৎ' ইতি ন্যায়েনান্তে নামমাহাত্ম্যং লিখন্ তত্রাদৌ ব্রাহ্মে মুহূর্ত্তে উত্থানতো নক্তং শয়নপর্য্যন্তে নিজকর্ম্মণি, তথা শ্রীভগবতঃ প্রবোধনতো নক্তং স্থাপনপর্য্যন্তে সেবাপ্রকারে চ, সর্ব্বত্রৈব বিঘ্ননিবারকতয়া ন্যূনসংপূর্ত্তিকারকত্বেন পূজাঙ্গতয়া, তথা সর্ব্বকর্ম্মণাং গুণবিশেষাপাদকতয়া, তথা স্বতঃ পরমফলরূপতয়া, চাদৌ মধ্যে অন্তে চ শ্রীভগবন্নামকীর্ত্তনং কুর্য্যাদিতি লিখতি—অথেতি, আনন্তর্য্যে মঙ্গলে বা। সর্ব্বতঃ সর্ব্বত্র সর্ব্বথা সর্ব্বার্থঞ্চেত্যর্থঃ। এবং কালবিশেষকৃত্যতাদ্যভাবাৎ সর্ব্বপরিপোষকত্বাচ্চান্ত্যে লিখনমিতি ভাবঃ ॥ ২৭০ ॥

অথ শ্রীভগবন্নাম-মাহাত্ম্যম্

তত্র শ্রীভগবন্নামবিশেষস্য চ সেবনম্।
ঋষিভিঃ কৃপয়াদিষ্টং তত্তৎ-কামহতাত্মনাম্ ॥২৭১॥

অনুবাদ—অতঃপর শ্রীভগবানের নামমাহাত্ম্য —কামনাবাসনা হেতু যাহাদের চিত্ত দূষিত তাঁহাদের জন্য করুণাপরবশ ঋষিগণ শ্রীভগবানের নামবিশেষ ও সেবাবিষয়ে যাহা যাহা নির্দ্দেশ করিয়াছেন, সেই সেই কামনার কথা আগে লিখিয়া নির্দ্দিষ্ট বিষয় জানান হইতেছে ॥ ১৭১ ॥

টীকা—তত্রাদৌ নামবিশেষস্য মাহাত্ম্যং বিশেষতো লিখতি—তত্রেতি। তেন তেনাগ্রে লেখ্যেন কামেন হত আত্মা চিত্তং যেষাং তেষাং আদিষ্টং তান্ প্রতি জ্ঞাপিতম্ ; ননু মহাফলং ভগবন্নামসেবনং সর্ব্বজ্ঞৈর্ঋষিভিস্তত্তৎ তুচ্ছফলার্থং কিমিত্যাদিষ্টম্ ? তত্র লিখতি—কৃপয়েতি। তেনৈব শীঘ্রং সম্যক্ কৃততত্তৎসিদ্ধেঃ ; যদ্বা, তত্তৎকামেনাপি কথঞ্চিৎ তেষাং তত্র প্রবৃত্ত্যর্থমিতি দিক্ ॥ ২৭১ ॥

অথ কামবিশেষেণ শ্রীভগবন্নামবিশেষ-সেবামাহাত্ম্যম্

তত্র পাপক্ষয়ার্থং কৌর্ম্মে—

শ্রীশব্দপূর্ব্বং জয়শব্দমধ্যং
জয়দ্বয়াদুত্তরতস্তথা হি।
ত্রিঃসপ্তকৃত্বো নরসিংহনাম
জপ্তং নিহন্যাদপি বিপ্রহত্যাম্ ॥ ২৭২ ॥

অনুবাদ—অতঃপর কামবিশেষে শ্রীভগবন্নাম বিশেষের সেবামাহাত্ম্য—কূর্ম্মপুরাণে পাপক্ষয়ের নিমিত্ত শ্রীভগবন্নাম-সেবা সম্বন্ধে বলা হইয়াছে যে, প্রথমে শ্রীশব্দ এবং জয়দ্বয়ের মধ্যস্থ এবং জয় জয় শব্দের পরে শ্রীনরসিংহ জয় নরসিংহ জয় জয় নরসিংহ এইরূপ একুশবার নরসিংহ নাম জপ করিলে ব্রহ্মহত্যা পাতক নাশ প্রাপ্ত হয় ॥ ২৭২ ॥

টীকা—জয়শব্দয়োর্মধ্যম, অন্তর্বর্ত্তি জয় নরসিংহ জয়েতি। জয়দ্বয়াদুত্তরতঃ জয় জয় নরসিংহেতি, নরসিংহস্য নাম নরসিংহেতি নাম বা ॥ ২৭২ ॥

মহাভয়নিবারণার্থং তত্রৈব—

শ্রীপূর্ব্বো নরসিংহো দ্বির্জয়াদুত্তরস্তু সঃ।
ত্রিঃসপ্তকৃত্বো জপ্তস্তু মহাভয়নিবারণঃ ॥ ২৭৩ ॥

অনুবাদ—ঐ কূর্ম্মপুরাণেই মহাভয় নিবারণের জন্য শ্রীনরসিংহ ও জয় জয় নরসিংহ এই প্রকারে একুশবার জপ করিলে মহাভয় দূরীভূত হইয়া থাকে ॥ ২৭৩ ॥

টীকা—স নরসিংহঃ দ্বির্বারদ্বয়ং যৎ জয়েতি তস্মাদুত্তরতশ্চ জয় জয় নরসিংহেতি। পাঠান্তরেঽপি স এবার্থঃ ॥ ২৭৩ ॥

কালবিশেষে তু মঙ্গলার্থং বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীমার্কণ্ডেয়বজ্র-সংবাদে—

পুরুষ বামদেবঞ্চ তথা সঙ্কর্ষণং বিভুম্।
প্রদ্যুম্নমনিরুদ্ধঞ্চ ক্রমাদব্দেষু কীর্ত্তয়েৎ ॥ ২৭৪ ॥
বলভদ্রন্তথা কৃষ্ণং কীর্ত্তয়েদয়নদ্বয়ে।
মাধবং পুণ্ডরীকাক্ষং তথা বৈ ভোগশায়িনম্ ॥২৭৫॥
পদ্মনাভং হৃষীকেশং তথা দেবং ত্রিবিক্রম্।
ক্রমেণ রাজশার্দ্দূল বসন্তাদিষু কীর্ত্তয়েৎ ॥ ২৭৬ ॥

অনুবাদ—কালবিশেষে মঙ্গলের নিমিত্ত বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীমার্কণ্ডেয়-বজ্র-সংবাদে বলা হইয়াছে—পুরুষ, বামদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ এই সকল নাম যথাক্রমে পঞ্চ বৎসরে কীর্ত্তন করিবে। উত্তর ও দক্ষিণায়নে বলভদ্র ও কৃষ্ণনাম কীর্ত্তন করিবে। হে রাজন্! মাধব, পুণ্ডরীকাক্ষ, ভোগশায়ী, পদ্মনাভ, হৃষীকেশ ও ত্রিবিক্রম এই ছয় নাম যথাক্রমে বসন্তাদি ছয় ঋতুতে কীর্ত্তন করিতে থাকিবে ॥ ২৭৪-২৭৬ ॥

টীকা—পুরুষাদীন্, পঞ্চ অব্দেষু সংবৎসরাদি-ভেদেন পঞ্চসু ক্রমাৎ কীর্ত্তয়েৎ। পঞ্চাব্দাশ্চোক্তাঃ ব্রহ্মবৈবর্ত্তে—'সংবৎসরস্তু প্রথমো দ্বিতীয়ঃ পরিবৎসরঃ। ইড়াবৎসরস্তৃতীয়শ্চতুর্থশ্চানুবৎসরঃ। উদ্বৎসরঃ পঞ্চমস্তু কালস্য যুগসংজ্ঞিতঃ ॥' ইতি। যদ্যপ্যত্রাগ্রে চ ফলং বিশেষতো ন শ্রূয়তে, তথাপ্যন্তে বরদস্যেত্যুক্ত্যা তথা সর্ব্বার্থসিদ্ধিমাপ্নোতীত্যাদ্যুক্ত্যা চ সামান্যতঃ ফলং মহদস্তীতি জ্ঞেয়মেব ॥ ২৭৪ ॥

টীকা—মাধবাদীন্ বসন্তাদি-ষড়্‌ঋতুষু ক্রমেণ কীর্ত্তয়েৎ ॥ ২৭৫-২৭৬ ॥

বিষ্ণুঞ্চ মধুহন্তারং তথা দেবং ত্রিবিক্রমম্।
বামনং শ্রীধরঞ্চৈব হৃষীকেশং তথৈব চ ॥ ২৭৭ ॥
দামোদরং পদ্মনাভং কেশবঞ্চ যদূত্তমম্।
নারায়ণং মাধবঞ্চ গোবিন্দঞ্চ তথা ক্রমাৎ ॥ ২৭৮ ॥
চৈত্রাদিষু চ মাসেষু দেবদেবমনুস্মরেৎ।
প্রদ্যুম্নমনিরুদ্ধঞ্চ পক্ষয়োঃ কৃষ্ণশুক্লয়োঃ ॥ ২৭৯ ॥
সর্ব্বঃ সর্ব্বশিবঃ স্থাণুর্ভূতাদিনিধিরব্যয়ঃ।
আদিত্যাদিষু বারেষু ক্রমাদেবমনুস্মরেৎ ॥ ২৮০ ॥

অনুবাদ—বিষ্ণু, মধুসূদন, ত্রিবিক্রম, বামন, শ্রীধর, হৃষীকেশ, দামোদর, পদ্মনাভ, যদুপতি কেশব, নারায়ণ. মাধব ও গোবিন্দ এই দ্বাদশ নাম চৈত্রাদি বারোমাসে চিন্তা করিবে। প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ এই নাম দুইটি কৃষ্ণ ও শুক্ল পক্ষে যথাক্রমে চিন্তা করিবার নিয়ম। আদিত্যাদি সপ্তবারে সর্ব্ব,

সর্ব্বশিব, স্থাণু, ভূত, আদি, নিধি ও অব্যয় এই সপ্ত নাম স্মরণ করিতে হইবে ॥ ২৭৭-২৮০ ॥

টীকা—বিষ্ণ্বাদীন্ দ্বাদশ চৈত্রাদি-দ্বাদশমাসেষু ক্রমাদনুস্মরেৎ। তত্র চ যদূত্তমমিতি বিশেষণং জ্ঞেয়ং, অন্যথা ত্রয়োদশ স্যুঃ। যদূত্তমেতি বা পাঠঃ। ততশ্চ সম্বোধনং, হে বজ্রেতি। যদ্বা, কদাচিৎ মলমাসে সতি ত্রয়োদশ মাসা ভবন্তি, তদপেক্ষয়া যদূত্তমেন সহ ত্রয়োদশেতি জ্ঞেয়ম্ ॥ ২৭৭-২৮০ ॥

বিশ্বং বিষ্ণুর্বষট্‌কারো ভূতভব্যভবৎপ্রভুঃ।
ভূতভৃদ্ ভূতকৃদ্ ভাবো ভূতাত্মা ভূতভাবনঃ ॥ ২৮১॥
অব্যক্তঃ পুণ্ডরীকাক্ষো বিশ্বকর্ম্মা শুচিশ্রবাঃ।
সম্ভাবো ভাবনো ভর্ত্তা প্রভবঃ প্রভুরীশ্বরঃ ॥ ২৮২ ॥
অপ্রমেয়ো হৃষীকেশঃ পদ্মনাভোঽমরপ্রভুঃ।
অগ্রাহ্যঃ শাশ্বতো ধাতা কৃষ্ণশ্চৈতান্যনুস্মরেৎ।
দেবদেবস্য নামানি কৃত্তিকাদিষু যাদব ॥ ২৮৩ ॥

অনুবাদ—হে যাদব! বিশ্ব, বিষ্ণু, বষট্‌কার, ভূতভব্য ভবৎ, ভূতভৃৎ, ভূতকৃৎ, ভাব, ভূতাত্মা, ভূতভাবন, অব্যক্ত, পুণ্ডরীকাক্ষ, বিশ্বকর্ম্মা, শুচিশ্রবা, সম্ভাব, ভাবন, ভর্ত্তা, প্রভব, প্রভু, ঈশ্বর, অপ্রমেয় হৃষীকেশ, পদ্মনাভ, অমর প্রভু, অগ্রাহ্য, শাশ্বত, ধাতা ও কৃষ্ণ—ভগবানের এই নাম সকল কৃত্তিকাদি সপ্তবিংশতি নক্ষত্রে চিন্তা করিতে হইবে ॥ ২৮১-২৮৩ ॥

টীকা—বিশ্বমিত্যাদীনি সপ্তবিংশতি নামানি কৃত্তিকাদিষু সপ্তবিংশতিনক্ষত্রেষু ক্রমাদেবানুস্মরেৎ ॥ ২৮১-২৮৩ ॥

ব্রহ্মাণং শ্রীপতিং বিষ্ণুং কপিলং শ্রীধরং প্রভুম্।
দামোদরং হৃষীকেশং গোবিন্দং মধুসূদনম্ ॥ ২৮৪॥
ভূধরং গদিনং দেবং শঙ্খিনং পদ্মিনস্তথা।
চক্রিণঞ্চ মহারাজ প্রথমাদিষু সংস্মরেৎ ॥ ২৮৫ ॥

অনুবাদ—এক এক নক্ষত্রে এক একটি শ্রীনাম চিন্তনীয় জানিতে হইবে। হে নৃপবর! প্রতিপদ হইতে আরম্ভ করিয়া পূর্ণিমা বা অমাবস্যা তিথিতে ব্রহ্মা, শ্রীপতি, বিষ্ণু, কপিল, শ্রীধর, প্রভু, দামোদর, হৃষীকেশ, গোবিন্দ, মধুসূদন, ভূধর, গদী, শঙ্খী, পদ্মী ও চক্রী এই নামগুলি ভাবনা করিবে ॥ ২৮৪-২৮৫ ॥

টীকা—প্রথমা তিথিঃ প্রতিপৎ, তদাদিষু পঞ্চদশতিথিষু ব্রহ্মাদীন্ পঞ্চদশ ক্রমেণৈব সংস্মরেৎ ॥ ২৮৪-২৮৫ ॥

সর্ব্বং বা সর্ব্বদা নাম দেবদেবস্য যাদব ॥ ২৮৬ ॥
নামানি সর্ব্বাণি জনার্দ্দনস্য
কালশ্চ সর্ব্বঃ পুরুষপ্রবীরঃ।
তস্মাৎ সদা সর্ব্বগতস্য নাম
গ্রাহ্যং যথেষ্টং বরদস্য রাজন্ ॥ ২৮৭ ॥

অনুবাদ—হে যাদব! দেবদেব শ্রীবিষ্ণুর নাম সর্ব্বদা সকল বিষয়ে স্মরণ করা উচিত। হে মহারাজ! প্রভু জনার্দ্দনের নাম সর্ব্বদা কীর্ত্তনীয়। কারণ তাঁহার নামকীর্ত্তন দ্বারা সকল কাল ও পুরুষই শ্রেষ্ঠ হইয়া থাকেন, অতএব সতত সর্ব্বগতবরদ শ্রীভগবানের নাম যথেষ্ট ভাবে গ্রহণ করিতে হইবে ॥ ২৮৬-২৮৭ ॥

টীকা—ননু চিন্তামণেরিব সর্ব্বস্যাপি ভগবন্নাম্নঃ সমানফলং শ্রূয়তে, তৎ কিং বিশেষনির্দ্দেশতো মাহাত্ম্যসংকোচাপাদনেন? সত্যম্, অত্যন্তকামাদ্যুপহতচিত্তানাং শ্রদ্ধাসম্পত্তয়ে তথোক্তম্। বস্তুতস্তু সর্ব্বদা সর্ব্বমেব নাম সেব্যমিত্যাহ—সর্ব্বমিতি। সংস্মরেদিতি পূর্ব্বয়া ক্রিয়য়া, গ্রাহ্যমিতি পরয়া বা সম্বন্ধঃ। তদেব সহেতুকমাহ—নামানীতি ॥২৮৬-২৮৭

বিবিধকামসিদ্ধয়ে চ পুলস্ত্যোক্তৌ—
কামঃ কামপ্রদঃ কান্তঃ কামপালস্তথা হরিঃ।
আনন্দো মাধবশ্চৈব কামসংসিদ্ধয়ে জপেৎ ॥২৮৮॥

অনুবাদ—ঋষি পুলস্ত্য বিবিধ কামনা সিদ্ধির জন্য শ্রীভগবন্নাম-সেবা-সম্বন্ধে যাহা বলিয়াছেন, তাহা নিম্নরূপ—কাম, কামপ্রদ, কান্ত, কামপাল, হরি, আনন্দ ও মাধব এই নামগুলি কামনা সিদ্ধির জন্য জপ করিবে ॥ ২৮৮ ॥

টীকা—কাম ইত্যাদিনামানি জপেৎ ॥ ২৮৮ ॥

রামঃ পরশুরামশ্চ নৃসিংহো বিষ্ণুরেব চ।
বিক্রমশ্চৈবমাদীনি জপ্যান্যরিজিগীষুভিঃ ॥ ২৮৯ ॥

অনুবাদ—শত্রু জয়ে অভিলাষী ব্যক্তিগণ রাম, পরশুরাম, নৃসিংহ, বিষ্ণু ও ত্রিবিক্রম ইত্যাদি নাম জপ করিবে ॥ ২৮৯ ॥

বিদ্যামভ্যস্যতা নিত্যং জপ্তব্যঃ পুরুষোত্তমঃ।
দামোদরং বন্ধগতো নিত্যমেব জপেন্নরঃ ॥ ২৯০ ॥
কেশবং পুণ্ডরীকাক্ষমনিশং হি তথা জপেৎ।
নেত্রবাধাসু সর্ব্বাসু হৃষীকেশং ভয়েষু চ ॥ ২৯১ ॥

অনুবাদ—যাহারা বিদ্যাভাসেরত তাহারা নিত্য পুরুষোত্তম নাম জপ করিবে। বন্ধনগ্রস্ত মানুষের দামোদর নাম প্রত্যহ জপ্য, কেশব ও পুণ্ডরীকাক্ষ নামও সেই প্রকার সতত জপ করিবে এবং সর্ব্বপ্রকার চক্ষুঃপীড়াদি ও ভয়ে হৃষীকেশের নাম জপ করা উচিত ॥ ২৯০-২৯১ ॥

টীকা—নেত্রবাধাসু—চক্ষুঃপীড়াসু ॥ ২৯১ ॥

অচ্যুতঞ্চামৃতঞ্চৈব জপেদৌষধকর্ম্মণি।
সংগ্রামাভিমুখো গচ্ছন্ সংস্মরেদপরাজিতম্ ॥২৯২॥

অনুবাদ—ঔষধ সেবনের সময় অচ্যুত ও অমৃত নাম জপ করিবে। যুদ্ধ যাত্রাকালে অপরাজিতের নাম চিন্তা করিবে ॥ ২৯২ ॥

চক্রিণং গদিনঞ্চৈব শার্ঙ্গিণং খড়্গিনস্তথা।
ক্ষেমার্থী প্রবসন্নিত্যং দিক্ষু প্রাচ্যাদিষু স্মরেৎ ॥২৯৩

অনুবাদ—চতুর্দ্দিকে গমনোদ্যত ব্যক্তির এবং মঙ্গলকামী ব্যক্তির পক্ষে যথাক্রমে চক্রী, গদী, শার্ঙ্গী ও খড়্গী এই কয় নাম স্মরণ করা কর্ত্তব্য ॥ ২৯৩ ॥

টীকা—প্রবসন্ বিদেশং গচ্ছন্ চক্র্যাদীন্ চতুরঃ প্রাচ্যাদিচতুর্দিক্ষু ক্রমাৎ স্মরেৎ ॥ ২৯৩ ॥

অজিতঞ্চাধিপঞ্চৈব সর্ব্বং সর্ব্বেশ্বরস্তথা।
সংস্মরেৎ পুরুষো ভক্ত্যা ব্যবহারেষু সর্ব্বদা ॥২৯৪॥

অনুবাদ—বানিজ্যে উন্নতিকামী ব্যক্তি সর্ব্বদা ভক্তিপূর্ব্বক অজিত, অধিপ, সর্ব্ব ও সর্ব্বেশ্বর এই কয় নাম চিন্তা করিবে ॥ ২৯৪ ॥

টীকা—ব্যবহারেষু—বাণিজ্যাদিষু ॥ ২৯৪ ॥

নারায়ণং সর্ব্বকালং ক্ষুতপ্রস্খলনাদিষু।
গ্রহনক্ষত্রপীড়াসু দেববাধাসু সর্ব্বতঃ ॥ ২৯৫ ॥

অনুবাদ—হাঁচিবার বা প্রস্খলনাদির সময়ে কিংবা গ্রহনক্ষত্রপীড়াকালে অথবা অতিবৃষ্টি অনাবৃষ্টি প্রভৃতি উপদ্রবে সর্ব্বতোভাবে নারায়ণকে চিন্তা করিবে ॥ ২৯৫ ॥

টীকা—দেববাধাসু—অতিবৃষ্ট্যাদিষু ॥ ২৯৫ ॥

দস্যুবৈরিনিরোধেষু ব্যাঘ্রসিংহাদিসঙ্কটে।
অন্ধকারে তমস্তীব্রে নরসিংহমনুস্মরেৎ ॥ ২৯৬ ॥
অগ্নিদাহে সমুৎপন্নে সংস্মরেজ্জলশায়িনম্।
গরুড়ধ্বজানুস্মরণাদ্বিষবীর্য্যং ব্যপোহতি ॥ ২৯৭॥

অনুবাদ—দস্যু ও শত্রুদের আক্রমণের কালে, সিংহব্যাঘ্রাদি সঙ্কট সময়ে, তীব্রতম ও ঘোর অন্ধকারে নরসিংহ নাম স্মরণ করা উচিত। অগ্নিদাহ উপস্থিত হইলে জলশায়ী শ্রীবিষ্ণুকে স্মরণ করিতে হইবে। গরুড়ধ্বজকে স্মরণ করিলে বিষবীর্য্য বিনষ্ট হয় ॥ ২৯৬-২৯৭ ॥

স্নানে দেবার্চ্চনে হোমে প্রণিপাতে প্রদক্ষিণে।
কীর্ত্তয়েদ্ভগবন্নাম বাসুদেবেতি তৎপরঃ ॥ ২৯৮ ॥

অনুবাদ—একান্তভাবে ভগবানে অনুরক্ত চিত্ত বৈষ্ণব স্নান, দেবপূজা, হোম, প্রণিপাত ও প্রদক্ষিণকালে ভগবানের 'বাসুদেব' এই নাম কীর্ত্তন করিবেন ॥ ২৯৮ ॥

স্থাপনে বিত্তধান্যাদেরপধ্যানে চ দুষ্টজে।
কুর্ব্বীত তন্মনা ভূত্বা অনন্তাচ্যুত-কীর্ত্তনম্ ॥ ২৯৯ ॥
নারায়ণং শার্ঙ্গধরং শ্রীধরং পুরুষোত্তমম্।
বামনং খড়্গিনঞ্চৈব দুষ্টস্বপ্নে সদা স্মরেৎ ॥৩০০॥

অনুবাদ—দুষ্ট জন চিন্তাদ্বারা অনিষ্ট ঘটাইলে বা ধনধান্যাদি স্থাপনকালে অনন্ত অচ্যুত নাম কীর্ত্তন করিতে হয়। দুঃস্বপ্ন দর্শন হইলে সর্ব্বদা নারায়ণ, শার্ঙ্গধর, শ্রীধর, পুরুষোত্তম, বামন, খড়্গধারী এই সকল নাম স্মরণ করিতে হইবে ॥ ২৯৯-৩০০ ॥

টীকা—দুষ্টজেহ্যধ্যানে—দুষ্টজনচিন্তিতানিষ্টে ॥ ২৯৯ ॥

মহার্ণবাদৌ পর্য্যঙ্কশায়িনাঞ্চ নরঃ স্মরেৎ।
বলভদ্রং সমৃদ্ধ্যর্থং সর্ব্বকর্ম্মণি সংস্মরেৎ ॥ ৩০১ ॥
জগৎপতিমপত্যার্থং স্তুবন্ ভক্ত্যা ন সীদতি।
শ্রীশং সর্ব্বাভ্যুদয়িকে কর্ম্মণ্যাশু প্রকীর্ত্তয়েৎ ॥৩০২॥

অনুবাদ—মহাসমুদ্রাদিতে থাকিলে পর্য্যঙ্কশায়ী শ্রীভগবানকে স্মরণ করিতে হইবে। সমৃদ্ধিলাভের জন্য সর্ব্বকার্য্যে বলভদ্রকে ভাবনা করিতে হইবে। পুত্রের জন্য ভক্তিপূর্ব্বক জগৎপতিকে স্তব করিলে বিপদে পড়িতে হয় না। সর্ব্বপ্রকার মাঙ্গলিক কর্ম্মে শ্রীশ ভগবানের নাম সত্বর কীর্ত্তন করিতে হইবে ॥ ৩০১-৩০২ ॥

অরিষ্টেষু হ্যশেষেষু বিশোকঞ্চ সদা জপেৎ।
মরুৎপ্রপাতাগ্নিজল-বন্ধনাদিষু মৃত্যুষু।
স্বতন্ত্রপরতন্ত্রেষু বাসুদেবং জপেদ্বুধঃ ॥ ৩০৩ ॥

অনুবাদ—অশেষ বিঘ্ন ঘটিলে বিশোক নাম জপ করিতে হইবে। দৈববশে জলহীন দেশে গমন, অগ্নি, জল ও বন্ধনহেতু মৃত্যু ভয় ঘটিলে কিংবা স্বাধীন বা পরাধীন অবস্থায় কোনও বিপদের দ্বারা আক্রান্ত হইলে পণ্ডিত ব্যক্তি শ্রীবাসুদেবের নাম জপ করিবেন ॥ ৩০৩ ॥

টীকা—মরুর্নির্জ্জলদেশস্তস্মিন্ প্রপাতঃ অকস্মাদ্-গমনম্। মরুদিতি পাঠে বাত্যাসু তদাদিষু মৃত্যুষু মরণহেতুষু; কথম্ভুতেষু? স্বতন্ত্র-পরতন্ত্রেষু স্বাধীন-পরাধীনেষু স্বতঃপ্রাপ্তে পরৈর্বা প্রাপিতেষু ॥ ৩০৩ ॥

সর্ব্বার্থশক্তিযুক্তস্য দেবদেবস্য চক্রিণঃ।
যথাভিরোচতে নাম তৎ সর্ব্বার্থেষু কীর্ত্তয়েৎ ॥ ৩০৪
সর্ব্বার্থসিদ্ধিমাপ্নোতি নাম্নামেকার্থতা যতঃ।
সর্ব্বাণ্যেতানি নামানি পরস্য ব্রহ্মণো হরেঃ ॥৩০৫॥

অনুবাদ—চক্রধারী শ্রীভগবান সর্ব্বদেবেশ্বর ও সর্ব্বার্থ শক্তি সম্পন্ন তাই নিজরুচি অনুসারে তাঁহার নাম সকল বিষয় সিদ্ধির জন্য কীর্ত্তন করা উচিত, পরব্রহ্ম শ্রীহরির এই সকল নাম কেবল তাঁহাতেই প্রযোজ্য, সুতরাং সকল নামেই সর্ব্বার্থ-সিদ্ধি হইয়া থাকে ॥ ৩০৪-৩০৫ ॥

টীকা—যস্য চ যন্নাম্নি প্রীতিস্তেন তদেব সেব্যং, তেনৈব তস্য সর্ব্বার্থসিদ্ধিরিত্যাহ—সর্ব্বার্থেতি দ্বাভ্যাম্ ॥ ৩০৪-৩০৫ ॥

এবং বিষ্ণুধর্ম্মোত্তরে চ মার্কণ্ডেয়-বজ্রসংবাদে কিঞ্চ—
কূর্ম্মং বরাহং মৎস্যং বা জলপ্রতরণে স্মরেৎ।
ভ্রাজিষ্ণুমগ্নিজননে জপেন্নাম ত্বখণ্ডিতম্ ॥ ৩০৬ ॥

অনুবাদ—এই প্রকার বিষ্ণুধর্ম্মোত্তরে মার্কণ্ডেয়-বজ্র-সংবাদে আরও বলা হইয়াছে যে, জলে সাঁতার দেওয়ার সময় কূর্ম্ম, বরাহ ও মৎস্যের নাম স্মরণ করিবে। অগ্নিদাহ উপস্থিত হইলে অবিচ্ছিন্ন ভাবে শ্রীবিষ্ণুনাম জপ করিতে হইবে ॥ ৩০৬ ॥

টীকা—অখণ্ডিতম্—অবিচ্ছিন্নম্ ॥ ৩০৬ ॥

গরুড়ধ্বজানুস্মরণাদাপদো মুচ্যতে নরঃ।
জ্বরজুষ্টশিরোরোগ-বিষবীর্য্যঞ্চ শাম্যতি ॥ ৩০৭ ॥

অনুবাদ—আপদের হাত হইতে নিস্তার এবং শীঘ্র মস্তকের রোগ ও বিষবীর্য্য হইতে অব্যাহতি পাওয়ার জন্য গরুড়ধ্বজের চিন্তা করিতে হইবে ॥৩০৭॥

টীকা—জ্বরাদীনাং বীর্য্যং প্রভাবশ্চ শাম্যতি ॥৩০৭

বলভদ্রন্তু যুদ্ধার্থী কৃষ্যারম্ভে হলায়ুধম্।
উত্তারণং বাণিজ্যার্থী রামমভ্যুদয়ে নৃপ ॥ ৩০৮ ॥

অনুবাদ—হে নৃপবর! এইভাবে যুদ্ধাভিলাষী ব্যক্তি বলভদ্র, কৃষিকার্য্য করিবার সময় হলায়ুধ, বাণিজ্যকামী উত্তারণ এবং উন্নতি কামী ব্যক্তির রাম নাম স্মরণ করা উচিত ॥ ৩০৮ ॥

মঙ্গল্যং মঙ্গলং বিষ্ণুং মঙ্গল্যেষু চ কীর্ত্তয়েৎ।
উত্তিষ্ঠন্ কীর্ত্তয়েদ্বিষ্ণুং প্রস্বপন্ মাধবং নরঃ।
ভোজনে চৈব গোবিন্দং সর্ব্বত্র মধুসূদনম্ ॥ ৩০৯ ॥

অনুবাদ—মঙ্গলকার্য্যে মঙ্গলায়তন বিষ্ণু, উত্থান সময়ে বিষ্ণু, শয়নে মাধব, ভোজনকালে গোবিন্দ এবং সর্ব্বত্র মধুসূদনের নাম কীর্ত্তন করা উচিত ॥ ৩০৯ ॥

তত্রৈবান্যত্র—

ঔষধে চিন্তয়েদ্বিষ্ণুং ভোজনে চ জনার্দ্দনম্।
শয়নে পদ্মনাভঞ্চ মৈথুনে চ প্রজাপতিম্ ॥ ৩১০ ॥
সংগ্রামে চক্রিণং ক্রুদ্ধং স্থানভ্রংশে ত্রিবিক্রমম্।
নারায়ণং বৃষোৎসর্গে শ্রীধরং প্রিয়সঙ্গমে।
জলমধ্যে তু বারাহং পাবকে জলশায়িনম্ ॥৩১১॥
কাননে নরসিংহঞ্চ পর্ব্বতে রঘুনন্দনম্।
দুঃস্বপ্নে স্মর গোবিন্দং বিশুদ্ধৌ মধুসূদনম্।
মায়াসু বামনং দেবং সর্ব্বকার্য্যেষু মাধবম্ ॥৩১২॥

অনুবাদ—ঐ বিষ্ণুধর্ম্মোত্তরেই অন্যত্র বলা হইয়াছে—ঔষধ সেবন সময়ে শ্রীবিষ্ণু জনার্দ্দন, শয়নে পদ্মনাভ, বিবাহে প্রজাপতি, রণে ক্রুদ্ধচক্রী, স্থানভ্রংশে ত্রিবিক্রম, বৃষোৎসর্গে নারায়ণ, প্রিয় মিলনে শ্রীধর জলমধ্যে বরাহদেব এবং অনলে জলশায়ী ভগবানকে চিন্তা করিতে হইবে। কাননে নরসিংহ, পর্ব্বতে রঘুনন্দন, দুঃস্বপ্নে গোবিন্দ, শুদ্ধিকার্য্যে মধুসূদন, মায়াদিতে বামন এবং সকল কার্য্যে শ্রীমাধবের চিন্তা করিবে ॥ ৩১০-৩১২ ॥

টীকা—বিশুদ্ধৌ শুদ্ধিবিশেষার্থম্ ॥ ৩১২ ॥

কিঞ্চ—

কীর্ত্তয়েদ্বাসুদেবঞ্চ অনুক্তেষ্বপি যাদব।
কার্য্যারম্ভে তথা রাজন্ যথেষ্টং নাম কীর্ত্তয়েৎ ॥৩১৩

সর্ব্বাণি নামানি হি তস্য রাজন্
সর্ব্বার্থসিদ্ধ্যৈ তু ভবন্তি পুংসঃ।
তস্মাদ্‌যথেষ্টং খলু কৃষ্ণনাম
সর্ব্বেষু কার্য্যেষু জপেত ভক্ত্যা ॥ ৩১৪ ॥

অনুবাদ—আরও যথা—হে যাদব! যে সকল বিষয় উক্ত হয় নাই, সেই সকল বিষয়েও বাসুদেব নাম কীর্ত্তন করিবে। সকল কার্য্যের আরম্ভেই যথেষ্ট পরিমাণে শ্রীভগবানের নাম কীর্ত্তন করা উচিত। হে রাজন্ ভগবান শ্রীকৃষ্ণের সকল নামই সর্ব্বার্থ সিদ্ধিদায়ক, এই কারণে সর্ব্বকার্য্যেই ভক্তিপূর্ব্বক কৃষ্ণনাম যথেষ্ট স্মরণ করা উচিত ॥ ৩১৩-৩১৪ ॥

তত্রাখিলপাপোন্মূলনত্বম্, অথ সামান্যতঃ শ্রীভগবন্নাম কীর্ত্তনমাহাত্ম্যম্

বিষ্ণুধর্ম্মে হরিভক্তিসুধোদয়ে চোক্তং নারদেন—

অহো সুনির্ম্মলা যূয়ং রাগো হি হরিকীর্ত্তনে।
অবিধূয় তমঃ কৃৎস্নং নৃণাং নোদেতি সূর্য্যবৎ ॥৩১৫

অনুবাদ—তন্মধ্যে সকল পাপোন্মূলনত্ব, অতঃপর সামান্যভাবে শ্রীভগবন্নামকীর্ত্তনের মাহাত্ম্য বিষ্ণু ধর্ম্মে এবং হরিভক্তিসুধোদয়ে শ্রীনারদ বাক্য—অহো! তোমাদের অন্তঃকরণ কি সুনির্ম্মল, কারণ শ্রীহরিকীর্ত্তনে তোমাদের অনুরাগ দেখা যাইতেছে। সূর্য্যোদয়ে যেমন অন্ধকার দূরীভূত হয়, সেই প্রকার শ্রীহরিকীর্ত্তন প্রভাবে মানবগণের হৃদয়স্থিত সমস্ত অন্ধকার দূর হয় ॥ ৩১৫ ॥

টীকা—সুনির্ম্মলাঃ অত্যন্তমলহীনাঃ ; হি যস্মাৎ হরিকীর্ত্তনে রাগঃ শ্রদ্ধা নৃণাং তমঃ পাপমলং কৃৎস্নম্ অবিধূয় অনিরস্য নোদেতি, অপি তু বিধূয়ৈবোদেতি। যথা সূর্য্যোঽন্ধকারং সর্ব্বং বিধূয়ৈবোদেতি তদ্বৎ ॥৩১৫

গারুড়ে—

পাপানলস্য দীপ্তস্য মা কুর্ব্বন্তু ভয়ং নরাঃ।
গোবিন্দনামমেঘৌঘৈর্নশ্যতে নীরবিন্দুভিঃ ॥ ৩১৬ ॥
অবশেনাপি যন্নাম্নি কীর্ত্তিতে সর্ব্বপাতকৈঃ।
পুমান্ বিমুচ্যতে সদ্যঃ সিংহত্রস্তৈর্মৃগৈরিব ॥ ৩১৭ ॥

অনুবাদ—গরুড়পুরাণে বলা হইয়াছে—দীপ্ত পাপাগ্নি হইতে আর নরগণের ভয় পাইবার কারণ নাই, যেহেতু মেঘরাশির জলবিন্দুসমূহে যেমন অগ্নিও নির্ব্বাপিত হয়, সেই প্রকার শ্রীগোবিন্দরূপ মেঘের বারিবিন্দুপতনে পাপাগ্নি নির্ব্বাপিত হইয়া যায়। সিংহকে

দেখিলে ব্যাঘ্র যেমন ভয় পাইয়া সত্বর মৃগসমূহ পরিত্যাগ করিয়া প্রস্থান করে সেই প্রকার অবশেও শ্রীগোবিন্দ নাম গৃহীত হইলে পাপী ব্যক্তি সর্ব্বপ্রকার পাপ হইতে মুক্ত হয় ॥ ৩১৬-৩১৭ ॥

টীকা—গোবিন্দস্য নাম্নৈব মেঘৌঘাস্তোর্যে নীর-বিন্দবস্তৈর্হেতুভির্নশ্যতে নশ্যতি ॥ ৩১৬ ॥

টীকা—অবশেনাপি যদৃচ্ছয়াপি যস্য নাম্নি কীর্ত্তিতে সতি যথা অকস্মাদাগতং সিংহং দৃষ্ট্বা ত্রস্তা হরিণম্ অবরুদ্ধন্তো বৃকাস্তং বিসৃজ্য পলায়ন্তে তদ্বৎ। যদ্বা, মৃগয়ার্থং বনং প্রবিষ্টঃ কশ্চিৎ পুমান্ বৃকৈরাবৃতোঽ-কস্মাদাগতং সিংহং দৃষ্ট্বা ত্রস্তৈস্তৈর্যথাসৌ বিমুচ্যতে তদ্বদিতি ॥ ৩১৭ ॥

যন্নামকীর্ত্তনং ভক্ত্যা বিলাপনমনুত্তমম্।
মৈত্রেয়াশেষপাপানাং ধাতূনামিব পাবকঃ ॥ ৩১৮ ॥

যস্মিন্ন্যস্তমতির্ন যাতি
নরকং স্বর্গোঽপি যচ্চিন্তনে
বিঘ্নো যত্র নিবেশিতাত্মমনসো
ব্রাহ্মোঽপিলোকোঽল্পকঃ।
মুক্তিং চেতসি যঃ স্থিতোঽ-
মলধিয়াং পুংসাং দদাত্যব্যয়ঃ
কিঞ্চিত্রং যদঘং প্রযাতি
বিলয়ং তত্রাচ্যুতে কীর্ত্তিতে ॥ ৩১৯ ॥

অনুবাদ—হে মৈত্রেয়! বহ্নি যেরূপ সর্ব্ববিধ ধাতু মল শোধক, এইরূপ ভক্তিভরে কৃষ্ণনাম কীর্ত্তন সর্ব্বপ্রকার পাপনাশকারী। যে ভগবানে মতি হইলে কখনও নরকে যাইতে হয় না, যাঁহার চিন্তনে স্বর্গ-প্রাপ্তিও বিঘ্ন বলিয়া মনে হয়, যাঁহার ধ্যানে সমাধিস্থ হইলে ব্রহ্মলোকও তুচ্ছাতিতুচ্ছ হইয়া যায়, যে অব্যয় পুরুষ শ্রীভগবান অমলমতি মানবগণের চিত্তে অব-স্থান করিয়া মুক্তিপ্রদ হন, সেই শ্রীভগবানের নাম কীর্ত্তনে যে পাপ বিনষ্ট হইবে ইহাতে আর আশ্চর্য্য কি? ৩১৮-৩১৯ ॥

টীকা—ভক্ত্যা তৎকীর্ত্তনফলমাহ—যন্নামেতি। দ্বাদশাব্দাদিপ্রায়শ্চিত্তৈঃ পাপমেব বিনশ্যতি, তৎ-সংস্কারস্তুবশিষ্যতে, ইদং ত্বশেষাণাং সংস্কারাণাং পাপানাং বিলাপনং বিনাশকং, ন চান্যেন নিঃশেষপা-পক্ষয়ঃ স্যাদিতি দৃষ্টান্তেনাহ—যথা ধাতূনাং সুবর্ণা-দীনাং উদ্বর্ত্তনপ্রক্ষালনাদি ধাত্বন্তরসংযোগজং মলং ন নাশয়তি, কিন্তু পাবক এব, অতঃ সর্ব্বোত্তমমিদমেবে-ত্যর্থঃ ॥ ৩১৮ ॥

টীকা—হরিকীর্ত্তনমাত্রেণ সর্ব্বপাপক্ষয়ো ভবতীতি যদুক্তং, তৎ কৈমুতিকন্যায়েনোপপাদয়তি—যস্মি-ন্নিতি। ন্যস্তা নিক্ষিপ্তা মতির্যেন অচ্যুতৈকচিত্ত ইতি যাবৎ, স প্রমাদাদিকৃতৈরঘৈর্নরকং ন যাতি, তস্মিন্ন-ঘসংশ্লেষাসম্ভবাৎ। যস্য চিন্তনে ধ্যানে ক্রিয়মাণে স্বর্গপ্রাপ্তিরপি বিঘ্নপ্রায়া; যস্মিন্ নিবেশিত আত্মা মনশ্চ সমাধিনা যেন তস্য ব্রহ্মলোকোঽপ্যতিতুচ্ছঃ; তস্মাদ্‌যথাকথঞ্চিদপি যশ্চেতসি স্থিতঃ, অতএব নির্ম্মলধিয়াম; যদ্বা, অকারপ্রশ্লেষং বিনা মলিনম-তীনামপি মুক্তিমপি দদাতি। যদেবং স্বৈকহিত-কারিণাং স্মৃতিমাত্রেণাচ্যুতনিষ্ঠানামীদৃশং ফলগৌরবং, তদা তন্নামকীর্ত্তনেন পরেষামপ্যঘং ক্ষপয়তাং স্বকীয়া-ঘনাশঃ কিঞ্চিত্রমিত্যর্থঃ। অঘ ইতি প্রথমান্তপাঠে পাপোঽপি জনঃ, বিলয়ং মোক্ষম্, অন্যৎ সমানম্। এবঞ্চ সতি মুক্তি-প্রদত্বেঽয়ং শ্লোকো দ্রষ্টব্যঃ ॥৩১৯॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

সায়ং প্রাতস্তথা কৃত্বা দেবদেবস্য কীর্ত্তনম্।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ স্বর্গলোকে মহীয়তে ॥ ৩২০ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—সন্ধ্যা ও সকালে শ্রীমুকুন্দের নাম কীর্ত্তন করিলে সর্ব্বপাপ হইতে মুক্ত হইয়া স্বর্গলোকে বাসের অধিকার জন্মে ॥ ৩২০ ॥

বামনে—

নারায়ণো নাম নরো নরাণাং
প্রসিদ্ধ-চৌরঃ কথিতঃ পৃথিব্যাম্।
অনেকজন্মার্জ্জিতপাপসঞ্চয়ং
হরত্যশেষং শ্রুতমাত্র এব ॥ ৩২১ ॥

অনুবাদ—বামনপুরাণে বলা হইয়াছে—চৌর ব্যক্তি যেরূপ তাহার কার্য্য দ্বারাই পৃথিবীতে পরিচিত হয়, সেইরূপ নারায়ণ-নাম-রূপ চৌর জগতে নিজ

মহিমায় অতিশয় প্রসিদ্ধ হইয়াছেন। সাধারণ চৌর অর্থাদি ধন সম্পদ চুরি করে কিন্তু এই চৌরের নাম শ্রবণমাত্রেই অনেক জন্মার্জ্জিত পাপভার নিঃশেষে অপহৃত হইয়া যায় ॥ ৩২১ ॥

টীকা—নারায়ণ ইতি নরশ্চেতি নাম ; যদ্বা, হে নরঃ, ভো জনাঃ, নামস্বরূপো নারায়ণঃ ; যদ্বা, নারায়ণনামা নর ইত্যর্থঃ ॥ ৩২১ ॥

———

স্কান্দে—

গোবিন্দেতি তথা প্রোক্তং ভক্ত্যা বা ভক্তিবর্জ্জিতৈঃ।
দহতে সর্ব্বপাপানি যুগান্তাগ্নিরিবোত্থিতঃ ॥ ৩২২ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে বর্ণিত হইয়াছে—যুগান্তকালীন অগ্নি যেমন প্রজ্জ্বলিত হইয়া সমগ্র বিশ্ব সংসার দগ্ধীভূত করে, সেই প্রকার ভক্তিপূর্ব্বক বা অভক্তি ভাবে শ্রীগোবিন্দ এই নাম মুখে উচ্চারণ করিলে সর্ব্বপাপ ভস্মীভূত হইয়া থাকে ॥ ৩২২ ॥

টীকা—তথাত্বমেব ব্যঞ্জয়তি—ভক্ত্যা বা প্রোক্তং ভক্তিবর্জ্জিতৈর্জনৈর্বাঽভক্ত্যা প্রোক্তমিতি ॥ ৩২২ ॥

———

গোবিন্দনাম্না যঃ কশ্চিন্নরো ভবতি ভূতলে।
কীর্ত্তনাদেব তস্যাপি পাপং যাতি সহস্রধা ॥ ৩২৩ ॥

অনুবাদ—পৃথিবীতে যদি কাহারও নাম 'গোবিন্দ' হয় এবং তাহাকে যদি কেহও নাম ধরিয়া ডাকে তাহা হইলে তাহার ফলেও তাহার পাপ রাশি সহস্র প্রকারে বিদূরিত হয়, কারণ ইহা নামাভাস হয়। [অজামিলের এই ভাবেই মুক্তি হইয়াছিল—অবশ্য মরণ সময়ে ইহা বিশেষ ফল দান করে] ॥ ৩২৩ ॥

———

কাশীখণ্ডে—

প্রমাদাদপি সংস্পৃষ্টো যথাঽনলকণো দহেৎ।
তথৌষ্ঠপুটসংস্পৃষ্টং হরিনাম দহেদঘম্ ॥ ৩২৪ ॥

অনুবাদ—কাশীখণ্ডে এই বিষয়ে বলা হইয়াছে যে—ভুল করিয়াও অগ্নিকণস্পর্শে যেমন শরীর দগ্ধ হয়, সেই রকম শ্রীহরিনাম ওষ্ঠপুটে সংযুক্ত হইলে পাপরাশি দগ্ধ হয় ॥ ৩২৪ ॥

———

বৃহন্নারদীয়ে লুব্ধকোপাখ্যানান্তে—

নরাণাং বিষয়ান্ধানাং মমতাকুলচেতসাম্।
একমেব হরের্নাম সর্ব্বপাপ-বিনাশনম্ ॥ ৩২৫ ॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে লুব্ধকোপাখ্যানের শেষে—মমতাকুল চিত্ত বিষয়ান্ধ নরগণের পক্ষে শ্রীহরিনামকীর্ত্তনই সর্ব্বপাপ নাশক ॥ ৩২৫ ॥

———

অতএব তত্রৈব যমেনোক্তম্—

হরি হরি সকৃদুচ্চরিতং
দস্যুচ্ছলেন যৈর্মনুষ্যৈঃ
জননীজঠরমার্গলুপ্তা
ন মম পটলিপিং বিশন্তি মর্ত্ত্যা ॥ ৩২৬ ॥

অনুবাদ—ঐ গ্রন্থেই শ্রীযম বলিয়াছেন—যাঁহারা ছলনাক্রমেও হরণ করি হরণ করি এই অর্থে হরি হরি এই নাম একবারও উচ্চারণ করেন, তাঁহাদের জননীজঠরপথ লুপ্ত হয় অর্থাৎ তাঁহাদের আর জন্ম গ্রহণ করিতে হয় না এবং তাঁহারা আমার অধিকার ভুক্ত হন না ॥ ২৬৬ ॥

টীকা—হৃতং হৃতমিত্যস্য মধ্যদেশে লৌকিকী ভাষা হরিহরীতি। জনন্যা জঠরস্য মার্গোঽপি লুপ্তো যেষাং তে মুক্তা ইত্যর্থঃ। মম পটলিপিং ন বিশন্তি, মদধিকারং ন গচ্ছন্তীত্যর্থঃ ॥ ৩২৬ ॥

———

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে দেবশর্ম্মোপাখ্যানান্তে শ্রীনারদোক্তৌ—

হত্যাযুতং পানসহস্রমুগ্রং
গুর্ব্বঙ্গনাকোটি-নিষেবণঞ্চ।
স্তেয়ান্যনেকানি হরিপ্রিয়েণ
গোবিন্দনাম্না নিহতানি সদ্যঃ ॥ ৩২৭ ॥

অনুবাদ – পদ্মপুরাণে বৈশাখ-মাহাত্ম্যে দেবশর্ম্মোপাখ্যানের শেষভাগে শ্রীনারদ মহাশয়ের কথায়—সহস্রহত্যা, সহস্র উগ্রসুরাপান, কোটি গুরুপত্নী নিষেবণ ও অনেক বিপ্রস্বর্ণাপহরণাদি জনিত পাপরাশিও হরিপ্রিয় গোবিন্দনামে সর্ব্বদা বিনষ্ট হয় ॥ ৩২৭ ॥

টীকা—অনেকানি—বিপ্রস্বর্ণচৌর্য্যাদীনি ॥৩২৭॥

———

অনিচ্ছয়াপি দহতি স্পৃষ্টো হুতবহো যথা।
তথা দহতি গোবিন্দনাম ব্যাজাদপীরিতম্ ॥ ৩২৮ ॥

অনুবাদ—অনিচ্ছাতেও অগ্নিস্পর্শ ঘটিলেও যেমন দগ্ধ হইতে হয়, সেই প্রকার পুত্রাদি নামচ্ছলে শ্রীভগবানের নামকীর্ত্তন করিলেও সর্ব্বপাপ মুক্ত হওয়া যায় ॥ ৩২৮ ॥

টীকা—ব্যাজাৎ পুত্রহ্বানাদিচ্ছলাদপ্যুক্তম্ ॥৩২৮॥

তত্রৈব শ্রীযম-ব্রাহ্মণ-সংবাদে—
কীর্ত্তনাদেব কৃষ্ণস্য বিষ্ণোরমিততেজসঃ।
দুরিতানি বিলীয়ন্তে তমাংসীব দিনোদয়ে ॥ ৩২৯ ॥
নান্যৎ পশ্যামি জন্তূনাং বিহায় হরিকীর্ত্তনম্।
সর্ব্বপ্রাপপ্রশমনং প্রায়শ্চিত্তং দ্বিজোত্তম ॥ ৩৩০ ॥

অনুবাদ—ঐ পদ্মপুরাণেই শ্রীযম-ব্রাহ্মণ-সংবাদে বলা হইয়াছে অমিত প্রভাবশালী শ্রীকৃষ্ণ বা শ্রীবিষ্ণুর নাম কীর্ত্তন করিলে সূর্য্যের উদয়ে অন্ধকার নাশের মত সমস্ত পাপ দূর হয়। হে বিপ্রবর! শ্রীহরিনাম কীর্ত্তন ছাড়া সর্ব্বপাপনাশক প্রায়শ্চিত্ত আর নাই ॥ ৩২৯-৩৩০ ॥

টীকা—সর্ব্বপাপপ্রশমনরূপং প্রায়শ্চিত্তমন্যৎ ন পশ্যামি, অন্যস্য সবাসনপাপক্ষপণাশক্তেঃ ॥ ৩৩০ ॥

ষষ্ঠস্কন্ধে (২।৭, ৯-১১) অজামিলোপাখ্যানে—
অয়ং হি কৃতনির্ব্বেশো জন্মকোট্যংহসামপি।
যদ্ব্যাজহার বিবশো নাম স্বস্ত্যয়নং হরেঃ ॥ ৩৩১ ॥
স্তেনঃ সুরাপো মিত্রধ্রুগ্‌ব্রহ্মহা গুরুতল্পগঃ।
স্ত্রী-রাজ-পিতৃ-গো-হন্তা যে চ পাতকিনোঽপরে ॥ ৩৩২ ॥
সর্ব্বেষামপ্যঘবতামিদমেব সুনিষ্কৃতম্।
নাম-ব্যাহরণং বিষ্ণোর্যতস্তদ্বিষয়া মতিঃ ॥ ৩৩৩ ॥

অনুবাদ—ষষ্ঠস্কন্ধে অজামিলোপাখ্যানে শ্রীযমরাজ তাঁহার কিঙ্করগণকে কহিতেছেন—তোমরা শোন এই অজামিল জন্ম হইতে অসংখ্য প্রাণিহিংসা করিয়া বহুপাপ করিলেও মরণকালে অবশ অবস্থায় মহাস্বস্ত্যয়ন শ্রীহরির নাম উচ্চারণ করিয়াছে সুতরাং আর সে মহাপাতকী নহে। চৌর্য্য, সুরাপান, মিত্রদ্রোহ, ব্রহ্মহত্যা, গুরুতল্পগমন এবং স্ত্রী, রাজা, পিতা, গো এই সকলকে হত্যা করা এবং অন্যান্য যত প্রকার পাপ হইতে পারে সেই সকল পাপাচারীর পক্ষে শ্রীবিষ্ণুর নাম কীর্ত্তনই শ্রেষ্ঠ প্রায়শ্চিত্ত বলিয়া কথিত হইয়াছে যেহেতু নাম উচ্চারণকারীকে তিনি তাঁহার নিজের লোক বলিয়া রক্ষা করেন ॥ ৩৩১-৩৩৩ ॥

টীকা—অয়মজামিলঃ কৃতো নির্ব্বেশঃ প্রায়শ্চিত্তং যেন, যৎ যস্মাদ্বিবশোঽপি হরের্নাম, ব্যাজহার উচ্চারিতবান্; ন কেবলং প্রায়শ্চিত্তমাত্রং হরের্নাম, অপি তু স্বস্ত্যয়নং মোক্ষসাধনমপি; যদ্বা, পরমমঙ্গলায়তনমপি ॥ ৩৩১ ॥

টীকা—ননু কামকৃতানাং বহূনাং মহাপাতকানাং সহস্রশ আবর্ত্তিতানাং দ্বাদশাব্দাদি-কোটিভিরপ্যনির্ব্বর্ত্যানাং কথমিদমেকমেব প্রায়শ্চিত্তং স্যাৎ ? তত্রাহুঃ শ্রীবিষ্ণুপার্ষদাঃ—স্তেন ইতি দ্বাভ্যাম্। সুনিষ্কৃতং শ্রেষ্ঠং প্রায়শ্চিত্তমিদমেব, তত্র হেতুঃ—যতো নামব্যাহরণাৎ নামোচ্চারকপুরুষবিষয়া 'মদীয়োঽয়ং ময়া সর্ব্বতো রক্ষনীয়ো নিতরামনুগ্রাহ্যঃ' ইতি বিষ্ণোর্মতির্ভবতি ॥ ৩৩২-৩৩৩ ॥

ন নিষ্কৃতৈরুদিতৈর্ব্রহ্মবাদিভি-
স্তথা বিশুধ্যত্যঘবান্ ব্রতাদিভিঃ।
যথা হরের্নামপদৈরুদাহৃতৈ-
স্তদুত্তমঃশ্লোকগুণোপলম্ভকম্ ॥ ৩৩৪ ॥

অনুবাদ—শ্রীহরির নামোচ্চারণ দ্বারা জীব যে প্রকার বিশুদ্ধি লাভ করে, মনু প্রভৃতি ব্রহ্মবিদ্ মুনিগণ যদিও পাপ বিনাশের জন্য বিভিন্ন প্রায়শ্চিত্তের ব্যবস্থা দিয়াছেন কিন্তু উহা দ্বারা তদ্রূপ বিশুদ্ধি হয় না। শ্রীনাম উচ্চারণের বিশেষ ফল এই যে, পাপনাশের সহিত উত্তমঃশ্লোক শ্রীহরির গুণগরিমা এই প্রকারে প্রকাশিত হয় যে, প্রায়শ্চিত্ত দ্বারা সেইপ্রকার দেখা যায় না ॥ ৩৩৪ ॥

টীকা—শ্রেষ্ঠত্বমেবোপপাদয়ন্তি—নেতি। ব্রহ্মবাদিভির্মন্বাদিভিরুক্তৈর্ব্রতাদিভির্নিষ্কৃতৈস্তথা ন শুধ্যতি, উদাহৃতৈরুচ্চারিতৈর্যথা নামপদৈঃ। ইত্যনেন অত্র চ নমামীত্যাদিক্রিয়াযোগোঽপি নাপেক্ষিত ইতি দর্শি-

তম্। কিঞ্চ, তন্নামপদোচ্চারণমুত্তমঃশ্লোকগুণানাম্ উপলক্ষকং জ্ঞাপকং ভবতি, ন তু কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিবৎ পাপনিবৃত্তিমাত্রেণোপক্ষীণমিত্যর্থঃ ॥ ৩৩৪ ॥

———

(শ্রীভাঃ ৬।২।১৪-১৫)—

সাঙ্কেত্যং পারিহাস্যং বা স্তোভং হেলনমেব বা।
বৈকুণ্ঠনামগ্রহণমশেষাঘহরং বিদুঃ ॥ ৩৩৫ ॥
পতিতঃ স্খলিতো ভগ্নঃ সংদষ্টস্তপ্ত আহতঃ।
হরিরিত্যবশেনাহ পুমান্নার্হতি যাতনাঃ ॥ ৩৩৬ ॥

অনুবাদ—পরিহাসে, সঙ্কেতে বা অবহেলাভরে কিংবা গান প্রভৃতির মাধ্যমেও বৈকুণ্ঠনাম উচ্চারিত হইলে অশেষ পাপ ধ্বংস হয়। পতিত, স্খলিত, ভগ্ন-শরীর, সর্পাদিহিংস্র প্রাণিদষ্ট, জরাভিভূত কিংবা, দণ্ডাহত অবস্থায় যদি কোন লোক অবশভাবেও 'হরি' এই নাম উচ্চারণ করে তাহা হইলে সে যাতনা হইতে মুক্তি পাইয়া থাকে ॥ ৩৩৫-৩৩৬ ॥

টীকা—নন্বয়ং পুত্রনামাগ্রহীৎ, ন তু ভগবন্নাম, তত্রাহঃ—সাঙ্কেত্যং পুত্রাদৌ সঙ্কেতিতম্; পারিহাস্যং পরিহাসেন কৃতং, স্তোভং গীতালাপপূরণাদ্যর্থে কৃতং, হেলনং 'কিং বিষ্ণুনা' ইতি সাবজ্ঞমপি বৈ বৈকুণ্ঠ-নামোচ্চারণম্ ॥ ৩৩৫ ॥

টীকা—ননু নায়ং সংকল্পপূর্ব্বকং বৈকুণ্ঠনামা-গ্রহীৎ, কিন্তু পুত্রস্নেহপরবশঃ সন্, তত্রাহুঃ—পতিত ইতি। অবশেনাপি যো হরিরিত্যাহ—স যাতনা নার্হতি, পুমানিত্যনেন নাত্র বর্ণাশ্রমাদি-নিয়ম ইত্যুক্তম্। অবশত্বমেবাহুঃ—পতিতঃ প্রাসাদিভ্যঃ, স্খলিতো মার্গে, ভগ্নো ভগ্নগাত্রঃ, সংদষ্টং সর্পাদিভিঃ তপ্তো জ্বরাদিনা, আহতো দণ্ডাদিনা ॥ ৩৩৬ ॥

———

(শ্রীভাঃ ৬।২।১৮)—

অজ্ঞানাদথবা জ্ঞানাদুত্তমঃশ্লোকনাম যৎ।
সংকীর্ত্তিতমঘং পুংসো দহেদেধো যথানলঃ ॥৩৩৭॥

অনুবাদ—সজ্ঞানেই হউক কিংবা অজ্ঞানেই হউক উত্তমঃশ্লোক শ্রীভগবানের নামকীর্ত্তন করিলে অগ্নি যে প্রকার দাহ্য বস্তু নষ্ট করে সেই প্রকার জন-গণের পাপসমূহ ভস্মীভূত হইয়া থাকে ॥ ৩৩৭ ॥

টীকা—ননু তথাপি পাপপ্রায়শ্চিত্তমিদমিতি জ্ঞাত্বা নোচ্চারিতমিতি চেত্তত্রাহঃ, যদ্বা, কৃষ্ণস্য নামেদমপায়ং ন জানাতি, কথং তস্য সর্ব্বপাপক্ষয়ঃ ? তত্রাহুঃ—অজ্ঞানাদিতি। অস্য শ্রীবিষ্ণোর্জ্ঞানাদজ্ঞানাদ্বা, বালকেনাজ্ঞানাদপি প্রক্ষিপ্তোঽগ্নির্যথা কাষ্ঠরাশিং দহতি, তদ্বৎ ॥ ৩৩৭ ॥

———

তত্রৈব (শ্রীভাঃ ৬।১৩।৮) ঋষীণামুক্তৌ—

ব্রহ্মহা পিতৃহা গোঘ্নো মাতৃহা চার্য্যহাঘবান্।
শ্বাদঃ পুক্কশকো বাপি শুধ্যেরন্ যস্য কীর্ত্তনাৎ ॥৩৩৮

অনুবাদ—ঐ শ্রীমদ্ভাগবতেই ঋষিগণ বাক্যে—ব্রহ্মঘাতী, পিতৃঘাতী, গোঘাতী, মাতৃঘাতী, আচার্য্য-ঘাতী, কুক্কুর ভোজী পুক্কশ বা অন্য পাপাচারী জনও শ্রীকৃষ্ণের শ্রীনামকীর্ত্তন দ্বারা শুদ্ধিলাভ করিয়া থাকেন ॥ ৩৩৮ ॥

———

লঘুভাগবতে—

বর্ত্তমানন্তু যৎ পাপং যদ্ভূতং যদ্ভবিষ্যতি।
তৎ সর্ব্বং নির্দ্দহত্যাশু গোবিন্দানলকীর্ত্তনাৎ ॥৩৩৯
সদা দ্রোহপরো যস্তু সজ্জনানাং মহীতলে।
জায়তে পাবনো ধন্যো হরের্নামানুকীর্ত্তনাৎ ॥৩৪০॥

অনুবাদ—লঘুভাগবতে বলা হইয়াছে—বর্ত্তমান ও অতীতকালে সংঘটিত এবং ভাবী সংঘটিতব্য পাপ-সমূহ শ্রীভগবানের নামাগ্নি সংস্পর্শে সত্বর বিনাশ প্রাপ্ত হয়। সর্ব্বদা সজ্জনগণের দ্রোহকারী ব্যক্তিও শ্রীহরির নামকীর্ত্তনে ধন্য ও পবিত্র হইয়া থাকেন ॥ ৩৩৯-৩৪০ ॥

টীকা—অঘবান্ অন্যোঽপি যঃ পাপকর্ম্মযুক্তঃ যশ্চ জাত্যা পাপঃ শ্বাদঃ পুক্কশো বাপি ॥ গোবিন্দস্য অনলবৎ যৎ কীর্ত্তনম্ ॥ ৩৩৯ ॥

টীকা—অধুনা নিষ্প্রায়শ্চিত্তো ভগবদক্ষম্যো ভোগৈকনাশ্যো মহানপরাধোঽপি নামমাহাত্ম্যতোঽপযাতীত্যাহ—সদেতি। নাম্নোঽনু নিরন্তরং কীর্ত্ত-নাৎ ধন্যঃ, পাবনঃ পরমশুদ্ধ ইত্যর্থঃ; যদ্বা, ন কেবলং স্বয়মেব ততঃ পবিত্রো ভবেদিতি, কিন্তু পরা-নপি পাবয়তি, প্রেমলক্ষণভগবদ্ভক্তিধনযোগ্যশ্চ ভবতি

ইতি। যদ্যপি নামাপরাধস্তোত্রাদৌ 'সতাং নিন্দা নাম্নঃ পরমমপরাধং বিতনুতে' ইত্যাদিনা নিন্দাপি নামাপরাধ উক্তঃ, কিমুত সদা দ্রোহপরতেতি। অতঃ পরমমহদপরাধাদস্মান্নহানরকপাত এব 'নাম্নোঽপি সর্ব্বসুহৃদো হ্যপরাধাৎ পতত্যধ' ইত্যাদিভিরপিহিতঃ, তথাপি তত্রৈব 'নামাপরাধযুক্তানাং নামান্যেব হরন্ত্যঘম্' ইত্যাদুক্তের্নামাপরাণাং ন কোঽপি দোষো ঘটতে, প্রত্যুত ভক্তিবিশেষ এবোদেতীতি। অতঃ সম্যগেবোক্তম্—'জায়তে পাবনো ধন্যঃ' ইতি ॥ ৩৪০ ॥

কৌর্ম্মে—

বসন্তি যানি কোটিস্তু পাবনানি মহীতলে।
ন তানি তত্তুল্যাং যান্তি কৃষ্ণনামানুকীর্ত্তনে ॥ ৩৪১ ॥

অনুবাদ—কূর্ম্মপুরাণে বলা হইয়াছে—এই পৃথিবীতে অবস্থিত কোটি কোটি পদার্থের সহিত শ্রীকৃষ্ণ নামের তুল্যতা কখনও হয় না ॥ ৩৪১ ॥

টীকা—অতএব পরমপাবনত্বং কৌর্ম্মবচনেন লিখতি বসন্তীতি ॥ ৩৪১ ॥

বৃহদ্বিষ্ণুপুরাণে—

নাম্নোঽস্য যাবতী শক্তিঃ পাপনির্হরণে হরেঃ।
তাবৎ কর্ত্তুং ন শক্নোতি পাতকং পাতকী জনঃ ॥৩৪২

অনুবাদ—বৃহদ্বিষ্ণুপুরাণে বলা হইয়াছে—পাপহরণ বিষয়ে শ্রীহরি নামের যে শক্তি দৃষ্ট হয়, পাতকী-জনও সেই পরিমাণ পাপ করিতে পারে না ॥ ৩৪২ ॥

টীকা—এতদেবোপপাদয়তি—নাম্নোঽস্যেতি দ্বাভ্যাম্। পাতকী সর্ব্বদা পাতকযুক্তোঽপি ॥৩৪২॥

ইতিহাসোত্তমে—

শ্বাদোপি ন হি শক্নোতি কর্ত্তুং পাপানি যত্নতঃ।
তাবন্তি যাবতী শক্তির্বিষ্ণোর্নাম্নোঽশুভক্ষয়ে ॥৩৪৩

অনুবাদ—ইতিহাসোত্তমে—শ্রীবিষ্ণুর নামে যে অশুভক্ষয়কারী শক্তি রহিয়াছে, কুক্কুরভোজী জনও যত্ন করিয়া সেই পরিমাণ পাপ করিতে পারে না ॥ ৩৪৩ ॥

টীকা—শ্বাদঃ নিত্যকুক্কুরভক্ষণশীলঃ পরমপাপজাতিরপি, অশুভস্য অমঙ্গলস্য তন্মূলস্য চ পাপস্য ক্ষয়ে ॥ ৩৪৩ ॥

বিশেষতঃ কলৌ, স্কান্দে—

তন্নাস্তি কর্ম্মজং লোকে বাগ্‌জং মানসমেব বা।
যন্ন ক্ষপয়তে পাপং কলৌ গোবিন্দকীর্ত্তনম্ ॥৩৪৪॥

অনুবাদ—বিশেষ করিয়া এই কলিকালে এই বিষয়ে স্কন্দপুরাণ বলেন—এই সংসারে কর্ম্মজাত, বাক্যজাত এবং মনোজ এমন পাপ নাই যাহা কলিযুগে শ্রীগোবিন্দের নাম উচ্চারণ করিলে ক্ষয়প্রাপ্ত হয় না ॥ ৩৪৪ ॥

টীকা—এবং সামান্যতঃ সর্ব্বকালে অশেষপাপোন্মূলনং লিখিত্বা ইদানীং বিশেষতঃ কলিকালে দুস্তরবিবিধ-পাপবর্গব্যাকুলানামগতীনাং কলৌ লোকানাং প্রভাববিশেষপ্রকটনপর-শ্রীমন্নামকীর্ত্তনেনৈবাশেষপাপোন্মূলনং ভবতীতি লিখতি—তন্নাস্তীত্যাদিনা ॥ ৩৪৪ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

শমায়ালং জলং বহ্নেস্তমসো ভাস্করোদয়ঃ।
শান্ত্যৈ কলেরঘৌঘস্য নামসঙ্কীর্ত্তনং হরেঃ ॥ ৩৪৫ ॥

নাম্নাং হরেঃ কীর্ত্তনতঃ প্রযাতি
সংসারপারং দুরিতৌঘমুক্তঃ।
নরঃ স সত্যং কলিদোষজন্ম
পাপং নিহন্ত্যাশু কিমত্র চিত্রম্ ॥ ৩৪৬ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—অন্ধকার নাশের জন্য যেমন সূর্য্যোদয় এবং অগ্নি নির্বাপণের জন্য জল, সেইরূপ কলির পাপরাশি শান্তির জন্য শ্রীহরিনাম-সংকীর্ত্তন। শ্রীহরিনাম-প্রভাবে যে ব্যক্তি দুরিত রাশি হইতে অব্যাহতি পাইয়া সংসার-সমুদ্রের অপর পারে নিত্যলোকে গমন করিতে পারে, সেই লোক যে কলি-জনিত পাপকে সত্যসত্যই শীঘ্র বিনষ্ট করিবে এ বিষয়ে সন্দেহ কোথায় ? ৩৪৫-৩৪৬ ॥

টীকা—যথা বহ্নেঃ শমায় জলমেব অলং সমর্থং,

তমসশ্চ শমায় ভাস্করোদয় এবালং, তথা কলের্যদ-ঘৌঘঃ, তস্য শান্ত্যৈ নামসঙ্কীর্ত্তনমেবালং, কলৌ নাম-সঙ্কীর্ত্তনস্যৈব প্রাধান্যাৎ। শান্তিরিতি পাঠে শান্তি-রূপমেব ॥ ৩৪৫ ॥

টীকা—নিত্যং মহাপাপরতোঽপি দুরিতৌঘাৎ মুক্তঃ সন্ সত্যং নিশ্চিতং যো নরঃ সংসারপারং প্রযাতি, কলিদোষাজ্জন্ম যস্য তৎ পাপং স আশু নিহন্তীত্যত্র কিং চিত্রমাশ্চর্য্যম্? অসম্ভাবিতং ন স্যাদিত্যর্থঃ ॥ ৩৪৬ ॥

ব্রহ্মাণ্ডপুরাণে—

পরাকচান্দ্রায়ণতপ্তকৃচ্ছ্রৈ-
র্ন দেহিশুদ্ধির্ভবতীহ তাদৃক্।
কলৌ সকৃন্মাধব-কীর্ত্তনেন
গোবিন্দনাম্না ভবতীহ যাদৃক্ ॥ ৩৪৭ ॥

অনুবাদ—ব্রহ্মাণ্ডপুরাণে বলা হইয়াছে—এই কলিযুগে গোবিন্দ-নাম দ্বারা বা একবার মাত্র শ্রীমাধবের সংকীর্ত্তন দ্বারা দেহীদের যে প্রকার শুদ্ধি ঘটে, তাহা পরাকব্রত চান্দ্রায়ণ বা তপ্তকৃচ্ছ্র ব্রতসমূহের অনুষ্ঠানের দ্বারা সম্পাদিত হয় না ॥ ৩৪৭ ॥

টীকা—দেহিনাং পাপতঃ শুদ্ধিঃ, দেহেতি পাঠে স এবার্থঃ, সকৃৎ যৎ মাধবস্য কীর্ত্তনং তেন, তচ্চ গোবিন্দেতি, নাম্নেতি কলৌ গোবিন্দ-নামমাহাত্ম্য-মভিপ্রেতম্। যদ্বা, গোবিন্দেতি নামমাত্রেণেতি কীর্ত্ত-নস্য বাহুল্যং বিবিধত্বঞ্চ পরিহৃতমিতি দিক্ ॥৩৪৭॥

কীর্ত্তনকর্ত্তৃকুলসঙ্গ্যাদিপাবনত্বম্

তত্রৈব—

মহাপাতকযুক্তোঽপি কীর্ত্তয়ন্ননিশং হরিম্।
শুদ্ধান্তঃকরণো ভূত্বা জায়তে পঙ্‌ক্তিপাবনঃ ॥৩৪৮॥

অনুবাদ—কীর্ত্তনকারীর কুলপাবকত্ব ও সঙ্গী-জনপাবকত্ব ঐ ব্রহ্মাণ্ডপুরাণেই বলা হইয়াছে—দিবা-রাত্র শ্রীহরির নামকীর্ত্তন করিতে করিতে মহাপাতকী-জনও শুদ্ধান্তঃকরণ হইয়া অবশেষে পঙ্‌ক্তি পাবন হইয়া ওঠে ॥ ৩৪৮ ॥

টীকা—এবং সর্ব্বপাপোন্মূলনরূপং মাহাত্ম্যং লিখিত্বা ইদানীং নামকীর্ত্তনসম্বন্ধিনামপি সর্ব্বদোষোন্মূ-লনেন পরমশোধকত্বং লিখতি—মহেতি পঞ্চভিঃ ॥৩৪৮

লঘুভাগবতে—

গোবিন্দেতি মুদা যুক্তঃ কীর্ত্তয়েদ্‌যস্ত্বনন্যধীঃ।
পাবনেন চ ধন্যেন তেনেয়ং পৃথিবী ধৃতা ॥ ৩৪৯ ॥

অনুবাদ—লঘুভাগবতে বলা হইয়াছে—আনন্দ সহকারে অনন্যচিত্ত হইয়া যে ব্যক্তি 'গোবিন্দ' এই নাম কীর্ত্তন করেন, সেই ধন্য ও পাবনপুরুষ এই বসুধাকে ধারণ করিয়া আছেন ॥ ৩৪৯ ॥

টীকা—অনন্যধীঃ—তদেকমনাঃ বিশ্বস্তঃ সন্নি-ত্যর্থঃ ॥ ৩৪৯ ॥

হরিভক্তিসুধোদয়ে—

ন চৈবমেকং বক্তারং জিহ্বা রক্ষতি বৈষ্ণবী।
অশ্রাব্য ভগবৎখ্যাতিং জগৎ কৃৎস্নং পুনাতি হি ॥৩৫০

অনুবাদ—শ্রীহরিভক্তিসুধোদয়ে—বিষ্ণুনামপরা-য়ণ রসনা যে একমাত্র বক্তাকেই রক্ষা করেন, তাহা নহে; নামাত্মিকা ভগবৎকীর্ত্তি শ্রবণ করাইয়া নিশ্চয় সমগ্র পৃথিবীকে পবিত্র করেন ॥ ৩৫০ ॥

টীকা—ভগবতঃ খ্যাতিং কীর্ত্তিং নামাত্মিকাং, নামৈব বা ॥ ৩৫০ ॥

দশমস্কন্ধে (৩৪।১৮)—

যন্নাম গৃহ্ণন্ নিখিলান্ শ্রোতৄনাত্মানমেব চ।
সদ্যঃ পুনাতি কিং ভূয়স্তস্য
স্পৃষ্টঃ পদা হি তে ॥ ৩৫১ ॥

অনুবাদ—দশমস্কন্ধে বলা হইয়াছে—যাঁহার নাম গ্রহণের ফলে নাম গ্রহণকারী ব্যক্তি নিজেকে এবং নিখিল শ্রোতাদের সতত পবিত্র করেন, সেই তোমার চরণস্পর্শ লাভ করিলে আর কথা কি ?৩৫১

অতএবোক্তং প্রহ্লাদেন নারসিংহে—

তে সন্তঃ সর্ব্বভূতানাং নিরুপাধিকবান্ধবাঃ।
যে নৃসিংহ ভবন্নাম গায়ন্ত্যুচ্চৈর্মুদান্বিতাঃ ॥ ৩৫২ ॥

অনুবাদ—অতএব নৃসিংহপুরাণে শ্রীপ্রহলাদের উক্তি—হে দেব ! যাঁহারা আনন্দে মাতিয়া উচ্চকণ্ঠে তোমার নাম কীর্ত্তন করেন, তাঁহারা সাধু, তাঁহারা সর্ব্ব প্রাণীর অকপটও স্বার্থ রহিত বন্ধু ॥ ৩৫২ ॥

সর্ব্বব্যাধিনাশিত্বম্

বৃহন্নারদীয়ে ভগবত্তোষপ্রসঙ্গে—

অচ্যুতানন্দগোবিন্দ-নামোচ্চারণ-ভীষিতাঃ ।
নশ্যন্তি সকলা রোগাঃ সত্যং সত্যং বদাম্যহম্ ॥৩৫৩

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে ভগবত্তোষ প্রসঙ্গে—হে অচ্যুত ! হে আনন্দ ! হে গোবিন্দ ! ইত্যাদি নাম উচ্চারিত হইলে রোগসমূহ ভীত হইয়া পলায়ন করে, ইহা আমি সত্য করিয়া বলিতেছি ॥ ৩৫৩ ॥

পরাশরসংহিতায়াং শাম্বং প্রতি ব্যাসোক্তৌ—

ন শাম্ব ব্যাধিজং দুঃখং হেয়ং নান্যৌষধৈরপি ।
হরিনামৌষধং পীত্বা ব্যাধিস্ত্যাজ্যো ন সংশয়ঃ ॥৩৫৪

অনুবাদ—পরাশরসংহিতায় শম্বের প্রতি শ্রীব্যাসদেবের বচনে—হে শাম্ব ! ঔষধ প্রয়োগেও যখন ব্যাধি জনিত দুঃখ দূর না হয়, তখন উহা দ্বারা রোগের প্রতিকার চেষ্টা কর্ত্তব্য নহে । এই প্রকার অবস্থায় শ্রীহরিনামরূপ ঔষধ পান করিয়া ব্যাধি দূর করা উচিত, ইহাতে সন্দেহ নাই ॥ ৩৫৪ ॥

টীকা—হেয়ং ত্যাজ্যং ন ভবন্তীত্যর্থঃ ॥ ৩৫৪ ॥

স্কান্দে—

আধয়ো ব্যাধয়ো যস্য স্মরণান্নামকীর্ত্তনাৎ ।
তদৈব বিলয়ং যান্তি তমনন্তং নমাম্যহম্ ॥ ৩৫৫ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে বলা হইয়াছে—যাঁহার স্মরণ ও নামকীর্ত্তন করিলে আধি-ব্যাধি-সকল তৎক্ষণাৎ বিনষ্ট হয়, আমি সেই অনন্তদেবকে নমস্কার করি ॥ ৩৫৫ ॥

বহ্নিপুরাণে—

মহাব্যাধিসমাচ্ছন্নো রাজবাধোপপীড়িতঃ ।
নারায়ণেতি সংকীর্ত্ত্য নিরাতঙ্কো ভবেন্নরঃ ॥ ৩৫৬ ॥

অনুবাদ—বহ্নিপুরাণে বলা হইয়াছে—রাজার দ্বারা উৎপীড়িত এবং মহাব্যাধি দ্বারা অভিভূত ব্যক্তি 'নায়ায়ণ' এই নাম-সংকীর্ত্তন করিয়া নিরাতঙ্ক হইয়া থাকে ॥ ৩৫৬ ॥

সর্ব্বদুঃখোপশমনত্বম্

বৃহদ্বিষ্ণুপুরাণে—

সর্ব্বরোগোপশমনং সর্ব্বোপদ্রবনাশনম্ ।
শান্তিদং সর্ব্বারিষ্টানাং হরির্নামানুকীর্ত্তনম্ ॥৩৫৭॥

অনুবাদ—বৃহৎ বিষ্ণুপুরাণে বলা হইয়াছে—শ্রীহরির নামসংকীর্ত্তন, সকলরোগ প্রশমন, সর্ব্ববিধ উপদ্রবের বিনাশ ও সকল প্রকার অশুভশান্তি করেন ॥ ৩৫৭ ॥

ব্রহ্মবৈবর্ত্তে—

সর্ব্বপাপপ্রশমনং সর্ব্বোপদ্রবনাশনম্ ।
সর্ব্বদুঃখক্ষয়করং হরিনামানুকীর্ত্তনম্ ॥ ৩৫৮ ॥

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণে বলা হইয়াছে—শ্রীহরিনামানুকীর্ত্তনে সমস্ত প্রকার পাপের প্রশমন, সমস্ত প্রকার উপদ্রব বিনাশ, সমস্ত প্রকার দুঃখের নিবৃত্তি হয় ॥ ৩৫৮ ॥

দ্বাদশস্কন্ধে (১২।৪৮)

সঙ্কীর্ত্ত্যমানো ভগবাননন্তঃ
শ্রুতানুভাবো ব্যসনং হি পুংসাম্ ।
প্রবিশ্য চিত্তং বিধুনোত্যশেষং
যথা তমোঽর্কোঽভ্রমিবাতিবাতঃ ॥ ৩৫৯ ॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবত দ্বাদশ-স্কন্ধে বলা হইয়াছে—অনন্ত শ্রীভগবানের নামগুণাদি বিষয়ক সংকীর্ত্তন কিংবা বিক্রমবিষয়ক বৃত্তান্ত শ্রবণ করিলে সেই ভগবান হৃদয়াভ্যন্তরে প্রবিষ্ট হইয়া সূর্য্যবৎ অন্ধকাররাশি বিনাশ অথবা ঝড়বায়ু যেমন মেঘ-

রাশিকে সরাইয়া দেয় সেই প্রকার জীবগণের সমস্ত দুঃখ নিঃশেষে দূরীভূত করেন ॥ ৩৫৯ ॥

টীকা—সংকীর্ত্ত্যমানঃ, কিংবা শ্রুতোঽনুভাবো যস্য তথাভূতঃ সন্ ; যদ্বা, কোঽসৌ ভগবান্? তত্রাহ,—শ্রুতঃ অনুভাবঃ পূতনামুক্তিপ্রদানাদিপ্রভাবো যস্যেতি। পুংসাং চিত্তং প্রবিশ্য নিঃশেষং দুঃখং ধুনোতি। হীতি সতামনুভবং প্রমাণয়তি ; অর্কো গিরিগুহাদিধ্বান্তং ন নিবর্ত্তয়তীত্যপরিতোষাৎ দৃষ্টান্তান্তরমাহ—অতিবাতোঽভ্রমিবেতি ॥ ৩৫৯ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

আর্ত্তা বিষণ্ণাঃ শিথিলাশ্চ ভীতা
ঘোরেষু চ ব্যাধিষু বর্ত্তমানাঃ।
সঙ্কীর্ত্ত্য নারায়ণশব্দমেকং
বিমুক্তদুঃখাঃ সুখিনো ভবন্তি ॥ ৩৬০ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বর্ণিত হইয়াছে,—দারিদ্র্য জনিত দুঃখে ক্লিষ্ট, বিষ ভক্ষণাদি দ্বারা ব্যাকুল, ভগ্নদেহ, শত্রুভয়হেতু ভীত ও দারুণ রোগগ্রস্ত যে সকল ব্যক্তি, তাহারা একমাত্র নারায়ণ এই নাম কীর্ত্তন করিলেই সমস্ত দুঃখের হাত হইতে নিষ্কৃতি পাইয়া সুখী হইয়া থাকেন ॥ ৩৬০ ॥

টীকা—আর্ত্তাঃ বিষভক্ষণাদিনা ব্যাকুলাঃ, বিষণ্ণাঃ দারিদ্র্যাদিনা দুঃখিতাঃ, শিথিলাঃ ভগ্নাঙ্গাঃ, ভীতাঃ শত্র্বাদিভ্যঃ ॥ ৩৬০ ॥

কীর্ত্তনাদ্দেবদেবস্য বিষ্ণোরমিততেজসঃ।
যক্ষ-রাক্ষস-বেতালভূতপ্রেত-বিনায়কাঃ ॥ ৩৬১ ॥
ডাকিন্যো বিদ্রবন্তি স্ম যে তথান্যে চ হিংসকাঃ।
সর্ব্বানর্থহরং তস্য নামসঙ্কীর্ত্তনং স্মৃতম্ ॥ ৩৬২ ॥

অনুবাদ—অমিততেজা দেবদেব শ্রীবিষ্ণুর শ্রীনাম কীর্ত্তন মাত্রেই যক্ষ, রাক্ষস, বেতাল, ভূত, প্রেত, বিনায়ক, ডাকিনী ও অন্যান্য হিংস্র প্রাণি সকল ভয়ে পলায়ন করে। শ্রীহরিনাম সমস্ত অনর্থ বিনাশক ইহা শাস্ত্র ও সাধু অনুভব দ্বারা সুপরীক্ষিত হইয়াছে ইহাই বলা হইতেছে ॥ ৩৬১-৩৬২ ॥

কিঞ্চ—

নামসঙ্কীর্ত্তনং কৃত্বা ক্ষুত্তৃট্ প্রস্খলিতাদিষু।
বিয়োগং শীঘ্রমাপ্নোতি সর্ব্বানর্থৈর্ন সংশয়ঃ ॥৩৬৩॥

অনুবাদ—আরও বলা হইয়াছে যে, হাঁচিবার সময়, তৃষ্ণা ও প্রস্খলনাদি কালে নামসংকীর্ত্তন করিলে সত্বর সর্ব্বপ্রকার অনর্থ হইতে মুক্তিলাভ হয়, ইহাতে সন্দেহ নাই ॥ ৩৬৩ ॥

টীকা—সর্ব্বৈরনর্থৈর্বিয়োগং শুদ্ধিমাপ্নোতি ॥৩৬৩

পাদ্মে দেবহূতিস্তুতৌ—

মোহানলোল্লসজ্জ্বালাজ্বলল্লোকেষু সর্ব্বদা।
যন্নামাম্ভোধরচ্ছায়াং প্রবিষ্টো নৈব দহ্যতে ॥ ৩৬৪॥

অনুবাদ—পদ্মপুরাণে দেবহূতিদেবীর স্তুতি প্রসঙ্গে—বিশ্বসংসার সর্ব্বদা মোহ এবং অজ্ঞান অন্ধকারের সতত বর্দ্ধমান শিখার দ্বারা জ্বলিয়া মরিতেছে, কিন্তু শ্রীভগবানের নামরূপ মেঘের শীতল ছায়ায় প্রবিষ্ট হইলে আর দগ্ধ হইতে হয় না ॥৩৬৪

টীকা—সর্ব্বদা মোহোঽজ্ঞানং, গৃহাদিবিষয়কমমতা বা, স এবানলঃ, তস্য উল্লসন্ত্যা নিত্যং বর্দ্ধমানয়া জ্বালয়া জ্বলৎসু লোকেষু মধ্যে যস্য ভগবতো নামৈব অম্ভোধরঃ বর্ষন্মেঘঃ, তস্য ছায়াং প্রবিষ্টঃ সন্ নৈব দহ্যতে, তেন মহানলেন ন দগ্ধো ভবতি, মোহকৃতং দুঃখং কিমপি নানুভবতীত্যর্থঃ। পাঠান্তরে না নরঃ, অর্থঃ স এব ॥ ৩৬৪ ॥

কলিবাধাপহারিত্বম্

স্কান্দে—

কলিকালকুসর্পস্য তীক্ষ্ণদংষ্ট্রস্য মা ভয়ম্।
গোবিন্দনামদাবেন দগ্ধো যাস্যতি ভস্মতাম্ ॥৩৬৫॥

অনুবাদ—স্কন্দপুরাণে বলা হইয়াছে—কলিকালরূপ তীক্ষ্ণ দংষ্ট্র হিংস্র সর্প থেকে আর ভয় নাই, কারণ শ্রীগোবিন্দনামরূপ দাবাগ্নিতে সে দগ্ধ হইবে ॥ ৩৬৫ ॥

বৃহন্নারদীয়ে কলিধর্ম্ম-প্রসঙ্গে—

হরিনামপরা যে চ ঘোরে কলিযুগে নরাঃ।
ত এব কৃতকৃত্যাশ্চ ন কলির্বাধতে হি তান্ ॥৩৬৬॥

হরে কেশব গোবিন্দ বাসুদেব জগন্ময়।
ইতীরয়ন্তি যে নিত্যং ন হি তান্
বাধতে কলিঃ ॥ ৩৬৭ ॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে কলিধর্ম্মপ্রসঙ্গে কথিত হইয়াছে—এই ঘোর কলিকালে যাঁহারা শ্রীহরি নামে নিষ্ঠাপরায়ণ তাঁহারাই কৃতকৃত্য। কলি তাঁহাদিগের বাধা সৃষ্টি করিতে পারে না ইহা নিশ্চিত। হে হরে! হে কেশব! হে গোবিন্দ! হে বাসুদেব! হে জগন্ময়! যাঁহারা এই ভাবে প্রত্যহ শ্রীভগবানের নাম উচ্চারণ করেন, কলি কোনও প্রকারেই তাঁহাদের বাধাদানে সমর্থ হয় না ॥ ৩৬৬-৩৬৭ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—
যেঽহর্নিশং জগদ্ধাতুর্বাসুদেবস্য কীর্ত্তনম্।
কুর্ব্বন্তি তান্ নরব্যাঘ্র ন কলির্বাধতে নরান্॥৩৬৮॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—হে নর শার্দ্দুল! জগৎপালক শ্রীবাসুদেবের নাম যাঁহারা দিবারাত্র সর্ব্বক্ষণ কীর্ত্তন করেন, কলি সেই মনুষ্যগণকে বাধা দিতে পারে না ॥ ৩৬৮ ॥

টীকা—পূর্ব্বং কলৌ বিশেষতঃ পাপোন্মূলনং লিখিতম্, ইদানীং কলেঃ পাপকার্য্যকারণাদ্যখিলপরিকরস্য বিনাশিত্বং লিখতি—কলিকালেত্যাদিনা নরানিত্যন্তেন। মা ভয়ং, ভয়ং নাস্তি। যে নরাঃ অহর্নিশং নিত্যং, তেন অহর্বা নিশাং বেত্যর্থঃ ॥ ৩৬৫-৩৬৮ ॥

নারক্যুদ্ধারকত্বম্

নারসিংহে—
যথা যথা হরের্নাম কীর্ত্তয়ন্তি স্ম নারকাঃ।
তথা তথা হরৌ ভক্তিমুদ্বহন্তো দিবং যযুঃ ॥ ৩৬৯॥

অনুবাদ—নরকবাসীর উদ্ধারকত্ব সম্বন্ধে নৃসিংহপুরাণে বলা হইয়াছে—নারকিগণ যে যে প্রকারে শ্রীহরির নাম কীর্ত্তন করিয়াছিল, শ্রীহরির প্রতিও তাহারা সেই সেই প্রকারেই হৃদয়ের অনুরাগ বহন করিতে থাকিয়া শ্রীবিষ্ণুধামে গমন করিয়াছিল॥৩৬৯

টীকা—এবং পাপাৎ রক্ষকত্বং লিখিত্বা ইদানীং পাপফলভোগাদপি বর্ত্তমানাৎ রক্ষাং লিখতি—যথেতি দ্বাভ্যাম্। নারকাঃ নরকবর্ত্তিনো জনাঃ, দিবং শ্রীবিষ্ণুলোকমিত্যর্থঃ; এতদাখ্যায়িকা চ তত্রৈব প্রসিদ্ধা, যথাহি—ধর্ম্মরাজতো নামমাহাত্ম্যমাকর্ণ্য শ্রীনারদেন গত্বোপদিষ্টং ভগবন্নামকীর্ত্তনং কুর্ব্বন্তো নরকভোগার্ত্তাঃ সদ্যঃ সুখিনো ভূত্বা সর্ব্বে শ্রীবৈকুণ্ঠলোকং যযুরিতি ॥ ৩৬৯ ॥

ইতিহাসোত্তমে—
নরকে পচ্যমানানাং নরাণাং পাপকর্ম্মণাম্।
মুক্তিঃ সঞ্জায়তে তস্মান্নামসঙ্কীর্ত্তনাদ্ধরেঃ ॥ ৩৭০ ॥

অনুবাদ—ইতিহাসোত্তমে বলা হইয়াছে—শ্রীহরিনামের প্রভাবেই যাহারা নারকী, সর্ব্বদা পাপকর্ম্মরত তাহারাও নরক হইতে মুক্তি লাভ করে ॥ ৩৭০ ॥

টীকা—তস্মান্নরকান্মুক্তিঃ ॥ ৩৭০ ॥

প্রারব্ধবিনাশিত্বম্

ষষ্ঠস্কন্ধে (২।৪৬)—
নাতঃ পরং কর্ম্মনিবন্ধ-কৃন্তনং
মুমুক্ষতাং তীর্থপদানুকীর্ত্তনাৎ।
ন যৎ পুনঃ কর্ম্মসু সজ্জতে মনো
রজস্তমোভ্যাং কলিলং ততোঽন্যথা ॥ ৩৭১ ॥

অনুবাদ—প্রারব্ধের বিনাশিত্ব সম্বন্ধে ষষ্ঠস্কন্ধে বলা হইয়াছে—যাহারা মুক্তি পাইতে ইচ্ছুক তাহাদের ক্ষেত্রে তীর্থপাদ শ্রীভগবানের নামানুকীর্ত্তন ছাড়া আর কিছুই কর্ম্মগ্রন্থি উচ্ছেদক হয় না। অন্যান্য প্রায়শ্চিত্ত দ্বারা রজঃ ও তমোগুণের সম্পর্কে মন যে প্রকার মলিন হইয়া থাকে, এই শ্রীনামকীর্ত্তনপ্রভাবে পুনরায় কর্ম্মসমূহে আসক্ত হয় না অর্থাৎ শ্রীনামপ্রভাবে তাহাদের কর্ম্মাসক্তি বা কর্ম্মবীজ নষ্ট হইয়া যায় ॥৩৭১

টীকা—এবং দুষ্প্রারব্ধনিবারকত্বমেব দর্শিতং, তদেবাভিব্যজ্য লিখতি,—নাতঃপরমিত্যাদিনা ভাসতে নর ইত্যন্তেন। কর্ম্মনিবন্ধনস্য পাপমূলস্য কৃন্তনং ছেদকমতঃপরঃ নাস্তি। কস্মাৎ পরম্? তীর্থপদস্য ভগবতোঽনুকীর্ত্তনাৎ, তত্র হেতুঃ, যৎ যতোঽনুকীর্ত্ত-

নাৎ, অন্যথা প্রায়শ্চিত্তান্তরৈঃ, রজস্তমোভ্যাং কলিলং মলিনমেব তিষ্ঠতি যৎ তন্মনঃ। যদ্যপি কর্ম্মনিবন্ধকৃন্তনমিত্যশেষপ্রারব্ধকর্ম্মচ্ছেদনমেবাত্রোক্তং, তথাপ্যখিলপ্রারব্ধক্ষয়ে দেহপাতাপত্ত্যা ভগবদ্ভজনাসম্ভবাৎ দুষ্প্রারব্ধক্ষয় এবাভিপ্রেতঃ। অতএব নামশ্রুতিভাষ্যে লিখিতম্—'প্রারব্ধপাপনিবর্ত্তকত্বঞ্চ কদাচিদুপাসকেচ্ছাবশাৎ' ইতি। অন্যথাত্র প্রস্তুতাজামিলাদিভিবিরোধাপত্তেঃ। অথবা রোগাদিবিলাপনাদিনা নারক্যুদ্ধারপর্য্যন্তেন দুষ্প্রারব্ধনিবারকত্বং লিখিত্বা ইদানীং সর্ব্বপ্রারব্ধক্ষপণং লিখতি—নাত ইত্যাদিনা। অর্থঃ পূর্ব্ববৎ। ততশ্চাশেষপ্রারব্ধক্ষয়েণ দেহপাতাপত্তৌ সত্যামপি নামসঙ্কীর্ত্তনপ্রভাবতো নিত্যপ্রলয়াদিন্যায়েন তদানীমেব ভগবদ্ভজনার্থং তদ্‌যোগ্যদেহান্তরোৎপত্ত্যা, কিংবা পূর্ব্বদেহমেব সদ্যোজাতভগবদ্ভজনোচিতগুণবিশেষবত্তয়া নবীনমিবাসৌ প্রাপেত্যূহ্যম্। যথা শ্রীধ্রুবেণ পরমপদারোহণসময়ে নিজপূর্ব্বদেহমেব পার্ষদোচিতদেহগুণযুক্ততয়া ভিন্নমিব প্রাপ্তম্। তচ্চ 'বিভ্রদ্রূপং হিরণ্ময়ম্' (শ্রীভাঃ ৪।১২।২৯) ইত্যাদিষু শ্রীস্বামিপাদৈর্ব্যক্তং ব্যাখ্যাতমেব। এতমেব 'সুরবৎ ভাসতে নরঃ' ইত্যাদি-বচনং সুসঙ্গচ্ছেত। যচ্চ বহিঃ সুখদুঃখফলকে প্রারব্ধে ক্ষীণেঽপি পশ্চাত্তস্য কদাচিৎ কস্যচিৎ কিঞ্চিৎ দেহাদৌ বাহ্যসুখং দুঃখঞ্চ দৃশ্যতে, তচ্চ লোকে ভক্তিমাহাত্ম্য-সংগোপনার্থং শ্রীভগবতা ভক্তেন বা তেনৈবাত্মাচ্ছাদনার্থং শক্ত্যা সংপ্রদর্শ্যতে ইতি জ্ঞেয়ম্। এবং সর্ব্বমনবদ্যম্ ॥ ৩৭১ ॥

দ্বাদশে (৩।৪৪) চ—

যন্নামধেয়ং ম্রিয়মাণ আতুরঃ
পতন্ স্খলন্ বা বিবশো গৃণন্ পুমান্।
বিমুক্তকর্ম্মার্গল উত্তমাং গতিং
প্রাপ্নোতি যক্ষ্যন্তি ন তং কলৌ জনাঃ ॥৩৭২॥

অনুবাদ—দ্বাদশস্কন্ধে বলা হইয়াছে—এই কলিকালে দুষ্টবুদ্ধিসম্পন্ন ব্যক্তিগণ তাঁহার যজনে অনিচ্ছুক হইবে। পতনশীল, স্খলনশীল, ম্রিয়মান, আতুর ব্যক্তিও অবশভাবে যাঁহার প্রিয়নাম উচ্চারণ করিয়া কর্ম্মবন্ধন হইতে মুক্ত হইয়া উত্তমা গতি লাভ করে ॥ ৩৭২ ॥

টীকা—তত্র চ যৎ ফলোন্মুখং কর্ম্ম তদেব প্রারব্ধমুচ্যতে। তচ্চ দ্বিবিধং বর্ত্তমানদেহোপভোগ্যমেকম্, অন্যচ্চ শরীরান্তরোপভোগ্যম্। যথা—ভরতস্য মৃগশরীরকারণম্, তচ্চ শ্রীভাগবতে শ্রীবাদরায়ণেনৈব সিদ্ধান্তিতমস্তি, মৃগদারকাভাসেন স্বারব্ধকর্ম্মণা যোগারম্ভণতো বিভ্রংশিত ইত্যাদিভিঃ। তত্র নাতঃ পরমিতি পূর্ব্বশ্লোকেন বর্ত্তমানশরীরভোগ্যপ্রারব্ধনাশনং লিখিত্বা ইদানীং শরীরান্তরে অবশ্যভোগ্যস্যাপি প্রারব্ধস্য ক্ষপণং লিখতি। যদ্বা, দ্বাভ্যামেব শ্লোকাভ্যামশেষপ্রারব্ধবিনাশিত্বমেব দর্শয়তি—যন্নামেতি। বিবশোঽপি গৃণন্ উচ্চারয়ন্ সন্। বিমুক্তাঃ কর্ম্মরূপা অর্গলাঃ অবশ্যভোগ্যত্বেন দুর্ব্বারা অপি প্রতিবন্ধা যস্য সঃ। উত্তমাং শ্রীবৈকুণ্ঠপ্রাপ্তিলক্ষণাং গতিং ফলম্, তং ন যক্ষ্যন্তি, নামসঙ্কীর্ত্তনাদিনা ন সেবিষ্যন্ত ইতি কলিদোষ উক্তঃ ॥ ৩৭২ ॥

উক্ত্যা কর্ম্মনিবন্ধেতি তথা কর্ম্মার্গলেতি চ।
অবশ্যভোগ্যতাপত্তেঃ প্রারব্ধে পর্য্যবস্যতি ॥ ৩৭৩ ॥

অনুবাদ—এক শ্লোকে কর্ম্মনিবন্ধ এবং অন্য শ্লোকে কর্ম্মার্গল এই উক্তি দ্বারা উহা যে অবশ্য ভোগ্য কর্ম্ম তাহা পাওয়া যাইতেছে এবং এই অবশ্য ভোগ্য কর্ম্মকেই প্রারব্ধ কর্ম্ম বলা হইয়াছে ॥ ৩৭৩ ॥

অতএব শ্রীবৃহন্নারদীয়ে—

গোবিন্দেতি জপন্ জন্তুঃ প্রত্যহং নিয়তেন্দ্রিয়ঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ সুরবদ্ভাসতে নরঃ ॥ ৩৭৪ ॥

অনুবাদ—অতএব বৃহন্নারদীয়পুরাণে বলা হইয়াছে—সৎকর্ম্মসমূহের অভাবহেতু কীটাদির মত অতি নীচ প্রকৃতির মানুষও প্রত্যহ ইন্দ্রিয়সংযমসহকারে গোবিন্দ এই নাম জপ করিতে করিতে সর্ব্বপ্রকার দুষ্প্রারব্ধ হইতে সর্ব্বতোভাবে মুক্ত হইয়া শরীরেই ইন্দ্রাদি দেবতা কিংবা পরমপদ প্রদাতা ভগবৎপার্ষদের মত দীপ্তি পাইয়া থাকেন ॥ ৩৭৪ ॥

টীকা—জন্তুঃ সৎকর্ম্মাদ্যভাবেন কীটাদি-সদৃশোঽতিনীচোঽপীত্যর্থঃ। অন্বহং নিয়তেন্দ্রিয়ঃ সন্ সর্ব্বপাপেভ্যোঽশেষদুষ্প্রারব্ধেভ্যো বিশেষেণ নির্ম্মুক্তশ্চ

সন্ নরোঽপি সুরবদ্ভাসতে, তস্মিন্নেব দেহে ইন্দ্রাদিবৎ, যদ্বা, সুশোভনং পদং রাতি দদাতি ইতি সুরো ভগবৎপার্ষদস্তদ্বদ্বিরাজতে, অত্র পাপশব্দেন স্বর্গাদিফলকং পুণ্যমপি সংগৃহ্যতে, ক্ষয়িষ্ণু ফলকত্বাদিনা তস্যাপি পাপেষ্বেব পর্য্যবসানাৎ। অথবাত্র শ্লোকে দুষ্প্রারব্ধমাত্রবিনাশিত্বমেবোক্তম্। ততশ্চ সুরবদ্দেববদিত্যেব ॥ ৩৭৪ ॥

———

সর্ব্বাপরাধভঞ্জনত্বম্

বিষ্ণুযামলে শ্রীভগবদুক্তৌ—

মম নামানি লোকেঽস্মিন্ শ্রদ্ধয়া যস্তু কীর্ত্তয়েৎ।
তস্যাপরাধকোটীস্তু ক্ষমাম্যেব ন সংশয়ঃ ॥ ৩৭৫ ॥

অনুবাদ—সকলাপরাধভঞ্জনত্ব বিষয়ে বিষ্ণুযামলে শ্রীভগবানের বাক্যে—শ্রদ্ধাপূর্ব্বক আমার নাম-কীর্ত্তনকারী ব্যক্তি এই সংসারে কোটি অপরাধ করিলেও আমি তাহা ক্ষমা করিয়া থাকি, ইহাতে সন্দেহ করিও না ॥ ৩৭৫ ॥

টীকা—এবং বিহিতাকরণনিষিদ্ধাচরণজাতাখিলপাপোন্মূলনরূপমাহাত্ম্যং লিখিতং, তচ্চ পাপং কথঞ্চিত্তগবদাশ্রয়ণাদপি বিনশ্যত্যেব। যচ্চ শ্রীভগবতি তন্নাম্নি চাপরাধরূপং পরমমহাপাতকং, তদপি নাম-কীর্ত্তনাৎ ক্ষীয়ত ইতি মাহাত্ম্যবিশেষং লিখতি—মমেতি। অবশ্যভোগ্যস্যাপি নামাপরাধস্য ক্ষমায়াং পূর্ব্বলিখিত এব সিদ্ধান্তো দ্রষ্টব্যঃ ॥ ৩৭৫ ॥

———

সর্ব্বসম্পূর্ত্তিকারিত্বম্

অষ্টমস্কন্ধে (২৩।১৬) শ্রীভগবন্তং প্রতি শ্রীশুক্রোক্তৌ—

মন্ত্রতস্তন্ত্রতশ্ছিদ্রং দেশকালার্হবস্তুতঃ।
সর্ব্বং করোতি নিশ্ছিদ্রং নামসঙ্কীর্ত্তনং তব ॥৩৭৬॥

অনুবাদ—শ্রীনাম সকলকর্ম্মের সম্পূর্ত্তিকারিত্ব, অষ্টমস্কন্ধে শ্রীভগবানের প্রতি শুক্রাচার্য্যের বাক্যে—মন্ত্রে স্বরাদিভ্রংশ দ্বারা, তন্ত্রে ব্যুৎক্রমাদিবিপর্য্যয় দ্বারা এবং দেশ, কাল, পাত্রে ও দ্রব্যে অশৌচাদি ও দক্ষিণা প্রভৃতি দ্বারা যে ছিদ্র বা ত্রুটি হয়, তোমার নামসংকীর্ত্তন সে সকলকে নিশ্ছিদ্র করিয়া থাকে ॥ ৩৭৬ ॥

টীকা—ইত্থং সর্ব্বদোষোন্মূলনরূপং মাহাত্ম্যং লিখিত্বা ইদানীম্ অখিলগুণাধায়কত্বাদিরূপং লিখতি—মন্ত্রত ইত্যাদিনা যাবৎসমাপ্তি। মন্ত্রতঃ স্বরাদিভ্রংশেন, তন্ত্রতঃ ব্যুৎক্রমাদিনা, দেশতঃ কালতশ্চ অর্হতঃ পাত্রতঃ অশৌচাদিনা। বস্তুতশ্চ দক্ষিণাদিনা। যচ্ছিদ্রং ন্যূনং, তৎ সর্ব্বং তব নামসঙ্কীর্ত্তনমেব নিশ্ছিদ্রং করোতি, রিক্তং পূরয়তি, অধিকফলঞ্চ জনয়তীত্যর্থঃ ॥ ৩৭৬ ॥

———

স্কান্দে চ—

যস্য স্মৃত্যা চ নামোক্ত্যা তপোযজ্ঞক্রিয়াদিষু।
ন্যূনং সম্পূর্ণতামেতি সদ্যো বন্দে তমচ্যুতম্ ॥৩৭৭॥

অনুবাদ—স্কন্দপুরাণেও বলা হইয়াছে—তপস্যা যজ্ঞ ও অন্যান্য ক্রিয়ার ন্যূনতা যাঁহার স্মরণ ও নাম-কীর্ত্তন দ্বারা সম্পূর্ণতা লাভ করে সেই শ্রীঅচ্যুতকে আমি বন্দনা করি ॥ ৩৭৭ ॥

———

সর্ব্ববেদাধিকত্বম্

বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীপ্রহ্লাদোক্তৌ—

ঋগ্বেদো হি যজুর্ব্বেদঃ সামবেদোঽপ্যথর্ব্বণঃ।
অধীতাস্তেন যেনোক্তং হরিরিত্যক্ষরদ্বয়ম্ ॥ ৩৭৮ ॥

অনুবাদ—শ্রীনাম সকলবেদাধিকত্ব, বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীপ্রহ্লাদের বাক্যে—'হরি' এই দুই অক্ষর যিনি বলিয়াছেন, তিনি ঋক্‌বেদ যর্জুবেদ, সামবেদ ও অথর্ব্ববেদ নিশ্চয়ই অধ্যয়ন করিয়াছেন ॥ ৩৭৮ ॥

টীকা—হরিরিত্যক্ষরদ্বয়োক্ত্যৈব সর্ব্ববেদাধ্যয়নসিদ্ধেঃ সর্ব্ববেদেভ্য আধিক্যং ব্যক্তমেব ॥ ৩৭৮ ॥

———

স্কান্দে শ্রীপার্ব্বত্যুক্তৌ—

মা ঋচো মা যজুস্তাত মা সাম পঠ কিঞ্চন।
গোবিন্দেতি হরের্নাম গেয়ং গায়স্ব নিত্যশঃ ॥৩৭৯॥

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীপার্ব্বতীর উক্তিতে—বৎস! তুমি প্রত্যহ 'গোবিন্দ' এই নাম গান কর, তোমার ঋক্, যজুঃ, সাম, অথর্ব্ব কোনও বেদই আর পাঠ করিতে হইবে না ॥ ৩৭৯ ॥

টীকা—গেয়ং গানযোগ্যম্, অনেন ঋগাদিপাঠ-নিষেধেন চ সর্ব্ববেদাধিকত্বং সিদ্ধমেব ॥ ৩৭৯ ॥

———

পাদ্মে চ শ্রীরামাষ্টোত্তরশতনামস্তোত্রে—
বিষ্ণোরেকৈকনামাপি সর্ব্ববেদাধিকং মতম্ ।
তাদৃঙ্নামসহস্রেণ রামনাম সমং স্মৃতম্ ॥ ৩৮০ ॥

অনুবাদ—পদ্মপুরাণে শ্রীরামের অষ্টোত্তর শত-নাম-স্তোত্রে—শ্রীবিষ্ণুর এক একটি নামও সকল বেদের অধিকরূপে স্বীকৃত আবার এক রাম নাম সেই প্রকার সহস্র নামের সদৃশ বলিয়া কথিত হয় ॥ ৩৮০ ॥

টীকা—একৈকমপি নাম সর্ব্ববেদেভ্যোঽধিকম্ ॥ ৩৮০ ॥

———

সর্ব্বতীর্থাধিকত্বম্

স্কান্দে—
কুরুক্ষেত্রেণ কিং তস্য কিং কাশ্যা পুষ্করেণ বা ।
জিহ্বাগ্রে বসতে যস্য হরিরিত্যক্ষরদ্বয়ম্ ॥ ৩৮১ ॥

অনুবাদ—শ্রীনাম সকলতীর্থাধিকত্ব, স্কন্দপুরাণে উক্ত হইয়াছে—যাঁহার জিহ্বাগ্রে হরি এই দুই বর্ণ অবস্থিত আছে তাঁহার কুরুক্ষেত্রের আবশ্যক কি ? কাশী কিংবা পুষ্করেরই বা কি দরকার ? ৩৮১ ॥

———

বামনে—
তীর্থকোটি-সহস্রাণি তীর্থকোটি-শতানি চ ।
তানি সর্ব্বাণ্যবাপ্নোতি বিষ্ণোর্নামানুকীর্ত্তনাৎ ॥ ৩৮২

অনুবাদ—বামনপুরাণে বলা হইয়াছে—শতকোটি তীর্থই হউক কিংবা সহস্রকোটি তীর্থই হউক, জীব শ্রীবিষ্ণুর নামানুকীর্ত্তনপ্রভাবে সেই সমস্তই পাইয়া থাকে ॥ ৩৮২ ॥

———

বিশ্বামিত্র-সংহিতায়াম্—
বিশ্রুতানি বহূন্যেব তীর্থানি বহুধানি চ ।
কোট্যংশেনাপি তুল্যানি নামকীর্ত্তনতো হরেঃ ॥৩৮৩

অনুবাদ—বিশ্বামিত্র সংহিতায় বলা হইয়াছে—বহুবিধ ও সংখ্যাতেও বহু, সুবিশ্রুত তীর্থসমূহ শ্রীহরির নামকীর্ত্তনের কোটি ভাগের এক ভাগেরও সমান নহে ॥ ৩৮৩ ॥

টীকা—বহুধানীত্যার্ষং, বহুবিধানি, জলস্থলাদি-ভেদেন নদীনদসরঃকূপাদিভেদেন চ । ষষ্ঠ্যাং তস্-প্রত্যয়ঃ । নামসঙ্কীর্ত্তনস্য কোট্যংশানামেকেনাপ্যংশেন তুল্যানি ন ভবন্তীত্যর্থঃ ॥ ৩৮৩ ॥

———

লঘুভাগবতে—
কিং তাত বেদাগমশাস্ত্রবিস্তরৈ-
স্তীর্থৈরনেকৈরপি কিং প্রয়োজনম্ ।
যদ্যাত্মনো বাঞ্ছসি মুক্তিকারণং
গোবিন্দ গোবিন্দ ইতি স্ফুটং রট ॥ ৩৮৪ ॥

অনুবাদ—লঘু ভাগবতে বলা হইয়াছে—হে বৎস ! বেদ, আগম বা অন্যান্য বহু শাস্ত্রের এবং অনেকানেক তীর্থসকলেরই বা কি প্রয়োজন ? যদি নিজের মুক্তির উপায় অনুসন্ধান কর, তাহা হইলে হে গোবিন্দ ! হে গোবিন্দ ! ইহা স্পষ্টরূপে কীর্ত্তন করিতে থাক ॥ ৩৮৪ ॥

টীকা—গোবিন্দ ইতীত্যত্রাবিবক্ষিতত্বাদসন্ধিঃ । যদ্বা, হে গোবিন্দেতি গোবিন্দ ইতি চ ॥ ৩৮৪ ॥

———

সর্ব্বসৎকর্ম্মাধিকত্বম্

গোকোটিদানং গ্রহণে খগস্য
প্রয়াগগঙ্গোদককল্পবাসঃ ।
যজ্ঞাযুতং মেরুসুবর্ণদানং
গোবিন্দকীর্ত্তের্ন সমং শতাংশৈঃ ॥ ৩৮৫ ॥

অনুবাদ—শ্রীনাম সকলসৎকর্ম্মাধিকত্ব—সূর্য্য গ্রহণের সময় কোটি সংখ্যক গোদান, প্রয়াগ গঙ্গার জলে কল্প পরিমাণ কাল বাস, অযুত যজ্ঞ, সুমেরুতুল্য স্বর্ণদান, এসব কিছুই গোবিন্দনামকীর্ত্তনের শত ভাগের এক ভাগেরও সমান নয় ॥ ৩৮৫ ॥

টীকা—খগস্য সূর্য্যস্য গ্রহণে, মেরুতুল্যসুবর্ণ-দানঞ্চ, গোবিন্দস্য কীর্ত্তিঃ কীর্ত্তনং, তস্যাঃ শতাংশৈঃ

শতাংশানামেকেনাপ্যংশেন সমং ন স্যাদিত্যর্থঃ। এবং কুত্রচিৎ পদ্যে ফলবিশেষপ্রদত্বেন কুত্রচিচ্চ ফলরূপত্বেন সর্ব্বকর্ম্মেভ্যোঽধিকত্বং দ্রষ্টব্যম্ ॥ ৩৮৫ ॥

বৌধায়ন সংহিতায়াম্—

ইষ্টাপূর্ত্তানি কর্ম্মাণি সুবহূনি কৃতান্যপি।
ভবহেতূনি তান্যেব হরের্নাম তু মুক্তিদম্ ॥ ৩৮৬ ॥

অনুবাদ—বৌধায়ন সংহিতায়—বহু বহু ইষ্টাপূর্ত্ত কর্ম্মের অনুষ্ঠান করিলেও তাহারা সংসারবন্ধনেরই হেতু হইয়া থাকে, কিন্তু শ্রীহরির নামই কেবল মুক্তিদায়ক হন ॥ ৩৮৬ ॥

গারুড়ে শ্রীশৌনকাম্বরীষ-সংবাদে—

বাজপেয়সহস্রাণাং নিত্যং ফলমভীপ্সসি।
প্রাতরুত্থায় ভূপাল কুরু গোবিন্দকীর্ত্তনম্ ॥৩৮৭॥
কিং করিষ্যতি সাংখ্যেন কি যৌগৈর্নরনায়ক।
মুক্তিমিচ্ছসি রাজেন্দ্র কুরু গোবিন্দকীর্ত্তনম্ ॥৩৮৮

অনুবাদ—গরুড়পুরাণে শ্রীশৌনক-অম্বরীষ-সংবাদে—হে রাজন্! হে অম্বরীষ! প্রত্যহ হাজার হাজার বাজপেয় যজ্ঞের ফল বাঞ্ছা করিলে প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া শ্রীগোবিন্দনাম কীর্ত্তন করিতে থাক। সাংখ্য বা অষ্টাঙ্গ যোগে কি হইবে? যদি মুক্তি চাও, তবে শ্রীগোবিন্দ নাম কীর্ত্তন করিতে থাক ॥ ৩৮৭-৩৮৮ ॥

টীকা—সাংখ্যেন আত্মানাত্মবিবেকেন, যোগৈরষ্টাঙ্গাদিভিঃ, তেষামপি কর্ম্মান্তর্গতত্বাদত্রাস্য পদ্যস্য লিখনম্, এবমগ্রেঽপ্যূহ্যম্ ॥ ৩৮৮ ॥

তৃতীয়স্কন্ধে (৩৩।৭) শ্রীকপিলদেবং প্রতি দেবহূত্যুক্তৌ—

অহো বত শ্বপচোঽতো গরীয়ান্
যজ্জিহ্বাগ্রে বর্ত্ততে নাম তুভ্যম্
তেপুস্তপস্তে জুহুবুঃ সস্নুরার্য্যা
ব্রহ্মানূচুর্নাম গৃণন্তি যে তে ॥ ৩৮৯ ॥

অনুবাদ—তৃতীয়স্কন্ধে শ্রীকপিলদেবের প্রতি মাতা দেবহূতির বাক্যে—যাহার জিহ্বাগ্রে তোমার নাম বিদ্যমান, কি আশ্চর্য্য! সেই ব্যক্তি চণ্ডাল হইলেও শ্রেষ্ঠ। কারণ যাঁহারা তোমার নাম কীর্ত্তন করেন তাঁহারাই তপস্যাচরণ করিয়াছেন এবং হোম করিয়াছেন, তীর্থসমূহে স্নান করিয়াছেন, তাঁহারাই সদাচারী হইয়াছেন, তাঁহারাই বেদ পাঠ করিয়াছেন ॥ ৩৮৯ ॥

টীকা—অহো বতেত্যাশ্চর্য্যে, যস্য জিহ্বাগ্রে তুভ্যং তব ত্বদর্থমপি বা নাম বর্ত্ততে, শ্রদ্ধাদিরাহিত্যেনাপি যথাকথঞ্চিদপি অসম্যক্তয়াপি নামাভাসমপি য উচ্চারয়তীত্যর্থঃ, সঃ শ্বপচোঽপি জাত্যা কর্ম্মণা চ শ্বমাংসভক্ষণাদনিবৃত্তেরুভয়থা পাপোঽপি, অতঃ অস্মাদেব হেতোর্গরীয়ান্। যৎ যস্মাৎ বর্ত্ততে অত ইতি বা। কুত ইত্যত আহ—ত এব তপস্তেপুঃ সম্যক্ কৃতবন্তঃ, জুহুবুঃ হোমং কৃতবন্তঃ, সস্নুঃ তীর্থেষু স্নাতাঃ আর্য্যাঃ ত এব সদাচারাঃ, ব্রহ্মবেদমনূচুঃ সাঙ্গং সদ্গুরোরধীতবন্তঃ, তন্নামকীর্ত্তনে তপআদিকং সর্ব্বং সৎকর্ম্মান্তর্ভূতম্, অতস্তে পুণ্যতমা ইত্যর্থঃ। যদ্বা, জন্মান্তরেষু তৈস্তপোহোমাদি সর্ব্বং কৃতমস্তীতি ত্বন্নামকীর্ত্তনমহাভাগ্যাদবগম্যত ইত্যর্থঃ। তপআদীনাং সর্ব্বেষাং নামকীর্ত্তনফলতোক্ত্যা সর্ব্বসৎকর্ম্মাধিকত্বং ব্যক্তমেব ॥ ৩৮৯ ॥

সর্ব্বার্থপ্রদত্বম্

স্কান্দে ব্রহ্ম-নারদসংবাদে চাতুর্ম্মাস্য-মাহাত্ম্যে—

এতৎ ষড়্বর্গহরণং রিপুনিগ্রহণং পরম্।
অধ্যাত্মমূলমেতদ্ধি বিষ্ণোর্নামানুকীর্ত্তনম্ ॥ ৩৯০ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে চাতুর্ম্মাস্য মাহাত্ম্যে—কামক্রোধাদি ষড়বর্গের বিনাশক শ্রীবিষ্ণুর এই নাম কীর্ত্তন। ইহা রিপুদমনেও নিপুণ এবং অধ্যাত্মতত্ত্ব লাভের হেতু ॥ ৩৯০ ॥

টীকা—ষড়্বর্গঃ কামক্রোধাদিঃ, তস্য হরণং নাশকম্। আত্মানমধিকৃত্য বর্ত্তমানমাত্মতত্ত্বমধ্যাত্মং, তস্য মূলং, তৎপ্রাপ্তিকারণমিত্যর্থঃ ॥ ৩৯০ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

হৃদি কৃত্বা তথা কামমভীষ্টং দ্বিজপুঙ্গবাঃ।
একং নাম জপেদ্যস্তু শতং কামানবাপ্নুয়াৎ ॥৩৯১॥

অনুবাদ—শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে ব্রাহ্মণগণকে বলা হইয়াছে—মনোমধ্যে কোনও ইচ্ছা পোষণ করিয়া যিনি শ্রীভগবানের একটি নাম জপ করেন, তাঁহার শত সংখ্যক কামনা পূর্ণতা প্রাপ্ত হয় ॥ ৩৯১ ॥

তত্রৈব শ্রীকৃষ্ণামৃতস্তোত্রে—

সর্ব্বমঙ্গলমঙ্গল্যমায়ুষ্যং ব্যাধিনাশনম্ ।
ভুক্তিমুক্তিপ্রদং দিব্যং বাসুদেবস্য কীর্ত্তনম্ ॥৩৯২॥

অনুবাদ—ঐ বিষ্ণুধর্ম্মোত্তরেই কৃষ্ণামৃতস্তোত্রে বলা হইয়াছে—শ্রীকৃষ্ণকীর্ত্তনদ্বারা সর্ব্ববিধ মঙ্গল প্রাপ্তি, পরমায়ুবৃদ্ধি, রোগনাশ, ভুক্তি-মুক্তি-লাভ এবং ভগবদ্ধাম প্রাপ্তি হয় ॥ ৩৯২ ॥

টীকা—দিব্যং লোকাতীতং বৈকুণ্ঠলোকপ্রাপণাৎ, সচ্চিদানন্দরূপত্বাদ্বা ॥ ৩৯২ ॥

শ্রীনারায়ণব্যূহস্তবে—

পরিহাসোপহাসাদ্যৈর্বিষ্ণোর্গৃহ্ণন্তি নাম যে ।
কৃতার্থাস্তেঽপি মনুজাস্তেভ্যোঽপীহ নমো নমঃ ॥৩৯৩

অনুবাদ—শ্রীনারায়ণব্যূহস্তবে উক্ত হইয়াছে—উপহাস বা পরিহাস ছলেও যাঁহারা শ্রীবিষ্ণুর নাম গ্রহণ করেন, তাঁহারাও কৃতার্থ, অতএব তাঁহাদিগকে পুনঃ পুনঃ নমস্কার ॥ ৩৯৩ ॥

টীকা—পরিহাসো নর্ম্ম, উপহাসস্তিরস্কারঃ, আদ্যশব্দাৎ সঙ্কেতস্তোভাদি ॥ ৩৯৩ ॥

বারাহে চ—

তে ধন্যাস্তে কৃতার্থাশ্চ তৈরেব সুকৃতং কৃতম্ ।
তৈরাপ্তং জন্মনঃ প্রাপ্যং যে কালে
কীর্ত্তয়ন্তি মাম্ ॥ ৩৯৪ ॥

অনুবাদ—বরাহপুরাণে বলা হইয়াছে—যাঁহারা স্নানাদি সময়ে আমার নামানুকীর্ত্তন করেন, তাঁহারা ধন্য ও কৃতার্থ, তাঁহারা প্রকৃত সুকৃতি লাভ করিয়াছেন এবং এই নরজন্মে যাহা পাওয়া উচিত তাহা তাঁহারা পাইয়াছেন ॥ ৩৯৪ ॥

টীকা—কালে স্নানাদিসময়ে, যদ্বা অকারপ্রশ্লেষেণ অকালে অশৌচাদিসময়েঽপি ॥ ৩৯৪ ॥

বিশেষতঃ কলৌ—

সকৃদুচ্চারয়ন্ত্যেতদ্দুর্ল্লভঞ্চাকৃতাত্মনাম্ ।
কলৌ যুগে হরের্নাম তে কৃতার্থা ন সংশয়ঃ ॥৩৯৫॥

অনুবাদ—বিশেষতঃ কলিযুগে—পাপীদিগের দুর্ল্লভ এই শ্রীহরিনাম একবার মাত্রও যাঁহারা কীর্ত্তন করেন, তাঁহারা কৃতার্থ, তাহাতে সন্দেহ নাই ॥৩৯৫॥

টীকা—সকৃদপ্যুচ্চারয়ন্তি যে, তে কৃতার্থাঃ সিদ্ধসর্ব্বার্থা ইত্যর্থঃ ॥ ৩৯৫ ॥

একাদশস্কন্ধে (৫।৩৬) চ —

কলিং সভাজয়ন্ত্যার্য্যা গুণজ্ঞাঃ সারভাগিনঃ ।
যত্র সঙ্কীর্ত্তনেনৈব সর্ব্বঃ স্বার্থোঽভিলভ্যতে ॥ ৩৯৬॥

অনুবাদ—একাদশস্কন্ধে বলা হইয়াছে যে,—কলি সারগ্রাহী গুণজ্ঞ আর্য্যগণের নিকট শ্রেষ্ঠ বলিয়া স্বীকৃত, কারণ এই কলিকালে শ্রীনামসংকীর্ত্তন দ্বারা সকল স্বার্থ সিদ্ধ হয় ॥ ৩৯৬ ॥

টীকা—সভাজয়ন্তি শ্রেষ্ঠং মন্যন্তে, গুণজ্ঞাঃ কলের্গুণং জানন্তি যে তে । ননু দোষাণাং বহুত্বাৎ কথং সভাজয়ন্তি ? তত্রাহ—সারভাগিনঃ গুণগ্রাহিণঃ। কোঽসৌ গুণঃ ? তমাহ—যত্রেতি । তদুক্তমেব—'ধ্যায়ন্ কৃতে যজন্ যজ্ঞৈঃ' ইত্যাদিনা ॥ ৩৯৬ ॥

স্কান্দে তত্রৈব—

তথা চৈবোত্তমং লোকে তপঃ শ্রীহরিকীর্ত্তনম্ ।
কলৌ যুগে বিশেষেণ বিষ্ণুপ্রীত্যৈ সমাচরেৎ ॥৩৯৭॥

অনুবাদ স্কন্দপুরাণে শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে—এই সংসারে শ্রীহরিকীর্ত্তনই উত্তম তপস্যা অতএব কলিযুগে বিষ্ণুপ্রীতির জন্য বিশেষরূপে হরিকীর্ত্তন করা উচিত ॥ ৩৯৭ ॥

টীকা—উত্তমং তপঃ, স্বধর্ম্মাচরণং চিত্তৈকাগ্রতা বা ॥ ৩৯৭ ॥

সর্ব্বশক্তিমত্ত্বম্

স্কান্দে—

দানব্রততপস্তীর্থক্ষেত্রাদীনাঞ্চ যাঃ স্থিতাঃ ।
শক্তয়ো দেব-মহতাং সর্ব্বপাপহরাঃ শুভাঃ ॥৩৯৮॥

রাজসূয়াশ্বমেধানাং জ্ঞানস্যাধ্যাত্মবস্তুনঃ ।
আকৃষ্য হরিণা সর্ব্বাঃ স্থাপিতাঃ স্বেষু নামসু ॥৩৯৯

অনুবাদ—শ্রীনামের সকলশক্তিমত্ব, ঐ স্কন্দপুরাণেই বর্ণিত হইয়াছে—দান, ব্রত, তপস্যা, তীর্থযাত্রা প্রভৃতি দ্বারা যে পাপরাশি বিদূরিত হয়, দেবতা ও সাধুসেবা দ্বারা যে সকল পাপ নষ্ট হয়, রাজসূয় ও অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান এবং তত্ত্ব ও আত্মবস্তু লাভে যে সমুদায় পাপ বিনষ্ট হয়, মঙ্গল বিধানকারী শ্রীহরি সেই সকল শুভদায়িনী শক্তি আকর্ষণ করিয়া নিজের নামসমূহের মধ্যে প্রতিষ্ঠিত করিয়াছেন ॥ ৩৯৮-৩৯৯ ॥

টীকা—দেবানাং মহতাঞ্চ সাধূনাং, শুভাশ্চ মঙ্গলাবহাঃ, রাজসূয়াদীনাঞ্চ যাঃ শক্তয়ঃ তা সর্ব্বাঃ ॥৩৯৮

বাতোঽপ্যতো হরের্নাম্ন উগ্রাণামপি দুঃসহঃ ।
সর্ব্বেষাং পাপরাশীনাং যথৈব তমসাং রবিঃ ॥৪০০॥

অনুবাদ—সূর্য্য যেমন অন্ধকাররাশি দূর করেন সেই প্রকার শ্রীভগবানের নামরূপ বায়ু সামান্য মাত্র উচ্চারিত হইলেও অতিশয় ভীষণ পাতকও দূরীভূত হইয়া থাকে ॥ ৪০০ ॥

টীকা—এবমশেষদোষ-দুঃখহরণে সকলগুণশ্রেয়ঃপ্রাপণে চ পরমসমর্থস্য ভগবন্নাম্নো মহাপাতকসঞ্চয়ক্ষপণমপ্যত্যন্তসুকরমেবেত্যাহ—বাত ইতি । অতঃ অস্মাদুক্তাদ্ধেতোঃ নাম্নো বাতোঽপি যথাকথঞ্চিদীষৎসম্বন্ধোঽপি উগ্রাণাং ভয়ানকানাং সর্ব্বেষাং সবাসনানাং পাপরাশীনামপি দুঃসহঃ দূরাদেবাত্যন্তক্ষয়কৃদিত্যর্থঃ । রবির্যথা তমসাং দুঃসহস্তদ্বৎ, এতচ্চানুষঙ্গিকং ফলমুক্তম্ ॥ ৪০০ ॥

অতএব ব্রহ্মাণ্ডে—
সর্ব্বার্থশক্তিযুক্তস্য দেবদেবস্য চক্রিণঃ ।
যচ্চাভিরুচিতং নাম তৎ সর্ব্বার্থেষু যোজয়েৎ ॥৪০১

অনুবাদ—অতএব ব্রহ্মাণ্ডপুরাণে উক্ত হইয়াছে—সর্ব্বার্থ শক্তিবিশিষ্ট দেবদেব চক্রধারীর যে নাম তোমার অভিপ্রেত, তুমি সর্ব্বপ্রকার প্রয়োজন সিদ্ধির নিমিত্ত তাহা আরাধনা করিবে ॥ ৪০১ ॥

টীকা—সর্ব্বার্থশক্তিযুক্তস্যেত্যনেন নাম-নামিনোরভেদান্নাম্নোঽপি সর্ব্বস্য সর্ব্বার্থশক্তিযুক্ততা সূচিতৈব। অভিরুচিতং নিজাভীষ্টং যন্নাম, এতচ্চ ভক্তিবিশেষেণাচিরাৎ সম্যক্ সর্ব্বার্থসিদ্ধ্যপেক্ষয়োক্তম্ ॥৪০১

জগদানন্দকত্বম্

শ্রীভগবদ্গীতাসু (১১।৩৬)—
স্থানে হৃষীকেশ তব প্রকীর্ত্ত্যা ।
জগৎ প্রহৃষ্যত্যনুরজ্যতে চ ।
রক্ষাংসি ভীতানি দিশো দ্রবন্তি
সর্ব্বে নমস্যন্তি চ সিদ্ধসংঘাঃ ॥ ৪০২ ॥

অনুবাদ—শ্রীগীতায় শ্রীঅর্জ্জুন কহিতেছেন—হে হৃষীকেশ ! ইহা যথার্থই বলা হইয়াছে যে তোমার নামকীর্ত্তনে সকল সংসার প্রীত ও অনুরাগযুক্ত হয়। অন্য কথা আর কি বলিব, রাক্ষসগণ পর্য্যন্ত তোমার নাম প্রভাবে ভীত হইয়া ইতস্ততঃ পলায়ন করে। সিদ্ধ পুরুষগণ পর্য্যন্ত তোমার নাম মহিমা শ্রবণ করিয়া নমস্কার করিয়া থাকেন ॥ ৪০২ ॥

টীকা—স্থানে ইত্যব্যয়ং যুক্তমিত্যর্থে । হে হৃষীকেশ, যত এবমদ্ভুতপ্রভাবো ভক্তবৎসলশ্চ ত্বম্, অতস্তব প্রকীর্ত্ত্যা মাহাত্ম্যাদিসঙ্কীর্ত্তনেন নামমাত্রসঙ্কীর্ত্তনেন বা ন কেবলমহমেব প্রহৃষ্যামি, কিন্তু জগৎ সর্ব্বমপি প্রকর্ষেণ হৃষ্যতি হর্ষং প্রাপ্নোতি, এতৎ স্থানে যুক্তমিত্যর্থঃ। তথা জগৎ অনুরজ্যতে চ অনুরাগং চোপৈতীতি যৎ, তথা রক্ষাংসি ভীতানি সন্তি, দিশঃ প্রতি দ্রবন্তি, বেগেন পলায়ন্ত ইতি যৎ, তথা সর্ব্বে যোগতপোমন্ত্রাদিসিদ্ধানাং সংঘা নমস্যন্তি প্রণমন্তীতি, যৎ এতচ্চ স্থানে যুক্তমেব, ন চিত্রমিত্যর্থঃ ॥ ৪০২ ॥

জগদ্বন্দ্যতাপাদকত্বম্

বৃহন্নারদীয়ে—
নারায়ণ জগন্নাথ বাসুদেব জনার্দ্দন ।
ইতীরয়ন্তি যে নিত্যং তে বৈ সর্ব্বত্র বন্দিতাঃ ॥৪০৩

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে কথিত হইয়াছে—যাঁহারা নারায়ণ, জগন্নাথ, বাসুদেব, জনার্দ্দন, এই

বলিয়া নারায়ণের নাম প্রত্যহ কীর্ত্তন করেন, তাঁহারা সর্ব্বত্র বন্দিত হন ॥ ৪০৩ ॥

শ্রীসূতেনোক্তং তত্রৈব যজ্ঞধ্বজোপাখ্যানান্তে—
স্বপন্ ভুঞ্জন্ ব্রজংস্তিষ্ঠন্নুত্তিষ্ঠংশ্চ বদংস্তথা ।
যে বদন্তি হরের্নাম তেভ্যো নিত্যং নমো নমঃ ॥৪০৪

অনুবাদ—ঐ গ্রন্থেই যজ্ঞধ্বজোপাখ্যানের শেষভাগে শ্রীসূতবাক্যে—শয়নকালে, ভোজনকালে, গমনের সময়, স্থিতি সময়ে দাঁড়াইয়া বা কথা প্রসঙ্গে যাঁহারা শ্রীহরির নাম করেন, তাঁহাদিগকে নিত্য বারংবার নমস্কার ॥ ৪০৪ ॥

টীকা—বদন্ অন্যবার্ত্তাং কুর্ব্বন্ ; বদন্তীত্যাদি বহুত্বমার্ষং, কিংবা স্বপ্নাদিক্রিয়াণাং বহুত্বেন বহুত্বান্তর্ভাবাৎ। নমো নম ইত্যনেন বন্দ্যতা সিদ্ধৈব ॥৪০৪॥

শ্রীনারায়ণব্যূহস্তবে—
স্ত্রী শূদ্রঃ পুক্কশো বাপি যে চান্যে পাপযোনয়ঃ ।
কীর্ত্তয়ন্তি হরিং ভক্ত্যা তেভ্যোঽপীহ নমো নমঃ ॥৪০৫

অনুবাদ—শ্রীনারায়ণব্যূহস্তবে বলা হইয়াছে—স্ত্রীজাতি, শূদ্র, পুক্কশ এমন কি অন্যান্য অন্ত্যজ সকলও যদি ভক্তিপূর্ব্বক শ্রীহরিকীর্ত্তন করেন তাঁহাদিগকেও পুনঃ পুনঃ নমস্কার ॥ ৪০৫ ॥

অগত্যেকগতিত্বম্

পাদ্মে বৃহৎসহস্রনামকথনারম্ভে—
অনন্যগতয়ো মর্ত্ত্যা ভোগিনোঽপি পরন্তপাঃ ।
জ্ঞানবৈরাগ্যরহিতা ব্রহ্মচর্য্যাদিবর্জ্জিতাঃ ॥ ২০৬ ॥
সর্ব্বধর্ম্মোজ্ঝিতা বিষ্ণোর্নামমাত্রৈকজল্পকাঃ ।
সুখেন যাং গতিং যান্তি ন তাং
সর্ব্বেঽপি ধার্ম্মিকাঃ ॥ ৪০৭ ॥

অনুবাদ—পদ্মপুরাণে বৃহৎসহস্র-নাম-কথনারম্ভে উক্ত হইয়াছে—যাঁহারা নিয়ত বিষয়-ভোগরত, অনন্যগতি, পরপীড়াদায়ক, জ্ঞানবৈরাগ্যরহিত, ব্রহ্মচর্য্যাদিশূন্য এবং সর্ব্বধর্ম্মত্যাগী, তাঁহারাও বিষ্ণুর নাম সামান্য শ্রদ্ধার সহিত উচ্চারণ করিলে সুখে ধার্ম্মিকগণেরও দুর্ল্লভগতি লাভ করিয়া থাকেন ॥৪০৬-৪০৭

টীকা—ন বিদ্যতে অন্যা নামব্যতিরিক্তা কাপি গতিরাশ্রয়োঽত্যন্তপাপজাত্যাদিনা। কর্ম্মাদাবনধিকারাৎ। যেষান্তেঽপি। অপি-শব্দস্য সর্ব্বত্রৈব সম্বন্ধঃ। ভোগিনঃ বিষয়ভোগরতাঃ, পরমন্যং জনং তাপয়ন্তীতি পরন্তপাঃ, নামমাত্রমেবৈকং জল্পন্তি, যথাকথঞ্চিদশ্রদ্ধয়াপি। বাঙ্মাত্রেণোচ্চারয়ন্তি তথা তে ॥ ৪০৬॥

সদা সর্ব্বত্র সেব্যত্বম্

বিষ্ণুধর্ম্মে ক্ষত্রবন্ধুপাখ্যানে—
ন দেশনিয়মস্তস্মিন্ ন কালনিয়মস্তথা ।
নোচ্ছিষ্টাদৌ নিষেধোঽস্তি শ্রীহরের্নাম্নি লুব্ধক ॥৪০৮

অনুবাদ—সর্ব্বদা সর্ব্বত্র সেব্যত্ব—বিষ্ণুধর্ম্মে ক্ষত্রবন্ধু উপাখ্যানে বলা হইয়াছে—হে লুব্ধক! শ্রীহরির নামকীর্ত্তনে দেশ ও কালের নিয়ম নাই এবং উচ্ছিষ্টাদিযুক্ত অবস্থাতেও নাম গ্রহণে বাধা নাই ॥৪০৮॥

টীকা—হে লুব্ধক! তস্মিন্ উক্তপ্রভাবে অনির্ব্বচনীয়মাহাত্ম্যে বা নাম্নি ॥ ৪০৮ ॥

স্কান্দে, পাদ্মে, বৈশাখ-মাহাত্ম্যে, বিষ্ণুধর্ম্মোত্তরে চ—
চক্রায়ুধস্য নামানি সদা সর্ব্বত্র কীর্ত্তয়েৎ ।
নাশৌচং কীর্ত্তনে তস্য স পবিত্রকরো যতঃ ॥৪০৯॥

অনুবাদ—স্কন্দপুরাণে ও পদ্মপুরাণে বৈশাখ মাহাত্ম্যে এবং বিষ্ণুধর্ম্মোত্তরেও কথিত হইয়াছে যে—যেহেতু শ্রীহরি পবিত্রকর, সেইহেতু চক্রধারীর নামকীর্ত্তনে অপবিত্রতা নাই। সর্ব্বদা সর্ব্বত্র তাঁহার নামকীর্ত্তন করা উচিত ॥ ৪০৯ ॥

টীকা—তস্য চক্রায়ুধস্য কীর্ত্তনে অশৌচং নাস্তি, শুচিনৈব কীর্ত্তনং কার্য্যং, নৈবাশুচিনেতি ব্যবস্থা ন বিদ্যতে ইত্যর্থঃ। তস্যেতি—নাম-নামিনোরভেদাভিপ্রায়েণ, যতঃ সনামাত্মকঃ চক্রায়ুধ এব পবিত্রং করোতীতি তথা। যথাচমনাদিব্যতিরেকেণাশুদ্ধস্য শ্রীযমুনাদিজলাচমনাদিনৈব শুদ্ধিঃ, যথা চ তত্রাশুদ্ধেন কথং শ্রীযমুনাদিজলং স্প্রষ্টব্যমিতি শঙ্কা ন সম্ভবেৎ, অনন্যগতিত্বাৎ, তথাত্রাপীত্যর্থঃ। যদ্বা, যতঃ স নামকীর্ত্তকপুরুষ এব অন্যমপি পবিত্রং করোতি, কিং বক্তব্যং তস্যাশৌচমিত্যর্থঃ ॥ ৪০৯ ॥

পুনঃ স্কান্দে—

ন দেশকালাবস্থাসু শুদ্ধ্যাদিকমপেক্ষতে।
কিন্তু স্বতন্ত্রমেবৈতন্নাম কামিত-কামদম্ ॥ ৪১০ ॥

অনুবাদ—পুনরায় স্কন্দপুরাণে উক্ত হইয়াছে—এই ভগবন্নামকীর্ত্তন দেশ, কাল ও অবস্থা বিষয়ে শুদ্ধি অশুদ্ধির অপেক্ষা রাখে না, ইহা স্বতন্ত্র ও কামীজনের কামদাতা ॥ ৪১০ ॥

টীকা—দেশাদীনাং শুদ্ধ্যাদিকং নাম কর্ত্তৃনাপেক্ষতে। তত্র অবস্থাঃ বাল্যাদয়ো জাগরাদয়ঃ প্রমাদোন্মাদাদয়ো বা। আদি-শব্দেন স্বধর্ম্মাচারণাদি, এতস্য ভগবতো নাম, যদ্বা, প্রকরণবশাদ্ভগবত এব নাম, এতৎ সুপ্রসিদ্ধানির্ব্বচনীয়মাহাত্ম্যমিত্যর্থঃ। কামিতং বাঞ্ছিতং কামং পুরুষার্থবিশেষং, যদ্বা, কাম্যত ইতি কামং ফলং, যদ্বা, কামিতস্য কামযুক্তস্য কামমভীষ্টং দদাতীতি তথা তৎ ॥ ৪১০ ॥

বৈশ্বানর-সংহিতায়াম্—

ন দেশকালনিয়মো ন শৌচাশৌচনির্ণয়ঃ।
পরং সঙ্কীর্ত্তনাদেব রাম রামেতি মুচ্যতে ॥ ৪১১ ॥

অনুবাদ—বৈশ্বানরসংহিতায় উক্ত হইয়াছে—'রাম' 'রাম' এই নামসংকীর্ত্তন করিলে জীব মুক্ত হইতে পারে, ইহাতে দেশ ও কালের নিয়ম নাই বা শৌচাশৌচের অপেক্ষাও নাই ॥ ৪১১ ॥

টীকা—পরং কেবলং, রামরামেতি কীর্ত্তনাদেব ॥ ৪১১ ॥

বৈষ্ণবচিন্তামণৌ শ্রীযুধিষ্ঠিরং প্রতি শ্রীনারদবাক্যম্—

ন দেশনিয়মো রাজন্ ন কালনিয়মস্তথা।
বিদ্যতে নাত্র সন্দেহো বিষ্ণোর্নামানুকীর্ত্তনে ॥৪১২॥
কালোঽস্তি দানে যজ্ঞে চ স্নানে কালোঽস্তি সজ্জপে।
বিষ্ণুসঙ্কীর্ত্তনে কালো নাস্ত্যত্র পৃথিবীতলে ॥ ৪১৩ ॥

অনুবাদ—বৈষ্ণবচিন্তামণিতে শ্রীযুধিষ্ঠির মহারাজকে শ্রীনারদ কহিতেছেন—শ্রীবিষ্ণুর নামানুকীর্ত্তন-বিষয়ে দেশ ও কালের কোনও নিয়ম নাই, এ বিষয়ে সন্দেহের অবকাশ নাই। হে রাজন্! দান, যজ্ঞ, স্নান ও মন্ত্রজপ কালের অপেক্ষা রাখে, কিন্তু এই পৃথিবীতে শ্রীবিষ্ণুসংকীর্ত্তন বিষয়ে কালের কোন অপেক্ষা নাই অর্থাৎ ইহা সর্ব্বদাই করা যাইতে পারে ॥৪১২-৪১৩

টীকা—পৃথিবীতলে সর্ব্বত্রেত্যর্থঃ ॥ ৪১৩ ॥

দ্বিতীয়স্কন্ধে (১।১১)—

এতন্নির্বিদ্যমানানামিচ্ছতামকুতোভয়ম্।
যোগিনাং নৃপ নির্ণীতং হরের্নামানুকীর্ত্তনম্ ॥৪১৪॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবতে দ্বিতীয়স্কন্ধে বলা হইয়াছে—হে নৃপবর! যাঁহারা অকুতোভয় হইতে চাহেন এবং যাঁহারা মুক্তি চাহেন, সেই যোগিগণের পক্ষে এই শ্রীহরির নামানুকীর্ত্তনই প্রশস্ত ॥ ৪১৪ ॥

টীকা—এবং সদা সেব্যত্বং লিখিত্বা সর্ব্বসেব্যত্বং লিখতি—এতদিতি। ইচ্ছতাং কামিনাং তত্তৎফলসাধনমেতদেব নির্ব্বিদ্যমানানাং মুমুক্ষূণাং মোক্ষসাধনমেতদেব, তত্র তত্র চ ন কাচিদপি বিঘ্নাদিশঙ্কেত্যাহ—ন কুতশ্চিদপি ভয়ং যস্মিন্ তৎ। যোগিনাং জ্ঞানিনাং মুক্তানাং বা ফলঞ্চৈতদেব নির্ণীতং, নাত্র প্রমাণং বক্তব্যমিত্যর্থঃ। এবং সাধকানাং সিদ্ধানাঞ্চ সেব্যত্বং দর্শিতম্ ॥ ৪১৪ ॥

মুক্তিপ্রদত্বম্

বারাহে—

নারায়ণাচ্যুতানন্ত বাসুদেবেতি যো নরঃ।
সততং কীর্ত্তয়েদ্ভূমি যাতি মল্লয়তাং স হি ॥ ৪১৫ ॥

অনুবাদ—বরাহপুরাণে পৃথিবীকে সম্বোধন করিয়া বলা হইয়াছে—যে ব্যক্তি সতত নারায়ণ, অচ্যুত, অনন্ত, বাসুদেব এই সকল নাম কীর্ত্তন করেন, হে পৃথিবি! সেই ব্যক্তি আমার সাযুজ্য মুক্তি লাভ করিয়া থাকেন ॥ ৪১৫ ॥

গারুড়ে—

কিং করিষ্যতি সাংখ্যেন কিং যোগৈর্নরনায়ক।
মুক্তিমিচ্ছসি রাজেন্দ্র কুরু গোবিন্দকীর্ত্তনম্ ॥৪১৬॥

অনুবাদ—গরুড়পুরাণে বলা হইয়াছে—হে নরনাথ! সাংখ্যযোগ কিংবা অষ্টাঙ্গযোগাদি দ্বারা

কি ফল পাওয়া যাইবে ? যদি মুক্তি ইচ্ছা কর তাহা হইলে শ্রীগোবিন্দনাম কীর্ত্তন কর ।। ৪১৬ ।।

টীকা—হে ভূমি ! মন্ময়তাং সাযুজ্যমুক্তিম্, সাংখ্যেন আত্মানাত্মবিবেকেন, যৌগৈরষ্টাঙ্গাদিভিঃ ।। ৪১৫-৪১৬ ।।

স্কান্দে—

সকৃদুচ্চারিতং যেন হরিরিত্যক্ষরদ্বয়ম্ ।
বদ্ধঃ পরিকরস্তেন মোক্ষায় গমনং প্রতি ।। ৪১৭ ।।

অনুবাদ—স্কন্দপুরাণে কথিত হইয়াছে—যে ব্যক্তি হরি এই দুইটী বর্ণ একবার মাত্র উচ্চারণ করে, সেই ব্যক্তি শীঘ্রই মোক্ষলাভের অধিকারী হয় অর্থাৎ শ্রীভগবানের নামের মুক্তি দেওয়ার সামর্থ্য আছে ।। ৪১৭ ।।

টীকা—মোক্ষায় গমনং প্রতি, আশু মোক্ষপ্রাপ্তয়ে পরিকরো বদ্ধঃ, সাধনং সম্যগনুষ্ঠিতমিত্যর্থঃ ।।৪১৭।।

ব্রহ্মপুরাণে—

অপ্যন্যচিত্তোঽশুদ্ধো বা যঃ সদা কীর্ত্তয়েদ্ধরিম্ ।
সোঽপি দোষক্ষয়ান্মুক্তিং লভেচ্চেদিপতির্যথা ।।৪১৮

অনুবাদ—ব্রহ্মপুরাণে বলা হইয়াছে—অশুভ অবস্থায় কিংবা অন্যমনস্ক ভাবেও যদি সর্ব্বদা শ্রীহরি-কীর্ত্তন কোনও ব্যক্তি করেন, সেই ব্যক্তিও চেদিপতি শিশুপালের মত সকল দোষক্ষয়ে মুক্তি লাভ করিয়া থাকেন ।। ৪১৮ ।।

টীকা—দোষাঃ কামক্রোধাদয়স্তেষাং ক্ষয়াৎ, চেদিপতিঃ শিশুপালঃ ।। ৪১৮ ।।

পাদ্মে দেবহূতিস্তুতৌ—

সকৃদুচ্চারয়েদ্‌যস্তু নারায়ণমতন্দ্রিতঃ ।
শুদ্ধান্তঃকরণো ভূত্বা নির্ব্বাণমধিগচ্ছতি ।। ৪১৯ ।।

অনুবাদ—পদ্মপুরাণে দেবহূতিস্তুতিতে বলা হইয়াছে—আলস্য বর্জ্জন পূর্ব্বক যিনি একবার মাত্রও নারায়ণ নাম উচ্চারণ করেন, তাঁহার অন্তঃকরণ পবিত্র হয় এবং তিনি মুক্তিপদ অধিকার করিয়া থাকেন ।। ৪১৯ ।।

টীকা—অতন্দ্রিতং নামোচ্চারণাদাবানলসঃ সন্, ততশ্চ শুদ্ধান্তঃকরণো ভূত্বা ।। ৪১৯ ।।

মাৎস্যে—

পরদাররতো বাপি পরাপকৃতিকারকঃ ।
স শুদ্ধো মুক্তিমাপ্নোতি হরের্নামানুকীর্ত্তনাৎ ।।৪২০।।

অনুবাদ—মৎস্যপুরাণে বলা হইয়াছে—পরদাররত কিংবা পরের ক্ষতিকারক ব্যক্তিও শ্রীহরিনাম-কীর্ত্তনের দ্বারা পাপ হইতে পবিত্র হইয়া মুক্তিপদ পাইয়া থাকেন ।। ৪২০ ।।

টীকা—শুদ্ধঃ পরদাররতত্বাদিপাপাঃ পবিত্রঃ সন্ ।। ৪২০ ।।

বৈশম্পায়ন সংহিতায়াম্—

সর্ব্বধর্ম্মবহির্ভূতঃ সর্ব্বপাপরতস্তথা ।
মুচ্যতে নাত্র সন্দেহো বিষ্ণোর্নামানুকীর্ত্তনাৎ ।।৪২১।।

অনুবাদ—বৈশম্পায়ন সংহিতায় বলা হইয়াছে—যে ব্যক্তি সকলধর্ম্ম-বহির্ভূত, সকল পাপানুরক্ত, শ্রীবিষ্ণুর নামকীর্ত্তনে সে ব্যক্তিও যে মুক্ত হইয়া থাকে তাহাতে সন্দেহের অবকাশ নাই ।। ৪২১ ।।

বৃহন্নারদীয়ে—

যথাকথঞ্চিদ্‌যন্নাম্নি কীর্ত্তিতে বা শ্রুতেঽপি বা ।
পাপিনোঽপি বিশুদ্ধাঃ স্যুঃ শুদ্ধা মোক্ষমবাপ্নুয়ুঃ ।।৪২২

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে বলা হইয়াছে—যে কোন প্রকারে শ্রীভগবানের নাম কীর্ত্তন বা শ্রবণ করা হইলে পাপী লোকও পাপমুক্ত এবং পবিত্র হইয়া মোক্ষপদ প্রাপ্ত হয় ।। ৪২২ ।।

টীকা—বিশেষেণ শুদ্ধাঃ সবাসনসর্ব্বপাপতঃ পবিত্রাঃ, শুদ্ধা নিষ্পাপাস্তু মোক্ষং প্রাপ্নুবন্তি। পাপিনাং বিলম্বেন মোক্ষঃ, সুকৃতিনাঞ্চ সদ্য এবেতি জ্ঞেয়ম্। যদ্বা, বিশুদ্ধাঃ সন্তঃ কিং প্রাপ্নুবন্তীত্যপেক্ষয়ামাহ—শুদ্ধা ইতি অনুবাদমাত্রম্ ।। ৪২২ ।।

ভারতবিভাগে—
প্রাণপ্রয়াণপাথেয়ং সংসারব্যাধিভেষজম্ ।
দুঃখশোকপরিত্রাণং হরিরিত্যক্ষরদ্বয়ম্ ॥ ৪২৩ ॥

অনুবাদ—ভারতবিভাগে যথা—হরি এই দুই বর্ণ প্রাণ-প্রয়াণ-পথের পাথেয়, ভবব্যাধির ঔষধ ও শোক দুঃখ হইতে পরিত্রাণ পাওয়ার উপায় বিশেষ ॥ ৪২৩ ॥

টীকা—প্রাণস্য প্রয়াণে পাথেয়ং পথি ভক্ষ্যসম্বলং পরলোকে সহায়মিত্যর্থঃ। সংসাররূপস্য ব্যাধের্ভেষজং নাশকং মোক্ষপ্রদমিত্যর্থঃ। ইহলোকে চ দুঃখশোকাভ্যাং পরিত্রাণং যস্মাত্তৎ; যদ্বা, তয়োঃ পরিত্রাণরূপমেব; যদ্বা, ভগবদপ্রাপ্ত্যা যৌ দুঃখশোকৌ, তাভ্যাং পরিত্রাণং যস্মাদিতি শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপকত্বম্। যদ্বা, কিং বহুনোক্তেন ঐহিকামুষ্মিকাশেষদুঃখশোকপরিত্রাণমেবেত্যুপসংহারঃ। বিষ্ণুধর্ম্মে চ—'প্রাণকান্তারপাথেয়ম্' ইতি শ্রীপ্রহলাদেনোক্তম্ অর্থঃ স এব ॥ ৪২৩॥

———

নারদীয়ে—
নব্যং নব্যং নামধেয়ং মুরারে-
র্যদ্‌যচ্চৈতদ্‌গেয়পীযূষপুষ্টম্ ।
যে গায়ন্তি ত্যক্তলজ্জাঃ সহর্ষং
জীবন্মুক্তাঃ সংশয়ো নাস্তি তত্র ॥ ৪২৪ ॥

অনুবাদ—নারদপুরাণে কথিত হইয়াছে—শ্রীহরির যে সকল নাম প্রতিক্ষণেই নবনবায়মান হইয়া মাধুর্য্য বিস্তার করে, যে সকল নাম গীতযোগ্য গাথাদির পরম প্রশংসনীয় মধুর রসে পূর্ণ, যাঁহারা লজ্জাদি ত্যাগপূর্ব্বক সানন্দে এই সকল নাম গান করেন, তাঁহারা যে জীবন্মুক্ত ইহাতে সংশয় নাই ॥ ৪২৪ ॥

টীকা—কিং বক্তব্যং, দেহান্তে মুক্তিং দদাতীতি, দেহে সত্যপি সদ্যো দদাতীতি লিখতি—নব্যমিত্যাদিনা; নব্যং নব্যং প্রতিক্ষণনূতনমিত্যর্থঃ, অনেন মাধুরীবিশেষো দর্শিতঃ। তমেবাহ—গেয়ানাং গানযোগ্যানাং গাথাদিনাম্; যদ্বা, গেয়ং পরমশ্লাঘ্যং যৎ পীযূষং মধুররসবিশেষস্তেন পুষ্টম্। এবম্ভূতং মুরারের্যৎ নামধেয়ম্, এতৎ যে গায়ন্তি, তে জীবন্মুক্তা এব; যদ্যপীতি পাঠে যদ্যপি গেয়পীযূষপুষ্টং পরমমাদকমিত্যর্থ ইতি জীবন্মুক্ততাবিরোধিচিত্তক্ষোভহেতুতোক্তা, তথাপি জীবন্মুক্তা এব, তেনৈব স্বতঃ সংসারবিস্মরণাৎ ॥ ৪২৪ ॥

———

প্রথমস্কন্ধে (১।১৪)—
আপন্নঃ সংসৃতিং ঘোরাং যন্নাম বিবশো গৃণন্ ।
ততঃ সদ্যো বিমুচ্যেত যদ্বিভেতি স্বয়ং ভয়ম্ ॥৪২৫

অনুবাদ—প্রথমস্কন্ধে কথিত হইয়াছে—ঘোর সংসারী ব্যক্তিও বিবশে যাঁহার নাম স্মরণ করিলে সংসারবন্ধন হইতে সত্বর মুক্ত হয় এবং ভয় যাঁহার নামরবে নিজেই ভীত হইয়া থাকে ॥ ৪২৫ ॥

টীকা—সংসৃতিম্ আপন্নঃ প্রাপ্তঃ, বিবশোঽপি ততঃ সংসৃতেঃ। গৃণন্নেব সদ্যো বিমুচ্যেত ইতি জীবন্মুক্ততোক্তা অত্র হেতুঃ যৎ যতো নাম্নঃ ভয়মপি স্বয়ং বিভেতি ॥ ৪২৫ ॥

———

তৃতীয়ে (৯।১৫) ব্রহ্মস্তৌ—
যস্যাবতারগুণকর্ম্মবিড়ম্বনানি
নামানি যেঽসুবিগমে বিবশা গৃণন্তি ।
তেঽনেকজন্মশমলং সহসৈব হিত্বা
সংযান্ত্যপাবৃতমৃতং তমজং প্রপদ্যে ॥ ৪২৬॥

অনুবাদ—তৃতীয়স্কন্ধে ব্রহ্মা শ্রীকৃষ্ণের স্তব প্রসঙ্গে কহিতেছেন—বিবশ হইয়াও যাঁহারা প্রাণত্যাগকালে আপনার অবতার, গুণ ও কর্ম্ম ইত্যাদির উল্লেখ করত দেবকীনন্দন, গোবর্দ্ধনধারী, কংস-নিসূদন প্রভৃতি নাম কীর্ত্তন করেন, তাঁহারা অনেক জন্মার্জ্জিত পাপরাশি পরিত্যাগ পূর্ব্বক নিরস্তাবরণ সত্য জ্যোতিঃ আপনাকে তৎক্ষণাৎ প্রাপ্ত হন। অতএব আমি সেই অজ শ্রীভগবানে প্রপন্ন হইতেছি ॥ ৪২৬॥

টীকা—অবতারাদীনাং বিড়ম্বনমনুকরণমবলম্বনং বান্তি যেষু, তত্রাবতারবিড়ম্বনানি—দেবকীনন্দন ইত্যাদীনি, গুণবিড়ম্বনানি—সর্ব্বজ্ঞো ভক্তবৎসল ইত্যাদীনি, কর্ম্মবিড়ম্বনানি গোবর্দ্ধনোদ্ধরণঃ কংসনিসূদন ইত্যাদীনি। অসুবিগমেঽপি বিবশা অপি গৃণন্তি উচ্চারয়ন্তি। কেবলং, শমলং পাপম্, অপা-

বৃতং নিরস্তাবরণম্ ঋতং ব্রহ্ম, সহসা সদ্য এব প্রাপ্নুবন্তি, জীবন্মুক্তা ভবন্তীত্যর্থঃ ॥ ৪২৬ ॥

ষষ্ঠে (৩।২৪) —

এতাবতাঽলমঘনির্হরণায় পুংসাং
সঙ্কীর্ত্তনং ভগবতো গুণকর্ম্মনাম্নাম্ ।
বিক্রুশ্য পুত্রমঘবান্ যদজামিলোঽপি
নারায়ণেতি ম্রিয়মাণ ইয়ায় মুক্তিম্ ॥৪২৭॥

অনুবাদ—ষষ্ঠস্কন্ধে—শ্রীভগবানের গুণ, কর্ম্ম ও নামকীর্ত্তন দ্বারা পাপীদের যে পাপক্ষয় হইয়া থাকে এ কথারই বা আবশ্যক কি ? যেহেতু মহাপাতকী অজামিল প্রায়শ্চিত্ত না করিয়াও মরণকালে নিজ পুত্র নারায়ণকে ডাকিয়া মুক্তি লাভ করিয়াছে ॥ ৪২৭ ॥

টীকা—ভগবতো গুণানাং কর্ম্মণাং নাম্নাঞ্চ ; যদ্বা, গুণকর্ম্মসম্বন্ধিনাং বিচিত্রাণাং নাম্নাং বহূনাং সম্যক্ কীর্ত্তনং পুংসাম্ অঘনির্হরণায় পাপক্ষয়মাত্রায় ভবতীতি যৎ, এতাবতা উক্তেন অলং প্রয়োজনং নাস্তি । কুতঃ ? অজামিলো মহাপাতক্যপি নারায়ণেত্যেব বিক্রুশ্য, ন ত্ববতারসম্বন্ধিগুণকর্ম্মমাধুরীবিশিষ্টং নামবিশেষং সম্যক্ কীর্ত্তয়িত্বা ; তত্র চ পুত্রং বিক্রুশ্য, ন তু হরিম্। অঘবান্ । অশুচিরপি অকৃতপ্রায়শ্চিত্তোঽপীতি বা ম্রিয়মাণ অস্বস্থচিত্তোঽপি মুক্তিমবাপ, ন ত্বঘনির্হরণমাত্রং, তদানীমজামিলস্য দেহস্য বর্ত্তমানত্বেন জীবন্মুক্তৈব সিদ্ধা । অতো নামাভাসেনাপি যথাকথঞ্চিজ্জাতেন মুক্তিরপি স্যাৎ, কিমুত পাপক্ষয় ইতি ভাবঃ ॥ ৪২৭ ॥

শ্রীবৈকুণ্ঠলোক-প্রাপকত্বম্

উক্তঞ্চ লৈঙ্গে শ্রীনারদং প্রতি শ্রীশিবেন—

ব্রজংস্তিষ্ঠন্ স্বপন্নশ্নন্ শ্বসন্ বাক্যপ্রপূরণে ।
নামসঙ্কীর্ত্তনং বিষ্ণোর্হেলয়া কলিমর্দ্দনম্ ।
কৃত্বা স্বরূপতাং যাতি ভক্তিযুক্তঃ পরং ব্রজেৎ ॥৪২৮

অনুবাদ—শ্রীহরিনাম শ্রীবৈকুণ্ঠলোক প্রাপকত্ব, লিঙ্গপুরাণে শ্রীনারদের প্রতি শ্রীশিব বাক্য যথা—গমন, অবস্থান, শয়ন, ভোজন, শ্বাসক্ষেপ ও কথা বলিবার সময় অবহেলায় কলিমর্দ্দন শ্রীহরিনাম করিয়া যখন মুক্তি লাভ হয়, তখন ভক্তি পূর্ব্বক ভক্ত তাঁহাকে ডাকিলে নিশ্চয়ই পরমধামে গমন করিবেন ॥ ৪২৮ ॥

টীকা—হেলয়াপি কৃত্বা স্বরূপতাং ব্রহ্মত্বং প্রাপ্নোতি, মুক্তো ভবতীত্যর্থঃ । ভক্তিযুক্তস্তু সন্ নামসঙ্কীর্ত্তনং কৃত্বা পরং পরমেশ্বরং শ্রীবৈকুণ্ঠনাথং, যদ্বা, উৎকৃষ্টপদং শ্রীবৈকুণ্ঠলোকং ব্রজেৎ ॥ ৪২৮ ॥

নারদীয়ে শ্রীব্রহ্মণা—

ব্রাহ্মণঃ শ্বপচীং ভুঞ্জন্ বিশেষেণ রজস্বলাম্ ।
অশ্নাতি সুরয়া পক্বং মরণে হরিমুচ্চরন্ ॥ ৪২৯ ॥
অভক্ষ্যাগম্যয়োর্জাতং বিহায়াঘৌঘসঞ্চয়ম্ ।
প্রযাতি বিষ্ণুসালোক্যং বিমুক্তো ভববন্ধনৈঃ ॥৪৩০॥

অনুবাদ—শ্রীনারদপুরাণে ব্রহ্মার বাক্য—ব্রাহ্মণ ব্যক্তি যদি রজস্বলা শ্বপচী গমন ও সুরাসিদ্ধ অন্ন ভক্ষণ করিয়াও মৃত্যুকালে শ্রীহরিকে ডাকে, তাহা হইলে অগম্যাগমন, অভক্ষ্য ভক্ষণ প্রভৃতি সঞ্চিত উৎকৃষ্ট পাপভার ও ভববন্ধন হইতে পরিত্রাণ লাভ করিয়া বিষ্ণুলোক প্রাপ্ত হয় ॥ ৪২৯-৪৩০ ॥

টীকা—মরণেঽপি ভববন্ধনৈঃ দুষ্পরিহারসংসারদুঃখৈঃ বিশেষণ মুক্তঃ সন্ ॥ ৪২৯-৪৩০ ॥

বৃহন্নারদীয়ে শুক্রং প্রতি শ্রীবলিনা—

জিহ্বাগ্রে বর্ত্ততে যস্য হরিরিত্যক্ষরদ্বয়ম্ ।
বিষ্ণোর্লোকমবাপ্নোতি পুনরাবৃত্তিদুর্লভম্ ॥ ৪৩১ ॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে শুক্রাচার্য্যের প্রতি বলি মহারাজের বাক্য—হরি এই দুই অক্ষর যাঁহার রসনায় বিদ্যমান, তিনি বিষ্ণুলোকে গমন করেন এবং তাঁহার আর পুনর্জন্ম হয় না ॥ ৪৩১ ॥

টীকা—পুনরাবৃত্তিদুর্ল্লভং অপুনরাবৃত্তিকমত্যর্থঃ ॥ ৪৩১ ॥

পাদ্মে—

যত্র তত্র স্থিতো বাপি কৃষ্ণ কৃষ্ণেতি কীর্ত্তয়েৎ ।
সর্ব্বপাপবিশুদ্ধাত্মা স গচ্ছেৎ পরমাং গতিম্ ॥৪৩২॥

অনুবাদ—পদ্মপুরাণে বলা হইয়াছে—যেখানে সেখানে থাকিয়া কৃষ্ণ কৃষ্ণ বলিয়া কেহ যদি কীর্ত্তন করে, তবে সে সর্ব্বপাপ মুক্ত হইয়া পরমাগতি লাভ করে ॥ ৪৩২ ॥

তত্রৈব বৈশাখমাহাত্ম্যে অম্বরীষং প্রতি নারদেন—

তদেব পুণ্যং পরমং পবিত্রং
গোবিন্দগেহে গমনায় পত্রম্ ।
তদেব লোকে সুকৃতৈকসত্রং
যদুচ্যতে কেশব-নামমাত্রম্ ॥ ৪৩৩ ॥

অনুবাদ—ঐ পদ্মপুরাণেই বৈশাখমাহাত্ম্যে অম্বরীষ মহারাজকে শ্রীনারদ বলিলেন—শ্রীকেশবের নাম-মাত্র উচ্চারণই পুণ্যদায়ক, পরমপবিত্র, বৈকুণ্ঠগমনের সহায় ও সংসারে সুকৃতের পরমস্থান ॥ ৪৩৩ ॥

টীকা—গোবিন্দগেহে শ্রীবৈকুণ্ঠলোকে গমনার্থং পত্রং বাহনং সহায়মিত্যর্থঃ, সুকৃতস্য একং সত্রং স্থানম্ ॥ ৪৩৩ ॥

ব্রহ্মবৈবর্ত্তে—

এবং সংগ্রহণীপুত্রাভিধান-ব্যাজতো হরিম্ ।
সমুচ্চার্য্যান্তকালেঽগাদ্ধাম তৎ পরমং হরেঃ ॥৪৩৪
নারায়ণমিতি ব্যাজাদুচ্চার্য্য কলুষাশ্রয়ঃ ।
অজামিলোঽপ্যগদ্ধাম কিমুত শ্রদ্ধয়া গৃণন্ ॥ ৪৩৫ ॥

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণে—বেশ্যাপুত্রের নাম লইয়া দুরাচার অজামিল এইরূপে মৃত্যুকালে শ্রীহরি-নাম করিয়া শ্রীহরির পরমধাম প্রাপ্ত হইয়াছিল। মহাপাপী অজামিলও যখন পুত্রের নামব্যাজে নারা-য়ণকে ডাকিয়া (নামাভাসহেতু) বৈকুণ্ঠধাম প্রাপ্ত হইয়াছিল, তখন শ্রদ্ধাভক্তি পূর্ব্বক তাঁহার নাম লইলে যে কি ফল হইবে তাহা আর কি বলিব ? ৪৩৪-৪৩৫॥

টীকা—এবমুক্তপ্রকারেণেতি তত্রাপি শ্রীভাগবত-বদজামিলোপাখ্যানস্যোপসংহারে প্রোক্তত্বাৎ। সং-গ্রহণী কামক্ষোভেণ সংগৃহীতা বেশ্যা, তস্যাং যো নারায়ণসংজ্ঞঃ পুত্রঃ, তস্যাভিধানম্ আহ্বানং, তদ্ব্যা-জেন অন্তকালেঽপি, তৎ অনির্ব্বচনীয়ম্ ॥ ৪৩৪ ॥

টীকা—কলুষাণাং সর্ব্বপাপানামাশ্রয়োঽপি ॥৪৩৫

ষষ্ঠস্কন্ধে (২।৪৯)—

ম্রিয়মাণো হরের্নাম গৃণন্ পুত্রোপচারিতম্ ।
অজামিলোঽপ্যগাদ্ধাম কিমুত শ্রদ্ধয়া গৃণন্ ॥৪৩৬॥

অনুবাদ—ষষ্ঠস্কন্ধে যথা —অজামিল মরণ সময়ে পুত্রের নামে শ্রীহরির নামগ্রহণ করিয়াছিল বলিয়া যখন তাহার উদ্ধার ও বৈকুণ্ঠ প্রাপ্তি হইল, তখন সশ্রদ্ধভাবে শ্রীনাম গ্রহণ করা হইলে যে পাপমুক্ত হইয়া বৈকুণ্ঠ লাভ হইবে তাহাতে বিচিত্র কি ? ৪৩৬

টীকা—ধাম হরেঃ ॥ ৪৩৬ ॥

বামনে—

যে কীর্ত্তয়ন্তি বরদং বরপদ্মনাভং
শঙ্খাব্জচক্রশরচাপগদাসিহস্তম্ ।
পদ্মালয়াবদনপঙ্কজষট্পদাক্ষং
নূনং প্রযান্তি সদনং মধুঘাতিনস্তে ॥ ৪৩৭ ॥

অনুবাদ—বামনপুরাণে বলা হইয়াছে—বরদ, পদ্মনাভ, শঙ্খ, চক্র, গদা, পদ্ম, শর, চাপ ও অসিধর কমলার বদনপঙ্কজের ভ্রমরসদৃশ চক্ষুঃ শ্রীহরির নাম যাঁহারা কীর্ত্তন করিবেন, তাঁহারা নিশ্চয়ই বৈকুণ্ঠধাম-বাসী হইবেন ॥ ৪৩৭ ॥

আঙ্গিরসপুরাণে—

বাসুদেবেতি মনুজ উচ্চার্য্য ভবভীতিতঃ ।
তন্মুক্তঃ পদমাপ্নোতি বিষ্ণোরেব ন সংশয়ঃ ॥৪৩৮॥

অনুবাদ—আঙ্গিরসপুরাণে বলা হইয়াছে – মানব-গণ সংসার ভয় হইতে মুক্তি লাভের জন্য বাসুদেব এই নাম উচ্চারণ করিলে নিঃসন্দেহে বিষ্ণুপদ লাভ করেন ॥ ৪৩৮ ॥

টীকা—তৎ নাম ধামবিশেষণং বা ॥ ৪৩৮ ॥

নন্দিপুরাণে—

সর্ব্বদা সর্ব্বকালেষু যেঽপি কুর্ব্বন্তি পাতকম্ ।
নামসঙ্কীর্ত্তনং কৃত্বা যান্তি বিষ্ণোঃ পরং পদম্ ॥৪৩৯

অনুবাদ—নন্দিপুরাণে বলা হইয়াছে—সর্ব্বদা সর্ব্বকালের মহাপাতকীও শ্রীনাম-সংকীর্ত্তন করিয়া শ্রীবিষ্ণুর পরমপদ প্রাপ্ত হয় ॥ ৪৩৯ ॥

টীকা—সর্ব্বদা সর্ব্বাবস্থায়াং, সর্ব্বত্রেতি বা পাঠঃ ; পরং বৈকুণ্ঠলোকম্ ॥ ৪৩৯ ॥

বিশেষতঃ কলৌ দ্বাদশস্কন্ধে (৩৫১)—
কলের্দোষনিধে রাজন্নস্তি হ্যেকো মহান্ গুণঃ ।
কীর্ত্তনাদেব কৃষ্ণস্য মুক্তবন্ধঃ পরং ব্রজেৎ ॥ ৪৪০ ॥

অনুবাদ—বিশেষতঃ কলিকালে, শ্রীমদ্ভাগবত দ্বাদশস্কন্ধে—কলির বহুদোষ থাকিলেও একটি মহৎ গুণ এই যে, শ্রীকৃষ্ণকীর্ত্তন প্রভাবেই জীব বন্ধনমুক্ত হইয়া পরমগতি লাভ করিয়া থাকে ॥ ৪৪০ ॥

গারুড়ে অম্বরীষং প্রতি শ্রীশুকেন—
যদীচ্ছসি পরং জ্ঞানং জ্ঞানাদ্‌যৎ পরমং পদম্ ।
তদাদরেণ রাজেন্দ্র কুরু গোবিন্দ-কীর্ত্তনম্ ॥৪৪১॥

অনুবাদ—গরুড়পুরাণে মহারাজ অম্বরীষের প্রতি শ্রীশুকবাক্য—হে রাজন্ ! যদি তুমি পরমজ্ঞান এবং তাহা হইতে পরমপদ লাভ করিতে চাও, তাহা হইলে প্রযত্নসহকারে শ্রীগোবিন্দকীর্ত্তন করিতে থাক ॥৪৪১॥

টীকা—পরম্—উৎকৃষ্টং ভগবদ্ভক্তিমাহাত্ম্যাদিবিষয়কং জ্ঞানম্ ॥ ৪৪১ ॥

শ্রীভগবৎপ্রীণনত্বম্

বারাহে—
বাসুদেবস্য সংকীর্ত্ত্যা সুরাপো ব্যাধিতোঽপি বা ।
মুক্তো জায়েত নিয়তং মহাবিষ্ণুঃ প্রসীদতি ॥৪৪২॥

অনুবাদ—বরাহপুরাণে কথিত হইয়াছে—সুরাপায়ী কিংবা রোগগ্রস্ত ব্যক্তিও শ্রীহরিসংকীর্ত্তন করিয়া মুক্তিলাভ ও মহাবিষ্ণুর প্রসন্নতা লাভ করেন ॥৪৪২॥

টীকা—ব্যাধিতো রোগী ॥ ৪৪২ ॥

বৃহন্নারদীয়ে—
নামসঙ্কীর্ত্তনং বিষ্ণোঃ ক্ষুত্তৃট্ প্রস্খলিতাদিষু ।
করোতি সততং বিপ্রাস্তস্য প্রীতো হ্যধোক্ষজঃ ॥৪৪৩

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে বলা হইয়াছে—হে বিপ্রগণ ! ক্ষুধা, তৃষ্ণা ও বিচ্যুতি প্রভৃতির সময় যাঁহারা সর্ব্বদা শ্রীবিষ্ণুর নাম-সংকীর্ত্তন করেন, অধোক্ষজ শ্রীভগবান তাঁহাদিগের প্রতি সর্ব্বদা প্রীত হন ॥ ৪৪৩ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—
নামসঙ্কীর্ত্তনং বিষ্ণোঃ ক্ষুত্তৃট্ প্রস্খলিতাদিষু ।
যঃ করোতি মহাভাগ তস্য তুষ্যতি কেশবঃ ॥৪৪৪॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—হে মহাভাগ ! ক্ষুধা, তৃষ্ণা ও প্রস্খলনাদিকালে যে ব্যক্তি বিষ্ণুর নাম গ্রহণ করেন, কেশব তাঁহার প্রতি প্রীত হন ॥ ৪৪৪ ॥

টীকা—ক্ষুত্তৃড়াদিষ্বপি যঃ করোতি, যদ্যপি ক্ষুত্তৃড়াদিভির্বৈকল্যে সতি নামসঙ্কীর্ত্তনমত্যন্তাভ্যাসবলাদেব জায়তে, অতস্তত্র তস্য প্রাশস্ত্যং সদা নামপরত্বং চোক্তং স্যাৎ, তথাপি বিবশত্বমাত্রবিবক্ষয়া ক্ষুত্তৃড়াদিষ্বিত্যুক্তম্ ইতি জ্ঞেয়ম্, এবমন্যত্রাপ্যূহ্যম্ ॥ ৪৪৪ ॥

অথ শ্রীভগবদ্বশীকারিত্বম্

মহাভারতে শ্রীভগবদ্বাক্যম্—
ঋণমেতৎ প্রবৃদ্ধং মে হৃদয়ান্নাপসর্পতি ।
যদ্‌গোবিন্দেতি চুক্রোশ কৃষ্ণা মাং দূরবাসিনম্ ॥৪৪৫

অনুবাদ—অনন্তর শ্রীনামের ভগবদ্বশীকারিত্ব সম্বন্ধে মহাভারতে শ্রীভগবদ্বাক্য—বিপদগ্রস্ত হইয়া দ্রৌপদী দূরস্থিত আমাকে যে হে গোবিন্দ ! হে গোবিন্দ ! বলিয়া ডাকিয়াছিলেন, এই জন্য আমার ঋণ অতিশয় বৃদ্ধি পাইয়াছে, ইহা কোনও প্রকারেই হৃদয় হইতে অপসারিত হইতেছে না ॥ ৪৪৫ ॥

আদিপুরাণে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে—
গীত্বা চ মম নামানি নর্ত্তয়েন্মম সন্নিধৌ ।
ইদং ব্রবীমি তে সত্যং ক্রীতোঽহং তেন চার্জ্জুন ॥ ৪৪৬ ॥
গীত্বা চ মম নামানি রুদন্তি মম সন্নিধৌ ।
তেষামহং পরিক্রীতো নান্যক্রীতো জনার্দ্দনঃ ॥৪৪৭॥

অনুবাদ—আদিপুরাণে শ্রীকৃষ্ণ-অর্জ্জুনসংবাদে—যাহারা আমার নামসমূহ গান করিয়া আমার নিকট নৃত্য করিয়া থাকে, আমি তাহাদের দ্বারাই ক্রীত, অন্যের নহি, হে অর্জ্জুন। ইহা সত্য করিয়া বলিতেছি ॥ ৪৪৬-৪৪৭ ॥

টীকা—দূরবাসিনং দূরে বসন্তমপি, অতঃ সাক্ষাদিব সম্বোধনং ন ঘটতে। তথাপি হে গোবিন্দেতি চুক্রোশ আকারয়ামাস ; যৎ এতৎ মম ঋণং প্রবৃদ্ধং, তস্যাঃ পরমবশ্যোঽস্মীত্যর্থঃ, পরমার্ত্ত্যা কীর্ত্তনাৎ। অতঃ হৃদয়ান্নাপসর্পতি, সদা তদেব বিচারয়ামি ইত্যর্থঃ। তেষাং তৈর্জ্জনার্দ্দনোঽহং জনৈর্জীবৈঃ সর্ব্বৈঃ সেবিতুম্ অর্দ্দ্যতে যাচ্যতে, ন তু প্রাপ্যতে, তাদৃশোঽপ্যহম্ পরিক্রীতঃ সর্ব্বতোভাবেন বশীকৃতোঽহম্ ॥ ৪৪৫-৪৪৭ ॥

এবং 'শ্রুত্বা চ মম নামানি' ইত্যাদি ॥ ৪৪৮ ॥

অনুবাদ—এইরূপ আমার নামসকল শ্রবণ করিয়া ইত্যাদি ॥ ৪৪৮ ॥

বিষ্ণুধর্ম্মে প্রহলাদেন—

জিতন্তেন জিতন্তেন জিতন্তেনেতি নিশ্চিতম্।
জিহ্বাগ্রে বর্ত্ততে যস্য হরিরিত্যক্ষরদ্বয়ম্ ॥ ৪৪৯ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মে শ্রীপ্রহলাদবাক্য—হরি এই অক্ষয়দ্বয় যাহার জিহ্বাগ্রে বিরাজমান, তিনি নিশ্চয়ই ভগবানকে বশীভূত করিয়াছেন, বশীভূত করিয়াছেন, বশীভূত করিয়াছেন ॥ ৪৪৯ ॥

টীকা—তেন জিতং ভগবান্ বশীকৃত ইত্যর্থঃ। মুহুরুক্তির্ভক্তিবিশেষোদয়াৎ ॥ ৪৪৯ ॥

স্বতঃপরমপুরুষার্থত্বম্

স্কান্দে কাশীখণ্ডে, পাদ্মে চ বৈশাখমাহাত্ম্যে—

ইদমেব হি মাঙ্গল্যমেতদেব ধনার্জ্জনম্।
জীবিতস্য ফলঞ্চৈতদ্‌যদ্দামোদর-কীর্ত্তনম্ ॥ ৪৫০ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে কাশীখণ্ডে ও পদ্মপুরাণের বৈশাখমাহাত্ম্যে-দামোদরকীর্ত্তনই সকল মঙ্গলানুষ্ঠানের ফল, ইহাই ধনার্জ্জন ও ইহাই জীবনধারণের ফল ॥ ৪৫০ ॥

টীকা—মাঙ্গল্যং মঙ্গলসমূহঃ, সর্ব্বমঙ্গলকর্ম্মফলং বা, ধনস্য পুরুষার্থত্বেন ধনার্জ্জনস্যাপি পুরুষার্থতয়া তৎস্বরূপস্য নামকীর্ত্তনস্যাপি স্বতঃ পরমপুরুষার্থত্বং সিদ্ধমেব। যদ্বা, প্রেমলক্ষণং ধনমত্র জ্ঞেয়ম্ ॥৪৫০॥

প্রভাসখণ্ডে—

মধুরমধুরমেতন্মঙ্গলং মঙ্গলানাং
সকলনিগমবল্লীসৎফলং চিৎস্বরূপম্।
সকৃদপি পরিগীতং শ্রদ্ধয়া হেলয়া বা
ভৃগুবরনরমাত্রং তারয়েৎ কৃষ্ণনাম ॥৪৫১॥

অনুবাদ—প্রভাসখণ্ডে বলা হইয়াছে—হে ভৃগুবর! মধুর হইতে মধুর, সকল মঙ্গলের মঙ্গল, নিখিল নিগমবল্লীর নিত্যফল, চিন্ময়স্বরূপ এই কৃষ্ণনাম শ্রদ্ধায় বা হেলায় একবার মাত্রও প্রকৃষ্টরূপে কীর্ত্তিত হইলে নরমাত্রকেই ত্রাণ করিয়া থাকেন ॥ ৪৫১ ॥

টীকা—এতৎ কৃষ্ণনাম কৃষ্ণেতি নাম কৃষ্ণস্য নামেতি বা মধুরাদপি মধুরম্ ; চিৎ চৈতন্যং ব্রহ্ম তৎস্বরূপম্ ইতি পরমফলরূপতোক্তা। অতো যথাকথঞ্চিৎ সকৃৎ তৎকীর্ত্তনাদপ্যানুষঙ্গিকত্বেন সর্ব্বস্যাপি মোক্ষো ভবেদেবেত্যাহ—সকৃদপীতি। পরীত্যর্দ্ধে অব্যক্তমসম্পূর্ণমুচ্চারিতমপীত্যর্থঃ। হেলয়াপি বা, হে ভৃগুবর ॥ ৪৫১ ॥

বিষ্ণুরহস্যে, বিষ্ণুধর্ম্মোত্তরে চ—

এতদেব পরং জ্ঞানমেতদেব পরং তপঃ।
এতদেব পরং তত্ত্বং বাসুদেবস্য কীর্ত্তনম্ ॥ ৪৫২ ॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে ও বিষ্ণুধর্ম্মোত্তরে—শ্রীহরিকীর্ত্তনই পরমজ্ঞান, শ্রেষ্ঠ তপস্যা ও শ্রেষ্ঠ তত্ত্ব বলিয়া কথিত হইয়া থাকেন ॥ ৪৩২ ॥

টীকা—তপশ্চিত্তৈকাগ্র্যং সমাধিরিত্যর্থঃ। তত্ত্বং বস্তু, এবং সাধ্যানাং পরমজ্ঞানাদীনাং তাদাত্ম্যোক্ত্যা নামকীর্ত্তনস্য পরমফলতা সিদ্ধৈব ॥ ৪৫২ ॥

ভক্তিপ্রকারেষু শ্রৈষ্ঠ্যম্

বৈষ্ণবচিন্তামণৌ শ্রীশিব-উমা-সংবাদে—

অঘচ্ছিৎ স্মরণং বিষ্ণোর্ব্বহ্বায়াসেন সাধ্যতে।
ওষ্ঠস্পন্দনমাত্রেণ কীর্ত্তনন্তু ততো বরম্ ॥ ৪৫৩ ॥

অনুবাদ—ভক্তিপ্রকারসমূহ মধ্যে শ্রেষ্ঠতা—বৈষ্ণবচিন্তামণিগ্রন্থে শ্রীশিব-উমা-সংবাদে বলা হইয়াছে—শ্রীবিষ্ণুর স্মরণ দ্বারা বহু চেষ্টায় ভববন্ধন ছিন্ন হয়, কিন্তু কীর্ত্তনে ওষ্ঠমাত্র স্পন্দিত হইলে সংসার-ভয় প্রশমিত হইয়া থাকে, এইহেতু নাম অপেক্ষা শ্রীনামকীর্ত্তনের অধিক মাহাত্ম্য শোনা যায় ॥৪৫৩॥

টীকা—ইত্থং নামকীর্ত্তনস্য পরমসাধনত্বং সাধ্যত্বঞ্চ লিখিত্বা ইদানীং স্বতঃ পরমপুরুষার্থরূপাণাং শ্রবণ-কীর্ত্তন-স্মরণাদি ভক্তিপ্রকারাণামপি মধ্যে শ্রীমন্নাম-কীর্ত্তনস্য শ্রৈষ্ঠ্যং লিখন্ তত্রাদৌ তেষ্বেব পরমশ্রেষ্ঠত্বেন শ্রীমুক্তাফলাদিগ্রন্থকারাণাং সম্মতাৎ স্মরণাদপি শ্রৈষ্ঠ্যং লিখতি—অঘেতি। বিষ্ণোঃ স্মরণম্ অঘং সংসার-দুঃখং তন্মূলং পাপং বা ছিনত্তীতি অঘচ্ছিদ্ভবত্যেব, কিন্তু বহুলায়াসেনৈব তৎ সাধ্যতে, মনসো দুর্নিগ্রহত্বেন স্মরণস্য দুষ্করত্বাৎ। কীর্ত্তনন্তুওষ্ঠস্পন্দনমাত্রেণা-ঘচ্ছিৎ, অতস্ততস্তস্মাৎ স্মরণাৎ কীর্ত্তনং বরং শ্রেষ্ঠম্। যদ্বা, কিঞ্চ ততঃ স্মরণাৎ কীর্ত্তনং বরং, সর্ব্বথা শ্রেষ্ঠমেব, মনঃশ্রবণবাগিন্দ্রিয়াদিব্যাপ্য-সুখবিশেষস্যা-পাদনাৎ। তচ্চ শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে বিবৃতমস্তি ॥ ৪৫৩ ॥

অন্যত্র চ—

যেন জন্মশতৈঃ পূর্ব্বং বাসুদেবঃ সমর্চ্চিতঃ।
তন্মুখে হরিনামানি সদা তিষ্ঠন্তি ভারত ॥ ৪৫৪ ॥

অনুবাদ—অন্যত্র বলা হইয়াছে—যিনি পূর্ব্ব পূর্ব্ব শত শত জন্মে শ্রীবাসুদেবের সম্যক্ পূজা করিয়াছেন, হে রাজন্। তাঁহার মুখে সর্ব্বদা শ্রীহরিনামসমূহ বিরাজমান থাকেন ॥ ৪৫৪ ॥

টীকা—অধুনা স্মরণাদীনামপি পূজাঙ্গত্বাৎ পূজায়াঃ শ্রৈষ্ঠ্যমভিপ্রেত্য তস্যা অপি সকাশান্নামসঙ্কীর্ত্তনস্য শ্রৈষ্ঠ্যং লিখতি—যেনেতি। সমর্চ্চিতঃ সম্যক্ পূজিতঃ ॥ ৪৫৪ ॥

বিশেষতঃ কলৌ বিষ্ণুরহস্যে—

যদভ্যর্চ্চ্য হরিং ভক্ত্যা কৃতে ক্রতুশতৈরপি।
ফলং প্রাপ্নোত্যবিকলং কলৌ গোবিন্দকীর্ত্তনাৎ ॥৪৫৫

অনুবাদ—বিশেষতঃ কলিকালে বিষ্ণুরহস্যে—সত্য-যুগে শত শত যজ্ঞের অনুষ্ঠানে ও ভক্তিপূর্ব্বক শ্রীহরির পূজায় যে ফল পাওয়া যাইত, এই কলিকালে শ্রীগোবিন্দ-কীর্ত্তনের দ্বারা অবিকল সেই ফল পাওয়া যায় ॥৪৫৫

টীকা—কৃতে সত্যযুগে ইতি তদানীং বিশুদ্ধা-শেষদ্রব্যাদি-সামগ্রীসংসিদ্ধেঃ। তত্র চ ক্রতুশতৈ-রিত্যর্থঃ। যদ্বা, ক্রতুঃ কর্ম্ম, উপচারশতৈরিত্যর্থঃ। তত্রাপি ভক্ত্যা অভ্যর্চ্চ্য অভিতঃ পূজয়িত্বা, যদ্বা, অভ্যর্চ্চ্যেতি পূজায়া যৎ ফলং প্রাপ্নোতীত্যর্থঃ অনন্যয়া ভক্ত্যা শ্রবণ-স্মরণ-ভক্তিপ্রকারেণ চ যৎ, যজ্ঞশতৈরপি যৎ, তদ্গোবিন্দেতি-কীর্ত্তনাৎ অবিকলং সম্পূর্ণং সকলং প্রাপ্নোতীত্যর্থঃ। তত্র চ কলাবিত্যত্রেদং নিগূঢ়তত্ত্বং স্থানেষ্বিবতি শ্রীমথুরাদিস্থানবৎ কালেষু চ মধ্যে যথা শ্রীকার্ত্তিকাদয়স্ত্রয়ো মাসাঃ, যথা চ তিথিষু একাদশ্যাদয়ঃ, তথা যুগেষু মধ্যে কলিযুগং শ্রীভগবৎ-প্রিয়ং, তত্র চ যথা কার্ত্তিকাদিমাসেষু একাদশ্যাদিষু চ স্বল্পমপি কৃতং কর্ম্ম বহুলফলং ভবতি, তথা কলা-বপি। এবমন্যযুগাপেক্ষয়া তস্য শ্রেষ্ঠত্বেন তত্রকৃত-কর্ম্মণাং, বিশেষতো ভগবদ্ভজনস্য শ্রৈষ্ঠ্যং যুক্ত-মেবেতি। অনেনৈবাভিপ্রায়েণোক্তং শ্রীবিষ্ণুপুরাণে শ্রীব্যাসদেবেন 'কলির্ধন্যঃ' ইতি দ্বাদশস্কন্ধে চ শ্রীব্যাসনন্দনেন 'গুণজ্ঞাঃ' ইত্যাদি; প্রথমস্কন্ধে শ্রী-সূতেন (১৮।৭) 'কুশলান্যাশু সিধ্যন্তি নেতরাণি কৃতানি যৎ' ইতি একাদশস্কন্ধে (৫।৩৮) চ শ্রীকর-ভাজনেন—'কৃতাদিষু প্রজা রাজন্ কলাবিচ্ছন্তি সম্ভবম্। কলৌ খলু ভবিষ্যন্তি নারায়ণপরায়ণাঃ॥ ইত্যাদি। অতএবাস্মিন্ যুগশ্রেষ্ঠে নিজৈশ্বর্য্যবিশেষ-প্রকটন-নামরূপো ভগবতো মুখ্যাবতারঃ, অতোঽস্য কলৌ মাহাত্ম্যবিশেষো যুক্ত এব। যে চ তত্র পাপোপ-দ্রবাদিকা বিবিধধর্ম্মাদি-বিঘ্নাঃ শ্রূয়ন্তে, যেভ্যো বহি-র্দৃষ্ট্যা কলেনিন্দাদিকং কথ্যতে, তে তু শ্রীমথুরাদি-পুরপালকাঃ শ্রীরুদ্রগণাদয়ো দৈত্যরাক্ষসা অপি যথা শ্রূয়ন্তে, তথৈব জ্ঞেয়াঃ। ইত্থমেব মাহাত্ম্যবিশেষো-ঽপি সুসিধ্যেৎ, সর্ব্বং চাবিরুদ্ধং স্যাদিতি দিক্ ।৪৫৫

বিষ্ণুপুরাণে—

ধ্যায়ন্ কৃতে যজন্ যজ্ঞৈস্ত্রেতায়াং দ্বাপরেঽর্চ্চয়ন্।
যদাপ্নোতি তদাপ্নোতি কলৌ সঙ্কীর্ত্ত্য কেশবম্ ॥৪৫৬

অনুবাদ—বিষ্ণুপুরাণে কথিত হইয়াছে—সত্যযুগে ধ্যান, ত্রেতায় যজ্ঞ, দ্বাপরযুগে জগৎপূজ্য শ্রীহরির অর্চ্চনায় যে ফল লাভ হয়, কলিযুগে একমাত্র শ্রীহরি-কীর্ত্তনদ্বারাই তাহা লাভ করা যায় ॥ ৪৫৬ ॥

টীকা—কৃতযুগে পরমশুদ্ধচিত্ততয়া ধ্যানস্য, ত্রেতায়াঞ্চ সর্ব্ববেদপ্রবৃত্ত্যা যজ্ঞানাং, দ্বাপরে চ শ্রীমূর্ত্তি-পূজাবিশেষপ্রবৃত্ত্যাঽর্চ্চনস্য শ্রৈষ্ঠ্যমপেক্ষ্য তত্তত্র পৃথক্ পৃথগুক্তম্। এবমগ্রেঽপি জ্ঞেয়ম্। তচ্চ সর্ব্বং সমুচ্চিতং, কলৌ শ্রীকেশবনাম-কীর্ত্তনান্তর্ভূতমেবেতি সুখমাপ্নোতীত্যর্থঃ। সঙ্কীর্ত্ত্য সম্যক্ উচ্চৈরুচ্চার্যেতি সদ্যঃ স্বপরানন্দবিশেষার্থমুক্তং, তেন চ মাহাত্ম্যবিশেষ এব সম্পদ্যতে ॥ ৪৫৬ ॥

দ্বাদশস্কন্ধে (৩।৫২)—

কৃতে যদ্ধ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং যজতো মখৈঃ।
দ্বাপরে পরিচর্য্যায়াং কলৌ তদ্ধরিকীর্ত্তনাৎ ॥৪৫৭॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবত দ্বাদশস্কন্ধেও বলা হইয়াছে—ধ্যানানুষ্ঠানের দ্বারা সত্যযুগে, যজ্ঞানুষ্ঠানের দ্বারা ত্রেতায়, দ্বাপরে পূজা-অর্চ্চনায় যে ফল লভ্য হইত, কলিকালে একমাত্র শ্রীহরিকীর্ত্তনদ্বারাই তাহা লাভ হইয়া থাকে ॥ ৪৫৭ ॥

টীকা—বিষ্ণুং ধ্যায়ত ইতি বিষ্ণুধ্যানকর্ত্তুর্জনস্য যৎ ফলং স্যাদিতি কালত্রয়সম্বন্ধ্যশেষ-সৎকর্ম্মফল-মভিপ্রেতম্। এবমগ্রেঽপি। এতেন শ্রীবিষ্ণুপুরাণ-বচনাদস্য বিশেষো দ্রষ্টব্যঃ পুরাণগুহ্যত্বাৎ। পরি-চর্য্যায়াং পূজায়াং বর্ত্তমানস্য জনস্য, হরের্ভগবতঃ হরীত্যক্ষরদ্বয়স্য বা কীর্ত্তনমাত্রেণ তৎ সর্ব্বং কলৌ ভবতীতি ॥ ৪৫৭ ॥

একাদশে (৫।৩২)—

কৃষ্ণবর্ণং ত্বিষাঽকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্।
যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ ॥ ৪৫৮ ॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবত একাদশস্কন্ধে বলা হইয়াছে—যিনি কৃষ্ণবর্ণ এবং ইন্দ্রনীলমণির মত অত্যুজ্জ্বলকান্তিবিশিষ্ট, সেই হৃদয়াদি অঙ্গ, কৌস্তুভাদি উপাঙ্গ, সুদর্শনাদি অস্ত্র এবং সুনন্দাদি পার্ষদ পরি-বেষ্টিত ভগবান শ্রীকৃষ্ণকে সুধী ব্যক্তিগণ সংকীর্ত্তন প্রধান যজ্ঞদ্বারা আরাধনা করিয়া থাকেন ॥ ৪৫৮ ॥

টীকা—ত্বিষা কান্ত্যা অকৃষ্ণম্ ইন্দ্রনীলমণিবদুজ্জ্বল-মিতি রুক্ষতাং ব্যাবর্ত্তয়তি ; যদ্বা, ত্বিষা বিশিষ্টং কৃষ্ণমিতি শ্রীকৃষ্ণাবতারস্য তত্র প্রাধান্যং দর্শয়তি। অঙ্গানি হৃদয়াদীনি, উপাঙ্গানি কৌস্তুভাদীনি, অস্ত্রাণি সুদর্শনাদীনি, পার্ষদাঃ সুনন্দাদয়ঃ, তৎসহিতম্। একান্তিপক্ষে—উপাঙ্গানি বেণ্বাদীনি, অস্ত্রাণি ষণ্ট্যা-দীনি, পার্ষদাঃ শ্রীদামাদয়ঃ ইতি পূর্ব্ববৎ বিজ্ঞেয়ম্। যজ্ঞৈঃ অর্চ্চনৈঃ, সঙ্কীর্ত্তনং নামোচ্চারণং, গীতং স্তুতিশ্চ নামময়ী, তৎপ্রধানৈঃ, সুমেধসঃ বিবেকিনঃ, এবমপি কলৌ পূজাতঃ শ্রীমন্নামসঙ্কীর্ত্তনস্য মাহাত্ম্য-মেব সিদ্ধং, দ্রব্যাশুদ্ধ্যাদেরসম্ভবাৎ, লিখিতন্যায়েন মাহাত্ম্যবিশেষাচ্চেতি দিক্ ॥ ৪৫৮ ॥

স্কান্দে চ—

মহাভাগবতা নিত্যং কলৌ কুর্ব্বন্তি কীর্ত্তনম্ ॥৪৫৯

অনুবাদ—স্কন্দপুরাণে বলা হইয়াছে—মহাভাগ-বতগণ কলিকালে প্রত্যহ শ্রীকৃষ্ণকীর্ত্তন করিয়া থাকেন ॥ ৪৫৯ ॥

বৃহন্নারদীয়ে নারদেনোক্তম্—

হরের্নামৈব নামৈব নামৈব মম জীবনম্।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা ॥৪৬০॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে শ্রীনারদ বাক্য—শ্রীহরির নামই, শ্রীহরির নামই, শ্রীহরির নামই আমার জীবন, এই কলিকালে শ্রীহরিনাম ব্যতীত জীবের অন্য গতি নাই, নাই, নাই ॥ ৪৬০ ॥

অতএবোক্তম্—

সকৃদুচ্চারয়ন্ত্যেব হরের্নাম চিদাত্মকম্।
ফলং নাস্য ক্ষমো বক্তুং সহস্রবদনো বিধিঃ ॥৪৬১॥

অনুবাদ—অতএব কথিত হইয়াছে—চিদাত্মক শ্রীহরির নাম মাত্র একবার উচ্চারণ করিলে যে ফল পাওয়া যায়, সহস্রবদনে অনন্ত ও চতুর্ম্মুখ ব্রহ্মাও সে ফল বর্ণনা করিতে সক্ষম নহেন ॥ ৪৬১ ॥

টীকা—উপসংহরন্ ফলিতং লিখতি—সকৃদিতি ত্রিভিঃ। সহস্রবদনঃ শেষঃ, বিধিশ্চ ব্রহ্মা; যদ্বা, সহস্রবদনং সন্নপি বিধিঃ ॥ ৪৬১ ॥

পাদ্মোত্তরখণ্ডে রামাষ্টোত্তরশতনামস্তোত্রে শ্রীশিবেন—

রকারাদীনি নামানি শৃণ্বতো দেবি জায়তে।
প্রীতির্মে মনসো নিত্যং রামনামবিশঙ্কয়া ॥ ৪৬২ ॥

অনুবাদ—পদ্মপুরাণে উত্তরখণ্ডে শ্রীরামচন্দ্রের অষ্টোত্তরশতনামস্তোত্রে শ্রীশিবের বাক্য—হে দেবি! যে সকল নামের আদিতে র কারের প্রয়োগ আছে, তাহা শ্রবণ করিয়া রামনামের আশঙ্কায় আমার মনে নিত্য আনন্দের উদয় হয় ॥ ৪৬২ ॥

টীকা—রামনাম্নো বিশঙ্কয়া আশঙ্কয়া নিত্যং মম মনসঃ প্রীতিরানন্দো জায়তে; সম্পূর্ণনামকীর্ত্তনস্য তু মাহাত্ম্যং কিং বক্তব্যমিতি ভাবঃ ॥ ৪৬২ ॥

বৈষ্ণবচিন্তামণৌ চ—

ঈশোহহং সর্ব্বজগতাং নাম্নাং বিষ্ণোর্হি জাপকঃ।
সত্যং সত্যং বদাম্যেষ হরের্নাম গতির্নৃণাম্ ॥৪৬৩॥

অনুবাদ—বৈষ্ণবচিন্তামণিগ্রন্থে—শ্রীবিষ্ণুর নাম-সমূহ জপ করিয়াই আমি সর্ব্বজগতের অধীশ্বর হইয়াছি। শ্রীহরিনামই মানবগণের পরমাগতি ইহা আমি বারংবার সত্য করিয়া বলিতেছি ॥ ৪৬৩ ॥

টীকা—গতিঃ শরণং ফলং বা, মমাপি সেব্যত্বাৎ ॥ ৪৬৩ ॥

আদিপুরাণে চ শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে—

শ্রদ্ধয়া হেলয়া নাম রটন্তি মম জন্তবঃ।
তেষাং নাম সদা পার্থ বর্ত্ততে হৃদয়ে মম ॥ ৪৬৪ ॥
ন নাম-সদৃশং জ্ঞানং ন নাম-সদৃশং ব্রতম্।
ন নাম-সদৃশং ধ্যানং ন নাম-সদৃশং ফলম্ ॥৪৬৫॥
ন নাম সদৃশস্ত্যাগো ন নাম-সদৃশঃ শমঃ।
ন নাম-সদৃশং পুণ্যং ন নাম-সদৃশী গতিঃ ॥৪৬৬॥

অনুবাদ—আদিপুরাণে শ্রীকৃষ্ণ-অর্জ্জুনসংবাদে কথিত হইয়াছে—আমার নাম শ্রদ্ধায় অথবা হেলায় যাহারা জপ করে, হে অর্জ্জুন! তাহাদের নাম সর্ব্বদা আমার অন্তরে দীপ্যমান থাকে; নাম সদৃশ জ্ঞান, নামসদৃশ ব্রত, নামসদৃশ ধ্যান, নামসদৃশ ফল, নাম-সদৃশ ত্যাগ, নামের তুল্য শান্তি, নামসদৃশ পুণ্য ও নাম সদৃশী গতি আর নাই ॥ ৪৬৪-৪৬৬ ॥

কিঞ্চ—

নামৈব পরমা মুক্তির্নামৈব পরমা গতিঃ।
নামৈব পরমা শান্তির্নামৈব পরমা স্থিতিঃ ॥ ৪৬৭ ॥
নামৈব পরমা ভক্তির্নামৈব পরমা মতিঃ।
নামৈব পরমা প্রীতির্নামৈব পরমা স্মৃতিঃ ॥ ৪৬৮ ॥
নামৈব কারণং জন্তোর্নামৈব প্রভুরেব চ।
নামৈব পরমারাধ্যো নামৈব পরমো গুরুঃ ॥ ৪৬৯ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—নামই পরমা মুক্তি, নামই পরমা গতি, নামই পরমা শান্তি, নামই পরমা স্থিতি, নামই পরমা ভক্তি, নামই পরমা মতি, নামই পরমা প্রীতি, নামই পরমা স্মৃতি, নামই জীবের কারণ, নামই প্রভু, নামই পরমারাধ্য বিষয় ও নামই পরম গুরু ॥ ৪৬৭-৪৬৯ ॥

টীকা—ফলং স্বর্গাদি, গতিরাশ্রয়ঃ, স্থিতির্নিষ্ঠা, পরমারাধ্যো জনো নামৈব ॥ ৪৬৫-৪৬৯ ॥

কিঞ্চ—

নামযুক্তান্ জনান্ দৃষ্ট্বা স্নিগ্ধো ভবতি যো নরঃ।
স যাতি পরমং স্থানং বিষ্ণুনা সহ মোদতে ॥৪৭০॥
তস্মান্নামানি কৌন্তেয় ভজস্ব দৃঢ়মানসঃ।
নামযুক্তঃ প্রিয়োহস্মাকং নামযুক্তো ভবার্জ্জুন ॥৪৭১

অনুবাদ—আরও যথা—যিনি নামপরায়ণ ব্যক্তিকে দেখিয়া আনন্দিত হন, তিনি পরমপদ লাভ করিয়া বিষ্ণুর সহিত আনন্দানুভব করেন। হে পার্থ! এই জন্য বলিতেছি—তুমি দৃঢ় মানসে নাম ভজন

করিতে থাক, কারণ নাম পরায়ণ ব্যক্তি আমার প্রিয়; হে অর্জ্জুন! তুমি নাম পরায়ণ হও ॥ ৪৭০-৪৭১ ॥

টীকা—বিষ্ণুনা ময়ৈব ॥ ৪৭০ ॥

অথ শ্রীভগবন্নাম-জপস্য স্মরণস্য চ।
শ্রবণস্যাপি মাহাত্ম্যমীষদ্ভেদাদ্বিলিখ্যতে ॥ ৪৭২ ॥

অনুবাদ—অতঃপর শ্রীভগবানের নাম জপ, শ্রীনাম স্মরণ ও শ্রবণাদির মাহাত্ম্য সম্বন্ধে যে কিছু সামান্য তারতম্য আছে তাহা লিখিত হইতেছে ॥৪৭২

টীকা—এবং নাম্নাং কীর্ত্তনমাহাত্ম্যং লিখিত্বা জপাদিমাহাত্ম্যলিখনমপি প্রতিজানীতে—অথেতি। ঈষদ্ভেদাৎ, কীর্ত্তনেন সহ জপাদেরল্পভেদাৎ হেতো-বিশেষেণ লিখ্যতে। তত্রাগ্রে লেখ্যস্য বাচিকোপাংশু-মানসিকভেদেন ত্রিবিধস্য জপস্য মধ্যে ঈষদোষ্ঠচাল-নেন শনৈরুচ্চারণরূপোপাংশুজপোহত্র গ্রাহ্যঃ, বাচি-কস্য কীর্ত্তনান্তর্গতত্বাৎ, মানসিকস্য চ স্মরণাত্ম-কত্বাৎ। কৃচিচ্চ নাম্নঃ স্মরণং শনৈরীষদুচ্চারণং জ্ঞেয়ম্। তচ্চাগ্রে জন্মাষ্টমী-ব্রতবিধ্যন্তরকথনে 'হরিং স্মরন্' ইত্যাদিনা ব্যক্তং ভাবি ॥ ৪৭২ ॥

অথ শ্রীমন্নামজপমাহাত্ম্যম্—

বিষ্ণুরহস্যে শ্রীভগবদুক্তৌ—
সত্যং ব্রবীমি মনুজাঃ স্বয়মূর্দ্ধ্বাহু-
র্যো মাং মুকুন্দ নরসিংহ জনার্দ্দনেতি।
জীবন্ জপত্যনুদিনং মরণে ঋণীব
পাষাণ-কাষ্ঠ-সদৃশায় দদাম্যভীষ্টম্ ॥ ৪৭৩ ॥

অনুবাদ—অতঃপর শ্রীমন্নামজপ-মাহাত্ম্য সম্বন্ধে বিষ্ণুরহস্যে শ্রীভগবানের বাক্যে—যে ব্যক্তি জীবিত-কালে প্রতিদিন এবং মরণ সময়ে হে মুকুন্দ! হে নরসিংহ! হে জনার্দ্দন! এই বলিয়া আমার নাম জপ করে, বলিতে কি, ঐ জপকারী যদি কাষ্ঠ বা পাষাণ তুল্য নীরস হয়, তাহা হইলেও আমি তাহাকে ঋণীর ন্যায় অভীষ্ট দিয়া থাকি। হে নরগণ! আমি স্বয়ং উর্দ্ধ্বাহু হইয়া ইহা বলিতেছি ॥ ৪৭৩॥

টীকা—ঋণীবেতি—'হা হন্ত, অমুকস্য ঋণং ধারয়ামি, ন হি শোধিতবানস্মি' ইতি যথা নিত্যমৃণ-দাতুর্নাম জীবনসময়ে মরণে চ জপতি, তথা জীবন্ সন্, মরণে ম্রিয়মাণশ্চ সন্ যো জপতি তস্মৈ পাষাণ-কাষ্ঠসদৃশায় পরমনীরসহৃদয়ায়াপি জ্ঞানাদিরাহিত্যে-নাচেতনতুল্যায়াপি বা অভীষ্টং তস্য মম বা পরম-প্রিয়ং বস্তু দদামি, যদ্বা, মরণে দেহান্তে সতি দদামি; ঋণী তস্য বশ্যতাং প্রাপ্তঃ সন্। ইবেতি লোকোক্ত-রীত্যা। যদ্বা, সকৃন্নামৈককীর্ত্তনেনাপি পাষাণাদি-সদৃশায়াভীষ্টং দদামি, যোঽহং সোঽহং নিত্যং জীবনে মরণে চ বহুবিধনামজপেন ঋণীব ভবামি। অন্যৎ সমানম্ ॥ ৪৭৩ ॥

কাশীখণ্ডে অগ্নিবিন্দুস্তুতৌ—
নারায়ণেতি নরকার্ণবতারণেতি
দামোদরেতি মধুহেতি চতুর্ভুজেতি।
বিশ্বম্ভরেতি বিরজেতি জনার্দ্দনেতি
ক্বাস্তীহ জন্ম জপতাং ক্ব কৃতান্তভীতিঃ ? ৪৭৪ ॥

অনুবাদ—কাশীখণ্ডে অগ্নিবিন্দুস্তুতিতে—হে নারায়ণ! হে নরকার্ণবতারণ! হে দামোদর, হে মধুদৈত্য ঘাতিন্! হে চতুর্ভুজ! হে বিশ্বম্ভর, হে বিরজ! হে জনার্দ্দন! এই সকল নাম ধরিয়া যাঁহারা আমার জপ করে, তাঁহাদের জন্ম কিংবা যম ভয় কিরূপে হইতে পারে? অর্থাৎ তাঁহাদের যম ভয় থাকে না পুনর্জন্মও হয় না ॥ ৪৭৪ ॥

টীকা—নারায়ণেত্যাদি-জপতাং জনানাং জন্ম ক্বাস্তি? অপি তু ন কুত্রাপি, মুক্তো ভবতীত্যর্থঃ। অতএব কৃতান্তাৎ যমাৎ কালাৎ বা ভীতিঃ ক্ব? অপি তু ন কুত্রাপ্যস্তীত্যর্থঃ। অত্র বিগতং রজো যস্মা-দিতি তৎসম্বোধনং—হে বিরজঃ, সন্ধিরার্ষঃ, রজ-শব্দো বা অদন্তঃ ॥ ৪৭৪ ॥

পাদ্মে বৈশাখ-মাহাত্ম্যে যমব্রাহ্মণ-সংবাদে—
বাসুদেব-জপাসক্তানপি পাপকৃতো জনান্।
নোপসর্পন্তি বৈ বিঘ্না যমদূতাশ্চ দারুণাঃ ॥ ৪৭৫ ॥

অনুবাদ—পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে যম ব্রাহ্মণ-সংবাদে—শ্রীহরিনাম জপে আসক্ত হইলে পাপিষ্ঠ ব্যক্তিগণও কামাদি বিঘ্ন কিংবা ত্রিতাপ জ্বালা কিংবা

ভয়ঙ্কর যমদূতগণ হইতে পরিত্রাণ পাইয়া থাকে ॥ ৪৭৫ ॥

টীকা—বিঘ্নাঃ কামাদয়ঃ, ত্রিতাপা বা ॥ ৪৭৫ ॥

বৃহদ্বিষ্ণুপুরাণে—

ক্ব নাকপৃষ্ঠগমনং পুনরাবৃত্তি-লক্ষণম্ ।
ক্ব জপো বাসুদেবেতি মুক্তিবীজমনুত্তমম্ ? ৪৭৬ ॥

অনুবাদ—বৃহদ্বিষ্ণুপুরাণে বলা হইয়াছে—যে স্বর্গ হইতে পুনরায় আসিতে হয় সেই স্বর্গই বা কোথায় এবং অত্যুত্তম মুক্তির কারণ শ্রীবাসুদেবের জপই বা কোথায় ? অর্থাৎ এই দুই এর মধ্যে অনেক পার্থক্য ॥ ৪৭৬ ॥

টীকা—ক্ব-দ্বয়স্য বিরোধোক্তিতয়া ভগবন্নামজপস্য স্বর্গপ্রাপ্তিরতিতুচ্ছত্বাৎ ফলং ন স্যাদিত্যভিপ্রেতম্ । তর্হি কিন্তস্য ফলং, তদাহ—মুক্তেবীজং কারণম্ অনুত্তমং পরমোৎকৃষ্টমিতি যোগাভ্যাসাদেরপি তস্মান্নিকৃষ্টত্বং সূচিতম্ ॥ ৪৭৬ ॥

শ্রীমন্নামস্মরণ-মাহাত্ম্যম্

ইতিহাসোত্তমে—

স্বপ্নেঽপি নামস্মৃতিরাদিপুংসঃ
ক্ষয়ং করোত্যাহিত-পাপরাশেঃ ।
প্রযত্নতঃ কিং পুনরাদিপুংসঃ
প্রকীর্ত্তিতে নাম্নি জনার্দ্দনস্য ॥ ৪৭৭ ॥

অনুবাদ—শ্রীমন্নামস্মরণ-মহিমা ইতিহাসোত্তমে—আদিপুরুষ শ্রীভগবানের নাম স্বপ্নেও স্মরণ হইলে, যখন সঞ্চিত পাপসমূহ বিনষ্ট হয়, তখন যত্ন সহকারে জনার্দ্দনের নামসংকীর্ত্তন করিলে যে পাপরাশি ধ্বংস হইবে এ কথা কি বলার অপেক্ষা রাখে? ৪৭৭

টীকা—আহিতস্য সঞ্চিতস্য পাপরাশেঃ ক্ষয়ং করোতি, প্রযত্নতো নাম্নি সঙ্কীর্ত্তিতে সতি পাপরাশেং ক্ষয়ঃ স্যাদিতি, কিং পুনর্বক্তব্যার্থঃ ॥ ৪৭৭ ॥

লঘুভাগবতে—

তে সভাগ্যা মনুষ্যেষু কৃতার্থা নৃপ নিশ্চিতম্ ।
স্মরন্তি যে স্মারয়ন্তি হরের্নাম কলৌ যুগে ॥ ৪৭৮ ॥

অনুবাদ—লঘুভাগবতে বলা হইয়াছে—কলিযুগে যাঁহারা শ্রীহরির নাম স্মরণ করেন ও অন্যকে করান, হে নৃপবর ! তাঁহারা নিশ্চয়ই কৃতকৃতার্থ ও ভাগ্যবান বলিয়া বিবেচিত ॥ ৪৭৮ ॥

পাদ্মে দেবহূতিস্তুতৌ—

প্রয়াণে চাপ্রয়াণে চ যন্নাম-স্মরণাম্নৃণাম্ ।
সদ্যো নশ্যতি পাপৌঘো নমস্তস্মৈ চিদাত্মনে ॥৪৭৯॥

অনুবাদ—পদ্মপুরাণে দেবহূতিস্তুতি প্রসঙ্গে বলা হইয়াছে—মনুষ্যগণের পাপরাশি যাঁহার নাম জীবিতকালে বা মরণকালে স্মৃত হইলে সদ্য বিনষ্ট হয়, সেই চিৎস্বরূপ শ্রীহরিকে নমস্কার করি ॥ ৪৭৯ ॥

টীকা—প্রয়াণে মরণে, অপ্রয়াণে জীবনে চ ॥৪৭৯

তত্রৈবোত্তরখণ্ডে—

মন্নাম-স্মরণাদেব পাপিনামপি সত্বরম্ ।
মুক্তির্ভবতি জন্তূনাং ব্রহ্মাদীনাং সুদুর্ল্লভা ॥ ৪৮০ ॥

অনুবাদ—ঐ গ্রন্থেরই উত্তরখণ্ডে উক্ত হইয়াছে—ভয়ানক পাতকীগণও আমার নাম (শ্রীহরিনাম) স্মরণ করিলে ব্রহ্মাদি দেবতারও দুর্ল্লভগতি লাভ করিয়া থাকে ॥ ৪৮০ ॥

ব্রহ্মবৈবর্ত্তে—

যদনুধ্যানদাবাগ্নিদগ্ধকর্ম্মতৃণঃ পুমান্ ।
বিশুদ্ধঃ পশ্যতি ব্যক্তমব্যক্তমপি কেশবম্ ॥ ৪৮১ ॥
তদস্য নাম জীবস্য পতিতস্য ভবাম্বুধৌ ।
হস্তাবলম্ব-দানায় প্রবীণো নাপরো হরেঃ ॥ ৪৮২ ॥

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণে বলা হইয়াছে—যে নাম-চিন্তারূপ দাবানল-সংযোগে জীবের কর্ম্মরূপ তৃণসমূহ দগ্ধ হইয়া অব্যক্ত শ্রীকেশবের ব্যক্ত মূর্ত্তির দর্শন হয়, এই প্রকার সেই ভগবানের নামই ভবসমুদ্রে নিমজ্জিত জীবের উদ্ধারের কারণ। সত্য কথা এই যে শ্রীহরিনাম ব্যতীত ভব বন্ধন হইতে মুক্ত হওয়ার শ্রেষ্ঠ উপায় আর নাই ॥ ৪৮১-৪৮২ ॥

টীকা—যস্য নাম্নোঽনুধ্যানং চিন্তনমেব দাবাগ্নি-

ত্বেন কৃত্বা দগ্ধানি কর্ম্মাণ্যেব তৃণানি শীঘ্রসমূলসুখ-দহ্যত্বাৎ যেন সঃ। তন্নাম অস্য সাক্ষান্নিরন্তর-দুঃখ-মনুভবতো ভবাম্বুধৌ পতিতস্য জীবস্য হস্তাবলম্বন-দানায় সমুদ্ধরণায় ভবতীতি দ্বাভ্যামন্বয়ঃ। ব্যক্তা-ব্যক্তত্বঞ্চ একস্যৈব সগুণ-নির্গুণত্বাদিনা, তচ্চ শ্রীভাগ-বতামৃতোত্তরখণ্ডে বিবৃতমেবাস্তি। অতঃ হরেরন্যঃ প্রবীণঃ শ্রেষ্ঠো নাস্তি, স এব সর্ব্বশ্রেষ্ঠ ইত্যর্থঃ ॥৫৮১

জাবালিসংহিতায়াম্—

হরের্নাম পরং জপ্যং ধ্যেয়ং গেয়ং নিরন্তরম্।
কীর্ত্তনীয়ঞ্চ বহুধা নির্বৃতীর্বহুধেচ্ছতা॥ ৪৮৩॥

অনুবাদ—জাবালসংহিতায়—যাঁহারা সর্ব্বদা বিভিন্ন প্রকার সুখ খুঁজিয়া বেড়ান, তাঁহাদের নিরন্তর শ্রীহরির নাম জপ, ধ্যান ও কীর্ত্তন করা উচিত॥৪৮৩

অথ শ্রীভগবন্নাম-মাহাত্ম্যম্

বৃহন্নারদীয়ে শ্রীনারদোক্তৌ—

যন্নাম শ্রবণেনাপি মহাপাতকিনোঽপি যে।
পাবনত্বং প্রপদ্যন্তে কথং স্তোষ্যামি খিন্নধীঃ? ৪৮৪॥

অনুবাদ—অনন্তর শ্রীভগবন্নামমাহাত্ম্য বৃহন্নার-দীয়পুরাণে শ্রীনারদবাক্যে—যাঁহার নাম শ্রবণ মাত্রেই মহাপাতকীগণও পবিত্রতা লাভ করে, অল্পমতি আমি কিভাবে তাঁহার স্তব করিব? ৪৮৪॥

ইতিহাসোত্তমে—

শ্রুতং সঙ্কীর্ত্তিতং বাপি হরেরাশ্চর্য্যকর্ম্মণঃ।
দহত্যোনাংসি সর্ব্বাণি প্রসঙ্গাৎ কিমু ভক্তিতঃ? ৪৮৫

অনুবাদ—ইতিহাসোত্তমে—যখন পাপসমূহ আশ্চর্য্যকর্ম্মা শ্রীহরির নাম প্রসঙ্গক্রমে শ্রবণ বা সং-কীর্ত্তন করিলেই দগ্ধ হইয়া থাকে তখন ভক্তি পূর্ব্বক তাঁহার নাম শ্রবণ কিংবা কীর্ত্তন করিলে যে ফল হয় তাহা আর কি বলিব? ৪৮৫॥

টীকা—শ্রুতং সঙ্কীর্ত্তিতমিতি ভাবে নিষ্ঠা। হরের্নামাত্মকস্য, নামেতি শেষো বা॥ ৪৮৫॥

ষষ্ঠস্কন্ধে (১৬।৪৪) চিত্রকেতুক্তৌ—

ন হি ভগবন্নঘটিতমিদং ত্বদ্দর্শনান্নৃণামখিলাঘক্ষয়ঃ।
যন্নামসকৃচ্ছ্রবণাৎ পুক্কশোঽপি বিমুচ্যতে সাক্ষাৎ
॥ ইতি॥ ৪৮৬॥

অনুবাদ—ষষ্ঠস্কন্ধে চিত্রকেতুর কথায়—হে ভগ-বন্ একবার মাত্র আপনার নাম শ্রবণ করিয়া পুক্কশ-জনও যখন মুক্তি লাভ করে, তখন আপনার দর্শন লাভ করিয়া মানবগণের যে পাপরাশি দগ্ধ হইবে না, একথা কি প্রকারে সম্ভব হয়? ৪৮৬॥

টীকা—সাক্ষাৎ স্বয়মেব বিমুক্তো ভবতি, ইত্যনন্য-সাধনতোক্তা। যদ্বা, সাক্ষাদিতি বর্ত্তমানতচ্ছরীর এবেত্যর্থঃ। এতচ্চ প্রারব্ধবিনাশিত্বে পূর্ব্বং লিখি-তার্থমেব॥ ৪৮৬॥

শ্রীমন্নাম্নাঞ্চ সর্ব্বেষাং মাহাত্ম্যেষু সমেষ্বপি।
কৃষ্ণস্যৈবাবতারেষু বিশেষঃ কোঽপি কস্যচিৎ॥৪৮৭

অনুবাদ—শ্রীমান্ ভগবন্নামসমূহের মাহাত্ম্য সমান হইলেও ভগবানের অবতারসমূহের মধ্যে কৃষ্ণের কোনরূপ বিশেষ মাহাত্ম্য আছে॥ ৪৮৭॥

টীকা—এবং সামান্যতো নাম্নাং সর্ব্বেষামপি মাহাত্ম্যং লিখিত্বা ইদানীং বিশেষতো লিখন্ তত্র মাহাত্ম্যস্য সাম্যেঽপি কিঞ্চিদ্বিশেষং দৃষ্টান্তেন সাধ-য়তি—শ্রীমদিতি; শ্রীমতো ভগবতঃ, শ্রীমতাং বা অশেষশোভাসম্পত্ত্যতিশয়যুক্তানাং নাম্নাং কস্য-চিন্নাম্নঃ কোঽপি মাহাত্ম্যবিশেষোঽস্তি। ননু চিন্তা-মণেরিব ভগবন্নাম্নাং মহিমা সর্ব্বোঽপি সম এব উচিত ইত্যাশঙ্ক্য দৃষ্টান্তেন সাম্যেঽপি কঞ্চিদ্বিশেষং দর্শয়তি—কৃষ্ণস্যৈবেতি। যথা শ্রীনৃসিংহরঘুনাথা-দীনাং মহাবতারাণাং সর্ব্বেষাং ভগবত্তয়া সাম্যেঽপি 'কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্' (শ্রীভাঃ ১।৩।২৮) ইত্যুক্ত্যা কৃষ্ণস্যাবতারত্বেঽপি সাক্ষাদ্ভগবত্ত্বেন কশ্চিদ্বিশেষো দর্শিতস্তদ্বদিত্যর্থঃ। এতচ্চ শ্রীধরস্বামিপাদৈর্ব্যাখ্যা-তম্; শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে বিশেষতো নিরূপিত-মস্ত্যেব। পূর্ব্বং বহুবিধকামোপহতচিত্তান্ প্রতি তত্তৎকামসিদ্ধ্যর্থং তত্তন্নাম-বিশেষমাহাত্ম্যং লিখিতম্, অত্র চ সর্ব্বফলসিদ্ধয়ে নামবিশেষমাহাত্ম্যমিতি ভেদো দ্রষ্টব্যঃ॥ ৪৮৭॥

অথ বিশেষতঃ শ্রীকৃষ্ণাবতার-মাহাত্ম্যম্

ব্রহ্মাণ্ডপুরাণে শ্রীকৃষ্ণাষ্টোত্তরশতনাম-মাহাত্ম্যে—

সহস্রনাম্নাং পুণ্যানাং ত্রিরাবৃত্ত্যা তু যৎ ফলম্ ।
একাবৃত্ত্যা তু কৃষ্ণস্য নামৈকং তৎ প্রযচ্ছতি ॥ ৪৮৮

অনুবাদ—অতঃপর বিশেষরূপে শ্রীকৃষ্ণাবতার মাহাত্ম্য—ব্রহ্মাণ্ডপুরাণে শ্রীকৃষ্ণের অষ্টোত্তরশতনামের মাহাত্ম্য—পবিত্র সহস্র নাম তিনবার পাঠ করিলে যে ফল হয়, শ্রীকৃষ্ণের অবতারসম্বন্ধি একটি নাম একবার মাত্র পাঠেই সেই ফল লাভ হয় ॥৪৮৮॥

টীকা—কৃষ্ণস্য কৃষ্ণাবতারসম্বন্ধি নামৈকমপি তৎফলম্ ॥ ৪৮৮ ॥

ইদং কিরীটী সংজপ্য জয়ী পাশুপতাস্ত্রভাক্ ।
কৃষ্ণস্য প্রাণভূতঃ সন্ কৃষ্ণং সারথিমাপ্তবান্ ॥৪৮৯
কিমিদং বহুনা শংসন্ মানুষানন্দনির্ভরঃ ।
ব্রহ্মানন্দমবাপ্যান্তে কৃষ্ণসাযুজ্যমাপ্নুয়াৎ ॥ ৪৯০ ॥

অনুবাদ—এই শ্রীকৃষ্ণাবতারসম্বন্ধি নাম জপ করিয়া তৃতীয় পাণ্ডব অর্জ্জুন পাশুপত অস্ত্রলাভ করিয়াছিলেন এবং শ্রীকৃষ্ণের প্রাণসখা হইয়া যুদ্ধক্ষেত্রে সারথিরূপে তাঁহাকে লাভ করিয়াছিলেন। অধিক কি শ্রীকৃষ্ণাবতার নাম বলিতে বলিতে মানুষ আনন্দে বিভোর হইয়া ব্রহ্মানন্দ লাভ করিয়া পরিশেষে কৃষ্ণ সাযুজ্য লাভ করে ॥ ৪৮৯-৪৯০ ॥

টীকা—ইদং শ্রীকৃষ্ণাবতারসম্বন্ধি নাম; বহুনা কিম ইদং শ্রীকৃষ্ণাবতারনাম। শ্রীকৃষ্ণেন সাযুজ্যং নিত্যসংযোগম্ ॥ ৪৯০ ॥

বারাহে চ শ্রীমথুরামাহাত্ম্যে—

তত্র গুহ্যানি নামানি ভবিষ্যন্তি মম প্রিয়ে ।
পুণ্যানি চ পবিত্রাণি সংসারচ্ছেদনানি চ ॥ ৪৯১ ॥

অনুবাদ—বরাহপুরাণে শ্রীমথুরামাহাত্ম্যে-- হে প্রিয়ে! সেই শ্রীকৃষ্ণলীলায় আমার গোপনীয় নামসমূহ মঙ্গলাবহ পরমশোধক ও সংসারচ্ছেদক হইবে ॥ ৪৯১ ॥

টীকা—গুহ্যানীতি মাহাত্ম্যবিশেষো দর্শিতঃ, আনুষঙ্গিকফলঞ্চাহ—পুণ্যানি মঙ্গলাবহানি, পবিত্রাণি পরমশোধকানি, সংসারচ্ছেদকানি মুক্তিদানীতি। যদ্বা, গুহ্যত্বমেবাহ। পুণ্যস্বরূপাণি পবিত্ররূপাণি চ, তথা সম্যক্ সারস্য মোক্ষস্য ছেদনানি মুমুক্ষানিবর্ত্তনেনৈব তদেকনিষ্ঠতাপাদকানীত্যর্থঃ ॥ ৪৯১ ॥

তত্রৈব বিশেষতঃ শ্রীকৃষ্ণেতি-নাম-মাহাত্ম্যম্

দ্বারকামাহাত্ম্যে প্রহলাদ-বলি-সংবাদে—

অতীতাঃ পুরুষাঃ সপ্ত ভবিষ্যাশ্চ চতুর্দ্দশ ।
নরস্তারয়তে সর্ব্বান্ কলৌ কৃষ্ণেতি-কীর্ত্তনাৎ ॥৪৯২
কৃষ্ণ কৃষ্ণেতি কৃষ্ণেতি স্বপন্ জাগ্রদ্ ব্রজংস্তথা ।
যো জল্পতি কলৌ নিত্যং কৃষ্ণরূপী ভবেদ্ধি সঃ ॥৪৯৩

অনুবাদ—দ্বারকামাহাত্ম্যে প্রহলাদ-বলি-সংবাদে—কলিকালে শ্রীকৃষ্ণকীর্ত্তনকারী মনুষ্য তাহার অতীত সাত পুরুষ ও ভবিষ্যৎ চৌদ্দপুরুষকে উদ্ধার করিয়া থাকেন। কলিযুগে যে ব্যক্তি স্বপ্নাবস্থায়, জাগ্রৎসময়ে ও গমনকালে নিত্য কৃষ্ণ! কৃষ্ণ! কৃষ্ণ! এই প্রকার উচ্চারণ করেন, তিনি কৃষ্ণরূপী হন ॥ ৪৯২-৪৯৩ ॥

ব্রহ্মবৈবর্ত্তে—

হনন্ ব্রাহ্মণমত্যন্তং কামতো বা সুরাং পিবন্ ।
কৃষ্ণ কৃষ্ণেত্যহোরাত্রং সঙ্কীর্ত্ত্য শুচিতামিয়াৎ ॥৪৯৪

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণে—নিজের হাতে ব্রহ্মহত্যা কিংবা স্বেচ্ছায় সুরাপান করিয়া থাকিলেও অহোরাত্র কৃষ্ণ! কৃষ্ণ! এইরূপ সংকীর্ত্তন করিয়া মানুষ পবিত্র হইয়া থাকে ॥ ৪৯৪ ॥

টীকা—অত্যন্তং সাক্ষাৎ স্বহস্তেন বাহুল্যেনেত্যর্থঃ। তত্র চ হনন্ ঘ্নন্নিতি বর্ত্তমাননির্দ্দেশেন অনিবৃত্তিং বোধয়তি। এবমন্যত্রাপূহ্যম্। অহোরাত্রমেকমেব সংকীর্ত্ত্য ইতি সঙ্কীর্ত্তনস্য বাহুল্যমাত্রমভিপ্রেতম্। যদ্বা, অহোরাত্রং সুরাং পিবন্নপি ইতি সম্বন্ধঃ ॥৪৯৪॥

বিষ্ণুধর্ম্মে—

কৃষ্ণেতি মঙ্গলং নাম যস্য বাচি প্রবর্ত্ততে ।
ভস্মীভবন্তি রাজেন্দ্র মহাপাতককোটয়ঃ ॥ ৪৯৫ ।

অনুবাদ—বিষ্ণুধর্ম্মে কথিত হইয়াছে—পরম মঙ্গলময় শ্রীকৃষ্ণনাম যাহার বদন হইতে নির্গত হন, হে রাজেন্দ্র ! সেই মনুষ্যের কোটি মহাপাতক ভস্মীভূত হয় ॥ ৪৯৫ ॥

টীকা—যস্য বাচি প্রবর্ত্ততে, শ্রদ্ধাদিকমন্তরেণ সাঙ্কেত্যাদিনা কথঞ্চিদপি জিহ্বায়াং স্বয়মেবোদেতীত্যর্থঃ। তস্য সদ্যো ভস্মীভবন্তি। ন কেবল মেতাবদেব, কিন্তু পরমশুভাবহং পরমসুখাত্মকং চেত্যাহ—মঙ্গলমিতি ॥ ৪৯৫ ॥

———

নারসিংহে শ্রীভগবদুক্তৌ—

কৃষ্ণ কৃষ্ণেতি কৃষ্ণেতি যো মাং স্মরতি নিত্যশঃ।
জলং ভিত্ত্বা যথা পদ্মং নরকাদুদ্ধরাম্যহম্ ॥ ৪৯৬ ॥

অনুবাদ—নৃসিংহপুরাণে শ্রীভগবানের বাক্য—কৃষ্ণ ! কৃষ্ণ ! কৃষ্ণ ! এই বলিয়া যে ব্যক্তি নিত্যকাল আমাকে স্মরণ করে, জলজপদ্ম যেমন জল ভেদ করিয়া ওঠে, সেই প্রকার আমি তাহাকে নরক হইতে উদ্ধার করিয়া থাকি ॥ ৪৯৬ ॥

———

গারুড়ে পাদ্মে চ—

সংসার-সর্পসন্দষ্টং নষ্টচেষ্টৈকভেষজম্।
কৃষ্ণেতি বৈষ্ণবং মন্ত্রং শ্রুত্বা মুক্তো ভবেন্নরঃ ॥৪৯৭

অনুবাদ—গরুড়পুরাণে ও পদ্মপুরাণে বলা হইয়াছে—সংসাররূপ সর্পদংশনে যে ব্যক্তি চেষ্টাহীন হইয়া পড়িয়াছে, একমাত্র ঔষধ-স্বরূপ 'কৃষ্ণ' এই বৈষ্ণবমন্ত্র শ্রবণ করিয়া সেই ব্যক্তি বিষজ্বালা হইতে মুক্তি পাইয়া থাকে ॥ ৪৯৭ ॥

টীকা—কৃষ্ণেতি নামৈকং বা সকৃৎ প্রত্যহং স্মরতি, জলমেকার্ণবোদকং ভিত্ত্বা পদ্মংভূপদ্মং পৃথিবীমণ্ডলং যথা উদ্ধরামি ; যদ্বা, জলং ভিত্ত্বা যথা পদ্মমুত্তবতি তথা নরকনিমগ্নমপ্যুদ্ধরামি। তত্র যথা পদ্মস্য জলসম্পর্কো ন স্যাদেদেবং তস্য পুনর্নরকসম্বন্ধো নৈবেতি মোক্ষোঽভিপ্রেতঃ, প্রারব্ধকর্ম্মনাশশ্চ দর্শিতঃ। সংসার এব সর্পস্তেন সম্যক্ দষ্টস্য, অতএব নষ্টচেষ্টস্য একমদ্বিতীয়ং ভেষজং তন্নিবর্ত্তকমিত্যর্থঃ। বৈষ্ণবমিতি গারুড়াদিমন্ত্রতো বিশিষ্টতোক্তা ॥ ৪৯৬ ৪৯৭ ॥

———

প্রভাসপুরাণে নারদকুশধ্বজসংবাদে শ্রীভগবদুক্তৌ—

নাম্নাং মুখ্যতরং নাম কৃষ্ণাখ্যং মে পরন্তপ।
প্রায়শ্চিত্তমশেষাণাং পাপানাং মোচকং পরম্ ॥ ৪৯৮

অনুবাদ—প্রভাসপুরাণে নারদ-কুশধ্বজ-সংবাদে শ্রীভগবানের বাক্য—হে পরন্তপ ! আমার নামসমূহের মধ্যে শ্রীকৃষ্ণনামই শ্রেষ্ঠতর, এই নাম অশেষ পাপের প্রায়শ্চিত্ত স্বরূপ ও পরম মুক্তি দায়ক ॥ ৪৯৮ ॥

টীকা—পরং মোচকং পরমমুক্তিকরমিত্যর্থঃ ॥৪৯৮

———

পাদ্মে—

যত্র যত্র স্থিতো বাপি কৃষ্ণকৃষ্ণেতি কীর্ত্তয়েৎ।
সর্ব্বপাপবিশুদ্ধাত্মা স গচ্ছেৎ পরমাং গতিম্ ॥৪৯৯॥

অনুবাদ—পদ্মপুরাণে বলা হইয়াছে—যে কোনও স্থানে থাকিয়া কৃষ্ণ ! কৃষ্ণ ! এইরূপ বলিয়া কীর্ত্তন করিলে মানব সর্ব্বপাপ হইতে মুক্ত ও বিশুদ্ধ হইয়া পরমাগতি লাভ করে ॥ ৪৯৯ ॥

টীকা—পরমাং গতিং বৈকুণ্ঠলোকমিত্যর্থঃ ॥৪৯৯

———

বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীকৃষ্ণসহস্রনামস্তোত্রে—

বল্লবীকান্ত কিন্তৈস্তৈরুপায়ৈঃ কৃষ্ণনাম তে।
কিন্তু জিহ্বাগ্রগং জাগ্রন্নিরুদ্ধে হি মহাভয়ম্ ॥৫০০॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীকৃষ্ণসহস্রনামস্তোত্রে—হে বল্লভীকান্ত ! কর্ম্মজ্ঞানাদি সাধনায় আমার কি প্রয়োজন ? আপনার কৃষ্ণনাম আমার রসনায় বিরাজমান থাকিলে আর সংসার ভয়ের ভাবনা কোথায় ? ৫০০ ॥

টীকা—তৈস্তৈঃ কর্ম্মজ্ঞানাদিভিঃ শ্রবণাদিভক্তিপ্রকারৈশ্চ কিম্ ? জাগ্রৎ সদা প্রকাশমানং জিহ্বাগ্রগমপি সৎ মহাভয়ং সংসারং নিরুদ্ধে ব্যাবর্ত্তয়তি ; যদ্বা, মহৎ অভয়ং মোক্ষন্তমপি নিরুদ্ধে, ততোঽপি পরমানন্দরসবিশেষময়ত্বাৎ ॥ ৫০০ ॥

———

তত্রৈবান্যত্র—

সত্যং ব্রবীমি তে শম্ভো গোপনীয়মিদং মম।
মৃত্যুসঞ্জীবনীং নাম কৃষ্ণাখ্যামবধারয় ॥ ৫০১ ॥

অনুবাদ—ঐ বিষ্ণুধর্ম্মোত্তরেই অন্যত্র বলা হইয়াছে—হে মহাদেব! আমি তোমাকে সত্য করিয়া বলিতেছি, অতি গোপনীয় আমার এই কৃষ্ণনাম। এই নামকে মৃতসঞ্জিবনী বলিয়া মনে করিবে ॥ ৫০১ ॥

টীকা—মৃত্যুসঞ্জীবনীং মৃত্যুতোঽপি সম্যক্ জীবয়তি যা বিদ্যা ওষধির্বা তাম্। মৃতসঞ্জীবনীতি পাঠো বা ॥ ৫০১॥

ভারতবিভাগে—

কৃষ্ণঃ কৃষ্ণঃ কৃষ্ণ ইত্যন্তকালে
জল্পন্ জন্তুর্জীবিতং যো জহাতি।
আদ্যঃ শব্দঃ কল্পতে তস্য মুক্ত্যৈ
ব্রীড়ানম্রৌ তিষ্ঠতোঽন্যাবৃণস্থৌ ॥ ৫০২ ॥

অনুবাদ—ভারতবিভাগে বলা হইয়াছে—মরণকালে যে ব্যক্তি কৃষ্ণ, কৃষ্ণ, কৃষ্ণ বলিয়া জপ করিতে করিতে প্রাণত্যাগ করে, তাহার মুক্তির জন্য প্রথম উচ্চারিত কৃষ্ণ নামই কার্য্যকর তবে অন্য অবশিষ্ট নামদ্বয় কোনও কার্য্য করিতে না পারিয়া লজ্জায় ঋণগ্রস্তের ন্যায় অবনতবদনে অবস্থিতি করেন॥৫০২

টীকা—অন্তকালে মরণসময়েঽপি, আদ্যঃ প্রাগুক্তঃ; শব্দঃ কৃষ্ণনাম, অন্যৌ দ্বৌ শব্দৌ ঋণস্থৌ ঋণিনৌ সন্তৌ তিষ্ঠতঃ; তদ্বশ্যতয়া কৃষ্ণ কৃষ্ণেতি সদা তন্মুখাদিষু প্রাদুর্ভবতীতি ভাবঃ। নাম-নামিনোরভেদেন নাম্ন ঋণস্থত্বাৎ নামিনোঽপি ঋণস্থতয়া ভগবদ্বশীকারিত্বং জ্ঞেয়ম্ ॥ ৫০২ ॥

অন্যত্রাপি—

নাম চিন্তামণিঃ কৃষ্ণশ্চৈতন্যরসবিগ্রহঃ।
পূর্ণঃ শুদ্ধো নিত্যমুক্তোঽভিন্নত্বান্নামনামিনোঃ ॥৫০৩

অনুবাদ—অন্যত্রও বলা হইয়াছে—কৃষ্ণনাম চিন্তামণি স্বরূপ, স্বয়ং কৃষ্ণ, চৈতন্যরসমূর্ত্তি, পূর্ণ, মায়াতীত, নিত্যমুক্ত, যেহেতু নাম ও নামী অভেদতত্ত্ব ॥ ৫০৩ ॥

টীকা—কৃষ্ণেতি নাম চিন্তামণিরিব চিন্তামণিঃ, সেবকস্য চিন্তিতার্থপ্রদত্বাৎ; কৃষ্ণনাম্নঃ স্বরূপমাহ—চৈতন্যেত্যাদিবিশেষণচতুষ্কেণ। যদ্যপি নামবিশেষণত্বেন চৈতন্যরসবিগ্রহাদিপদানাং নপুংসকত্বমুপযুজ্যতে, তথাপি নামনামিনোরভেদবিবক্ষয়া কৃষ্ণ ইত্যস্য বিশেষণত্বেন পুংস্ত্বং, যথা—'নারায়ণো নাম নরো নরাণাং, প্রসিদ্ধচৌরঃ কথিতঃ পৃথিব্যাম্' ইত্যাদি ॥৫০৩

অতএবোক্তম্—

তেভ্যো নমোঽস্তু ভববারিধিজীর্ণপঙ্ক-
সংমগ্নমোক্ষণবিচক্ষণ-পাদুকেভ্যঃ।
কৃষ্ণেতি বর্ণযুগলশ্রবণেন যেষা-
মানন্দথুর্ভবতি নর্ত্তিত রোম বৃন্দঃ ॥ ৫০৪ ॥

অনুবাদ—অতএব উক্ত হইয়াছে—ভবসমুদ্রের জীর্ণপঙ্ক নিমগ্ন জীবগণের উদ্ধারকার্য্যে যাঁহাদের পাদুকা সুদক্ষ, 'কৃষ্ণ' এই দুই বর্ণ শ্রবণে যাঁহাদের আনন্দাশ্রু অনবরত নিপতিত ও যাঁহাদের হর্ষরোমাঞ্চ হয়, সেই ভক্তগণকে নমস্কার ॥ ৫০৪ ॥

টীকা—এবং কৃষ্ণনাম-মাহাত্ম্যবিশেষং লিখিত্বা অধুনা তচ্ছ্রবণানন্দিতান্ প্রণমন্ তমেব পরিপোষয়ন্ লিখতি—তেভ্য ইতি। ভববারিধের্জীর্ণে পুরাতনে পঙ্কে সংমগ্নস্য মোক্ষণে বিচক্ষণা অভিজ্ঞা পাদুকাপি যেষাং তেভ্যঃ ॥ ৫০৪ ॥

কিঞ্চ দ্বিতীয়স্কন্ধে (৩।২৪)—

তদশ্মসারং হৃদয়ং বতেদং
যদ্গৃহ্যমাণৈর্হরিনামধেয়ৈঃ।
ন বিক্রিয়েতাথ যদা বিকারো
নেত্রে জলং গাত্ররুহেষু হর্ষঃ ॥ ৫০৫ ॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবত দ্বিতীয়স্কন্ধে আরও বলা হইয়াছে—যাহার হৃদয় শ্রীহরিনাম গ্রহণ করিয়াও বিকার প্রাপ্ত হয় না অর্থাৎ আনন্দহেতু দ্রবীভূত হয় না, নেত্র প্রেমাশ্রুপূর্ণ হয় না এবং রোমাঞ্চ হয় না, হায়! তাহার হৃদয় পাথরের মত কঠিন জানিতে হইবে ॥ ৫০৫ ॥

টীকা—ইত্থং পরমমাহাত্ম্যবিশেষবতো ভগবন্নাম্নঃ শ্রবণাদিনাপ্যানন্দরহিতান্ প্রসঙ্গান্নিন্দতি—তদশ্মেতি দ্বাভ্যাম্। অশ্মবৎ সারঃ স্থিরাংশঃ কাঠিন্যং যস্য তৎ। বিক্রিয়ালক্ষণম্—অথেতি। গাত্ররুহেষু লোমসু হর্ষঃ উদগমঃ ॥ ৫০৫ ॥

ইতিহাসোত্তমে চ—

নাম্নি সঙ্কীর্ত্তিতে বিষ্ণোর্যস্য পুংসো ন জায়তে ।
সরোমপুলকং গাত্রং স ভবেৎ কুলিশোপমঃ ॥৫০৬॥

অনুবাদ—ইতিহাসোত্তমে—শ্রীবিষ্ণুর নামকীর্ত্তনে যাহার গাত্র রোমাঞ্চিত না হয় সেই মনুষ্য বজ্রের মত কঠিন ॥ ৫০৬ ॥

অথ শ্রীমন্নামকীর্ত্তন-নিত্যতা

কাত্যায়ন-সংহিতায়াম্—

নামসঙ্কীর্ত্তনাজ্জাতং পুণ্যং নোপচয়ন্তি যে ।
নানাব্যাধিসমাযুক্তাঃ শতজন্মসু তে নরাঃ ॥ ৫০৭ ॥
সা হানিস্তন্মহচ্ছিদ্রং স মোহঃ স চ বিভ্রমঃ ।
যন্মুহূর্ত্তং ক্ষণং বাপি বাসুদেবং ন কীর্ত্তয়েৎ ॥৫০৮

অনুবাদ—অনন্তর শ্রীমন্নাম-কীর্ত্তন-নিত্যতা, কাত্যায়ন সংহিতায়—যাহারা শ্রীনামসংকীর্ত্তন হইতে প্রাপ্তব্য পুণ্য সংগ্রহ করে না, তাহারা শত শত জন্ম ধরিয়া বিভিন্ন ব্যাধিগ্রস্থ হইয়া কষ্ট ভোগ করে। শ্রীহরিকীর্ত্তনে যে সময় ব্যয় করা না হয় তাহাই ক্ষতি, তাহাই মহৎছিদ্র, তাহাই মোহ ও তাহাই বিভ্রম অর্থাৎ মনুষ্য জন্ম পাইয়া শ্রীনামসংকীর্ত্তন করা না হইলে জীবন ব্যর্থতায় পর্য্যবসিত হয় ॥ ৫০৭-৫০৮ ॥

টীকা—তেষু তেষু অসংখ্যেষু জন্মসু নানাবিধ-ব্যাধিযুক্তা ভবন্তি। মুহূর্ত্তং ক্ষণং বাপি বাসুদেবং ন কীর্ত্তয়েদিতি যৎ, সৈব হানিঃ পুরুষার্থক্ষয়ঃ. তদেব মহৎ ছিদ্রম্ কর্ম্মসাঙ্গতায়া অন্তরায়ো বা। স এব মোহোঽজ্ঞানম্, স এব চ বিভ্রমঃ ভ্রান্তিবিশেষঃ, সংসার ভ্রমণং বা ॥ ৫০৮ ॥

পাদ্মে বৈশাখ-মাহাত্ম্যে যমব্রাহ্মণ-সংবাদে—

অবমত্য চ যে যান্তি ভগবৎকীর্ত্তনং নরাঃ ।
তে যান্তি নরকং ঘোরং তেন পাপেন কর্ম্মণা ॥৫০৯

অনুবাদ—পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে যম-ব্রাহ্মণ-সংবাদে—ভগবৎকীর্ত্তনে লক্ষ্য না করিয়া যাহারা অন্যত্র গমন করে, তাহারা পাপকর্ম্মহেতু দারুণ নরকে স্থান লাভ করে ॥ ৫০৯ ॥

টীকা—এবং নামসংকীর্ত্তনস্য নিত্যতাং লিখিত্বা নামকীর্ত্তনশ্রবণানুমোদনাদিনিত্যতামপি লিখতি—অবমত্যেতি। যে ভগবৎকীর্ত্তনমনাদৃত্যান্যতো যান্তি ॥ ৫০৯ ॥

শ্রুতয়শ্চ—

ওঁ আস্য জানন্তো নাম চিদ্বিবিক্তন
মহস্তে বিষ্ণো সুমতিং ভজামহে ॥৫১০॥
ওঁ তৎ সৎ ওঁ পদং দেবস্য নমসা
ব্যন্তঃ শ্রবস্যবশ্রব আপন্নমৃক্তম্ ।
নামানি চিদ্দধিরে যজ্ঞিয়ানি
ভদ্রায়ান্তে রণয়ন্তঃ সংদৃষ্টৌ ॥ ৫১১ ॥
ওঁ তমু স্তোতারঃ পূর্ব্বং যথাবিদ
ঋতস্য গর্ভং জনুষা পিপর্ত্তন ।
আস্য জানন্তো নাম চিদ্বিবিক্তন মহস্তে বিষ্ণো
সুমতিং ভজামহে ॥ ইত্যাদ্যা ইতি ॥ ৫১২ ॥

অনুবাদ—যেহেতু শ্রুতিতে বলা হইয়াছে—হে বিষ্ণো! তোমার এই জ্ঞানস্বরূপ, সর্ব্বপ্রকাশক ও সুজ্ঞেয় নাম আমরা বিচার করিয়া ভজনা করি। হে পরমারাধ্য! আপনার শ্রীচরণকমলে আমরা অসংখ্য প্রণাম, কারণ ঐ শ্রীচরণ-মাহাত্ম্য শুনিলে ভক্ত ব্যক্তি যশঃ ও মোক্ষের অধিকারী হইতে পারেন। যাঁহারা ঐ চরণকমলের পূজ্যতা নির্দ্ধারণের জন্য বিতর্ক করেন এবং পরস্পর কীর্ত্তনে তাহা ঠিক করেন, তাঁহাদের মনোমধ্যে আসক্তি প্রকাশ পাইলে, তাঁহারা তোমার সাক্ষাৎকারের নিমিত্ত চৈতন্যস্বরূপ আপনারই নামাশ্রয় করেন। সেই প্রাচীন, প্রসিদ্ধ, পূর্ণ-পদার্থ শ্রীকৃষ্ণসম্বন্ধে তোমরা যাহা জান, তাহা কীর্ত্তন করিয়া জন্ম সফল কর, আমরা কিন্তু তাহা করিতে পারিতেছি না; যেহেতু তাঁহার স্তব বা কীর্ত্তন কিভাবে করিতে হয় তাহা যখন আমরা জানি না, তখন নাম করাই আমাদের নিত্য কার্য্য ॥ ৫১০-৫১২ ॥

টীকা—চৈতন্যদেবং তং বন্দে যস্য নাম-সমাশ্রয়াৎ। প্রাপ্নুয়াদধিকারিত্বং সর্ব্বত্র নাধিকার্য্যপি ॥ স্মৃত্যুক্তমেবার্থং শ্রুতিভিঃ প্রমাণয়ন্ লিখতি—শ্রুতয়শ্চেতি। আস্য এতদিত্যর্থঃ, হে বিষ্ণু এতন্নাম জানন্তঃ। যদ্বা, আ অস্যেতি পদদ্বয়ম্, অস্য প্রকটা-

নন্তাদ্ভুতমাহাত্ম্যস্য তব নাম আ সম্যক্ জানন্তঃ বিচারয়ন্তঃ নামৈব বিবিক্তন ব্রুবাণা নামৈব ভজামহে। তচ্চ কতমৎ? চিৎ কিঞ্চিৎ, ন তত্র নিয়ম ইত্যর্থঃ। অনেন সর্ব্বস্যৈব নাম্নঃ সাম্যমভিপ্রেতম্। যদ্বা, কীদৃশম্? চিৎ জ্ঞানস্বরূপং মহঃ সর্ব্বপ্রকাশকং, তত এব সর্ব্ববেদাদ্যাবির্ভাবাৎ। তথা চোক্তং শ্রীব্রহ্মণা নামময়াষ্টাদশাক্ষরমন্ত্রপ্রসঙ্গে তাপনীয়শ্রুতৌ (১।২৮) 'তেম্বক্ষরেষু ভবিষ্যজ্জগদ্রূপং প্রকাশয়ন্' ইতি। যদ্বা, মহঃ পরমানন্দম্, এবং ব্রহ্মস্বরূপমিত্যর্থঃ। পুনশ্চ কীদৃশম্? সুমতিং সুষ্ঠু মন্যত ইতি তথা তৎ সুজ্ঞেয়ং, ন চাত্মরূপাদিবদ্দুর্জ্ঞেয়মিত্যর্থঃ। যদ্বা, মতিবিদ্যা শোভনবিদ্যারূপম্, এবং সাধ্যত্বং সাধনত্বং চোক্তম্। অতস্তদেব ভজনীয়ং ভজামহ ইতি ॥ ৫১০ ॥

টীকা—কিঞ্চ, দেবস্য মায়য়া ক্রীড়তোঽপি, যদ্বা, পরমপূজ্যস্য তব পদ্যাতে জ্ঞায়ত ইতি পদং স্বরূপং পদারবিন্দং বা প্রতি নমসা নত্যা ব্যন্তঃ তন্বানাঃ, নমস্কারং বহুধা বহুলং কুর্ব্বাণা ইত্যর্থঃ। রণয়ন্তঃ তন্নির্ব্বচনে বিবাদং কুর্ব্বাণাঃ। যদ্বা, পদমেব নমস্কারদ্বারা ব্যন্তঃ সন্তন্বন্তঃ প্রকটয়ন্ত ইত্যর্থঃ। তদেব রণয়ন্তঃ অন্যোঽন্যং কীর্ত্তয়ন্তশ্চ। সংদৃষ্টৌ সম্যগবধারণে সতি, অন্তে পশ্চাৎ; যদ্বা, তন্নিষ্ঠায়াঞ্চ সত্যাং ভদ্রায় আত্মনঃ শ্রেয়সে; যদ্বা, ভদ্রায়েত্যস্যৈব বিবরণং সংদৃষ্টাবিতি সম্যগ্দর্শনে নিমিত্তে, ত্বাং সাক্ষাদ্ দ্রষ্টুমিত্যর্থঃ। তব নামান্যেব চিৎ চৈতন্যরূপাণি দধিরে ধৃতবন্তঃ নিশ্চয়েনাশ্রিতবন্ত ইত্যর্থঃ। কীদৃশং পদম্? অবশ্রবে সমন্তাৎ শ্রূয়মাণে শ্রবসি কীর্ত্তৌ বিষয়ে আপন্নানাং ভক্তানাং যশো গায়তামিত্যর্থঃ। মৃক্ মৃজা পরিশোধনং, তাং তনোতি ইতি আপন্নমৃক্তম্। যদ্বা, মার্ষ্টি শুধ্যতীতি মৃক্, তস্য ভাবো মৃক্তা, আপন্নানাং মৃক্তা যস্মাৎ; পুনঃ কীদৃশম্? তৎ সৎ পরব্রহ্মস্বরূপমিত্যর্থঃ। যদ্বা, শ্রবস্যবশ্রব ইতি নামান্যেব দধির ইত্যত্র হেতুঃ—নাম্নামেব মাহাত্ম্যবিশেষে শ্রূয়মাণে সতীত্যর্থঃ ॥৫১১

টীকা—কিঞ্চ, উ বিস্ময়ে নির্দ্ধারে বা। তং প্রসিদ্ধং ভগবন্তং শ্রীকৃষ্ণং স্তোতারঃ স্তুধ্বমিত্যর্থঃ। কথং? যথাবিদ যথা জানীথ, তথৈব ন তৎস্তোত্রাদিনিয়ম ইত্যর্থঃ। কথম্ভূতং? পূর্ব্বং পুরাতনং, ন ত্বধনাবতীর্ণত্বেন নূতনমিত্যর্থঃ। এবমবতারিত্বমুক্তম্। কিঞ্চ, ঋতস্য বেদস্য গর্ভং তাৎপর্য্যগোচরমিত্যর্থঃ। যদ্বা, ঋতস্য ব্রহ্মণঃ গর্ভং সারভূতং সচ্চিদানন্দঘনমিত্যর্থঃ। ততশ্চ জনুষা পিপর্ত্তন পূর্ণা ভবত, জন্মানি সমাপয়তেত্যর্থঃ। যদ্বা, তং দেবং জনুষা পিপর্ত্তন স্বচ্ছন্দচরিতেন বহুবিধেন জন্মনা পূরয়ত, মৎস্যাদ্যবতারৈরন্বিতং পরিপূর্ণং বর্ণয়তেত্যর্থঃ। কিঞ্চ, অস্য দেবস্য নাম চ আ বিবিক্তন্, সম্যক্ কীর্ত্তয়ত। হে জানন্তঃ, ভো বিদ্বাংসঃ, যদ্বা, অজানন্তঃ সর্ব্বোৎকৃষ্টতয়াবধারয়ন্তঃ সন্তঃ। হে বিষ্ণো বয়ন্তু স্তোতুং জ্ঞাতুং চাসমর্থাঃ, কেবলং তব নামৈব ভজামহে। অন্যৎ পূর্ব্ববৎ। যদ্বা, হে বিষ্ণো যথা বিদন্তীতি যথাবিদঃ সন্তো যথা বিদ্মস্তথেত্যর্থঃ। তং নামরূপং ত্বাং স্তোতারঃ স্তুবন্তঃ। অতএব জনুষা পিপর্ত্তন জন্মনঃ পূর্ত্তিং কুর্ব্বাণাঃ। অজানন্তঃ বিচারয়ন্তঃ, বিবিক্তন কীর্ত্তয়ন্তশ্চ তব নাম ভজামহে। তমিত্যত্র তদিতি বা পাঠঃ। ততশ্চ তন্নামৈবৈকং স্তোতার ইত্যাদীনাং কর্ম্ম। তস্যৈব বিশেষণং পূর্ব্বমিত্যাদি। যদ্বা, হেতৌ শতৃঙ্। তং তাং স্তোতুমাজ্ঞাতুং কীর্ত্তয়িতুঞ্চ তব নামৈব ভজামহে, তন্নামসেবনেনৈব তব স্তুতিঃ সম্যক্ জ্ঞানং কীর্ত্তনঞ্চ সম্পদ্যত ইত্যর্থঃ। অন্যৎ সমানম্। অলমতি বিস্তরেণ॥৫১২

ঈদৃশে নামমাহাত্ম্যে শ্রুতি-স্মৃতি-বিনিশ্চিতে।
কল্পয়ন্ত্যর্থবাদং যে তে যান্তি ঘোরযাতনাম্ ॥৫১৩॥

অনুবাদ—শ্রুতি-স্মৃতি-কর্ত্তৃক নির্দ্ধারিত এই প্রকার শ্রীনামমাহাত্ম্য-বিষয়ে অর্থবাদ কল্পনা যাহারা করে, তাহারা নরকাদি ঘোর যাতনা ভোগ করিয়া থাকে ॥ ৫১৩ ॥

টীকা—এবং বহুলস্মৃতিশ্রুতিবচনৈঃ শ্রীমন্নামমাহাত্ম্যং নির্দ্ধার্য্য, তত্র কথঞ্চিদপার্থবাদো ন কল্পয়িতব্য ইতি দুষ্টমীমাংসকান্ শিক্ষয়ন্নিব লিখতি—ঈদৃশ ইতি অর্থবাদকল্পনা চাত্র ন ঘটত ইতি অজামিলোপাখ্যানে শ্রীধরস্বামিপাদৈস্তথা ভগবন্নামকৌমুদীকার শ্রীলক্ষ্মীধর-স্বামিপাদাদিভিশ্চ সন্যায়ং ব্যাখ্যাতমস্ত্যেবেতি, কিমত্র লিখন-প্রয়াসেন ॥ ৫১৩॥

অথ শ্রীভগবন্নামার্থবাদকল্পনাদূষণম্

কাত্যায়নসংহিতায়াম্—

অর্থবাদং হরের্নাম্নি সম্ভাবয়তি যো নরঃ।
স পাপিষ্ঠো মনুষ্যাণাং নিরয়ে পততি স্ফুটম্ ॥৫১৪

অনুবাদ—অনন্তর শ্রীভগবন্নামে অর্থবাদ কল্পনার দোষ প্রদর্শন, কাত্যায়ন সংহিতায়—যে ব্যক্তি শ্রীহরির নামে অর্থবাদ কল্পনা করে, মনুষ্যগণের মধ্যে সেই পাপিষ্ঠ নিশ্চয়ই নরকগামী হয় ॥ ৫১৪ ॥

টীকা—যঃ সম্ভাবয়ত্যপি, কিং পুনঃ কল্পয়েদিতি ॥ ৫১৪ ॥

———

ব্রহ্মসংহিতায়াং বৌধায়নং প্রতি শ্রীভগবদুক্তৌ—

যন্নামকীর্ত্তনফলং বিবিধং নিশম্য
ন শ্রদ্দধাতি মনুতে যদুতার্থবাদম্।
যো মানুষস্তমিহ দুঃখচয়ে ক্ষিপামি
সংসারঘোরবিবিধার্ত্তিনিপীড়িতাঙ্গম্ ॥৫১৫॥

অনুবাদ—ব্রহ্মসংহিতায় বৌধায়নের প্রতি শ্রীভগবানের বাক্য—শ্রীনামকীর্ত্তনের বিবিধ ফলশ্রুতি শ্রবণ করিয়াও যাহারা তাহাতে বিশ্বাস করে না, বিশেষ করিয়া উহা অতিরিক্ত বলিয়া মনে করে, আমি সংসারের নানাপ্রকার ভয়াবহ যাতনায় তাহাদিগকে নিপীড়িত করিয়া ইহলোকে দুঃখসমুদ্রের মধ্যে নিক্ষেপ করি ॥ ৫১৫ ॥

টীকা—যদিতি 'যঃ' ইত্যেব বা পাঠঃ। ন শ্রদ্দধাতি, ন বিশ্বসিতি প্রত্যুত যোঽর্থবাদং মনুতে। সংসারে বিবিধা যা আর্ত্তয়ঃ তাভির্নিপীড়িতাঙ্গং যথা স্যাত্তথা ক্ষিপামি ॥ ৫১৫ ॥

———

জৈমিনিসংহিতায়াঞ্চ—

শ্রুতি-স্মৃতি-পুরাণেষু নামমাহাত্ম্যবাচিষু।
যেঽর্থবাদ ইতি ব্রূয়ুর্ন তেষাং নিরয়ক্ষয়ঃ ॥৫১৬॥
তস্মিংশ্চ ভগবন্নাম্নি জগদেকোপকারিণি।
বিশ্বৈকসেব্যে মতিমানপরাধান্ বিবর্জ্জয়েৎ ॥ ৫১৭ ॥

অনুবাদ—জৈমিনিসংহিতায় কথিত হইয়াছে—যাহারা নামমাহাত্ম্যবাচক শ্রুতি, স্মৃতি ও পুরাণ সকলের উক্তিগুলিকে অর্থবাদ বলিয়া মনে করে তাহাদের নরকের ক্ষয় নাই। অতএব জ্ঞানী ব্যক্তি জগতের একমাত্র উপকারী ও বিশ্বসংসারের একমাত্র সেব্য, সেই ভগবন্নামের প্রতি অপরাধসমূহ বিষয়ে সতর্ক হইবেন অর্থাৎ নিরপরাধ হইতে যত্ন করিবেন ॥ ৫১৬-৫১৭ ॥

টীকা—নিরয়াণাং ক্ষয়ো নাশো ন ভবতি, কিন্তু সদা নিরয়েষু বসন্তীত্যর্থঃ ॥ ৫১৬ ॥

টীকা—এবং শ্রীভগবন্নাম্নোঽশেষদোষহরণাখিলগুণময়ত্বাদিমাহাত্ম্যবিশেষং বিলিখ্য তেন চাবিনীতানামুৎশৃঙ্খলতয়া শ্রীবৈষ্ণবাদিষ্বপরাধমাশঙ্ক্য তন্নিবারণায় নামাপরাধান্ লিখিষ্যন্, আদৌ বিভীষিকার্থমপরাধফলমগ্রে দর্শয়ন্, তাংস্ত্যাজয়তি—তস্মিংশ্চেতি। অপরাধবিবর্জ্জনে হেতুঃ—জগদেকোপকারিণীতি, বিশ্বৈকসেব্য ইতি চ ॥ ৫১৭ ॥

———

যত উক্তং পাদ্মে শ্রীনারদং প্রতি শ্রীসনৎকুমারেণ—

সর্ব্বাপরাধকৃদপি মুচ্যতে হরিসংশ্রয়ঃ ॥ ৫১৮ ॥
হরেরপ্যপরাধান্ যঃ কুর্য্যাদ্দ্বিপদপাংশনঃ।
নামাশ্রয়ঃ কদাচিৎ স্যাত্তরত্যেব স নামতঃ ॥৫১৯॥
নাম্নোঽপি সর্ব্বসুহৃদো হ্যপরাধাৎ পতত্যধঃ ॥৫২০

অনুবাদ—যেহেতু পদ্মপুরাণে শ্রীনারদের প্রতি শ্রীসনৎকুমার বলিয়াছেন—যে ব্যক্তি সর্ব্বপ্রকার অপরাধ, পাপাচরণ করিয়াছে, সেই ব্যক্তি শ্রীহরির চরণাশ্রয় করিলে পাপ হইতে মুক্তি লাভ করে; আবার যে নরাধম শ্রীহরির চরণে অপরাধ করে সে যদি বিপদনাশন শ্রীনামের আশ্রয় নেয়, তাহা হইলে নাম প্রভাবে সেই ভগবদপরাধ হইতে মুক্ত হইয়া থাকে। অতএব সকলের বন্ধু শ্রীনামের চরণে অপরাধ হইলে যে নিশ্চিত ভাবেই সে অধঃপতিত হইয়া নরকবাসী হইবে ইহাতে সন্দেহ কোথায়? ৫১৮-৫২০ ॥

টীকা—সর্ব্বান্ অপরাধান্ পাপানি করোতীতি তথা সোঽপি হরিসংশ্রয়ঃ ভগবন্তং প্রপন্নঃ সন্ মুচ্যতে, ততো মুক্তো ভবতি। হরেরপরাধান্ পূর্ব্বলিখিতান্ শ্রীবারাহোক্তান্ দ্বাত্রিংশদাদীন্। দ্বিপদেষু নরেষু পাংশনঃ অধমঃ। স যদি কদাচিন্নামাশ্রয়ঃ নামকীর্ত্তনকৃৎ স্যাৎ, তদা নামপ্রভাবতঃ তরতি, হরিবিষয়কাপরাধেভ্যোঽপি মুচ্যত এব। সর্ব্বসুহৃদঃ

জগদুপকারপরস্যাপি নাম্নোঽপরাধাৎ হি নিশ্চিতং অধঃ পততি, নরকং গচ্ছতি ॥ ৫১৮-৫২০ ॥

অথ নামাপরাধাঃ

তং প্রতি তেনৈবোক্তাঃ—

সতাং নিন্দা নাম্নঃ পরমমপরাধং বিতনুতে,
যতঃ খ্যাতিং যাতং কথমু সহতে তদ্বিগরিহাম্ ।
শিবস্য শ্রীবিষ্ণোর্য ইহ গুণনামাদি সকলং,
ধিয়া ভিন্নং পশ্যেৎ স খলু হরিনামাহিতকরঃ ॥৫২১

গুরোরবজ্ঞা শ্রুতিশাস্ত্রনিন্দনং,
তথার্থবাদো হরিনাম্নি কল্পনম্ ।
নাম্নো বলাদ্যস্য হি পাপবুদ্ধি-,
র্ন বিদ্যতে তস্য যমৈর্হি শুদ্ধিঃ ॥ ৫২২ ॥

অনুবাদ—অতঃপর নামাপরাধসমূহ ঐ পদ্মপুরাণেই শ্রীসনৎকুমার দেবর্ষি নারদকে বলিয়াছেন—(১) সাধুগণের নিন্দা শ্রীনামের নিকটে ভয়ানক অপরাধ বিস্তার করে; যে সকল নামনিষ্ঠ সাধু হইতে জগতে কৃষ্ণনাম-মহিমা প্রচারিত হন, শ্রীনাম সেই সকল সাধুনিন্দা কি প্রকারে সহ্য করিবেন ? (২) যে ব্যক্তি এই সংসারে শ্রীবিষ্ণু ও শ্রীশিবের নাম, রূপ, গুণ, লীলা প্রভৃতিতে বুদ্ধিদ্বারা পরস্পর ভিন্ন ভাবে দর্শন করে, সে ব্যক্তি নিশ্চয়ই নামের নিকট অপরাধ করে। (৩) শ্রীনাম-তত্ত্বাভিজ্ঞ গুরুদেবকে অবজ্ঞা। (৪) শ্রুতিশাস্ত্রের নিন্দা। (৫) শ্রীহরিনাম-মহিমাকে অতিস্তুতি বলিয়া চিন্তন। (৬) ভগবানের নামসমূহকে কল্পনা মনে করা নামাপরাধ। (৭) যাহার নাম বলে পাপানুষ্ঠানে মতি হয়, বহুল যম, নিয়ম, ধ্যানধারণাদি প্রক্রিয়াসমূহ দ্বারা বা বহু বহু যমযাতনা ভোগ করিয়াও সেই অপরাধীর শুদ্ধি হয় না ॥ ৫২১-৫২২ ॥

টীকা—যতঃ সদ্ভ্যঃ খ্যাতিং প্রসিদ্ধিং প্রাকট্যং বা প্রাপ্তং নাম। উ—খেদে তেষাং বিগর্হাং কথং সহতে ? অপি তু সোঢ়ুং ন শক্নুয়াদেব ; অতোঽয়মেকোঽপরাধঃ। অস্য চ মুখ্যত্বাদাদৌ নির্দ্দেশঃ। আদি-শব্দেন রূপলীলাদি, ধিয়াপি হরিনাম্নি অহিতমপরাধং করোতীতি তথা সঃ ॥ ৫২১ ॥

টীকা—শ্রুতীনাং ধর্ম্মশাস্ত্রাণাঞ্চ নিন্দনম্। তথোক্তসমুচ্চয়ে। অর্থবাদো যস্তস্য কল্পনং, যদ্বা, হরিনাম্ন্যর্থবাদঃ কল্পনমেব, ন তু তত্ত্বতো ঘটত ইত্যর্থঃ। কল্প্যত ইতি বা পাঠঃ যদ্বা, হরিনাম্নি কল্পনঞ্চ, তন্মাহাত্ম্যার্থপরিত্যাগেন দুর্ব্বুদ্ধ্যা বৃথার্থান্তর-কল্পনা চৈকোঽপরাধ ইত্যর্থঃ। নাম্নো বলাৎ নাম-গ্রহণেন পাপক্ষয়ো ভবেদিতি নাম্নাং প্রভাবজ্ঞানেন পাপে বুদ্ধিরপি, কিং পুনঃ প্রবৃত্তিঃ। যদ্বা, অকার-প্রশ্লেষেণ নাম্নো বলমজ্ঞাত্বা যস্য পাপে বুদ্ধিরিত্যর্থঃ। তস্য যমৈঃ বহলব্রতাদিভিরহিংসাদিভির্দ্দশাভির্ব্বা ; যদ্বা, বহুভিঃ ধর্ম্মরাজৈঃ চিরকালং তৎকৃত যাতনা-ভোগেনাপীত্যর্থঃ ॥ ৫২২ ॥

ধর্ম্মব্রতত্যাগহুতাদিসর্ব্ব-,
শুভক্রিয়াসাম্যমপি প্রমাদঃ ।
অশ্রদ্দধানে বিমুখেঽপ্যশৃণ্বতি,
যশ্চোপদেশঃ শিবনামাপরাধঃ ॥ ৫২৩ ॥
শ্রুতেঽপি নামমাহাত্ম্যে যঃ প্রীতিরহিতোঽধমঃ ।
অহং মমাদি-পরমো নাম্নি সোঽপ্যপরাধকৃৎ ॥ ৫২৪

অনুবাদ—(৮) ধর্ম্ম, ব্রত, ত্যাগ বা হোমাদি প্রাকৃত শুভকার্য্যের সহিত অপ্রাকৃত নাম গ্রহণকে সমান বুদ্ধি করাও নামে অনবধান, উহা নামাপরাধ ; (৯) শ্রদ্ধাহীন বা নাম শ্রবণে বিমুখজনকে যে উপদেশ দান, তাহা মঙ্গলময় নামের নিকট অপরাধ ; (১০) যে ব্যক্তি নামের অদ্ভুত মাহাত্ম্য শ্রবণ করিয়াও আমি ও আমার এইরূপ দেহাত্ম বুদ্ধিবশতঃ শ্রীনাম-গ্রহণ শ্রবণে আদর করে না, সেই অধম নিশ্চয় নামাপরাধী ॥ ৫২৩-৫২৪ ॥

টীকা—ধর্ম্মাদীনাং সর্ব্বাসাং শুভক্রিয়াণাং সাম্যং নাম্না তুল্যত্বমপি প্রমাদঃ অপরাধ ইত্যর্থঃ। যদ্বা, ধর্ম্মাদিশুভক্রিয়াসাম্যমেকোঽপরাধঃ ; প্রমাদঃ—নাম্ন্যনবধানতান্যেকঃ, এবমত্রাপরাধদ্বয়ম্। ততশ্চ তথার্থবাদো হরিনাম্নি কল্পনমিত্যত্রৈকাপরাধো জ্ঞেয়ঃ। কিঞ্চ, অশ্রদ্দধানাদৌ জনে য উপদেশঃ, স শিবনাম্নি অপরাধঃ, শ্রীভগবতা সহ শ্রীশিবস্যাভেদেন শিবেত্যুক্তিঃ ॥ ৫২৩ ॥

টীকা—নাম্নি প্রীতিঃ শ্রদ্ধা ভক্তির্বা, তয়া রহিতঃ

সন্, যঃ অহং-মমাদি-পরমঃ, অহন্তা মমতা চ আদি-শব্দেন বিষয়ভোগাদিকং চৈব পরমং প্রধানং, ন তু নামগ্রহণং যস্য তথাভূতঃ স্যাৎ, সোঽপ্যপরাধকৃৎ। যদ্বা, ধর্ম্মব্রতেত্যাদ্যর্দ্ধশ্লোকেনৈক এবাপরাধঃ। অহং-মমাদীত্যর্দ্ধশ্লোকে চাস্মিন্ একঃ। এবম্ অপরাধা দশ, যে জ্ঞাত্বাপি ন বর্জ্জয়ন্তি, সহসা নাম্নোঽপরাধান্ দশেতি তত্রৈবোক্তেঃ। ততশ্চায়মর্থঃ—যঃ প্রীতি-রহিতো নাম্ন্যেব সোঽধমঃ নামাপরাধীত্যর্থঃ। যদ্বা, যোঽধমঃ প্রীতিরহিতঃ, সোঽপরাধকৃদিত্যুত্তরে-ণান্বয়ঃ। কিঞ্চ, নাম্ন্যেব বিষয়ে যোঽহংমমতাদি-পরমঃ—অহং বহুতরনামকীর্ত্তকঃ ইতস্ততো নাম-কীর্ত্তনঞ্চ মৎপ্রবর্ত্তিতমেব, ময়া সমো নামকীর্ত্তন-পরোঽন্যঃ কঃ? মদীয়জিহ্বাধীনমেব নামেত্যা-দিকমেব পরমং প্রধানং, নামকীর্ত্তনঞ্চ কদাচিৎ সিধ্যতি ন বা যস্য তথাভূতো যঃ, সোঽপীতি। অত-এবাদিষ্টং ভগবতা—'তৃণাদপি সুনীচেন তরোরপি সহিষ্ণুনা। অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ ॥' (শ্রীশিক্ষাষ্টকম্ ৩) ইতি ॥ ৫২৪ ॥

জাতে নামাপরাধেঽপি প্রমাদেন কথঞ্চন।
সদা সংকীর্ত্তয়ন্নাম তদেকশরণো ভবেৎ ॥ ৫২৫॥

অনুবাদ—অনবধানতাবশে বা যে ভাবেই হউক, শ্রীনামের নিকট অপরাধ হইলে শ্রীনামেরই শরণাপন্ন হইয়া সর্ব্বদা নাম-সংকীর্ত্তন করিতে হইবে ॥ ৫২৫ ॥

টীকা—কথঞ্চন প্রমাদেন ভ্রমেণ জাতে সতি তৎ নামৈব একং শরণমাশ্রয়ো যস্য তথা, তথাভূতো ভবেৎ, সর্ব্বথা নামপরো ভবেদিত্যর্থঃ ॥ ৫২৫ ॥

অপরাধভঞ্জনম্

উক্তঞ্চ তেনৈব তত্র—

নামাপরাধযুক্তানাং নামান্যেব হরন্ত্যঘম্।
অবিশ্রান্তপ্রযুক্তানি তান্যেবার্থকরাণি চ ॥ ৫২৬ ॥

অনুবাদ—অপরাধ ভঞ্জনে ঐ পদ্মপুরাণে শ্রীসনৎ-কুমারই বলিয়াছেন—নামপরাধযুক্ত জনগণের নাম সকলই পাপসমূহ নাশ করিয়া থাকেন এবং অবি-শ্রান্তভাবে নামগ্রহণ করিলে নামাপরাধ শূন্য হইয়া নিরপরাধে নাম গ্রহণের ফল শ্রীকৃষ্ণপ্রেম লাভ হয় ॥ ৫২৬ ॥

টীকা—যস্মাৎ অবিশ্রান্তং সততং প্রযুক্তানি কীর্ত্তিতানি সন্তি, তানি নামান্যেবার্থকরাণি সর্ব্ব-প্রয়োজন-সম্পাদকানি ॥ ৫২৬ ॥

নামৈকং যস্য বাচি স্মরণপথগতং শ্রোত্রমূলং গতং বা
শুদ্ধং বাশুদ্ধবর্ণং ব্যবহিতরহিতং তারয়ত্যেব সত্যম্।
তচ্চেদ্দেহ-দ্রবিণ-জনতা-লোভ-পাষণ্ড-মধ্যে
নিক্ষিপ্তং স্যান্ন ফলজনকং শীঘ্রমেবাত্র বিপ্র ॥৫২৭॥

অনুবাদ—একটি মাত্র হরিনাম বাক্যে স্মরণ বা শ্রবণপথগত হইলে তাহা শুদ্ধবর্ণ বা অশুদ্ধবর্ণ, খণ্ড খণ্ড ভাবে উচ্চারিত হইলেও নাম গ্রহণকারীকে উদ্ধার করিবে ইহা সত্য; কিন্তু শ্রীনামসেবনের যে মুখ্য ফল তাহা সদ্যই পাওয়া যাইবে না। আবার ঐ নাম দেহ, ধন, পরিবার, সর্ব্বস্ব লোভী পাষণ্ডের মধ্যে পতিত হইলে ইহলোকে শীঘ্র না হইলেও বিলম্বে ফলদায়ক হইবে ॥ ৫২৭॥

টীকা—এতদেব পরিপোষয়ন্ নামকীর্ত্তনে লাভ-পূজা-খ্যাত্যর্থতাং পরিত্যাজয়তি—নামৈকমিত্যাদি। বাচি গতং প্রসঙ্গাদ্বাঙমধ্যে প্রবৃত্তমপি, স্মরণপথগতং কথঞ্চিন্মনঃস্পৃষ্টমপি, শ্রোত্রমূলং গতং কিঞ্চিৎ শ্রুত-মপি, শুদ্ধবর্ণং বা অশুদ্ধবর্ণমপি বা, ব্যবহিতং শব্দান্তরেণ যদ্ব্যবধানং, বক্ষ্যমাণনারায়ণ-শব্দস্য কিঞ্চিদুচ্চারণানন্তরং প্রসঙ্গাদাপতিতং শব্দান্তরং তেন রহিতং সৎ; যদ্বা, যদ্যপি 'হলং রিক্তম্' ইত্যাদ্যুক্তৌ হকাররিকারয়োর্বৃত্ত্যা হরীতি নামাস্ত্যেব, তথা 'রাজ-মহিষী' ইত্যত্র রামনামাপি, এবমন্যদপ্যূহ্যং, তথাপি তত্তন্নামমধ্যে ব্যবধায়কমক্ষরান্তরমস্তীত্যেতাদৃশ-ব্যবধানরহিতমিত্যর্থঃ। যদ্বা, ব্যবহিতঞ্চ তৎ রহি-তঞ্চাপি বা তত্র ব্যবহিতং নাম্নঃ কিঞ্চিদুচ্চারণানন্তরং কথঞ্চিদাপতিতং শব্দান্তরং সমাধায় পশ্চান্নামাব-শিষ্টাক্ষরগ্রহণমিত্যেবং রূপং, মধ্যে শব্দান্তরেণান্ত রিতমিত্যর্থঃ, রহিতং পশ্চাদবশিষ্টাক্ষরগ্রহণবর্জ্জিতং, কেনচিদংশেন হীনমিত্যর্থঃ। তথাপি তারয়ত্যেব, সর্ব্বেভ্যঃ পাপেভ্যোঽপরাধেভ্যশ্চ সংসারাদপ্যুদ্ধা-

রম্যত্যেবেতি সত্যমেব। কিন্তু নামসেবনস্য মুখ্যং যৎ ফলং, তন্ন সদ্যঃ সম্পদ্যতে। তথা দেহভরণাদ্যর্থমপি নামসেবনেন মুখ্যং ফলমাশু ন সিধ্যতীত্যাহ—তচ্চেদিতি। তন্নাম চেৎ যদি দেহাদিমধ্যে নিক্ষিপ্তং, দেহভরণাদ্যর্থমেব বিন্যস্তং, তদাপি ফলজনকং ন ভবতি কিম্? অপি তু ভবত্যেব, কিন্তু অত্র ইহলোকে শীঘ্রং ন ভবতি, কিন্তু বিলম্বেনৈব ভবতীত্যর্থঃ ॥ ৪২৭ ॥

অতএবোক্তং শ্রীনারদেন বৃহন্নারদীয়ে—
মহিম্নামপি যন্নাম্নঃ পারং গন্তুমনীশ্বরাঃ।
মনবোঽপি মুনীন্দ্রাশ্চ কথং তং ক্ষুদ্রধীর্ভজে?
ইতি ॥ ৫২৮ ॥

অনুবাদ—অতএব বৃহন্নারদীয়পুরাণে শ্রীনারদের কথায়—যে নামমহিমাসমূহের পার মনুগণ ও মুনীন্দ্রগণ প্রাপ্ত হন না, আমি অল্পবুদ্ধি হইয়া কি প্রকারে সেই নামের ভজনা করিব ॥ ৫২৮ ॥

টীকা—এবমুপসংহরন্ শ্রীমন্নাম-মাহাত্ম্যস্যানন্ত্যমেব দ্রঢ়য়ন্ লিখতি মহিম্নামিতি। পারং গন্তুমপি, কিং পুনস্তত্ত্বমনুভবিতুমিতি ॥ ৫২৮ ॥

ইত্থং শ্রীকৃষ্ণপাদাব্জে ভক্তিঃ কার্য্যা সদা বুধৈঃ।
সা চ তস্য প্রসাদেন মহাপুণ্যাৎ প্রজায়তে ॥৫২৯॥

অনুবাদ—বিচক্ষণ ব্যক্তিগণ এই প্রকারে সর্ব্বদা শ্রীকৃষ্ণপাদপদ্মে ভক্তি বিধান করিয়া থাকেন। ঐ ভক্তিও সহজে পাওয়া যায় না বহু জন্মার্জ্জিত পুণ্য ফলে শ্রীকৃষ্ণের অনুগ্রহেই কেবল উহা আবির্ভূত হয় ॥ ৫২৯ ॥

অনুবাদ—বিচক্ষণ ব্যক্তি দাঁত দিয়া দাড়ি ছিঁড়িবেন না, এবং দাঁত দিয়া মাটির ঢেলা লইবেন না। অপবিত্র অবস্থায় চন্দ্র, সূর্য্য প্রভৃতি জ্যোতি পদার্থের দিকে তাকাইবেন না শবগন্ধ সোমজ সুতরাং শব-গন্ধের নিন্দা করিতে হইবে না। রাত্রিকালে সর্ব্বদা চতুষ্পথ, চৈত্য বৃক্ষ, শ্মশান, উপবন ও দুশ্চরিত্রা স্ত্রী বর্জ্জন করিবে। পূজ্য দেব দ্বিজ ও প্রদীপের ছায়া লংঘন করা বিদ্বান ব্যক্তির কর্ত্তব্য নয় ॥ ৬৯১-৬৯৫

টীকা—শ্মশ্রু ন ভক্ষয়েদ্দন্তৈর্ন চ্ছেদয়েদিত্যর্থঃ। তথা চ কৌর্ম্মে—ন দন্তৈর্নখলোমানি ছিন্দ্যাৎ' ইতি ॥ ৬৯১ ॥

টীকা—জ্যোতীংষি নাশুচিরভিবীক্ষেত, অমেধ্যানি অপ্রশস্তানি চামঙ্গলানি সদা নাভিবীক্ষেত। অমেধ্য ইতি পাঠঃ কস্যচিন্মতে ॥ ৬৯২ ॥

টীকা—ন হুং কুর্য্যাৎ, শবং তদ্গন্ধঞ্চ ন জুগুপ্সেত ইত্যর্থঃ ॥ ৬৯৩ ॥

টীকা — চৈত্যতরুম্— বদ্ধবেদিকপূজ্যবৃক্ষং, জ্যোতিঃ—প্রদীপঃ ॥ ৬৯৪ ॥

কেশাস্থিকণ্টকামেধ্য-বলিভস্মতুষাংস্তথা।
স্নানার্দ্রাং ধরণীং চৈব দূরতঃ পরিবর্জ্জয়েৎ ॥ ৬৯৬ ॥
নানার্য্যানাশ্রয়েৎ কাংশ্চিন্ন জিহ্মং রোচয়েদ্বুধঃ ॥৬৯৭
উপসর্পেন্ন চ ব্যালাংশ্চিরং তিষ্ঠেন্ন চোত্থিতঃ।
যথেষ্টভোজকাংশ্চৈব দেবপরাঙ্মুখান্।
বর্ণাশ্রমক্রিয়াতীতান্ দূরতঃ পরিবর্জ্জয়েৎ ॥ ৬৯৮ ॥

অনুবাদ—একাকী জনহীন অরণ্যে গমন করিবে না। শূন্যগৃহে অসহায় অবস্থায় যাইবে না, কেশ, অস্থি, কণ্টক, অমেধ্য দ্রব্য, ভস্ম, তুষ ও স্নানার্দ্র ভূমি এ সকল দূর হইতে পরিত্যাগ করিবে। সাধারণ ব্যক্তির আশ্রয় লওয়া বা কাহাকেও কুটিলতা শিক্ষা দেওয়া বিদ্বান ব্যক্তির কর্ত্তব্য নহে। সর্পাগ্রে উপস্থিত হইবে না, উত্থিত হইয়া দীর্ঘকাল থাকিবে না, অপরিমিত ভোজী দেবপূজাবিমুখ ও বর্ণাশ্রম ক্রিয়া-রহিত জনগণকে দূর হইতেই পরিত্যাগ করিবে ॥ ৬৯৬-৬৯৮ ॥

অতীবজাগরস্বপ্নৌ তদ্বৎ স্থানাসনে বুধঃ।
ন সেবেত তথা শয্যাং ব্যায়ামঞ্চ নরেশ্বর ॥ ৬৯৯ ॥
দংষ্ট্রিণঃ শৃঙ্গিণশ্চৈব প্রাজ্ঞো দূরেণ বর্জ্জয়েৎ ॥৭০০॥

অনুবাদ—হে রাজন্—অতীব জাগরণ, অতিশয় নিদ্রা, উচ্চস্থানে অবস্থান, উচ্চাসনে উপবেশন ও উচ্চ শয্যায় দীর্ঘকাল শয়ন এবং অতিশয় অঙ্গ চালন পরিত্যাগ করা জ্ঞানবান জনের কর্ত্তব্য। শৃঙ্গী ও দংষ্ট্রী পশু সকলকে দূর হইতেই বর্জ্জন করা উচিত ॥ ৬৯৯-৭০০ ॥

অবশ্যায়ঞ্চ রাজেন্দ্র পুরোবাতাতপৌ তথা।
ন স্নায়ান্ন স্বপেন্নগ্নো ন চৈবোপস্পৃশেদ্বুধঃ ॥ ৭০১ ॥
মুক্তকচ্ছশ্চ নাচামেদ্দেবাদ্যার্চ্চাঞ্চ বর্জ্জয়েৎ।
নৈকবস্ত্রঃ প্রবর্ত্তেত দ্বিজবাচনকে জপে ॥ ৭০২ ॥

অনুবাদ—হিম এবং সম্মুখবর্ত্তী বায়ু ও রৌদ্রকে স্পর্শ করা উচিত নহে। নগ্নাবস্থায় স্নান, শয়ন ও কোন বস্তু স্পর্শ করা বিদ্বান ব্যক্তির পক্ষে অনুচিত। কাছা খোলা অবস্থায় আচমন ও দেবপূজা বিহিত নয়। এক বস্ত্রে স্বস্তিবাচন কর্ম্ম ও জপ করিবে না ॥ ৭০১-৭০২ ॥

টীকা—নৈকো গচ্ছেৎ। জিহ্মং কোটিল্যং ন রোচয়েৎ, ন গ্রাহয়েৎ। স্থানম্ উর্দ্ধাবস্থিতিম্; তথেত্যনেন অতীবেতি পরামৃশ্যতে, শয্যাং নাতীব সেবেত, তদুপরি চিরং ন তিষ্ঠেৎ। অবশ্যায়ং হিমং নোপস্পৃশেৎ, আচমনং ন কুর্য্যাৎ ॥ ৬৯৫-৭০১ ॥

কিঞ্চ—

ন চ নির্ধূনয়েৎ কেশানাচামেন্নৈব চোত্থিতঃ।
পাদেন নাক্রমেৎ পাদং ন পূজ্যাভিমুখং নয়েৎ ॥৭০৩
অপসব্যং নৈব গচ্ছেদ্দেবাগারচতুষ্পথান্।
মঙ্গল্যপূজ্যাংশ্চ তথা বিপরীতান্ন দক্ষিণাম্ ॥ ৭০৪ ॥
সোমার্কাগ্ন্যম্বুবায়ূনাং পূজ্যানাঞ্চ ন সংমুখম্।
কুর্য্যাৎ ষ্ঠীবনবিন্মূত্রসমুৎসর্গঞ্চ পণ্ডিতঃ ॥ ৭০৫ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—স্নানের পর ভিজাচুল কাঁপাইবে না, উত্থিত হইয়া আচমন করিবে না, পদদ্বারা পদ আক্রমণ করিতে নাই এবং পূজ্য ব্যক্তিগণের সমক্ষে পদসঞ্চারণ করিবে না। দেবালয় ও চতুষ্পথ প্রদক্ষিণ না করিয়া গমন করিবে না; মধু, ঘৃত, দধি, সিদ্ধার্থ ও জলপূর্ণ ঘটাদি মাঙ্গলিক এবং পূজ্য, গুরু, ব্রাহ্মণ, ধেনু ও বৃদ্ধগণকে প্রদক্ষিণ করিয়া গমন করিবে। আর অমঙ্গল সূচক পদার্থকে প্রদক্ষিণ না করিয়া গমন করিবে। চন্দ্র, সূর্য্য, বহ্নি, জল, বায়ু এবং পূজ্যগণের সম্মুখে থুতু বা মলমূত্র পরিত্যাগ করা প্রাজ্ঞ ব্যক্তির কর্ত্তব্য নহে ॥ ৭০৩-৭০৫ ॥

টীকা—কেশান্ স্নানানন্তরমার্দ্রান্ সতঃ; পাদং ন নয়েৎ ॥ ৭০৩ ॥

———

তিষ্ঠন্ন মূত্রয়েত্তদ্বৎ পন্থানং নাবমূত্রয়েৎ।
শ্লেষ্মবিন্মূত্ররক্তানি সর্ব্বদৈব ন লঙ্ঘয়েৎ ॥ ৭০৬ ॥
শ্লেষ্মষ্ঠীবনকোৎসর্গো নান্নকালে প্রশস্যতে।
বলিমঙ্গলজপ্যাদৌ ন হোমে ন মহাজনে ॥ ৭০৭ ॥
যোষিতো নাবমন্যেত ন চাসাং বিশ্বসেদ্বুধঃ।
ন চৈবের্ষুর্ভবেত্তাসু নাধিকুর্য্যাৎ কদাচন ॥ ৭০৮ ॥
মঙ্গল্যপুষ্পরত্নাজ্যপূজ্যাননভিবাদ্য চ।
ন নিষ্ক্রামেৎ গৃহাৎ প্রাজ্ঞঃ সদাচারপরো নরঃ ॥৭০৯

অনুবাদ—দাঁড়াইয়া মূত্রত্যাগ করিবে না, পথে মূত্রত্যাগ নিষিদ্ধ। শ্লেষ্মা, মূত্র, বিষ্ঠা ও রক্ত কখনই লঙ্ঘন করিবে না। ভোজনের সময় কফ ও থুতু ফেলা ভাল নয়। বলি, মঙ্গলজপাদি, হোমের সময় কিংবা মহাজনগণের নিকট কফ ও থুতু ফেলা উচিত নহে। পণ্ডিত ব্যক্তির পক্ষে স্ত্রীলোকদিগকে অবমাননা করা বা বিশ্বাস করা অনুচিত। স্ত্রীলোকদিগের প্রতি কখনও ঈর্ষা প্রকাশ করিবে না বা তাহাদিগকে অধিকার করিবে না। সদাচার রত বিজ্ঞ ব্যক্তি মঙ্গলস্বরূপ পুষ্প, রত্ন, ঘৃত এবং পূজ্য ব্যক্তিগণকে অভিবাদন না করিয়া গৃহ হইতে বাহির হইবে না ॥ ৭০৬-৭০৯ ॥

টীকা—অপসব্যম্ অপ্রদক্ষিণং ন গচ্ছেৎ, প্রদক্ষিণং কৃত্বৈব গচ্ছেদিত্যর্থঃ। মঙ্গল্যান্ মধু-ঘৃত দধি-সিদ্ধার্থ-জলপূর্ণঘটাদীন্ পূজ্যাংশ্চ গুরুবিপ্রধেনুবৃদ্ধাদীন্। তথা চ কাশীখণ্ডে—দেবতায়তনং বিপ্রং ধেনুং মধু মৃদং ঘৃতং জাতিবৃদ্ধং বয়োবৃদ্ধং বিদ্যাবৃদ্ধং তপস্বিনম্ ॥ অশ্বত্থং চৈত্যবৃক্ষঞ্চ গুরুং জলভৃতং ঘটম্। সিদ্ধান্নং দধি সিদ্ধার্থং গচ্ছন্ কুর্য্যাৎ প্রদক্ষিণম্ ইতি। বিপরীতান্ অমঙ্গল্যাদীন্। নাধিকুর্য্যাৎ, অধিকারং ন কুর্য্যাৎ। যদ্বা, স্ত্রীভ্যোঽধিকারং ন দদ্যাদিত্যর্থঃ। সদাচারপর ইতি সর্ব্বত্রৈবান্বেতি, তচ্চোক্তানাং সর্ব্বেষামেব নিত্যত্বমভিপ্রেতি ॥ ৭০৪-৭০৯ ॥

———

অকালগর্জ্জিতাদৌ তু পর্ব্বস্বশৌচকাদিষু।
অনাধ্যায়ং বুধঃ কুর্য্যাদুপরাগাদিকে তথা ॥ ৭১০ ॥
বর্ষাতপাদিকে ছত্রী দণ্ডী রাত্র্যটবীষু চ।
শরীরত্রাণকামো বৈ সোপানৎকঃ সদা ব্রজেৎ ॥৭১১
নোর্দ্ধং ন তির্য্যক্ দূরং বা নিরীক্ষণ পর্য্যটেদ্বুধঃ।
যুগমাত্রং মহীপৃষ্ঠং নরো গচ্ছেদ্বিলোকয়ন্ ॥৭১২॥

অনুবাদ—অকাল গর্জ্জনাদি, অষ্টমী প্রভৃতি পর্ব্বসকল অশৌচকাল ও গ্রহণাদিসময় অনধ্যায়কাল—বিদ্যার্থী ও পণ্ডিতগণ এই সময় শাস্ত্রাধ্যয়ন করিবেন না। বৃষ্টিতে এবং রৌদ্রে ছাতার ব্যবহার এবং রাত্রিবেলা বন মধ্যে দণ্ড ধারণ করা কর্ত্তব্য। শরীর রক্ষার ইচ্ছা থাকিলে পর্য্যটনকালে সর্ব্বদা পাদুকা ব্যবহার করিবে। জ্ঞানীব্যক্তি উর্দ্ধ, বক্র ও দূরস্থানে দৃষ্টি দিতে দিতে ভ্রমণ করিবেন না কিন্তু চারিহস্ত পরিমিত ভূমিপৃষ্ঠের প্রতি দৃষ্টিপাত করিতে করিতে গমন করিবেন ॥ ৭১০-৭১২ ॥

টীকা—পর্ব্বসু অষ্টম্যাদিষু আদিশব্দত্রয়গৃহীতো বিশেষঃ কাশীখণ্ডে—'অকাল-বিদ্যুৎ-স্তনিতে বর্ষতো পাংশুবর্ষণে। মহাবাতধ্বনৌ রাত্রাবনধ্যায়াঃ প্রকী-

স্তিতাঃ ॥' উল্কাপাতে চ ভূকম্পে দিগ্‌দাহে মধ্য-রাত্রিষু। সন্ধ্যয়োর্বৃষলোপান্তে রাজচন্দ্রস্য সূতকে। দর্শেঽষ্টকাসু ভূতায়াং শ্রাদ্ধিকং প্রতিগৃহ্য চ। প্রতি-পদ্যপি পূর্ণায়াং মার্জ্জারেণ কৃতান্তরে। খরোষ্ট্র-ক্রোষ্টুবিরুতে সমবায়ে রুদত্যপি। উপাকর্ম্মণি চোৎসর্গে পথি মার্গতরৌ জলে ॥ আবশ্যকমধীত্যাপি বাণসাম্নোরপি ধ্বনৌ। অনধ্যায়েষু চৈতেষু নাধী-য়ীত দ্বিজঃ কৃচিৎ ॥ কৃতান্তরায়ো ন পঠেৎ ভেকা-খুশ্বাহিবভ্রুভিঃ' ইতি। এতে অনধ্যায়াঃ প্রায়ো বেদপাঠবিষয়া এব জ্ঞেয়াঃ ॥ ৭১০ ॥

টীকা—ছত্রী সন্, দণ্ডী চ সন্ ব্রজেদিত্যন্বয়ঃ ॥ ৭১১ ॥

———

কিঞ্চ—

প্রিয়মুক্তং হিতং নৈতদিতি মত্বা ন তদ্বদেৎ।
শ্রেয়স্তদ্রহিতং বাচ্যং যদ্যপ্যত্যন্তবিপ্রিয়ম্ ॥ ৭১৩ ॥
প্রাণিনামুপকারায় যদেবেহ পরত্র চ।
কর্ম্মণা মনসা বাচা তদেব মতিমান্ ভজেৎ ॥৭১৪॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—অহিত সম্ভাবনা না থাকিলে প্রিয় বাক্যও বলিবে না এবং অহিত সম্ভাবনা না থাকিলে অত্যন্ত অপ্রিয় অথচ মঙ্গলজনক বাক্য বলা কর্ত্তব্য। ইহাতে পরলোকে প্রাণিসমূহের উপকারের জন্য যাহা হইতে পারে, ধীমান ব্যক্তি কর্ম্ম মন ও বাক্য দ্বারা তাহার অনুষ্ঠান করিবেন ॥ ৭১৩-৭১৪ ॥

টীকা—তৎ প্রিয়ং ন বদেৎ; তত্র হেতুমাহ—শ্রেয় ইতি। অত্র শ্রীবিষ্ণুপুরাণে ক্রমেণ বর্ত্তমানামপি কেষাঞ্চিৎ বচনানাং পরিত্যাগপূর্ব্বং কস্মিংশ্চিদ্-যোগ্যপ্রকরণে লিখিতত্বাৎ কেষাঞ্চিদত্রানুপযোগাৎ। এবমগ্রেঽপূহ্যম্ ॥ ৭১৩ ॥

———

বৃহন্নারদীয়ে সদাচারপ্রসঙ্গে—

অসাবহমিতি ব্রূয়াদ্দ্বিজো বৈ হ্যভিবাদনে।
শ্রাদ্ধং ব্রতং জপং দানং দেবতাভ্যর্চ্চনং তথা।
যজ্ঞঞ্চ তর্পণঞ্চৈব কুর্ব্বন্তং নাভিবাদয়েৎ ॥ ৭১৫ ॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে সদাচার প্রসঙ্গে বলা হইয়াছে—ব্রাহ্মণ ব্যক্তি প্রণাম করিবার সময় অবশ্যই 'আমি প্রণাম করিতেছি' এইরূপ বলিবেন। শ্রাদ্ধ, ব্রত, জপ, দান, দেবতা পূজা, যজ্ঞ ও তর্পণ-কারীকে অভিবাদন করিতে হইবে না ॥ ৭১৫ ॥

টীকা—অভিবাদনে বর্জ্জ্যানাহ—শ্রাদ্ধমিতি ত্রিভিঃ। শ্রাদ্ধাদি কুর্ব্বন্তম্ ॥ ৭১৫ ॥

———

তথা স্নানং প্রকুর্ব্বন্তং ধাবন্তমশুচিং তথা।
ভুঞ্জানঞ্চ শয়ানঞ্চ অভ্যক্তশিরসং তথা ॥ ৭১৬ ॥
ভিক্ষান্নধারিণং চৈব রমন্তং জলমধ্যগম্।
কৃতাভিবাদনো যস্তু ন কুর্য্যাৎ প্রতিবাদনম্।
নাভিবাদ্যঃ স বিজ্ঞেয়ো যথা শূদ্রস্তথৈব সঃ ॥ ৭১৭ ॥

অনুবাদ—সেই প্রকার স্নায়ী, অশুচি, ধাবমান, ভোজনরত, শয়ান, আবৃত আপাদমস্তক, ভিক্ষান্ন-জীবী, রমমাণ ও জল মধ্যস্থিত ব্যক্তি অভিবাদন করিলেও তাহার প্রত্যুত্তরে অভিবাদন কর্ত্তব্য নহে। ঐ প্রকার ব্যক্তিগণ শূদ্রবৎ অভিবাদনের যোগ্য নহে বলিয়া জানিতে হইবে ॥ ৭১৬-৭১৭ ॥

টীকা—প্রতিবাদনং প্রত্যভিবাদনম্; অভিবাদন-প্রত্যভিবাদনয়োঃ প্রকারঃ প্রসিদ্ধ এব ॥ ৭১৭ ॥

———

মার্কণ্ডেয়পুরাণে মদালসালর্ক-সংবাদে—

অসৎপ্রলাপমনৃতং বাক্‌পারুষ্যঞ্চ বর্জ্জয়েৎ।
অসচ্ছাস্ত্রমসদ্বাদমসৎসেবাঞ্চ পুত্রক ॥ ৭১৮ ॥

অনুবাদ—মার্কণ্ডেয়পুরাণে মদালশ অলর্ক-সংবাদে বলা হইয়াছে—হে পুত্র! তুমি অসৎ ব্যক্তির সঙ্গে কথাবার্ত্তা, মিথ্যা বা কর্কশ বাক্য প্রয়োগ, অসৎ শাস্ত্রপাঠ, অসৎ ব্যক্তির সহিত তর্ক বিতর্ক ও অসৎ ব্যক্তির সেবা পরিত্যাগ করিবে ॥ ৭১৮ ॥

———

কেশপ্রসাধনাদর্শদর্শনং দন্তধাবনম্।
পূর্ব্বাহ্ণ এব কার্য্যাণি দেবতানাঞ্চ তর্পণম্ ॥ ৭১৯ ॥
উদক্যা দর্শনং স্পর্শং বর্জ্জেৎ সংভাষণন্তথা ॥৭২০॥
ন চাভীক্ষ্ণং শিরঃস্নানং কুর্য্যান্নিষ্কারণং নরঃ।
শিরঃস্নাতশ্চ তৈলেন নাঙ্গং কিঞ্চিদপি স্পৃশেৎ ॥৭২১

পন্থা দেয়ো ব্রাহ্মণানাং রাজ্ঞো দুঃখাতুরস্য চ।
বিদ্যাধিকস্য গুর্ব্বিণ্যা ভারার্ত্তস্য মহীয়সঃ ॥৭২২॥

অনুবাদ—কেশ সংস্কার, আয়নায় মুখ দেখা, দাঁত-মাজা ও দেবতর্পণ সকাল বেলাতেই করণীয়। রজঃস্বলারমণীর দর্শন, স্পর্শন ও সম্ভাষণ পরিত্যাগ করিবে। অকারণে পুনঃ পুনঃ শিরঃস্নান করিবে না। শিরঃস্নানের পর তেল মাখিবে না। ব্রাহ্মণ, রাজা, ক্ষুধাদিপীড়িত, রুগ্ন, বিদ্যাধিক, গুরুপত্নী, ভারবাহক ও বৈষ্ণবব্যক্তিকে পথ ছাড়িয়া দিবে ॥ ৭১৯-৭২২ ॥

টীকা—অসন্তম্ অসাধুম্, অসদ্ভির্বা সহ বাদং গোষ্ঠীমুদ্গ্রাহং বা। আদর্শো দর্পণস্তস্য দর্শনম্ ॥ ৭১৮-৭১৯ ॥

টীকা—বর্জ্জেৎ বর্জ্জয়েৎ ॥ ৭২০ ॥

টীকা—শিরঃস্নাতঃ কৃতশিরঃস্নানঃ সন্ অঙ্গং তৈলেন ন স্পৃশেৎ, ন লেপয়েৎ ॥ ৭২১ ॥

টীকা—দুঃখিনঃ ক্ষুধাদি-পীড়িতস্য আতুরস্য চ রুগ্নস্য। পাঠান্তরে রোগাদিদুঃখেন বিবশস্য, মহীয়সঃ বৈষ্ণবস্য ॥ ৭২২ ॥

মূকান্ধবধিরাণাঞ্চ মত্তস্যোন্মত্তকস্য চ।
পুংশ্চল্যাঃ কৃতবৈরস্য বালস্য পতিতস্য চ ॥ ৭২৩ ॥
উপানদ্বস্ত্রমাল্যানি ধৃতান্যন্যৈর্ন ধারয়েৎ।
উপবীতমলঙ্কারং কবলং চৈব বর্জ্জয়েৎ ॥ ৭২৪ ॥
ন ক্ষিপ্তবাহুজঙ্ঘশ্চ প্রাজ্ঞস্তিষ্ঠেৎ কদাচন।
ন চাপি বিক্ষিপেৎ পাদৌ বাসসী ন চ ধুনয়েৎ ॥৭২৫

অনুবাদ—বোবা, অন্ধ, কালা, মাতাল, পাগল, বেশ্যা, শত্রু, বালক ও পতিত লোককেও পথ ছাড়িয়া দিবে। অন্যের ব্যবহৃত পাদুকা, বস্ত্র ও মালা, অন্যের ব্যবহৃত যজ্ঞোপবীত, অলংকার ও গ্রাস পরিত্যাগ করিবে। জ্ঞানীব্যক্তি কখনও বাহু ও জঙ্ঘাবিস্তার করিয়া অবস্থিতি করিবেন না। স্নানের পর পরিধেয় উত্তরীয় বস্ত্র ঝাড়া এবং পাদোলান উচিত নহে ॥ ৭২৩-৭২৫ ॥

টীকা—উপবীতাদিকমন্যৈর্ধৃতং বর্জ্জয়েৎ; বাসসী পরিধানোত্তরীয়ে স্নাতঃ সন্ ন ধুনয়েৎ ন নর্ত্তয়েৎ, 'ন চাপি ধুনয়েৎ কেশান্' ইত্যেতদনন্তরোক্তেঃ। এবমন্যশ্লোকবর্ত্তপ্যয়ং শ্লোকপাদঃ পুনর্লিখনপরিহারার্থমত্র সংযোজ্য লিখিতঃ। অন্যথা তন্মধ্যবর্ত্তিনাং শ্রীবিষ্ণুপুরাণাদাবপ্যুক্তানাং পুনর্লিখনেন বৈয়র্থ্যাপত্তেঃ। এবমন্যদপ্যূহ্যম্। তচ্চ স্বয়মগ্রে মূলে পরিহার্য্যমেব ॥ ৭২৪-৭২৫ ॥

মূর্খোন্মত্তব্যসনিনো বিরূপান্ মায়িনস্তথা।
ন্যূনাঙ্গানধমাংশ্চৈব নোপহাসেন্ন দূষয়েৎ ॥ ৭২৬ ॥

অনুবাদ—মূর্খ, পাগল, বিপদাপন্ন, কুৎসিত, মায়াবী, অঙ্গহীন ও অধমব্যক্তিদের দেখিয়া উপহাস ও নিন্দা করিবে না ॥ ৭২৬ ॥

টীকা—উপহাসেৎ উপহসেৎ ॥ ৭২৬ ॥

পরস্য দণ্ডং নোদ্যচ্ছেৎ শিক্ষার্থং পুত্রশিষ্যয়োঃ।
নানুলেপনমাদদ্যাদস্নাতঃ স্নাতকী কৃচিৎ ॥ ৭২৭ ॥
ন চাপি রক্তবাসাঃ স্যাচ্চিত্রবাসোধরোঽপি বা।
ক্ষুরকর্ম্মণি চান্তে চ স্ত্রীসম্ভোগে চ পুত্রক।
স্নায়ীত চেলবান্ প্রাজ্ঞঃ কটভূমিমুপেত্য চ ॥ ৭২৮ ॥

অনুবাদ—অন্যের প্রতি দণ্ড উঠাইবে না, তবে পুত্র ও শিষ্যকে শিক্ষার জন্য তাহা ব্যবহার করা যাইতে পারে। অস্নাত বা স্নানোদ্যত ব্যক্তির শরীরে অনুলেপন দিবে না। হে পুত্র! লালকাপড় বা ছাপছোপ দেওয়া কাপড় পরিবে না। ক্ষৌরকর্ম্মের পর, স্ত্রীসহবাসের পর বা শ্মশানে গমনের পর কাপড়সহ স্নান করাই বিদ্বানব্যক্তির কর্ত্তব্য ॥ ৭২৭-৭২৮ ॥

টীকা—স্নাতকী স্নানার্থোদ্যতঃ ॥ ৭২৭ ॥

টীকা—চেলবান্ সচেল এব স্নায়াৎ; কটভূমিং শ্মশানম্ ॥ ৭২৮ ॥

যুগপজ্জলমগ্নিঞ্চ বিভৃয়ান্ন বিচক্ষণঃ।
নাচক্ষীত ধয়ন্তীং গাং জলং নাঞ্জলিনা পিবেৎ ॥৭২৯

অনুবাদ—পণ্ডিতব্যক্তি একইসময়ে জল ও আগুন ব্যবহার করিবেন না। বাছুর যখন দুধ খাইবে তখন গাভীকে অন্যের দৃষ্টিতে আনিবেন না। অঞ্জলিপুটে জলপান করিবেন না ॥ ৭২৯ ॥

শৌচকালেষু সর্ব্বেষু গুরুষ্বল্পেষু বা পুনঃ।
ন বিলম্বেত শৌচার্থং ন মুখেনানলং ধমেৎ ॥৭৩০॥

অনুবাদ—কম-বেশী যাহাই হউক শৌচকালে অযথা দেরী করা উচিত নহে। রান্না করার সময় মুখদিয়া আগুনে বাতাস দিতে নাই ॥ ৭৩০ ॥

বিপ্রুষো মক্ষিকাদ্যাশ্চ হস্তসঙ্গাদদোষিণঃ।
অজাশ্বৌ মুখতো মেধ্যৌ ন গোর্বৎসস্য চাননম্ ॥৭৩১
মাতুঃ প্রস্রবনে মেধ্যং শকুনিঃ ফলপাতনে।
উদক্যাশৌচিনগ্নাংশ্চ সূতিকান্ত্যাবসায়িনঃ।
স্পৃষ্ট্বা স্নায়ীত শৌচার্থং তথৈব মৃতহারিণঃ ॥৭৩২॥

অনুবাদ—মুখনিঃসৃত লালাবিন্দু এবং মক্ষিকা প্রভৃতি হস্তসংস্রবে দূষিত হয় না। অজ ও অশ্বের মুখ শুদ্ধ। গাভীর ও বৎসের মুখ শুদ্ধ নয়, তবে গাভীর দুগ্ধক্ষরণে বৎসের মুখ শুদ্ধ হয় ও ফল-পাতনে পক্ষী শুদ্ধ। রজঃস্বলা, সূচীকর্ম্মোপজীবী দরজী, নগ্ন, নবপ্রসূতা, যবন ও মৃতদেহ বহনকারী ইহাদিগকে স্পর্শ করিলে শুদ্ধ হওয়ার জন্য স্নানকরা উচিত ॥ ৭৩১-৭৩২ ॥

টীকা—ধয়ন্তীং জলং পিবন্তীং নাচক্ষীত, কস্মৈচিন্ন কথয়েৎ, নাহ্বয়েদিতি বার্থঃ; যদ্বা, বৎসং পায়য়ন্তীমিত্যর্থঃ। ন মুখেনানলং ধমেদিত্যেতৎ পাকাদিবিষয়ং, যচ্চ কৌর্ম্মে—'মুখেনৈব ধমেদগ্নিং মুখাদগ্নিং মুখাদগ্নিরজায়ত' ইতি তত্তু অগ্নিহোত্রাদি-বিষয়ম্ ॥ ৭২৯-৭৩০ ॥

টীকা—আননং মেধ্যং। মাতুর্ধেনোঃ। মেধ্যং বৎসস্যাননং, শকুনির্মেধ্যঃ ॥ ৭৩১-৭৩২ ॥

নারং স্পৃষ্ট্বাস্থি সস্নেহং স্নাতঃ শুধ্যতি মানবঃ।
আচম্যৈব তু নিঃস্নেহং গামালভ্যার্কমীক্ষ্য বা ॥৭৩৩

অনুবাদ—সরস নরাস্থি স্পর্শে মানুষ স্নান-করিলে তবে শুদ্ধ হইবে এবং, নীরস অস্থি স্পর্শ করিলে আচমন, গোস্পর্শ বা সূর্য্যদর্শন করিলেই শুদ্ধ হওয়া যায় ॥ ৭৩৩ ॥

টীকা—ঈক্ষ্য নিরীক্ষ্য ॥ ৭৩৩ ॥

ন চালপেজ্জনং দ্বিষ্টং বীরহীনাং তথা স্ত্রিয়ম্।
দেবতাতিথি-সচ্ছাস্ত্র-যজ্ঞ-সিদ্ধাদি-নিন্দকৈঃ ॥৭৩৪॥
কৃত্বা তু স্পর্শনালাপং শুধ্যেদর্কাবলোকনাৎ।
অবলোক্য তথোদক্যামন্ত্যজান্ পতিতং শঠম্।
বিধর্ম্মি-সূতিকাষণ্ঢবিবস্ত্রান্ত্যাবসায়িনঃ ॥ ৭৩৫ ॥
মৃতনির্য্যাতকাশ্চৈব পরদাররতাশ্চ যে।
এতদেব হি কর্ত্তব্যং প্রাজ্ঞৈঃ শোধনমাত্মনঃ ॥ ৭৩৬॥

অনুবাদ—জনবিদ্বেষী বা পতিপুত্রহীনা নারীর সহিত আলাপ করিবে না। দেবতা, অতিথি, সৎশাস্ত্র, যজ্ঞ ও সিদ্ধাদিনিন্দকের সঙ্গ বা তাহাদের সঙ্গে আলাপ অকর্ত্তব্য, করিলে সূর্য্যদর্শন করিয়া শুদ্ধ হইতে হয়। রজঃস্বলা, অন্ত্যজ, পতিত, ধূর্ত্ত, বিধর্ম্মী, নবপ্রসূতা, নপুংসক, বসনহীন ও যবন দর্শন ঘটিলেও সূর্য্য-দর্শনে শুদ্ধি ঘটিবে। মৃতনির্য্যাতক ও পরদাররত ব্যক্তিদিগকে দেখিলে বিচক্ষণ ব্যক্তি এইভাবেই আত্মশোধন করিবেন ॥ ৭৩৪-৭৩৬ ॥

টীকা—নালপেৎ ন সংভাষেৎ, লোকদ্বিষ্টং জনম্, অন্ত্যজান্ চণ্ডালাদীন্, বিবস্ত্রান্ নগ্নান্, অন্ত্যা-বসায়িনশ্চ যবনাদীন্ ॥ ৭৩৪-৭৩৫ ॥

টীকা—এতদেব অবলোকনমিত্যর্থঃ ॥ ৭৩৬ ॥

কিঞ্চ—

যচ্চাপি কুর্ব্বতো নাত্মা জুগুপ্সামেতি পুত্রক।
তৎ কর্ত্তব্যমশঙ্কেন যন্ন গোপ্যং মহাজনে ॥ ৭৩৭ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—যে কাজে আত্ম-গ্লানি হয় না, মহাজনসমক্ষে গোপনেরও প্রয়োজন হয় না সেইসব কাজ নির্ভয়ে সমাধা করিবে ॥৭৩৭॥

টীকা—কিং বহুনোক্তেন, সংক্ষেপতঃ কৃত্যং বর্জ্জ্যঞ্চ সর্ব্বং শৃণ্বিত্যাহ—যচ্চেতি। আত্মা মনঃ বর্জ্জ্যঞ্চ তদ্বিপরীতমেবেত্যর্থঃ ॥ ৭৩৭ ॥

ভবিষ্যোত্তরে শ্রীকৃষ্ণযুধিষ্ঠির-সংবাদে—

উপাসতে ন যে পূর্ব্বাং দ্বিজাঃ সন্ধ্যাং ন পশ্চিমাম্।
সর্ব্বাংস্তান্ ধার্ম্মিকো রাজা
শূদ্রকর্ম্মণি যোজয়েৎ ॥ ৭৩৮ ॥
দূরাদাবসথান্মূত্রং দূরাৎ পাদাবসেচনম্।
উচ্ছিষ্টোৎসর্জ্জনং ভূপ সদা কার্য্যং হিতৈষিণা ॥৭৩৯

উচ্ছিষ্টো ন স্পৃশেচ্ছীর্ষং সর্ব্বে প্রাণাস্তদাশ্রয়াঃ ।
কেশগ্রাহান্ প্রহারাংশ্চ শিরস্যেতানি বর্জ্জয়েৎ ।
ন পাণিভ্যামুভাভ্যাস্তু কণ্ডূয়াজ্জাতু বৈ শিরঃ ॥৭৪০॥

অনুবাদ—ভবিষ্যোত্তরে শ্রীকৃষ্ণ-যুধিষ্ঠির-সংবাদে বলা হইয়াছে—যেসব ব্রাহ্মণ প্রাতঃসন্ধ্যা বা স্বায়ং-সন্ধ্যার উপাসনা করে না, সেই ব্রাহ্মণদিগকে শূদ্র-কার্য্যে নিয়োগ করা ধার্ম্মিকরাজার কর্ত্তব্য। হে রাজন্! হিতৈষী লোক গৃহ হইতে দূরে মূত্রত্যাগ, পাদপ্রক্ষালন, উচ্ছিষ্ট দ্রব্য ফেলিবেন। উচ্ছিষ্টহাতে মাথায় হাত দেওয়া অনুচিত যেহেতু সমস্ত প্রাণই মাথার আশ্রয়ে অবস্থান করে। মাথার চুলে হাত দেওয়া বা মাথায় আঘাত করা নিষিদ্ধ। দুইহাতদিয়া কখনও মাথা চুলকাইতে নাই ॥ ৭৩৮-৭৪০ ॥

টীকা—শিরঃ আত্মন এব, ন পরস্যেতি বোদ্ধব্যং, 'ন সংহতাভ্যাং পাণিভ্যাং কণ্ডুয়াদাত্মনঃ শিরঃ' ইতি কৌর্ম্মোক্তেঃ ॥ ৭৪০ ॥

———

কিঞ্চ—

সুবাসিনীর্গুর্ব্বিণীশ্চ বৃদ্ধং বালাতুরৌ তথা ।
ভোজয়েৎ সংস্কৃতান্নেন প্রথমং চরমং গৃহী ॥৭৪১॥
অঘং স কেবলং ভুঙ্‌ক্তে বদ্ধে গোবাহনাদিকে ।
যো ভুঙ্‌ক্তে পাণ্ডবশ্রেষ্ঠ প্রেক্ষতামপ্রদায় চ ॥ ৭৪২ ॥
বর্জ্জয়েদ্দধিশক্তুঞ্চ রাত্রৌ ধানাশ্চ বাসরে ॥ ৭৪৩ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—গৃহস্থব্যক্তি নিজগৃহে অবস্থিত বিবাহিতা কন্যা, গর্ভবতী, বৃদ্ধ, বালক ও পীড়িত ব্যক্তিকে অগ্রে সংস্কৃত অন্ন ভোজন করাইয়া পরে নিজে ভোজন করিবেন।

হে পাণ্ডবশ্রেষ্ঠ! বাঁধা গরু ও ঘোড়াপ্রভৃতিকে অগ্রে জলাদি না দিয়া এবং যাহারা চাহিয়া আছে তাহাদিগকে খাদ্যবস্তু না দিয়া যাহারা ভোজন করে, তাহারা কেবল পাপ ভোজন করিয়া থাকে। রাত্রিতে দধি ও ছাতু এবং দিনেরবেলা যব ভোজন করা অনুচিত ॥ ৭৪১-৭৪৩ ॥

টীকা—সুবাসিনীঃ স্বগৃহবর্ত্তিবিবাহিতকন্যাঃ; চরমং পশ্চাৎ গৃহী ভুঞ্জীত। বাহনমশ্বঃ, আদিশব্দাৎ বৎসবৃষাদিঃ, তান্ প্রতি জলাদিকমদত্ত্বেত্যর্থঃ ॥৭৪১-৭৪২ ॥

———

কিঞ্চ—

স্রজশ্চনাবকর্ষেত ন বহির্ধারয়েত চ ।
গৃহে পারাবতা ধন্যাঃ শুকাশ্চ সহসারিকাঃ ॥৭৪৪॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—নিজে ফুলের মালা টানিয়া ছিঁড়িবে না কিংবা গলাব্যতীত অন্যত্র ধারণ করিবে না। বাড়ীতে পায়রা, সারিকা ও শুক-পক্ষীকে পালন করিবে, যেহেতু উহারা গৃহের মঙ্গলকর ॥ ৭৪৪ ॥

———

কৌর্ম্মে ব্যাসগীতায়াম্—

তৃণং বা যদি বা শাকং মূলং বা জলমেব বা ।
পরস্যাপহরন্ জন্তুর্নরকং প্রতিপদ্যতে ॥ ৭৪৫ ॥
ন রাজ্ঞঃ প্রতিগৃহ্ণীয়ান্ন শূদ্রাৎ পতিতাদপি ।
নান্যস্মাদ্‌যাচকত্বঞ্চ নিন্দিতাদ্বর্জ্জয়েদ্বুধঃ ॥ ৭৪৬ ॥

অনুবাদ—কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় বলা হইয়াছে—তৃণ, শাক, মূল কিংবা জল অপহরণকারীর নরকে বাস হয়। বিচক্ষণব্যক্তি রাজা, শূদ্র বা পতিত-জনের নিকট হইতে দান লইবেন না। এবং অন্য নিন্দিতলোকের নিকট কিছু চাহিবেন না॥৭৪৫-৭৪৬

———

নিত্যং যাচনকো ন স্যাৎ পুনস্তত্রৈব যাচয়েৎ ।
প্রাণানপহরত্যেষ যাচকস্তস্য দুর্ম্মতিঃ ॥ ৭৪৭ ॥
ন দেবদ্রব্যহারী স্যাদ্বিশেষেণ দ্বিজোত্তমাঃ ।
ব্রহ্মস্বং চ নাপহরেদাপদ্যপি কদাচন ॥ ৭৪৮ ॥
ন বিষং বিষমিত্যাহুর্ব্রহ্মস্বং বিষমুচ্যতে ।
দেবস্বং বাপি যত্নেন সদা পরিহরেত্ততঃ ॥ ৭৪৯ ॥

অনুবাদ—নিত্যকাল ভিক্ষাকরা অনুচিত। একবার যাহার নিকট কিছু চাওয়া হইয়াছে পুনরায় তাহার নিকট চাহিতে নাই, তাহাতে ঐ দুষ্টবাচক দাতার প্রাণাপহারক হয়। হে বিপ্রগণ! বিশেষ করিয়া কখনও দেবতার দ্রব্য অপহরণ করিবে না, অত্যন্ত বিপদাপন্ন হইলেও ব্রাহ্মণের জিনিষ চুরি করা উচিত নয়, বিদ্বানব্যক্তিগণ বিষকে বিষ বলেন না, ব্রাহ্মণের দ্রব্যকেই বিষ বলেন এবং দেবতার দ্রব্যও তাহাই সুতরাং সর্ব্বদা সযত্নে ব্রহ্মস্ব ও দেবস্ব অপহরণ পরিত্যাগ করিবে ॥ ৭৪৭-৭৪৯ ॥

———

ন ধর্ম্মস্যাপদেশেন পাপং কৃত্বা ব্রতং চরেৎ।
ব্রতেন পাপং প্রচ্ছাদ্য কুর্ব্বন্ স্ত্রীশূদ্রদম্ভনম্।
প্রেত্যেহ চেদৃশো বিপ্রো গর্হ্যেত ব্রহ্মবাদিভিঃ ॥৭৫০
দেবদ্রোহাদ্গুরুদ্রোহঃ কোটিকোটিগুণাধিকঃ।
জ্ঞানাপবাদো নাস্তিক্যং
তস্মাৎ কোটিগুণাধিকম্ ॥ ৭৫১ ॥

অনুবাদ—ধর্ম্মের ছলে পাপাচরণ করিয়া ব্রত করিবে না। ব্রতাচরণের সময় পাপকে আড়াল করিয়া স্ত্রী ও শূদ্রজনকে ঠকাইলে ব্রহ্মবাদী ঋষিগণ এইপ্রকার ব্রাহ্মণের ইহ ও পরকালকে নিন্দা করিয়া থাকেন। দেবদ্রোহ অপেক্ষা গুরুদ্রোহ কোটিকোটি গুণ বেশী। গুরুদ্রোহ অপেক্ষা জ্ঞানাপবাদ ও নাস্তিকতা কোটিগুণ বেশী ॥ ৭৫০-৭৫১ ॥

টীকা—ধানা ভৃষ্টযবাংশ্চ দিবসে বর্জ্জয়েৎ ন খাদেৎ, তৎ কারণং চোক্তত্রৈব—'দিবা ধানাসু বসতি রাত্রৌ চ দধিশক্তুষু। অলক্ষ্মীঃ কোবিদারেষু নিত্যমেব কৃতালয়া ॥' ইতি নাবকর্ষেৎ স্বয়মাকৃষ্য ন ছিন্দ্যাদিত্যর্থঃ। স্বয়ং নোত্তারয়েদিতি কেচিদাহুঃ। ধন্যাঃ তে তত্র রক্ষ্যা ইত্যর্থঃ। অতস্তত্রৈবার্ধপদ্যম্—'ভবন্ত্যেতে ন পাপায় যথা বৈ তৈলপায়িকাঃ' ইতি। তৃণাদিকমপহরন্ নরকং যাতি। যচ্চোক্তমত্রৈব—'পুষ্পে শাকোদকে কাষ্ঠে তথা মূলে ফলে তৃণে। অদত্ত্বা দানমস্তেয়ং মনুরাহ' ইতি, তচ্চ ধর্ম্মার্থমেবেত্যবিরুদ্ধম্। যতস্তত্রৈবাগ্রে—'তৃণং কাষ্ঠং ফলং পুষ্পং প্রকাশং বৈ হরেদ্বুধঃ। ধর্ম্মার্থং কেবলং বিপ্রা হ্যন্যথা পতিতো ভবেৎ ॥' ইতি। স্ত্রীশূদ্রয়োর্দম্ভনং বঞ্চনং কুর্ব্বন্, তয়োরজ্ঞত্বেন বঞ্চনসম্ভবাৎ। যদ্বা, স্ত্রীশূদ্রবৎ কপটং কুর্ব্বন্ ॥ ৭৪৩-৭৫০ ॥

টীকা—জ্ঞানং শাস্ত্রং তস্য অপবাদঃ খণ্ডনং নিন্দা বা ॥ ৭৫১ ॥

———

কিঞ্চ—

হিমবদ্বিন্ধ্যয়োর্মধ্যে পূর্ব্বপশ্চিময়োঃ শুভম্।
মুক্ত্বা সমুদ্রয়োর্দেশং নান্যত্র নিবসেদ্দ্বিজঃ ॥ ৭৫২ ॥
কৃষ্ণো বা যত্র চরতি মৃগো নিত্যং স্বভাবতঃ।
পুণ্যাশ্চ বিশ্রুতা নদ্যস্তত্র বা নিবসেদ্দ্বিজঃ।
অর্দ্ধক্রোশান্নদীকূলং বর্জ্জয়িত্বা দ্বিজোত্তমাঃ ॥৭৫৩॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—হিমালয় ও বিন্ধ্যপর্ব্বত এই দুইএর মধ্যে পূর্ব্ব ও পশ্চিমসমুদ্রের মধ্যগত পবিত্রস্থান পরিত্যাগ করিয়া অন্যত্র বাস ব্রাহ্মণের কর্ত্তব্য নহে। যেখানে নিত্যস্বভাবতঃ কৃষ্ণসার মৃগ বিচরণ করে, যেখানে পুণ্য সলিলা নদী সকল রহিয়াছে, অর্দ্ধক্রোশ পরিমাণ নদীতীর ত্যাগ করিয়া সেখানে ব্রাহ্মণগণের বাসকরা উচিত ॥৭৫২-৭৫৩ ॥

টীকা—কথং নিবসেৎ? তত্রাহ—অর্দ্ধেতি ॥৭৫৩

———

কিঞ্চ—

অগ্নিনা ভস্মনা চৈব সলিলেন বিশেষতঃ।
দ্বারেণ স্তম্ভমার্গেণ পড়্ক্তিঃ পঙ্ক্তিবিভিদ্যতে।
পরক্ষেত্রে চরন্তীং গাং ন চাচক্ষীত কস্যচিৎ ॥৭৫৪॥
ন সূর্য্যপরিবেশং বা নেন্দ্রচাপং ন চাগ্নিকম্।
পরস্মৈ কথয়েদ্বিদ্বান্ শশিনং বা কথঞ্চন।
তিথিং পক্ষস্য ন ব্রূয়ান্নক্ষত্রাণি বিনির্দ্দিশেৎ ॥৭৫৫॥
ন দেবগুরুবিপ্রাণাং দীয়মানন্তু বারয়েৎ।
নিন্দয়েদ্যো গুরূন্ দেবান্ বেদং বা সোপবৃংহণম্।
কল্পকোটিশতং সাগ্রং রৌরবে পচ্যতে নরঃ ॥ ৭৫৬ ॥
তূষ্ণীমাসীত নিন্দায়াং ন ব্রূয়াৎ কিঞ্চিদুত্তরম্।
কর্ণৌ পিধায় গন্তব্যং ন চৈনমবলোকয়েৎ ॥ ৭৫৭ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—যদি এমন অবস্থা হয় যে পতিত বা সেইপ্রকার লোকেদের সহিত ভোজন করিতে হয়, তাহা হইলে অগ্নি, ভস্ম, জল, দ্বার, স্তম্ভ ও পথ এই ছয়টিকে বিশেষভাবে মধ্যস্থ রাখিলে পঙ্ক্তিদোষ হইবে না। অপরের জমিতে গাভী চরিতেছে দেখিয়া কাহাকেও বলা উচিত নহে। বিদ্বানব্যক্তি সূর্য্যের পরিধি, ইন্দ্রধনু, রক্তকীট ও চন্দ্র এইসকল দেখিয়া কাহাকেও বলিবেন না। অন্যকে কোন পক্ষ, তিথি কিংবা নক্ষত্র তাহা নির্দ্দেশ করিয়া বলা উচিত নহে। দেব, গুরু ও বিপ্রগণকে কেহ কিছু দান করিতে উদ্যত হইলে তাঁহাকে সেই বিষয়ে নিষেধ করিতে নাই, যেলোক দেবতা, গুরু, বেদ ও স্মৃতিশাস্ত্রকে নিন্দা করে সে কল্পকোটিশতেরও বেশী সময় রৌরব নরকস্থ হইয়া যাতনা ভোগ করে। উহাদের নিন্দাবাদ শুনিলে নীরবে থাকিতে হয় কোন

উত্তরই করিতে নাই। কানে হাত দিয়া সেখান হইতে দূরে সরিয়া যাওয়া উচিত, সেই নিন্দুকের মুখদর্শন করিবে না ॥ ৭৫৪-৭৫৭ ॥

টীকা—পতিতাদিভিঃ সহ একশয্যাসনভোজনাদিনা সঙ্করদোষাপত্তেঃ, সহভোজনাদিকং পূর্ব্বং নিষিদ্ধং, তত্র কদাচিৎ সহভোজনে ভস্মাদিনা পঙ্‌ক্তিভেদাৎ সঙ্করদোষাপলাপঃ স্যাদিত্যাহ—অগ্নিনেতি। পঙ্‌ক্তিঃ ত্রি-চতুরৈঃ পদৈঃ। ষড়্‌ভিরিতি পাঠে অগ্ন্যাদিভিঃ ষড়্‌ভিঃ ॥ ৭৫৪ ॥

টীকা—তিথিং পরস্মৈ যৎ কিঞ্চিৎ ন ব্রূয়াৎ, অন্যথা গণকবৃত্ত্যাপত্তেঃ। এবমগ্রেঽপি ॥ ৭৫৫ ॥

টীকা—দেবাদিভ্যো দীয়মানং যৎ কিঞ্চিদ্দেয়ম্, উপবৃংহণানি পুরাণাগমস্মৃত্যাদিশাস্ত্রাণি, তৎসহিতম্ ॥ ৭৫৬ ॥

টীকা—এতান্ নিন্দকান্, এনমিতি বা পাঠঃ ॥৭৫৭

বর্জ্জয়েদ্বৈ রহস্যঞ্চ পরেষাং গূহয়েদ্বুধঃ।
বিবাদং স্বজনৈঃ সার্দ্ধং ন কুর্য্যাদ্বৈ কদাচন ॥ ৭৫৮॥
ন পাপং পাপিনং ব্রূয়াদপাপং বা দ্বিজোত্তমাঃ ॥৭৫৯

অনুবাদ—জ্ঞানবান্ ব্যক্তি অন্যের বিষয়ে কৌতূহলী হইবেন না এবং অনিষ্ট গোপন করিবেন, কখনও আত্মীয় প্রভৃতি ঘনিষ্ট জনের সহিত বিবাদ করিবেন না। হে বিপ্রশ্রেষ্ঠগণ! অত্যন্ত পাপকারীকেও পাপী বা পাপশূন্য বলা উচিত নহে ॥ ৭৫৮-৭৫৯ ॥

টীকা—রহস্যং রহঃকৃত্যং পরানিষ্টাদি ॥৭৫৮॥

টীকা—পাপং অত্যন্তপাপকর্ত্তারমপি জন পাপিনমিতি ন ব্রূয়াৎ ॥ ৭৫৯ ॥

নেক্ষেতোদ্যন্তমাদিত্যং শশিনং বা নিমিত্ততঃ ॥৭৬০॥
নাস্তং যান্তং ন বারিস্থং নোপসৃষ্টং ন মধ্যগম্।
তিরোহিতং বাসসা বা ন দর্শান্তরগামিনম্ ॥ ৭৬১॥

অনুবাদ—সূর্য্যোদয় বা চন্দ্রোদয়ের সময় কোনও কারণে তাঁহাদের প্রতি দৃষ্টিপাত করিতে নাই। অস্তগমনে উন্মুখ, জলে প্রতিবিম্বিত, রাহুগ্রস্ত, মধ্যগামী, বস্ত্রাবৃত ও দর্পণমধ্যে প্রতিবিম্বিত সূর্য্য বা চন্দ্র দ্রষ্টব্য নহে ॥ ৭৬০-৭৬১ ॥

টীকা—নিমিত্ততঃ কেনাপি হেতুনেতি, অতোঽকস্মাদ্দর্শনে ন দোষ ইতি ভাবঃ ॥ ৭৬০ ॥

টীকা—উপসৃষ্টং রাহুগ্রস্তং মণ্ডলাদিব্যাপ্তং বা ॥ ৭৬১ ॥

নগ্নাং স্ত্রিয়ং পুমাংসংবা পুরীষং মূত্রমেব বা।
পতিত-ব্যঙ্গ-চাণ্ডালানুচ্ছিষ্টাম্নাবলোকয়েৎ ॥ ৭৬২ ॥
ন মুক্তবন্ধনাং গাং বা নোন্মত্তং মত্তমেব বা।
স্পৃশেন্ন ভোজনে পত্নীং
নৈনামীক্ষেত মেহতীম্ ॥ ৭৬৩ ॥

অনুবাদ—নগ্ন পুরুষ, নগ্না স্ত্রী, বিষ্ঠা, মূত্র, পতিত, বিকলাঙ্গ, চাণ্ডাল ও উচ্ছিষ্টের প্রতি দৃষ্টি দেওয়া উচিত নহে। যে গাভী বন্ধন হইতে মুক্ত, যে লোক উন্মত্ত বা মত্ত হইয়াছে তাহাদিগকে স্পর্শ করিতে নাই। ভোজনসময়ে পত্নীকে স্পর্শ করিবে না এবং মলমূত্র ত্যাগকারিণী ভার্য্যার প্রতিও দৃষ্টিপাত করিবে না ॥ ৭৬২-৭৬৩ ॥

টীকা—পুমাংসং বা নগ্নং, পুরীষং মূত্রমন্যদীয়ং স্বকীয়ঞ্চ, তথা চ কৌর্ম্মে—'ন পশ্যেদাত্মনঃ শকৃৎ' ইতি ॥ ৭৬২ ॥

টীকা—ভোজনে তৎসময়ে আত্মনঃ পত্ন্যা বা ॥৭৬৩

ক্ষুবন্তীং জৃম্ভমাণাং বা নাসনস্থাং যথাসুখম্।
নোদকে চাত্মনো রূপং নকুলং শ্বভ্রমেব বা ॥ ৭৬৪॥
ন শূদ্রায় মতিং দদ্যাৎ কৃষরং পায়সং দধি।
নোচ্ছিষ্টং বা ঘৃতমধু ন চ কৃষ্ণাজিনং হবিঃ ॥৭৬৫

অনুবাদ—পত্নীর হাঁচি বা হাই তোলার সময় এবং সে সুখাসীন থাকিলে তাহাকে দেখিতে নাই। জলমধ্যে নিজের প্রতিবিম্ব, নকুল ও গর্ত্তের প্রতি দৃষ্টিপাত করা উচিত নহে। শূদ্রকে বুদ্ধি, কৃষর পায়স, দই, এঁঠো ঘি ও মধু, কৃষ্ণসার-মৃগচর্ম্ম ও যজ্ঞীয়দ্রব্য দিতে নাই ॥ ৭৬৪-৭৬৫ ॥

টীকা—রূপাদিকঞ্চ নেক্ষেতেতি পূর্ব্বেণান্বয়ঃ ॥৭৬৪

টীকা—হবিঃ—যজ্ঞীয়দ্রব্যম্ ॥ ৭৬৫ ॥

ন কুর্য্যাৎ কস্যচিৎ পীড়াং সুতং শিষ্যঞ্চ তাড়য়েৎ।
নাত্মানমবমন্যেত দৈন্যং যত্নেন বর্জ্জয়েৎ।
ন চ শিষ্যান্নং সৎকুর্য্যান্নাত্মানং শংসয়েদ্বুধঃ ॥৭৬৬॥

অনুবাদ—বিচক্ষণব্যক্তি কাহাকেও পীড়ন করিবেন না। প্রয়োজনে পুত্র ও শিষ্যকে কেবল তাড়না করা যায়। আত্মার অসম্মান করিবেন না, সযত্নে দীনতা বর্জ্জন করিবেন। নিজের শাসন, সম্মান ও প্রশংসা করিবেন না ॥ ৭৬৬ ॥

টীকা—শংসয়েৎ প্রশংসয়েদিত্যর্থঃ, স্তাবয়েদিতি বা ॥ ৭৬৬ ॥

ন নদীঞ্চ নদীং ব্রূয়াৎ পর্ব্বতেষু ন পর্ব্বতম্।
আবসেত্তেন নৈবাপি যস্ত্যজেৎ সহবাসিনম্ ॥ ৭৬৭ ॥

অনুবাদ—নদীকে নদী ও পর্ব্বতকে পর্ব্বত বলিতে নাই কিন্তু গঙ্গা, কালিন্দী ইত্যাদি বলিতে হইবে। সহবাসী ত্যাগকারী ব্যক্তির সহিত বাস করিতে নাই ॥ ৭৬৭ ॥

টীকা—নদীং ন ব্রূয়াৎ, কিন্তু গঙ্গামিতি কালিন্দীমিতি চেত্যেবং ব্রূয়াদিত্যর্থঃ। এবমগ্রেঽপি ॥৭৬৭॥

শিরোঽভ্যাঙ্গাবশিষ্টেন তৈলেনাঙ্গং ন লেপয়েৎ।
রোমাণি চ রহস্যানি স্বানি খানি ন চ স্পৃশেৎ ॥৭৬৮
ন পাণিপাদবাঙ্‌নেত্র-চাপলানি সমাশ্রয়েৎ।
নাভিহন্যাজ্জলং পদ্ভ্যাং পাণিনা ন কদাচন ॥ ৭৬৯ ॥
ন ঘাতয়েদিষ্টকাভিঃ ফলানি ন ফলেন চ।
ন ম্লেচ্ছভাষণং শিক্ষেন্ন কর্ষেচ্চ পদাসনম্ ॥৭৭০।
নোৎসঙ্গে ভক্ষয়েদ্ভক্ষ্যান্ গাঞ্চ সংবেশয়েন্ন হি।
নাক্ষৈঃ ক্রীড়েন্ন ধাবেত স্ত্রীভির্বিবাদং ন চাচরেৎ ॥৭৭১॥

অনুবাদ—মাথায় দেওয়া তৈলের অবশিষ্ট লইয়া শরীরে মাখিবে না, গুহ্যরোমরাজি ও ইন্দ্রিয়চ্ছিদ্রাদি স্পর্শ করিতে নাই। হস্ত, পদ, বাক্য ও নেত্র ইত্যাদিদিগকে অচঞ্চল রাখিবে। পা ও হাত দিয়া কখনও জলে আঘাতকরা উচিত নহে। ইষ্টক বা ফলদ্বারা ফলে আঘাত করিবে না। ম্লেচ্ছজনের ভাষা শিখিবে না। পদদ্বারা আসন আকর্ষণ করিবে না। কোলে ভোজনদ্রব্য রাখিয়া ভোজন করিবে না। গাভীর সহিত সুরতকার্য্যে প্রবৃত্ত হইবে না। অক্ষ লইয়া খেলা করিবে না। দৌড়াইবে না। স্ত্রীলোকদিগের সহিত বিবাদ করিবে না ॥ ৭৬৮-৭৭১ ॥

টীকা—খানি ইন্দ্রিয়চ্ছিদ্রাণি ন স্পৃশেৎ আচমনব্যতিরিক্তকাল ইতি জ্ঞেয়ম্ ॥ ৭৬৮ ॥

ন দন্তৈর্নখলোমানি ছিন্দ্যাৎ সুপ্তং ন বোধয়েৎ।
ন বালাতপমাসেবেৎ প্রেতধূমং বিবর্জ্জয়েৎ ॥ ৭৭২॥

অনুবাদ—দাঁত দিয়া নখ বা রোম ছেদন করিতে নাই। ঘুমন্তব্যক্তিকে জাগাইবে না, প্রাতকালের বালসূর্য্যাতপ বা কন্যারাশিস্থ রবিকিরণ সেবন করিবে না, চিতার ধূম গ্রহণ করিবে না ॥ ৭৭২ ॥

টীকা—বালাতপং উদ্যদ্রবিরশ্মিতাপম্। যদ্বা, বালা কন্যা, তদ্রাশিগতসূর্য্যতাপমিত্যর্থঃ ॥ ৭৭২ ॥

নৈকঃ সুপ্যাৎ শূন্যগৃহে স্বয়ং নোপানহৌ হরেৎ।
নাকারণাদ্বা নিষ্ঠীবেন্ন বাহুভ্যাং নদীং তরেৎ ॥৭৭৩॥
ন পাদক্ষালনং কুর্য্যাৎ পাদেনৈব কদাচন।
নাগ্নৌ প্রতাপয়েৎ পাদৌ ন কাংস্যে ধারয়েদ্বুধঃ ॥৭৭৪

অনুবাদ—শূন্যগৃহে একাকী শয়ন পণ্ডিতলোকের পক্ষে অনুচিত। স্বয়ং পাদুকাবহন করিবেন না, অকারণে থুতু ফেলিবেন না। বাহুদ্বয় সাহায্যে নদী পার হইবেন না। কখনও পদদ্বারা পদক্ষালন করিবেন না। আগুনে পা সেঁকা এবং কাঁসার বাসনে পা রাখা নিষিদ্ধ ॥ ৭৭৩-৭৭৪ ॥

টীকা—হরেৎ বহেৎ, বহেদিত্যেব বা পাঠঃ ॥৭৭৩

নাভিপ্রতারয়েদ্দেবান্ ব্রাহ্মণান্ গামথাপি বা।
ন স্পৃশেৎ পাণিনোচ্ছিষ্টো বিপ্রা গো-ব্রাহ্মণানলান্।
ন চৈবান্নং পদা বাপি ন দেবপ্রতিমাং স্পৃশেৎ ॥৭৭৫

অনুবাদ—হে বিপ্রগণ! গো, ব্রাহ্মণ ও দেবতা এ সকলকে প্রতারণা করা উচিত নয়। উচ্ছিষ্টাবস্থায় গো, ব্রাহ্মণ ও অগ্নি হস্তস্পর্শ করিতে নাই; পদদ্বারা অন্ন বা দেবপ্রতিমা স্পর্শ করিবে না ॥ ৭৭৫ ॥

টীকা—পাণিনা ন স্পৃশেৎ, হে বিপ্রাঃ, উচ্ছিষ্টঃ সন্ দেবপ্রতিমাঞ্চ ন স্পৃশেৎ ॥ ৭৭৫ ॥

নোত্তরেদনুপস্পৃশ্য প্রবন্তীং নো ব্যতিক্রমেৎ।
চৈত্যবৃক্ষং নৈব ছিন্দ্যান্নাপ্সু ষ্ঠীবনমুৎসৃজেৎ।
ন চাগ্নিং লঙ্ঘয়েদ্ধীমান্ নোপদধ্যাদধঃ কৃচিৎ॥৭৭৬

অনুবাদ—নদী ক্ষুদ্র হইলেও আচমন না করিয়া পার হইবেন না, চৈত্যবৃক্ষকে লঙ্ঘন করিবে না বা ছেদন করিবে না। জলে থুতু ফেলিবে না, অগ্নিকে লঙ্ঘন করা বা অধোদেশে স্থাপন করা বুদ্ধিমানের পক্ষে অনুচিত ॥ ৭৭৬ ॥

টীকা—অনুপস্পৃশ্য অনাচম্য ; প্রবন্তীং নদীৎ ক্ষুদ্রামপি ন লঙ্ঘয়েৎ ॥ ৭৭৬ ॥

ন চৈনং পাদতঃ কুর্য্যাৎ তিলবদ্ধং নিশি ত্যজেৎ।
ন কূপমবরোহেত নাচক্ষীতাশুচিঃ কৃচিৎ ॥ ৭৭৭ ॥
অগ্নৌ ন প্রক্ষিপেদগ্নিং নাদ্ভিঃ প্রশময়েত্তথা।
সুহৃন্মরণমার্ত্তিং বা ন স্বয়ং শ্রাবয়েৎ পরান্।
অপণ্যমথ পণ্যং বা বিক্রয়ং ন প্রযোজয়েৎ॥ ৭৭৮॥

অনুবাদ—আগুনে পা দিবে না, রাত্রিকালে তিলমিশ্রিত ভক্ষ্য দ্রব্য ভোজন করিবে না, কূপমধ্যে প্রবেশ করিবে না. অশুচি অবস্থায় কোন বাক্যই বলিবে না, অগ্নিতে অগ্নি প্রক্ষেপণ বা জলদিয়া আগুন নিভাইবে না, বন্ধুর মৃত্যুসংবাদ বা অন্য কোনপ্রকার মনঃপীড়ার সংবাদ অন্যের নিকটে স্বয়ং শুনাইবে না। অবিক্রেয় বা বিক্রেয় বস্তু বিক্রয় করিবে না ॥৭৭৭-৭৭৮ ॥

টীকা—তিলৈর্বদ্ধং দ্রব্যং মোদকাদি ত্যজেৎ, ন ভক্ষয়েৎ, নাচক্ষীত কিঞ্চিদপি ন বদেৎ ॥ ৭৭৭ ॥

টীকা—অপণ্যম্ অবিক্রেয়ং বিক্রয়ং ন প্রযোজয়েৎ, ন বিক্রীণীয়াদিত্যর্থঃ ॥ ৭৭৮ ॥

পুণ্যস্থানোদকস্থানে সীমান্তং বা কৃষেন্ন তু।
ন ভিন্দ্যাৎ পূর্ব্বসময়ং সত্যোপেতং কদাচন ॥৭৭৯॥
পরস্পরং পশূন্ ব্যালান্ পক্ষিণো ন চ যোধয়েৎ।
কারয়িত্বা স্বকর্ম্মাণি কারূন্ বিদ্বান্ ন বঞ্চয়েৎ ॥৭৮০
বহির্গন্ধঞ্চ কুদ্বারপ্রবেশঞ্চ বিবর্জ্জয়েৎ।
নৈকশ্চরেৎ সভাং বিপ্রঃ সমবায়ঞ্চ বর্জ্জয়েৎ ॥৭৮১॥

অনুবাদ—পুণ্যস্থান, জলস্থান, ও সীমান্তস্থান কর্ষণ করিবে না। সত্যবদ্ধ পূর্ব্ব প্রতিজ্ঞা কখনও ভঙ্গ করা উচিত নহে। পশু, সর্প ও পক্ষিসকলকে পরস্পর যুদ্ধ করাইবে না, নিজের কাজ করাইয়া কাহাকেও বঞ্চনা করা কখনও বিদ্বান্ ব্যক্তিগণের কর্ত্তব্য নহে। বহির্গন্ধ ও কুদ্বারে প্রবেশ পরিত্যাগ করিবে। সভায় একাকী যাওয়া বিপ্রের পক্ষে নিষিদ্ধ এবং বহুলোকের সহিত বাসও নিষিদ্ধ ॥৭৭৯-৭৮১॥

টীকা—কারূন্ শিল্পিনঃ কর্ম্মকরানিত্যর্থঃ ॥৭৮০॥

টীকা—সমবায়ং বহুভিঃ সহ সদৈকবাসম্ ॥৭৮১

ন বীজয়েদ্বা বস্ত্রেণ ন দেবায়তনে স্বপেৎ।
নাগ্নিগোব্রাহ্মণাদীনামন্তরেণ ব্রজেৎ কৃচিৎ ॥ ৭৮২ ॥
নাক্রামেৎ কামতশ্ছায়াং ব্রাহ্মণানাং গবামপি।
স্বান্তু নাক্রাময়েচ্ছায়াং পতিতাদ্যৈর্ন রোগিভিঃ।
বর্জ্জয়েন্মার্জ্জনীরেণু-বস্ত্রস্নান-ঘটোদকম্ ॥ ৭৮৩ ॥

অনুবাদ—কাপড় দিয়া হাওয়া করিবে না, দেবমন্দিরে শয়ন করিবে না, কখনও অগ্নি, গো ও ব্রাহ্মণের মধ্যদিয়া যাইবে না, ইচ্ছাপূর্ব্বক ব্রাহ্মণ ও গরুর ছায়া লঙ্ঘন করা উচিত নয়. পতিতাদি বা রোগগ্রস্ত ব্যক্তিদিগকে নিজের ছায়া লঙ্ঘন করিতে দিতে নাই। মার্জ্জনীধূলি, কাপড়নিংড়ান জল এবং স্নান-ঘটের জল বর্জ্জন করিবে ॥ ৭৮২-৭৮৩ ॥

টীকা—বস্ত্রোদকং স্নানঘটোদকঞ্চ ॥ ৭৮৩ ॥

নাশ্নীয়াৎ পয়সা তক্রং ন বীজান্যপবীজয়েৎ।
বিবৎসায়াশ্চ গোঃ ক্ষীরমৌষ্ট্রং বা নির্দ্দশস্য চ।
আবিকং সন্ধিনীক্ষীরমপেয়ং মনুরব্রবীৎ ॥ ৭৮৪ ॥

অনুবাদ—দুধের সঙ্গে ঘোল মিশাইয়া খাইবে না। বীজকে উপবীজন করিতে নাই। বৎসহীন গাভীর দুগ্ধ ও মেয়ে উটের দুগ্ধ কিংবা যাহার প্রসবকাল হইতে দশদিন পার হয় নাই এইরূপ গাভীর দুগ্ধ, মেষদুগ্ধ বা বৃষভাক্রান্ত ধেনুর দুগ্ধ মনুর মতে পানযোগ্য নহে ॥ ৭৮৪ ॥

টীকা—অনির্দ্দশস্য অনিষ্ক্রান্তদশদিনস্য বৎসস্য ভক্ষ্যং যৎ ক্ষীরং তদিত্যর্থঃ, দশদিনমধ্যেঽপেয়ত্বাৎ; সন্ধিনী বৃষভাক্রান্তা গোস্তস্যাঃ ক্ষীরং ॥ ৭৮৪ ॥

হন্তকারমথাগ্র্যং বা ভিক্ষাং বা শক্তিতো দ্বিজঃ।
দদ্যাদতিথয়ে নিত্যং বুধ্যেত পরমেশ্বরম্ ॥ ৭৮৫ ॥
ভিক্ষামাহুর্গ্রাসমাত্রমগ্র্যং তস্মাচ্চতুর্গুণম্।
পুষ্কলং হন্তকারস্তু তচ্চতুর্গুণমিষ্যতে ॥ ৭৮৬ ॥

অনুবাদ—ব্রাহ্মণ প্রত্যহ যথাশক্তি, হন্তকার, অগ্র্য বা ভিক্ষাদ্রব্য অতিথিকে দিবেন এবং ঐ অতিথিকে পরমেশ্বরবৎ মনে করিবেন। পণ্ডিতগণ গ্রাসমাত্র বস্তুকে ভিক্ষা তাহার চারি গুণকে অগ্র্য এবং অগ্র্যের চারিগুণকে হন্তকার বলিয়া নির্দ্ধারণ করিয়াছেন ॥ ৭৮৫-৭৮৬ ॥

মার্কণ্ডেয়ে—
ভোজনং হন্তকারং বা অগ্র্যং ভিক্ষামথাপি বা।
অদত্ত্বা তু ন ভোক্তব্যং যথাবিভবমাত্মনঃ ॥ ৭৮৭ ॥

অনুবাদ—মার্কণ্ডেয় পুরাণে বলা হইয়াছে—নিজের সম্পদের তারতম্য অনুযায়ী অতিথিকে হন্তকার, অগ্র অথবা ভিক্ষা না দিয়া ভোজন করিতে নাই ॥ ৭৮৭ ॥

কাশীখণ্ডে—
নৈবোৎকটাসনেঽশ্নীয়ান্নাগ্নৌ বস্ত্বশুচি ক্ষিপেৎ।
শ্রাদ্ধং কৃত্বা পরশ্রাদ্ধে যোঽশ্নীয়াজ্জ্ঞানবর্জ্জিতঃ।
দাতুঃ শ্রাদ্ধফলং নাস্তি ভোক্তা
কিল্বিষভুগ্‌ভবেৎ ॥ ৭৮৮ ॥
নোৎপাটয়েল্লোমনখং দশনেন কদাচন।
করজৈঃ করজচ্ছেদং করেণৈব বিবর্জ্জয়েৎ ॥৭৮৯॥
অপদ্বারে ন গন্তব্যং স্বরেশ্মপরবেশ্মনোঃ।
উৎকোচদ্যূতদৌত্যার্থ-দ্রব্যং দূরাৎ পরিত্যজেৎ ॥৭৯০
নিষ্ঠীবনঞ্চ শ্লেষ্মাণং গৃহাৎ দূরে বিনিক্ষিপেৎ।
উদ্ধৃত্য পঞ্চ মৃৎপিণ্ডান্ স্নায়াৎ পরজলাশয়ে ॥
অনুদ্ধৃত্য চ তৎকর্ত্তুরেনসঃ স্যাত্তুরীয়ভাক্ ॥ ৭৯১ ॥

অনুবাদ—কাশীখণ্ডে বলা হইয়াছে—অসমান আসনে বসিয়া ভোজন করিতে নাই। অগ্নিতে অশুচি দ্রব্য নিক্ষেপ করিতে নাই, যে অজ্ঞব্যক্তি শ্রাদ্ধ করিয়া অপরের শ্রাদ্ধবাড়ীতে ভোজন করে সে ভোক্তার পাপ ভোজন করে এবং অন্নদাতারও শ্রাদ্ধফল লাভ হয় না। দাঁতদিয়া নখ ও লোম কখনও তুলিতে নাই। হাতের নখদিয়া নখছেদন করিতে নাই। নিজের বাড়ীতে বা অপরের বাড়ীতে খিড়কিদরজা দিয়া যাওয়া উচিত নয়। উৎকোচ (ঘুষ), পাশাখেলা এবং পাশাখেলার উপকরণসমূহ দূর হইতে পরিত্যাগ করিবে। ঘর থেকে দূরে থুতু ও কফ ফেলিবে। অন্যের জলাশয় হইতে পাঁচটি মাটির ঢেলা উঠাইয়া ঐ জলাশয়ে স্নান করিতে হইবে। যদি তা না করা হয় তবে জলাশয় প্রতিষ্ঠাতার পাপের চারিভাগের একভাগ তাহাকে ভোগ করিতে হয় ॥ ৭৮৮-৭৯১ ॥

টীকা—দাতুঃ অন্নদাতুঃ; করজৈঃ নখৈঃ ॥৭৮৮-৭৮৯ ॥

ব্রাহ্মে—
যস্তু পানিতলে ভুঙ্‌ক্তে যস্তু ফুৎকারসংযুতম্।
প্রসৃতাঙ্গুলিভির্যস্তু তস্য গোমাংসবচ্চ তৎ ॥ ৭৯২ ॥

অনুবাদ—ব্রহ্মপুরাণে বলা হইয়াছে—করতলে খাদ্যদ্রব্য রাখিয়া যে ব্যক্তি ভোজন করে, যে ব্যক্তি ফুৎকারসহযোগে বা প্রসারিত অঙ্গুলির সাহায্যে ভোজন করে, তাহার ঐপ্রকার ভোজন গোমাংস ভোজনসদৃশ হয় ॥ ৭৯২ ॥

অত্রিস্মৃতৌ—
ন্যূনাধিকস্তনী যা গৌর্য্যাথবাঽভক্ষ্যচারিণী।
তয়োর্দুগ্ধং ন হোতব্যং ন পাতব্যং কদাচন ॥ ৭৯৩॥
অজা গাবো মহিষ্যশ্চ যাঽমেধ্যমপি ভক্ষয়েৎ।
হব্যে কব্যে চ তদ্দুগ্ধং গোময়ঞ্চ বিবর্জ্জয়েৎ ॥৭৯৪॥
অঙ্গুল্যা দন্তকাষ্ঠঞ্চ প্রত্যক্ষলবণং তথা।
মৃত্তিকা-প্রাশনং চৈব তুল্যং গোমাংসভক্ষণৈঃ ॥৭৯৫॥

অনুবাদ—অত্রিস্মৃতিতে বলা হইয়াছে—যে গাভীর স্তন ছোট কিংবা বেশ বড় কিংবা যে গাভী বিষ্ঠাদি

ভোজন করে, কখনও তাহার দুগ্ধ পান করিবে না বা হোমে ব্যবহার করিবে না। অজা, গো, মহিষী প্রভৃতি যাহারা অমেধ্যপদার্থ ভোজন করে, হব্যে বা কব্যে তাহাদের দুধ বা গোবর পরিত্যাগ করিবে। অঙ্গুলিদ্বারা দন্ত শোধন করা, প্রত্যক্ষলবণ ও মৃত্তক্ষণ এসকল গোমাংস ভক্ষণতুল্য ॥ ৭৯৩-৭৯৫ ॥

অত্রাপবাদো মনুস্মৃতৌ—

সামুদ্রং সৈন্ধবং চৈব লবণে পরমাদ্ভুতে।
প্রত্যক্ষে অপি তে গ্রাহ্যে নিষেধস্ত্বন্যগোচরঃ ॥৭৯৬॥

অনুবাদ—মনুস্মৃতিতে এ বিষয়ে বিশেষ ব্যবস্থা দেওয়া হইয়াছে—সমুদ্রজাত ও সৈন্ধব এই দুই-প্রকার লবণ প্রত্যক্ষ ব্যবহার করা যায়, কিন্তু অন্য লবণ প্রত্যক্ষ ব্যবহারের যোগ্য নহে ॥ ৭৯৬ ॥

অত্রিস্মৃতৌ—

দিবা কপিত্থচ্ছায়া চ নিশায়াং দধিভোজনম্।
কার্পাসং দন্তকাষ্ঠঞ্চ শক্রাদপি হরেৎ শ্রিয়ম্ ॥ ৭৯৭॥

অনুবাদ—অত্রিস্মৃতিতে বলা হইয়াছে—দিনের-বেলা কপিত্থবৃক্ষের ছায়া, রাত্রিতে দধিভোজন, কার্পাস-কাষ্ঠে দন্তশোধন করিলে ইন্দ্রও শ্রীভ্রষ্ট হন ॥ ৭৯৭ ॥

বিষ্ণুস্মৃতৌ চ—

কপিলায়াঃ পয়ঃ পীত্বা শূদ্রস্তু নরকং ব্রজেৎ।
হোমশেষং পিবেদ্বিপ্রো বিপ্রঃ স্যাদন্যথা পশুঃ ॥৭৯৮

অনুবাদ—বিষ্ণুস্মৃতিতে বলা হইয়াছে—কপিলার দুগ্ধপান করিয়া শূদ্র নরকে যায়। বিপ্র হোমাব-শিষ্ট পয়ঃপান করিবেন নতুবা তাঁহার পশুজন্ম হইবে ॥ ৭৯৮ ॥

টীকা—অভক্ষ্যং বিষ্ঠাদি তচ্চারিণী; অজাদয়-স্তাসাং মধ্যে যা অমেধ্যং ভক্ষয়েৎ, তস্যা দুগ্ধং গোময়ঞ্চ; দান্তকাষ্ঠং দন্তশোধনম্, হোমশেষং হোমা-বশিষ্টমেব পয়ঃ ॥ ৭৯৩-৭৯৮ ॥

পরিহর্ত্তুং পুনর্লেখং তত্তৎ-শাস্ত্রোক্তমন্যথা।
যদত্র লিখিতং কিঞ্চিৎ তৎ ক্ষন্তব্যং মহাত্মভিঃ ॥৭৯৯

অনুবাদ—পুনরুক্তি দোষ পরিহারের জন্য সেই সকল শাস্ত্রোক্ত শ্লোকসকলের কোন অংশ পরিত্যাগ এবং কোথাও এক স্থানের শ্লোকের স্থানান্তরে প্রয়োগ করিয়া যাহা কিছু লিখিত হইয়াছে মহাত্মাগণ তাহার জন্য ক্ষমা করিবেন ॥ ৭৯৯ ॥

টীকা—অথোপসংহরন্ শ্রীবিষ্ণুপুরাণাদিবর্ত্তি-পাঠপরিত্যাগাদিনোচ্চাবচোপচারাণামেষামন্যথা লিখ-নতো নিজাপরাধং মত্বা সাধূন্ ক্ষমাপয়তি—পরি-হর্ত্তুমিতি। অন্যথেতি কুত্রাপি শ্লোকাদিপরিত্যাগেন, কুচিদন্যত্রস্থিতশ্লোকপাদাদেরন্যত্র যোজনেন, কুচিচ্চা-ন্যাক্ষরৈস্তদর্থলিখনেত্যর্থঃ। তচ্চ পুনর্লিখনং পরি-হর্ত্তুমেব অন্যথা প্রকরণান্তরেঽত্রৈব লিখিতস্য পুন-র্লিখনেন বৈয়র্থ্যাপত্তের্গ্রন্থবাহুল্যাপত্তেশ্চ। অতো মহাত্মভির্বিবেকিভিঃ ক্ষন্তব্যম্ ॥ ৭৯৯ ॥

আচারাশ্চেদৃশাঃ সন্তি পরেঽপি বহুলাঃ সতাম্।
তে লোকশাস্ত্রতো জ্ঞেয়া অপেক্ষ্যা
যদি বৈষ্ণবৈঃ ॥ ৮০০॥

অনুবাদ—সজ্জনগণের এইরূপ উচ্চাবচ আচার আরও বহুপ্রকার দৃষ্ট হয়। যদি বৈষ্ণবব্যক্তিগণের সেইসকলের প্রয়োজন পড়ে তাহা হইলে শাস্ত্রানুসারে এবং লোকাচারে সেইসকলও জানিতে পারিবেন ॥ ৮০০ ॥

টীকা—ঈদৃশাঃ উচ্চাবচাঃ সতামাচারাঃ; অশ্বত্থ-চ্ছায়ায়াং গোষ্ঠে চ রাত্রৌ ন স্বপেৎ। প্রাতরেকেন হস্তেনৈকমক্ষি ন সংমর্দ্দয়েৎ ইত্যাদয়ঃ। বৈষ্ণবৈর্যদ্য-পেক্ষ্যা ইতি তেষু কেষাঞ্চিদাচারাণামলক্ষ্মীপরিহার-পরত্বেন কেষাঞ্চিচ্চ রোগাদিপরিহারপরত্বেন নিজ-ধর্ম্মাতিক্রমণশঙ্কয়া বৈষ্ণবাণামনপেক্ষ্যত্বাৎ ॥ ৮০০ ॥

নিত্যত্বমেষাং মাহাত্ম্যমপ্যত্র লিখিতাৎ পুরা।
সদাচারস্য নিত্যত্বান্মাহাত্ম্যাচ্চ সুসিধ্যতি ॥ ৮০১ ॥

ইতি শ্রীগোপালভট্ট-বিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে
নিত্যকৃত্যং নাম একাদশো বিলাসঃ ॥ ১১ ॥

অনুবাদ—পূর্ব্বে সদাচার বর্ণনপ্রসঙ্গে সদাচারের নিত্যত্ব ও মাহাত্ম্য বিষয় লিখিত হইয়াছে বলিয়া

এইস্থানে ঐসকল সদাচারের নিত্যত্ব ও মাহাত্ম্য সপ্রমাণিত হইল ॥ ৮০১ ॥

ইতি শ্রীগোপালভট্ট বিলিখিত শ্রীমদ্ভগবৎ ভক্তি-বিলাসে নিত্যকৃত্য নামক একাদশ বিলাস ॥ ১১ ॥

টীকা—ননু তর্হি তে কিং ন পরিপাল্যাস্তৈঃ? তত্র লিখতি—নিত্যত্বমিতি। পুরা সদাচারলিখনারম্ভে লিখিতাৎ, অতো নিত্যত্বাৎ মাহাত্ম্যাচ্চ বৈষ্ণবৈস্তে তে পরিপাল্যা এবেত্যর্থঃ। অলক্ষ্যা রোগাদিনা চ কদাচিত্তক্তিবিঘ্নাপত্তেঃ। অন্যথা প্রথমপ্রতিজ্ঞাতবৈষ্ণবাবশ্যককৃত্যলিখনগ্রন্থেঽস্মিন্নেতে লেখ্যা এব ন স্যুরিতি ভাবঃ ॥ ৮০১ ॥

॥ ইত্যেকাদশো বিলাসঃ ॥ ১১ ॥

দ্বাদশ-বিলাসঃ

নমো ভগবতে তস্মৈ যস্য প্রিয়তমা তিথিঃ।
একাদশী দ্বাদশী চ সর্ব্বাভীষ্টপ্রদা নৃণাম্ ॥ ১ ॥

অনুবাদ—যে শ্রীভগবানের প্রিয়তমা শ্রীএকাদশী ও দ্বাদশী তিথিই মানবগণের সর্ব্ববিধ প্রার্থিত বস্তু প্রদান করেন, সেই শ্রীভগবান্‌কে প্রণাম করি—নিত্য পূজাবিধি লেখার পর পক্ষকৃত্য লিখার প্রারম্ভে ॥ ১॥

টীকা—শ্রীচৈতন্যপ্রভুং বন্দে যদাশ্রয়রসাপ্লুতঃ। বাঞ্ছাতীতং ফলত্যেব মনোরথমহীরুহঃ॥ পূর্ব্বং নিত্যকৃত্যলিখনেন নিত্যপূজাবিধিং লিখিত্বা সমাপ্যাধুনা পক্ষপূজাবিধিং লিখন্ প্রাবিপ্সিতসুসিদ্ধয়ে লেখ্যপ্রকারানুসারেণ দেবং প্রণমতি—নম ইতি। যস্য ভগবতঃ প্রিয়তমা পরমবল্লভা একাদশী দ্বাদশী চ তিথিরেব নৃণাং সর্ব্বাভীষ্টং প্রকর্ষেণ দদাতীত্যর্থঃ ॥১

অথ পক্ষ-কৃত্যানি

ইত্থঞ্চ নিত্যং কুর্ব্বাণঃ কৃষ্ণপূজামহোৎসবম্।
হরেদিনে বিশেষেণ কুর্য্যাত্তং পক্ষয়োর্দ্বয়োঃ ॥ ২ ॥

অনুবাদ—অনন্তর পক্ষকৃত্যসমূহ আরম্ভ হইতেছে—পূর্ব্বোক্তরূপে নিত্যপূজাকারী ভক্তগণ বিশেষরূপে শুক্ল ও কৃষ্ণ উভয়পক্ষের শ্রীহরিবাসরে সেই শ্রীকৃষ্ণ-পূজা-মহোৎসব বিশেষভাবে অনুষ্ঠান করিবেন ॥ ২ ॥

টীকা—ইত্থং পূর্ব্বলিখিতপ্রকারেণ, কৃষ্ণপূজৈব মহোৎসবস্তং, হরেদিনমেকাদশী দ্বাদশী চেত্যুপবাসদিনং লক্ষ্যতে, তস্মিন্। তং কৃষ্ণপূজামহোৎসবম্ ॥২

অত্র ব্রতস্য নিত্যত্বাদবশ্যং তৎ সমাচরেৎ।
সর্ব্বপাপাহং সর্ব্বার্থদং শ্রীকৃষ্ণতোষণম্ ॥ ৩ ॥

অনুবাদ—এই শ্রীহরিবাসর-ব্রতের নিত্যতাহেতু সর্ব্বপাপহারী, সর্ব্বফলপ্রদ ও শ্রীকৃষ্ণতোষণ-ব্রত অবশ্য সম্পূর্ণভাবে আচরণ করিবেন ॥ ৩ ॥

টীকা—তত্র হরিদিনে তদ্ব্রতং, তৎফলং সমাসেনোল্লিখতি—সর্ব্বেতি ॥ ৩ ॥

অথ শ্রীমদেকাদশীব্রতস্য নিত্যত্বম্

তচ্চ কৃষ্ণপ্রীণনত্বাদ্বিধিপ্রাপ্তত্বতস্তথা।
ভোজনস্য নিষেধাচ্চাকরণে প্রত্যবায়তঃ ॥ ৪ ॥

অনুবাদ—অতঃপর শ্রীএকাদশীব্রতের নিত্যতা প্রদর্শিত হইতেছে—সেই নিত্যতা চতুর্ব্বিধা—শ্রীকৃষ্ণপ্রীতিহেতু, শাস্ত্রীয় বিধি থাকায়, ব্রতদিনে ভোজন নিষেধ থাকায় এবং ব্রত অকরণে দোষভাগী হইতে হয়। যদিও অকরণে দোষভাগীতা মুখ্য নিত্যতা, তথাপি শ্রীবিষ্ণুভক্তগণের পক্ষে শ্রীবিষ্ণুপ্রীতিহেতুতাই পরম মুখ্য, এই কারণে তাহাই প্রথম লিখিত হইতেছে ॥ ৪ ॥

টীকা—তত্র চ শ্রীভগবত্তোষণত্বেন বিধিপ্রাপ্তত্বেন ভোজননিষেধেন অকরণে প্রত্যবায়োৎপত্ত্যা চেতি চতুর্দ্ধা নিত্যত্বং লিখতি—তচ্চেতি। যদ্যপি অকরণে প্রত্যবায়ত এব মুখ্যং নিত্যত্বং, তথাপি শ্রীবিষ্ণুপরায়ণানাং শ্রীভগবৎপ্রীণত্বেনৈব পরমং মুখ্যং তৎ লিখিতম্, তথা সামান্যতো বিহিতনিষেধাতিক্রমেণ সর্ব্বত্র দোষশ্রবণাৎ বিধিনিষেধপ্রাপ্ততয়া চ নিত্যত্বং সিদ্ধ্যেদেব তচ্চ শ্রীহেমাদ্রিপ্রভৃতিভির্বিবৃত্য লিখিতমেবাস্তীত্যত্র তদ্বিস্তারণেনালম্; এবং সর্ব্বত্রান্যত্রাপ্যূহ্যম্ ॥৪॥

তত্র শ্রীভগবৎপ্রীতিহেতুত্বম্

মৎস্য-ভবিষ্যপুরাণয়োঃ—

একাদশ্যাং নিরাহারো যো ভুঙ্‌ক্তে দ্বাদশীদিনে।
শুক্লে বা যদি বা কৃষ্ণে তদ্ব্রতং বৈষ্ণবং মহৎ ॥ ৫॥

অনুবাদ—তন্মধ্যে শ্রীভগবৎ প্রীতিহেতুতার প্রমাণ, মৎস্য ও ভবিষ্যপুরাণে—যিনি শুক্ল ও কৃষ্ণ পক্ষের শ্রীএকাদশীতে ভোজন না করিয়া দ্বাদশী তিথির প্রথমপাদ বাদ দিয়া ভোজন করেন, সেই ব্রত শ্রীবিষ্ণুর প্রিয়তম জানিবেন ॥ ৫ ॥

আগ্নেয়ে—

একাদশ্যাং ন ভুঞ্জীত ব্রতমেতদ্ধি বৈষ্ণবম্ ॥ ৬ ॥

অনুবাদ—অগ্নিপুরাণে—শ্রীএকাদশীর উপবাস দিনে ভোজন করিবেন না। এই ব্রতই শ্রীবিষ্ণু প্রীতিকর ॥ ৬ ॥

টীকা—তত্র শ্রীবৈষ্ণবানাং মুখ্যতমনিত্যত্বমাদৌ লিখতি—একাদশ্যামিতি। বৈষ্ণবং বিষ্ণুপ্রিয়তমমিত্যর্থঃ ॥ ৫-৬ ॥

বৃহন্নারদীয় একাদশীমাহাত্ম্যারম্ভে—

ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং শূদ্রাণাঞ্চৈব যোষিতাম্।
মোক্ষদং কুর্ব্বতাং ভক্ত্যা বিষ্ণোঃ
　　　　প্রিয়তরং দ্বিজাঃ ॥ ৭ ॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে একাদশীমাহাত্ম্যের আরম্ভে—হে দ্বিজগণ! শ্রীবিষ্ণুর প্রিয়তম এই ব্রত ভক্তিপূর্ব্বক আচরণকারী ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ও স্ত্রীগণের মোক্ষপ্রদ অর্থাৎ শ্রীবিষ্ণুর পাদপদ্ম লাভ হয় ॥ ৭ ॥

টীকা—কুর্ব্বতামেকাদশীব্রতমিতি জ্ঞেয়ম্ ॥ ৭ ॥

একাদশীব্রতং নাম সর্ব্বকামফলপ্রদম্।
কর্ত্তব্যং সর্ব্বদা বিপ্রৈর্বিষ্ণুপ্রীণনকারণম্ ॥ ৮ ॥

অনুবাদ—এই শ্রীএকাদশীব্রত সর্ব্ব অভীষ্টফলপ্রদ হইলেও মুখ্যত বেদজ্ঞ বিপ্রগণ কর্ত্তৃক শ্রীবিষ্ণুপ্রীতির জন্য সর্ব্বদা কর্ত্তব্য ॥ ৮ ॥

টীকা—বিপ্রৈরিতি তেষাং মুখ্যত্বাৎ ॥ ৮ ॥

অথ বিধিপ্রাপ্তত্বম্

তত্র কণ্বঃ—

একাদশ্যামুপবসেন্ন কদাচিদতিক্রমেৎ ॥ ৯ ॥

অনুবাদ—অনন্তর শাস্ত্রীয়বিধিপ্রাপ্তহেতু নিত্যতা প্রদর্শিত হইতেছে, কণ্বস্মৃতি হইতে—একাদশীতে উপবাস করিবে, কখনও বিধি লঙ্ঘন করিবে না ॥৯

আগ্নেয়ে—

উপোষ্যৈকাদশী রাজন্ যাবদায়ুঃ-প্রবৃত্তিভিঃ ॥ ১০ ॥

অনুবাদ—অগ্নিপুরাণে—হে মহারাজ! পরমায়ু থাকা পর্য্যন্ত একাদশীতে উপবাস কর্ত্তব্য ॥ ১০ ॥

টীকা—যাবদায়ুঃপ্রবৃত্তিরিতি যাবজ্জীবমিত্যর্থঃ ॥১০

অতএব বিষ্ণুরহস্যে—

দ্বাদশী ন প্রমোক্তব্যা যাবদায়ুঃপ্রবৃত্তিভিঃ ॥ ১১ ॥

অনুবাদ—অতএব বিষ্ণুরহস্যে—পরমায়ু থাকা পর্য্যন্ত দ্বাদশীব্রত ত্যাগ করা উচিত নহে। ইহা দ্বারাও নিত্যত্ব প্রমাণিত হইল ॥ ১১ ॥

টীকা—এতেন ন কদাচিদতিক্রমেদিত্যনেন নিত্যত্বং সাধিতমেব, তদেব ত্যাগনিষেধেন সাধয়তি—দ্বাদশীতি ॥ ১১ ॥

অথ ভোজননিষেধঃ

শ্রীনারদীয়ে পাদ্মোত্তরখণ্ডে চ—

রটন্তীহ পুরাণানি ভূয়ো ভূয়ো বরাননে।
ন ভোক্তব্যং ন ভোক্তব্যং সংপ্রাপ্তে হরিবাসরে॥ ১২

অনুবাদ—অতঃপর ভোজন নিষেধ দ্বারা নিত্যতা প্রমাণিত হইতেছে, শ্রীনারদীয়পুরাণে ও পদ্মপুরাণের উত্তরখণ্ডে—হে দেবি। ব্রত-বিষয়ে পুরাণসমূহ পুনঃ পুনঃ ঘোষণা করিতেছেন—শ্রীহরিবাসরে একাদশী আগত হইলে ভোজন কর্ত্তব্য নহে, ভোজন কর্ত্তব্য নহে॥ ১২॥

কিঞ্চ—

আগমাঃ শতশো রাজন্নিতিহাসা রটন্তি হি।
ন ভোক্তব্যং ন ভোক্তব্যং সংপ্রাপ্তে হরিবাসরে॥১৩॥
ঋষয়ঃ সঙ্ঘশঃ সর্ব্বে নারদাদ্যাশ্চ চুক্রুশুঃ।
ন ভোক্তব্যং ন ভোক্তব্যং সংপ্রাপ্তে হরিবাসরে॥১৪॥

অনুবাদ—আরও—হে রাজন্। আগমশাস্ত্রসমূহ ও ইতিহাসসমূহ শত শত বার ঘোষণা করিতেছেন—হরিবাসর শ্রীএকাদশী আগত হইলে ভোজন করিবে না, ভোজন করিবে না। সঙ্ঘবদ্ধ ঋষিগণ ও নারদাদি সকলে উচ্চৈঃস্বরে বলেন যে শ্রীহরিবাসর আগত হইলে ভোজন করিবে না, ভোজন করিবে না॥ ১৩-১৪॥

টীকা—রটন্তি ঘোষয়ন্তি; বরাননে হে মোহিনীতি শ্রীরুক্মাঙ্গদবাক্যম্, পাদ্মোত্তরখণ্ডে শ্রীদুর্গাং প্রতি শ্রীশিবস্য॥ ১২-১৩॥

বিষ্ণুস্মৃতৌ—

একাদশ্যাং ন ভুঞ্জীত কদাচিদপি মানবঃ॥ ১৫॥

অনুবাদ—বিষ্ণুস্মৃতিতে—মানব কখনও একাদশীতে ভোজন করিবে না॥ ১৫॥

শৃঙ্গি-ঋষিপ্রোক্তে চ—

একাদশ্যাং ন ভুঞ্জীত নারী দৃষ্টে রজস্যপি॥ ১৬॥

অনুবাদ—শৃঙ্গি ঋষি কথিত প্রমাণেও—নারী রজঃস্বলা অবস্থাতেও একাদশীতে ভোজন করিবে না॥ ১৬॥

বৃহন্নারদীয়ে তত্রৈব—

উপবাসফলং প্রেপ্সুর্জহ্যাদ্ভুক্তচতুষ্টয়ম্।
পূর্ব্বাপরদিনে রাত্রৌ নাহর্নক্তঞ্চ মধ্যমে॥ ১৭॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে—শ্রীভগবত্তোষণাদি উপবাস ফলকামী ব্যক্তি দশমী দিনে রাত্রিতে, একাদশী দিনে দিবসে ও রাত্রিতে এবং দ্বাদশী দিনে রাত্রিতে—এই চারিবার ভোজন ত্যাগ করিবেন॥১৭॥

অন্যত্র চ—

সায়মাদ্যন্তয়োরহ্নোঃ সায়ং প্রাতশ্চ মধ্যমে।
উপবাসফলং প্রেপ্সুর্জহ্যাদ্ভুক্তচতুষ্টয়ম্॥ ১৮॥

অনুবাদ—অন্যত্রও—উপবাসদিনের পূর্ব্ব ও পর দিনে রাত্রিতে এবং উপবাসদিনে দিবসে ও রাত্রিতে —এই ভোজনচতুষ্টয় সম্পূর্ণ উপবাস ফল কামী ত্যাগ করিবেন। নিত্য ও কাম্যভেদে ব্রত দ্বিবিধ অবৈষ্ণব গৃহী-পক্ষে এই ব্যবস্থা। বৈষ্ণব-পক্ষে ব্রত সর্ব্বথা নিত্য সুতরাং তাহাদের জন্য উপবাসদিনে দিবসে ও রাত্রিতে দুইবার ভোজন নিষেধ॥ ১৮॥

টীকা—উপবাসস্য ফলং শ্রীভগবত্তোষণাদি, তৎ প্রাপ্তুমিচ্ছুঃ, পূর্ব্বস্মিন্ সংযমদিনে অপরস্মিংশ্চ পারণদিনে রাত্রৌ জহ্যাদিতি ভোজনদ্বয়ম্। তথা মধ্যমে উপবাসদিনে দিবানক্তঞ্চেতি ভোজনদ্বয়মেবং ভোজনচতুষ্টয়ং পরিত্যজেৎ। ভক্তেতি পাঠেঽপি স এবার্থঃ। যচ্চোক্তম্—জহ্যাদ্ভক্তদ্বয়ম্ নিত্যে কাম্যে ভক্তচতুষ্টয়ম্' ইতি। তচ্চ বৈষ্ণবতরেষু কামিষু গৃহিষু নিত্যকাম্যভেদাভিপ্রায়েণৈব। বৈষ্ণবষু চ সর্ব্বথা নিত্যমেব ফলশ্রবণাদিকঞ্চ দর্শপৌর্ণমাসাদিবন্নিত্যত্বেঽপি ন বিরুধ্যতে ইতি দিক্॥ ১৭-১৮॥

অথাকরণে প্রত্যবায়াঃ

শ্রীনারদীয়ে—

যানি কানি চ পাপানি ব্রহ্মহত্যাসমানি চ।
অন্নমাশ্রিত্য তিষ্ঠন্তি সম্প্রাপ্তে হরিবাসরে।
তানি পাপান্যবাপ্নোতি ভুঞ্জানো হরিবাসরে॥ ১৯॥

অনুবাদ—অনন্তর অকরণে প্রত্যবায় (দোষভাগী)

জন্য প্রমাণসমূহ—শ্রীনারদীয়পুরাণে,—ব্রহ্মহত্যা ও তৎসম এবং যতকিছু পাপ শ্রীহরিবাসরদিনে অন্নকে আশ্রয় করিয়া থাকে। সুতরাং একাদশীতে অন্ন ভোজনকারী ব্যক্তি ঐসকল পাপযুক্ত হয় ॥ ১৯ ॥

টীকা—পার্থিবং পৃথিব্যাং বর্ত্তমানং সর্ব্বমিত্যর্থঃ ॥ ১৯ ॥

কিঞ্চ—

সোঽশ্নাতি পার্থিবং পাপং যোঽশ্নাতি মধুভিদ্দিনে ॥২০

অনুবাদ—আরও—যে ব্যক্তি শ্রীহরিবাসরে অন্ন ভোজন করে, সেই ব্যক্তি পৃথিবীর যতকিছু পাপ ভোগ করে ॥ ২০ ॥

স্কান্দে—

মাতৃহা পিতৃহা চৈব ভ্রাতৃহা গুরুহা তথা।
একাদশ্যান্তু যো ভুঙ্ক্তে
বিষ্ণুলোকাচ্চ্যুতো ভবেৎ ॥ ২১ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে—যে ব্যক্তি একাদশীতে অন্ন ভোজন করে, সেই ব্যক্তি মাতৃহত্যা, পিতৃহত্যা, ভ্রাতৃহত্যা ও গুরুহত্যার পাপসকল প্রাপ্ত হয় এবং বিষ্ণুলোকে কখনও গমন করিতে পারে না, বা বৈষ্ণবধর্ম্মচ্যুত হওয়ায় বৈষ্ণব সঙ্গ পায় না ॥ ২১ ॥

টীকা—যো ভুঙ্ক্তে স মাতৃহাদির্ভবতি, তত্তদ্বধ-পাপং প্রাপ্নোতীত্যর্থঃ। বিষ্ণুলোকাৎ বৈকুণ্ঠাৎ চ্যুতো ভবতি, ন কদাচিদপি গচ্ছতীত্যর্থঃ। যদ্বা, বিষ্ণু-লোকাৎ বৈষ্ণবাৎ চ্যুতো ভবতি, তৎসঙ্গং ন প্রাপ্নোতী-ত্যর্থঃ ॥ ২১ ॥

কিঞ্চ তত্রৈবোমামহেশ্বর-সংবাদে—

অগ্নিবর্ণায়সং তীক্ষ্ণং ক্ষিপন্তি যমকিঙ্করাঃ।
মুখে তেষাং মহাদেবি যে ভুঞ্জন্তি হরের্দিনে ॥ ২২ ॥

অনুবাদ—আরও স্কন্দপুরাণে উমা-মহেশ্বর সংবাদে—হে মহাদেবি! যাহারা শ্রীহরিবাসরে অন্ন ভোজন করে, যমদূতগণ তাহাদের মুখে তপ্ত লৌহাস্ত্র ক্ষেপণ করে ॥ ২২ ॥

টীকা—হরের্দ্দিনে হরিবাসরে ॥ ২২ ॥

ব্রহ্মবৈবর্ত্তে—

স কেবলমঘং ভুঙ্ক্তে যো ভুঙ্ক্তে হরিবাসরে।
দিনেঽত্র সর্ব্বপাপানি ভবন্ত্যন্নস্থিতানি তু।
তানি মোহেন যোঽশ্নাতি ন স পাপৈর্বিমুচ্যতে ॥২৩

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণে—সেই ব্যক্তি কেবল পাপই ভোজন করে, যে শ্রীহরিবাসরে অন্ন ভোজন করে। কারণ ঐদিনে সর্ব্ববিধ পাপ অন্নকে আশ্রয় করিয়া থাকে। সুতরাং মোহবশতঃ যে ব্যক্তি অন্ন ভোজন করে, সে ব্যক্তি পাপসমূহ হইতে মুক্তি পায় না ॥ ২৩ ॥

কিঞ্চ—

পিতরং কো ন বন্দেত মাতরং কো ন পূজয়েৎ।
কো হি দূষয়তে বেদং কো ভুঙ্ক্তে হরিবাসরে? ২৪

অনুবাদ—আরও—কোন ব্যক্তি পিতাকে বন্দনা করে না, কোন ব্যক্তি মাতৃদেবীকে পূজা করে না, কোন ব্যক্তি বেদকে নিন্দা করে, কেহ বা শ্রীহরি-বাসরে অন্ন ভোজন করে ॥ ২৪ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

ব্রহ্মচারী গৃহস্থো বা বানপ্রস্থোঽথবা যতিঃ।
একাদশ্যাং হি ভুঞ্জানো ভুঙ্ক্তে
গোমাংসমেব হি ॥ ২৫ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরপুরাণে—শ্রীএকাদশীতে অন্ন ভোজনকারীর গোমাংস ভোজন তুল্যই হয়—তিনি ব্রহ্মচারী, গৃহী, বনবাসী বা সন্ন্যাসী যেই হউন ॥ ২৫ ॥

ব্রহ্মঘ্নস্য সুরাপস্য স্তেয়িনো গুরুতল্পিনঃ।
নিষ্কৃতির্ধর্ম্মশাস্ত্রোক্তা নৈকাদশ্যন্নভোজিনঃ ॥ ২৬ ॥

অনুবাদ—ব্রহ্মঘাতী, মদ্যপায়ী, স্বর্ণঅপহারী ও গুরুদারগামী—এইসকল মহাপাতকীর ধর্ম্মশাস্ত্রে প্রায়শ্চিত্ত বিধান আছে, পরন্তু শ্রীএকাদশীতে অন্ন ভোজনকারীর প্রায়শ্চিত্ত বিধান নাই ॥ ২৬ ॥

টীকা—নিষ্কৃতিঃ প্রায়শ্চিত্তমস্তি ॥ ২৬ ॥

এক এব নরঃ পাপী নরকে নৃপ গচ্ছতি।
একাদশ্যমভোজী যঃ পিতৃভিঃ সহ মজ্জতি ॥ ২৭ ॥

অনুবাদ—হে মহারাজ! পাপীজন একাকীই নরকে যায়, পরন্তু শ্রীএকাদশীতে অন্ন ভোজনকারী পিতৃগণের সহিত নরকে পতিত হয় ॥ ২৭ ॥

টীকা—নরকে মজ্জতি ॥ ২৭ ॥

পাদ্মোত্তরখণ্ডে—
ভুঙক্ষ্ব ভুঙক্ষ্বেতি যো ব্রূয়াৎ সম্প্রাপ্তে হরিবাসরে।
গোব্রাহ্মণস্ত্রিয়শ্চাপি জহীতি বদতি ক্বচিৎ ॥ ২৮ ॥
মদ্যং পিবেতি যো ব্রূয়াৎ তেষামেব অধোগতিঃ ॥২৯

অনুবাদ—পদ্মপুরাণে উত্তরখণ্ডে—শ্রীহরিবাসর উপস্থিত হইলে যে ব্যক্তি 'ভোজন কর, ভোজন কর' এইরূপ বলে, যে ব্যক্তি কখনও গো, ব্রাহ্মণ ও স্ত্রী-লোককে হত্যা কর—এইরূপ বলে এবং যে বলে 'মদ্য পান কর' তাহাদিগেরই অধোগতি হয় ॥২৮-২৯

পুরোডাশোঽপি বামোরু সংপ্রাপ্তে হরিবাসরে।
অভক্ষ্যঃ সর্ব্বদা প্রোক্তঃ কিং পুনশ্চান্নসংস্ক্রিয়া ॥৩০

অনুবাদ—হে দেবি! পুরোডাশ—যজ্ঞীয় পিষ্টকাদি যখন শ্রীহরিবাসরে অভক্ষ্য বলিয়া সর্ব্বদা পরিগণিত তখন আর অন্নপাক যে অভক্ষ্য, ইহা আর কি বলিব ॥ ৩০ ॥

টীকা—অভক্ষ্যম্—অভক্ষ্যভক্ষণে যৎ পাপং তদিত্যর্থঃ। অন্নস্য সংস্ক্রিয়া পাকঃ ॥ ৩০ ॥

সনৎকুমার-সংহিতায়াম্—
একাদশ্যাং মুনিশ্রেষ্ঠ শ্রাদ্ধে ভুঙ্‌ক্তে নরো যদি।
প্রতিগ্রাসং স ভুঙ্‌ক্তে তু কিল্বিষং মূত্রবিণ্ময়ম্ ॥৩১

অনুবাদ—সনৎকুমার সংহিতাতে—হে মুনিশ্রেষ্ঠ! শ্রীএকাদশীতে যদি কোন মনুষ্য শ্রাদ্ধান্ন ভোজন করে, তাহা হইলে সেই ব্যক্তি প্রতিগ্রাসে বিষ্ঠামূত্রময় পাপ ভোজন করে ॥ ৩১ ॥

গৌতমীয়তন্ত্রে—
বৈষ্ণবো যদি ভুঞ্জীত একাদশ্যাং প্রমাদতঃ।
বিষ্ণ্বর্চ্চনং বৃথা তস্য নরকং ঘোরমাপ্নুয়াৎ ॥৩২॥

অনুবাদ—গৌতমীয়তন্ত্রে—অনবধান বশতঃ যদি কোন বৈষ্ণব একাদশীতে অন্ন ভোজন করে, তবে তাহার বিষ্ণুপূজা নিষ্ফল হয় এবং তাহার ভয়ঙ্কর নরক প্রাপ্তি হয় ॥ ৩২ ॥

বিষ্ণুরহস্যে—
সমাদায় বিধানেন দ্বাদশীব্রতমুত্তমম্।
তস্য ভঙ্গং নরঃ কৃত্বা রৌরবং নরকং ব্রজেৎ ॥৩৩॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে—শাস্ত্রীয় বিধানে উত্তম দ্বাদশীব্রত গ্রহণ করিয়া তাহা যদি কেহ ভঙ্গ করে তাহা হইলে তাহার রৌরব নামক নরক প্রাপ্তি হয় ॥৩৩

অথ তত্রৈব বিধবাবিষয়কো দোষবিশেষঃ

কাত্যায়নস্মৃতৌ—
বিধবা যা ভবেন্নারী ভুঞ্জীতৈকাদশীদিনে।
তস্যাস্তু সুকৃতং নশ্যেদ্ভ্রূণহত্যা দিনে দিনে ॥ ৩৪ ॥

অনুবাদ—অনন্তর বিধবাবিষয়ক দোষবিশেষ, কাত্যায়নস্মৃতিতে—শ্রীএকাদশীদিনে যে বিধবা নারী অন্নভোজন করে, তাহার পুণ্য সকল নষ্ট হয় এবং প্রতিদিন ভ্রূণ হত্যাজনিত পাপ ভোগ করিতে হয় ॥৩৪

নারদীয়ে—
একাদশীং বিনা রণ্ডা যতিশ্চ সুমহাতপাঃ।
পচ্যতে হ্যন্ধতামিস্রে যাবদাহূতসংপ্লবম্ ॥ ৩৫ ॥

অনুবাদ—নারদীয়পুরাণে—শ্রীএকাদশী-ব্রত-বিহীন বিধবাকে এবং উত্তম মহাতপস্যাযুক্ত অথচ একাদশী-ব্রতহীন সন্ন্যাসীকে প্রলয়কাল পর্য্যন্ত অন্ধতামিস্র নরকে পতিত হইতে হয় ॥ ৩৫ ॥

অথ পক্ষদ্বয়েঽপি নিত্যত্বম্

তত্র দেবলঃ—
ন শঙ্খেন পিবেত্তোয়ং ন খাদেৎ কূর্ম্ম-শূকরৌ।
একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়োরুভয়োরপি ॥ ৩৬ ॥

অনুবাদ—এ বিষয়ে দেবলঋষি বলিয়াছেন—শঙ্খের দ্বারা জল পান করিবে না, কূর্ম্ম ও শূকরমাংস ভোজন করিবে না, সেইরূপ শুক্ল ও কৃষ্ণপক্ষের একাদশীতে অন্ন ভোজন করিবে না ॥ ৩৬ ॥

টীকা—অধুনা কৃষ্ণপক্ষে সংক্রান্ত্যাদাবপ্যুপবাস-বিধানেন নিত্যত্বমেব দ্রঢ়য়তি—ন শঙ্খেনেত্যাদিনা শ্রাদ্ধমাচরেদিত্যন্তেন ॥ ৩৬ ॥

বিষ্ণুরহস্য-স্কান্দ-কৌর্ম্ম-নারদীয়েষু—

যথা শুক্লা তথা কৃষ্ণা বিশেষো নাস্তি কশ্চন ॥৩৭॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে, স্কন্দপুরাণে, কূর্ম্মপুরাণে ও নারদপুরাণে—যেমন শুক্লা একাদশীব্রতের বিধি ও মহিমা, সেইরূপ কৃষ্ণা একাদশীব্রতের বিধি এবং মহিমা, ইহাতে কোন পার্থক্য নাই ॥ ৩৭ ॥

বিষ্ণুরহস্যে ব্রহ্মোক্তৌ—

শুক্লা বা যদি বা কৃষ্ণা বিষ্ণুপূজনতৎপরঃ ।
একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়োরুভয়োরপি ॥ ৩৮ ॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে ব্রহ্মার উক্তিতে—বিষ্ণু-পূজাপরায়ণ ব্যক্তি শুক্লপক্ষের বা কৃষ্ণপক্ষের উভয় একাদশীতেই অন্ন ভোজন করিবে না ॥ ৩৮ ॥

সর্ব্বপাপপ্রণাশায় বিষ্ণুসন্তোষণায় চ ।
উপোষ্যা দ্বাদশী পুণ্যা সর্ব্বৈরুভয়পক্ষয়োঃ ॥ ৩৯ ॥

অনুবাদ—সকল ব্যক্তিকর্ত্তৃক উভয়পক্ষের পবিত্র দ্বাদশীব্রতে সর্ব্বপাপক্ষয় ও শ্রীবিষ্ণুসন্তোষণ নিমিত্ত উপবাস কর্ত্তব্য, ॥ ৩৯ ॥

বারাহে—

একাদশ্যামুপবসেৎ পক্ষয়োরুভয়োরপি ।
দ্বাদশ্যাং যোঽর্চ্চয়েদ্বিষ্ণুং স মুক্তিফলভাগ্‌ভবেৎ ॥৪০॥

অনুবাদ—বরাহপুরাণে—উভয়পক্ষের শ্রীএকা-দশীতে উপবাস করিবে এবং যে ব্যক্তি দ্বাদশীতে বিষ্ণুর অর্চ্চনা করে সেই মুক্তিফল ভাগী হয় ॥৪০॥

বিষ্ণুরহস্য-সৌরপুরাণয়োঃ—

যথা সুপূজিতো গৌরঃ কৃষ্ণো বা বেদবিদ্দ্বিজঃ ।
সন্তারয়তি দাতারং দ্বাদশ্যৌ চ তথা স্মৃতে ॥ ৪১ ॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে এবং সৌরপুরাণে—যেমন—সুপূজিত হইয়া গৌরবর্ণ বা শ্যামবর্ণ বেদজ্ঞ ব্রাহ্মণ দাতাকে সংসার হইতে উদ্ধার করেন, সেইরূপ শুক্লা ও কৃষ্ণা উভয়পক্ষীয়া দ্বাদশী সংসারতারিণী, ইহা শাস্ত্রকারগণ বলেন ॥ ৪১ ॥

বিষ্ণুরহস্যে স্কান্দে চ—

তৈলং শুক্লেতরাণাং বৈ তিলানাং সদৃশং যথা ।
কৃষ্ণায়াশ্চ সিতায়াশ্চ গোঃ ক্ষীরং সদৃশং যথা ।
দ্বাদশ্যোঃ সদৃশং তদ্বৎ পুণ্যং স্যাৎ কৃষ্ণশুক্লয়োঃ ॥৪২

অনুবাদ—বিষ্ণুরহস্যে ও স্কন্দপুরাণে—যেমন শুক্ল ও কৃষ্ণ তিলসমূহের তৈল দেখিতে নিশ্চয়ই সমান এবং কৃষ্ণা ও শুক্লা গাভীর দুগ্ধ তুল্য, সেইরূপ কৃষ্ণ ও শুক্লপক্ষীয়া দ্বাদশীর পুণ্য সমতুল্য ॥ ৪২ ॥

কিঞ্চ—

চন্দ্রসূর্য্যগ্রহৌ পুণ্যৌ যথৈব মুনিভিঃ স্মৃতৌ ।
তথা সিতাসিতে পুণ্যে দ্বাদশ্যৌ বিষ্ণুতুষ্টিদে ॥৪৩॥

অনুবাদ—আরও—মুনিগণ কর্ত্তৃক যেমন চন্দ্র-গ্রহণ ও সূর্য্যগ্রহণ সমান পুণ্যজনক বলিয়া কীর্ত্তিত, সেইরূপ শুক্লপক্ষের ও কৃষ্ণপক্ষের দ্বাদশীব্রত জাত-পুণ্য বিষ্ণুতুষ্টিপ্রদা ॥ ৪৩ ॥

টীকা—দ্বাদশ্যৌ—শুক্লা কৃষ্ণা চ ॥ ৪৩ ॥

যথা গোতিলবিপ্রাণাং কৃষ্ণত্বং নৈব দূষণম্ ।
একাদশী তথা রাজন্নুপোষ্যা পক্ষয়োর্দ্বয়োঃ ॥ ৪৪ ॥

অনুবাদ—যেমন—গাভী, তিল ও বিপ্র কৃষ্ণবর্ণ দূষণ নহে, হে রাজন্! সেইরূপ উভয় পক্ষীয় শ্রীএকা-দশীই উপবাসযোগ্যা ॥ ৪৪ ॥

যথা বিষ্ণুঃ শিবশ্চৈব সংপূজ্যো মুনিভিঃ স্মৃতৌ ।
তথা পূজ্যতমে প্রোক্তে দ্বাদশ্যৌ কৃষ্ণশুক্লকে ॥ ৪৫ ॥

অনুবাদ—যেমন শ্রীবিষ্ণু ও শিব সংপূজ্য বলিয়া শাস্ত্রকারগণ কর্ত্তৃক উক্ত হইয়াছে, সেইরূপ উভয়-পক্ষীয়া দ্বাদশী পূজ্যতমা বলিয়া কথিত হইয়াছে ॥৪৫

নারদস্মৃতৌ—

নিত্যং শক্তিসমাযুক্তৈর্নরৈর্বিষ্ণুপরায়ণৈঃ ।
পক্ষে পক্ষে তু কর্ত্তব্যমেকাদশ্যামুপোষণম্ ॥ ৪৬ ॥

অনুবাদ—শ্রীনারদস্মৃতিতে—বিষ্ণুভক্ত সামর্থ্য-বান্ ব্যক্তিগণ কর্ত্তৃক উভয় পক্ষীয় শ্রীএকাদশীব্রত নিত্য কর্ত্তব্য ॥ ৪৬ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে চ —

সপুত্রশ্চ সভার্য্যশ্চ স্বজনৈর্ভক্তিসংযুতঃ ।
একাদশ্যামুপবসেৎ পক্ষয়োরুভয়োরপি ॥ ৪৭ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে—পুত্র, ভার্য্যা ও স্বজন-বর্গের সহিত ভক্তিযুক্ত হইয়া উভয়পক্ষের একাদশীতে উপবাস কর্ত্তব্য ॥ ৪৭ ॥

কূর্ম্মপুরাণে বিষ্ণুধর্ম্মোত্তরে চ—

স ব্রহ্মহা সুরাপশ্চ কৃতঘ্নো গুরুতল্পগঃ ।
বিবেচয়তি যো মোহাদেকাদশ্যৌ সিতাসিতে ॥৪৮॥

অনুবাদ—কূর্ম্মপুরাণে ও বিষ্ণুধর্ম্মোত্তরে—যে ব্যক্তি মোহবশতঃ কৃষ্ণ ও শুক্লপক্ষের শ্রীএকাদশীকে বিভেদ করে, সেই ব্যক্তি ব্রহ্মঘাতী, মদ্যপায়ী, অকৃতজ্ঞ ও গুরুপত্নীগামী পাপীতুল্য হয় ॥ ৪৮ ॥

কালিকাপুরাণে—

সর্ব্বেষামিহ পাপানামাশ্রয়ঃ স তু কীর্ত্তিতঃ ।
বিবেচয়তি যো মোহাদেকাদশ্যৌ সিতাসিতে ॥৪৯॥

অনুবাদ—কালিকাপুরাণে—যে ব্যক্তি মোহবশতঃ শুক্ল ও কৃষ্ণপক্ষীয় একাদশীদ্বয়কে বিভেদ করে, সেই ব্যক্তি এইজগতের সর্ব্ববিধ পাপী বলিয়া কথিত ॥৪৯

ভবিষ্যে—

এবং জ্ঞাত্বা সদোপোষ্যে দ্বাদশ্যৌ কৃষ্ণশুক্লকে ।
তয়োর্ভেদং ন কুর্ব্বীত ভেদেন নরকং ব্রজেৎ ॥৫০॥

অনুবাদ — ভবিষ্যপুরাণে — এইরূপ শাস্ত্রবিধি জানিয়া উভয়পক্ষীয় দ্বাদশীদ্বয় সর্ব্বদা উপবাস কর্ত্তব্য। উভয়ের ভেদ করিবে না, ভেদ বিচার করিলে নরকগামী হয় ॥ ৫০ ॥

গারুড়ে—

শুক্লা বা যদি বা কৃষ্ণা বিশেষো নাস্তি কশ্চন ।
বিশেষং কুরুতে যস্তু পিতৃহা সঃ প্রকীর্ত্তিতঃ ॥ ৫১॥

অনুবাদ—গরুড়পুরাণে—শুক্লা বা কৃষ্ণা শ্রীএকা-দশীর কোন ভেদ নাই কিন্তু যিনি ভেদ বিচার করেন, সেই ব্যক্তি পিতৃঘাতী বলিয়া কীর্ত্তিত ॥ ৫১ ॥

সনৎকুমারপ্রোক্তে—

একাদশ্যোর্দ্বয়োর্যস্তু বিশেষং কুরুতে নরঃ ।
তস্যোদ্ধারং ন পশ্যামি যাবদাহূতসংপ্লবম্ ॥ ৫২ ॥

অনুবাদ—সনৎকুমার কথিত বচনে—যে ব্যক্তি একাদশীদ্বয়ের বিভেদ করে, মহাপ্রলয় কাল পর্য্যন্ত ঐ ব্যক্তির উদ্ধার দেখিতেছি না ॥ ৫২ ॥

টীকা—এবং দ্বয়োঃ সাম্যং লিখিত্বাধুনা শুক্ল-কৃষ্ণভেদে প্রত্যবায়ং লিখতি—স ব্রহ্মহেতি পঞ্চভিঃ ॥ ৪৮-৫২ ॥

বিষ্ণুরহস্যে—

য ইচ্ছেদ্বিষ্ণুনা বাসং পুত্রসম্পদমাত্মনঃ ।
একাদশীমুপবসেৎ পক্ষয়োরুভয়োরপি ॥ ৫৩ ॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে—কোন কোন শাস্ত্রবচনে পুত্রবান গৃহীগণের পক্ষে সাময়িক কৃষ্ণা একাদশীব্রত নিষেধ থাকিলেও, উহা ধনপুত্রাদিকামীগণের জন্য নৈমিত্তিক উপদেশ। নিত্য একাদশীব্রতীর পক্ষে নিষেধ নাই—তাহাই বলিতেছেন— যিনি নিজ পুত্র-সম্পদ ও শ্রীবিষ্ণুর সহিত নিত্যধামে বাস ইচ্ছা করেন, তিনি উভয়পক্ষীয় একাদশীতে উপবাস করি-বেন ॥ ৫৩ ॥

টীকা—ননু 'একাদশীষু কৃষ্ণাসু রবিসংক্রমণে তথা। চন্দ্রসূর্য্যোপরাগে চ ন কুর্য্যাৎ পুত্রবান্ গৃহী ॥'

ইত্যাদিবচনৈঃ পুত্রবতাং গৃহিনাং কৃষ্ণৈকাদশ্যুপবাসো নিষিধ্যতে ; তত্র লিখতি —য ইচ্ছেদিতি। অতস্তদ্বচনানি ধনপুত্রাদিকামেন ব্রতং কিঞ্চিৎ কুর্ব্বতো গৃহিণঃ প্রতি তন্নিমিত্তোপবাসনিষেধপরাণি, ন তু নিত্যৈকাদশ্যুপবাসনিষেধকানি ; ইত্যেতদগ্রে ব্যক্তং ভাবি ॥৫৩

তত্ত্বসাগরে —

যথা শুক্লা তথা কৃষ্ণা যথা কৃষ্ণা তথেতরা।
তুল্যে তে মনুতে যস্তু স বৈ বৈষ্ণব উচ্যতে ॥ ৫৪ ॥

অনুবাদ—তত্ত্বসাগরে—যেমন কৃষ্ণা একাদশী, শুক্লা একাদশীও সেইরূপ এবং যেমন শুক্লা একাদশী, সেইরূপ কৃষ্ণা একাদশীও—যিনি এইভাবে তুল্য জ্ঞান করেন, তিনি বিষ্ণুভক্ত বলিয়া নিশ্চয়ই কীর্ত্তিত হন ॥ ৫৪ ॥

টীকা—বিশেষতো বৈষ্ণবৈস্তু কথঞ্চিদপি ভেদো নৈব কার্য্য ইতি লিখতি—যথেতে। অতঃ 'শুক্লামেব সদা গৃহী' ইতি বচনং সকামীবৈষ্ণবগৃহস্থবিষয়কমেবেতি জ্ঞেয়ম্ ; এতচ্চাগ্রে বিস্তরেণ ব্যক্তং ভাবি ॥৫৪

অথ সংক্রান্ত্যাদাবপি নিত্যত্বম্

কাত্যায়নস্মৃতৌ—

সংক্রান্তৌ রবিবারে বা যদা চৈকাদশী ভবেৎ।
উপোষ্যা সা মহাপুণ্যা সর্ব্বপাপহরা তিথিঃ ॥ ৫৫ ॥

অনুবাদ—কাত্যায়নস্মৃতিতে—সংক্রান্তি দিনে বা রবিবারে শ্রীএকাদশীব্রত উপস্থিত হইলে, ঐদিনই সর্ব্বপাপহরা ও মহাপুণ্যা একাদশীব্রত কর্ত্তব্যা ॥৫৫

টীকা—সংক্রান্ত্যাদৌ চ যদ্যেকাদশী ভবেৎ, তদাপি সা উপোষ্যৈব ॥ ৫৫ ॥

কিঞ্চ—

ব্যতীপাতো বৈধৃতির্বা একাদশ্যাং যদা ভবেৎ।
উপোষ্যা সা তু বিজ্ঞেয়া পুত্রসম্পদ্বিবর্দ্ধিনী ॥ ৫৬ ॥

অনুবাদ—আরও—ব্যতীপাত বা বৈধৃতি যোগযুক্তা শ্রীএকাদশীতেও উপবাস কর্ত্তব্য, যেহেতু তাহা পুত্রাদি-সম্পদ-বিবর্দ্ধিনী ॥ ৫৬ ॥

সনৎকুমারতন্ত্রে—

ভানুবারেণ সংযুক্তা তথা সংক্রান্তি-সংযুতা।
একাদশী সদোপোষ্যা সর্ব্বসম্পৎকরী তিথিঃ ॥৫৭॥

অনুবাদ—সনৎকুমারতন্ত্রে—রবিবার যুক্তা এবং সংক্রান্তি যুক্তা শ্রীএকাদশী তিথি উপোষ্যা, যেহেতু উহা সর্ব্বসম্পৎকরী ॥ ৫৭ ॥

নারদশ্চ—

ভানুবারসমোপেতা তথা সংক্রান্তিসংযুতা।
একাদশী সদোপোষ্যা পুত্রপৌত্রবিবর্দ্ধিনী ॥ ৫৮ ॥

অনুবাদ—শ্রীনারদবাক্যেও—রবিবার যুক্তা এবং সংক্রান্তিযুক্তা শ্রীএকাদশী তিথি নিত্য উপোষ্যা যেহেতু তাহা পুত্রপৌত্র বিবর্দ্ধিনী ॥ ৫৮ ॥

টীকা—পুত্রসম্পদ্বিবর্দ্ধিনীতি সর্ব্বসম্পৎকরীতি পুত্রপৌত্রাদিবর্দ্ধিনীতি চেত্যনেন 'কৃষ্ণপক্ষে তু সংক্রান্ত্যাং গ্রহণে চ উপোষণম্। ন কুর্ব্বীত গৃহী রাজন্ সুতবন্ধুধনক্ষয়াৎ ॥' ইত্যাদিবচনতঃ প্রাপ্তঃ পুত্রাদিমতাং গৃহিণাং তত্র তত্রানুপবাসঃ পরিহৃতঃ ॥৫৬-৫৮

অতএবোক্তং জৈমিনিনা —

আদিত্যেঽহনি সংক্রান্তৌ গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ।
পারণঞ্চোপবাসঞ্চ ন কুর্য্যাৎ পুত্রবান্ গৃহী ॥ ৫৯ ॥

অনুবাদ—এইহেতু জৈমিনি কর্ত্তৃক উক্ত বাক্যে—রবিবারে, সংক্রান্তিতে ও চন্দ্র বা সূর্য্যের গ্রহণদিনে পুত্রবান্ গৃহী পারণ বা উপবাস করিবে না ॥ ৫৯ ॥

তন্নিমিত্তোপবাসস্য নিষেধোঽয়মুদাহৃতঃ।
নানুষঙ্গগতো গ্রাহ্যো যতো নিত্যমুপোষণম্ ॥ ৬০ ॥

অনুবাদ—জৈমিনি মুনির বাক্যে এই যে উপবাস নিষেধ বলা হইয়াছে, ইহা সকাম অবৈষ্ণব গৃহীর পক্ষে সাধারণ উপবাস নিষেধ। শ্রীএকাদশীর সহিত যোগ হইলে দোষ নহে, যেহেতু শ্রীএকাদশী ব্রত নিত্য পালনীয় ॥ ৬০ ॥

টীকা—তর্হি তন্নিষেধঃ কিংবিষয়কোঽস্তু ? তত্র লিখতি—আদিত্যেঽহনীতি দ্বাভ্যাম্। অয়মাদিত্যা-

হ্যাদাবুপবাসাদিনিষেধঃ, তন্নিমিত্তস্য আদিত্যবারাদি-নিমিত্তস্যোপবাসাদেঃ প্রতিষেধঃ উদাহৃতঃ, ন ত্বেকা-দশ্যামাদিত্যবারাদিসম্বন্ধনিবন্ধনোপবাসপ্রতিষেধঃ, যত একাদশ্যামুপোষণং নিত্যমেব, অতঃ কাম্যস্য রবি-বারাদ্যুপবাসস্য নিষেধোঽয়ং, ন চৈকাদশ্যুপবাস-নিষেধো ভবতীত্যর্থঃ ॥ ৫৯-৬০ ॥

অতএব সংবর্ত্তেনাপ্যুক্তম্—

অমাবস্যা দ্বাদশী চ সংক্রান্তিশ্চ বিশেষতঃ।
এতাঃ প্রশস্তাস্তিথয়ো ভানুবারস্তথৈব চ ॥ ৬১ ॥
অত্র স্নানং জপো হোমো দেবতানাঞ্চ পূজনম্।
উপবাসস্তথা দানমেকৈকং পাবনং মহৎ ॥ ৬২ ॥

অনুবাদ—অতএব সংবর্ত্ত মুনিও বলিয়াছেন—অমাবস্যা ও দ্বাদশী, বিশেষতঃ সংক্রান্তি এবং রবি-বার—ইহারা উপবাসে প্রশস্ত, এই সকলে স্নান, জপ, হোম, দেবপূজন, উপবাস ও দান—প্রতিটিই মহাপুণ্য জনক ॥ ৬১-৬২ ॥

টীকা—বিশেষতঃ সংক্রান্ত্যাদাবুপবাসঃ পরম-প্রশস্ত এবেতি লিখতি—অমেতি দ্বাভ্যাম্ ॥ ৬১-৬২ ॥

অতএব দেবলঃ—

শনের্ব্বারে রবের্ব্বারে সংক্রান্ত্যাং গ্রহণেঽপি চ।
ত্যাজ্যা নৈকাদশী রাজন্ সর্ব্বদৈবেতি নিশ্চয়ঃ ॥৬৩

অনুবাদ—অতএব দেবলবাক্য—শনিবারে, রবি-বারে. সংক্রান্তিতে ও গ্রহণ দিনে হে রাজন্! নিত্য একাদশী ব্রত ত্যাজ্য নহে—ইহা নিশ্চিত ॥৬৩

অথ সূতকাদাবপি নিত্যত্বম্

বিষ্ণুরহস্যে—

পরমাপদমাপন্নো হর্ষে বা সমুপস্থিতে।
সূতকে মৃতকে চৈব ন ত্যাজ্যং দ্বাদশীব্রতম্ ॥ ৬৪ ॥

অনুবাদ—অথ জননাশৌচ ও মরণাশৌচেও শ্রীএকা-দশী ব্রত নিত্য বিষ্ণুরহস্যে—পরম বিপদ বা পরম সম্পদ উপস্থিত হইলে অর্থাৎ জননাশৌচ বা মরণা-শৌচ হইলেও দ্বাদশীব্রত ত্যাগ কর্ত্তব্য নহে ॥ ৬৪ ॥

টীকা—পরমাপদমাপন্নো যদি স্যাৎ, তথাপি দ্বাদশীব্রতং ত্যাজ্যং ন ভবতি। আপন্নৈরিতি বা পাঠঃ ॥ ৬৪ ॥

বারাহে—

সূতকেঽপি নরঃ স্নাত্বা প্রণম্য মনসা হরিম্।
একাদশ্যাং ন ভুঞ্জীত ব্রতমেতন্ন লুপ্যতে ॥ ৬৫ ॥

অনুবাদ—বরাহপুরাণে—জননাশৌচেও মানব স্নান করিয়া মনে মনে শ্রীহরিকে প্রণাম করিয়া একাদশীতে অন্নভোজন করিবে না, ইহা দ্বারা ব্রত-লোপ হয় না ॥ ৬৫ ॥

অতএবোক্তম্—

মৃতকে তু ন ভুঞ্জীত একাদশ্যাং সদা নরঃ।
দ্বাদশ্যান্তু সমশ্নীয়াৎ স্নাত্বা বিষ্ণুং প্রণম্য চ ॥ ৬৬ ॥

অনুবাদ—এইকারণে বলা হইয়াছে—মরণা-শৌচেও মানব নিত্য একাদশীব্রতে ভোজন করিবে না, কিন্তু দ্বাদশীতে স্নান করিয়া শ্রীবিষ্ণুকে প্রণামাদি করিয়া অন্নাদি ভোজন করিবে ॥ ৬৬ ॥

পাদ্মে—

পূর্ব্বসঙ্কল্পিতং যচ্চ ব্রতং সুনিয়তব্রতৈঃ।
তৎ কর্ত্তব্যং নরৈস্তদ্বদ্দানার্চ্চনবিবর্জ্জিতম্ ॥ ৬৭ ॥

অনুবাদ—পদ্মপুরাণে—মরণাশৌচ মধ্যে পূর্ব্ব-সঙ্কল্পিত যে একাদশীব্রত তাহা উত্তম নিয়মের সহিত মনুষ্যগণ করিবেন, দান, অর্চ্চন ব্যতীত ॥ ৬৭ ॥

যথা সঙ্কল্পিতং সম্যগ্‌ব্রতং বিষ্ণুপরায়ণৈঃ।
কর্ত্তব্যঞ্চ তথৈবেহ স্নাত্বা সংশয়বর্জ্জিতম্ ॥ ৬৮ ॥

অনুবাদ—কিন্তু যে বৈষ্ণবের নিত্যপূজা নিয়ম আছে, তিনি অশুচি মধ্যেও পূজাদি করিবেন, তাহাই বলিতেছেন—বিষ্ণুপরায়ণগণ সংকল্প অনুসারে পূর্ণ-ব্রত করিবেন, অশুচিমধ্যে স্নান করিয়া মনে সংশয় ত্যাগ করিয়া পূর্ব্ববৎ সম্পূর্ণ অঙ্গসহ ব্রত করিবেন ॥ ৬৮ ॥

টীকা—'প্রণম্য মনসা হরিম্' ইতি বিষ্ণুং প্রণম্য চেত্যনেন সূতকাদৌ ভগবৎপূজা ন কার্য্যেত্যায়াতং, কিন্তু যস্য বৈষ্ণবস্য নিত্যপূজানিয়মস্তেন তত্রাপি পূজা কর্ত্তব্যেত্যাহ—যথেতি। ব্রতং নিয়মঃ, বিষ্ণুপরঃ-য়ণৈরিতি তদ্দোষা নিরস্তাঃ ॥ ৬৫-৬৮ ॥

অথোপবাসদিনে শ্রাদ্ধনিষেধঃ

পাদ্মে পুষ্করখণ্ডে—

একাদশ্যাং যদা রাম শ্রাদ্ধং নৈমিত্তিকং ভবেৎ।
তদ্দিনে তু পরিত্যজ্য দ্বাদশ্যাং শ্রাদ্ধমাচরেৎ ॥ ৬৯ ॥

অনুবাদ—অতঃপর পদ্মপুরাণে পুষ্কর খণ্ডে উপবাস দিনে শ্রাদ্ধনিষেধ প্রমাণ বলিতেছেন,—শ্রীএকাদশী, উপবাসদিনে নৈমিত্তিক আদ্যশ্রাদ্ধ যদি উপস্থিত হয়, হে রামচন্দ্র! ঐদিনে শ্রাদ্ধ পরিত্যাগ করিয়া দ্বাদশী দিনে শ্রাদ্ধ করিবেন ॥ ৬৯ ॥

তত্রৈবোত্তরখণ্ডে—

একাদশ্যান্তু প্রাপ্তায়াং মাতাপিত্রোর্মৃতেঽহনি।
দ্বাদশ্যাং তৎ প্রদাতব্যং নোপবাসদিনে কৃচিৎ।
গর্হিতান্নং ন চাশ্নন্তি পিতরশ্চ দিবৌকসঃ ॥ ৭০ ॥

অনুবাদ—পদ্মপুরাণেই উত্তরখণ্ডে—একাদশী উপবাস দিনে যদি মাতা-পিতার মৃততিথি অর্থাৎ বাৎসরিক শ্রাদ্ধ উপস্থিত হয়, তবে দ্বাদশী দিনে ঐ শ্রাদ্ধ প্রদান করিবেন, কখনও উপবাস দিনে শ্রাদ্ধ করিবেন না। যেহেতু একাদশী দিনে পাপযুক্ত নিন্দিত অন্ন পিতৃগণ ও দেবগণ ভোজন করেন না ॥ ৭০ ॥

স্কান্দে—

একাদশী যদা নিত্যা শ্রাদ্ধং নৈমিত্তিকং ভবেৎ।
উপবাসং তদা কুর্য্যাদ্দ্বাদশ্যাং শ্রাদ্ধমাচরেৎ ॥ ৭১ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে—একাদশী নিত্যব্রত, শ্রাদ্ধ মৃতব্যক্তিকে নিমিত্ত করিয়া নৈমিত্তিক কার্য্য, অতএব একাদশীতে উপবাস করিবে, দ্বাদশীতে শ্রাদ্ধ আচরণ করিবে ॥ ৭১ ॥

ব্রহ্মবৈবর্ত্তে—

যে কুর্ব্বন্তি মহীপাল শ্রাদ্ধং ত্বেকাদশীদিনে।
ত্রয়স্তে নরকং যান্তি দাতা ভোক্তা পরেতকঃ ॥৭২॥

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণে—হে রাজন্! যে সকল ব্যক্তি একাদশীর উপবাস দিনে শ্রাদ্ধ করেন, তাহারা তিনব্যক্তি—দাতা, শ্রাদ্ধেভোক্তা ও মৃতব্যক্তি নরক গমন করেন ॥ ৭২ ॥

টীকা—'একাদশ্যাং যদা রাম' ইত্যাদিনা উপবাসদিনে শ্রাদ্ধং নিষিদ্ধম্; যচ্চ স্কান্দাদৌ—'শ্রাদ্ধদিনং সমাসাদ্য উপবাসো যদা ভবেৎ। তদা কৃত্বা তু বৈ শ্রাদ্ধং ভুক্তশেষন্তু যদ্ভবেৎ। তৎ সর্ব্বং দক্ষিণে পাণৌ গৃহীত্বান্নং শিখিধ্বজ। অবজিঘ্রেদনেনাথ ভবেৎ শ্রাদ্ধং শিখিধ্বজ। পিতৃণাং তৃপ্তিদং তাত ব্রতভঙ্গো ন বিদ্যেত? ইত্যাদি; তচ্চ বৈষ্ণবেতরবিষয়ং মন্তব্যম্। বৈষ্ণবপিতৃণামপি শ্রীবিষ্ণুদিনে শ্রাদ্ধগ্রহণাযোগাদিতি দিক্ ॥ ৬৯-৭২ ॥

অথাধিকারিণঃ

আগ্নেয়ে—

গৃহস্থো ব্রহ্মচারী চ আহিতাগ্নির্যতিস্তথা।
একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়োরুভয়োরপি ॥ ৭৩ ॥

অনুবাদ—অনন্তর শ্রীএকাদশী ব্রতের অধিকারী নির্ণয়, অগ্নিপুরাণে—গৃহস্থ, ব্রহ্মচারী, নিত্যহোমকারী ও সন্ন্যাসী—সকলেই উভয়পক্ষের একাদশীতে ভোজন করিবেন না ॥ ৭৩ ॥

পাদ্মোত্তরখণ্ডে শিব-পার্ব্বতী-সংবাদে—

বর্ণানামাশ্রমাণাঞ্চ স্ত্রীণাঞ্চ বরবর্ণিনি।
একাদশ্যুপবাসস্তু কর্ত্তব্যো নাত্র সংশয়ঃ ॥ ৭৪ ॥

অনুবাদ—পদ্মপুরাণের উত্তরখণ্ডে শিবপার্ব্বতী সংবাদে—হে সুন্দরি! সর্ব্ববর্ণ, সর্ব্ব আশ্রম এবং স্ত্রীগণের পক্ষেও একাদশী কর্ত্তব্য, ইহাতে সংশয় নাই ॥ ৭৪ ॥

টীকা—এবং সর্ব্বৈরেব সদোপবাসঃ কর্ত্তব্য ইত্যধিকারং নির্ণয়ন্ প্রথমং চতুর্ণামপ্যাশ্রমিণাং

তত্রাধিকারং দর্শয়তি—গৃহস্থ ইতি। পূর্ব্বঞ্চ 'ব্রাহ্মণ-ক্ষত্রিয়বিশাং শূদ্রাণাঞ্চৈব যোষিতাম্' ইত্যনেন, তথাগ্রে চ 'কুর্য্যান্নরো বা নারী বা' ইত্যনেন চতুর্বর্ণানামন্ত্যজানাং যোষিতাঞ্চাধিকারো দর্শিতঃ। তত্র চ বিশেষতঃ 'বিধবা যা ভবেন্নারী' ইত্যাদিনা বিধবায়াঃ, তথা 'সপুত্রশ্চ সভার্য্যশ্চ' ইত্যাদিনা সধবায়া অপি তত্রাধিকারো লিখিতঃ। যচ্চোক্তং মনুনা—নাস্তি স্ত্রীণাং পৃথগ্ যজ্ঞো ন ব্রতং নাপ্যুপোষণম্' ইতি; বিষ্ণুনাপি—'পত্যৌ জীবতি যা নারী উপবাসব্রতঞ্চরেৎ। আয়ুঃ সা হরতে ভর্ত্তুর্নরকঞ্চৈব গচ্ছতি ॥' ইতি, তচ্চ ভর্ত্রাদ্যননুমতোপবাসকর্ত্তৃ-স্ত্রীবিষয়ং জ্ঞেয়ম্, অতএবোক্তং শঙ্খলিখিতাভ্যাম্—'কামং ভর্ত্তুরনুজ্ঞয়া ব্রতোপবাসাদীনারভেৎ' ইতি। অথবা বৈষ্ণবেতরস্ত্রীবিষয়ং তদিতি মন্তব্যম্—'সপুত্রশ্চ সভার্য্যশ্চ স্বজনৈর্ভক্তিসংযুতঃ। একাদশ্যামুপবসেৎ' ইত্যাদিবচনাৎ শ্রীরুক্মাঙ্গদাদি-ব্যবহারশ্রবণাচ্চেতি দিক্ ॥ ৭৩-৭৪ ॥

কাত্যায়নস্মৃতৌ—

অষ্টবর্ষাধিকো মর্ত্ত্যো অপূর্ণাশীতিবৎসরঃ।
একাদশ্যামুপবসেৎ পক্ষয়োরুভয়োরপি ॥ ৭৫ ॥

অনুবাদ—কাত্যায়নস্মৃতিতে—মানবগণ অষ্টবর্ষের অধিক অশীতিবর্ষ বয়ঃক্রম না হওয়া পর্য্যন্ত উভয়পক্ষের একাদশীতে উপবাস করিবেন ॥ ৭৫ ॥

টীকা—তত্র চ বয়োমর্য্যাদাং লিখতি—অষ্টেতি ত্রিভিঃ। অপূর্ণেত্যত্রাকারালোপাহবিবক্ষিতত্বাৎ। এবমগ্রেহপি ॥ ৭৩ ॥

নারদীয়ে—

অষ্টবর্ষাধিকো মর্ত্ত্যো হ্যশীতির্নৈব পূর্য্যতে।
যো ভুঙ্ক্তে মামকে রাষ্ট্রে বিষ্ণোরহনি পাপকৃৎ ॥৭৬
স মে বধ্যশ্চ নির্ব্বাস্যো দেশতঃ কালতশ্চ মে।
এতস্মাৎ কারণাদ্বিপ্র একাদশ্যামুপোষণম্ ॥
কুর্য্যান্নরো বা নারী বা পক্ষয়োরুভয়োরপি ॥ ৭৭ ॥

অনুবাদ—নারদীয়পুরাণে—মানব অষ্টবর্ষের অধিক এবং অশীতি বর্ষ পূর্ণ না হওয়া পর্য্যন্ত আমার রাজ্যে যে ব্যক্তি শ্রীহরিবাসরে ভোজন করে, সে পাপী আমার বধযোগ্য, আমার দেশ হইতে বিতাড়িত হইবে আমার রাজ্যকাল পর্য্যন্ত। এই কারণে হে বিপ্র! একাদশীতে উভয়পক্ষে নর ও নারী উপবাস করিবেন ॥ ৭৬-৭৭ ॥

টীকা—অষ্টেত্যাদি-নারদীয়সার্দ্ধপদ্যং শ্রীরুক্মাঙ্গদপটহোদ্ঘোষণম্ ॥ ৭৬-৭৭ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

বৈষ্ণবো বাথ শৈবো বা কুর্য্যাদেকাদশীব্রতম্ ॥৭৮॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরপুরাণে—তিনি বৈষ্ণব হউন বা শৈব হউন একাদশী ব্রত করিবেন ॥ ৭৮ ॥

সৌরপুরাণে—

বৈষ্ণবো বাথ শৈবো বা সৌরোহপ্যেতৎ
সমাচরেৎ ॥ ৭৯ ॥

অনুবাদ—সৌর পুরাণে—তিনি বৈষ্ণব, শৈব বা সৌর হউন, এই একাদশীব্রত অবশ্য করিবেন ॥৭৯॥

অতএবোক্তং স্কান্দে শ্রীশিবেন—

ন শৈবো ন চ সৌরো বা নাশ্রমী তীর্থসেবকঃ।
যো ভুঙ্ক্তে বাসরে বিষ্ণোঃ শ্বপচাদধিকো হি সঃ ॥৮০

অনুবাদ—অতএব স্কন্দপুরাণে শ্রীশিব বলিয়াছেন—তিনি শৈব হউন বা সৌর হউন, আশ্রমবাসী হউন বা তীর্থবাসী হউন না কেন যিনি শ্রীহরিবাসরে ভোজন করেন তিনি চণ্ডাল হইতেও অধিক নীচ ॥৮০॥

বিপ্রিয়ং তেন মে গৌরি কৃতং দুষ্টেন পাপিনা।
মদ্ভক্তিবলমাশ্রিত্য যো বৈ ভুঙ্ক্তে হরেদ্দিনে ॥৮১॥

অনুবাদ—হে গৌরি! যে ব্যক্তি আমার ভক্তিকে বল করিয়া শ্রীহরিবাসরে ভোজন করে, সেই দুষ্ট পাপী আমার অপ্রিয় আচরণ করে ॥ ৮১ ॥

টীকা—অধুনা শৈবসৌরাদীনামপ্যধিকারং লিখতি—বৈষ্ণবো বেতি সার্দ্ধদ্বয়েন। বৈষ্ণব ইত্যস্য দৃষ্টান্তার্থমুপাদানম্ ॥ ৭৮-৮১ ॥

অথাশক্তৌ প্রতিনিধিঃ

বায়ুপুরাণে—

উপবাসে ত্বশক্তস্য আহিতাগ্নেরথাপি বা।
পুত্রান্ বা কারয়েদন্যান্ ব্রাহ্মণান্
বাপি কারয়েৎ ॥ ৮২ ॥

অনুবাদ—অতঃপর উপবাসে অশক্তপক্ষে প্রতিনিধি নির্ণয় বায়ুপুরাণে—শ্রীএকাদশী উপবাসে অশক্ত ব্যক্তির অথবা নিত্যহোম যজ্ঞে রত ব্যক্তির পক্ষে তাহার পুত্রগণকে অথবা ব্রাহ্মণকে প্রতিনিধিরূপে উপবাস করাইবেন ॥ ৮২ ॥

টীকা—আহিতাগ্নেঃ যজ্ঞাদৌ দীক্ষিতস্য ॥ ৮২ ॥

অথবা বিপ্রমুখ্যেভ্যো দানং দদ্যাৎ স্বশক্তিতঃ।
উপবাসন্তু কুর্ব্বাণঃ পুণ্যং শতগুণং লভেৎ ॥ ৮৩ ॥

অনুবাদ—অথবা বিপ্রশ্রেষ্ঠকে নিজ শক্তি অনুসারে দান করিবেন, নিজের জন্য উপবাসে যে পুণ্য হয়, অন্যের জন্য উপবাসে তাহার শতগুণ পুণ্য লাভ হয় ॥ ৮৩ ॥

টীকা—উপবাসং পিত্রাদ্যর্থং কুর্ব্বন্নপি স্বার্থোপবাসাৎ শতগুণং পুণ্যং প্রাপ্নোতি ॥ ৮৩ ॥

যমুদ্দিশ্য কৃতং সোঽপি সম্পূর্ণং ফলমশ্নুতে।
নারী স্বপতিমুদ্দিশ্য একাদশ্যামুপোষিতা ॥ ৮৪ ॥
পুণ্যং শতগুণং প্রাহুর্মুনয়ঃ পারদর্শিনঃ।
উপবাসফলং তস্যাঃ পতিঃ প্রাপ্নোত্যসংশয়ম্ ॥৮৫॥

অনুবাদ—যাহার উদ্দেশ্যে উপবাস করা হয় তিনিও সম্পূর্ণ ফল প্রাপ্ত হন। নিজপতির উদ্দেশ্যে একাদশীতে উপবাস করিলে শতগুণ পুণ্য লাভ করে—ইহা শাস্ত্রপারদর্শী মুনিগণ বলিয়া থাকেন এবং তাহার পতি উপবাস ফল নিশ্চিত প্রাপ্ত হন ॥ ৮৪-৮৫

বারাহে—

অসামর্থ্যে শরীরস্য ব্রতে বা সমুপস্থিতে।
কারয়েদ্ধর্ম্মপত্নীঞ্চ পুত্রং বা বিনয়াম্বিতম্।
ভগিনীং ভ্রাতরং বাপি ব্রতমস্য ন লুপ্যতে ॥ ৮৬ ॥

অনুবাদ—বরাহপুরাণে—শ্রীএকাদশী ব্রত উপস্থিত হইলে শরীর অসুস্থ বশতঃ উপবাসে অসমর্থ ব্যক্তি ধর্ম্মপত্নীকে বা বিনয়ী পুত্রকে ব্রত করাইবেন। অথবা, ভগিনী বা ভ্রাতাকে করাইবেন, ইহাতে ঐ ব্যক্তির ব্রতলোপ হইবে না ॥ ৮৬ ॥

কাত্যায়নস্মৃতৌ—

পিতৃমাতৃপতিভ্রাতৃগুর্ব্বর্থে তু বিশেষতঃ।
উপবাসং প্রকুর্ব্বাণঃ পুণ্যং শতগুণং লভেৎ।
দক্ষিণাত্র ন দাতব্যা শুশ্রূষা বিহিতা চ যা ॥ ৮৭ ॥

অনুবাদ—কাত্যায়নস্মৃতিতে—পিতা, মাতা, পতি, ভাই বা বিশেষতঃ শ্রীগুরুদেবের জন্য উপবাসকারী শতগুণ পুণ্য লাভ করেন। এস্থলে দক্ষিণা দিবেন না, ইহা সেবা ॥ ৮৭ ॥

গৃহস্থঃ ক্ষত্রিয়ার্থে য একাদশ্যামুপোষিতঃ।
পুরোধাঃ স প্রিয়ৈঃ সার্দ্ধং ফলং
প্রাপ্নোতি নিশ্চিতম্ ॥ ৮৮ ॥

অনুবাদ—ক্ষত্রিয় রাজার উদ্দেশ্যে গৃহস্থ পুরোহিত একাদশীতে উপবাস করিয়া প্রিয়গণসহ নিশ্চয়ই ফল প্রাপ্ত হন ॥ ৮৮ ॥

পিতামহাদীনুদ্দিশ্য একাদশ্যামুপোষণম্।
কৃতং যৈস্তু ফলং বিপ্রাঃ সমগ্রং তে সমাযযুঃ ॥৮৯॥
কর্ত্তা দশগুণং পুণ্যং প্রাপ্নোত্যত্র ন সংশয়ঃ।
যমুদ্দিশ্য কৃতং সোঽপি সম্পূর্ণং ফলমাপ্নুয়াৎ ॥৯০॥

অনুবাদ—পিতামহাদির উদ্দেশ্যে যাহারা একাদশীতে উপবাস করেন, হে বিপ্রগণ! তাহারা সমগ্র-ফল প্রাপ্ত হন। কর্ত্তা দশগুণ ফল প্রাপ্ত হয়, যাহার উদ্দেশ্যে করা হয়, তিনি সম্পূর্ণ ফল প্রাপ্ত হন ॥ ৮৯-৯০ ॥

মার্কণ্ডেয়পুরাণে—

একভক্তেন নক্তেন বালবৃদ্ধাতুরঃ ক্ষিপেৎ।
পয়োমূলফলৈর্বাপি ন নির্দ্বাদশিকো ভবেৎ ॥ ৯১ ॥

অনুবাদ—মার্কণ্ডেয়পুরাণে—বালক বৃদ্ধ বা আতুর সম্পূর্ণ উপবাসে অশক্ত হইলে প্রতিনিধি পুত্রাদির অভাবে রাত্রিতে একবার ভোজন বা দুগ্ধ ফলমূলাদি দ্বারা ব্রত যাপন করিবে, ব্রতহীন হইবে না ॥ ৯১ ॥

টীকা—পত্ন্যাদ্যভাবে চোপবাসশক্তেঃ কিং কার্য্যম্ ? তল্লিখতি—একভক্তেনেত্যাদিনা কদাচনেত্যন্তেন। বালো বৃদ্ধশ্চাতুরশ্চ ক্ষিপেৎ দিনং নয়েৎ, ন নির্দ্বাদশিকঃ একাদশীব্রতরহিতো ন ভবেৎ। দ্বাদশীতি একাদশ্যাং দ্বাদশ্যামুপ্যপবাস-সাম্যাৎ দ্বাদশী-শব্দেনৈকাদশী লক্ষ্যতে। অতএব দ্বাদশী দশমীবিদ্ধেত্যাদি-বাচো যুক্তাঃ, এবমেকাদশী-শব্দেনাপি কুত্রাপি দ্বাদশী জ্ঞেয়া ॥ ৯১ ॥

বোধায়নস্মৃতৌ—

উপবাসে ত্বশক্তানামশীতেরূর্দ্ধজীবিনাম্।
একভক্তাদিকং কার্য্যমাহ বৌধায়নো মুনিঃ ॥ ৯২ ॥

অনুবাদ—বোধায়নস্মৃতিতে—অশীতি বর্ষের উর্দ্ধজীবি ব্যক্তি উপবাসে অশক্ত হইলে একবার মাত্র ভোজন করিয়া ব্রত পালন কর্ত্তব্য—ইহা বৌধায়ন মুনি বলেন ॥ ৯২ ॥

কিঞ্চ—

ব্যাধিভিঃ পরিভূতানাং পিত্তাধিকশরীরিণাম্।
ত্রিংশদ্বর্ষাধিকানাঞ্চ নক্তাদি-পরিকল্পনম্ ॥ ৯৩ ॥

অনুবাদ—আরও—ব্যাধিপীড়িত পিত্তাধিক ব্যক্তিগণের এবং অশীতি বা নব্বই বর্ষাধিক ব্যক্তিগণের রাত্রিতে অনুকল্পাদি ব্যবস্থা দ্বারা ব্রত পালন করিবে ॥ ৯৩ ॥

টীকা—ত্রিংশদ্বর্ষাধিকানামিতি 'ষষ্টিরেবোত্তমং বয়ঃ' ইত্যুক্ত্যা তাবদুত্তমবয়সস্ত্রিংশদ্বর্ষৈরধিকানাং নবতিবর্ষবয়সামিত্যর্থঃ। যদ্বা, 'বনং পঞ্চাশতো ব্রজেৎ' ইতি বচনতো গৃহস্থস্য গৃহে পঞ্চাশদ্বর্ষাণি স্থিতিবিহিতা। ততোহপি তত্র ত্রিংশদ্বর্ষাণ্যধিকানি যেষামিতি অশীতিবর্ষবয়সামিত্যর্থঃ। তচ্চ 'অশীতির্ন হি পূর্য্যতে' ইত্যাদিনা উক্তমেব। পাঠান্তরেহপি পূর্ব্বদেবার্থঃ ॥ ৯৩ ॥

কূর্ম্মপুরাণে—

একভক্তেন নক্তেন বালবৃদ্ধাতুরঃ ক্ষিপেৎ।
নাতিক্রমেদ্দ্বাদশীঞ্চ উপবাসব্রতেন চ ॥ ৯৪ ॥

অনুবাদ—কূর্ম্মপুরাণে—একবার রাত্রিতে ভোজন দ্বারা বালক, বৃদ্ধ ও আতুর ব্যক্তি ব্রত পালন করিবে, উপবাস নিয়ম ব্যতীত দ্বাদশী অর্থাৎ একাদশী অতিক্রম করিবে না ॥ ৯৪ ॥

ভবিষ্যপুরাণে দ্বাদশীকল্পে—

একাদশ্যাং প্রভুং বিষ্ণুং সমভ্যর্চ্চ্য কদাচন।
উপোষিতেন নক্তেন তথৈবাযাচিতেন চ ॥ ৯৫ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে দ্বাদশীকল্পে—অসমর্থ অবস্থাতেও একাদশীতে নিজ ইষ্টদেব শ্রীবিষ্ণুকে অর্চ্চনা করিয়া উপবাস বা অযাচিত বস্তুদ্বারা রাত্রিতে একবার ভোজন করিবেন ॥ ৯৫ ॥

টীকা—উপবাসেন ব্রতেন; যদ্বা, উপবাসে যদ্রূপং কথঞ্চিন্নিয়মস্তেন; কদাচন অসামর্থ্যাদ্যবস্থায়াম্ ॥ ৯৪-৯৫ ॥

একভক্তেন বা তাত ন নির্দ্বাদশিকো ভবেৎ।
তদেকনিয়মী নিত্যং ন সীদতি কদাচন ॥ ৯৬ ॥

অনুবাদ—হে বৎস! একবার মাত্র ভোজন করিয়াও নিত্য দ্বাদশীব্রত পালন করিবে না। একটি ব্রতের নিয়মসমূহ পালনকারী কখনও দুঃখ পায় না ॥ ৯৬ ॥

টীকা—তস্যাং দ্বাদশ্যামেবৈকস্যাঃ নিয়মবান্ ॥৯৬

অথ বিশেষতো নক্তাদিকম্

বায়ব্যে—

নক্তং হবিষ্যান্নমনোদনং বা
ফলন্তিলাঃ ক্ষীরমথাম্বু চাজ্যম্।
যৎ পঞ্চগব্যং যদি বাপি বায়ুঃ
প্রশস্তমত্রোত্তরমুত্তরঞ্চ ॥ ৯৭ ॥

অনুবাদ—বায়ুপুরাণে—সমর্থ পক্ষে ব্রতে বায়ু ভক্ষণ করিয়া উপবাস করিবেন, তাহাতে অসমর্থ

হইলে পঞ্চগব্য, তাহাতে অসমর্থ হইলে ঘৃত পান করিবেন, তাহাতে অসমর্থ জলপান, তাহাতে অসমর্থ দুগ্ধ পান, তাহাতে অসমর্থ তিল ভক্ষণ, তাহাতে অসমর্থ ফল, তাহাতে অসমর্থ হইলে অন্নব্যতীত, তাহাতে অসমর্থ পক্ষে দিবা শেষে হবিষ্যান্ন, তাহাতে অসমর্থ পক্ষে অশীতি বা নব্বইবর্ষ বয়োধিক্য আতুর ব্যক্তি রাত্রিতে একবার অন্ন ভোজন করিয়াও ব্রত পালন করিতে পারেন ॥ ৯৭ ॥

ভবিষ্যে—

উপবাসাৎ পরং ভৈক্ষ্যং ভৈক্ষ্যাৎ পরমযাচিতম্ ।
অযাচিতাৎ পরং নক্তং তস্মান্নক্তেন বর্ত্তয়েৎ ॥৯৮॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—সমর্থ ব্যক্তি সম্পূর্ণ উপবাস করিয়া ব্রতপালন করিবেন, তাহাতে অসমর্থ ভিক্ষালব্ধ ফলাহার, তাহা হইতে উত্তম অযাচিত ফলাহার, তাহা হইতে উত্তম রাত্রিতে ফলাহার, অতএব রাত্রিতে ফলাহার দ্বারা ব্রত পালন করিবে ॥৯৮॥

কিঞ্চ—

সর্ব্বভূতভয়ং ব্যাধিঃ প্রমাদো গুরু-শাসনম্ ।
অব্রতঘ্নানি পঠ্যন্তে সকৃদেতানি শাস্ত্রতঃ ॥ ৯৯ ॥

অনুবাদ—আরও—ব্যাঘ্রাদি দুষ্ট জন্তু হইতে ভয়, ব্যাধি পীড়িত, অনবধান ও গুরু শাসন—এই সকল একবার মাত্র হইলে শাস্ত্রমতে ব্রত নষ্ট হয় না ॥ ৯৯ ॥

টীকা—সর্ব্বভূতেভ্যো ব্যাঘ্রাদিদুষ্টজন্তুভ্যো ভয়ম্ ॥ ৯৯ ॥

মহাভারতে উদ্যমপর্ব্বণি—

অষ্টৈতান্যব্রতঘ্নানি আপো মূলং ফলং পয়ঃ ।
হবির্ব্রাহ্মণকাম্যা চ গুরোর্বচনমৌষধম্ ॥ ১০০ ॥

অনুবাদ—মহাভারতে উদ্যম পর্ব্বে—জল, ফল, মূল, দুগ্ধ, ঘৃত ও ব্রাহ্মণ প্রার্থনীয়, গুরুবাক্য ও ঔষধ—এই আটটি ব্রতহানিকর নহে ॥ ১০০ ॥

তত্রাপবাদঃ

কাশ্যপ-পঞ্চরাত্রে—

মদুত্থানে মচ্ছয়নে মৎপার্শ্বপরিবর্ত্তনে ।
অন্ন যো দীক্ষিতঃ কশ্চিৎ বৈষ্ণবো
　　　　　　　　ভক্তিতৎপরঃ ॥ ১০১ ॥
অন্নং বা যদি ভুঞ্জীত ফলমূলমথাপি বা ।
অপরাধমহং তস্য ন ক্ষমামি কদাচন ।
ক্ষিপামি নরকে ঘোরে যাবদাহূতসংপ্লবম্ ॥ ১০২ ॥

অনুবাদ—৯৭ সংখ্যা হইতে ১০০ পর্য্যন্ত প্রমাণগুলি সাধারণ ব্রত পর, কারণ এই সকল প্রমাণে একাদশী বা দ্বাদশী শব্দের উল্লেখ নাই। এ বিষয়ে বিশেষ বিধি বলিতেছেন—কাশ্যপ পঞ্চরাত্রে ভগবদ্বাক্য—আমার উত্থান, শয়ন ও পার্শ্ব পরিবর্ত্তন একাদশীতে যে কোন দীক্ষিত ভক্তিপরায়ণ বৈষ্ণব যদি অন্ন অথবা ফলমূল ভক্ষণ করে, তাহার পূর্ব্বকৃত ও অধুনাকৃত অপরাধ কখনও ক্ষমা করি না, প্রলয়কাল পর্য্যন্ত ঘোর নরকে নিক্ষেপ করি ॥ ১০১-১০২ ॥

টীকা—নক্তাদিকেঽপবাদং লিখতি—মদুত্থানে ইত্যাদিনা। অন্নাদিভোজনরূপমপরাধম্; যদ্বা, পূর্ব্বকৃতমাধুনিকমেতচ্চ সর্ব্বমিতি ॥ ১০১-১০২ ॥

অন্যত্র চ—

মচ্ছয়নে মদুত্থানে মৎপার্শ্ব-পরিবর্ত্তনে ।
ফল-মূল-জলাহারী হৃদি শল্যং সমার্পয়েৎ ॥ ১০৩ ॥

অনুবাদ—অন্যত্রও—আমার শয়ন উত্থান ও পার্শ্ব পরিবর্ত্তন একাদশীতে ফলমূল বা জল পানকারী যে কোন ব্যক্তি আমার হৃদয়ে শল্য অর্পণ করে, অর্থাৎ মহা অপরাধী হয় ॥ ১০৩ ॥

টীকা—এবং বৈষ্ণবৈর্বর্জ্জনীয়মিতি লিখিতম্, অধুনা চ সামান্যতঃ সর্বৈরেব প্রযত্নতোঽবশ্যং বর্জ্জ্যমিতি লিখতি—মচ্ছয়ন ইতি। ফলং মূলং জলং বাপি আহারং যঃ করোতীত্যর্থঃ। মম হৃদি শল্যমর্পয়েদিতি মহাপরাধী স্যাদিত্যর্থঃ ॥ ১০৩ ॥

ইত্থং সুসিদ্ধে নিত্যত্বেঽপ্যগ্নিহোত্রাদিবৎ ফলম্ ।
চিত্রং স্যাদিতি মাহাত্ম্যমেকাদশ্যা বিলিখ্যতে ॥১০৪॥

অনুবাদ—পূর্ব্বোক্ত প্রকারে শ্রীএকাদশী ব্রতের নিত্যত্ব সুসিদ্ধ হইলেও নিত্যকর্ম্ম অগ্নিহোত্র—দর্শ-পৌর্ণমাসাদি বৈদিক কর্ম্ম যেমন নিত্য হইলেও তাহার ফল বর্ণন শাস্ত্রে দেখা যায়, সেইরূপ শ্রীএকাদশী ব্রত নিত্য হইয়া তাহার বিচিত্র অদ্ভুত ফলসমূহ মাহাত্ম্য-বর্ণন-প্রসঙ্গে লিখিত হইতেছে ॥ ১০৪ ॥

টীকা—এবং পক্ষদ্বয়াদাবুপবাসস্য নিত্যত্বং সাধয়িত্বা, তথাধিকারনির্ণয়েনাপি সর্ব্বেষামেব কার্য্যত্বেন তদেব প্রত্যয়িত্বা, তথা অশক্তাদীনামপ্যেকভক্তাদিনা ব্রতপালনতশ্চ তদেব নিতরাং দৃঢ়ীকৃতম্। এবং ফলানপেক্ষকরূপং নিত্যত্বং দর্শয়িত্বাঽধুনা মহাফলান্যপি দর্শয়ন্ লিখতি—ইত্থমিতি। ননু ফলেন নিত্যত্বং বিরুধ্যতে, তত্রাহ—অগ্নিহোত্রাদিবদিতি। আদি-শব্দেন দর্শপৌর্ণমাসাদি, তত্র যথা নিত্যত্বং ফলঞ্চ সংযোগ-পৃথক্ত্বেন শ্রূয়তে, তদ্বদত্রাপীত্যর্থঃ। তত্র চ যুক্তিমীমাংসাদি-প্রসিদ্ধা শ্রীকৃষ্ণদেবাচার্য্য-বোপদেবাচার্য্যাদিভিঃ স্পষ্টং দর্শিতাস্তীতি। কিমত্র তদ্বিস্তারেণেতি। চিত্রম্—ঐহিকামুষ্মিকভেদেন বহুবিধং, অদ্ভুতমিতি বা ॥ ১০৪ ॥

অথৈকাদশীমাহাত্ম্যম্

তত্ত্বসাগরে—

মাতেব সর্ব্ববালানামৌষধং রোগাণামিব।
রক্ষার্থং সর্ব্বলোকানাং নির্ম্মিতৈকাদশী তিথিঃ ॥১০৫

অনুবাদ—অতঃপর শ্রীএকাদশীমাহাত্ম্য তত্ত্ব-সাগর গ্রন্থে—সর্ব্বলোকের রক্ষার নিমিত্ত শ্রীএকাদশী তিথিব্রত শ্রীভগবৎ-কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছেন, যেমন শিশুর রক্ষার জন্য মাতার সৃষ্টি, রোগসমূহ নিবারণের জন্য ঔষধ সৃষ্টি ॥ ১০৫ ॥

নানাদুঃখসমাকীর্ণে সংসারে নরজন্মনি।
একাদশ্যুপবাসী যঃ স ধন্যঃ স চ বুদ্ধিমান্ ॥১০৬॥

অনুবাদ—নানাবিধ দুঃখ-পরিব্যাপ্ত এই সংসারে মনুষ্য জন্ম লাভ করিয়া যিনি শ্রীএকাদশী ব্রত পালন করেন, তিনি ধন্য, তিনিই বুদ্ধিমান্ ॥ ১০৬ ॥

একাদশীং পরিত্যজ্য যোঽন্যব্রতমুপাসতে।
স করস্থং মহারত্নং ত্যক্ত্বা লোষ্ট্রং হি যাচতে ॥১০৭

অনুবাদ—যিনি একাদশী-ব্রত পরিত্যাগ করিয়া অন্য ব্রত পালন করেন, তিনি হস্তস্থিত মহারত্ন ত্যাগ করিয়া মৃত্তিকার ঢেলাই প্রার্থনা করেন ॥ ১০৭ ॥

একামেকাদশীঞ্চাপি সমুপোষ্য জনার্দ্দনম্।
তোয়েনাপি সমভ্যর্চ্চ্য সংসারন্মুক্তিমাপ্নুয়াৎ ॥১০৮॥

অনুবাদ—একটি মাত্র একাদশী-ব্রতে সম্পূর্ণ উপবাস করিয়া কেবল জলদ্বারাও শ্রীজনার্দ্দনের পূজা করিয়া মনুষ্য সংসার হইতে মুক্তি লাভ করিতে পারে ॥ ১০৮ ॥

প্রসঙ্গাদথবা দম্ভাল্লোভাদ্বা ত্রিদশাধিপ।
একাদশ্যাং মনঃ কৃত্বা সর্ব্বদুঃখাদ্বিমুচ্যতে ॥১০৯॥

অনুবাদ—হে দেবরাজ! প্রসঙ্গক্রমে, অথবা দম্ভবশতঃ বা লোভ বশতঃ একাদশী ব্রতে মনো-নিবেশকারী সর্ব্ববিধ দুঃখ হইতে মুক্তি পায় ॥১০৯॥

শমায়াস্য মহারোগাদ্দুঃখিনাং সর্ব্বদেহিনাম্।
একাদশ্যুপবাসোঽয়ং নির্ম্মিতং পরমৌষধম্ ॥১১০॥

অনুবাদ—শ্রীভগবান্ মনুষ্যের মহারোগ শান্তির জন্য এবং দুঃখীগণের দুঃখ শান্তির জন্য পরম ঔষধ স্বরূপ এই একাদশীর উপবাস নির্ম্মাণ করিয়াছেন ॥ ১১০ ॥

টীকা—অস্য মহারোগস্য শমায় উপশান্তয়ে পরমৌষধম্ ॥ ১১০ ॥

সংসারসর্পদষ্টানাং নরাণাং পাপকর্ম্মণাম্।
একাদশ্যুপবাসেন সদ্য এব সুখং ভবেৎ ॥ ১১১ ॥

অনুবাদ—সংসাররূপ সর্পের দংশনে পীড়িত এবং পাপকর্ম্মকারী মনুষ্যগণের দুঃখ নিবৃত্তি ও সুখ-প্রাপ্তি শ্রীএকাদশী উপবাস দ্বারাই হইবে ॥ ১১১ ॥

নারদীয়ে বশিষ্ঠোক্তৌ—
একাদশীসমুত্থেন বহ্নিনা পাতকেন্ধনম্ ।
ভস্মতাং যাতি রাজেন্দ্র অপি জন্মশতোদ্ভবম্ ॥১১২॥

অনুবাদ—নারদীয়পুরাণে বশিষ্ঠদেবের উক্তিতে—হে রাজেন্দ্র! মনুষ্যের শতজন্মার্জ্জিত পাপরূপ কাষ্ঠও একাদশীব্রত-উত্থিত অগ্নিদ্বারা ভস্মসাৎ হয় ॥ ১১২ ॥

নেদৃশং পাবনং কিঞ্চিন্নরাণাং ভূপ বিদ্যতে ।
যাদৃশং পদ্মনাভস্য দিনং পাতকহানিদম্ ॥ ১১৩ ॥

অনুবাদ—হে মহারাজ! মনুষ্যগণের এমন কোন পুণ্য কর্ম্ম নাই, যাহা শ্রীহরিবাসর ব্রতের তুল্য পাতক নাশন ॥ ১১৩ ॥

তাবৎ পাপানি দেহেঽস্মিন্ তিষ্ঠন্তি মনুজাধিপ ।
যাবন্নোপবসেজ্জন্তুঃ পদ্মনাভদিনং শুভম্ ॥ ১১৪ ॥

অনুবাদ—হে মহারাজ! এই মনুষ্যদেহে পাপসমূহ সেই পর্য্যন্ত অবস্থান করে, যে পর্য্যন্ত মনুষ্য শুভ শ্রীহরিবাসর উপবাস ব্রত না করে ॥ ১১৪ ॥

টীকা—জন্তুরিতি সর্ব্বেষামপ্যধিকারঃ সূচিতঃ ॥ ১১৪ ॥

অশ্বমেধসহস্রাণি বাজপেয়শতানি চ ।
একাদশ্যুপবাসস্য কলাং নার্হন্তি ষোড়শীম্ ॥১১৫॥

অনুবাদ—সহস্র সহস্র অশ্বমেধ যজ্ঞ এবং শত শত বাজপেয় যজ্ঞ শ্রীএকাদশী ব্রতের ফলের ষোড়শভাগের এক ভাগের তুল্য হয় না ॥ ১১৫ ॥

একাদশেন্দ্রিয়ৈঃ পাপং যৎ কৃতং ভবতি প্রভো ।
একাদশ্যুপবাসেন তৎ সর্ব্বং বিলয়ং ব্রজেৎ ॥১১৬॥

অনুবাদ—হে প্রভো! মনুষ্যের একাদশ ইন্দ্রিয়দ্বারা আচরিত যে সকল পাপ হয়, তাহা সকলই একাদশী উপবাস দ্বারা নিঃশেষে লয় প্রাপ্ত হয় ॥১১৬

একাদশীসমং কিঞ্চিৎ পাপত্রাণং ন বিদ্যতে ।
স্বর্গমোক্ষপ্রদা হ্যেষা রাজ্যপুত্রপ্রদায়িনী ॥ ১১৭ ॥

অনুবাদ—একাদশী ব্রতের সমান পাপহারী অন্য কিছুই নাই। এই একাদশী তিথি পরকালে স্বর্গ ও মোক্ষপ্রদা এবং এই লোকে রাজ্য ও পুত্র প্রদায়িনী ॥ ১১৭ ॥

সুকলত্রপ্রদা হ্যেষা শরীরারোগ্যদায়িনী ॥ ১১৮ ॥

অনুবাদ—এই একাদশী উত্তম গুণ সম্পন্না ভার্য্যাপ্রদা ও শরীরের আরোগ্য দায়িনী ॥ ১১৮ ॥

ন গঙ্গা ন গয়া ভূপ ন কাশী ন চ পুষ্করম্ ।
ন চাপি কৌরবং ক্ষেত্রং ন রেবা ন চ বেদিকা ।
যমুনা চন্দ্রভাগা চ তুল্যা ভূপ হরের্দ্দিনাৎ ॥ ১১৯ ॥

অনুবাদ—হে ভূপতি! গঙ্গা, গয়া, কাশী, পুষ্কর, কুরুক্ষেত্র, রেবা, বেদিকা, যমুনা চন্দ্রভাগা শ্রীহরিবাসর ব্রতের সহিত তুলনা হয় না ॥ ১১৯ ॥

টীকা—হরের্দ্দিনাৎ দিনেন তুল্যা ন ভবতি ॥১১৯

ব্যাজেনাপি কৃতা রাজন্ ন দর্শয়তি পাতকম্ ।
অনায়াসেন রাজেন্দ্র প্রাপ্যতে বৈষ্ণবং পদম্ ॥১২০॥

অনুবাদ—হে রাজন্! ছলনা পূর্ব্বক যদি কেহ শ্রীহরিবাসর ব্রত করে, তাহার যমপুরী দর্শন হয় না এবং হে মহারাজ! অনায়াসে তাহার বৈকুণ্ঠধাম প্রাপ্তি হয় ॥ ১২০ ॥

টীকা—ন দর্শয়তি, ন নাশয়তীত্যর্থঃ ॥ ১২০ ॥

চিন্তামণিসমা হ্যেষা অথবাপি নিধিঃ স্মৃতা ।
কল্পপাদপপ্রেক্ষা বা সর্ব্ববেদোপমাথবা ॥ ১২১ ॥

অনুবাদ—এই শ্রীএকাদশীতিথি চিন্তামণির সর্ব্বফল প্রদা বা নিধিসমা, কল্পতরুসমা, সর্ব্ববেদের সমান ॥ ১২১ ॥

টীকা—বেদেষ্বপি যে যে বেদা উপনিষদাদয়স্তৎসমেত্যর্থঃ। কুচিৎ সর্ব্ববেদেতি পাঠঃ ॥ ১২১ ॥

তত্রৈবান্যত্র—

সম্প্রাপ্য বাসরং বিষ্ণোর্যো নরঃ সংযতেন্দ্রিয়ঃ ।
উপবাসপরো ভূত্বা পূজয়েন্মধুসূদনম্ ।
দহন্তি পূর্ব্বপাপানি কিন্তপোভিঃ কিমধ্বরৈঃ ? ১২২॥

অনুবাদ—নারদীয়পুরাণে অন্যত্র—শ্রীহরিবাসর প্রাপ্ত হইয়া যে ব্যক্তি ইন্দ্রিয় সংযম ও উপবাস পরায়ণ হইয়া শ্রীমধুসূদনের পূজা করে, তাহার পূর্ব্ব-পাপসমূহ দগ্ধ হয়, তাহার আর তপস্যা, যজ্ঞসমূহের প্রয়োজন কি ? ১২২ ॥

একাদশীং প্রপন্না যে নরা নরবরোত্তম ।
তেঽদ্বন্দ্ববাহবো ভূত্বা নাগারিকৃতকেতনাঃ ।
স্রগ্বিণঃ পীতবস্ত্রা হি প্রয়ান্তি হরিমন্দিরম্ ॥ ১২৩॥

অনুবাদ—হে মহারাজ ! যে সকল ব্যক্তি একাদশীর শরণাগত হন, তাঁহারা বৈকুণ্ঠপার্ষদবৎ চতুর্ভূজ, বনমালা ও পীতবাস ধারণ পূর্ব্বক গরুড়-ধ্বজ রথে চড়িয়া শ্রীহরিধামে গমন করেন ॥ ১২৩ ॥

টীকা—অদ্বন্দ্ববাহবঃ চতুর্ভূজাঃ ॥ ১২৩ ॥

এষ প্রভাবো হি ময়া দ্বাদশ্যাঃ পরিকীর্ত্তিতঃ ।
পাপেন্ধনস্য ঘোরস্য পাবকাখ্যো মহীপতে ॥ ১২৪ ॥

অনুবাদ—হে রাজন্ ! আমা-কর্ত্তৃক এই শ্রীদ্বাদশীর মহিমা কীর্ত্তিত হইল, ইহা ভয়ঙ্কর পাপ-রূপ কাষ্ঠ-সমূহের ভস্মকারী অগ্নি স্বরূপ ॥ ১২৪ ॥

কিঞ্চ—

যদ্‌যোগৈর্মৎপদং সাংখ্যৈঃ প্রাপ্যতে বা ন বা দ্বিজ ।
অনায়াসেন তৎ প্রাপ্যং পদং হরিদিনানুগৈঃ ॥১২৫॥

অনুবাদ—আরও—যে শ্রীহরিধাম যোগসমূহ ও সাংখ্যজ্ঞান সমূহদ্বারা প্রাপ্ত হয় বা না হয়, হে দ্বিজ ! সেই প্রাপ্য ধাম অনায়াসে শ্রীহরিবাসর ব্রতকারীগণ প্রাপ্ত হন ॥ ১২৫ ॥

অন্নাভাবে যদা বিপ্র একাদশ্যামুপোষিতঃ ।
উপবাসফলং তেন সমগ্রং সমবাপ্যতে ॥ ১২৬ ॥

অনুবাদ—হে বিপ্র ! যদি কেহ অন্নের অভাবে একাদশীতে উপবাস করে, সেই ব্যক্তি উপবাসের সম্পূর্ণ ফল প্রাপ্ত হন ॥ ১২৬ ॥

টীকা—বিপ্র হে ব্রাহ্মণ ! অবিবক্ষিতত্বাদসন্ধিঃ ॥ ১২৬ ॥

রাজবন্ধাদ্‌যদা বিপ্র একাদশ্যামুপোষিতঃ ।
উপবাসফলং তস্য সম্যগ্ ভবতি নিশ্চিতম্ ॥ ১২৭॥

অনুবাদ—হে বিপ্র ! যদি কেহ রাজশাসনে কারাগারে বদ্ধ থাকিয়া একাদশীতে উপবাস করে, তাহার উপবাস ফল সম্পূর্ণ লাভ হয়—ইহা নিশ্চিত ॥ ১২৭ ॥

টীকা—তস্যাপি ভবতি, সম্যক্ সম্পূর্ণম্ ॥ ১২৭॥

ব্রহ্মবৈবর্ত্তে—

যথা দাবাগ্নিরুদিতঃ শুষ্কমার্দ্রঞ্চ গহ্বরে ।
দহত্যেব সমস্তানি কলুষাণি হরের্দ্দিনম্ ॥ ১২৮ ॥

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণে—শ্রীহরিবাসর ব্রত সর্ব্ববিধ পাপ দগ্ধ করেনই, যেমন দাবাগ্নি অর্থাৎ বনবহ্নি উত্থিত হইলে অরণ্যস্থিত শুষ্ক ও কাঁচা সর্ব্ব-প্রকার কাষ্ঠকে দগ্ধ করে। এস্থলে শুষ্কপাপ পূর্ব্ব পূর্ব্ব জন্মের সঞ্চিত এবং কাঁচা পাপ—এই জন্মের সদ্যকৃত ॥ ১২৮ ॥

টীকা—শুষ্কং পাপং চিরকালকৃতম্ ; আর্দ্রঞ্চ সম্প্রতিকৃতম্ ; মহাল্পপ্রায়শ্চিত্ততয়া তয়োর্ভেদঃ ॥১২৮

পাপেন্ধনস্য ঘোরস্য শুষ্কস্যার্দ্রস্য ভার্গব ।
নান্যদ্বিনাশায় মতং বিনৈকাদশ্যুপোষণম্ ॥ ১২৯ ॥

অনুবাদ—হে ভার্গব ! শ্রীএকাদশীর উপবাস ব্যতীত ভয়ঙ্কর পাপরূপ কাষ্ঠের শুষ্ক ও কাঁচা পাপের বিনাশের জন্য অন্য কোন প্রায়শ্চিত্ত নাই ॥ ১২৯ ॥

কিঞ্চ—

সর্ব্বপ্রায়শ্চিত্তমিদং সংসারোত্তারকারকম্ ।
একাদশীব্রতং বিপ্র কুর্ব্বন্ মুক্তিমবাপ্নুয়াৎ ॥১৩০॥

অনুবাদ—আরও—হে বিপ্র! এই একাদশী ব্রতকারী সর্ব্ববিধ পাপের প্রায়শ্চিত্ত করিয়া সংসার বন্ধন হইতে উদ্ধার লাভ করিয়া মুক্তিধাম প্রাপ্ত হন ॥ ১৩০ ॥

নরো দিনৈর্যদ্দশভিশ্চতুর্ভিশ্চ করোত্যঘম্ ।
উপোষ্য পঞ্চদশমং দিনং বিষ্ণোর্হি মুচ্যতে ॥ ১৩১ ॥

অনুবাদ—মনুষ্য যদি একপক্ষের মধ্যে চতুর্দ্দশ দিন পাপ করে, কিন্তু পঞ্চদশ দিনে শ্রীএকাদশীতে উপবাস করিয়া সর্ব্ববিধ পাপ হইতে মুক্ত হয় ॥১৩১

টীকা—পঞ্চদশমং একাদশীলক্ষণম্ ॥ ১৩১ ॥

ইতি সর্ব্বপুরাণেষু মুনীনাং নিশ্চিতং মতম্ ।
উপোষ্যৈকাদশীং পাপান্মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥১৩২॥

অনুবাদ—পূর্ব্বোক্তরূপে সর্ব্বপুরাণ মধ্যে মুনিগণের নিশ্চিত মত এই—শ্রীএকাদশীতে উপবাস করিয়া সর্ব্বপাপ হইতে মুক্ত হয়—এই বিষয়ে সংশয় নাই ॥ ১৩২ ॥

কলাবুচ্ছিন্নমার্গাণাং নৃশংস্যপাতিতাত্মনাম্ ।
একাদশীং বিনা বিপ্র ন সংসারাদ্বিমোক্ষণম্ ॥১৩৩॥

অনুবাদ—হে বিপ্র! কলিকালে যাহারা উচ্ছিন্নপথাবলম্বী ও নিষ্ঠুরতাবশতঃ কলুষিতাত্মা হইয়াছে, একাদশীতে উপবাস ব্যতীত তাহাদিগের সংসার হইতে বিমুক্তির অন্য উপায় নাই ॥ ১৩৩ ॥

কিঞ্চ—

এতৎ সারমিদং তত্ত্বমিদং সত্যমিদং ব্রতম্ ।
প্রায়শ্চিত্তমিদং সম্যগেকাদশ্যামুপোষণম্ ॥ ১৩৪ ॥

অনুবাদ—আরও—এই শ্রীএকাদশীতে উপবাস ব্রতের মধ্যে সার, ইহাই তত্ত্ব, ইহাই সত্য, ইহাই সম্পূর্ণ প্রায়শ্চিত্ত ॥ ১৩৪ ॥

কিঞ্চ—

গোবিন্দস্মরণং নৃণামেকাদশ্যামুপোষণম্ ।
প্রায়শ্চিত্তমিদং নূনং সংসারোত্তারকারকম্ ॥১৩৫॥

অনুবাদ—আরও—একাদশীতে উপবাস অর্থাৎ সর্ব্বক্ষণ শ্রীগোবিন্দ স্মরণ—ইহাই মনুষ্যগণের নিশ্চিত প্রায়শ্চিত্ত এবং সংসার হইতে উদ্ধারের কারণ ॥ ১৩৫ ॥

তত্রৈবান্তে—

স্নেহেন ভক্ত্যা বৈরেণ প্রসঙ্গেন যথা তথা ।
নিহন্তি সর্ব্বং কলুষমেকাদশ্যাং স্তুতো হরিঃ ॥১৩৬

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণের শেষে—যে কোন প্রসঙ্গে স্নেহ, ভক্তি বা বৈরভাবে শ্রীহরির স্তব একাদশীতে সর্ব্ববিধ পাপ সম্পূর্ণ নষ্ট করে ॥ ১৩৬ ॥

কিঞ্চ—

এবং সমস্তসুখধর্ম্মগুণাশ্রয়ঞ্চ
একাদশীব্রতমিদং কলিকেতুরুক্তঃ ।
শাস্ত্রেষু শৌনক জগৎপতিষু প্রিয়ঞ্চ
শ্রদ্ধাপরঃ প্রকুরুতে লভতে স মুক্তিম্ ॥১৩৭॥

অনুবাদ—আরও—এইরূপে এই একাদশী ব্রত সমস্ত সুখ ধর্ম্ম ও গুণের আশ্রয়, কলিকালে সর্ব্বধর্ম্ম হইতে শ্রেষ্ঠ। হে শৌনক! শাস্ত্রসমূহে উক্ত হইয়াছে এবং জগৎপতি শ্রীবিষ্ণুর প্রিয়। যিনি শ্রদ্ধালু হইয়া এই ব্রত পালন করেন তিনি মুক্তি লাভ করেন ॥ ১৩৭ ॥

টীকা—কলিকেতুঃ কলিকালে সর্ব্বধর্ম্মাদিশ্রেষ্ঠমিত্যর্থঃ। হেতুরিতি পাঠে সমস্তসুখাদিকারণম্। শাস্ত্রেষূক্তঃ, শাস্ত্রান্বিত ইতি পাঠে শাস্ত্রবেত্তেত্যর্থঃ, 'শাস্ত্রবিৎ ফলমশ্নুতে' ইত্যুক্তেঃ ॥ ১৩৭ ॥

তত্রৈব সর্ব্বান্তে—

এতচ্ছৃণোতি কুরুতেঽনুমতিং দদাতি
শ্রদ্ধাঞ্চ কারয়তি যশ্চ তথা নরাণাম্ ।
একাদশীব্রতকৃতে কলুষৈর্বিমুক্তঃ
প্রাপ্নোতি দিব্যভুবনং গরুড়ধ্বজস্য ॥ ১৩৮ ॥

অনুবাদ—এই পুরাণের সর্ব্বশেষে—যিনি এই একাদশী ব্রতের মহিমা শ্রদ্ধাপূর্ব্বক শ্রবণ করেন, ব্রত পালন করেন, অনুমতি দান করেন এবং একাদশী ব্রত করিবার জন্য, অন্যের শ্রদ্ধা উৎপাদন করান তিনি সর্ব্বপাপ বিমুক্ত হইয়া গরুড়ধ্বজ শ্রীনারায়ণের অপ্রাকৃত ধাম প্রাপ্ত হন ॥ ১৩৮ ॥

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে দেবদূতবিকুণ্ডল-সংবাদে—
উপষ্যৈকাদশীমেকাং প্রসঙ্গেনাপি মানবঃ।
ন যাতি যাতনাং যামীমিতি নো যমতঃ শ্রুতম্ ॥১৩৯

অনুবাদ—পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে দেবদূত বিকুণ্ডল সংবাদে—কোন প্রসঙ্গক্রমেও অর্থাৎ অন্যের সঙ্গি বা রাজকর্ত্তৃক অবরোধ বশতঃ একটি একাদশীর উপবাস করিয়াও মানব যমযাতনার পাত্র হয় না, ইহা যমরাজের নিকট হইতে শুনিয়াছি ॥ ১৩৯ ॥

একাদশেন্দ্রিয়ৈঃ পাপং যৎ কৃতং বৈশ্য মানবৈঃ।
একাদশ্যুপবাসেন তৎ সর্ব্বং বিলয়ং ব্রজেৎ ॥১৪০॥

অনুবাদ—হে বৈশ্য! মানবগণ! একাদশ ইন্দ্রিয়দ্বারা যে সকল পাপ করিয়াছে, একাদশী উপবাস দ্বারা তৎসমূহই বিনাশ যায় ॥ ১৪০ ॥

একাদশীসমং কিঞ্চিৎ পুণ্যং লোকে ন বিদ্যতে।
ব্যাজেনাপি কৃতা যৈস্তে বশং যান্তি ন ভাস্করেঃ ॥১৪১

অনুবাদ—ইহলোকে একাদশী ব্রতের সমান কোন পুণ্য নাই। শঠতাবশতও যাহারা ব্রত করেন, তাহারা যমরাজের অধীন হন না ॥ ১৪১ ॥

টীকা—প্রসঙ্গেন কেষামপি সঙ্গত্যা; যদ্বা, রাজ-বোধাদ্যনুষঙ্গেণাপি, ব্যাজেন শাঠ্যেনাপি; ভাস্করের্য-মস্য ॥ ১৩৯-১৪১ ॥

এবমন্যত্রাপি নেদৃশমিত্যাদীনি সপ্তপদ্যানি পূর্ব্ববদত্র প্রবর্ত্তন্তে।

কিঞ্চ—
বালত্বে যৌবনে বাপি বৃদ্ধত্বে বা বিশাংবর।
উপোষ্যৈকাদশীং নূনং নৈব প্রাপ্নোতি দুর্গতিম্ ॥১৪২

অনুবাদ—এইরূপ পদ্মপুরাণে মাঘমহাত্ম্যেও নারদ-পুরাণের (১১৩—১১৯ পর্য্যন্ত) সপ্তপদ্য দৃষ্ট হয়। আরও—হে বৈশ্য শ্রেষ্ঠ! বাল্যকালে যৌবনে বা বার্দ্ধক্যে একাদশীর উপবাস করিয়া নিশ্চয়ই কোন দুর্গতি প্রাপ্ত হয় না ॥ ১৪২ ॥

টীকা—পূর্ব্ববদিতি যথা নারদীয়ে তথাত্র মাঘ-মাহাত্ম্যেঽপি সন্তি ॥ ১৪২ ॥

তত্রৈব বৈশাখমাহাত্ম্যে শ্রীযমব্রাহ্মণ-সংবাদে—
একাদশ্যাঞ্চ বিধিবদুপবাসপরায়ণাঃ।
শুক্লে সিতেতরে পক্ষে তে নরাঃ স্বর্গভাগিনঃ ॥১৪৩॥

অনুবাদ—শুক্ল বা কৃষ্ণ পক্ষের একাদশীতে বিধিবৎ উপবাস পরায়ণ ব্যক্তিগণ স্বর্গ অর্থাৎ বৈকুণ্ঠধাম প্রাপ্ত হয় ॥ ১৪৩ ॥

টীকা—বিধিবদিতি অগ্রে লেখ্যেন পাপবর্জ্জনাদি-বিধিনেত্যর্থঃ। স্বর্গ-শব্দেনাত্রোর্দ্ধ্বলোকো লক্ষ্যতে, তেন চ শ্রীবৈকুণ্ঠপদম্; যদ্বা, বৈকুণ্ঠলোকগমনেঽপি ক্রমাগত্যা স্বর্গসুখভোগাৎ স্বর্গেত্যুক্তমিতি দিক্ ॥১৪৩

মাতৃবৎ সর্ব্ববালানামিতি পূর্ব্ববৎ

কিঞ্চ—
একাদশীসমং কিঞ্চিৎ পাপত্রাণং ন বিদ্যতে।
তামুপোষ্য বিধানেন পুরুষাঃ স্বর্গগামিনঃ ॥ ১৪৪ ॥

অনুবাদ—পূর্ব্ববর্ণিত তত্ত্বসাগর গ্রন্থের 'মাতৃবৎ' ইত্যাদি পদ্য এস্থলেও দৃষ্ট হয়। আরও—পাপ হইতে ত্রাণকারী একাদশীর সমান কোন ব্রত নাই। বিধিমত একাদশী উপবাস করিলে পুরুষগণ স্বর্গগামী হয় ॥ ১৪৪ ॥

টীকা—পূর্ব্ববদিতি যথা তত্ত্বসাগরে তথা বৈশাখ-মাহাত্ম্যেঽপি ইত্যর্থঃ। তত্র চ মাতেবেতি, অত্র তু মাতৃবদিতি পদমেকমুদাহৃতম্ ॥ ১৪৪ ॥

একাদশেন্দ্রিয়ৈঃ পাপং যৎ কৃতং ভবতি দ্বিজ।
নরো নির্দ্ধূয় তত্তূর্ণং ব্রতী স্বর্গতিমান্ ভবেৎ ॥১৪৫॥

অনুবাদ—হে দ্বিজ! একাদশ ইন্দ্রিয় দ্বারা যে সকল পাপ করা হয়, ব্রতকারী ব্যক্তি শীঘ্র ঝাড়িয়া ফেলিয়া স্বর্গগামী হয় ॥ ১৪৫ ॥

অথ অশ্বমেধেত্যাদি পূর্ব্ববৎ

কিঞ্চ—

একতঃ ক্রতবঃ সর্ব্বে সর্ব্বতীর্থতপাংসি চ।
মহাদানানি দত্তানি ব্রতং বৈষ্ণবমেকতঃ ॥ ১৪৬ ॥

অনুবাদ—অনন্তর অশ্বমেধ ইত্যাদি পদ্য ও পূর্ব্ববৎ এস্থলে প্রযোজ্য। আরও—তুলাদণ্ডের একদিকে সর্ব্বযজ্ঞ, সর্ব্বতীর্থ, সর্ব্বতপস্যা ও মহাদানসমূহ প্রদত্ত হইল এবং অন্যদিকে বৈষ্ণবব্রত শ্রীএকাদশী ॥ ১৪৬ ॥

বৈষ্ণবব্রতজো ধর্ম্মো ধর্ম্মো যজ্ঞাদিসম্ভবঃ।
একত্র তুলিতো ধাত্রা তৎপূর্ব্বো হ্যভবদ্‌গুরুঃ।
হরিবাসরভক্তানামচ্যুতাচ্যুতভাষিণাম্ ॥ ১৪৭ ॥

অনুবাদ—ব্রহ্মা কর্ত্তৃক তুলাদণ্ডে একদিকে প্রথমতঃ বৈষ্ণবব্রতজাত ধর্ম্ম এবং অন্যদিকে যজ্ঞাদিজাত ধর্ম্ম আরোপিত হইলে, প্রথম দিকের বৈষ্ণবব্রতজাত ধর্ম্ম অধিক গুরুত্ব প্রকাশ পাইল। ঐ বৈষ্ণবব্রত বিষ্ণুকীর্ত্তনকারী ভক্তগণের হরিবাসর ব্রত ॥ ১৪৭ ॥

টীকা—তয়োঃ পূর্ব্বঃ বৈষ্ণবব্রতজো ধর্ম্মঃ। অচ্যুতাচ্যুতেতি ভাষিণামিতি দৃষ্টান্তত্বেনোক্তম্ ॥১৪৭

নাহং শাস্তা বিশেষেণ তেভ্যো বিপ্র বিভেম্যহম্।
যেষাং পুত্রশ্চ পৌত্রশ্চ একাদশ্যামুপোষিতঃ।
স মহাত্মা স্বপুরুষান্ শতমুদ্ধরতে বলাৎ ॥ ১৪৮ ॥

অনুবাদ—হে বিপ্র! যাহাদের পুত্র পৌত্র একাদশীতে উপবাস করিয়াছে, তাহাদের শাসনকর্ত্তা আমি যম নহি, বিশেষতঃ তাহাদিগকে আমি ভয় পাই। কারণ সেই মহাত্মা নিজ শত পুরুষকে বলপূর্ব্বক উদ্ধার করেন ॥ ১৪৮ ॥

টীকা—অহং যমোঽপি ॥ ১৪৮ ॥

উপোষণং ততঃ কুর্য্যাৎ পক্ষয়োরুভয়োরপি।
একাদশ্যাং স পুরুষো ভুক্তিমুক্ত্যেকভাজনম্ ॥১৪৯॥

অনুবাদ—অতএব উভয় পক্ষের একাদশী করণীয়, সেই ব্যক্তিই ভুক্তি ও মুক্তিলাভের একমাত্র পাত্র ॥ ১৪৯ ॥

অথ তত্রৈব কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীযমধূম্রকেতুসংবাদে—
একাদশ্যান্তু প্রাপ্তায়াং সমুপোষ্যেহ মানবাঃ।
সর্ব্বপাপৈর্বিনির্ম্মুক্তা যান্তি বিষ্ণোঃ পরং পদম্ ॥১৫০

অনুবাদ—অনন্তর পদ্মপুরাণেই কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীযমরাজ ও ধূম্রকেতু-সংবাদে—ইহ লোকে মানবগণ একাদশী উপস্থিত হইলে উপবাস করিয়া সর্ব্বপাপ বিমুক্ত হইয়া শ্রীবিষ্ণুর পরমধাম গমন করেন ॥ ১৫০ ॥

ধর্ম্মদা হ্যর্থদা চৈব কামদা মোক্ষদা কিল।
সর্ব্বকামদুঘা নৃণাং দ্বাদশী বরবর্ণিনি ॥ ১৫১ ॥

অনুবাদ—হে বরবর্ণিনি! মনুষ্যগণের ধর্ম্মপ্রদা অর্থপ্রদা কামপ্রদা ও মোক্ষপ্রদা নিশ্চয়ই সর্ব্ববিধ বাসনা পূরণকারিণী এই দ্বাদশী ॥ ১৫১ ॥

একাদশীব্রতং সৌম্য যদ্যেকং সম্যগর্জ্জিতম্।
কিং দানৈঃ কিং তপস্তীর্থৈঃ সর্ব্বদং
বিধিনা কৃতম্ ॥ ১৫২ ॥

অনুবাদ—হে সৌম্য! যদি একটিমাত্র একাদশী ব্রত সম্পূর্ণভাবে পালিত হয়, দান তপস্যা ও তীর্থাদির কি প্রয়োজন? বিধি সর্ব্বফলপ্রদরূপে এই একটী ব্রত নির্ম্মাণ করিয়াছেন ॥ ১৫২ ॥

টীকা—দানাদিভিঃ কিম্? তেনৈব সর্ব্বসিদ্ধেঃ। কুতঃ? বিধিনা যথাবিধি সর্ব্বদং কর্ম্ম কৃতম্। যদ্বা, বিধিনা বিধাত্রা তৎ সর্ব্বদং কৃতম্। অথবা বিধিনা কৃতং সর্ব্বদং ভবতি, কিং বিশেষোক্ত্যা, সর্ব্বেষামেব সর্ব্বকামং পরিপূরয়তীত্যাহ—সর্ব্বেতি। তেন বৈকুণ্ঠলোক প্রাপ্ত্যাদিকমভিপ্রেতম্ ॥ ১৫২ ॥

অথ তত্রৈবোত্তরখণ্ডে শিবপার্ব্বতীসংবাদে—

একাদশীং পরিত্যজ্য যো হ্যন্যদ্‌ব্রতমাচরেৎ ।
স করস্থং মহারত্নং হিত্বা ভৈক্ষ্যন্তু যাচতে ॥ ১৫৩ ॥

অনুবাদ—অথ পদ্মপুরাণের উত্তরখণ্ডে শিব-পার্ব্বতী-সংবাদে—যে ব্যক্তি একাদশী ব্রত পরিত্যাগ করিয়া অন্য ব্রত আচরণ করে সেই ব্যক্তি হস্তস্থিত মহারত্নকে ত্যাগ করিয়া ভিক্ষা প্রার্থনা করে ॥১৫৩॥

———

স্কান্দে—

বিনাপি ঋক্ষসংযোগাদেকৈবৈকাদশী নৃণাম্ ।
বিনিহন্তীহ চৈনাংসি কুনৃপো বিষয়ং যথা ॥ ১৫৪ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে—শুভ পুষ্যাদি নক্ষত্র সংযোগ রহিত একমাত্র একাদশী ব্রত মনুষ্যগণের পাপসমূহ বিনাশ করে, যেমন এই জগতে কুরাজা বিষয়সমূহকে নষ্ট করে ॥ ১৫৪ ॥

টীকা—ঋক্ষাণি পুষ্যাদীনি, তৎসংযোগাদ্বিনাপি। তেষাং যোগমাহাত্ম্যবিশেষোঽগ্রে লেখ্যঃ ॥ ১৫৪ ॥

———

ন দানং ন তপঃ স্নানং ন চান্যৎ সুকৃতং কৃচিৎ ।
মুক্তয়ে হ্যভবৎ সুভ্রু মুক্তৈকং হরিবাসরম্ ॥১৫৫॥

অনুবাদ—হে সুভ্রু! দান, তপস্যা, তীর্থস্নানাদি অন্য পুণ্যসমূহ কখনও নিশ্চয়ই সংসার হইতে মুক্তিদানে অসমর্থ, শ্রীহরিবাসর ব্রতই একমাত্র মুক্তির কারণ ॥ ১৫৫ ॥

টীকা—সুভ্রু, হে পার্ব্বতি ॥ ১৫৫ ॥

———

সকৃচ্চোপোষণেনাস্যাং নশ্যন্তি পাপরাশয়ঃ ।
একতঃ পৃথিবীদানমেকতো হরিবাসরঃ ।
ন সমং কবিভিঃ প্রোক্তং বাসরো
হ্যধিকঃ স্মৃতঃ ॥ ১৫৬ ॥

অনুবাদ—এই একাদশীতে একবার মাত্র উপবাস দ্বারা সমূহ পাপরাশি বিনাশ প্রাপ্ত হয়। তুলাদণ্ডের একদিকে পৃথিবী দান এবং অন্যদিকে হরিবাসর ব্রত সমান নহে, পণ্ডিতগণ বলিয়াছেন, শ্রীহরিবাসরের গুরুত্ব অধিক ॥ ১৫৬ ॥

———

তত্রৈবামৃতসারোদ্ধারে শ্রীযমস্য দূতানুশাসনে—

অগম্যাগমনে পাপং মিত্রদ্রোহে চ পাতকম্ ।
ইত্যাদিপাতকং যচ্চ যত্নৈরন্যদুপার্জ্জিতম্ ॥ ১৫৭ ॥
পাষণ্ডালাপজনিতং পতিতানাঞ্চ সঙ্গমাৎ ।
তন্ময়া মার্জ্জিতং সর্ব্বমেকাদশ্যুপবাসিনাম্ ॥ ১৫৮॥

অনুবাদ—স্কন্দপুরাণেই অমৃতসারোদ্ধারে শ্রীযমরাজের দূতগণের প্রতি অনুশাসন বাক্যে—অগম্যাগমনে যে পাপ, মিত্রদ্রোহেও যে পাপ এবং অন্য যে সকল পাপ যত্নসহকারে উপার্জ্জিত ও পাষণ্ড আলাপ জনিত পাপ, পতিত ব্যক্তিগণের সঙ্গফলে যে পাপ—একাদশীর উপবাস কারীগণের সম্বন্ধে ॥১৫৭-১৫৮॥

টীকা—আদি-শব্দেন স্বর্ণস্তেয়াদি, অন্যৎ পরমপি অভক্ষ্যভক্ষণাদিকম্ ॥ ১৫৭ ॥

———

প্রতিগ্রহোত্থং যৎ পাপং দশাভ্রংশোদ্ভবঞ্চ যৎ ।
তন্ময়া মার্জ্জিতং দূতা একাদশ্যুপবাসিনাম্ ॥ ১৫৯ ॥

অনুবাদ—দান গ্রহণ জনিত যে পাপ, ব্রহ্মচর্য্যাদি ব্রত ভঙ্গ জনিত যে পাপ—হে দূতগণ! একাদশী উপবাস কারীগণের ঐসকল পাপ আমি মার্জ্জন করি ॥ ১৫৯ ॥

টীকা—দশা অবস্থা ব্রহ্মচর্য্যাদি, তদ্‌ভ্রংশেনোদ্ভবো যস্য তৎ ॥ ১৫৯ ॥

———

অতএব তত্র—

একাদশ্যুপবাসী যো নরো ভবতি ভূতলে ।
মুক্তং ময়া শতানন্দ তেষাং ত্রিপুরুষং কুলম্ ॥১৬০॥
একাদশ্যামভুঞ্জানা যুক্তাঃ পাপশতৈরপি ।
ভবদ্ভিঃ পরিহর্ত্তব্যা হিতা মে যদি সর্ব্বদা ॥ ১৬১ ॥

অনুবাদ—অতএব স্কন্দপুরাণে—হে শতানন্দ! এই ভূতলে যে ব্যক্তি একাদশীতে উপবাসী হয়, তাহাদের তিনপুরুষ কুলকে আমি মুক্ত করিয়া থাকি। হে দূতগণ! তোমরা যদি সর্ব্বদা আমার হিত ইচ্ছা কর, তাহা হইলে শত পাপযুক্ত ব্যক্তি একাদশীতে উপবাস করিলে তাহাকে আনিবে না ॥ ১৬০-১৬১ ॥

———

কিঞ্চ—

বরং চাণ্ডালজাতীয় একাদশ্যুপবাসকৃৎ।
ন তু বিপ্রশ্চতুর্বেদী যো ভুঙ্‌ক্তে হরিবাসরে ॥ ১৬২॥

অনুবাদ—আরও—একাদশীতে উপবাসকারী চণ্ডাল জাতীয় ব্যক্তি শ্রেষ্ঠ, হরিবাসরে যে ভোজন করে ঐরূপ চতুর্ব্বেদী বিপ্রও শ্রেষ্ঠ নহে ॥ ১৬২ ॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদসংবাদে—

কল্পবৃক্ষসমা খ্যাতা দ্বাদশী বাঞ্ছিতার্থদা।
সুগতের্দায়িনী পুংসাং স্মৃতা চ কৃতকীর্ত্তনা ॥ ১৬৩॥

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীব্রহ্মনারদ-সংবাদে—দ্বাদশী বাঞ্ছিতার্থ প্রদানে কল্পবৃক্ষসমা বলিয়া প্রসিদ্ধা, ঐ দ্বাদশীর মহিমা স্মরণ ও কীর্ত্তন মানবের সুগতিদায়িনী ॥ ১৬৩ ॥

টীকা—বাঞ্ছিতং কর্ত্তুমিষ্টম্ ॥ ১৬৩॥

নাশ্বমেধসহস্রৈশ্চ তীর্থকোট্যবগাহনৈঃ।
যৎ ফলং প্রাপ্যতে বৎস দ্বাদশী-বাসরে কৃতে ॥১৬৪

অনুবাদ—হে বৎস! দ্বাদশী দিনে উপবাস করিলে যে ফল পাওয়া যায়, অশ্বমেধ যজ্ঞ সহস্র বা কোটি তীর্থ স্নান ফলেও তাহা পাওয়া যায় না ॥১৬৪

টীকা—দ্বাদশীবাসরে কৃতে সতি যৎ ফলং প্রাপ্যতে, অশ্বমেধাদিভিস্তন্ন প্রাপ্যতে ॥ ১৬৪ ॥

পূজামাপ্নোতি সর্ব্বত্র ন রোগেভ্যো ভয়ং ভবেৎ।
নোপসর্গভয়ং তস্য দুষ্টজীবসমুদ্ভবম্ ॥ ১৬৫॥

অনুবাদ—দ্বাদশীব্রতকারী সর্ব্বত্র পূজা লাভ করে, তাহার রোগসমূহ হইতে ভয় হয় না, দুষ্ট জীব হইতে জাত উপসর্গ ভয়ও তাহার নাই ॥ ১৬৫ ॥

ন দাহো ন ক্লমো নার্ত্তিঃ স্মরণং সর্ব্বদা হরেঃ।
সন্ততের্ন বিয়োগশ্চ দ্বাদশীকারিণাং হরেঃ ॥ ১৬৬ ॥

অনুবাদ—শ্রীহরির সর্ব্বদা স্মরণকারীর যেমন শারীরিক ও মানসিক দাহ নাই, ক্লান্তি নাই, বিপদ নাই। সেইরূপ শ্রীহরির দ্বাদশী ব্রতকারীগণের সন্তান বিয়োগও নাই ॥ ১৬৬ ॥

কথারুচির্ভবেন্নিত্যং ন ভয়ং বিদ্যতে কৃচিৎ।
রণে রাজকুলে চৈব সর্ব্বত্র বিজয়ী ভবেৎ ॥ ১৬৭ ॥

অনুবাদ—দ্বাদশী ব্রতকারীগণের নিত্য শ্রীহরির কথাতে রুচি হয়, কোথাও ভয় থাকে না, যুদ্ধক্ষেত্রে এবং রাজকুলে সর্ব্বত্র বিজয়ী হয় ॥ ১৬৭ ॥

ধর্ম্মোপরি মতির্নিত্যং কৃষ্ণে ভক্তিঃ সুনির্ম্মলা।
পাতকৈর্নৈব লিপ্যেত দ্বাদশীভক্তিতো নরঃ ॥ ১৬৮ ॥

অনুবাদ—ধর্ম্মের উপরে দৃঢ়মতি, নিত্য শ্রীকৃষ্ণে সুনির্ম্মলা ভক্তি, পাপেলিপ্ত হয় না, মানব দ্বাদশীব্রতে ভক্তি করিলে ॥ ১৬৮ ॥

টীকা—উপসর্গা অরিষ্টানি, তেভ্যো ভয়ম্; সর্ব্বদা হরেঃ স্মরণং ভবতি, হরেঃ কথায়াং রুচির্নিত্যান্বয়ঃ। ভক্তিঃ শ্রবণাদিরূপা প্রেমলক্ষণা বা; এবং দ্বাদশী-ভক্তিতঃ দ্বাদশ্যাঃ সেবয়া। যদ্বা, দ্বাদশ্যা প্রীতিমাত্রেণাপি পাতকৈঃ কথঞ্চিৎ ক্রিয়মাণৈরপি ন লিপ্যতে ॥ ১৬৫-১৬৮ ॥

ইত্থং গুহ্যং সমাখ্যাতং দৃষ্ট্বা শাস্ত্রসমুচ্চয়ম্।
সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য কলৌ কার্য্যং হরেদিনম্ ॥১৬৯

অনুবাদ—শাস্ত্রসমূহ দর্শন করিয়া এইভাবে গূঢ় বিষয় সম্পূর্ণ বলা হইল, এই কলিযুগে সর্ব্বধর্ম্ম পরিত্যাগ করিয়া হরিবাসর ব্রত কর্ত্তব্য ॥ ১৬৯ ॥

ন ভবেন্মানসী পীড়া রোগাশ্চাত্যন্তদুঃখদাঃ।
মাহাত্ম্যং পঠতঃ পুংসো দ্বাদশীসম্ভবং কলৌ ॥১৭০॥

অনুবাদ—এই কলিযুগে দ্বাদশীমাহাত্ম্য পাঠকারী মানবের মানসী পীড়া বা অত্যন্ত দুঃখপ্রদ রোগসমূহ হয় না ॥ ১৭০ ॥

ন তৎ পুণ্যং কুরুক্ষেত্রে প্রয়াগে চ সতাং কলৌ।
মাহাত্ম্যং পঠতাং পুংসাং যৎ ফলং দ্বাদশীভবম্
॥ ১৭১ ॥

অনুবাদ—এই কলিযুগে কুরুক্ষেত্রে ও প্রয়াগে সেই পুণ্য লাভ হয় না, দ্বাদশীব্রতের মাহাত্ম্য পাঠকারী মানবগণের যে ফল ॥ ১৭১ ॥

ভবিষ্যে—
একাদশী মহাপুণ্যা সর্ব্বপাপবিনাশিনী।
ভক্তেশ্চ দীপনী বিষ্ণোঃ পারমার্থগতিপ্রদা ॥
যামুপোষ্য নরো ভক্ত্যান সংসারে ভবিষ্যতি ॥ ১৭২॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—একাদশী মহাপুণ্যা সর্ব্বপাপ বিনাশিনী বিষ্ণু-ভক্তিরও উদ্দীপনী এবং পরমার্থ গতিপ্রদা, একাদশীর উপবাস ভক্তিসহ করিলে মানব আর সংসারে জন্মগ্রহণ করে না ॥ ১৭২ ॥

একাদশ্যাং নিরাহারো যো ভুঙ্‌ক্তে দ্বাদশীদিনে।
ন স দুর্গতিমাপ্নোতি নরকানি ন পশ্যতি ॥ ১৭৩ ॥

অনুবাদ—একাদশীতে উপবাস করিয়া যে ব্যক্তি দ্বাদশীদিনে একপাদ বাদ দিয়া ভোজন করে, সে ব্যক্তি দুর্গতি প্রাপ্ত হয় না এবং নরকসমূহও দর্শন করে না ॥ ১৭৩ ॥

কৃত্বা পাপসহস্রাণি একাদশ্যামুপোষিতঃ।
দ্বাদশ্যামর্চ্চয়েদ্বিষ্ণুং ন স দুর্গতিমাপ্নুয়াৎ ॥ ১৭৪ ॥

অনুবাদ—সহস্র সহস্র পাপ করিয়াও যিনি একাদশীতে উপবাস পূর্ব্বক দ্বাদশীতে শ্রীবিষ্ণুর অর্চ্চন করেন, তিনি দুর্গতি প্রাপ্ত হন না ॥ ১৭৪ ॥

এষা তিথিঃ পরা পুণ্যা বিষ্ণোরীশস্য তুষ্টিদা।
তস্যামেব জগন্নাথো অমূর্ত্তো মূর্ত্তিমান্ স্থিতঃ।
তেনা সা সর্ব্বপাপঘ্নী সর্ব্বদুঃখবিনাশিনী ॥ ১৭৫ ॥

অনুবাদ—এই তিথি পরমা পবিত্রা, পরমেশ্বর শ্রীবিষ্ণুর তুষ্টি প্রদা। শ্রীজগন্নাথ অব্যক্ত হইয়াও এই তিথিতে ব্যক্ত মূর্ত্তিমান হইয়া থাকেন, এই কারণে দ্বাদশী সর্ব্বপাপহারিণী ও সর্ব্বদুঃখ বিনাশিনী ॥১৭৫

টীকা—অস্তু তাবদ্দ্বাদশীব্রতাদিনিষ্পাদনং, তন্মাহাত্ম্যপঠনাদপি সর্ব্বদুঃখশান্তিঃ পরমপুণ্যপ্রাপ্তিশ্চেত্যাহ—ন ভবেদিতি দ্বাভ্যাম্। অমূর্ত্তঃ—অব্যক্তঃ, মূর্ত্তিমান্ স্থিতঃ ব্যক্তোঽভূৎ ॥ ১৭০-১৭৫ ॥

যা সা বিষ্ণুময়ী শক্তিরনন্তা ব্যাপ্য যা স্থিতা।
সা তেন তিথিরূপেণ দ্রষ্টব্যৈকাদশী সতী ॥ ১৭৬ ॥

অনুবাদ—প্রসিদ্ধা বিষ্ণুময়ী শক্তি যিনি অনন্তা, সর্ব্বজগৎ ব্যাপিয়া যিনি থাকেন, তাঁহাঅেই সতী একাদশী তিথিরূপে ॥ ১৭৬ ॥

সনৎকুমারপ্রোক্তে—
কৃত্বা পাপসহস্রাণি ব্রহ্মহত্যাশতানি বৈ।
একামেকাদশীং ভক্ত্যা সমুপোষ্য শুচির্ভবেৎ ॥১৭৭॥

অনুবাদ—সনৎকুমার প্রোক্ত—সহস্র সহস্র পাপ করিয়া নিশ্চয়ই ভক্তিপূর্ব্বক একটি একাদশী সম্পূর্ণ উপবাস করিয়া পবিত্র হইবে ॥ ১৭৭ ॥

একাদশীব্রতাদন্যযদ্ব্রতং ক্রিয়তে নরৈঃ।
তৎফলং তদ্বিজানীয়াদ্দুঃখোদ্ভূতমিবাঙ্কুরম্ ॥ ১৭৮ ॥

অনুবাদ—মানবগণ একাদশী ব্রত হইতে ভিন্ন যে ব্রত করে, তাহার ফল তাহাই একাদশীব্রতই বিশেষরূপে জানিবে। দুঃখের সহিত অন্য ব্রতের প্রয়াস হইতে জাত অঙ্কুর, পুণ্যবীজ ফুটিয়া জাত অঙ্কুর অথবা, অন্য ব্রতের ফল একাদশী ব্রত জানিবে ॥ ১৭৮ ॥

সৌরধর্ম্মে—
একতশ্চাগ্নিহোত্রাদি দ্বাদশীমেকতঃ প্রভুঃ।
তুলয়াতোলয়ত্তত্র দ্বাদশী চ বিশিষ্যতে ॥ ১৭৯ ॥

অনুবাদ—সৌরধর্ম্মে—ব্রহ্মলোকে ব্রহ্মা তুলাদণ্ডে একদিকে অগ্নিহোত্রাদি যজ্ঞসমূহ ও অন্য দিকে

দ্বাদশীকে স্থাপন করিয়া তুলনা করাতে অধিক বিশিষ্ট স্থান লাভ করিলেন ॥ ১৭৯ ॥

দেবীরহস্য-স্কন্দপুরাণয়োঃ—

পাপং পঞ্চবিধং প্রোক্তং পাতকঞ্চাতিপাতকম্ ।
উপপাতকসংজ্ঞঞ্চ মহাপাতকমেব চ ॥ ১৮০ ॥
প্রকীর্ণকঞ্চ তৎ সর্ব্বমেকাদশ্যামুপোষণাৎ ।
বিলয়ং যাতি তোয়স্থং যথা চৈবামভাজনম্ ॥ ১৮১॥

অনুবাদ—দেবীরহস্য ও স্কন্দপুরাণে—পাপ পঞ্চবিধ কথিত হইয়াছে—পাতক—পাতিত্য কারক, অতিপাতক—পুত্রবধূগমনাদি, উপপাতক—গোবধাদি, মহাপাতক—ব্রহ্মহত্যাদি, প্রকীর্ণ—বহুবিধ ক্ষুদ্র, পাপ। এই সকলই একাদশীতে উপবাস দ্বারা বিনাশ প্রাপ্ত হয়, যেমন কাঁচা মাটির পাত্র জলে রাখিলে গলিয়া যায় ॥ ১৮০-১৮১ ॥

টীকা—তস্য অন্যব্রতস্য ফলং তৎ একাদশীব্রতমেব বিশেষেণ জানীয়াৎ। কথমিব? দুঃখেন অন্যব্রতপ্রয়াসেনোদ্ভূতমঙ্কুরং পুণ্যবীজোদ্ভেদমিব জানীয়াৎ। যদ্বা, তস্য ফলং তৎ বিজানীয়াৎ। কিমিত্যপেক্ষায়ামাসু—দুঃখস্যোদ্ভূতমঙ্কুরমিব। একাদশীব্রতত্যাগেনান্যব্রতকরণাদ্দুঃখমেবোপার্জ্জিতমিত্যর্থঃ। পাতকং পাতিত্যকারণম্ অতিপাতকং স্নুষাগমনাদি, উপপাতকং গোবধাদি, মহাপাতকং প্রকীর্ণং ব্রহ্মহত্যাদি, বহুবিধক্ষুদ্রপাপং বা॥১৭৮-১৮১

দেবীরহস্যে—

গায়ত্রীহ যথা সর্ব্বপাপপঞ্জরভেদিনী ।
একাদশী তথা সর্ব্বপাপপঞ্জরভেদিনী ॥ ১৮২ ॥

অনুবাদ—দেবীরহস্যে—এই জগতে গায়ত্রী যেমন সর্ব্ববিধ পাপরূপ পঞ্জর ভঙ্গ করেন, শ্রীএকাদশীব্রত সেইরূপ সর্ব্ববিধ পাপরূপ পঞ্জর ভঙ্গ করেন ॥ ১৮২ ॥

বায়ব্যে স্কান্দে চ—

অভোজ্যভোজনাজ্জাতমগম্যাগমনাচ্চ যৎ ।
অযাজ্যযাজনাদ্যচ্চ অভক্ষ্যাণাঞ্চ ভক্ষণাৎ ॥ ১৮৩॥
অস্পৃশ্যস্পর্শনাদযচ্চ পরেষাং নিন্দয়া চ যৎ ।
আত্মসম্ভাবনাদ্যচ্চ পারদার্য্যকৃতঞ্চ যৎ ॥ ১৮৪ ॥
বিহিতাকরণাদ্যচ্চ পরবিত্তাপহারতঃ ।
কামান্ধেন কৃতং যচ্চ পাতকং চোপপাতকম্ ।
তৎ সর্ব্বং বিলয়ং যাতি একাদশ্যামুপোষণাৎ ॥১৮৫

অনুবাদ—বায়ুপুরাণে ও স্কন্দপুরাণে—অভোজ্য ভোজন জাত, অগম্যা গমন জাত, অযাজ্য ব্যক্তিকে যাজন জাত, অভোক্ষ্য বস্তু সকলের ভক্ষণ জাত। অস্পৃশ্য ব্যক্তি বা বস্তুকে স্পর্শজাত, পরনিন্দা, নিজ নিজ প্রশংসা, পরদারগমন, শাস্ত্রবিধির অকরণ, পরবিত্ত অপহরণ, কামান্ধ হইয়া কৃত যে সকল পাতক ও উপপাতকাদি সেই সকলই একাদশীতে উপবাস দ্বারা বিনষ্ট হয় ॥ ১৮৩-১৮৫ ॥

বিষ্ণুরহস্যে শ্রীব্রহ্মোক্তৌ—

মনসাপি চিকীর্ষন্তি দ্বাদশীং যে নরোত্তমাঃ ।
তেঽপি ঘোরং ন পশ্যন্তি সংসারদুঃখসাগরম্ ॥১৮৬

অনুবাদ—শ্রীবিষ্ণুরহস্যে শ্রীব্রহ্মার উক্তিতে—যে সকল শ্রেষ্ঠ মানব মনে মনেও দ্বাদশীব্রত করিতে ইচ্ছা করেন, তাঁহারাও ভয়ঙ্কর সংসার দুঃখ সাগর আর দর্শন করেন না ॥ ১৮৬ ॥

বিষ্ণুপুরাণে—

ওঁকারঃ সর্ব্ববেদানাং যথা চাদ্যঃ প্রপূজিতঃ ।
তথা সর্ব্বব্রতানাঞ্চ দ্বাদশীব্রতমুত্তমম্ ॥ ১৮৭ ॥

অনুবাদ—বিষ্ণুপুরাণে—যেমন প্রণব সর্ব্ববেদের অগ্রে পূজিত হন, সেইরূপ সর্ব্বব্রতের প্রথমে দ্বাদশী-পূজিত হন ॥ ১৮৭ ॥

দ্বারকামাহাত্ম্যে শ্রীকৃষ্ণং প্রতি শ্রীচন্দ্রশর্ম্মণ উক্তৌ—

ত্বৎপাদাম্বুজভক্তানাং ন দুঃখং পাপিনামপি ।
কিং পুনঃ পাপহীনানাং দ্বাদশীসেবিনাং
নৃণাম্ ॥ ১৮৮ ॥

অনুবাদ—দ্বারকামাহাত্ম্যে শ্রীকৃষ্ণের প্রতি শ্রীচন্দ্র শর্ম্মার উক্তিতে—হে শ্রীকৃষ্ণ! আপনার চরণকমলের

ভক্তগণ কৃচিৎ পাপ করিলেও দুঃখ পায় না, দ্বাদশী-ব্রতকারী নিষ্পাপ মানবগণ যে দুঃখ পায় না, তাহা আর কি বলিব ॥ ১৮৮ ॥

তত্রৈব শ্রীবলিং প্রতি প্রহলাদোক্তৌ—

নোষ্ণত্বং দ্বিজরাজে হি শীতত্বং ন হুতাশনে।
বৈষ্ণবানামপাপত্বমেকাদশ্যুপবাসিনাম্ ॥ ১৮৯ ॥

অনুবাদ—ঐস্থলে শ্রীবলিমহারাজের প্রতি শ্রীপ্রহলাদের উক্তিতে—যেমন দ্বিজরাজ চন্দ্রে উষ্ণতা নাই, অগ্নিতে যেমন শীতলতা নাই, সেইরূপ একাদশীতে উপবাসকারী বৈষ্ণবগণের পাপ নাই ॥ ১৮৯ ॥

বৈষ্ণবতন্ত্রে—

একাদশী মহাপুণ্যা বিষ্ণোরীশস্য বল্লভা।
তস্যামুপোষিতো যস্তু দ্বাদশ্যাং পূজয়েদ্ধরিম্।
তস্য পাপানি নশ্যন্তি বিষ্ণৌ
ভক্তিশ্চ জায়তে ॥ ১৯০ ॥

অনুবাদ—বৈষ্ণবতন্ত্রে—এখন শ্রীএকাদশীর বিশেষ মাহাত্ম্য শ্রীহরিপ্রিয়াহেতু ভগবদ্ভক্তি লাভ ভগবদ্ধাম-প্রাপ্তিরূপ মহাফল সমূহ দেখান হইতেছে—পরমেশ্বর শ্রীবিষ্ণুর বল্লভা একাদশী মহাপুণ্যা, তাহাতে উপবাস করিয়া যে ব্যক্তি দ্বাদশীতে শ্রীহরির বিশেষ পূজা করেন, তাহার পাপসমূহ নাশ প্রাপ্ত হইয়া শ্রীবিষ্ণুতে ভক্তি লাভও হয় ॥ ১৯০ ॥

বৃহন্নারদীয়ে, একাদশীমাহাত্ম্যারম্ভে—

মহাপাতকযুক্তো বা যুক্তো বা সর্ব্বপাতকৈঃ।
একাদশ্যাং নিরাহারঃ স্থিত্বা যাতি
পরং পদম্ ॥ ১৯১ ॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে একাদশীমাহাত্ম্যারম্ভে—মহাপাতকযুক্ত অথবা সর্ব্ববিধ পাতকযুক্ত ব্যক্তি একাদশীতে উপবাস থাকিয়া নির্ম্মলচিত্তে শ্রীভগবদ্ধাম গমন করেন ॥ ১৯১ ॥

বায়ুপুরাণে—

একাদশীব্রতং যস্তু ভক্তিমান্ কুরুতে নরঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ স বিষ্ণোর্যাতি মন্দিরম্ ॥ ১৯২॥

অনুবাদ—বায়ুপুরাণে—যে ভক্তিমান্ মানব একাদশীব্রত পালন করেন, তিনি সর্ব্বপাপ বিনির্ম্মুক্ত হইয়া শ্রীবিষ্ণুধামে গমন করেন ॥ ১৯২ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

একাদশ্যুপবাসং যঃ শ্রদ্ধয়া কুরুতে নরঃ।
স সর্ব্বপাতকৈঃ সদ্যস্ত্বচেবাহির্বিমুচ্যতে ॥ ১৯৩ ॥
ন পশ্যত্যাময়ং নাপি নরকান্তরযাতনাম্।
স নমস্যঃ প্রপূজ্যশ্চ বাসুদেবপ্রিয়ো হি সঃ ॥ ১৯৪॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরপুরাণে—শ্রদ্ধাসহ যে ব্যক্তি একাদশী, উপবাস করেন, সর্প যেমন সদ্য অনায়াসে খোলস মুক্ত হয়, সেই তিনি সদ্য সর্ব্ব-পাতক মুক্ত হন। তিনি রোগ ব্যাধি দর্শন করেন না, নরক যাতনা ভোগ করেন না, তিনি সকলের নমস্য ও পূজনীয়, তিনি শ্রীকৃষ্ণের নিশ্চয়ই প্রিয় ভক্ত ॥ ১৯৩-১৯৪ ॥

গারুড়ে—

একাদশীব্রতং ভক্ত্যা যঃ করোতি নরঃ সদা।
স বিষ্ণুলোকং ব্রজতি যাতি বিষ্ণোঃ
স্বরূপতাম্ ॥ ১৯৫ ॥

অনুবাদ—গরুড়পুরাণে—যে ব্যক্তি ভক্তির সহিত সকল একাদশীব্রত করেন, তিনি শ্রীবিষ্ণুর ধামে গমন করেন এবং বিষ্ণুর সারূপ্য প্রাপ্ত হন ॥ ১৯৫ ॥

আগ্নেয়ে—

একাদশ্যুপবাসং যঃ সদা তু কুরুতে নরঃ।
স যাতি পরমং স্থানং যত্র দেবো হরিঃ স্থিতঃ ॥১৯৬

অনুবাদ—অগ্নি-পুরাণে—যে মানব সকল একাদশী উপবাস করেন তিনি পরমধাম শ্রীহরির লীলাস্থানে গমন করেন ॥ ১৯৬ ॥

শিবপুরাণে—

যঃ করোতি নরো ভক্ত্যা একাদশ্যামুপোষণম্।
স যাতি বিষ্ণুসালোক্যং প্রাপ্য
বিষ্ণোঃ স্বরূপতাম্ ॥ ১৯৭ ॥

অনুবাদ— শিবপুরাণে—যে মানব ভক্তিসহকারে একাদশীতে উপবাস করেন, তিনি বিষ্ণুর সারূপ্য প্রাপ্ত হইয়া বিষ্ণুলোকে গমন করেন ॥ ১৯৭ ॥

টীকা—অধুনা বিশেষতো ভগবদ্বল্লভত্বেন ভগবদ্ভক্তি-তল্লোকাদি-প্রাপ্তিমহাফলং বৈষ্ণবতন্ত্রাদিবচনৈরন্তে দর্শয়তি—একাদশীত্যাদিনা স্বরূপতামিত্যন্তেন ॥ ১৯০-১৯৭ ॥

ঈদৃঙ্মাহাত্ম্যরত্নানি শাস্ত্রাম্ভোধৌ স্ফুরন্ত্যপি।
কঃ সংগ্রহীতুং শক্তঃ স্যাদত্র কৃষ্ণকৃপাং বিনা॥১৯৮

অনুবাদ—শ্রীগোস্বামিপাদের কারিকা—এইরূপ শ্রীএকাদশীর মাহাত্ম্য রত্নসমূহ শাস্ত্র-সমুদ্রে বিরাজিত থাকিলেও শ্রীকৃষ্ণকৃপা ব্যতীত এই সংসারে অন্য কোন্ ব্যক্তি সংগ্রহ করিতে পারে ? ১৯৮ ॥

টীকা—ইদানীং মাহাত্ম্য-লিখনমুপসংহরন্ পরমোপাদেয়ানামপি তন্মাহাত্ম্যবচনানাং সর্ব্বেষাং লিখনাসম্ভবং ব্যঞ্জয়তি—ঈদৃগিতি। স্ফুরন্তি, প্রসিদ্ধতয়া প্রকাশমানান্যপি, অতো নিজাযোগ্যত্বেন তদানন্ত্যেন চ তানি সর্ব্বাণ্যত্র সংগৃহ্য লিখিতুং ন শক্যন্ত ইত্যর্থঃ ॥ ১৯৮ ॥

অথোপবাসদিননির্ণয়ঃ

একাদশী চ সম্পূর্ণা বিদ্ধেতি দ্বিবিধা স্মৃতা।
বিদ্ধা চ দ্বিবিধা তত্র ত্যাজ্যা বিদ্ধা তু পূর্ব্বজা॥ ১৯৯

অনুবাদ—অনন্তর শ্রীএকাদশীর উপবাসদিন নির্ণয় প্রদর্শিত হইতেছে—শাস্ত্রে উক্ত হইয়াছে—শ্রীএকাদশী দ্বিবিধা সম্পূর্ণা ও বিদ্ধা। বিদ্ধা ও দ্বিবিধা—পূর্ব্ব বিদ্ধা ও পরবিদ্ধা, তন্মধ্যে পূর্ব্ব দশমী বিদ্ধা পরিবর্জ্জনীয়া ॥ ১৯৯ ॥

টীকা—বিদ্ধৈকাদশী চ অগ্রে লেখ্যেন বেধাতিবেধমহাবেধযোগা ইতি ভেদচতুষ্টয়েন সন্দিগ্ধা। সংযুক্তাদিভেদত্রয়েণ চ কিংবা স্বতঃ সামান্যূনতাধিক্যৈর্দ্দশ্যা সামান্যূনতাধিক্যৈর্নবভেদতো নানাবিধা ভবতি। তত্র পূর্ব্ববিদ্ধোত্তরবিদ্ধয়োর্মধ্যে পূর্ব্বয়া দশম্যা বিদ্ধা ত্যাজ্যা নোপেষ্যেত্যর্থঃ। অত্র চ ত্যাজ্যেতি সামান্যনির্দ্দেশেন সর্ব্বৈরেব পরিত্যাজ্যেতি বোদ্ধব্যম্। ততশ্চ, শুদ্ধৈব দ্বাদশী রাজন্নুপোষ্যা মোক্ষকাঙ্ক্ষিভিঃ। সকামৈর্গৃহিভিঃ পূর্ব্বাবিদ্ধাপীতি বিনিশ্চয়ঃ॥' ইতি পুরাণসমুচ্চয়াদিবচনার্থো নিরস্তঃ। তদ্‌যুক্তিশ্চাগ্রে দর্শয়িতব্যেতি দিক্ ॥ ১৯৯ ॥

তথা চ পৈঠীনসিঃ—

নাগবিদ্ধা চ যা ষষ্ঠী শিববিদ্ধা চ সপ্তমী।
দশম্যেকাদশীবিদ্ধা তত্র নোপবসেদ্বুধঃ ॥ ২০০ ॥

অনুবাদ—তাহাই পৈঠীনসিস্মৃতিতে—পঞ্চমীবিদ্ধা যে ষষ্ঠী-তিথি, ষষ্ঠী-বিদ্ধা যে সপ্তমী এবং দশমী দ্বারা যে একাদশী তিথি বিদ্ধা তাহাতে অভিজ্ঞ ব্যক্তি উপবাস করিবেন না ॥ ২০০ ॥

টীকা—নাগঃ পঞ্চমী তেন বিদ্ধা, শিবঃ ষষ্ঠী তেন বিদ্ধা ॥ ২০০ ॥

সারদাপুরাণে—

একাদশী তথা ষষ্ঠী পৌর্ণমাসী চতুর্দ্দশী।
তৃতীয়া চ চতুর্থী চ অমাবস্যাষ্টমী তথা।
উপোষ্যাঃ পরসংযুক্তা নোপোষ্যাঃ পূর্ব্বসংযুতাঃ
॥ ২০১ ॥

অনুবাদ—সারদাপুরাণে—যেমন একাদশী, সেইরূপ ষষ্ঠী, পৌণমাসী, চতুর্দশী, তৃতীয়া, চতুর্থী, অমাবস্যা ও অষ্টমী—পর তিথির সহিত সংযুক্ত থাকিলে উপবাস কর্ত্তব্য, পূর্ব্বতিথির সহিত সংযুক্ত থাকিলে উপবাস কর্ত্তব্য নহে ॥ ২০১ ॥

সৌরধর্ম্মোত্তরে চ—

একাদশীমুপবসেদ্দ্বাদশীমথবা পুনঃ।
বিমিশ্রাং বাপি কুর্ব্বীত ন দশম্যা যুতাং ক্বচিৎ ॥২০২

অনুবাদ—সৌরধর্ম্মোত্তর পুরাণেও—শুদ্ধা একাদশী অথবা দ্বাদশী বা দ্বাদশী মিশ্রা একাদশীর উপবাস

করিবে। কখনও দশমীযুক্তা একাদশীর উপবাস করিবে না ॥ ২০২ ॥

টীকা—বিমিশ্রাং একাদশীং দ্বাদশীং চান্যোঽহন্য-মিলিতাম্, একাদশীযুক্তাং দ্বাদশীমিত্যর্থঃ ॥ ২০২ ॥

———

অথ সামান্যতো বিদ্ধোপবাসদোষঃ

অত্র বার্ষ্যায়ণিঃ—

ভূতবিদ্ধা ত্বমাবস্যা দশম্যেকাদশীযুতা।
দিশা বিদ্ধা তু সা স্বর্গং হন্তি
পুণ্যং পুরা কৃতম্ ॥ ২০৩ ॥

অনুবাদ—অতঃপর সামান্য ভাবে বিদ্ধা উপবাসে দোষসমূহ দেখাইতেছেন বার্ষ্যায়ান ঋষি বাক্যে—চতুর্দ্দশী বিদ্ধা অমাবস্যা, একাদশী যুক্তা দশমী এবং দশমী বিদ্ধা একাদশী উপবাস করিলে স্বর্গ ও পূর্ব্ব সঞ্চিত পুণ্য ক্ষয় করে ॥ ২০৩ ॥

টীকা—ভূতেন চতুর্দ্দশ্যা বিদ্ধা। একাদশ্যা যুতা দশমী চ ভবেৎ। সা একাদশী তু দিশয়া দশম্যা বিদ্ধা স্বর্গং পুণ্যঞ্চ হন্তি ॥ ২০৩ ॥

———

নারদঃ—

দশম্যনুগতা যত্র তিথিরেকাদশী ভবেৎ।
তত্রাপত্যবিনাশঞ্চ পরেত্য নরকং ব্রজেৎ ॥ ২০৪ ॥

অনুবাদ—নারদীয়স্মৃতি—যে ব্রতে দশমী মিশ্রিতা একাদশী তিথি হইবে সেই ব্রত করিলে সন্তান বিনাশ এবং মৃত্যুর পর ব্রতী নরকে যাইবে ॥ ২০৪ ॥

টীকা—অপত্যানাং বিনাশং ব্রজেৎ প্রাপ্নোতি, বিনাশ ইতি বা পাঠঃ ॥ ২০৪ ॥

———

অনুবাদ—আরও—বার বার জলপান, একবারও তাম্বূল ভক্ষণ, দিবানিদ্রা ও মৈথুন দ্বারা উপবাস দূষিত হয় ॥ ৫০ ॥

টীকা—এবং গুণানেব দর্শয়িত্বাবশ্যং পরিত্যাগায় দোষান্ লিখতি—অসকৃদিতি। যদ্যপি দিবা-স্বাপাদি-বর্জ্জনং পূর্ব্বং লিখিতমেব, তথাপ্যবশ্যবর্জ্জত্বেনাত্র নিয়মেষু পুনর্লিখিতমিত্যদোষঃ ॥ ৫০ ॥

কিঞ্চ—

দন্তধাবনতাম্বূল-দিবা-স্বাপাচ্চ মৈথুনাৎ।
অসকৃজ্জলপানাচ্চ নোপবাসফলং লভেৎ ॥ ৫১ ॥

অনুবাদ—আরও—দন্তকাষ্ঠ ব্যবহার, তাম্বূল-সেবন, দিবানিদ্রা, মৈথুন, পুনঃ পুনঃ জলপান করিলে উপবাসের ফল পাওয়া যায় না ॥ ৫১ ॥

অথ ব্রহ্মচর্য্যবিঘাতানি

তেনৈবোক্তানি—

স্ত্রীণান্তু প্রেক্ষণাৎ স্পর্শাত্তাভিঃ সঙ্কথনাদপি।
বিপদ্যতে ব্রহ্মচর্য্যং ন দারেষ্বৃতুসঙ্গমাৎ ॥ইতি॥৫২

অনুবাদ—অথ ব্রহ্মচর্য্য বিঘাতক কর্ম্মসমূহ, দেবলোক্তবচন—নারীদর্শন (কামভাবে), স্পর্শন, তাহাদের সহিত সম্ভাষণ দ্বারা ব্রহ্মচর্য্য বিপন্ন হয়, কিন্তু নিজ স্ত্রীতে উপবাস ব্যতীত অন্যদিনে (ঋতুরক্ষায়) দোষণীয় নহে ॥ ৫২ ॥

টীকা—দারেষু নিজভার্য্যাসু চ প্রেক্ষণাদিনা ব্রহ্মচর্য্যং ন বিপদ্যতে, কিন্তু ঋতু সঙ্গমাৎ ব্যবায়াদেবেত্যর্থঃ। স্বদারেষ্বিতি চ কৃচিৎ পাঠঃ ॥ ৫২ ॥

ততো নিত্যার্চ্চনং কৃত্বা হরিঘস্রোৎসবার্থিকাম্।
কৃত্বা সায়ং মহাপূজাং কুর্য্যাজ্জাগরণং নিশি ॥ ৫৩ ॥

অনুবাদ—অতএব নিত্যপূজা শেষ করিয়া শ্রীহরিবাসর উপলক্ষে সায়ংকালে মহাপূজান্তে নিশি জাগরণ করিবে ॥ ৫৩ ॥

টীকা—হরের্ঘস্রো দিনমেকাদশী, তত্রোৎসব-হেতুকাম্ অতএব মহতীং পূজাম্ ॥ ৫৩ ॥

অথ তত্র পূজাদিকম্

ব্রাহ্মে—

দেবস্যোপরি কুর্ব্বীত শ্রদ্ধয়া সুসমাহিতঃ।
নানাপুষ্পৈর্মুনিশ্রেষ্ঠ বিশিষ্টং পুষ্পমণ্ডপম্ ॥ ৫৪ ॥

অনুবাদ—অথ শ্রীহরিবাসরে পূজাদি, ব্রহ্মপুরাণে—হে মুনিবর! শ্রদ্ধার সহিত একমনে নানাবিধ পুষ্পসমূহ দ্বারা শ্রীইষ্টদেবের উপরে বিশিষ্ট পুষ্প-মণ্ডপ রচনা করিবে ॥ ৫৪ ॥

কিঞ্চ তত্রৈব—

একাদশ্যামুভৌ পক্ষৌ নিরাহারঃ সমাহিতঃ।
স্নাত্বা সম্যগ্বিধানেন ধৌতবাসা জিতেন্দ্রিয়ঃ ॥ ৫৫ ॥
সংপূজ্য বিধিবদ্বিষ্ণুং শ্রদ্ধয়াতিসমাহিতঃ।
পুষ্পৈর্গন্ধৈস্তথা ধূপৈর্দীপৈর্নৈবেদ্যকৈঃ পরৈঃ ॥ ৫৬ ॥
উপহারৈর্বহুবিধৈর্জপহোমপ্রদক্ষিণৈঃ।
স্তোত্রৈর্নানাবিধৈর্নৃত্যগীতবাদ্যৈর্মনোরমৈঃ ॥ ৫৭ ॥
দণ্ডবৎপ্রণিপাতৈশ্চ জয়শব্দৈস্তথোত্তমৈঃ।
এবং সম্পূজ্য বিধিবদ্রাত্রৌ কুর্য্যাৎ প্রজাগরম্ ॥ ৫৮॥

অনুবাদ—আরও ব্রহ্মপুরাণেই—উভয়পক্ষীয় একাদশীতে সংযমী ও উপবাসী থাকিয়া শাস্ত্রবিধি অনুসারে স্নান করিয়া শুদ্ধবস্ত্র পরিধানপূর্ব্বক যথা-বিধি শ্রীবিষ্ণুপূজন—শ্রদ্ধাসহ একান্তচিত্তে গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য ও বহুবিধ উত্তম উপহারসমূহ দ্বারা করিবেন। পরে জপ, হোম, প্রদক্ষিণ, নানাবিধ স্তোত্র পাঠ, মনোরম নৃত্যগীতবাদ্যসমূহ প্রদর্শন করিবেন। সাষ্টাঙ্গ প্রণামসহ, উচ্চ জয়ধ্বনিসহ এইভাবে সম্পূর্ণ যথাবিধি পূজা করিয়া রাত্রি জাগরণ করিবেন ॥ ৫৫-৫৮ ॥

টীকা- পরৈরন্যৈশ্চ বহুবিধৈরুপহারৈঃ ফলতাম্বূলাদিভিঃ ॥ ৫৬-৫৭ ॥

কথাং বা গীতিকাং বাপি কুর্য্যাদ্বিষ্ণুপরায়ণঃ ।
যাতি বিষ্ণোঃ পরং স্থানং নরো
নাস্ত্যত্র সংশয়ঃ ॥ ৫৯ ॥

অনুবাদ—বিষ্ণুভক্তগণ মিলিত হইয়া শাস্ত্রপাঠ বা গান করিবেন। ইহা দ্বারা মানব শ্রীবিষ্ণুর পরমধামে গমন করেন, ইহাতে সংশয় নাই ॥ ৫৯ ॥

ভবিষ্যে চ—
একাদশ্যপরোধে তু রাত্রৌ সংপূজয়েদ্ধরিম্ ।
তাঞ্চ রাত্রিং যথাশক্তি পুরাণশ্রবণাদিনা ॥
নয়েদিতি শেষঃ ॥ ৬০ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণেও—শ্রীএকাদশীর উদ্দেশ্যে রাত্রিতে শ্রীহরিকে উত্তমরূপে পূজা করিয়া ঐ রাত্রি যথাশক্তি পুরাণ-পাঠ-শ্রবণাদি দ্বারা জাগরণ করিবে ॥ ৬০ ॥

টীকা—প্রজাগরপ্রকারমেবাহ কথাং বা ইতি। রাত্রিং নয়েদিতি শেষঃ ॥ ৫৯-৬০ ॥

অথ জাগরণ-প্রকরণম্

বৈষ্ণবান্ জাগরেঽভ্যর্চ্চ্য তীর্থং শঙ্খোদকান্বিতম্ ।
তেভ্যো দত্ত্বা স্বয়ং প্রাশ্য বিদ্বান্
স্তোত্রাদিকং পঠেৎ ॥ ৬১ ॥

অনুবাদ—অথ জাগরণ প্রকরণ—শ্রীবিষ্ণুভক্তগণকে রাত্রিজাগরণকালে গঙ্গাবারি, শঙ্খজলাদি সিঞ্চন দ্বারা অভ্যর্থনা করিয়া নিজেও লইয়া অভিজ্ঞব্যক্তি স্তোত্রাদি পাঠ করিবেন ॥ ৬১ ॥

টীকা—তীর্থং—শ্রীচরণোদকম্ ॥ ৬১ ॥

পুরাণাদি ততঃ শ্রুত্বা গীতনৃত্যাদিকং স্বয়ম্ ।
কুর্য্যাৎ পশ্যেচ্চ পারক্যং বারয়েন্ন হসেন্ন চ ॥ ৬২ ॥

অনুবাদ—পুরাণাদি শ্রবণ করিয়া অতঃপর গীত-নৃত্যাদি স্বয়ং করিবেন, এবং অন্যের কৃত গীত-নৃত্যাদি দর্শন করিবেন, কাহাকেও বারণ বা উপহাস করিবেন না ॥ ৬২ ॥

টীকা—পারক্যং পরেণ ক্রিয়মাণম্, ন চ হসেৎ উপহসেৎ ॥ ৬২ ॥

অথ জাগরণে গীতাদিনিবারণাদি-নিষেধ

পাদ্মে—
নিবারয়তি যো গীতং নৃত্যং জাগরণে হরেঃ ।
ষষ্টিং যুগসহস্রাণি পচ্যতে রৌরবাদিষু ॥ ৬৩ ॥

অনুবাদ—অতঃপর জাগরণকালে গীতনৃত্যাদির নিবারণ নিষেধ পদ্মপুরাণে—শ্রীহরিজাগরণে যিনি গীত-নৃত্যাদি নিবারণ করেন, তিনি ষষ্টি সহস্রযুগ নরকে পচিতে থাকেন ॥ ৬৩ ॥

নৃত্যমানস্য মর্ত্তস্য উপহাসং করোতি যঃ ।
জাগরে যাতি নিরয়ং যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ॥ ৬৪ ॥

অনুবাদ—যে ব্যক্তি নৃত্যরত ব্যক্তিকে উপহাস করে জাগরণকালে, সেই ব্যক্তি কল্পকাল নরকে বাস করে ॥ ৬৪ ॥

টীক—নিবারয়তীত্যাদি-শ্লোকদ্বয়েন নিবারণো-পহাসে দোষো দর্শিতঃ ॥ ৬৩-৬৪ ॥

অথ জাগরণদর্শনাবশ্যকতা

স্কান্দে—
যমেন সূচিতং তস্য নরকং যাতনাকুলম্ ।
মুখং ন তস্য দ্রষ্টব্যং যেন দৃষ্টো ন জাগরঃ ॥৬৫॥

অনুবাদ—অথ জাগরণ দর্শন প্রয়োজন, স্কন্দ-পুরাণে—যে ব্যক্তি একাদশীতে রাত্রিজাগরণ দর্শন করে নাই যমরাজ তাহার সম্বন্ধে ঘোষণা করিয়াছেন —নরক যাতনাসমূহ এবং মুখদর্শন নিষেধ করিয়া-ছেন ॥ ৬৫ ॥

টীকা—অধুনা পশ্যেদিতি যদুক্তং, তন্নিত্যত্বং তদকরণপ্রত্যবায়দর্শনেন লিখতি—যমেনেতি ত্রিভিঃ। সূচিতং পাপাতিশয়াদতিরুষা ভ্রূভঙ্গ্যাদিসঙ্কেতেন প্রতি-পাদিতম্ ॥ ৬৫ ॥

কিঞ্চ—

উদ্ধৃতং নেত্রযুগ্মন্তু দত্ত্বা তু হৃদয়ে পদম্ ।
কৃতং যে নৈব পশ্যন্তি প্রানিনো হরিজাগরম্ ॥ ৬৬॥

অনুবাদ—আরও—যে সকল মানব শ্রীহরি-জাগরণ দর্শন করে নাই, যমদূত তাহার বুকে পদ রাখিয়া নেত্রদ্বয় উৎপাটন করিয়া দেয় ॥ ৬৬ ॥

কিঞ্চ—

যেষাং চক্ষুর্ভবং তেজঃ প্রদগ্ধং কলিবহ্নিনা ।
ন তে পশ্যন্তি কৃষ্ণস্য জাগরং ন জনার্দ্দনম্ ॥ ৬৭ ॥

অনুবাদ—আরও—যে সকল মানবের চক্ষুর তেজ কলিবহ্নি-দ্বারা দগ্ধ হইয়াছে, তাহারাই হরি-বাসর জাগরণ ও জনহিতকারী শ্রীকৃষ্ণকে দর্শন করে না ॥ ৬৭ ॥

কিঞ্চ—

কলিকল্মষজাতেন পরমেণাবৃতে ধ্রুবম্ ।
চক্ষুষী পাপিনী নৃণাং যে ন পশ্যন্তি জাগরম্ ॥ ৬৮ ॥

অনুবাদ—আরও—যাহারা শ্রীহরিবাসরে জাগ-রণ দর্শন করে না, উচ্ছলিত কলি পাপসমূহ দ্বারা নিশ্চয়ই তাহাদের পাপ চক্ষুদ্বয়কে আবৃত করিয়াছে ॥ ৬৮ ॥

টীকা—উদ্ধৃতং উৎপাটিতং যাম্যৈঃ, অতীত-প্রত্যয়োঽতিনিশ্চয়াৎ । যদ্বা, নূনং কেনাপ্যুদ্ধৃতমেব; তত্র হেতুঃ—কৃতমিতি । জাতং সমূহঃ, পরমেণ উদ্রিক্তেন ॥ ৬৬-৬৮ ॥

অথ জাগরণ-বিধিঃ

স্কান্দে শ্রীব্রহ্মনারদ-সংবাদে—

শৃণু নারদ বক্ষ্যামি জাগরস্য তু লক্ষণম্ ।
যেন বিজ্ঞাতমাত্রেণ দুর্ল্লভো ন জনার্দ্দনঃ ॥ ৬৯ ॥

অনুবাদ—অথ জাগরণবিধি, স্কন্দপুরাণে শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে—হে নারদ । জাগরণের লক্ষণ বলিব শ্রবণ কর, যাহা জানিলে পর শ্রীজনার্দ্দন ভগবান দুর্ল্লভ হন না ॥ ৬৯ ॥

টীকা—বিজ্ঞাতমাত্রেণাপি ॥ ৬৯ ॥

গীতং বাদ্যঞ্চ নৃত্যঞ্চ পুরাণপঠনং তথা ।
ধূপং দীপঞ্চ নৈবেদ্যং পুষ্পগন্ধানুলেপনম্ ॥ ৭০ ॥
ফলমর্ঘ্যঞ্চ শ্রদ্ধা চ দানমিন্দ্রিয়নিগ্রহঃ ।
সত্যান্বিতং বিনিদ্রঞ্চ মুদাযুক্তং ক্রিয়ান্বিতম্ ॥ ৭১॥
সাশ্চর্য্যঞ্চৈব সোৎসাহং পাপালস্যাদিবর্জ্জিতম্ ।
প্রদক্ষিণাভিঃ সংযুক্তং নমস্কার-পুরঃসরম্ ॥ ৭২ ॥
নীরাজনসমাযুক্তমনির্ব্বিণ্ণেন চেতসা ।
যামে যামে মহাভাগ কুর্য্যাদারাত্রিকং হরেঃ ॥
এতৈর্গুণৈঃ সমাযুক্তং কুর্য্যাজ্জাগরণং হরেঃ ॥ ৭৩ ॥

অনুবাদ—গীত, বাদ্য, নৃত্য, পুরাণপাঠ, ধূপ, দীপ, নৈবেদ্য, পুষ্প, গন্ধ অনুলেপন, চন্দনাদি, ফল, অর্ঘ্য, শ্রদ্ধা, ভক্তি, দান, ইন্দ্রিয়দমন, সত্যযুক্ত ভাষণ, নিদ্রা আলস্য বর্জ্জিত, আনন্দযুক্ত সেবাকার্য্য, চমৎ-কার অভিনয়সহ, উদ্যমসহ, পাপ আলস্যাদি বর্জ্জিত, প্রদক্ষিণ, অগ্রে প্রণামাদি, আরাত্রিক করিবে। এই সকল গুণযুক্ত হইয়া শ্রীহরিবাসর জাগরণ করিবেন ॥ ৭০-৭৩ ॥

টীকা—শ্রদ্ধা বিশ্বাসো ভক্তির্বা ; বিনিদ্রমিতি কদাচিদপি কিঞ্চিন্নিদ্রয়া বিরহিতমিত্যর্থঃ, যদ্বা, ঘূর্ণাবর্জ্জিতম্ ; ক্রিয়াপরিচর্য্যাদি, তদন্বিতম্ । আশ্চর্য্যাণি অভিনয়াদীনি তৎসহিতম্ ; উৎসাহো মানসোল্লাসস্তৎসহিতম্ । আদিশব্দেন দ্যূতাদি গ্রাম্য-বার্ত্তাদি বা । নীরাজনেন সমাযুক্তমিত্যুক্তম্ । তত্রৈব বিশেষমাহ—অনির্ব্বিণ্ণেন নির্ব্বেদরহিতেন চেতসা । যামে যামে চতুঃপ্রহরেষু হরেরারাত্রিকং নীরাজনং কুর্য্যাদিতি । ষড়্‌বিংশগুণসংযুক্তমিতি পাঠে পাপেন বর্জ্জিতম্ আলস্যাদিনা চ বর্জ্জিতমিতি দ্বয়ম্—এবং ষড়্‌বিংশতিগুণাঃ ॥ ৭১-৭৩ ॥

কিঞ্চ—

য এবং কুরুতে ভক্ত্যা বিত্তশাঠ্যবিবর্জ্জিতঃ ।
জাগরং বাসরে বিষ্ণোর্লীয়তে পরমাত্মনি ॥ ৭৪ ॥

অনুবাদ—আরও—যে মানব বিত্তশাঠ্য-কৃপণতা বর্জ্জিত হইয়া ভক্তিসহ এইরূপে শ্রীহরিবাসরে জাগ-রণ করে, তাহা হইলে পরমাত্মা শ্রীবিষ্ণুর সহিত নিত্য মিলিত থাকেন ॥ ৭৪ ॥

ধনবান্ বিত্তশাঠ্যেন যঃ করোতি প্রজাগরম্ ।
তেনাত্মা হারিতো নূনং কিতবেন দুরাত্মনা ॥ ৭৫ ॥

অনুবাদ—যে ব্যক্তি ধনবান হইয়াও আথিক কৃপণতাসহ শ্রীহরিবাসরে জাগরণ করে, সেই দুরাত্মা ছলতাবশতঃ নিশ্চয়ই আত্মাকে বঞ্চিত করেন ॥ ৭৫ ॥

টীকা—তত্র চ বিত্তশাঠ্যং নৈব কার্য্যামিত্যভিপ্রায়েণ বিত্তাশাঠ্য-শাঠ্যাভ্যাং ক্রমেণ মহাফললাভার্থ-নাশনে দর্শয়তি—য এবমিতি দ্বাভ্যাম্ । লীয়তে নিত্যমত্যন্তসঙ্গমং লভতে, আত্মা এব হারিতো বঞ্চিতঃ ॥ ৭৪-৭৫ ॥

তত্রৈব শ্রীমদুমামহেশ্বরসংবাদে—

সশাস্ত্রং জাগরং যচ্চ নৃত্যগান্ধর্বসংযুতম্ ।
সবাদ্যং তালসংযুক্তং সদীপং সাধুভির্য্যুতম্ ॥ ৭৬ ॥
উপচারৈশ্চ সংযুক্তং যথোক্তৈর্ভক্তিভাবিতৈঃ ।
মনসন্তুষ্টিজননং সমুদং লোকরঞ্জনম্ ॥ ৭৭ ॥
গুণৈর্দ্বাদশভির্য্যুক্তং জাগরং মাধবপ্রিয়ম্ ।
কর্ত্তব্যং তৎ প্রযত্নেন পক্ষয়োঃ শুক্লকৃষ্ণয়োঃ ॥ ৭৮॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে উমা-মহেশ্বর-সংবাদে—শাস্ত্রপাঠসহ একাদশী জাগরণ, গন্ধর্ব্ব শাস্ত্রানুসারে নৃত্যগীত বাদ্য তালমানযুক্ত, আলোকবর্ত্তিকা যুক্ত, সাধুগণ বেষ্টিত, নানাবিধ উপচারসহ, শাস্ত্রীয় ভক্তি-ভাবযুক্ত, মনস্তুষ্টিকর সহর্ষে লোকরঞ্জন কর—এই দ্বাদশ গুণযুক্ত শ্রীমাধবপ্রিয় হরিবাসর জাগরণ শুক্ল ও কৃষ্ণ উভয় পক্ষেই যত্নসহ কর্ত্তব্য ॥ ৭৬-৭৮ ॥

টীকা—জাগরং জাগরণং নিদ্রারাহিত্যম্, এতদেব পূর্ব্বং বিনিদ্রমিত্যুক্তম্, অতএবাগ্রে জাগরমিতি পুনঃ প্রয়োগঃ । অয়মেকো গুণঃ । এবং দ্বাদশভির্গু-ণৈর্য্যুক্তম্ । অত্র গান্ধর্ব্বং গীতং, সমুদং সোৎসাহং, লোকানাং রঞ্জনমনুরাগবর্দ্ধনম্ ॥ ৭৬-৭৭ ॥

কিঞ্চ—

পরাপবাদযুক্তন্তু মনঃ প্রশমবর্জ্জিতম্ ।
শাস্ত্রহীনমগান্ধর্ব্বং তথা দীপবিবর্জ্জিতম্ ॥ ৭৯ ॥
শক্ত্যোপচাররহিতমুদাসীনাং সনিদ্রকম্ ।
কলিযুক্তং বিশেষেণ জাগরং নবধাধমম্ ॥ ৮০ ॥

অনুবাদ—আরও—ইহার বিপরীত নবধা দোষযুক্ত—যেমন, পরনিন্দাযুক্ত, মনে প্রশান্ত গুণ বর্জ্জিত, শাস্ত্রপাঠ বর্জ্জিত, অশাস্ত্রীয় নৃত্য-গীতবাদ্য, মঙ্গলদীপ-বর্জ্জিত, কার্পণ্যহেতু উপচার রহিত, উদাসীনতাযুক্ত, নিদ্রাযুক্ত, বিশেষতঃ কলহযুক্ত জাগরণ নিকৃষ্ট বলিয়া কথিত ॥ ৭৯-৮০ ॥

কিঞ্চ, তত্রৈব—

অভাবে বাচকস্যাথ গীতং নৃত্যঞ্চ কারয়েৎ ।
বাচকে সতি দেবেশি পুরাণং প্রথমং পঠেৎ ॥ ৮১ ॥

অনুবাদ—আরও—পাঠক অভাবে গীত ও নৃত্য করাইবে, হে দেবেশি! পাঠক থাকিলে প্রথমত পুরাণ পাঠ করাইবে ॥ ৮১ ॥

টীকা—অত্রৈব কিঞ্চিদ্বিশেষমাহ—অভাবে ইতি ॥ ৮১ ॥

অথ জাগরণনিত্যত্বম্

স্কান্দে ব্রহ্মনারদ-সংবাদে—

সম্প্রাপ্তে বাসরে বিষ্ণোর্যে ন কুর্ব্বন্তি জাগরম্ ।
অতীতানাগতান্ বাপি পাতয়িষ্যন্তি পূর্ব্বজান্ ॥ ৮২॥

অনুবাদ—অনন্তর জাগরণের নিত্যতা, স্কন্দপুরাণে ব্রহ্মনারদ-সংবাদে—শ্রীহরিবাসর প্রাপ্ত হইয়া যাহারা নিশি জাগরণ করে না, তাহাদের অতীত পূর্ব্বপুরুষ ও ভাবী পুরুষগণকে অধোগামী করাইবে ॥ ৮২ ॥

অকুর্ব্বাণাঃ প্রপৎস্যন্তি পুত্রধর্ম্মবসুক্ষয়ম্ ।
জায়তে নরকে বাসঃ পিতৃভিঃ সহ কালশঃ ॥ ৮৩ ॥

অনুবাদ—যাহারা জাগরণ করে না তাহারা পতিত হইবে, পুত্র, ধর্ম্ম ও সম্পৎক্ষয় যাইবে, পিতৃগণের সহিত দীর্ঘকাল নরক বাস হয় ॥ ৮৩ ॥

টীকা—অকুর্ব্বাণা জাগরণাকারকাঃ প্রপৎস্যন্তি, কালশঃ চিরকালমিত্যর্থঃ ॥ ৮৩ ॥

ন পুরশ্চরণাৎ পাপং ব্রতৈর্দানৈঃ সমাধিভিঃ ।
বিলয়ং যাতি বিপ্রেন্দ্রা বিনা দ্বাদশীজাগরম্ ॥ ৮৪ ॥

অনুবাদ— হে বিপ্রবরগণ। দ্বাদশীতে জাগরণ ব্যতীত পুরশ্চরণব্রত, দান, সমাধিসমূহ দ্বারাও পাপ বিনাশ হয় না। পাপক্ষয়ার্থে জাগরণ অবশ্য প্রয়োজন, অতএব জাগরণ নিত্য ॥ ৮৪ ॥

টীকা—দ্বাদশ্যাং জাগরণং বিনা পুরশ্চরণাদিভিরপি পাপং ন ক্ষীয়ত ইতি পাপক্ষপণেঽপি জাগরণস্যাবশ্যাপেক্ষত্বান্নিত্যত্বমেব সিদ্ধম্ ॥ ৮৪ ॥

———

তত্রৈবোমামহেশ্বর-সংবাদে —

সংপ্রাপ্তে বাসরে বিষ্ণোর্যে ন কুর্ব্বন্তি জাগরম্ ।
ভ্রশ্যতে সুকৃতং তেষাং বৈষ্ণবানাঞ্চ নিন্দয়া ॥ ৮৫ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে উমা-মহেশ্বর-সংবাদে—শ্রীহরিবাসর প্রাপ্ত হইয়া যাহারা জাগরণ করে না, তদ্রূপ তাহাদের সুকৃতও ক্ষয় হয়, যেমন বৈষ্ণবগণের নিন্দা দ্বারা সুকৃতক্ষয় হয়, ॥ ৮৫ ॥

টীকা—বৈষ্ণবানাং নিন্দয়েতি দৃষ্টান্তো জ্ঞেয়ঃ ॥৮৫

———

মতির্ন জায়তে যস্য দ্বাদশ্যাং জাগরং প্রতি ।
ন হি তস্যাধিকারোঽস্তি পূজনে কেশবস্য হি ॥ ৮৬॥

অনুবাদ—দ্বাদশীতে নিশিজাগরণে যাহার মতি নাই, তাহার নিশ্চয়ই শ্রীহরিপূজনে অধিকার নাই ॥ ৮৬ ॥

টীকা—অস্তু তাবজ্জাগরাভাবদোষঃ, জাগরণচিকীর্ষারাহিত্যেনাপি পরমানর্থ ইত্যাহ—মতির্নেতি ॥ ৮৬ ॥

———

অতএবোক্তং ব্রহ্মণা তত্রৈব—

হৃদয়ে বর্ত্ততে যস্য সদা যোগেশ্বরো হরিঃ ।
মতিরুৎপদ্যতে তস্য দ্বাদশীজাগরোপরি ॥
ইতি ॥ ৮৭ ॥

অনুবাদ—অতএব স্কন্দপুরাণে ব্রহ্মার উক্তি—যাহার হৃদয়ে সর্ব্বদা যোগেশ্বর শ্রীহরি অবস্থান করেন, তাহার দ্বাদশী নিশি জাগরণে মতি হয় ॥৮৭॥

টীকা—অতো ভগবদনুগ্রহেণৈব জাগরণং সম্পদ্যত ইত্যাহ—হৃদয়ে ইতি ॥ ৮৭ ॥

———

সামান্যেন পুরালেখি গীতবাদ্যাদিনিত্যতা ।
অধুনা লিখ্যতে সোঽয়ং জাগরে চ বিশেষতঃ ॥৮৮॥

অনুবাদ—নিত্যপূজা প্রকরণে পূর্ব্বে সামান্যভাবে গীতবাদ্যাদির নিত্যতা লিখিত হইয়াছে, অধুনা তাহাই বিশেষভাবে শ্রীহরিবাসর জাগরণে লিখিত হইতেছে ॥ ৮৮ ॥

টীকা—প্রসঙ্গাজ্জাগরণে গীতনৃত্যাদেরপি নিত্যত্বং লিখন্ পূর্ব্বং নিত্যপূজায়াং তন্নিত্যত্বলিখনাদধুনা পুনর্লিখনাদপি পৌনরুক্ত্যাদোষমাশঙ্ক্য তন্নিরসনায় লিখতি—সামান্যেতি। এবং জাগরণে অবশ্যমেব গীতনৃত্যাদিকং কার্য্যমিত্যভিপ্রেতম্। আদি-শব্দেন স্তুত্যাদি ॥ ৮৮ ॥

———

অথ জাগরে গীতাদিনিত্যত্বম্

স্কান্দে উমামহেশ্বর-সংবাদে—

মূকবত্তিষ্ঠতে যো বৈ গানং পাঠঞ্চ নাচরেৎ ।
সপ্তজন্মসু মূকত্বং জায়তে জাগরে হরেঃ ॥ ৮৯ ॥

অনুবাদ—অনন্তর জাগরণে গীতাদির নিত্যতা, স্কন্দপুরাণে উমা-মহেশ্বর-সংবাদে—শ্রীহরিবাসর জাগরণে যে ব্যক্তি বোবার মত থাকে, গান ও পাঠ করে না, সেই মানব সপ্তজন্ম বোবা হয় ॥ ৮৯ ॥

টীকা—পাঠং স্তোত্রাদীনাং জাগরণে নাচরেৎ ॥৮৯

———

যো ন নৃত্যতি মূঢ়াত্মা পুরতো জাগরে হরেঃ ।
পঙ্গুত্বং জায়তে তস্য সপ্তজন্মসু পার্ব্বতি ॥ ৯০ ॥

অনুবাদ—শ্রীহরিবাসরে নিশিজাগরণে যে মূঢ়মতি শ্রীহরির অগ্রে নৃত্য করে না, হে পার্ব্বতি! তাহার সাতজন্ম পঙ্গুতা হয় ॥ ৯০ ॥

———

পাদ্মে পক্ষবৰ্দ্ধিনীব্রতপ্রসঙ্গে—

স্তুবন্তি ন প্রশংসন্তি যে জনা জাগরং হরেঃ ।
নোৎসবো ভবতে তেষাং গৃহে জন্মানি সপ্ত চ ॥৯১॥

অনুবাদ—পদ্মপুরাণে পক্ষবৰ্দ্ধিনীব্রত প্রসঙ্গে—যে সকল মানব শ্রীহরির ব্রত-জাগরণকে স্তব ও প্রশংসা করে না, সাতজন্ম তাহাদের গৃহে উৎসব হয় না ॥৯১

টীকা—ন স্তুবন্তি ন শ্লাঘন্তে, ন প্রশংসন্তি ন চানুমোদন্তে ॥ ৯১ ॥

স্তুবন্তি যে প্রশংসন্তি জাগরং চক্রপানিনঃ।
নিত্যোৎসবো ভবেত্তেষাং জন্মানি দশ পঞ্চ চ ॥৯২॥

অনুবাদ—চক্রপাণি শ্রীহরির নিশিজাগরণকে যাঁহারা স্তব ও প্রশংসা করেন, তাঁহাদের গৃহে পঞ্চ-দশ জন্ম যাবৎ নিত্য উৎসব হয়। ৯২ ॥

টীকা—তান্ শোচন্নিব স্তবনাদিফলমাহ—স্তুবন্তীতি ॥ ৯২ ॥

অথ জাগরণ-মাহাত্ম্যম্

স্কান্দে শ্রীব্রহ্মনারদ-সংবাদে শ্রীপ্রহলাদসংহিতায়াঞ্চ—
ন গয়াপিণ্ডদানেন ন তীর্থৈর্বহুভির্মখৈঃ।
পূর্ব্বজা মুক্তিমায়ান্তি বিনা দ্বাদশি-জাগরম্ ॥ ৯৩ ॥

অনুবাদ—অনন্তর দ্বাদশীর নিশি জাগরণ মাহাত্ম্য—স্কন্দপুরাণে শ্রীব্রহ্মা-নারদ-সংবাদে ও শ্রীপ্রহলাদ সংহিতাতে—দ্বাদশীতে নিশি জাগরণ ব্যতীত গয়াতে পিণ্ডদান, বহুতীর্থ স্নান ও বহু যজ্ঞাদি দ্বারাও পূর্ব্ব-পুরুষগণের মুক্তি হয় না ॥ ৯৩ ॥

সর্ব্বাবস্থোহপি যঃ কুর্য্যাদ্দ্বাদশ্যাং জাগরং হরেঃ।
যামৈকৈকেন দহতো পাপং জন্মসহস্রজম্ ॥ ৯৪ ॥

অনুবাদ—যে কোন অবস্থাতে থাকিয়াও যে মানব দ্বাদশীতে শ্রীহরিবাসরে জাগরণ করিবে, এক এক প্রহরে তাহার সহস্রজন্মজাত পাপ দগ্ধ হইবে ॥ ৯৪॥

যঃ কুর্য্যাদ্দীপদানন্তু রাত্রৌ জাগরণে হরেঃ।
নিমিষে নিমিষে বিপ্র লভতে গোশতং ফলম্ ॥৯৫॥

অনুবাদ—যে মানব শ্রীহরির রাত্রিজাগরণে দীপ দান করে, হে বিপ্র। তিনি নিমিষে শত গোদানের ফল প্রাপ্ত হন ॥ ৯৫ ॥

টীকা—গোশতমিতি গোশতপ্রদানজমিত্যর্থঃ। এবমগ্রেহপি জ্ঞেয়ম্ ॥ ৯৫ ॥

যঃ কুর্য্যাজ্জাগরে পূজাং দ্বাদশ্যাং কুসুমৈর্হরেঃ।
পুষ্পে পুষ্পেহশ্বমেধস্য ফলমাপ্নোতি মানবঃ ॥ ৯৬ ॥

অনুবাদ—যিনি জাগরণকালে দ্বাদশীতে পুষ্প-সমূহ দ্বারা শ্রীহরির পূজা করিবেন, ঐ মানব প্রতি পুষ্পে অশ্বমেধ যজ্ঞের ফল প্রাপ্ত হইবেন ॥ ৯৬॥

যো দহেচ্চাগুরুং বিষ্ণোঃ পূজাং কৃত্বা তু জাগরে।
নিমেষার্দ্ধেন লভতে তিলপাত্রশতং ফলম্ ॥ ৯৭ ॥

অনুবাদ—যিনি বিষ্ণুপূজা করিয়া দ্বাদশী জাগরণ কালে অগুরু কাষ্ঠধূপ দহন করেন, তিনি অর্দ্ধনিমেষ মধ্যে শত তিলপাত্রদানের ফল প্রাপ্ত হন ॥ ৯৭ ॥

নিমেষঞ্চ দহেদ্ধূপং সঘৃতং গুগ্‌গুলুং হরেঃ।
লভতে জাগরে বিপ্র পুণ্যং মাসসমুদ্ভবম্ ॥ ৯৮ ॥

অনুবাদ—যিনি শ্রীহরিবাসর জাগরণে একনিমেষ কালও ঘৃতসহ গুগ্‌গুল ধূপদান করেন, হে বিপ্র। তিনি অন্যত্র একমাস ধূপদান জাত পুণ্য লাভ করেন ॥ ৯৮ ॥

টীকা—মাসসমুদ্ভবমিতি—অন্যত্র সঘৃতগুগ্‌গুলুধূপদাহতো মাসেনৈকেন যৎ পুণ্যাং স্যাৎ, তদেকস্মিন্নেব জাগরে সকৃৎকৃতেন তেন ভবতীত্যর্থঃ। মাঘেতি পাঠে মাঘস্নানাদিজম্ ॥ ৯৮ ॥

যো দদ্যাজ্জাগরে বিষ্ণোর্হবিষ্যান্ন-সমুদ্ভবম্।
নৈবেদ্যং লভতে পুণ্যং শালিশৈলসমুদ্ভবম্ ॥ ৯৯ ॥

অনুবাদ—যিনি শ্রীহরির জাগরণে হবিষ্যান্ন নিৰ্ম্মিত নৈবেদ্য দান করেন, তিনি শালিতণ্ডুলের পর্ব্বতদানের পুণ্যলাভ করেন ॥ ৯৯ ॥

টীকা—গোহযুতং গবাযুতম্ ॥ ৯৯ ॥

পক্বান্নানি চ যো দদ্যাৎ ফলানি বিবিধানি চ।
জাগরে পদ্মনাভস্য লভতে গোহযুতং ফলম্ ॥১০০॥

অনুবাদ—যিনি পদ্মনাভ শ্রীহরির জাগরণে বিবিধ

ফলযুক্ত পক্কান্নসমূহ নিবেদন করেন, তিনি দশ সহস্র গাভীদানের ফল লাভ করেন ॥ ১০০ ॥

সকর্পূরঞ্চ তাম্বূলং যো দদাতি হি জাগরে।
পদ্মনাভপ্রসাদেন শ্বেতদ্বীপে বসেচ্চিরম্ ॥ ১০১ ॥

অনুবাদ—যিনি শ্রীহরি জাগরণে সকর্পূর তাম্বূল দান করেন, তিনি পদ্মনাভ শ্রীহরির প্রসাদে চিরকাল শ্বেতদ্বীপ শ্রীহরিধামে বাস করেন ॥ ১০১ ॥

জাগরে পদ্মনাভস্য যঃ কুর্য্যাৎ পুষ্পমণ্ডপম্।
স পুষ্পক-বিমানৈস্তু ক্রীড়তে ব্রহ্মসদ্মনি ॥ ১০২ ॥

অনুবাদ—যিনি পদ্মনাভ শ্রীহরির জাগরণে পুষ্প-মণ্ডপ রচনা করেন, তিনি পুষ্পক বিমানসমূহ সহ ব্রহ্মলোকে ক্রীড়া করেন ॥ ১০২ ॥

জাগরে পদ্মনাভস্য সকর্পূরং তথাগুরুম্।
দহতো দহতে পাপং জন্মলক্ষসমুদ্ভবম্ ॥ ১০৩ ॥

অনুবাদ—যিনি পদ্মনাভ শ্রীহরির জাগরণে কর্পূর সহ অগুরু ধূপ দান করেন, তিনি লক্ষ জন্ম জাত পাপকে দগ্ধ করেন ॥ ১০৩ ॥

স্নানং দদাতি কৃষ্ণস্য দধিক্ষীরঘৃতাদিভিঃ।
রাত্রৌ জাগরণে বিপ্র মুক্তিভাগী ভবেদ্ধি সঃ ॥১০৪॥

অনুবাদ—যিনি দধি, ক্ষীর, ঘৃতাদি দ্বারা শ্রীকৃষ্ণের অভিষেক দান করেন, নিশি জাগরণে, হে বিপ্র! তিনি মুক্তি ভাগী হনই ॥ ১০৪ ॥

দিব্যাম্বরাণি যো দদ্যাজ্জাগরে সমুপস্থিতে।
মন্বন্তরাণি বসতে তন্তুসংখ্যাসমানি বৈ ॥ ১০৫ ॥

অনুবাদ—শ্রীহরির জাগরণ সমুপস্থিত হইলে যিনি দিব্যবস্ত্রসমূহ দান করেন, তিনি বস্ত্রের তন্তু সংখ্যাসম মন্বন্তর শ্রীভগবদ্ধামে বাস করেন ॥ ১০৫॥

টীকা—তন্তবোঽম্বরাণাং, তৎসংখ্যাভিঃ সমানি মন্বন্তরাণি ॥ ১০৫ ॥

দদ্যাদাভরণং বিষ্ণোর্হেমজং রত্নসম্ভবম্।
সপ্ত কল্পানি বসতে সোৎসঙ্গে
মৎপ্রিয়ো হি সঃ ॥ ১০৬ ॥

অনুবাদ—যিনি শ্রীহরিবাসরে জাগরণে স্বর্ণ ও রত্ন নির্ম্মিত অলঙ্কার দান করেন, তিনি আমার ক্রোড়ে সপ্তকল্প বাস করেন এবং তিনি আমার প্রিয় হয় ॥ ১০৬ ॥

টীকা—রত্নসম্ভবঞ্চ, যদ্বা, রত্নখচিতমিত্যর্থঃ। উৎসঙ্গে ক্রোড়ে, বিষ্ণোর্মম ব্যসরে সতি। বিসর্গ-লোপে সন্ধিরার্ষঃ, পাঠান্তরেঽপি স এবার্থঃ ॥ ১০৬ ॥

শ্রীচন্দনং সকর্পূরং সাগুরুস্তু সকেশরম্।
যুক্তং মৃগমদেনাপি যচ্ছতে হরিজাগরে ॥ ১০৭ ॥
একৈকং মুনিশার্দূল অশ্বমেধাধিকং ফলম্।
কলৌ ভবেন্ন সন্দেহো বাসুদেবপ্রসাদতঃ ॥ ১০৮ ॥

অনুবাদ—কর্পূর, অগুরু, কেশর ও মৃগনাভির সহিত শ্রীচন্দন শ্রীহরিবাসর জাগরণে যিনি শ্রীহরিকে দান করেন, হে মুনিশ্রেষ্ঠ! কলিযুগে শ্রীকৃষ্ণের প্রসাদে ঐ এক একটির ফল অশ্বমেধ যজ্ঞের অধিক লাভ হয়, ইহাতে সন্দেহ নাই ॥ ১০৭-১০৮ ॥

ঘৃতেন দীপকং বিষ্ণোর্গব্যেন চ বিশেষতঃ।
জ্বালয়েজ্জাগরে রাত্রৌ নিমেষে গোঽযুতং ফলম্ ॥১০৯

অনুবাদ—শ্রীহরিবাসরে নিশি জাগরণে ঘৃতপ্রদীপ বিশেষতঃ গব্যঘৃতের প্রদীপ প্রজ্জ্বলিত করিলে নিমেষ কালেও দশ সহস্র গাভীদানের ফল পাওয়া যায় ॥ ১০৯ ॥

জাগরে বাসুদেবস্য কর্পূরেণ চ দীপকম্।
যো জ্বালয়তি কোটীনাং কপিলানাং
লভেৎ ফলম্ ॥ ১১০ ॥

অনুবাদ—বাসুদেব শ্রীকৃষ্ণেরনিশি জাগরণে কর্পূর-প্রদীপ যিনি প্রজ্বালিত করেন, কোটি কপিলা গাভীদানের ফল তিনি লাভ করেন ॥ ১১০ ॥

আরাত্রিকং হরের্যস্তু সকর্পূরন্তু জাগরে।
কুরুতে মোক্ষমাপ্নোতি কুলাযুতসমন্বিতঃ ॥১১১॥

অনুবাদ—শ্রীহরির নিশিজাগরণে যিনি কর্পূর সহ আরতি করেন, তিনি দশসহস্র কুলসহ মোক্ষ-প্রাপ্ত (শ্রীহরিচরণ প্রাপ্ত) হন ॥ ১১১ ॥

বিনাপি যো হি কর্পূরং কুর্য্যাদারাত্রিকং হরেঃ।
নিঃস্বোঽপি জাগরে বিষ্ণোর্দাতা
ভূরি ফলং লভেৎ ॥ ১১২ ॥

অনুবাদ—শ্রীহরির নিশিজাগরণে কর্পূর ব্যতীতও আরতি দানে দাতা দরিদ্র হইলেও প্রচুর ফল লাভ করেন ॥ ১১২ ॥

বারিজং বারিণা পূর্ণং শিরসি স্নাপয়েদ্ধরিম্।
বিভর্ত্তি শিরসা সোঽয়ং গঙ্গাস্নানকৃতং ফলম্ ॥১১৩

অনুবাদ—জলপূর্ণ শঙ্খ দ্বারা শ্রীহরির মস্তকে যিনি স্নান করান, তিনি মস্তকে গঙ্গাস্নান জন্য ফল ধারণ করেন ॥ ১১৩ ॥

কৃত্বা পূজাং হরের্যস্তু জাগরে পুরতঃ শুচিঃ।
পঠেন্নামসহস্রঞ্চ গীতাং নাগবিমোক্ষণম্ ॥ ১১৪ ॥
মাঙ্গল্যং স্নপনং পুণ্যং স্তবরাজমনুস্মরন্।
বৈদিকানি চ জপ্যানি ভক্ত্যা রাত্রৌ মুহুর্মুহুঃ ॥১১৫॥
ভবেৎ প্রত্যক্ষরং পুণ্যং কপিলাগোশতোদ্ভবম্।
জাগরে যজ্ঞরূপস্য পুরতঃ পঠনং হরেঃ ॥ ১১৬ ॥

অনুবাদ—জাগরণে শ্রীহরির পূজা করিয়া যিনি পবিত্রভাবে শ্রীহরির সম্মুখে সহস্র নাম, গীতা ও গজেন্দ্রমোক্ষণ পাঠ করেন, মঙ্গল পবিত্র স্নানীয় স্তব-রাজ পুরুষসূক্তাদি বৈদিকমন্ত্র পাঠ, রাত্রিতে ভক্তিসহ পুন পুন মন্ত্রজপ করেন, পাঠের প্রতিঅক্ষরে শত-কপিলা গাভী দানের ফল হয়—যজ্ঞেশ্বর শ্রীহরির সম্মুখে পাঠে ॥ ১১৪-১১৬ ॥

টীকা—বারিজং শঙ্খং পূর্ণং কৃত্বেতি শেষঃ। শিরসা বিভর্ত্তীতি ফলস্য স্থৈর্য্যমভিপ্রেতং, মাঙ্গল্যেন স্নপয়তীতি তথা তৎ, এতচ্চ লিঙ্গবাত্যয়াদিনা সর্ব্বেষা-মেব বিশেষণং জ্ঞেয়ং তথা পুণ্যমিতি চ। জাগর ইত্যার্দ্ধপদ্যমুক্তন্যায়েন ব্যাখ্যেয়ং, কৃচিচ্চ ন তিষ্ঠেদেব ॥ ১১৩-১১৬ ॥

যঃ পুনঃ কুরুতে গীতং সনৃত্যং বাদ্যসংযুতম্।
ন তৎ ক্রতুশতৈঃ পুণ্যং ব্রতদানশতৈরপি ॥ ১১৭ ॥

অনুবাদ—অতঃপর যিনি নৃত্য ও বাদ্যসহ গান করেন, উহার ফল শতযজ্ঞ, শত শত ব্রত দান দ্বারাও পাওয়া যায় না ॥ ১১৭ ॥

যঃ পুনঃ কুরুতে গীতং বিলজ্জো নৃত্যতে যদি।
লভতে নিমিষার্দ্ধেন চতুরাশ্রমজং ফলম্ ॥ ১১৮ ॥

অনুবাদ—অতঃপর যিনি গান ও বিলজ্জভাবে যদি নৃত্য করেন, অর্দ্ধ নিমেষ মধ্যে তিনি ব্রহ্মচর্য্যাদি চতুরাশ্রমের ফল প্রাপ্ত হন ॥ ১১৮ ॥

টীকা—চতুরাশ্রমধর্ম্মসম্পত্তের্জায়তে যৎ ফলং তদিত্যর্থঃ ॥ ১১৮ ॥

জাগরে পদ্মনাভস্য কুর্য্যাৎ পুস্তকবাচনম্।
শ্লোকসংখ্যাং বসেৎ স্বর্গে যুগানি হরিসন্নিধৌ ॥১১৯॥

অনুবাদ—পদ্মনাভ শ্রীহরির নিশিজাগরণে যিনি শাস্ত্র ব্যাখ্যা করেন, শ্লোক সংখ্যানুসারে যুগসমূহ শ্রীহরির নিকট বাস করেন ॥ ১১৯ ॥

টীকা—শ্লোকসংখ্যাং প্রতি যানি যুগানি স্যুস্তানি, যাবন্ত শ্লোকাস্তাবন্তি যুগানীত্যর্থঃ। এবমগ্রেঽপূহ্যম্ ॥ ১১৯ ॥

কুর্য্যাদ্বন্দনমালাং যো রম্ভাস্তম্ভৈঃ সুশোভনৈঃ।
চূতবৃক্ষোদ্ভবৈঃ পত্রৈর্জাগরে চক্রপাণিনঃ ॥ ১২০ ॥

যুগানি পত্রসংখ্যানাং স্বর্গে তস্যোৎসবো ভবেৎ।
পূজ্যতে বাসবাদ্যৈশ্চ ক্রীড়তে চাপ্সরোবৃতঃ ॥১২১॥

অনুবাদ—যিনি সুশোভন কদলীবৃক্ষ দ্বারা ও আম্রপত্র দ্বারা চক্রপাণি শ্রীহরির জাগরণে বন্দনমালা রচনা করেন। পত্র সংখ্যানুসারে যুগসমূহ স্বর্গে তাঁহার উৎসব হয়, ইন্দ্রাদি দেবগণ পূজা করেন, অপ্সরাগণ পরিবেষ্টিত হইয়া নৃত্যগীত করেন ॥ ১২০-১২১ ॥

———

নৃত্যমানস্য মর্ত্ত্যস্য যে কেচিন্নিরয়ং গতাঃ।
বিমুক্তা ধর্ম্মরাজেন মুক্তিং যান্তি হরেঃ পদম্ ॥১২২॥

অনুবাদ—শ্রীহরিজাগরণে নৃত্যরত ব্যক্তির যে কোন বান্ধবাদি নরকবাসী থাকিলে ধর্ম্মরাজ কর্ত্তৃক ছাড় পাইয়া মুক্তিধাম শ্রীহরিপাদপদ্মে গমন করে ॥ ১২২ ॥

টীকা—যে কচিদ্বান্ধবাদয়ঃ ॥ ১২২ ॥

———

গীতধ্বনিষু সন্তুষ্টো জাগরে তু রমাপতিঃ।
বাসবস্যাধিকং সৌখ্যং দদ্যান্মন্বন্তরং শতম্ ॥১২৩॥

অনুবাদ—শ্রীহরিবাসরে জাগরণে গীতধ্বনি শুনিয়া সন্তুষ্ট লক্ষ্মীপতি শ্রীনারায়ণ শত মন্বন্তর ব্যাপি ইন্দ্র হইতে অধিক সৌখ্য প্রদান করেন ॥ ১২৩॥

———

নৃত্যেন মর্ত্ত্যে সৌখ্যন্তু স্বর্গে নৃত্যেন জাগরে।
রসাতলে তথা সৌখ্যং মুক্তির্নৃত্যাদবাপ্যতে ॥ ১২৪॥

অনুবাদ—শ্রীহরি জাগরণে নৃত্যের আনুষঙ্গিক গৌণ ফলে মনুষ্যলোকে স্বর্গে, রসাতলে সর্ব্বত্র সুখ-লাভ এবং মুখ্যফলে মুক্তি লাভ ॥ ১২৪ ॥

টীকা—জাগরে যন্নৃত্যং তেন; মর্ত্ত্যে মনুষ্যলোকে পৃথিব্যামিত্যর্থঃ ॥ ১২৪ ॥

———

প্রেক্ষণীয়প্রদানেন যৎ পুণ্যং কথিতং বুধৈঃ।
ন তৎ কোটিমখৈঃ পুণ্যং যোগৈঃ
সাঙ্খ্যৈরবাপ্যতে ॥ ১২৫ ॥

অনুবাদ—জাগরণে ইন্দ্রজাল বিদ্যা বা নাটকাদি প্রদর্শন করিলে যে পুণ্য হয়, অভিজ্ঞগণ বলিয়াছেন—কোটি যজ্ঞের পুণ্য অষ্টাঙ্গযোগের ফল, আত্ম-জ্ঞানের ফল দ্বারা তাহা পাওয়া যায় না ॥ ১২৫ ॥

টীকা—প্রেক্ষণীয়মৈন্দ্রজালিকং, নর্ত্তকাদি-সম্প্রদায়বিশেষো বা তস্য প্রদানেন। যোগৈরষ্টাঙ্গৈঃ, সাংখ্যৈরাত্মজ্ঞানৈঃ ॥ ১২৫ ॥

———

দীপমালাং হরেরগ্রে যঃ করোতি প্রজাগরে।
বিমানকোটিসংযুক্তঃ কল্পান্তং বসতে দিবি ॥ ১২৬॥

অনুবাদ—যিনি শ্রীহরিজাগরণে শ্রীহরির অগ্রে দীপমালা প্রজ্জ্বালিত করেন, তিনি কোটি বিমানযুক্ত হইয়া কল্পাবধি স্বর্গে বাস করেন ॥ ১২৬ ॥

———

চরিতং রামচন্দ্রস্য যঃ শৃণোতি হরেদিনে।
রাত্রৌ বাল্মীকিনা প্রোক্তং তৎসমো
ন হি বৈষ্ণবঃ ॥ ১২৭॥

অনুবাদ—বাল্মীকি রামায়ণ যিনি শ্রীহরিবাসরে রাত্রিতে শ্রবণ করেন, তাঁহার সমান বৈষ্ণব নাই ॥ ১২৭ ॥

———

যঃ পুনঃ পঠতে রাত্রৌ মহাভারতসম্ভবাম্।
কথাং জাগরণে বিষ্ণোঃ কুলকোটিং
নয়েদ্দিবম্ ॥ ১২৮ ॥

অনুবাদ—আর যিনি নিশি জাগরণে মহাভারতীয় শ্রীকৃষ্ণ কথা পাঠ করেন, তিনি তাহার কোটিকুলকে স্বর্গবাসী করেন ॥ ১২৮ ॥

———

ঔত্তানপাদেশ্চরিতং ধ্রুবস্য চ মহাত্মনঃ।
কৃষ্ণস্য বালচরিতং জাগরে পঠতে হি যঃ।
যুগকোটিসহস্রস্য ক্ষয়ঃ পাপস্য জায়তে ॥ ১২৯ ॥

অনুবাদ—যিনি শ্রীহরিবাসরীয় নিশিজাগরণে উত্তানপাদনন্দন মহাত্মা ধ্রুবের চরিত্র এবং শ্রীকৃষ্ণের বাল্যচরিত পাঠ করেন, তাঁহার কোটি সহস্রযুগের জাত বা ভোগ্য পাপ ক্ষয় হয় ॥ ১২৯ ॥

টীকা—যুগকোটিসহস্রস্যেতি যুগকোটিসহস্রৈর্ভোগ্যস্য, তেষু জাতস্য বা পাপস্য ॥ ১২৯ ॥

তস্মাজ্জাগরণং কার্য্যং পক্ষয়োঃ শুক্লকৃষ্ণয়োঃ ॥১৩০

অনুবাদ—অতএব শুক্ল ও কৃষ্ণ উভয় পক্ষে শ্রীহরিবাসরে জাগরণ কর্ত্তব্য ॥ ১৩০ ॥

শ্রীমদ্ভাগবতং ভক্ত্যা পঠতে বিষ্ণুসন্নিধৌ।
জাগরে তৎপদং যাতি কুলবৃন্দসমন্বিতঃ ॥ ১৩১ ॥

অনুবাদ—শ্রীহরিজাগরণে ভগবানের নিকট যিনি ভক্তিসহ শ্রীমদ্ভাগবত পাঠ করেন, তিনি কুলবৃন্দসহ শ্রীভগবদ্ধামে গমন করেন ॥ ১৩১ ॥

টীকা—জাগরে পঠতি ॥ ১৩১ ॥

অষ্টাদশ পুরাণানি পুরাণপুরুষস্য চ।
দয়িতানি সদা বিষ্ণোর্বিশেষেণ তু জাগরে ॥ ১৩২ ॥
যো গীতাং পঠতে রাত্রৌ বিষ্ণোর্নামসহস্রকম্।
বেদোক্তানাং পুরাণানাং জাগরী পুণ্যমাপ্নুয়াৎ ॥১৩৩

অনুবাদ—পুরাণপুরুষ শ্রীকৃষ্ণের প্রিয় অষ্টাদশ-পুরাণ যিনি সর্ব্বদা পাঠ করেন, বিশেষতঃ শ্রীহরি-জাগরণে যিনি গীতা বা শ্রীবিষ্ণুসহস্রনাম পাঠ করেন, তিনি অষ্টাদশ পুরাণসমূহের পাঠের ফল প্রাপ্ত হন ॥ ১৩২-১৩৩ ॥

টীকা—পুরাণানাং সর্ব্বেষাং পঠনাদ্‌যৎ পুণ্যং তদাপ্নুয়াদিত্যর্থঃ ॥ ১৩৩ ॥

ধেনুদানন্তু যঃ কুর্য্যাৎ জাগরে চক্রপাণিনঃ।
লভতে নাত্র সন্দেহঃ সপ্তদ্বীপাবনীফলম্ ॥ ১৩৪ ॥

অনুবাদ—শ্রীহরির নিশিজাগরণে যিনি ধেনু—সবৎসা দুগ্ধবতী গাভীদান করেন, তিনি সপ্তদ্বীপা পৃথিবী দানের ফল প্রাপ্ত হন, ইহাতে সন্দেহ নাই ॥ ১৩৪ ॥

জাগরে পদ্মনাভস্য যঃ কুর্য্যাচ্ছুভমণ্ডপম্।
মণ্ডলে ধ্রুবলোকস্য যাবত্তিষ্ঠতি পদ্মভূঃ ॥ ১৩৫ ॥

অনুবাদ—পদ্মনাভ শ্রীহরির জাগরণে যিনি পবিত্র মণ্ডপ নির্ম্মাণ করেন, তিনি ব্রহ্মার আয়ুষ্কাল পর্য্যন্ত ধ্রুবলোকের উপরে অবস্থান করেন ॥ ১৩৫ ॥

টীকা—যাবৎ পদ্মভূর্ব্রহ্মা তিষ্ঠতি, তাবৎ ধ্রুব-লোকস্য মণ্ডলে উপরি তিষ্ঠতীত্যর্থঃ ॥ ১৩৫ ॥

সর্ব্বেষামেব পুণ্যানাং মহৎ পুণ্যং মহীতলে।
দ্বাদশ্যাং জাগরে বিপ্র প্রসিদ্ধং ভুবনত্রয়ে ॥ ১৩৬ ॥

অনুবাদ—এই পৃথিবীতে সর্ব্ববিধ পুণ্যের মধ্যে শ্রেষ্ঠ পুণ্য, হে বিপ্র! দ্বাদশী জাগরণে—ইহা ত্রিভুবন প্রসিদ্ধ ॥ ১৩৬ ॥

জাগরং যে চিকীর্ষন্তি কর্ম্মণা মনসা গিরা।
ন তেষাং পুনরাবৃত্তির্বিষ্ণুলোকাৎ কথঞ্চন ॥ ১৩৭॥

অনুবাদ—যাঁহারা কায়মনো বাক্যে দ্বাদশী জাগরণ ইচ্ছা করেন, তাঁহাদের কোন প্রকারেই বিষ্ণু-লোক হইতে পুনরাগমন হয় না ॥ ১৩৭ ॥

জাগরে নৃত্যমানন্তু দৃষ্ট্বা বৈ দ্বাদশীদিনে।
রাত্রৌ মার্জ্জয়তে শৌরিঃ পাপং
তস্য যুগাজ্জিতম্ ॥ ১৩৮॥

অনুবাদ—দ্বাদশী নিশি জাগরণে নৃত্যরত ব্যক্তিকে দেখিয়া শ্রীহরি তাহার যুগকালার্জ্জিত পাপ মার্জ্জন করেন ॥ ১৩৮ ॥

প্রোৎসাহয়িত্বা লোকান্ যঃ কুরুতে জাগরং নিশি।
প্রাপ্নোতি চক্রবর্ত্তিত্বং ভরতেন যথা পুরা ॥ ১৩৯ ॥

অনুবাদ—লোকসমূহকে উৎসাহিত করিয়া যিনি নিশি জাগরণ করেন ও করান, তিনি আদি ভরত-রাজের ন্যায় পৃথিবী চক্রবর্ত্তী রাজপদ প্রাপ্ত হন ॥ ১৩৯ ॥

টীকা—প্রোৎসাহয়িত্বা মাহাত্ম্যশ্রবণাদিনা প্রকর্ষেণ উৎসাহং জনয়িত্বা, যবভাবোহত্র আর্ষঃ ॥ ১৩৯ ॥

শ্বপচেন যথা বিষ্ণুং তোষয়িত্বা তু জাগরে।
প্রাপ্তা মুক্তিঃ পুরা বিপ্র গান্ধর্ব্বাৎ শ্রূয়তে ধ্রুবম্ ॥১৪০

অনুবাদ—শ্রীহরিবাসর জাগরণে কোন শ্বপচ-ব্যক্তি নৃত্যগীতবাদ্য দ্বারা শ্রীহরির সন্তোষ বিধান করিয়া মুক্তিলাভ করিয়াছিল, হে বিপ্র! ইহা নিশ্চয়ই শাস্ত্রে শুনা যায় ॥ ১৪০ ॥

রাজ্যং প্রাপ্তং দিলীপেন নর্ত্তনাদ্বাসরে হরেঃ।
নহুষেণ চ সংপ্রাপ্তমর্ঘ্যদানেন জাগরে ॥ ১৪১ ॥

অনুবাদ—শ্রীহরিবাসরে নৃত্য করিয়া সূর্য্যবংশীয় দিলীপ রাজ্য প্রাপ্ত হইয়া ছিলেন, চন্দ্রবংশীয় নহুষও জাগরণে অর্ঘ্যদান করিয়া রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন ॥ ১৪১ ॥

ফলদানাৎ সৃঞ্জয়েন প্রাপ্তং রাজ্যমকণ্টকম্।
ব্যঞ্জুলীবাসরে রাত্রৌ কৃত্বা জাগরণং হরে॥ ১৪২ ॥

অনুবাদ—ব্যঞ্জুলীমহাদ্বাদশীতে শ্রীহরিবাসরে নিশি জাগরণে চন্দ্রবংশীয় সৃঞ্জয় ফলদানের পুণ্যে নিষ্কণ্টক রাজ্য প্রাপ্ত হন ॥ ১৪২ ॥

বস্ত্রদানাদ্দিনে বিষ্ণোর্নাভাগেন তু জাগরৈঃ।
রাজ্যং প্রাপ্তং মুনিশ্রেষ্ঠ প্রসাদান্মাধবস্য হি ॥১৪৩॥

অনুবাদ—হে মুনিবর! শ্রীহরিবাসরে নিশি-জাগরণ করতঃ বস্ত্রদান ফলে নাভাগ শ্রীলক্ষ্মীপতির প্রসাদে রাজ্য প্রাপ্ত হন ॥ ১৪৩॥

শৈলূষী নর্ত্তনাৎ সিদ্ধা বিখ্যাতা মেনকা দিবি।
ত্রিস্পৃশা-জাগরে বিপ্র সত্যং তে কথিতং ময়া ॥১৪৪

অনুবাদ—হে বিপ্র! ত্রিস্পৃশা মহাদ্বাদশীর জাগরণে নর্ত্তকী বিখ্যাতা স্বর্গীয় মেনকা নৃত্য প্রদর্শনে সিদ্ধিলাভ করে, সত্যই তোমার নিকট আমি বলিলাম ॥ ১৪৪ ॥

টীকা—শৈলূষী নর্ত্তকী বেশ্যেত্যর্থঃ। বিপ্রেত্যত্র ব্যাসেতি কৃচিৎপাঠে স্কন্দপুরাণ-প্রহলাদসংহিতোক্তয়ো-রৈক্যাৎ প্রহলাদসংহিতায়াং প্রহলাদব্যাসসংবাদোহনু-সন্ধেয়ঃ ॥ ১৪৪ ॥

তুলসীজাগরাৎ প্রাপ্তং জাগরে চক্রপাণিনঃ।
অলর্কেণ ক্ষিতীশত্বং যশঃকীর্ত্তি-সমন্বিতম্ ॥১৪৫॥

অনুবাদ—শ্রীহরির জাগরণ তুলসীবনের নিকটে নিশি জাগরণে অলর্ক যশঃকীর্ত্তি সমন্বিত মহীপতিত্ব প্রাপ্ত হন ॥ ১৪৫ ॥

টীকা—চক্রপাণের্জাগরে মধ্যে তুলস্যাং তুলসী-বনান্তিকে যো জাগরস্তস্মাৎ ॥ ১৪৫ ॥

ষষ্টিবর্ষসহস্রাণি ষষ্টিবর্ষশতানি চ।
অলর্কো নাম রাজাসৌ বুভুজে মেদিনী পুরা ॥১৪৬॥

অনুবাদ—প্রাচীনকালে এই অলর্ক রাজা ষাট হাজার ষাট শতবর্ষ পৃথিবীতে রাজত্ব করেন ॥ ১৪৬॥

শাণ্ডিলী মার্জ্জনাৎ সিদ্ধা একাদশ্যাস্তু মণ্ডলাৎ।
পুরতো বাসুদেবস্য পক্ষয়োঃ শুক্লকৃষ্ণয়োঃ ॥ ১৪৭ ॥

অনুবাদ—শুক্ল, কৃষ্ণ উভয় পক্ষীয় একাদশীতে শ্রীহরিমণ্ডপের সম্মুখে মার্জ্জনের ফলে শাণ্ডিলী সিদ্ধি-লাভ করিয়াছিল ॥ ১৪৭ ॥

টীকা—মণ্ডলাৎ সর্ব্বতোভদ্রাদি-মণ্ডলবিধানাৎ। তত্রাপি বাসুদেবস্য পুরতঃ ॥ ১৪৭ ॥

উন্মীলনীদিনে প্রাপ্তে পরদীপপ্রবোধনাৎ।
ইন্দ্রদ্যুম্নেন সংপ্রাপ্তং রাজ্যং জাগরণং হরে ॥১৪৮॥

অনুবাদ—উন্মীলনী মহাদ্বাদশীর রাত্রিজাগরণে অন্যের দীপ জাগাইয়া ইন্দ্রদ্যুম্ন রাজ্য লাভ করেন ॥১৪৮

টীকা—হরের্জাগরণে পরদীপস্য প্রবোধনাৎ ॥১৪৮

দোলাদিনে চ সংপ্রাপ্তে বীণাবাদ্যাৎ পুরূরবাঃ।
চক্রবর্ত্তিত্বমায়াতো দুষ্প্রাপং যৎ সুরৈরপি ॥ ১৪৯ ॥

অনুবাদ—পুরূরবা দোলযাত্রাদিনে শ্রীহরির সম্মুখে বীণাবাদন করায় দেবদুর্ল্লভ চক্রবর্ত্তী পদ প্রাপ্ত হইয়াছিলেন ॥ ১৪৯ ॥

সম্মানিতাঃ ককুৎস্থেন রাত্রৌ জাগরকারিণঃ।
স্বশক্ত্যা চৈব দানেন প্রাপ্তং রাজ্যং সুদুর্ল্লভম্ ॥ ১৫০ ॥

অনুবাদ—মহারাজ ককুৎস্থ নিজ অর্থবলে দানদ্বারা রাত্রি জাগরণকারীগণকে সম্মান প্রদর্শন পূর্ব্বক আনিয়া জাগরণ করাইতেন, ফলে সুদুর্ল্লভ রাজ্য প্রাপ্ত হন ॥ ১৫০ ॥

টীকা—আয়াতঃ প্রাপ্তঃ; স্বশক্ত্যা দানেন সম্মানিতাঃ, পাঠান্তরে দেহান্তে চ দেবদুর্ল্লভং পদং প্রাপ্তবানিত্যর্থঃ ॥ ১৪৯-১৫০ ॥

শ্বপাকী চ মৃগী নাম গানং কৃত্বা হরের্দ্দিনে।
গান্ধর্ব্বলোকনারীণাং জাতা রাজ্ঞী প্রজাগরাৎ ॥১৫১

অনুবাদ—শ্রীহরিবাসরে জাগরণে মৃগী নাম্নী চণ্ডালিনী গান করিয়া গন্ধর্ব্বলোকবাসিনী নারীগণের রাজ্ঞী হইয়া জন্মলাভ করে ॥ ১৫১ ॥

বেণুবাদ্যাদৃচীকস্তু বিজয়াবাসরে নিশি।
জাগরে পুরতো বিষ্ণোঃ পুনা রাজা ভবিষ্যতি ॥১৫২

অনুবাদ—বিজয়া মহাদ্বাদশীর রাত্রিজাগরণে শ্রীবিষ্ণুর সম্মুখে জমদগ্নির পিতা ঋচীক ঋষি বেণুবাদন ফলে পুনরায় রাজ্যলাভ করিবেন ॥ ১৫২ ॥

যে কেচিদ্‌গায়কা বিপ্র বাদকা নর্ত্তকা নরাঃ।
নর্ত্তকী-সহিতা যান্তি কৃত্বা জাগরণং দিবম্ ॥১৫৩॥

অনুবাদ—হে বিপ্র! যে কোন গায়ক বাদক নর্ত্তক মানবগণ নর্ত্তকীর সহিত জাগরণ করিয়া স্বর্গে গমন করে ॥ ১৫৩ ॥

বিযোনিমাগতৈঃ সর্ব্বৈঃ কৃত্বা জাগরণং হরেঃ।
সংপ্রাপ্তং পৃথিবীশত্বং সকামৈর্ম্মুনিসত্তম ॥ ১৫৪ ॥

অনুবাদ—হে মুনিসত্তম! সকামভাবে শ্রীহরিবাসরে জাগরণ ফলে বিযোনিজাত ব্যক্তিগণও মহীপতিত্ব লাভ করিয়াছেন ॥ ১৫৪ ॥

নিষ্কামৈর্ম্মুক্তিরাপ্তা চ শ্বপচাদ্যৈস্তু জাগরাৎ।
বিবক্ষা নাস্তি বর্ণানাং হরের্জ্জাগরকারিণাম্ ॥ ১৫৫ ॥

অনুবাদ—চণ্ডালাদিব্যক্তিগণও নিষ্কামভাবে জাগরণ ফলে মুক্তিলাভ করিয়াছেন, তাহার সংখ্যা নাই বা শ্রীহরিজাগরণকারীগণের বর্ণ বিচারাদি নাই ॥ ১৫৫ ॥

ন কলৌ পাবনং ধ্যানং ন কলৌ জাহ্নবীজলম্।
ন কলৌ পাবনং জপ্যং মুক্ত্যেকং
জাগরং হরেঃ ॥ ১৫৬ ॥

অনুবাদ—কলিযুগে ধ্যান, গঙ্গাজল, মন্ত্রজপাদি তাদৃশ আত্মশুদ্ধিকর নহে, যাদৃশ শ্রীহরিজাগরণ মুক্তিদানে একমাত্র মুখ্য ॥ ১৫৬ ॥

আশ্রমে বর্ত্তমানানাং ন ফলং হি দ্বিজন্মনাম্।
সংযষ্টৈরপি যজ্ঞৈস্তু বিনা দ্বাদশি-জাগরাৎ ॥১৫৭॥

অনুবাদ—দ্বাদশী জাগরণ ব্যতীত দ্বিজাতিগণের স্ব স্ব আশ্রমবাসও বিফল, যজ্ঞসমূহদ্বারা সংখ্যক্ যজনও বিফল ॥ ১৫৭ ॥

টীকা—জাগরে বিষ্ণোঃ পুরতো বেণুবাদ্যাৎ, মঙ্গলাচরণাদিতি পাঠে 'জয়তি জননিবাসঃ' (শ্রীভাঃ ১০।৯০।৪৮) ইত্যাদি পঠনাদিত্যর্থঃ; বেণুবাদ্য-স্বরূপবিশেষণং বা। বিবক্ষা নাস্তীতি তেষাং সংখ্যাং বক্তুং ন শক্যত ইত্যর্থঃ। যদ্বা, বিবক্ষা বিচারঃ। বিশেষ ইতি পাঠান্তরেঽধিকার্য্যপেক্ষা নাস্তীত্যর্থঃ। সংযষ্টৈঃ সম্যগিষ্টৈঃ ॥ ১৫২-১৫৭ ॥

লক্ষ্মীঃ পরাঙ্মুখী তেষাং বাসবাদ্যা দিবৌকসঃ।
পিতরঃ কব্যপাল্যাদ্যা মনুষ্যাঃ সনকাদয়ঃ ॥১৫৮॥

অনুবাদ—দ্বাদশী জাগরণ ব্যতীত তাহাদের প্রতি লক্ষ্মীদেবী, ইন্দ্রাদি দেবগণ, শ্রাদ্ধপাল্য পিতৃগণ, মনুষ্যগণ, সনকাদি ঋষিগণ সকলেই বিমুখ হন ॥ ১৫৮ ॥

একোঽপি হি কুলোৎপন্নঃ কিঞ্জাতৈর্বহুভিঃ সুতৈঃ ।
দ্বাদশীজাগরাৎ সর্ব্বাংস্তারয়িষ্যতি পূর্ব্বজান্ ॥১৫৯॥

অনুবাদ—কুলজাত এক ব্যক্তিই দ্বাদশী জাগরণ ফলে পূর্ব্বজ সকলকেই সংসার মুক্ত করিতে পারিবে, জাগরণ বিমুখ বহুসন্তানের কি প্রয়োজন ॥ ১৫৯ ॥

টীকা—তেষাং জাগরণহীনানাং, একোঽপি কুলে উৎপন্নঃ সন্ সর্ব্বাংস্তারয়িষ্যতি, অতঃ কিং বহুভিরিত্যন্বয়ঃ ॥ ১৫৮-১৫৯ ॥

বিশল্যাবাসরে বিষ্ণোর্যঃ করোতি সুজাগরম্ ।
স বৈ ভাগবতো লোকে গীয়তে ব্রহ্মবাদিভিঃ ॥১৬০॥

অনুবাদ—দশমীবিদ্ধা বিহীন শ্রীহরিবাসরে যিনি সুষ্ঠু জাগরণ করেন, তিনিই শ্রীভগবানের প্রিয়ভক্ত ইহলোকে বেদবিদ্‌গণ গান করেন ॥ ১৬০ ॥

যস্য প্রসন্নো ভগবান্ শীলেনোৎপদ্যতে সুতঃ ।
একোঽপি তারয়েৎ সর্ব্বান্
নরকস্থান্ পিতামহান্ ॥ ১৬১ ॥

অনুবাদ—শ্রীভগবান্ যাঁহার প্রতি প্রসন্ন হন, তাঁহার সুশীল ভক্ত পুত্র উৎপন্ন হয়। ভক্ত সন্তান একজনই শ্রীহরিবাসর জাগরণ দ্বারা নরকস্থ পিতামহাদি সকলকে উদ্ধার করিবে ॥ ১৬১ ॥

টীকা—তারয়েৎ জাগরণতঃ, ভাগবতঃ জাগরণাদিকর্ত্তা তৎসমঃ, প্রকরণবলাদেবমগ্রেঽপি জ্ঞেয়ম্ ॥ ১৬০-১৬১ ॥

ন সৌরো ন চ শৈবো বা ন ব্রাহ্মো নৈব শাক্তিকঃ ।
ন চান্যদেবতা-ভক্তো ভবেদ্ভাগবতোপমঃ ॥
ইতি ॥ ১৬২ ॥

অনুবাদ—সূর্য্যউপাসক নয়, শৈবও নয়, ব্রহ্ম উপাসকও নয়, শক্তি উপাসকও নয়, অন্য দেবতা ভক্তও নয় শ্রীবিষ্ণুভক্তের সম ॥ ১৬২ ॥

গৃহেঽপি বর্ত্ততে যস্য নিত্যং যস্য চ চেতসি ।
দ্বাদশীচরিতং পুণ্যং চতুর্ব্বর্গফলপ্রদম্ ॥ ১৬৩ ॥

অনুবাদ—দ্বাদশী জাগরণ মাহাত্ম্যাদি যাঁহার গৃহে ও চিত্তে নিত্য বর্ত্তমান, তাঁহার ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ চতুর্বর্গপ্রদ পুণ্য ফল লাভ হয় ॥ ১৬৩ ॥

টীকা—ইদানীং জাগরণমাহাত্ম্যফলপাঠাদিফলমাহ—গৃহেঽপীত্যাদিনা। চেতসি চ বর্ত্ততে, দ্বাদশীচরিতং জাগরণমাহাত্ম্যাদিকং তস্য চতুর্বর্গফলপ্রদং পুণ্যং স্যাৎ। তত্র চতুর্বর্গো ধর্ম্মার্থকামমোক্ষাঃ, ফলঞ্চ ভক্তিঃ ॥ ১৬৩ ॥

অথ জাগরণ-মাহাত্ম্যফলম্

তত্রৈব—

উপোষিতৈর্হরিদিনৈঃ সংবৎসরশতং ফলম্ ।
তৎ ফলং নিত্যমাপ্নোতি পঠন্ জাগরণং হরেঃ ॥১৬৪

অনুবাদ—অথ জাগরণমাহাত্ম্য-পাঠাদির ফল স্কন্দপুরাণেই—শত সংবৎসর শ্রীহরিবাসরে উপবাসকারীর সমফল শ্রীহরিজাগরণ মাহাত্ম্য পাঠকারী নিত্য প্রাপ্ত হন ॥ ১৬৪ ॥

টীকা—জাগরণং জাগরণমাহাত্ম্যম্ ॥ ১৬৪ ॥

মাহাত্ম্যং যঃ পঠেদ্ভক্ত্যা ময়োক্তং জাগরোদ্ভবম্ ।
দ্বাদশীসম্ভবং পুত্র কুলানামুদ্ধরেচ্ছতম্ ॥ ১৬৫ ॥

অনুবাদ—ব্রহ্মা নারদকে বলিতেছেন—হে পুত্র! আমার কথিত দ্বাদশীজাগরণ মাহাত্ম্য যিনি ভক্তিপূর্ব্বক পাঠ করেন, তিনি শতকুল উদ্ধার করেন ॥ ১৬৫ ॥

চরিতং বাললীলায়া মথুরায়াঞ্চ যঃ পঠেৎ ।
দ্বাদশ্যাং দেবকীসূনো রাত্রৌ জাগরণে কলৌ ।
অযুতানাং বসেৎ কোটিং পিতৃভিঃ
পরিবারিতঃ ॥ ১৬৬ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণের বাল্যচরিত যিনি মথুরামণ্ডলে পাঠ করেন এবং সেইরূপ কলিযুগে দ্বাদশীতে নিশি-জাগরণে শ্রীকৃষ্ণের বাল্যচরিত পাঠ করেন, তিনি পিতৃগণের সহিত বেষ্টিত হইয়া শ্রীবৈকুণ্ঠে দশসহস্র-কোটি বৎসর বাস করেন ॥ ১৬৬ ॥

টীকা—দৃষ্টান্তত্বেন প্রসঙ্গেন বা তত্রান্যপাঠস্যাপি ফলমাহ—চরিতমিতি। দেবকীসূনোর্মথুরায়াং যা বালবল্লীলা তস্য সম্বন্ধি চরিতং, কলৌ দ্বাদশ্যাঃ রাত্রৌ জাগরণে যঃ পঠেৎ, সঃ অযুতানাং বর্ষাণাং কোটিং বসেদ্বৈকুণ্ঠলোক ইতি শেষঃ ॥ ১৬৬ ॥

ব্যঞ্জুলীসম্ভবং যো বৈ মাহাত্ম্যং জাগরে হরেঃ।
কীর্ত্তয়িষ্যতি নিত্যং বা তস্য পুণ্যং বদাম্যহম্ ॥১৬৭
দশভির্বাসরৈর্বিষ্ণোর্দশভির্গুণিতৈর্মুনে।
কৃতৈর্ভবতি যৎ পুণ্যং নিত্যমাপ্নোতি তৎ ফলম্ ॥ ১৬৮ ॥

অনুবাদ—ব্যঞ্জুলী মহাদ্বাদশীর মাহাত্ম্য যিনি শ্রীহরিজাগরণে বা নিত্য কীর্ত্তন করিবেন, তাহার পুণ্য আমি বলিব—হে মুনিবর! দশটি হরিবাসরের দশগুণ করিলে যে পুণ্য হয়, নিত্য সেই ফল প্রাপ্ত হন ॥ ১৬৭-১৬৮ ॥

জন্মকোটিং মখৈর্যষ্টৈর্ন মুক্তির্জায়তে নৃণাম্।
দ্বাদশী-জাগরেণৈব মুক্তিং গচ্ছতি মানবঃ ॥ ১৬৯ ॥

অনুবাদ—কোটি জন্ম ব্যাপিয়া যজ্ঞসমূহদ্বারা যজনা করিলে মানবগণের মুক্তি হয় না, কিন্তু এক-দ্বাদশী জাগরণেই মানব মুক্তি লাভ করেন ॥ ১৬৯ ॥

টীকা—জন্মকোটিং ব্যাপ্য যষ্টৈঃ কৃতৈর্মখৈঃ ॥১৬৯

সর্ব্বপাপবিশুদ্ধাত্মা লভতে বৈষ্ণবং পদম্।
সর্ব্বে দুষ্টাঃ সমাস্তস্য সৌম্যাস্তস্য সদা গ্রহাঃ।
যঃ পঠেজ্জাগরে বিষ্ণোর্মাহাত্ম্যং দ্বাদশীষু চ ॥১৭০॥

অনুবাদ—যিনি হরিজাগরণে দ্বাদশী মাহাত্ম্য পাঠ করেন, সর্ব্বপাপ হইতে বিশুদ্ধ হইয়া বৈকুণ্ঠধাম লাভ করেন, ইহলোকে তাহার দুষ্ট গ্রহগণ সর্ব্বদা সৌম্য থাকেন ॥ ১৭০ ॥

টীকা—সমাশ্চরন্তি, দুষ্টতাং বিহায় মিত্রতাং যান্তীত্যর্থঃ। পাঠান্তরে শান্তা ভবন্তীত্যর্থঃ ॥ ১৭০ ॥

অথ জাগরণাকরণে দোষাঃ

তত্রৈব শ্রীমদুমামহেশ্বর-সংবাদে—
দষ্টাঃ কলিভুজঙ্গেন স্বপন্তি মধুহাদিনে।
কুর্ব্বন্তি জাগরং নৈব মায়াপাশবিমোহিতাঃ ॥১৭১॥

অনুবাদ—অথ জাগরণ অকরণে দোষসমূহ, স্কন্দপুরাণে শ্রীমদ্ উমা-মহেশ্বর-সংবাদে—মানব কলিকাল সর্প দ্বারা দংশিত হইয়া শ্রীহরিবাসরে নিদ্রা যায় এবং মায়াপাশ বিমোহিত হইয়া দ্বাদশীজাগরণ করে না ॥ ১৭১ ॥

টীকা—মধুহেত্যাকারান্তত্বমার্ষম্ ॥ ১৭১ ॥

প্রাপ্তাপ্যেকাদশী যেষাং কলৌ জাগরণং বিনা।
তে বিনষ্টা ন সন্দেহস্তস্মাজ্জীবনমধ্রুবম্ ॥ ১৭২ ॥

অনুবাদ—একাদশী প্রাপ্ত হইয়াও কলিযুগে জাগরণ ব্যতীত যাহাদের আয়ু ব্যয়িত হয়, তাহারা বিনষ্ট, (জীবন্মৃত) ইহাতে সন্দেহ নাই, যেহেতু জীবন অনিত্য ॥ ১৭২ ॥

টীকা—জাগরণং বিনা গতেতি শেষঃ ॥ ১৭২ ॥

অশ্বমেধসহস্রস্য বাজপেয়াযুতস্য চ।
পুণ্যং কোটিগুণং গৌরি বিষ্ণোর্জাগরণে কৃতে ॥১৭৩

অনুবাদ—হে গৌরি! শ্রীহরিবাসরে জাগরণ করিলে সহস্র অশ্বমেধ যজ্ঞের ও দশ সহস্র বাজপেয় যজ্ঞের কোটিগুণ পুণ্য হয় ॥ ১৭৩ ॥

পিতৃপক্ষে মাতৃপক্ষে ভার্য্যাপক্ষে চ ভামিনি।
কুলমুদ্ধরতে চৈতৎ কৃতে জাগরণে হরেঃ ॥ ১৭৪ ॥

অনুবাদ—হে ভামিনি! শ্রীহরিবাসরে নিশি-জাগরণ করিলে পিতৃকুল, মাতৃকুল ও শ্বশুরকুল উদ্ধার লাভ করে ॥ ১৭৪ ॥

অবিদ্ধবাসরে বিষ্ণোর্যে কুর্ব্বন্তি প্রজাগরম্ ।
তেষাং মধ্যে প্রহৃষ্টঃ সন্ নৃত্যং
প্রকুরুতে হরিঃ ॥ ১৭৫ ॥

অনুবাদ—দশমীবেধ রহিত শ্রীহরিবাসরে যাহারা নিশিজাগরণ করেন, শ্রীহরি তাহাদের মধ্যে প্রবিষ্ট হইয়া আনন্দে নৃত্য করেন ॥ ১৭৫ ॥

যাবদ্দিনানি কুরুতে জাগরং কেশবাগ্রতঃ ।
যুগাযুতানি তাবন্তি বসতে বিষ্ণুবেশ্মনি ॥ ১৭৬ ॥

অনুবাদ—শ্রীহরির সম্মুখে যত সংখ্যক দিন জাগরণ করে, তত অযুত (দশ সহস্র) যুগ বিষ্ণুগৃহে বাস হয় ॥ ১৭৬ ॥

যাবদ্দিনানি বসতে বিনা জাগরণং হরেঃ ।
নৃত্যন্ত্যদ্ধৃতশস্ত্রাশ্চ তদ্‌গৃহে যমকিঙ্করাঃ ॥ ১৭৭ ॥

অনুবাদ—শ্রীহরিজাগরণ ব্যতীত যতদিন বাস করে, ততদিন তাহার গৃহে যমদূতগণ শস্ত্র উঠাইয়া নৃত্য করে ॥ ১৭৭ ॥

জাগরে বাসুদেবস্য পুরাণং পঠতীহ যঃ ।
প্রাপ্নোত্যভিমতান্ কামান্ প্রেতত্বং
নৈব জায়তে ॥ ১৭৮ ॥

অনুবাদ—শ্রীহরিজাগরণে যিনি পুরাণ পাঠ করেন, তিনি ইহলোকে বাঞ্ছিত ভোগসমূহ প্রাপ্ত হন এবং প্রেতযোনি প্রাপ্ত হন না ॥ ১৭৮ ॥

যঃ পুনঃ কুরুতে গীতং নৃত্যং জাগরণে হরেঃ ।
ব্রাহ্ম্যং পদং মদীয়ঞ্চ সত্যং বৈ তস্য বৈষ্ণবম্ ॥১৭৯

অনুবাদ—যিনি হরিজাগরণে নৃত্যগীত করেন, তাঁহার ব্রহ্মপদ, শিবধাম ও বৈকুণ্ঠধাম প্রাপ্ত হন সত্য ॥ ১৭৯ ॥

যঃ প্রবোধয়তে লোকান্ বিষ্ণুজাগরণে ততঃ ।
বসেচ্চিরন্তু বৈকুণ্ঠে পিতৃভিঃ সহ বৈষ্ণবঃ ॥১৮০॥

অনুবাদ—যিনি বিষ্ণুজাগরণে জনগণকে সজাগ রাখেন, তার ফলে তিনি বৈষ্ণব, চিরকাল পিতৃগণসহ বৈকুণ্ঠে বাস করেন ॥ ১৮০ ॥

মতিং প্রযচ্ছতে যস্তু হরের্জাগরণং প্রতি ।
ষষ্টিবর্ষসহস্রাণি শ্বেতদ্বীপে বসেন্নরঃ ॥ ১৮১ ॥

অনুবাদ—যিনি হরিজাগরণের প্রতি অন্যকে বুদ্ধিমান করেন, সেই মানব ষাট হাজার বৎসর শ্বেতদ্বীপে বিষ্ণুলোকে বাস করেন ॥ ১৮১ ॥

যৎকিঞ্চিৎ ক্রিয়তে পাপং কোটিজন্মানি মানবৈঃ ।
কৃষ্ণস্য জাগরে সর্ব্বং রাত্রৌ দহতি পার্ব্বতি ॥১৮২॥

অনুবাদ—হে পার্ব্বতি ! মানবগণ কোটি জন্ম ব্যাপিয়া যত কিছু পাপ করে, শ্রীহরিবাসরে নিশি-জাগরণে সকল পাপই দগ্ধ হয় ॥ ১৮২ ॥

টীকা—দহ্যতে পার্ব্বতীতি পাঠে দহ্যতে স্বয়মেব নশ্যতীত্যর্থঃ ॥ ১৮২ ॥

শালগ্রামশিলাগ্রে তু যে কুর্ব্বন্তি হি জাগরম্ ।
যামে যামে ফলং প্রোক্তং কোট্যৈন্দবসমুদ্ভবম্ ॥১৮৩

অনুবাদ—যাঁহারা শালগ্রাম শিলার সম্মুখে জাগরণ করেন, প্রহরে প্রহরে কোটি চান্দ্রায়ণের ফল তাঁহাদের উক্ত হইয়াছে ॥ ১৮৩ ॥

টীকা—ঐন্দবং চান্দ্রায়ণম্ ॥ ১৮৩ ॥

কামার্থসম্পদঃ পুত্রাঃ কীর্ত্তির্লোকশ্চ শাশ্বতঃ ।
যজ্ঞাযুতৈর্ন লভ্যেত দ্বাদশীজাগরং বিনা ॥ ১৮৪ ॥

অনুবাদ—দ্বাদশী জাগরণ ব্যতীত সহস্র যজ্ঞ-দ্বারাও ভোগ, অর্থ, সম্পদ, বহুপুত্র, কীর্ত্তি, নিত্যধাম পাওয়া যায় না ॥ ১৮৪ ॥

যাবৎ পদানি কুরুতে কেশবায়তনং প্রতি ।
অশ্বমেধসমানি স্যুর্জাগরার্থং প্রগচ্ছতঃ ॥ ১৮৫ ॥

অনুবাদ—শ্রীহরিবাসর জাগরণের জন্য শ্রীকেশব-মন্দিরে গমন কালে প্রতিপদে অশ্বমেধ-সম পুণ্য হয় ॥ ১৮৫ ॥

পাদয়োঃ পতিতং যাবদ্ধরণ্যাং পাংশু গচ্ছতঃ।
তাবদ্বর্ষসহস্রাণি জাগরী বসতে দিবি ॥ ১৮৬ ॥

অনুবাদ—গমনকালে পৃথিবীতে পদদ্বয় ফেলিতে যত ধূলি লাগে, জাগরণকারী তত সহস্র বৎসর স্বর্গ-বাসী হন ॥ ১৮৬ ॥

তস্মাদ্‌গৃহাৎ প্রগন্তব্যং জাগরে মাধবালয়ম্ ॥
কলৌ মলবিনাশায় দ্বাদশী-দ্বাদশীষু চ ॥ ১৮৭ ॥

অনুবাদ—অতএব কলিযুগে পাপক্ষয়ের জন্য প্রতি দ্বাদশীতে গৃহ হইতে জাগরণের জন্য শ্রীমাধবদেবের মন্দিরে গমন কর্ত্তব্য ॥ ১৮৭ ॥

কিং ব্রতৈর্বহুভিশ্চীর্ণৈস্তীর্থবাসেন তস্য কিম্।
দ্বাদশী-বাসরে প্রাপ্তে ন কুর্য্যাৎ জাগরং যদি ॥১৮৮

অনুবাদ—দ্বাদশী শ্রীহরিবাসর প্রাপ্ত হইয়া যদি জাগরণ না করা হয়, তাহা হইলে তাহার বহুব্রত প্রায়শ্চিত্ত তীর্থবাস সকলই বিফল ॥ ১৮৮ ॥

প্রবাসে ন ত্যজেদ্‌যস্তু পথি খিন্নোঽপি পার্ব্বতি।
জাগরং বাসুদেবস্য স হি মেঽতিপ্রিয়ো নরঃ ॥১৮৯

অনুবাদ—হে পার্ব্বতি! দূর প্রবাসে গমনে পথে ক্লান্ত হইয়াও শ্রীহরি জাগরণ যিনি ত্যাগ করেন না, তিনি নিশ্চয়ই আমার অতিপ্রিয় পাত্র ॥ ১৮৯ ॥

যঃ পুনঃ সুস্থচিত্তোঽপি স্বস্থানে বসতোঽপি সন্।
ন হরের্জাগরং কুর্য্যাৎ তেন কার্য্যং ন মে
কৃচিৎ ॥ ১৯০ ॥

অনুবাদ—আর যিনি সুস্থচিত্ত হইয়াও স্বগৃহে বাস করিয়াও হরিজাগরণ না করেন, তাহার সহিত আমার কোন কার্য্য নাই ॥ ১৯০ ॥

টীকা—সন্নপি সাধুরপি ॥ ১৯ ॥

মদ্ভক্তো ন হরেঃ কুর্য্যাজ্জাগরং পাপমোহিতঃ।
ব্যর্থং মৎপূজনং তস্য মৎপূজ্যং যো ন পূজয়েৎ ॥১৯১

অনুবাদ—শ্রীমহাদেব বলিতেছেন—আমার ভক্ত পাপমোহিত হইয়া যে শ্রীহরিজাগরণ না করে, তৎ-কৃত আমার পূজন বৃথা, কারণ আমার পূজনীয়কে যে পূজা না করে ॥ ১৯১ ॥

সবাহ্যাভ্যন্তরং দেহং বেষ্টিতং পাপকোটিভিঃ।
মুচ্যতে বাসরে বিষ্ণোর্জাগরে নৃত্যতাং নিশি ॥১৯২॥

অনুবাদ—যাহার দেহের বাহির ও ভিতর পাপ-কোটি দ্বারা বেষ্টিত, সেও শ্রীহরিবাসরে নিশিজাগরণে নৃত্য করিলে পাপমুক্ত হয় ॥ ১৯২ ॥

টীকা—বাহ্যানি অঙ্গানি, আভ্যন্তরাণি ইন্দ্রিয়াণি, তৈঃ সহিতম্। মুচ্যতে পাপকোটিভ্যস্তাভ্যঃ ॥১৯২॥

প্রাপ্তে কলিযুগে ঘোরে নরাস্তে ত্রিদশৈঃ সমাঃ।
বিশল্যে বাসরে বিষ্ণোর্যে কুর্ব্বন্তি হি জাগরম্ ॥১৯৩

অনুবাদ—ঘোর কলিযুগ মধ্যেও সেই সকল মানব দেবগণের তুল্য, যাঁহারা দশমী বেধহীন শ্রীহরিবাসরেই জাগরণ করে ॥ ১৯৩ ॥

কূর্পরং যমদূতানাং দত্তং তেন যমস্য চ।
কৃত্বা জাগরণং বিষ্ণোরবিদ্ধদ্বাদশীব্রতম্ ॥ ১৯৪ ॥

অনুবাদ—যিনি বেধ বিহীন দ্বাদশীব্রতে হরি-জাগরণ করিয়াছেন, তিনি যমরাজ ও যমদূতগণকে কনুই প্রহার দ্বারা হঠাইয়া দিয়া বিষ্ণুলোকে গমন ॥ ১৯৪ ॥

দ্বাদশ্যাং জাগরে বিষ্ণোর্যৈঃ কৃতং পুষ্পমণ্ডপম্।
প্রতিপুষ্পফলং তেষাং বাজিমেধসমং প্রিয়ে ॥ ১৯৫ ॥

অনুবাদ—হে প্রিয়ে! দ্বাদশীতে হরিজাগরণে যাঁহারা পুষ্পমণ্ডপ রচনা করেন, তাহাদের প্রতি পুষ্পের ফল অশ্বমেধ যজ্ঞ তুল্য ॥ ১৯৫ ॥

দ্বাদশ্যাং কৃষ্ণভবনং কদলীস্তম্ভশোভিতম্ ।
যে কুর্ব্বন্তি হরিস্তেষাং স্বকীয়ং যচ্ছতে পদম্ ॥১৯৬

অনুবাদ—দ্বাদশীতে কদলীস্তম্ভ শোভিত শ্রীকৃষ্ণ-মন্দির রচনাকারীগণকে শ্রীহরি নিজ ধামে স্থান দেন ॥ ১৯৬ ॥

দীপদানং প্রকুর্ব্বন্তি জাগরে কেশবস্য হি ।
তে ধ্বস্ততিমিরা গৌরি যান্তি
বিষ্ণোঃ পরং পদম্ ॥ ১৯৭ ॥

অনুবাদ—হে গৌরি! যাহারা হরিজাগরণে দীপ দান করেন, তাহারা অজ্ঞান বিমুক্ত হইয়া শ্রীবিষ্ণুর পরমপদে গমন করেন ॥ ১৯৭ ॥

টীকা—কূর্পরং দত্তং কূর্পরেণ প্রহত্য বিষ্ণুলোকং প্রযাতীত্যর্থঃ। ধ্বস্তং নষ্টং তিমিরমজ্ঞানং যেষাং তে ॥ ১৯৪-১৯৭ ॥

ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ স্ত্রিয়ঃ শূদ্রাশ্চ জাগরে ।
হীনবর্ণা অন্ত্যজাশ্চ রাক্ষসা দৈত্যদানবাঃ ।
প্রাপ্তাস্তে পরমং স্থানং শ্রীবিষ্ণোর্জাগরে কৃতে ॥১৯৮॥

অনুবাদ—শ্রীহরি জাগরন করিলে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ও স্ত্রীগণ, হীনবর্ণ, অন্ত্যজ, রাক্ষস, দৈত্য, দানব সকলেই শ্রীবিষ্ণুর পরমপদ প্রাপ্ত হন ॥ ১৯৮ ॥

টীকা—জাগরে ভবন্তি জাগরং কুর্ব্বন্তীত্যর্থঃ। হীনবর্ণাঃ সঙ্করজাতয়ঃ ॥ ১৯৮ ॥

অপ্রেরিতঃ স্বয়ং ভক্ত্যা গীতং নৃত্যং করোতি যঃ ।
জাগরে পদ্মনাভস্য স কিং নাকৃত মানবঃ ॥ ১৯৯ ॥

অনুবাদ—যে মানব অন্যের দ্বারা প্রেরিত না হইয়া স্বয়ং ভক্তিসহ পদ্মনাভ শ্রীহরির জাগরণে নৃত্যগীত করেন, তিনি কি না করিলেন? অর্থাৎ তাঁহার কোন কৃত্য অবশিষ্ট নাই ॥ ১৯৯ ॥

টীকা—স কিং নাকৃত? অপি তু সর্ব্বমেব কৃত্যমকরোদিত্যর্থঃ ॥ ১৯৯ ॥

যো নৃত্যতি প্রহৃষ্টাত্মা কৃত্বা বৈ করতাড়নম্ ।
গীতং কুর্ব্বন্ মুখেনাপি দর্শয়ন্
কৌতুকান্ বহূন্ ॥ ২০০ ॥
পুরতো বাসুদেবস্য রাত্রৌ জাগরণে স্থিতঃ ।
পঠন্ কৃষ্ণচরিত্রাণি রঞ্জয়ন্ দেবি বৈষ্ণবান্ ॥২০১॥
মুখেন কুরুতে বাদ্যং সংপ্রহৃষ্টতনূরুহঃ ।
দর্শয়ন্ বিবিধান্ নৃত্যান্
স্বেচ্ছালাপাংশ্চ কুর্ব্বতি ॥ ২০২ ॥

অনুবাদ—যিনি করতালি দিয়া আনন্দমনে নৃত্য করেন, বহু কৌতুক দেখাইয়া মুখে গান করেন। হে দেবি! শ্রীকৃষ্ণের সম্মুখে নিশিজাগরণে থাকিয়া বৈষ্ণবগণকে রঞ্জিত করেন, কৃষ্ণ চরিত্রসমূহ পাঠ করিয়া পুলকিত দেহ হইয়া মুখবাদ্য করেন, বিবিধ নৃত্য দেখাইয়া স্বেচ্ছানুসারে আলাপও করেন ॥ ২০০-২০২ ॥

ভাবৈরেতৈর্নরো যস্তু কুরুতে জাগরং হরেঃ ।
নিমিষে নিমিষে পুণ্যং তীর্থকোটিসমং স্মৃতম্ ॥২০৩

অনুবাদ—যে মানব এই সকল ভাব প্রদর্শন পূর্ব্বক শ্রীহরি জাগরণ করেন, তাঁহার নিমেষে নিমেষে তীর্থকোটি স্নান বা দর্শন সম পুণ্য হয় ॥ ২০৩ ॥

অবিগ্নমনসা যস্তু ধূপং নীরাজনং হরেঃ ।
কুরুতে জাগরে রাত্রৌ সপ্তদ্বীপাধিপো ভবেৎ ॥২০৪॥

অনুবাদ—যিনি অনুদ্বিগ্নমনে শ্রীহরির নিশি-জাগরণে ধূপ দান ও নীরাজন, করেন তিনি সপ্তদ্বীপা-ধিপতি হন ॥ ২০৪ ॥

টীকা—কুর্ব্বতি করোতি, অবিগ্নেন অনুদ্বিগ্নেন মনসা ॥ ২০২-২০৪ ॥

কিঞ্চ—
অভাবে কৃষ্ণধিষ্ণ্যস্য গত্বা মন্মন্দিরং শিবে ।
কার্য্যং জাগরণং রাত্রৌ বিদ্ধি মাং মাধবপ্রিয়ম্ ॥২০৫

অনুবাদ—আরও—হে শিবে! শ্রীমন্দির না থাকিলে আমার মন্দিরে অর্থাৎ শিবমন্দিরে গিয়া রাত্রিতে জাগরণ কর্ত্তব্য, আমাকে মাধবপ্রিয় জানিও ॥ ২০৫ ॥

অভাবে মম ধিষ্ণ্যস্য গত্বা তু রবি-মন্দিরম্।
কার্য্যং জাগরণং রাত্রৌ যথা বিষ্ণুস্তথা রবিঃ ॥২০৬॥

অনুবাদ—শিবমন্দির অভাবে সূর্য্য মন্দিরে গিয়া জাগরণ কর্ত্তব্য, যেমন বিষ্ণু তেমন সূর্য্য ॥ ২০৬ ॥

তদভাবে বিনা গ্রামমরণ্যেকাদশী যদি।
তদাকাশে সুরেশানি বিষ্ণোস্ত্রীণি পদানি বৈ।
দৃষ্ট্বা দেবি প্রকর্ত্তব্যং জাগরং চক্রপানিনঃ ॥ ২০৭॥

অনুবাদ—সূর্য্যমন্দির অভাবে গ্রাম ব্যতীত অরণ্য মধ্যে যদি একাদশী প্রাপ্ত হয়, হে দেবি সুরেশানি তখন আকাশে শ্রীবিষ্ণুর ত্রিপদচিহ্ন শ্রবণা নক্ষত্র দর্শন করিয়া হরিজাগরণ কর্ত্তব্য ॥ ২০৭ ॥

টীকা—অধুনা বর্ষাদৌ মুখ্যাভাবে জাগরণ-স্থানমাহ—অভাব ইতি সপ্তভিঃ। অরণ্যে যদি একাদশী স্যাৎ। সঙ্কিরার্ষঃ ॥ ২০৫-২০৭ ॥

অথবা প্রতিমা বিষ্ণোঃ শালগ্রামশিলাঽথবা।
তিষ্ঠতে যদি দেবেশি কার্য্যস্তত্র প্রজাগরঃ ॥ ২০৮ ॥

অনুবাদ—অথবা হে দেবেশি! বিষ্ণুর চলা প্রতিমা বা শালগ্রামশিলা যদি অবস্থান করেন, সে স্থানে জাগরণ কর্ত্তব্য ॥ ২০৮ ॥

টীকা—প্রতিমা চলা ॥ ২০৮ ॥

মেঘসংছাদিতে ব্যোম্নি বিষ্ণোস্ত্রীণি পদানি চ।
অদৃষ্ট্বা বোধিমূলে তু কার্য্যং জাগরণং হরেঃ ॥২০৯॥

অনুবাদ—মেঘাচ্ছাদিত আকাশে শ্রীবিষ্ণুপদ দর্শন না হইলে অশ্বত্থমূলে হরিজাগরণ কর্ত্তব্য ॥ ২০৯ ॥

টীকা—বোধিঃ—অশ্বত্থবৃক্ষঃ ॥ ২০৯ ॥

ধাত্রীমূলেঽথবা গৌরি তুলসীবনপার্শ্বতঃ।
যত্র বা তত্র বা কার্য্যং তীর্থে বা নিম্নগা-জলে ॥২১০

অনুবাদ—অথবা, হে গৌরি! ধাত্রীমূলে, অথবা তুলসীবন পার্শ্বে অথবা তীর্থে কিংবা নদীজলে, অথবা যত্র তত্র জাগরণ কর্ত্তব্য ॥ ২১০ ॥

সর্ব্বাভাবে মহাদেবি বৈষ্ণবস্য চ সন্নিধৌ।
কর্ত্তব্যং জাগরং বিষ্ণোর্মানসীং ভক্তিমাস্থিতৈঃ ॥২১১

অনুবাদ—হে মহাদেবি! ঐ সকলের অভাবে স্মরণাঙ্গভক্তি আশ্রয়ে বৈষ্ণবের নিকট হরিজাগরণ কর্ত্তব্য ॥ ২১১ ॥

বিনা জাগরণং গৌরি বিষ্ণোর্দিনফলং ন হি।
নাস্মাকং ভবতি প্রীতির্ব্রহ্মাদীনাং দিবৌকসাম্ ॥ ২১২ ॥

অনুবাদ—হে গৌরি! জাগরণ ব্যতীত শ্রীহরি-বাসরের ফল পাওয়া যায় না, আর ব্রহ্মাদিদেবগণের ও আমার প্রীতি হয় না ॥ ২১২ ॥

যজ্ঞানামপি সর্ব্বেষাং মহাযজ্ঞঃ স কথ্যতে।
বাসরে বাসুদেবস্য যতো জাগরসংজ্ঞকঃ ॥ ২১৩ ॥

অনুবাদ—সর্ব্ববিধ যজ্ঞের মধ্যে শ্রীহরিবাসর-যজ্ঞই মহাযজ্ঞ নামে কথিত হয়, শ্রীকৃষ্ণের বাসরে যেহেতু জাগরণ করা হয় ॥ ২১৩ ॥

তস্মাজ্জাগরণং কার্য্যং ত্যক্ত্বা কার্য্যান্তরাণ্যপি ॥২১৪

অনুবাদ—অতএব অন্য সকল কার্য্য পরিত্যাগ করিয়া জাগরণ কর্ত্তব্য ॥ ২১৪ ॥

পাদ্মে দেবদূতবিকুণ্ডল-সংবাদে—
রাত্রৌ জাগরণং কৃত্বা সমুপাস্য জনার্দ্দনম্।
দশ বৈ পৈতৃকে পক্ষে মাতৃকে দশ পূর্ব্বজাঃ।
প্রিয়ায়া দশ যে বৈশ্য তানুদ্ধরতি নিশ্চিতম্ ॥২১৫॥

অনুবাদ—পদ্মপুরাণে দেবদূত-বিকুণ্ডল-সংবাদে —শ্রীহরিবাসরে নিশি জাগরণ করিয়া ভগবৎ অর্চ্চন করিলে পিতৃকুলে, মাতৃকুলে ও শ্বশুরকুলে দশ দশ পূর্ব্বপুরুষকে উদ্ধার করা হয় ॥ ২১৫ ॥

শ্রীমার্কণ্ডেয়পুরাণে—

ধ্যানধ্যেয়বিহীনস্য সংজ্ঞাতীতস্য ভূপতে ।
কর্ম্মভ্রষ্টস্য কথিতো মোক্ষস্তু হরিজাগরে ॥ ২১৬ ॥

অনুবাদ—শ্রীমার্কণ্ডেয়পুরাণে—হে মহীপতে ! শ্রীহরিবাসরে নিশিজাগরণে ধ্যান, ধ্যেয়, জ্ঞানহীন এবং কর্ম্মভ্রষ্ট ব্যক্তিরও মোক্ষ হয়—বলা হইয়াছে ॥২১৬

প্রহলাদসংহিতায়াং প্রহলাদোক্তৌ—

যানি কানি চ পাপানি ব্রহ্মহত্যাদিকানি চ ।
কৃষ্ণজাগরণে তানি বিলয়ং যান্তি খণ্ডশঃ ॥ ২১৭ ॥

অনুবাদ—প্রহলাদ-সংহিতাতে শ্রীপ্রহলাদের উক্তিতে—এই সংসারে ব্রহ্মহত্যাদি যে সকল পাপ আছে, সেই সকল পাপ শ্রীকৃষ্ণ জাগরণে খণ্ড খণ্ড হইয়া বিনাশ প্রাপ্ত হয় ॥ ২১৭ ॥

একতঃ ক্রতবঃ সর্ব্বে সমাপ্তবরদক্ষিণাঃ ।
একতো দেবদেবস্য জাগরঃ কৃষ্ণবল্লভঃ ।
ন সমং কবয়ঃ প্রাহুরধিকঃ কৃষ্ণজাগরঃ ॥ ২১৮ ॥

অনুবাদ—উত্তম দক্ষিণাসহ সম্পাদিত সর্ব্ববিধ যজ্ঞ একদিকে, তুলাদণ্ডের অন্য দিকে দেবদেব শ্রীকৃষ্ণের প্রিয় জাগরণ সমান হয় না, জাগরণ অধিক হয়—ইহা সুধী ভক্তগণ বলেন ॥ ২১৮ ॥

তত্র ব্রহ্মা চ রুদ্রশ্চ শক্রাদ্যা দেবতাগণাঃ ।
নিত্যমেব সমায়ান্তি জাগরে কৃষ্ণবল্লভে ॥ ২১৯ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণপ্রিয় নিশিজাগরণে ব্রহ্মা, শিব ও ইন্দ্রাদিদেবগণ নিত্য আগমন করেন ॥ ২১৯ ॥

ঋষয়ো নারদাদ্যাস্তু ব্যাসাদ্যা মুনয়স্তথা ।
অহঞ্চ তত্র গচ্ছামি কৃষ্ণপূজারতঃ সদা ॥ ২২০ ॥

অনুবাদ—শ্রীনারদাদি ঋষিগণ, ব্যাসাদি মুনিগণ ও আমি প্রহলাদ সর্ব্বদা হরিপূজারত হইয়াও জাগরণে গমন করি ॥ ২২০ ॥

টীকা—অহং—প্রহলাদঃ ॥ ২২০ ॥

তত্র কাশী পুষ্করঞ্চ প্রয়াগো নৈমিষং গয়া ।
শালগ্রামমহাক্ষেত্রমর্ব্বুদারণ্যমেব চ ॥ ২২১ ॥
সুপুণ্যা মথুরা তত্র সর্ব্বতীর্থানি চৈব হি ।
যজ্ঞা দেবাশ্চ চত্বারো ব্রজন্তি হরিজাগরম্ ॥ ২২২ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণ জাগরণ স্থানে কাশী, পুষ্কর, প্রয়াগ, নৈমিষারণ্য, গয়া, শালগ্রাম মহাক্ষেত্র, অর্ব্বুদারণ্য, সুপুণ্যা, মথুরাপুরী এবং সর্ব্বতীর্থ, যজ্ঞসমূহ, চারিবেদ গমন করেন ॥ ২২১-২২২ ॥

গঙ্গা সরস্বতী রেবা যমুনা বৈ শতদ্রুকা ।
চন্দ্রভাগা বিতস্তা চ নদ্যঃ সর্ব্বাস্তু তত্র বৈ ॥ ২২৩ ॥

অনুবাদ—গঙ্গা, সরস্বতী, রেবা, যমুনা, শতদ্রু, চন্দ্রভাগা, তিস্তা প্রভৃতি নদী সকল জাগরণে গমন করেন ॥ ২২৩ ॥

সরাংসি চ হ্রদাঃ সর্ব্বে সমুদ্রাঃ সর্ব্ব এব হি ।
একাদশ্যাং দ্বিজশ্রেষ্ঠ গচ্ছন্তে কৃষ্ণজাগরম্ ॥ ২২৪ ॥

অনুবাদ—হে দ্বিজশ্রেষ্ঠ ! পুণ্যজলা সরোবরসমূহ, হ্রদগণ, সমুদ্র সকল একাদশীতে শ্রীকৃষ্ণজাগরণে গমন করেন ॥ ২২৪ ॥

স্পৃহণীয়া হি দেবানাং যে নরাঃ কৃষ্ণজাগরে ।
নৃত্যন্তি গীতং কুর্ব্বন্তি বীণাবাদ্য-প্রহর্ষিতাঃ ॥
ইতি ॥ ২২৫ ॥

অনুবাদ—যে সকল ব্যক্তি শ্রীকৃষ্ণজাগরণে বীণা-বাদ্যে আনন্দিত হইয়া নৃত্য গীত করেন, তাহারা দেবগণের প্রার্থনীয় ॥ ২২৫ ॥

জন্মাষ্টমী-প্রবোধন্যাদিকেহন্যচ্চ মহোৎসবে ।
মাহাত্ম্যং জাগরস্যাগ্রে লেখ্যং তত্তৎপ্রসঙ্গতঃ ।।২২৬।।

অনুবাদ—জন্মাষ্টমী, উত্থান একাদশী এবং অন্যান্য মহোৎসবে জাগরণের মহিমা সেই সেই প্রসঙ্গে পরে লেখা হইবে ।। ২২৬ ।।

টীকা—এবমেকাদশীজাগরণমাহাত্ম্যং লিখিতম্; তর্হি কিং জন্মাষ্টম্যাদি-জাগরণমহিমা নাস্তি? তত্র লিখতি—জন্মেতি। আদি-শব্দেন শ্রীরামনবম্যাদি ।। ২২৬ ।।

———

ততঃ প্রভাতে ভগবদ্রাত্রিক্রীড়ারসাত্মিকাম্ ।
কৌশিকীং প্রমুদা গায়েচ্ছ্রীকৃষ্ণপরিতোষণীম্ ।।২২৭

অনুবাদ—অনন্তর প্রভাতে শ্রীকৃষ্ণের রাত্রিলীলা রাসাদি গীতি জাগরণ শেষে শ্রীকৃষ্ণপ্রীতির জন্য মধুররসের রাগিণীতে সানন্দে গান করিবে ।। ২২৭ ।।

টীকা—কৌশিকী শৃঙ্গাররসপ্রধানগীতবৃত্তি-বিশেষস্তাম্, অতএব ভগবতো রাত্রৌ যা ক্রীড়া রাসাদিস্তদ্রসাত্মিকাম্। যথা শ্রীগীতগোবিন্দে।—'রজনি-জনিতগুরুজাগর'-ইত্যাদি। অতএব শ্রীকৃষ্ণস্য পরমরসিক-শিরোমণেঃ পরিতোষণীম্ ।। ২২৭ ।।

———

তথা চ স্কান্দে—
প্রভাতে কৌশিকীং যস্তু প্রগায়েজ্জাগরে হরেঃ ।
স সমুদ্ধরতে সর্ব্বান্ শ্বপচান্ ব্রাহ্মণো যথা ।।
ইতি ।। ২২৮ ।।

অনুবাদ—তাহাই স্কন্দপুরাণে লিখিত আছে—যিনি প্রভাতে হরি জাগরণের শেষে কৌশিকী—শৃঙ্গার রসাত্মিকা গীতি কীর্ত্তন করেন তিনি সকলকে উদ্ধার করেন যেমন ব্রাহ্মণ চণ্ডালগণকে উদ্ধার করেন ।। ২২৮ ।।

———

অথ পারণদিনকৃত্যম্

মঙ্গলারাত্রিকং কৃত্বাভ্যর্চ্চ্য প্রস্থাপ্য বৈষ্ণবান্ ।
প্রাতঃ পূজাঞ্চ নিষ্পাদ্য কৃষ্ণে তৎ সর্ব্বমর্পয়েৎ ।।২২৯

অনুবাদ—অথ পারণদিনকৃত্য—মঙ্গলারাত্রিক করিয়া বৈষ্ণবগণকে মহাপ্রসাদাদি দ্বারা পরিতৃপ্ত করিয়া বিদায় দিয়া প্রাতঃকালীন পূজা সমাপনপূর্ব্বক পূজাদির ফল শ্রীকৃষ্ণে সমর্পণ করিবে ।। ২২৯ ।।

টীকা—অভ্যর্চ্চ্য মহাপ্রসাদাদিনা সম্মান্য, প্রস্থাপ্য চ স্বস্বগৃহং, তৎ উপবাসাদিকম্, কেচিচ্চ পারণানন্তরমেব সমর্পণমিচ্ছন্তি ।। ২২৯ ।।

———

তদুক্তং কাত্যায়নেন—
প্রাতঃ স্নাত্বা হরিং পূজ্য উপবাসং সমর্পয়েৎ ।
পারণন্তু ততঃ কুর্য্যাৎ ব্রতসিদ্ধৌ হরিং স্মরন্ ।।২৩০

অনুবাদ—তাহাই কাত্যায়ন ঋষি বলিতেছেন—প্রাতঃস্নানান্তে শ্রীহরির অর্চ্চন পূর্ব্বক উপবাস ফল শ্রীকৃষ্ণচরণে সমর্পণ করিবে। অতঃপর শ্রীহরিস্মরণ পূর্ব্বক ব্রত সিদ্ধির নিমিত্ত পারণ করিবে ।। ২৩০ ।।

———

অথ তত্র সমর্পণমন্ত্রঃ

অজ্ঞানতিমিরান্ধস্য ব্রতেনানেন কেশব ।
প্রসীদ সুমুখো নাথ জ্ঞানদৃষ্টিপ্রদো ভব ।।
ইতি ।। ২৩১ ।।

অনুবাদ—অথ ব্রত সমর্পণমন্ত্র—হে কেশব! অজ্ঞানান্ধ আমার এই ব্রতদ্বারা প্রসন্ন হও, আপনি সুমুখ হইয়া হে নাথ জ্ঞান দৃষ্টি প্রদান করুন ।।২৩১

———

তত্র স্নানোপচারন্তু প্রাতর্নৈব সমাচরেৎ ।
প্রামাণিকানাং কেষাঞ্চিদ্বৈষ্ণবানামিদং মতম্ ।।২৩২

অনুবাদ—দ্বাদশীতে দিবাভাগে শ্রীভগবানকে স্নানদ্রব্য দিবে না, প্রাচীন বৈষ্ণবস্মৃতি নৃসিংহ পরিচর্য্যাকর শ্রীকৃষ্ণ দেবাচর্য্যাদির এইমত—আমাদেরও পালনীয় ।। ২৩২ ।।

টীকা—তত্র দ্বাদশ্যাং, ভগবৎপূজায়াং প্রামাণিকানাং শ্রীকৃষ্ণদেবাচার্য্যাদীনামিত্যনেন তেষাং মতং পালনীয়মিত্যভিপ্রেতম্। কেষাঞ্চিদিত্যনেনসর্ব্বেষামিতি সূচিতং, শ্রীবৈষ্ণবাদীনাং তাদৃশাচারাদর্শনাৎ ।। ২৩২ ।।

———

অথ তত্র শ্রীভগবতঃ প্রাতরস্নপনম্

পাদ্মে ব্রতখণ্ডে—

জন্মপ্রভৃতি যৎকিঞ্চিৎ সুকৃতং সমুপার্জ্জিতম্ ।
নশ্যতি দ্বাদশীদিনে হরেনির্ম্মাল্যলঙ্ঘনাৎ ॥ ২৩৩ ॥

অনুবাদ—অনন্তর দ্বাদশীতে দিবাভাগে শ্রীভগবানের স্নান নিষেধ বিষয়ে প্রমাণ, পদ্মপুরাণে ব্রতখণ্ডে —জন্মকাল হইতে উপার্জ্জিত পুণ্য সকল দ্বাদশীদিনে শ্রীহরির নির্ম্মাল্য উঠাইলে বিনষ্ট হয় ॥ ২৩৩ ॥

টীকা—তন্মতমেব প্রমাণয়তি—জন্মেতি। নির্ম্মাল্যস্য লঙ্ঘনাৎ অতিক্রমাৎ উত্তারণাদিত্যর্থঃ। ন চ পক্ষ্যাং যল্লঙ্ঘনং তস্মাদিত্যর্থঃ, তস্য সর্ব্বদা সর্ব্বদেবসম্বন্ধিনোহপি নিষিদ্ধত্বেন দ্বাদশী হরিপদয়োর্বৈয়র্থ্যাপত্তেঃ, অতএব দ্বাদশ্যাং বর্জ্জনীয়মধ্যে স্কান্দাদৌ নির্ম্মাল্য-লঙ্ঘনমপ্যুক্তম্। তচ্চাগ্রে নিয়মেষু লেখ্যং, লিখিতঞ্চ পূর্ব্বং পক্ষকৃত্যবিধৌ; সময়েষু মধ্যে দ্বাদশ্যাং নিষিদ্ধেষু তত্র বিষ্ণোর্দিবা ন স্নানমিতি ॥ ২৩৩ ॥

ত্রৈলোক্যমোহন-পঞ্চরাত্রে চ—

স্নানং ন হরয়ে দদ্যাদ্দ্বাদশ্যাং বৈষ্ণবো দিবা ।
পক্ষপূজাফলং সর্ব্বং বাষ্কলায়োপগচ্ছতি ॥
ইতি ॥ ২৩৪ ॥

অনুবাদ—ত্রৈলোক্যমোহন পঞ্চরাত্রেও—দিবাভাগে দ্বাদশীতে বৈষ্ণব শ্রীহরিকে স্নানীয় উপাচার দিবে না, দ্বাদশীতে শ্রীহরিকে স্নান করাইলে এক পক্ষকালের পূজাফল সমূহ বাষ্কল দৈত্য প্রাপ্ত হয় ॥ ২৩৪ ॥

টীকা—এতদেব পঞ্চরাত্রবচনেন সাধয়তি—স্নানমিতি ॥ ২৩৪ ॥

অতো দিবা নিষিদ্ধত্বাদ্ব্রজন্যাং স্নাপয়েৎ প্রভুম্ ।
পবিত্রদমনদ্বাদশ্যুৎসবে তু ন নিশ্যপি ॥ ২৩৫ ॥

অনুবাদ—অতএব দিবাভাগে শ্রীহরির স্নান নিষিদ্ধহেতু গ্রীষ্মকালে রাত্রিতে প্রভুকে স্নান করাইবে। কিন্তু পবিত্রারোপণ দ্বাদশীতে এবং দমনকারোপণ দ্বাদশীতে উৎসবে রাত্রিতেও স্নান করাইবে না ॥২৩৫

টীকা—পবিত্রারোপণ-দমনকারোপণদ্বাদশ্যোরুৎসবে তু রাত্রাবপি ন স্নাপয়েৎ। এতদপি কেষাঞ্চিদেব প্রামাণিকানাং মতম্ ॥ ২৩৫ ॥

নিত্যকৃত্যং সমাপ্যাথ শক্ত্যা বিপ্রাংশ্চ ভোজয়েৎ ।
কুর্ব্বীত দ্বাদশীমধ্যে তুলসীং প্রাশ্য পারণম্ ॥২৩৬॥

অনুবাদ—জপাদি নিত্যকর্ম্ম সমাপন করিয়া সামর্থ্য থাকিলে ব্রাহ্মণগণকে ভোজন দিয়া দ্বাদশী মধ্যে শ্রীচরণ তুলসী সেবা করিয়া পারণ করিবে ॥ ২৩৬ ॥

টীকা—নিত্যকৃত্যং বৈশ্বদেবাদিকং জপাদিকং বা। তুলসীং প্রাশ্যেতি তুলসীপ্রাশনপূর্ব্বং ভোজনং কুর্য্যাদিত্যর্থঃ। যদ্যপি 'নৈবেদ্যশেষং তুলসীবিমিশ্রম্' ইত্যাদিনা সদা তুলসীযুক্তমেব ভোজনং বিহিতমস্তি, তথাপি পারণে বিশেষতোহবশ্যমেবেতি জ্ঞেয়ম্ ॥২৩৬॥

তথা চ স্কান্দে—

কৃত্বা চৈবোপবাসন্তু যোহশ্নাতি দ্বাদশীদিনে ।
নৈবেদ্যং তুলসীমিশ্রং পাপকোটিবিনাশনম্ ॥২৩৭॥

অনুবাদ—প্রমাণ স্কন্দপুরাণে—একাদশীতে উপবাস করিয়া যে ব্যক্তি দ্বাদশী দিনে শ্রীহরির প্রসাদ নৈবেদ্য তুলসী মিশ্রিত করিয়া ভোজন করে, তাহাতে কোটি সংখ্যক পাপ বিনষ্ট হয় ॥ ২৩৭ ॥

টীকা—তদেব স্কন্দপুরাণোক্ত্যাভিব্যঞ্জয়তি—কৃত্বেতি ॥ ২৩৭ ॥

অথ পারণে দ্বাদশ্যপেক্ষণম্

যত উক্তং পাদ্মে—

মহাহানিকরী হোষা দ্বাদশী লঙ্ঘিতা নৃণাম্ ।
করোতি ধর্ম্মহরণমস্নাতেব সরস্বতী ॥ ২৩৮ ॥

অনুবাদ—অনন্তর পারণকালে দ্বাদশী থাকা প্রয়োজন, যেহেতু পদ্মপুরাণে উক্ত হইয়াছে—পারণকালে দ্বাদশী না থাকা মনুষ্যগণের মহা অনিষ্টকরী, স্নান না করিয়া সরস্বতী নদী পার হইলে যেমন ধর্ম্ম নষ্ট হয়, তদ্রূপ দ্বাদশী লঙ্ঘনে ধর্ম্ম নষ্ট হয় ॥২৩৮

টীকা—লঙ্ঘিতা পারণায়ামতিক্রান্তা। অস্নাতা সরস্বতীবেতি—গঙ্গাদ্যাস্বন্যা নদীরুত্তীর্য্য পরে পারে স্নানং কার্য্যং, সরস্বত্যান্তু প্রথমং স্নাত্বৈব পরং পারং গন্তব্যমিতি বিধেঃ স্নানমকৃত্বোল্লঙ্ঘিতা সরস্বতী যথা ধর্ম্মহরণং করোতি, তদ্বদিত্যর্থঃ ॥ ২৩৮ ॥

স্কান্দে—

পারণাহনি সম্প্রাপ্তে দ্বাদশীং যো ব্যতিক্রমেৎ।
ত্রয়োদশ্যান্তু ভুঞ্জানঃ শতজন্মানি নারকী ॥ ২৩৯ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে—পারণ দিনে যে ব্যক্তি দ্বাদশী লঙ্ঘন করে এবং ত্রয়োদশীতে পারণ করে সে ব্যক্তি শতজন্ম নরক ভোগ করে ॥ ২৩৯ ॥

তত্রৈব শ্রীমার্কণ্ডেয়ভগীরথ সংবাদে—

যো হি ভাগবতো ভূত্বা দ্বাদশীং ন হি সাধয়েৎ।
কৃতস্য পূর্ব্বপুণ্যস্য দত্তস্তেন বিভাবসুঃ ॥ ২৪০ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীমার্কণ্ডেয় ভগীরথ-সংবাদে—যে ব্যক্তি ভগবদ্ভক্ত হইয়া দ্বাদশীর সম্মান না দেয়, সেই ব্যক্তি পূর্ব্বকৃত পুণ্যকে অগ্নিতে নিক্ষেপ করে ॥ ২৪০ ॥

কৌর্ম্মে—

একাদশ্যামুপোষ্যৈব দ্বাদশ্যাং পারণং স্মৃতম্।
ত্রয়োদশ্যাং ন তৎ কুর্য্যাৎ দ্বাদশদ্বাদশীক্ষয়াৎ ॥২৪১॥

অনুবাদ—কূর্ম্মপুরাণে—একাদশীতে উপবাস করিয়া দ্বাদশীতে পারণ করা বিধি, ত্রয়োদশীতে পারণ করিবে না, কারণ তাহাতে দ্বাদশটি দ্বাদশী-ব্রতের ফল ক্ষয় হয় ॥ ২৪১ ॥

টীকা—দ্বাদশদ্বাদশীক্ষয়াদিতি দ্বাদশদ্বাদশীষু কৃতং পুণ্যং ক্ষীয়ত ইতিহেতোরিত্যর্থঃ ॥ ২৪১ ॥

কিঞ্চ—

কলাদ্বয়ং ত্রয়ং বাপি দ্বাদশীং ন ত্বতিক্রমেৎ।
অতিক্রান্তা দ্বাদশী তু হন্তি পুণ্যং পুরাকৃতম্ ॥২৪২॥

অনুবাদ—আরও—দুই বা তিন কলা দ্বাদশীও অতিক্রম করিবে না, কারণ ঐ অতি অল্প দ্বাদশীও পূর্ব্বকৃত পুণ্য বিনাশ করে ॥ ২৪২ ॥

ভবিষ্যে—

যো দ্বাদশীমতিক্রম্য পারণং কুরুতে নরঃ।
দ্বাদশাব্দকৃতং তস্য তৎক্ষণাদেব নশ্যতি ॥ ২৪৩ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—যে ব্যক্তি দ্বাদশী অতিক্রম করিয়া পারণ করে, তাহার দ্বাদশবর্ষকৃত পুণ্য তৎক্ষণাৎ নষ্ট হয় ॥ ২৪০ ॥

দেবীরহস্যে—

দ্বাদশীং সমতিক্রম্য পারণং যঃ করোতি হি।
স্নানদানাদিকং সর্ব্বং নিষ্ফলং তস্য জায়তে ॥২৪৪॥

অনুবাদ—দেবীরহস্যে—যে মানব দ্বাদশী অতিক্রম করিয়া পারণ করে, তাহার স্নানদানাদির সকল ফল ব্যর্থ হয় ॥ ২৪৪ ॥

অল্পা চেদ্দ্বাদশী কুর্য্যান্নিত্যকর্ম্মারুণোদয়ে।
অত্যল্পা চেন্নিশীথোর্দ্ধমামধ্যাহ্নিকমেব তৎ ॥২৪৫॥

অনুবাদ—যদি অল্প দ্বাদশী পরদিনে থাকে তবে অরুণোদয়কালে নিত্যকর্ম্ম করিবে, অতিঅল্প দ্বাদশী থাকিলে মধ্য রাত্রির পূর্ব্ব হইতে আরম্ভ করিয়া মধ্যাহ্ন কাল পর্য্যন্ত কৃত্য নিত্যকর্ম্ম সমাপন করিবে ॥ ২৪৫ ॥

টীকা—অরুণোদয়ে নিত্যকর্ম্ম কুর্য্যাৎ, আমধ্যাহ্নিকং মধ্যাহ্নকৃত্যপর্য্যন্তং তন্নিত্যকর্ম্ম নিশীথাদূর্দ্ধমর্দ্ধরাত্রোপর্য্যেব কুর্য্যাৎ। আমধ্যাহ্নিকমিত্যেতৎ পূর্ব্বমপি দ্রষ্টব্যম্ ॥ ২৪৫ ॥

অথ দ্বাদশ্যল্পত্বে কৃত্যসমাধানম্

ভবিষ্যে—

স্বল্পায়ামথ ভূপাল দ্বাদশ্যামরুণোদয়ে।
স্নানার্চ্চনক্রিয়াঃ কার্য্যা দানহোমাদি-সংযুতাঃ ॥২৪৬

অনুবাদ—পারণ দিনে দ্বাদশী অল্প থাকিলে নিত্যকর্ম্ম সমাধান, ভবিষ্যপুরাণে—হে মহীপাল! পারণ দিনে অতি অল্প দ্বাদশী থাকিলে অরুণোদয়কাল মধ্যে দান হোমাদিযুক্ত স্নান অর্চ্চনাদি ক্রিয়া করিবে ॥ ২৪৬ ॥

পাদ্মে—

যদা ভবতি স্বল্পা হি দ্বাদশী পারণে দিনে।
উষঃকালে দ্বয়ং কুর্য্যাৎ প্রাতর্মাধ্যাহ্নিকং তথা ॥২৪৭

অনুবাদ—পদ্মপুরাণে—যখন পারণ দিনে দ্বাদশী অতি অল্প থাকে তখন উষাকালে প্রাতঃকৃত্য ও মধ্যাহ্নকৃত্য দুইই করিবে ॥ ২৪৭ ॥

তথা নারদীয়ে—

অল্পায়ামথ বিপ্রেন্দ্র দ্বাদশ্যামরুণোদয়ে।
স্নানার্চ্চনক্রিয়াঃ কার্য্যা দানহোমাদি-সংযুতাঃ ॥২৪৮

অনুবাদ—সেইরূপ নারদীয়পুরাণে—হে বিপ্রবর! দ্বাদশী যদি পারণ দিনে অল্প থাকে, দান হোমাদি-যুক্ত স্নান অর্চ্চন কার্য্য অরুণোদয়ে কর্ত্তব্য ॥ ২৪৮ ॥

দেবলোক্তৌ, অতএবোক্তং সারদাপুরাণে—

দিনকর্ম্মদিনে সর্ব্বং কর্ত্তব্যং যদি তদ্দিনে।
নৈব সিদ্ধিমবাপ্নোতি তদা রাত্রৌ বিধীয়তে ॥
ইতি ॥ ২৪৯ ॥

অনুবাদ—দেবলঋষির উক্তিতে এবং সারদা-পুরাণে—দিনমানের সকল কর্ত্তব্য দিবাভাগেই কর-ণীয়, যদি সেই দিনে সমাপন না হয়, তখন রাত্রিতে করার বিধান আছে ॥ ২৪৯ ॥

অথ সঙ্কটে পারণসমাধানম্

স্কান্দে—

কলার্দ্ধাং দ্বাদশীং দৃষ্ট্বা নিশীথাদূর্দ্ধমেব হি।
আমধ্যাহ্নাঃ ক্রিয়াঃ সর্ব্বাঃ কর্ত্তব্যাঃ
শম্ভুশাসনাৎ ॥ ২৫০ ॥

অনুবাদ—অনন্তর সঙ্কটকালে পারণ সমাধান, স্কন্দপুরাণে—পারণ দিনে এক কলার অর্দ্ধ পরিমাণ দ্বাদশী আছে দেখিয়া মধ্যরাত্রির পূর্ব্ব হইতে মধ্যাহ্ন-কালীন পর্য্যন্ত করণীয় সেবাসমূহ করিতে থাকিবে, ইহা মহাদেবের উপদেশ ॥ ২৫০ ॥

টীকা—অরুণোদয়ে নিত্যকর্ম্মাচরণে ভবিষ্য-পুরাণাদিবচনানি প্রমাণত্বেন লিখিত্বা অত্যল্পায়াং নিশীথাদূর্দ্ধমেব তৎকরণে স্কন্দপুরাণাদিবচনানি প্রমাণয়তি—কলার্দ্ধমিতি, আমধ্যাহ্নাঃ মধ্যাহ্নাবধি যাঃ ক্রিয়াঃ কৃত্যানি তাঃ সর্ব্বাঃ ॥ ২৫০ ॥

অশক্ত্যা সঙ্কটে প্রাপ্তে পারণং বারিণা চরেৎ।
তদ্ধি নৈবাশিতং নৈবানশিতঞ্চ বিদুর্বুধাঃ ॥ ২৫১ ॥

অনুবাদ—তাহাতেও অশক্ত হইলে সঙ্কটকালে জলপান দ্বারা পারণ করিবে, জল পানকে অভিজ্ঞগণ ভোজন ও অভোজন উভয়ই বলেন ॥ ২৫১ ॥

টীকা—তৎ বারিণা পারণমশিতং ভুক্তমিতি ন বিদুর্মুনয়ঃ ইতি। পশ্চাদ্ভোজনেঽপি দ্বির্ভোজনদোষ-পরিহারঃ। 'অনশিতঞ্চ ন বিদুঃ' ইত্যনেন দ্বাদশী-লঙ্ঘনদোষপরিহারঃ ॥ ২৫১ ॥

অতএব তত্র—

কলাদ্বয়ং ত্রয়ং বাপি দ্বাদশী যদি দৃশ্যতে।
স্নানার্চ্চনাদিকং কর্ম্ম তদা রাত্রৌ বিধীয়তে ॥২৫২॥

অনুবাদ—অতএব ঐ স্কন্দপুরাণে—পারণ দিনে দুই বা তিন কলা দ্বাদশী যদি দৃষ্ট হয়, তখন রাত্রিতে স্নান-অর্চ্চনাদি কর্ম্মের বিধান আছে ॥ ২৫২ ॥

কালিকা-সারদাপুরাণয়োঃ—

স্বল্পৈব দ্বাদশী যত্র স্নানদানাদিকাঃ ক্রিয়াঃ।
রজন্যামেব কর্ত্তব্যা দানহোমাদিসংযুতাঃ ॥ ২৫৩ ॥

অনুবাদ—কালিকা ও সারদাপুরাণে—পারণ দিনে যখন অতিঅল্পই দ্বাদশী থাকে, তখন দান-হোমাদিযুক্ত স্নানদানাদি-কর্ম্ম রাত্রিতেই কর্ত্তব্য ॥২৫৩

সঙ্কটে বিষমে প্রাপ্তে দ্বাদশ্যাং পারয়েৎ কথম্ ।
অদ্ভিস্তু পারণং কুর্য্যাৎ পুনর্ভুক্তং ন দোষকৃৎ ॥২৫৪

অনুবাদ—দ্বাদশীতে বিষম সঙ্কট উপস্থিত হইলে কিভাবে পারণ কর্ত্তব্য ? জলদ্বারা পারণ করিবে, পুনরায় অন্নাদি ভোজন করিলে দোষ হইবে না ॥ ২৫৪ ॥

কাত্যায়নোক্তৌ চ—

মন্ত্রং জপিত্বা হরয়ে নিবেদ্যোপোষণং ব্রতী ।
অদ্ভিস্তু পারণং কুর্য্যাৎ সঙ্কটে বিষমে সতি ॥২৫৫॥

অনুবাদ—কাত্যায়ত ঋষির উক্তিতেও—মন্ত্রজপপূর্ব্বক শ্রীহরিচরণে উপবাস সমর্পণ করিয়া বিষম সঙ্কট উপস্থিত হইলে জলদ্বারা পারণ করিবে ॥২৫৫॥

কিঞ্চ—

সন্ধ্যাদিকং ভবেন্নিত্যং পারণন্তু নিমিত্ততঃ ।
অদ্ভিস্তু পারয়িত্বা তু কুর্য্যাৎ সন্ধ্যাদিকং পুনঃ ॥
ইতি ॥ ২৫৬ ॥

অনুবাদ—আরও— সন্ধ্যাবন্দনাদি প্রাতঃকৃত্য নিত্যকর্ম্ম, পারণ নৈমিত্তিক কর্ম্ম, অতএব দ্বাদশীমধ্যে জলদ্বারা পারণ করিয়া পুনরায় সন্ধ্যাবন্দনাদি কর্ত্তব্য ॥ ২৫৬ ॥ ইতি ।

দ্বাদশী পূর্ব্বপাদীয়স্তত্র চেদ্ধরিবাসরঃ ।
দ্বাদশ্যাধিক্যতস্তিষ্ঠেৎ পারণং তত্র নাচরেৎ ॥২৫৭॥

অনুবাদ—দ্বাদশীতিথির প্রথম পাদ (এক চতুর্থাংশ) শ্রীহরিবাসর নামে প্রসিদ্ধ । পারণ দিনে প্রাতে যদি ঐ প্রথম পাদ থাকে তাহার মধ্যে পারণ করিবে না, তাহা গত হইলে পারণ কর্ত্তব্য ॥ ২৫৭ ॥

টীকা—দ্বাদশ্যাঃ পূর্ব্বপাদসম্বন্ধী হরিবাসরঃ । তত্র পারণদিনে দ্বাদশ্যা আধিক্যতঃ বাহুল্যাৎ পঞ্চত্বারিংশদ্‌ঘটিকোপরি বৃদ্ধিশ্চেদ্‌যদি তিষ্ঠেৎ, তত্র হরিবাসরে পারণং নাচরেৎ ॥ ২৫৭ ॥

অথ হরিবাসরকালে পারণনিষেধঃ

বিষ্ণুধর্ম্মোত্তরে—

দ্বাদশ্যাঃ প্রথমঃ পাদো হরিবাসরসংজ্ঞকঃ ।
তমতিক্রম্য কুর্ব্বীত পারণং বিষ্ণুতৎপরঃ ॥ ২৫৮ ॥

অনুবাদ—অনন্তর হরিবাসরকালে পারণ নিষিদ্ধ, বিষ্ণুধর্ম্মোত্তরে --দ্বাদশীর প্রথম পাদ (প্রায় ১৫ দণ্ড= ৬ ঘণ্টা) 'হরিবাসর' নামে প্রসিদ্ধ । বিষ্ণুভক্তগণ ঐ হরিবাসর গত হইলে পর পারণ করিবেন ॥২৫৮॥

কৃচিচ্চ—

দ্বাদশ্যেকাদশী-যোগে বিখ্যাতো হরিবাসরঃ ।
একাদশ্যন্ত্যপাদশ্চ দ্বাদশ্যাঃ পূর্ব্ব এব হি ।
হরিবাসর ইত্যাহুর্ভোজনং ন সমাচরেৎ ॥ ২৫৯ ॥

অনুবাদ—কোথাও—দ্বাদশী ও একাদশীর যোগে হরিবাসর বিখ্যাত । একাদশীর শেষ চতুর্থাংশ ও দ্বাদশীর প্রথম চতুর্থাংশই 'হরিবাসর' বলা হয়, ঐ সময় ভোজন করিবে না ॥ ২৫৯ ॥

অথান্যেঽপি দ্বাদশীনিয়মাঃ

স্কান্দে—

ক্ষৌদ্রং মাংসং সুরাং তৈলং ব্যায়ামং ক্রোধমৈথুনে ।
পরান্নং কাংস্য তাম্বূলে লোভং নির্ম্মাল্যলঙ্ঘনম্ ।
দ্বাদশ্যাং দ্বাদশৈতানি বৈষ্ণবঃ পরিবর্জ্জয়েৎ ॥২৬০॥

অনুবাদ—অনন্তর দ্বাদশীর অন্য নিয়মসমূহ, স্কন্দপুরাণে—দ্বাদশীতে মধু, মাংস, মদ্য, তৈল, ব্যায়াম, ক্রোধ, মৈথুন, পরান্ন, কাংস্যপাত্র, তাম্বুল, লোভ, শ্রীবিগ্রহের অঙ্গের তুলসী উঠান—এই দ্বাদশটি বৈষ্ণব বর্জ্জন করিবেন ॥ ২৬০ ॥

টীকা—এবং দ্বাদশ্যাং পূজাদিনিয়মং লিখিত্বান্যানপি নিয়মান্ লিখতি—ক্ষৌদ্রমিতি ষড়্‌ভিঃ ॥২৬০

ব্রহ্মাণ্ডপুরাণে—

কাংস্যং মাংসং সুরাং ক্ষৌদ্রং লোভং বিতথভাষণম্ ।
ব্যায়ামঞ্চ প্রবাসঞ্চ দিবাস্বপ্নমথাঞ্জনম্ ॥ ২৬১ ॥

শিলাপিণ্টং মসূরঞ্চ দ্বাদশৈতানি বৈষ্ণবঃ।
দ্বাদশ্যাং বর্জ্জয়েন্নিত্যং সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥২৬২

অনুবাদ—ব্রহ্মাণ্ডপুরাণে—কাংস্যপাত্র, মাংস, মদ্য, মধু, লোভ, মিথ্যা ভাষণ, ব্যায়াম, প্রবাস, দিবা নিদ্রা, অঞ্জন, মসূর বৈষ্ণব এই দ্বাদশটী দ্বাদশীতে সর্ব্বদা বর্জ্জন করিলে সর্ব্বপাপ হইতে মুক্ত হন ॥ ২৬১-২৬২ ॥

বৃহস্পতিরপি
কাংস্যং মাংসং সুরাং দ্যূতং ব্যায়ামং ক্রোধমৈথুনম্।
হিংসামসত্যং লৌল্যঞ্চ তৈলং নির্ম্মাল্যলঙ্ঘনম্।
দ্বাদশ্যাং দ্বাদশৈতানি বৈষ্ণবঃ পরিবর্জ্জয়েৎ ॥২৬৩॥

অনুবাদ—বৃহস্পতিও বলিয়াছেন—কাংস্যপাত্র, মদ্য, দ্যূতক্রীড়া, ব্যায়াম, ক্রোধ, মৈথুন, হিংসা, অসত্য, লোভ, তৈল, নির্ম্মাল্য উঠান—বৈষ্ণব দ্বাদশীতে এই দ্বাদশটি পরিবর্জ্জন করিবেন ॥ ২৬৩ ॥

টীকা—অসত্যম্—অনৃতভাষণম্ ॥ ২৬৩ ॥

কৃচিচ্চ—
কাংস্যং মাংসং মসূরঞ্চ চরণং কোরদূষকম্।
রত্যৌষধপরান্নঞ্চ দ্বাদশ্যামষ্ট বর্জ্জয়েৎ ॥ ২৬৪ ॥

অনুবাদ—অন্যত্রও—কাংস্য, মাংস, মসূর, চণক, কোরদূষক (কেদো), মৈথুন, ঔষধ, পরান্ন—দ্বাদশীতে অষ্ট বর্জ্জন করিবে ॥ ২৬৪ ॥

অথোন্মীলনাদ্যষ্টমহাদ্বাদশীনাং বিশেষতো নিরূপণম্

ব্রহ্মবৈবর্ত্তে শ্রীসূতশৌনক সংবাদে—
উন্মীলনী ব্যঞ্জুলী চ ত্রিস্পৃশা পক্ষবর্দ্ধিনী।
জয়া চ বিজয়া চৈব জয়ন্তী পাপনাশিনী ॥ ২৬৫ ॥
দ্বাদশ্যোহষ্টৌ মহাপুণ্যাঃ সর্ব্বপাপহরা দ্বিজ।
তিথিযোগেন জায়ন্তে চতস্রশ্চাপরাস্তথা।
নক্ষত্রযোগাচ্চ বলাৎ পাপং প্রশময়ন্তি তাঃ ॥ ২৬৬॥

অনুবাদ—অনন্তর উন্মীলনী আদি অষ্টমহাদ্বাদশীর বিশেষভাবে নিরূপণ, ব্রহ্মবৈবর্ত্তে শ্রীসূতশৌনক-সংবাদে—উন্মীলনী, ব্যঞ্জুলী, ত্রিস্পৃশা, পক্ষবর্দ্ধিনী, জয়া, বিজয়া, জয়ন্তী, পাপনাশিনী ॥ এই অষ্ট মহাদ্বাদশী হে দ্বিজ! মহাপুণ্যা ও সর্ব্বপাপহরা। প্রথম চারিটি তিথি যোগে হয়। সেইরূপ জয়াদি চারিটি নক্ষত্রযোগে হয়, ঐগুলি বলপূর্ব্বক পাপ বিনষ্ট করে ॥ ২৬৫-২৬৬ ॥

টীকা—উন্মীলনী তথা ব্যঞ্জুলীত্যত্র ব্যঞ্জুলীতি কৃচিৎ পাঠঃ ॥ ২৬৫ ॥

তত্র উন্মীলনীনিরূপণম্

একাদশী তু সংপূর্ণা বর্দ্ধতে পুনরেব সা।
দ্বাদশী চ ন বর্দ্ধেত কথিতোন্মীলনীতি সা ॥ ২৬৭ ॥

অনুবাদ—তন্মধ্যে উন্মীলনী নিরূপণ—একাদশী সম্পূর্ণা অরুণোদয় হইতে ৬৪ দণ্ড হইয়া পরদিন বৰ্দ্ধিত হইলে, দ্বাদশী কিন্তু পরদিনে বৰ্দ্ধিত হয় নাই—ইহাকে উন্মীলনী মহাদ্বাদশী বলা হয় ॥ ২৬৭ ॥

অথ ব্যঞ্জুলীনিরূপণম্

দ্বাদশ্যেব বিবর্দ্ধেত ন চৈবৈকাদশী যদা।
ব্যঞ্জুলী তু ভৃগুশ্রেষ্ঠ কথিতা পাপনাশিনী ॥ ২৬৮ ॥

অনুবাদ—অথ ব্যঞ্জুলী নিরূপণ—যখন দ্বাদশীই ৬০ দণ্ডের অধিক হইয়া পরদিনে বৰ্দ্ধিত হয়। একাদশী পরদিনে বৃদ্ধি পায় না, হে ভৃগুশ্রেষ্ঠ! তাহাই 'ব্যঞ্জুলী' মহাদ্বাদশী পাপনাশকারিণী ॥২৬৮॥

টীকা—পুনঃ পরদিনমিত্যর্থঃ। ব্যঞ্জুল্যা এব বিশেষণং পাপনাশিনীতি ॥ ২৬৭-২৬৮ ॥

অথ ত্রিস্পৃশানিরূপণম্

অরুণোদয় আদ্যা স্যাদ্দ্বাদশী সকলং দিনম্।
অন্তে ত্রয়োদশী প্রাতস্ত্রিস্পৃশা সা হরেঃ প্রিয়া ॥২৬৯॥

অনুবাদ—অথ ত্রিস্পৃশা নিরূপণ—অরুণোদয়ে একাদশী থাকিয়া সমগ্রদিন দ্বাদশী, রাত্রিশেষে ত্রয়োদশী আরম্ভ হইয়া প্রাতঃকাল ব্যাপিনী 'ত্রিস্পৃশা' মহাদ্বাদশী, তাহা শ্রীহরির প্রিয়া ॥ ২৬৯ ॥

টীকা—অরুণোদয়ে সূর্য্যোদয়ে, আদ্যা একাদশী ; পাঠান্তরেঽপি সৈব অরুণোদয়ং ব্যাপ্য ॥ ২৬৯ ॥

অথ পক্ষবৰ্দ্ধিনী

কুহূরাকে যদা বৃদ্ধিং প্রয়াতে পক্ষবৰ্দ্ধিনী ।
বিহায়ৈকাদশীং তত্র দ্বাদশী সমুপোষয়েৎ ॥ ২৭০ ॥

অনুবাদ—অথ পক্ষবৰ্দ্ধিনী—অমাবস্যা ও পূর্ণিমা অহোরাত্র থাকিয়া বৃদ্ধি প্রাপ্ত হইলে তখন ঐ পক্ষের দ্বাদশী 'পক্ষবৰ্দ্ধিনী' মহাদ্বাদশী নামে বিখ্যাতা ঐস্থলে শুদ্ধা একাদশী ত্যাগ করিয়া দ্বাদশীতে উপবাস করিবে ॥ ২৭০ ॥

পুণ্যশ্রবণ-পুষ্যাদ্য-রোহিণী-সংযুতাস্তু তাঃ ।
উপোষিতাঃ সমফলা দ্বাদশ্যোঽষ্টৌ পৃথক্ পৃথক্ ॥ ২৭১ ॥

অনুবাদ—নক্ষত্রযোগে মহাদ্বাদশী চতুষ্টয় বলিতেছেন—পুষ্যা, শ্রবণা, পুনর্বসু ও রোহিণী নক্ষত্রযুক্তা শুক্লাদ্বাদশী চতুষ্টয় ও তিথি ঘটিতা দ্বাদশী চতুষ্টয় মিলিয়া পৃথক্ পৃথক্ অষ্ট মহাদ্বাদশী উপবাস করিলে সমফল প্রাপ্ত হওয়া যায় ॥ ২৭১ ॥

টীকা—পুষ্যাদ্যং পুনর্বসুনক্ষত্রং, সমফলা ইতি সৰ্ব্বাসাং নিত্যত্বাৎ ॥ ২৭১ ॥

ব্রহ্মঘ্নমপি সা পূৰ্ব্বা বিশোধয়তি ভার্গব ।
ব্যঞ্জুলীতি দ্বিতীয়া সা হত্যাযুতবিনাশিনী ॥ ২৭২ ॥
মহাপাপানি চত্বারি শোধয়েৎ ত্রিস্পৃশা কৃতা ।
কুরুতেঽশেষকলুষবিচ্ছেদং পক্ষবৰ্দ্ধিনী ॥ ২৭৩ ॥

অনুবাদ—উন্মীলনী ব্রহ্মঘাতীকেও বিশেষ ভাবে শোধিত করে, হে ভার্গব। ব্যঞ্জুলী অচ্যুত সংখ্যক হত্যার পাপ বিনাশ করে। ত্রিস্পৃশা চতুর্বিধ মহাপাপ শোধিত করে ; পক্ষবৰ্দ্ধিনী অশেষ পাপ বিচ্ছেদ করে ॥ ২৭২-২৭৩ ॥

জয়া জয়ন্তী বিজয়া প্রেতমোক্ষং তথাপরা ।
জয়ন্তী নরকচ্ছেদমপি দুষ্কৃতকারিণাম্ ।
অষ্টমী তু ভৃগুশ্রেষ্ঠ যথার্থা পাপনাশিনী ॥ ২৭৪ ॥

অনুবাদ—জয়া, জয়ন্তী, বিজয়া এই তিনটি মহাদ্বাদশী প্রেতত্ব মোচনকারিণী, আর জয়ন্তী দুষ্কৃতকারীদিগের নরকপ্রাপ্তিও ছেদন করে। হে ভৃগুশ্রেষ্ঠ ! অষ্টমী 'পাপনাশিনী' যথার্থ পাপনাশিনী ॥২৭৪

টীকা—পূৰ্ব্বা উন্মীলনী তথাপরা জয়ন্তী চেত্যর্থঃ। পুনর্জয়ন্ত্যা বিশেষং দর্শয়তি—জয়ন্তীতি। পাঠান্তরে জয়াদিত্রয়ং প্রেতমোক্ষং কুরুতে। তথা পরেত্যস্য পরেণান্বয়ঃ। পরা সৰ্ব্বশ্রেষ্ঠা যত ইত্যর্থঃ। অষ্টমী পাপনাশিনী ॥ ২৭২-২৭৪ ॥

কিঞ্চ—

অথেতি মহতা পুণ্যপ্রসারেণ হরের্দিনম্ ।
শুক্লপক্ষে ভৃগুশ্রেষ্ঠ বিশেষব্রতসংযুতম্ ॥ ২৭৫ ॥
তদায়াতমপি ত্যক্তং যদি পুণ্যং বহিঃশ্রুতৈঃ ।
তদেতদমৃতং প্রাপ্তং করাদ্বিগলিতং ক্ষণাৎ ॥২৭৬॥

অনুবাদ—আরও—হে ভৃগুশ্রেষ্ঠ ! শুক্লপক্ষে শ্রীহরিবাসর অতিমহাপুণ্য বিস্তার দ্বারা বিশেষ ব্রতযুক্ত হইয়া সম্মুখে উপস্থিত হইলেও যদি বহির্ম্মুখ ব্যক্তির বাক্যে কেহ ত্যাগ করে তাহার পুণ্য সকল করতলগত অমৃতের ন্যায় ক্ষণকাল মধ্যে বিগলিত হয় ॥ ২৭৫-২৭৬ ॥

একাদশীস্বরূপেণ ধৰ্ম্মঃ সাক্ষাজ্জনার্দ্দনঃ ।
তচ্ছরীরসমং প্রাহুর্ব্যঞ্জুল্যুন্মীলনীব্রতম্ ॥ ২৭৭ ॥

অনুবাদ—সাক্ষাৎ জনার্দ্দন একাদশী স্বরূপে ধৰ্ম্ম, ব্যঞ্জুলী ও উন্মীলনী ব্রত ভগবৎ শরীর সম বলা হয় ॥ ২৭৭ ॥

বিহায় ব্যঞ্জুলীং পাপাঃ কারয়ন্ত্যবরাং তিথিম্ ।
হিংসিতস্তৈরসৌ কৃষ্ণাক্ষর ইত্যবধারয়া ॥ ২৭৮ ॥

অনুবাদ—পাপীগণ ব্যঞ্জুলী ব্রত ত্যাগ করিয়া অন্য তিথি ব্রত করিলে ঐ সকল পাপীগণ কৃষ্ণাক্ষর অর্থাৎ ভগবান শ্রীকৃষ্ণকেও হিংসা করিয়াছে—ইহা জানিবে ॥ ২৭৮ ॥

যে কারয়ন্ত্যবিদ্বাংসঃ শাস্ত্রমুল্লঙ্ঘ্য হৈতুকাঃ।
প্রাণিনস্তৎকৃতং পাপং তেষাং গচ্ছত্যসংশয়ম্ ॥২৭৯

অনুবাদ—যে সকল অবিদ্বান্ তার্কিক শাস্ত্রলঙ্ঘন করিয়া অন্য ব্রত করায়, প্রাণিগণের অন্যব্রতকৃত পাপ উপদেষ্টার নিকট যায়—ইহাতে সংশয় নাই ॥ ২৭৯ ॥

———

তেষাং নিরভিমানৈস্তু ভূত্বা শাস্ত্রানুগামিভিঃ।
যথাবদুপদেষ্টব্যং ন ভাব্যং কলুষাশয়ৈঃ ॥ ২৮০ ॥

অনুবাদ—নিরভিমানী ও শাস্ত্রানুগামী হইয়া সুধীগণ যথাযথ উপদেশ করিবেন, মলিন চিত্তগণের সহিত সঙ্গ করিবেন না ॥ ২৮০ ॥

টীকা—হরেদিনং উন্মীলন্যাদি, বহিঃশ্রুতৈঃ অশ্রুতশাস্ত্রৈরিত্যর্থঃ। অক্ষরেতি পাঠে অক্ষরো জনার্দ্দন এব। তত্তস্মাৎ অসুর ইতি বা পাঠঃ। ততঃ পদাবির্ভাবস্থানং তুল্যমিত্যর্থঃ। তেষাং গচ্ছতি তান্ প্রাপ্নোতি। ভাষ্যমিতি পাঠে মলিনাশয়ৈর্ভূত্বা ন বক্তব্যমিত্যর্থঃ ॥ ২৭৫-২৮০ ॥

———

ব্রাহ্মে বশিষ্ঠমান্ধাতৃসংবাদে—
জয়া চ বিজয়া চৈব জয়ন্তী পাপনাশিনী।
সর্ব্বপাপহরা হ্যেতাঃ কর্ত্তব্যাঃ ফলকাঙ্ক্ষিভিঃ ॥২৮১

অনুবাদ—ব্রহ্মপুরাণে বশিষ্ট মান্ধাতৃ-সংবাদে—সর্ব্বপাপহরা জয়া, বিজয়া, জয়ন্তী ও পাপনাশিনী এই সকল মহাদ্বাদশী ফললাভেচ্ছু ব্যক্তিগণ ব্রত করিবেন ॥ ২৮১ ॥

টীকা—ফলং তত্রোক্তং যত্তৎকাঙ্ক্ষিভিঃ ॥২৮১॥

———

অথাষ্টমহাদ্বাদশীনিত্যত্বম্

ব্রহ্মবৈবর্ত্তে—
দ্বাদশ্যোঽষ্টৌ সমাখ্যাতা যাঃ পুরাণবিচক্ষণৈঃ।
তাসামেকাপি চ হতা হন্তি পুণ্যং পুরাকৃতম্ ॥২৮২॥

অনুবাদ—অথ অষ্ট মহাদ্বাদশীর নিত্যতা, ব্রহ্মবৈবর্ত্তপুরাণে—পুরাণবিদ্গণ যে অষ্ট মহাদ্বাদশী উল্লেখ করিয়াছেন, তাহাদের একটিও বর্জ্জন করিলে পূর্ব্বকৃত পুণ্য সমূহ নষ্ট হয় ॥ ২৮২ ॥

টীকা—তাসাং মধ্যে হতা অতিক্রান্তা। পাঠান্তরেঽপি স এবার্থঃ ॥ ২৮২ ॥

———

পাদ্মে মার্কণ্ডেয়পুরাণে চ শ্রীভগবদুক্তৌ—
ন করিষ্যন্তি যে লোকে দ্বাদশ্যোঽষ্টৌ মমাজ্ঞয়া।
তেষাং যমপুরে বাসো যাবদাহূতসংপ্লবম্ ॥ ২৮৩ ॥

অনুবাদ—পদ্মপুরাণে ও মার্কণ্ডেয়পুরাণে শ্রীভগবানের উক্তিতে—ইহলোকে যে সকল ব্যক্তি আমার আদিষ্ট অষ্ট মহাদ্বাদশী ব্রত না করিবে, প্রলয়কাল পর্য্যন্ত তাহাদের যমপুরীতে বাস হইবে ॥ ২৮৩ ॥

টীকা—যা অষ্টৌ দ্বাদশ্যস্তা, যে ন করিষ্যন্তি ॥ ২৮৩ ॥

———

স্কান্দে চ ব্রহ্মনারদসংবাদে জাগরণপ্রসঙ্গে—
উন্মীলনী পরিত্যক্তা ব্যঞ্জুলী পক্ষবর্দ্ধিনী।
নরকে বসতে তাবদ্যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ॥ ২৮৪ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে জাগরণ প্রসঙ্গে, উন্মীলনী, ব্যঞ্জুলী ও পক্ষবর্দ্ধিনী—এই মহাদ্বাদশী সকল যে ব্রত না করে, তাহার কল্পকাল নরকে বাস হয় ॥ ২৮৪ ॥

———

ত্রিস্পৃশা বিষ্ণুদয়িতা যে ন কুর্ব্বন্তি ভূতলে।
তাবদ্যমপুরে বাসো যাবন্নদ্যঃ সসাগরাঃ।
ইতি ॥ ২৮৫ ॥

অনুবাদ—যাহারা বিষ্ণুপ্রিয়া ত্রিস্পৃশা মহাদ্বাদশী ব্রত পালন না করে, তাহারা এই ভূতলে যতদিন সাগরসহ নদীসমূহ অবস্থান করিবে, ততদিন যমপুরে বাস করিবে ॥ ২৮৫ ॥

———

অথ ঋক্ষপ্রযুক্তানাং ব্রতকর্ত্তব্যতা যথা।
জয়াদীনাং চতসৃণাং তথা ব্যক্তং নিরূপ্যতে ॥
ভান্যর্কোদয়মারভ্য প্রবৃত্তান্যধিকানি চেৎ।
সমা ন্যূনানি বা সন্তু ততোঽমীষাং ব্রতৌচিতী ॥২৮৬

অনুবাদ—অনন্তর নক্ষত্রযোগে জয়াদি মহাদ্বাদশী চতুষ্টয়ের ব্রত কর্ত্তব্যতা যেরূপে হয়, তাহা স্পষ্ট-ভাবে নিরূপিত হইতেছে। শুক্লা দ্বাদশীতে জয়াদি ক্রমে পুনর্বসু, শ্রবণা, রোহিণী ও পুষ্যা—এই চারিটি নক্ষত্র সূর্য্যোদয় হইতে আরম্ভ করিয়া ৬০ দণ্ড অহোরাত্র ভোগ করিয়া যদি অধিক, সম বা কম হইয়া থাকুক, তাহাতে ইহাদের ব্রতযোগ্যতা থাকে এবং ব্রত করা উচিত ॥ ২৮৬ ॥

টীকা—স্কান্দোক্তোন্মীলন্যাদীনাং সাহচর্য্যাৎ জয়াদীনামপি চতসৃণাং নিত্যত্বং সিদ্ধমেব। কিংবা তাস্বষ্টসু মধ্যে উন্মীলন্যাদীনামেব চতসৃণাং প্রাধান্যাভিপ্রায়েণ তত্র তাসামেব নিত্যত্বং যুক্তমিতি দিক্ ॥ ২৮৪-২৮৬ ॥

কিংবা সূর্য্যোদয়াৎ পূর্ব্বং প্রবৃত্তান্যধিকানি চেৎ।
সমানি বা তদাপ্যেষা ব্রতাচরণযোগ্যতা ॥ ২৮৭ ॥

অনুবাদ—অথবা—সূর্য্যোদয়ের পূর্ব্বে নক্ষত্র সকল আরম্ভ হইয়া ৬০ দণ্ড অহোরাত্র ভোগ করার পর অধিক বা সমান থাকে তাহাতেও ঐ মহাদ্বাদশীতে ব্রতাচারণ যোগ্যতা থাকে। পরন্তু অহোরাত্রের ন্যূন হইলে নহে ॥ ২৮৭ ॥

শ্রবণাব্যতিরিক্তেষু নক্ষত্রেষু খলু ত্রিষু।
সূর্য্যাস্তমনপর্য্যন্তং কার্য্যং দ্বাদশ্যপেক্ষণম্ ॥ ২৮৮ ॥

অনুবাদ—নক্ষত্রের পরিমাণ বলা হইল, এক্ষণে তিথির পরিমাণ বলিতেছেন—শ্রবণা ব্যতীত অন্য পুনর্বসু, রোহিণী ও পুষ্যা নক্ষত্রযোগে—জয়া, জয়ন্তী ও পাপনাশিনী মহাদ্বাদশী ব্রতে সূর্য্যাস্ত গমন পর্য্যন্ত দ্বাদশী থাকা অবশ্য অপেক্ষণীয় ॥ ২৮৮ ॥

শ্রবণে ত্বস্তমনতঃ প্রাগ দ্বাদশ্যাং সমাপ্ততাম্।
গতায়ামপি তত্রৈব ব্রতস্যোচিততা ভবেৎ ॥ ২৮৯ ॥

অনুবাদ—পরন্তু শ্রবণা নক্ষত্র বিষয়ে সূর্য্যাস্তের পূর্ব্বে দ্বাদশীর অবসান হইলেও তাহাতেও ব্রত কর্ত্তব্যতা থাকে, ব্রত করা উচিত ॥ ২৮৯ ॥

অথ পারণকালনির্ণয়ঃ

বৃদ্ধৌ ভতিথ্যোরধিকা তিথিশ্চেৎ পারণন্ততঃ।
অন্তে স্যাচ্চেত্তিথির্ন্যূনা তিথিমধ্যে তু পারণম্ ॥২৯০

অনুবাদ—অনন্তর পারণকাল নির্ণয় উল্লিখিত হইতেছে—পারণদিনে প্রাতে নক্ষত্র ও তিথি বৃদ্ধি প্রাপ্ত হইলে নক্ষত্র অপেক্ষা তিথি অধিক পরিমাণ হইলে নক্ষত্রের শেষে পারণ হইবে। আর তিথি কম পরিমাণ থাকিলে তিথি মধ্যে পারণ হইবে ॥ ২৯০ ॥

দ্বাদশ্যননুবৃত্তৌ তু বৃদ্ধৌ ব্রহ্মাচ্যুতর্ক্ষয়োঃ।
তন্মধ্যে পারণং বৃদ্ধৌ শেষয়োস্তদতিক্রমে ॥ ২৯১ ॥

অনুবাদ—পারণ দিনে দ্বাদশী না থাকিলে রোহিণী ও শ্রবণা নক্ষত্র বৃদ্ধি পাইলে নক্ষত্র মধ্যে পারণ, পুনর্বসু ও পুষ্যা বৃদ্ধি পাইলে তাহাদের অবসানে পারণ হইবে ॥ ২৯১ ॥

শ্রীদ্বাদশীচতুষ্কস্য মহতোঽসৌ বিনির্ণয়ঃ।
নৃসিংহপরিচর্য্যাদি-গ্রন্থদৃষ্ট্যা নিরূপিতঃ ॥ ২৯২ ॥

অনুবাদ—প্রাচীন বৈষ্ণবাচার্য্য শ্রীকৃষ্ণদেবাচার্য্য-কৃত নৃসিংহপরিচর্য্যাদি নিবন্ধ দৃষ্টে নক্ষত্র ঘটিত জয়াদি মহাদ্বাদশী চতুষ্টয়ের ব্রত নির্ণয় কীর্ত্তিত হইল ॥ ২৯২ ॥

অথোন্মীলন্যাদীনাং বিশেষতো মাহাত্ম্যং তাসু পূজাবিধিবিশেষশ্চ।

অথ তত্রাদৌ উন্মীলনীব্রতম্

পাদ্মে শ্রীসূত উবাচ—
রাজ্যং প্রকুর্ব্বতঃ পূর্ব্বমম্বরীষস্য বেশ্মনি।
গৌতমস্তপসা শ্রেষ্ঠং সমায়াতো মহামুনিঃ ॥২৯৩॥
দৃষ্ট্বা তমাগতং রাজা সমুত্তস্থৌ নিজাসনাৎ
দত্ত্বার্ঘ্যং পরয়া ভক্ত্যা প্রোবাচাসনসংস্থিতম্ ॥২৯৪॥

অনুবাদ—অনন্তর উন্মীলনী আদি মহাদ্বাদশী সমূহের বিশেষরূপে মাহাত্ম্য ও তাহাতে পূজাবিধি বিশেষ কীর্ত্তিত হইতেছে। তন্মধ্যে প্রথমে উন্মীলনী

ব্রত কথা—পদ্মপুরাণে শ্রীসূত বলিলেন—প্রাচীনকালে মহারাজ অম্বরীষের গৃহে মহাতপস্বী মহামুনি গৌতম ঋষি আগমন করিলে তাঁহাকে আগমন করিতে দেখিয়া রাজা নিজ আসন হইতে উত্থিত হইয়া আসনে বসাইয়া পরম ভক্তিসহ পাদ্যঅর্ঘ্যাদি দান করিয়া বলিলেন ॥ ২৯৩-২৯৪ ॥

শ্রীঅম্বরীষ উবাচ—
স্বাগতং মুনিশার্দূল প্রসাদং কর্ত্তুমর্হসি ।
ধন্যানামপি ধন্যোঽহং যত্ত্বং মদ্গৃহমাগতঃ ॥২৯৫॥

অনুবাদ—শ্রীঅম্বরীষ বলিলেন—হে মুনিবর ! সুখে আগমন ত ? কৃপা করুন, ধন্যগণের মধ্যেও আমি শ্রেষ্ঠ ধন্য যেহেতু আপনি আমার গৃহে আগমন করিয়াছেন ॥ ২৯৫ ॥

তপসঃ কুশলং তেঽদ্য ভক্তিঃ শ্রীকেশবোপরি ।
নিশ্চলা মুনিশার্দূল হৃদয়ান্নাপসর্পতি ॥ ২৯৬ ॥

অনুবাদ—হে মুনিবর ! অদ্য আপনার তপস্যার কুশল ত ? শ্রীকৃষ্ণে আপনার নিশ্চলা ভক্তি হৃদয় হইতে অপসারিত হয় নাই ? ২৯৬॥

টীকা—তে তব অদ্য ইদানীং, তপসঃ কুশলং কিমিতি প্রশ্নঃ। তথা ভক্তিশ্চেতি চ ॥ ২৯৬ ॥

শ্রীগৌতম উবাচ—
তপসঃ কুশলং রাজন্ ভক্তিঃ কৃষ্ণে সুনিশ্চলা ।
কুশলং তব রাজেন্দ্র ব্রাহ্মণান্ পাসি সর্ব্বদা ॥২৯৭॥
ভক্তিং ভাগবতীং নিত্যং কিং করোষি নরাধিপ ।
শালগ্রামময়ং বিশ্বং কিং ত্বং পশ্যসি প্রত্যহম্ ? ২৯৮॥
কিং ত্বং বন্দয়সে নিত্যং শালগ্রামশিলাজলম্ ।
গৃহীত্বা স্নানতোয়ন্তু কিং ত্বং পিবসি প্রত্যহম্ ?২৯৯॥

অনুবাদ—শ্রীগৌতম ঋষি বলিলেন—হে রাজন্ ! আমার তপস্যার কুশল, শ্রীকৃষ্ণে সুনিশ্চলা ভক্তিও আছে। হে রাজেন্দ্র অপানার কুশল ত? ব্রাহ্মণগণকে সর্ব্বদা পালন করিতেছেন, হে মহারাজ ? আপনি কি নিত্য শ্রীভগবানে ভক্তি করিতেছেন ! আপনি কি প্রত্যহ শালগ্রামময় বিশ্ব দেখিতেছেন ? আপনি কি প্রত্যহ শালগ্রামের চরণামৃতকে বন্দনা করেন ? আপনি কি প্রত্যহ শ্রীভগবানের স্নানজল লইয়া পান করেন ? ২৯৭-২৯৯ ॥

টীকা—ভক্তিমেব প্রপঞ্চয়তি—শালগ্রামেত্যাদিনা প্রযত্নত ইত্যন্তেন। বিশ্বং শ্রীমূর্ত্তিং, কিমিত্যগ্রে সর্ব্বত্রৈবানুবর্ত্তনীয়ং, প্রশ্নপ্রকরণবলাৎ ॥২৯৮-২৯৯॥

দত্ত্বা বৈ বৈষ্ণবানান্তু প্রোক্ষণং কুরুষে গৃহে ।
তদ্বিলেপনশেষেণ অঙ্গানি পরিমার্জ্জসি ? ৩০০ ॥

অনুবাদ—গৃহে বৈষ্ণবগণের শ্রীচরণ প্রক্ষালন করেন কি ? বৈষ্ণব অঙ্গে চন্দন লেপন করিয়া তাহার অবশেষ দ্বারা নিজ অঙ্গ সমূহ মার্জ্জন করেন কি ? ॥ ৩০০ ॥

টীকা—দত্ত্বা বৈষ্ণবেভ্য ইতি শেষঃ ॥ ৩০০ ॥

শালগ্রামশিলামালাং দত্ত্বা মূর্দ্ধনি প্রত্যহম্ ।
কিং ধারয়সি ভূপাল কণ্ঠে নিত্যং সুভক্তিতঃ ? ৩০১॥

অনুবাদ—প্রত্যহ শ্রীশালগ্রামশিলাতে মালা দিয়া ঐ মালা মস্তকে ও কণ্ঠে নিত্য উত্তম ভক্তিতে ধারণ করেন কি ? ৩০১ ॥

ধূপশেষন্তু কৃষ্ণস্য ভক্ত্যা ভজসি ভূমিপ ।
কৃত্বা চারাত্রিকং বিষ্ণোর্ভক্ত্যা বন্দয়সে নৃপ ॥৩০২॥

অনুবাদ—হে ভূপতি ! শ্রীকৃষ্ণের ধূপশেষ ভক্তিসহ আঘ্রাণ করেন ত ? হে রাজন্ ! শ্রীবিষ্ণুর আরতি করিয়া ভক্তিসহ বন্দনা করেন ত ? ৩০২ ॥

শঙ্খোদকং হরের্মূর্দ্ধ্নি ভ্রাময়িত্বা সুভক্তিতঃ ।
বিভর্ষি শিরসা নিত্যং শেষং যচ্ছসি বৈষ্ণবান্ ? ৩০৩॥

অনুবাদ—শ্রীহরির মস্তকোপরি শঙ্খজল ভ্রমণ করাইয়া উত্তম ভক্তিসহ নিজ মস্তকে নিত্য ধারণ ও অবশেষ বৈষ্ণবগণকে দান করেন কি ? ৩০৩ ॥

টীকা—বৈষ্ণবানিতি পাঠে তান্ প্রতি শেষং নির্ম্মাল্যং কিং যচ্ছসি ? ৩০৩ ॥

নৈবেদ্যং দেবদেবস্য সর্ব্বোপস্করসংযুতম্ ।
বিষ্বক্সেনায় দত্ত্বা ত্বং ভুঞ্জসে বৈষ্ণবৈঃ সহ ? ৩০৪॥

অনুবাদ—সর্ব্ব উপকরণসহ দেবদেব শ্রীনারায়ণের প্রসাদ নৈবেদ্য সেনাপতি বিষ্বক্‌সেনকে দিয়া বৈষ্ণবগণের সহিত আপনি ভোজন করেন ত ? ৩০৪॥

টীকা—উপস্করা ব্যঞ্জনাদীনি ॥ ৩০৪ ॥

নিত্যং নামসহস্রেণ ভক্ত্যা স্তৌষি জনার্দ্দনম্ ।
দীপার্ঘ্যদানং দেবস্য কুরুষে গীতনর্ত্তনম্ ? ৩০৫ ॥

অনুবাদ—প্রত্যহ সহস্রনাম দ্বারা ভক্তিসহ জনার্দ্দনকে স্তব করেন ত ? প্রদীপ, অর্ঘ্যদান শ্রীকৃষ্ণের উদ্দেশ্যে দিয়া গীত নৃত্য করেন ত ? ৩০৫ ॥

দুর্ব্বাঙ্কুরৈঃ পূজয়িত্বা পূজান্তে মধুসূদনম্ ।
অক্ষতৈর্নৃপশার্দ্দূল কিমর্চ্চয়সি কেশবম্ ? ৩০৬ ॥

অনুবাদ—হে মহারাজ দুর্ব্বার কোমল অঙ্কুর সমূহ দ্বারা মধুসূদনকে পূজা করিয়া পূজান্তে অক্ষত (আতপ চাল) দ্বারা কেশবকে অর্চ্চন করেন কি ? ॥ ৩০৬ ॥

পক্ষে পক্ষে নৃপশ্রেষ্ঠ বিধিবদ্দ্বাদশীব্রতম্ ।
দশমীবেধরহিতং কুরুষে জাগরান্বিতম্ ? ৩০৭ ॥

অনুবাদ—হে মহারাজ ! শুক্ল ও কৃষ্ণপক্ষে দশমীবেধ বিহিত বিধিবদ্ দ্বাদশীব্রত রাত্রি জাগরণ সহ করেন কি ? ৩০৭ ॥

তুলসীপত্রনিকরৈর্নিত্যং পূজয়সে হরিম্ ।
পুণ্ড্রং বিভর্ষি দেহে ত্বং গোপীচন্দনসম্ভবম্ ? ৩০৮ ॥

অনুবাদ—প্রত্যহ তুলসীপত্র সমূহদ্বারা শ্রীহরিকে পূজা করেন কি ? গোপীচন্দন দ্বারা দেহে উর্দ্ধ পুণ্ড্র তিলক করেন কি ? ৩০৮ ॥

বিভর্ষি কণ্ঠে ত্বং নিত্যং ধাত্রীফলসমুদ্ভবাম্ ।
মালাং মখাযুতসমাং তুলসীপত্রসম্ভবাম্ ॥ ৩০৯ ॥

অনুবাদ—আপনি কণ্ঠে নিত্য ধাত্রীফল মালা ধারণ করেন কি ? যজ্ঞাযুত সম তুলসীপত্র মালা কণ্ঠে নিত্য ধারণ করেন কি ? ৩০৯ ॥

টীকা—তুলসীপত্রসম্ভবাঞ্চ মালাম্ ॥ ৩০৯ ॥

শালগ্রামশিলাযুক্তং দ্বারকায়াঃ সমুদ্ভবম্ ।
নিত্যং পূজয়সে ভূপ ভুক্তিমুক্তিফলপ্রদম্ ? ৩১০ ॥

অনুবাদ—হে মহারাজ ! শালগ্রামশিলাযুক্ত দ্বারকাচক্র ভুক্তিমুক্তি ফলপ্রদ, আপনি তাঁহার নিত্য পূজা করেন কি ? ৩১০ ॥

টীকা—দ্বারকায়াঃ সমুদ্ভবং দ্বারকাসম্বন্ধি চক্রাঙ্কম্ ॥ ৩১০ ॥

পুরাণং ত্বং ভাগবতং পঠ্যসে পুরতো হরেঃ ।
চরিতং দৈত্যরাজস্য প্রহলাদস্য চ ভূপতে ॥ ৩১১ ॥

অনুবাদ—হে ভূপতি ! আপনি শ্রীহরির সম্মুখে ভাগবত পুরাণ ও দৈত্যরাজ প্রহলাদ চরিত্র পাঠ করেন কি ? ৩১১ ॥

বাসরং বাসুদেবস্য সবেধং কুর্ব্বতো নরান্ ।
নিবারয়সি ভূপাল শাস্ত্রদৃষ্ট্যা প্রযত্নতঃ ? ৩১২ ॥

অনুবাদ—হে রাজন্ দশমীবিদ্ধা শ্রীহরিবাসর ব্রতকারী মানবগণকে শাস্ত্র দৃষ্টিতে যত্নসহকারে নিষেধ করেন কি ? ৩১২ ॥

সবেধং বাসরং বিষ্ণোর্যস্মিন্ রাষ্ট্রে প্রবর্ত্ততে ।
লিপ্যতে তেন পাপেন রাজা ভবতি নারকী ॥৩১৩॥

অনুবাদ—যে রাজ্যে দশমীবিদ্ধা শ্রীহরিবাসর প্রচলিত হয়, সেই পাপে লিপ্ত রাজা নারকী হয় ॥৩১৩

বেধং চতুর্ব্বিধং ত্যক্ত্বা সমুপোষ্য হরেদিনম্ ।
কুলকোটিং সমুদ্ধৃত্য নরকাদ্ব্রজতে দিবম্ ॥৩১৪॥

অনুবাদ—অরুণোদয়ে চারিদণ্ডে চতুর্ব্বিধ বেধ ত্যাগ করিয়া যে মানব শ্রীহরিবাসরে উপবাস করে,

তাহার কোটিকুল নরক হইতে উদ্ধার লাভ করিয়া স্বর্গে গমন করে ॥ ৩১৪ ॥

অম্বরীষ উবাচ—

ত্বয়া যদুক্তং বিপ্রেন্দ্র তৎ সর্ব্বং প্রকরোম্যহম্ ।
পশ্যাম্যহং বিষ্ণুময়ং জগদেতচ্চরাচরম্ ॥ ৩১৫ ॥

অনুবাদ—রাজা অম্বরীষ বলিলেন—হে বিপ্রবর ! আপনি যাহা যাহা জিজ্ঞাসা করিলেন তৎসমুদয়ই আমি পালন করি, এই চরাচর জগৎ বিষ্ণুময় দেখি ॥ ৩১৫ ॥

বিষ্ণুরূপী ত্বমায়াতো মদ্‌গৃহং মুনিসত্তম ।
ব্রতং কথয় মে বিপ্র বৈষ্ণবং সর্ব্বকামদম্ ॥৩১৬॥

অনুবাদ—হে মুনি সত্তম ! বিষ্ণুরূপী আপনি আমার গৃহে আগমন করিয়াছেন, হে বিপ্র সর্ব্বকামপ্রদ বিষ্ণুব্রত আমাকে বলুন ॥ ৩১৬ ॥

যৎ কৃত্বা ন পুনঃ কৃত্যং ভবতে ঋষিসত্তম ।
পুনর্গতির্যথা বিপ্র বিষ্ণুলোকাদ্ভবেন্ন হি ॥ ৩১৭ ॥

অনুবাদ—হে ঋষি সত্তম ! যাহা করিলে পুনরায় কোন কৃত্য অবশিষ্ট থাকে না এবং হে বিপ্র ! যাহাতে বিষ্ণুলোক হইতে পুনরাগমন না হয় ॥৩১৭॥

শ্রীগৌতম উবাচ—

শৃণু ভূপাল বক্ষ্যামি ব্রতং যদ্বৈষ্ণবং মহৎ ।
দ্বাদশীসম্ভবং পুণ্যং ময়াখ্যাতং ন কস্যচিৎ ॥৩১৮॥

অনুবাদ—শ্রীগৌতম ঋষি বলিলেন—হে ভূপাল ! শ্রবণ করুন, মহৎ বৈষ্ণবব্রত বলিব, দ্বাদশীব্রত জাত পুণ্য আমি এ যাবৎ কাহাকেও বলি নাই ॥ ৩১৮ ॥

বৈষ্ণবোঽসি মহারাজ ভক্ত্যা ভাগবতাং নৃণাম্ ।
বৈষ্ণবং যন্মহাগুহ্যং তদ্ব্রতং ত্বং নিশাময় ॥ ৩১৯ ॥

অনুবাদ—হে মহারাজ ! আপনি ভক্তিতে ভক্তগণের মধ্যে শ্রেষ্ঠ হইয়াছেন। মহাগোপনীয় যে বৈষ্ণবব্রত, সেই ব্রত আপনি শ্রবণ করুন ॥ ৩১৯ ॥

টীকা—ভাগবতানামিতি বক্তব্যে ভাগবতামিত্যার্ষম্ ॥ ৩১৯ ॥

উন্মীলনী নাম পুরা মম ভক্ত্যা তু বিষ্ণুনা ।
কথিতা সুপ্রসন্নেন তাং তে ভূপ বদাম্যহম্ ॥ ৩২০॥

অনুবাদ—প্রাচীনকালে আমার ভক্তিতে সুপ্রসন্ন শ্রীবিষ্ণু উন্মীলনী নামক যে ব্রত বলিয়াছেন, হে মহারাজ ! আপনার প্রতি সুপ্রসন্ন আমি তাহা বলিব ॥ ৩২০ ॥

সম্পূর্ণৈকাদশী প্রাতর্দ্বিতীয়েঽহ্নি প্রবর্দ্ধতে ।
উন্মীলনীতি সা প্রোক্তা পাপপঙ্কৌঘনাশিনী ॥৩২১॥

অনুবাদ—সম্পূর্ণা একাদশী অরুণোদয় হইতে ৬৪ দণ্ড অহোরাত্র থাকিয়া পরদিন প্রাতে যদি বৃদ্ধি হয়, তাহার নাম উন্মীলনী, তাহা বহু পাপপঙ্ক নাশিনী ॥ ৩২১ ॥

ত্রৈলোক্যে যানি তীর্থানি পুণ্যান্যায়তনানি চ ।
কোট্যংশেনৈব তুল্যানি মখা বেদাস্তপাংসি চ ॥৩২২॥
উন্মীলনীসমং কিঞ্চিন্ন দৃষ্টং ন শ্রুতং ময়া ।
প্রয়াগো ন কুরুক্ষেত্রং ন কাশী ন চ পুষ্করম্ ॥৩২৩॥
ন রেবা ব্রহ্মতনয়া কালিন্দী মথুরা ন হি ।
পিণ্ডারকং প্রভাসঞ্চ ন ক্ষেত্রং হাটকেশ্বরম্ ॥৩২৪॥
শৈলো হিমাচলো নৈব ন মেরুর্গন্ধমাদনঃ ।
শৈলো নৈবেহ মলয়ো ন বিন্ধ্যো নৈব নৈষধঃ ॥৩২৫॥
গোদাবরী চ কাবেরী চন্দ্রভাগা ন দেবিকা ।
ন তাপী ন পয়োষ্ণী চ ন শিপ্রা নৈব চন্দনা ॥৩২৬॥
চর্ম্মণ্বতী চ সরযূশ্চন্দ্রভাগা ন গণ্ডকী ।
গোমতী চ বিপাশা চ শোণশ্চৈব মহানদঃ ॥৩২৭॥

অনুবাদ—ত্রিলোকে যে সকল তীর্থ ও পুণ্যস্থান, যজ্ঞসমূহ, বেদসমূহ, তপস্যা সকল, কোটি অংশেও উন্মীলনীর সমান কিছুই আমি দেখি নাই বা শুনি নাই। প্রয়াগ, কুরুক্ষেত্র, কাশী, পুষ্কর, রেবা, সর-

স্বতী, যমুনা, মথুরা, পিণ্ডারক, প্রভাস, হাটকেশ্বর ক্ষেত্র, হিমাচল গিরি, মেরু, গন্ধমাদন, মলয়, বিন্ধ্য, নৈষধ, গোদাবরী, কাবেরী, চন্দ্রভাগা, দেবিকা, তাপী, পয়োষ্ণী, শিপ্রা, চন্দনা, চর্ম্মণ্বতী, সরযূ, চন্দ্রভাগা, গণ্ডকী, গোমতী, বিপাশা, শোণ, মহানন্দ কোনই উন্মীলনীর সম নহে ॥ ৩২২-৩২৭ ॥

টীকা - কোটীনামাংশানামেকেনৈবাংশেন তীর্থাদীনি তুল্যানীত্যর্থঃ। যদ্বা, কোট্যংশে বিষয়েঽপি নৈব তুল্যানি ॥ ৩২২ ॥

টীকা—তদেব প্রপঞ্চয়তি—উন্মীলনীতি ষড়্ভিঃ। প্রয়াগমিত্যাদীনাং নপুংসকত্বমার্ষম্, এবং সর্ব্বত্রেবোহ্যম্। ব্রহ্মতনয়া—সরস্বতী ॥ ৩২৩ ৩২৪ ॥

কিমত্র বহুনোক্তেন ভূয়ো ভূয়ো নরাধিপ।
নোন্মীলনীসমং কিঞ্চিন্ন দেবঃ কেশবাৎ পরঃ॥৩২৮॥

অনুবাদ—হে মহারাজ! এ বিষয়ে পুনঃ পুনঃ বহু বলিয়া কি প্রয়োজন, উন্মীলনীর সম কিছুই, নাই যেমন কেশবের অপেক্ষা শ্রেষ্ঠ দেব নাই ॥ ৩২৮ ॥

উন্মীলনীমনুপ্রাপ্য যৈঃ কৃতং কেশবার্চ্চনম্।
পাপচক্রসমূহস্য দগ্ধস্তেন দবানলঃ ॥ ৩২৯ ॥

অনুবাদ—উন্মীলনীর ব্রত প্রাপ্ত হইয়া যাহারা শ্রীকেশবের অর্চ্চন করেন, তাহারা পাপপুঞ্জ সমূহকে দাবানলে ভস্মীভূত করেন ॥ ৩২৯ ॥

যস্মিন্ মাসে মহীপাল তিথিরুন্মীলনী ভবেৎ।
তন্মাস-নাম্না গোবিন্দঃ পূজনীয়ো যথাবিধি ॥৩৩০॥

অনুবাদ—হে ভূপতি! যে মাসে উন্মীলনী তিথি উপস্থিত হয়, সেই মাসের নামদ্বারা যথাবিধি গোবিন্দ পূজা কর্ত্তব্য ॥ ৩৩০ ॥

টীকা—এবং মাহাত্ম্যমুক্ত্বা তত্র পূজাবিধিবিশেষমাহ—যস্মিন্নিত্যাদিনা কথানকৈরিত্যন্তেন। তন্মাসনাম্নেতি—মার্গাদি দ্বাদশমাসেষু ক্রমেণ কেশবাদ্যা দামোদরান্তাঃ কেশবাদিন্যাসাদৌ লিখিতা দ্বাদশ দেবতাঃ। অতস্তন্মাসদেবতানাম্নেত্যর্থঃ। অতশ্চ তত্তদায়ুধাদিকমপি তথৈব কর্ত্তব্যমিত্যূহ্যম্, এবমগ্রেঽপি ॥ ৩৩০ ॥

জাতরূপময়ঃ কার্য্যো মাসনাম্না তু মাধবঃ।
স্বশক্ত্যা বিশ্বরূপঞ্চ শ্রদ্ধাভক্তিসমন্বিতৈঃ ॥ ৩৩১ ॥

অনুবাদ—মাসনামে স্বর্ণময় মাধব নির্ম্মাণ করিয়া নিজশক্তি অনুসারে শ্রদ্ধা ভক্তিসহ বিশ্বরূপকেও পূজা করিবে ॥ ৩৩১ ॥

পবিত্রোদকসংযুক্তং পঞ্চরত্ন-সমন্বিতম্।
গন্ধপুষ্পাক্ষতৈর্যুক্তং কুম্ভং স্রগ্‌দামভূষিতম্ ॥ ৩৩২॥
পাত্রমৌড়ুম্বরং কার্য্যং গোধূমৈশ্চাপি পূরিতম্।
তণ্ডুলৈর্বা মহীপাল স্থাপনীয়ং ঘটোপরি ॥ ৩৩৩ ॥

অনুবাদ—পবিত্র গঙ্গাজল পূর্ণ পঞ্চরত্ন সমন্বিত, গন্ধপুষ্প অক্ষতযুক্ত পুষ্পমালা ভূষিত কুম্ভস্থাপন পূর্ব্বক, তাম্রপাত্রে গম বা চাউল দ্বারা পূর্ণ করিয়া হে মহারাজ! ঘটের উপরে স্থাপন কর্ত্তব্য ॥ ৩৩২-৩৩৩

স্নাপয়িত্বা তু গোবিন্দং কুঙ্কুমাগুরুচন্দনৈঃ।
কৃত্বা বিলেপনং বিষ্ণুঃ স্থাপনীয়ো ঘটোপরি ॥৩৩৪॥

অনুবাদ—শ্রীগোবিন্দকে স্নান করাইয়া কুঙ্কুম অগুরু চন্দন দ্বারা তিলকাদি রচনা করিয়া ঘটের উপর নারায়ণকে স্থাপন করিতে হইবে ॥ ৩৩৪ ॥

টীকা—স্বশক্ত্যা নিজশক্ত্যনুসারেণ, বিশ্বরূপং সমগ্রসৌন্দর্য্যং যথা স্যাৎ। যদ্বা, তদীয়াখিলায়ুধাদ্যুপাঙ্গঞ্চেত্যর্থঃ। কুম্ভং স্থাপয়েদিতি শেষঃ, স্নাপয়িত্বা পঞ্চামৃতাদিনা, ঘটোপরি স্থাপনীয় ইতি ঘটোপরি যত্তাম্রপাত্রং, তদুপরীত্যর্থঃ। তত্রাপি ঘটোপরি তস্যাব্যভিচারাৎ। স্থাপনঞ্চ—'এহ্যেহি ত্বং জগন্নাথ বৈকুণ্ঠ পুরুষোত্তম। পরিবারগণোপেত লক্ষ্ম্যা সহ জগৎপতে ॥' ইত্যাবাহনেন, তথা মনোজ্যোরিতি প্রতিষ্ঠাদিনা চ জ্ঞেয়ম্। গন্ধপুষ্পাদিসমর্পণঞ্চ তন্নামমন্ত্রেণৈব ॥ ৩৩১-৩৩৪ ॥

প্রদদ্যাদ্বস্ত্রযুগ্মন্তু সোপবীতঞ্চ সোত্তরম্।
উপানহৌ চ রাজর্ষে আতপত্রং শিরোপরি ॥ ৩৩৫ ॥
ভাজনং জলপাত্রঞ্চ সপ্তধান্যং তিলৈঃ সহ।
রূপ্যং চৈব চ কার্পাসং পায়সং
মুদ্রিকাং হরেঃ ॥ ৩৩৬ ॥
ধেনুং বা নিষ্ক্রয়ং বাপি দদ্যান্মাধবতুষ্টয়ে।
শয্যাং সোপস্করাং দত্ত্বা মাধবায় তু ভক্তিতঃ ॥৩৩৭
ধূপদীপন্তু নৈবেদ্যং ফলং পত্রং নিবেদয়েৎ।
পূজনীয়ো মহাভক্ত্যা মন্ত্রৈরেভিস্তু বৈষ্ণবৈঃ।
তুলসীপত্রসংযুক্তৈঃ পুষ্পৈঃ কালোদ্ভবৈর্হরিঃ ॥৩৩৮॥

অনুবাদ—পরিধেয় ও উত্তরীয় বস্ত্রদ্বয় উপবীত সহ পরাইয়া, হে রাজর্ষি! চরণে পাদুকা, মস্তক উপরে ছত্র, প্রশস্তপাত্র, জলপাত্র, তিলসহ সপ্তধান্য, রূপার অলঙ্কার, কার্পাস, পায়স, শ্রীহরির হস্তে অঙ্গুরী ধেনু বা ধেনুমূল্য মাধবের তুষ্টির জন্য বালিশ মশারি সহ শয্যা ভক্তিসহ মাধবকে দান করিয়া ধূপ, দীপ, নৈবেদ্য, ফল, তুলসী পত্র নিবেদন করিতে হয়। উত্তম-ভক্তিসহ বৈষ্ণব শাস্ত্রোক্ত মন্ত্রসমূহদ্বারা পূজা কর্ত্তব্য। তুলসীপত্র সহ যথাকালোদ্ভব পুষ্পসমূহদ্বারা শ্রীহরি পূজনীয় ॥ ৩৩৫-৩৩৮ ॥

টীকা—সোত্তরম্ উত্তরীয়সহিতম্ ॥ ৩৩৫ ॥

মাসনাম্না তু পাদৌ হি জানুনী বিশ্বরূপিণে।
গুহ্যন্তু কামপতয়ে কটিঞ্চ পীতবাসসে ॥ ৩৩৯ ॥
ব্রহ্মমূর্ত্তিভৃতে নাভিমুদরং বিশ্বযোনয়ে।
হৃদয়ং জ্ঞানগম্যায় কণ্ঠং বৈকুণ্ঠমূর্ত্তয়ে ॥ ৩৪০ ॥
উরুগায় ললাটন্তু বাহূ ক্ষত্রান্তকারিণে।
উত্তমাঙ্গং সুরেশায় সর্ব্বাঙ্গং সর্ব্বমূর্ত্তয়ে ॥ ৩৪১ ॥

অনুবাদ—মাস নামে শ্রীচরণদ্বয়, বিশ্বরূপ মন্ত্রে জানুদ্বয়, কামপতি মন্ত্রে গুহ্যদেশ, পীতবাস মন্ত্রে, কটিদেশ, ব্রহ্মমূর্ত্তিভৃৎ মন্ত্রে নাভিদেশ, বিশ্বযোনি মন্ত্রে উদর, জ্ঞানগম্য মন্ত্রে হৃদয়, বৈকুণ্ঠমূর্ত্তি মন্ত্রে কণ্ঠ, উরুগায় মন্ত্রে ললাট, ক্ষত্রান্তকারি মন্ত্রে বাহুদ্বয়, সুরেশ মন্ত্রে মস্তক, সর্ব্বমূর্ত্তি মন্ত্রে সর্ব্বাঙ্গ পূজা করিবে ॥ ৩৩৯-৩৪১ ॥

টীকা—অবয়বপূজামাহ—মাসেতি ত্রিভিঃ। মাসনাম্না স্বনাম্নেত্যর্থঃ, অত্র সর্ব্বত্রৈব নমঃশব্দঃ প্রযোজ্যঃ। অতএব মন্ত্রাঃ, পাদৌ পূজয়েদিতি শেষঃ। এবমগ্রেঽপি সর্ব্বত্র ॥ ৩৩৯ ॥

স্বনাম্না চায়ুধাদীনি পূজনীয়ানি ভক্তিতঃ।
অর্ঘ্যদানং প্রকর্ত্তব্যং নারিকেলাদিভিঃ ফলৈঃ ॥৩৪২॥

অনুবাদ—অস্ত্র সমূহ নিজ নিজ নামে ভক্তিসহ পূজনীয়, নারিকেল ফলের জলদ্বারা অর্ঘ্যদান কর্ত্তব্য

টীকা—স্বনাম্না—সুদর্শনায় নম ইত্যাদিনা রূপেণ ॥ ৩৪২ ॥

শঙ্খোপরি ফলং কৃত্বা গন্ধপুষ্পফলান্বিতম্।
সূত্রেণ বেষ্টনং কৃত্বা দদ্যাদর্ঘ্যং বিধানতঃ ॥৩৪৩॥

অনুবাদ—শঙ্খের উপর ফল রাখিয়া গন্ধপুষ্প-ফলযুক্ত অর্ঘ্যপাত্র সূত্রদ্বারা বেষ্টন করিয়া বিধিমত অর্ঘ্যদান করিবে ॥ ৩৪৩ ॥

দেবদেব মহাদেব মহাপুরুষ পূর্ব্বজ।
সুব্রহ্মণ্য নমস্তেঽস্তু পুণ্যকীর্ত্তিবিবর্দ্ধন ॥ ৩৪৪ ॥

অনুবাদ—অর্ঘ্যদানমন্ত্র—হে দেবদেব! মহাদেব, মহাপুরুষ, আদিদেব, সুব্রহ্মণ্য, পুণ্যকীর্ত্তি বিবর্দ্ধন আপনাকে প্রণাম ॥ ৩৪৪ ॥

শোকমোহমহাপাপান্মামুদ্ধর ভবার্ণবাৎ।
সুকৃতং ন কৃতং কিঞ্চিজ্জন্মান্তরশতৈরপি।
তথাপি মাং জগন্নাথ সমুদ্ধর ভবার্ণবাৎ ॥ ৩৪৫ ॥

অনুবাদ—শোকমোহ মহাপাপ ও ভবসমুদ্র হইতে আমাকে উদ্ধার করুন। শত শত জন্মেও কোন সুকৃত করি নাই। তথাপি আমাকে হে জগন্নাথ! ভবসমুদ্র হইতে উদ্ধার করুন ॥ ৩৪৫ ॥

ব্রতেনানেন দেবেশ যে চান্যে মম পূর্ব্বজাঃ।
বিযোনিঞ্চ গতাশ্চান্যে পাপাম্মুত্যুবশং গতাঃ।
যে ভবিষ্যতি যেঽতীতাঃ প্রেতলোকাৎ সমুদ্ধর ॥৩৪৬

অনুবাদ—হে দেবেশ! এই ব্রতদ্বারা 'আমার পূর্ব্বজাত যে সকল ব্যক্তি পাপহেতু বিযোনি প্রাপ্ত হইয়াছেন এবং যমলোকে গিয়াছেন, যাহারা যাইবেন আর যাহারা অতীতে গিয়াছেন তাহাদিগকে প্রেত-লোক হইতে উদ্ধার করুন ॥ ৩৪৬ ॥

আর্ত্তস্য মম দীনস্য ভক্তিরব্যভিচারিণী।
দত্তমর্ঘ্যং ময়া তুভ্যং ভক্ত্যা গৃহ্ন গদাধর ॥ ৩৪৭ ॥

অনুবাদ—হে গদাধর! আর্ত্ত ও দীন আমার যেন অব্যভিচারিণী ভক্তি হয় এবং ভক্তিসহ আমি আপনাকে অর্ঘ্যদান করিলাম গ্রহণ করুন ॥ ৩৪৭ ॥

দত্ত্বার্ঘ্যং ধূপদীপাদ্যৈর্নৈবেদ্যৈর্হবিরুত্তবৈঃ।
স্তোত্রৈর্নীরাজনৈর্গীতৈর্নৃত্যৈঃ সন্তোষয়েদ্ধরিম্ ॥৩৪৮॥

অনুবাদ—অর্ঘ্যদান পূর্ব্বক ধূপ দীপাদিসহ ঘৃত-পক্ নৈবেদ্য স্তোত্র পাঠ নীরাজন নৃত্যগীত দ্বারা শ্রীহরিকে সন্তুষ্ট করিবেন ॥ ৩৪৮ ॥

বস্ত্রদানৈশ্চ গোদানৈর্ভোজনৈস্তোষয়েৎ গুরুম্।
অকুর্ব্বন্ বিত্তশাঠ্যন্তু ব্রতং কুর্য্যাত্তু বৈষ্ণবঃ ॥৩৪৯॥

অনুবাদ—বস্ত্রদান, গোদান, ভোজন দান দ্বারা শ্রীগুরুদেবকে সন্তুষ্ট করিবেন। বৈষ্ণব বিত্তশাঠ্য না করিয়া ব্রত করিবেন ॥ ৩৪৯ ॥

তুষ্ট্যর্থং পদ্মনাভস্য কার্য্যং জাগরণন্তথা
নিশান্তে ব্রতকৃত্যন্তু গুরবে তন্নিবেদয়েৎ ॥ ৩৫০ ॥

অনুবাদ—পদ্মনাভ শ্রীহরির নিশি জাগরণ করা উচিত। সেইরূপ নিশান্তে ব্রতকৃত্য গুরুদেবে নিবেদন করা কর্ত্তব্য ॥ ৩৫০ ॥

গুরৌ নিবেদিতে ভূপ পরিপূর্ণ ভবেদ্ব্রতম্।
কৃত্বা দিনকৃতং কর্ম্ম ভোজনং ব্রাহ্মণৈঃ সহ।
কর্ত্তব্যং নৃপশার্দূল দিনং নেয়ং কথানকৈঃ ॥৩৫১॥

অনুবাদ—হে রাজন্! শ্রীগুরুদেবে ব্রত নিবেদিত হইলে পর ব্রত পরিপূর্ণ হইবে। নিত্যকর্ম্ম শেষ করিয়া ব্রাহ্মণগণের সহ ভোজন কর্ত্তব্য। হে মহা-রাজ! শ্রীকৃষ্ণ কথা শ্রবণ কীর্ত্তন সহ দিন যাপন করিবেন ॥ ৩৫১ ॥

টীকা—বিধানত ইতি সজলকুঙ্কুমশঙ্খোপরি একসূত্রবেষ্টিতং গন্ধাদিসহিতং ফলং কৃত্বার্ঘ্যং দদ্যা-দিতি বিধানং জ্ঞেয়ম্। তত্র মন্ত্রঃ দেবদেবেত্যাদি। ব্রতকৃত্যং বতোপস্করং শ্রীমূর্ত্ত্যাদিকং, দিনকৃতং দিন-কৃত্যং, কথানকৈঃ ভগবদ্বার্ত্তাদিভিঃ ॥ ৩০৩-৩৫১ ॥

অনেন বিধিনা যস্তু কুর্য্যাদুন্মীলনীব্রতম্।
কল্পকোটিসহস্রাণি বসতে বিষ্ণুসন্নিধৌ ॥ ৩৫২ ॥

অনুবাদ—এইরূপ বিধি অনুসারে যে ব্যক্তি উন্মীলনী ব্রত করেন, তিনি সহস্রকোটি কল্প বিষ্ণুর নিকটে বাস করিবেন ॥ ৩৫২ ॥

টীকা—এবং ব্রতস্য পুনঃ ফলবিশেষমাহ—অনেনেতি দ্বাভ্যাম্ ॥ ৩৫২ ॥

কিঞ্চ—
উন্মীলনীব্রতং কুর্য্যাদেবং যঃ স ধনী ভবেৎ।
দীর্ঘায়ুঃ পুত্রবান্ বিদ্বান্ ন কর্ত্তা
নিরয়ং ব্রজেৎ ॥ ৩৫৩ ॥

অনুবাদ—আরও—এই নিয়মে যে মানব উন্মী-লনী ব্রত করিবেন, তিনি ধনী, দীর্ঘায়ু, পুত্রবান্, বিদ্বান্ হইবেন, অকরণে নরকগামী হইবে ॥৩৫৩॥

ব্রহ্মবৈবর্ত্তে সূতশৌনকসংবাদে—
তাবৎ পাপানি দেহেষু দুঃসহা যমযাতনাঃ।
প্রাণিনাং কুরুতে তাবদ্যাবন্নোন্মীলনীব্রতম্ ॥৩৫৪॥

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তে সূত শৌনক-সংবাদে—প্রাণিগণের শরীরে সেইকাল পর্য্যন্ত দুঃখপ্রদ যম-যাতনা সমূহ ও পাপসমূহ বিদ্যমান থাকে। যে কাল পর্য্যন্ত উন্মীলনী ব্রত না করে ॥ ৩৫৪ ॥

টীকা—যাবদুন্মীলনীব্রতং ন কুরুতে জনঃ তাব-

দেব প্রাণিনাং দেহেষু পাপানি, তাবচ্চ যমযাতনা দুঃসহা ভবন্তীত্যন্বয়ঃ। নকারাভাবপাঠেঽপি উন্মীলনীব্রতাচরণং যাবদেব, পাপাদয়স্তিষ্ঠন্তি, তাবদেব; তস্মিন্ সতি চ ন তিষ্ঠন্তীতি তথৈবার্থঃ ॥৩৫৪

———

যদত্র দীয়তে দানং হূয়তে বাত্র যদ্ধবিঃ।
সর্ব্বং তদক্ষয়ং প্রাহুরুন্মীলন্যাং মহর্ষয়ঃ ॥ ৩৫৫ ॥
ইত্যুন্মীলনীব্রতম্।

অনুবাদ—মহর্ষিগণ বলেন—উন্মীলনী ব্রতে যে সকল দ্রব্য দান করা হয় এবং যে ঘৃত হোম করা হয়, সে সকল অক্ষয় থাকে ॥ ৩৫৫ ॥

এই পর্য্যন্ত উন্মলনী ব্রত কথা সমাপ্ত।

———

অথ ব্যঞ্জুলীব্রতম্

পাদ্ম এব শ্রীগৌতমাম্বরীষসংবাদে—
সম্পূর্ণৈকাদশী যত্র দ্বাদশী চ যদা ভবেৎ।
ত্রয়োদশ্যাং মুহূর্ত্তার্দ্ধং ব্যঞ্জুলী সা হরিপ্রিয়া ॥৩৫৬॥

অনুবাদ—অতঃপর ব্যঞ্জুলী ব্রত কথা, পদ্মপুরাণেই শ্রীগৌতম ঋষি ও অম্বরীষ মহারাজ সংবাদে —যে স্থলে একাদশী অরুণোদয় হইতে সম্পূর্ণা এবং দ্বাদশীও সম্পূর্ণা থাকিয়া ত্রয়োদশী দিনে কিঞ্চিৎ বৃদ্ধিপায় তাহা শ্রীহরিপ্রিয়া 'ব্যঞ্জুলী' মহাদ্বাদশী নামে প্রসিদ্ধা ॥ ৩৫৬ ॥

টীকা—দ্বাদশী চ সম্পূর্ণা সতী ত্রয়োদশ্যাং মুহূর্ত্তার্ধং কিঞ্চিদ্ভবতীত্যর্থঃ ॥ ৩৫৬ ॥

———

শুক্লপক্ষে তথা কৃষ্ণে যদা ভবতি ব্যঞ্জুলী।
একাদশীদিনে ভুক্ত্বা দাদশ্যাং কারয়েদ্ব্রতম্ ॥৩৫৭॥

অনুবাদ—শুক্লপক্ষে বা কৃষ্ণপক্ষে যখন এই ব্যঞ্জুলী মহাদ্বাদশী উপস্থিত হইবে, তখন একাদশী দিনে ভোজন করিয়া দ্বাদশী দিনে ব্রতানুষ্ঠান করিতে-হইবে ॥ ৩৫৭ ॥

———

পারণং দাদশীমধ্যে ত্রয়োদশ্যাং ন কারয়েৎ।
এবং কৃতে মহীপাল যজ্ঞাযুতফলং লভেৎ ॥৩৫৮॥

অনুবাদ—অতি অল্প হইলেও দ্বাদশী মধ্যে পারণ, ত্রয়োদশীতে পারণ করাইবেন না, হে রাজন্! এইরূপ করিলে দশসহস্র যজ্ঞের ফল প্রাপ্ত হওয়া যায় ॥৩৫৮

———

দ্বাদশ্যান্তু নিরাহারঃ পারণা চাপরেঽহনি।
ধর্ম্মার্থকামমোক্ষার্থং করিষ্যে ব্যঞ্জুলীব্রতম্ ॥৩৫৯॥
ইতি নিয়মমন্ত্রঃ।

অনুবাদ—দ্বাদশীতে উপবাস থাকিয়া পরদিনে পারণ, ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষলাভের জন্য ব্যঞ্জুলী ব্রত করিব ॥ ৩৫৯ ॥ ইতি নিয়ম সংকল্প মন্ত্র ॥

———

স্নাত্বা নদ্যাং নদে বাথ তড়াগে বা হ্রদেঽপি বা।
কৃত্বা স্নানং গৃহে বাপি নিত্যকর্ম্ম চ কারয়েৎ ॥৩৬০॥

অনুবাদ—নদীতে, নদে বা পদ্ম পুষ্করিণীতে বা হ্রদে অথবা গৃহে স্নান করিয়া নিত্যকর্ম্ম করিবে ॥ ৩৬০ ॥

———

মাষকেণ সুবর্ণেন কৃত্বা নারায়ণীং তনুম্।
রত্নগর্ভঘটে কৃত্বা তাম্রপাত্রোপরি স্থিতম্ ॥ ৩৬১ ॥
আতপত্রন্তু মায়ূরং বৈণবং বা স্বশক্তিতঃ।
উপানহৌ প্রকর্ত্তব্যং কাংস্যপাত্রং ঘৃতান্বিতম্ ॥৩৬২॥
গোধূমৈঃ পূরয়েৎ পাত্রং স্নাপ্য দেবং ন্যসেত্ততঃ।
বস্ত্রযুগ্মেন সংছাদ্য কার্য্যঞ্চৈব বিলেপনম্ ॥৩৬৩॥
অর্চ্চয়েদুদকুম্ভস্থং পুষ্পমাল্যাভিবেষ্টিতম্।
ততঃ পূজা প্রকর্ত্তব্যা সুগন্ধৈঃ কুসুমৈঃ শুভৈঃ ॥৩৬৪॥

অনুবাদ—একমাষা পরিমিত সুবর্ণ দ্বারা নারায়ণ মূর্ত্তি নির্ম্মাণ করাইয়া রত্নগর্ভ ঘটের উপর তাম্রপাত্রে বসাইয়া নিজশক্তি অনুসারে মস্তকে ময়ূর পুচ্ছের বা বাঁশের ছত্র, চরণে পাদুকাদ্বয় দিয়া ঘৃতযুক্ত কাংস্য-পাত্র গোধূমসমূহ দ্বারা পরিপূর্ণ করিয়া শ্রীনারায়ণকে স্নান করাইয়া পূর্ণ পাত্রের উপর বসাইবে। অতঃপর পরিধেয় ও উত্তরীয় বস্ত্রদ্বয় দ্বারা আচ্ছাদন পূর্ব্বক চন্দনাদি লেপন করিয়া অর্চ্চন করিবে। পুষ্পমাল্যাদি দ্বারা বেষ্টিত জল কুম্ভস্থিত শ্রীনারায়ণকে পবিত্র সুগন্ধি পুষ্পসমূহ দ্বারা পূজা করা কর্ত্তব্য ॥ ৩৬১-৩৬৪ ॥

———

নারায়ণায় পাদৌ তু জানুনী কেশবায় চ।
উরুভ্যাং মাধবায়েতি গুহ্যং কামাধিপায় চ ॥৩৬৫॥
গোবিন্দায় কটিং পূজ্য নাভিং মাধবমূর্ত্তয়ে।
উদরং বিশ্বরূপায় বক্ষঃ কৌস্তুভধারিণে ॥ ৩৬৬ ॥
বৈকুণ্ঠায় নমঃ কণ্ঠং চক্ষুষী জ্যোতিরূপিণে।
সহস্রশীর্ষায় শিরঃ সর্ব্বাঙ্গং বিশ্বরূপিণে ॥ ৩৬৭ ॥

অনুবাদ—চরণদ্বয়ে নারায়ণায় নমঃ, জানুদ্বয়ে কেশবায়, উরুদ্বয়ে মাধবায়, গুহ্যদেশে কামাধিপায়, কটিদেশে গোবিন্দায় মন্ত্রে পূজা করিয়া, নাভিতে মাধবমূর্ত্তয়ে, উদরে বিশ্বরূপায়, বক্ষে কৌস্তুভ ধারিণে, কণ্ঠে বৈকুণ্ঠায় নমঃ, চক্ষুর্দ্বয়ে জ্যোতিরূপিণে, মস্তকে সহস্রশীর্ষায়, সর্ব্বাঙ্গে বিশ্বরূপিণে নমঃ ॥ ৩৬৫-৩৬৭

টীকা—তনুং শ্রীমূর্ত্তিং, ঘটস্থাপনাদিকমন্ত্রাপি পূর্ব্ববৎ জ্ঞেয়ং, বিশেষশ্চান্যঃ স্বয়মেব বক্ষ্যতে। নারায়ণেত্যাদ্যর্ঘ্যমন্ত্রঃ ॥ ৩৬১-৩৬৫ ॥

আয়ুধানি স্বনাম্নৈব এবং দেবার্চ্চনে বিধিঃ।
শুভেন নারিকেলেন দদ্যাদর্ঘ্যং বিধানতঃ ॥ ৩৬৮ ॥

অনুবাদ—চক্রাদি অস্ত্রসমূহে নিজ নিজ নামে পূজা হইবে—এইরূপ দেবপূজায় বিধি পবিত্র নারিকেলজল দ্বারা বিধিমত অর্ঘ্য দিবে ॥ ৩৬৮ ॥

শঙ্খে কৃত্বা তু পানীয়ং সাক্ষতং কুসুমান্বিতম্।
নারায়ণ জগন্নাথ পীতাম্বর জনার্দ্দন।
মামুদ্ধর মহাবিষ্ণো নরকাব্ধেঃ সনাতন ॥ ৩৬৯ ॥

অনুবাদ—শঙ্খে গঙ্গাজল অক্ষতযুক্ত পুষ্পসহ লইয়া অর্ঘ্যমন্ত্র পাঠ করিবে—হে নারায়ণ! হে জগন্নাথ! হে পীতাম্বর! হে জনার্দ্দন! হে মহাবিষ্ণো! হে সনাতন! নরক সমুদ্র হইতে আমাকে উদ্ধার কর॥৩৬৯

সপ্তকল্পগতং পাপং যৎ কৃতং মম পূর্ব্বজৈঃ।
অনেনার্ঘ্যপ্রদানেন সকলং তৎ প্রণশ্যতু।
মুক্তিং প্রয়ান্তু পিতরো ময়া সহ জগৎপতে ॥৩৭০॥

অনুবাদ—আমার পূর্ব্ব পুরুষগণকৃত সপ্তকল্পগত যে পাপ তৎসমস্তই এই অর্ঘ্য প্রদান দ্বারা সম্পূর্ণ বিনাশ হউক। হে জগৎপতে! আমার সহিত পিতৃপুরুষগণ মুক্তিপ্রাপ্ত হউক ॥ ৩৭০ ॥

ময়া তবার্ঘ্যদানেন যে চান্যে পিতরো গতাঃ।
বসন্তু ত্বৎসমীপেঽদ্য দেবদেব জনার্দ্দন ॥ ৩৭১ ॥

অনুবাদ—হে দেবদেব! হে জনার্দ্দন! আমার অন্য যে সকল পিতৃগণ অন্যত্র গিয়াছেন, মৎকর্ত্তৃক প্রদত্ত এই অর্ঘ্যদান দ্বারা অদ্য তোমার নিকটে বাস করুক ॥ ৩৭১ ॥

ব্রতং সম্পূর্ণতাং যাতু ব্যঞ্জুলীসম্ভবং মম।
দশমীসংযুতং দেব যৎ কৃতং দ্বাদশীব্রতম্।
অজ্ঞানাদথবা জ্ঞানাৎ পরিপূর্ণং তদস্তু মে ॥ ৩৭২ ॥

অনুবাদ—আমার ব্যঞ্জুলীব্রত সম্পূর্ণ হউক। হে দেব! দশমীসংযুক্তা যে একাদশী ব্রত অজ্ঞানে বা জ্ঞানে করিয়াছি তাহা পরিপূর্ণ হউক ॥ ৩৭২ ॥

অনেন বিধিনা সম্যগ্‌দত্ত্বার্ঘ্যং মধুসূদনে।
বসেৎ কল্পসহস্রন্তু বিষ্ণোর্লোকে মহেশ্বরি ॥ ৩৭৩ ॥

অনুবাদ—এইরূপ সম্পূর্ণ বিধিঅনুসারে মধুসূদনকে অর্ঘ্যদান করিলে হে মহেশ্বরি! সহস্রকল্প বিষ্ণুলোকে বাস হয় ॥ ৩৭৩ ॥

অগ্নিষ্টোমসহস্রেভ্যঃ অশ্বমেধো বিশিষ্যতে।
অশ্বমেধসহস্রেভ্যো বাজপেয়ো বিশিষ্যতে ॥ ৩৭৪ ॥
বাজপেয়সহস্রেভ্যঃ পুণ্ডরীকো বিশিষ্যতে।
পুণ্ডরীকসহস্রেভ্যঃ সৌত্রামণির্বিশিষ্যতে ॥ ৩৭৫ ॥
সৌত্রামণিসহস্রেভ্যো রাজসূয়ো বিশিষ্যতে।
রাজসূয়সহস্রেভ্যো ব্যঞ্জুলী চাধিকা নৃপ ॥ ৩৭৬ ॥

অনুবাদ—হে মহারাজ! সহস্র অগ্নিষ্টোম হইতে ১ অশ্বমেধ শ্রেষ্ঠ। সহস্র অশ্বমেধ হইতে ১ বাজপেয় শ্রেষ্ঠ, সহস্র বাজপেয় হইতে ১ পুণ্ডরীক যজ্ঞ শ্রেষ্ঠ, সহস্র পুণ্ডরীক হইতে সৌত্রামণি শ্রেষ্ঠ, সহস্র সৌত্রামণি হইতে রাজসূয় শ্রেষ্ঠ, সহস্র রাজসূয় হইতে ব্যঞ্জুলী মহাদ্বাদশী ব্রত শ্রেষ্ঠ ॥ ৩৭৪-৩৭৬॥

ব্যঞ্জুলীতি কৃতোচ্চারৈঃ কলিকালে তু মানবৈঃ ॥
জন্মাযুতসহস্রে তু কৃতঃ পাপস্য সংক্ষয়ঃ ॥ ৩৭৭ ॥

অনুবাদ—কলিকালে মানবগণ ব্যঞ্জুলী এই নাম উচ্চারণ দ্বারাই অযুত সহস্র জন্মের কৃত পাপের সম্যক্ ক্ষয় করে ॥ ৩৭৭ ॥

দত্ত্বা পূজার্ঘ্যদানন্তু ধূপনৈবেদ্যদীপকম্।
কৃত্বা নীরাজনং বিষ্ণোর্গুরুং সম্পূজয়েত্ততঃ ॥৩৭৮॥
দদ্যাদ্বস্ত্রাণি গাং ভূমিং ধান্যং চৈব সদক্ষিণম্।
কুর্য্যাদ্বিত্তানুসারেণ সম্পূর্ণার্থং ব্রতস্য হি ॥ ৩৭৯ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুর, পূজা, অর্ঘ্যদান, ধূপ, দীপ নৈবেদ্য, আরতি করিয়া শ্রীগুরুপূজা করিবে। শ্রীগুরুদেবকে বস্ত্রসমূহ, গাভী, ভূমি, ধান্য ও দক্ষিণা সামর্থ্য অনুসারে দান করিবে ব্রতের সম্পূর্ণ ফল-লাভের জন্য ॥ ৩৭৮-৩৭৯ ॥

টীকা—কুর্য্যাদেবম্ ॥ ৩৭৯ ॥

সন্তুষ্টে তু গুরৌ বিষ্ণুঃ প্রীতো ভবতি নান্যথা।
গুরুং সম্পূজয়েত্তস্মাত্তুষ্ট্যর্থং চক্রপাণিনঃ ॥৩৮০॥

অনুবাদ—শ্রীগুরুদেব সন্তুষ্ট হইলে বিষ্ণু প্রসন্ন হন অন্যথা নহে। অতএব চক্রপাণি শ্রীবিষ্ণুর সন্তোষের জন্য শ্রীগুরুদেবকে পূজা করিবে ॥ ৩৮০ ॥

রাত্রৌ জাগরঃ কার্য্যঃ শ্রোতব্যা বৈষ্ণবী কথা ॥৩৮১॥

অনুবাদ—রাত্রিতে জাগরণ করিবে ও শ্রীভগবৎ কথা শ্রবণ করিবে ॥ ৩৮১ ॥

গীতানামসহস্রন্তু পুরাণং শুকভাষিতম্।
পঠনীয়ং প্রযত্নেন হরেঃ সন্তোষকারণম্ ॥ ৩৮২ ॥

অনুবাদ—শ্রীহরির সন্তোষের জন্য গীতা, সহস্র-নাম, শ্রীশুকদেব প্রোক্ত শ্রীমদ্ভাগবতপুরাণ প্রযত্নসহ পাঠ করিবে ॥ ৩৮২ ॥

প্রত্যেকং গোসহস্রস্য পঠতাং শৃণ্বতাং ফলম্।
গীতং নৃত্যন্তু বাদিত্রং কারয়েৎ পুরতো হরেঃ ॥৩৮৩

অনুবাদ—প্রত্যেক গ্রন্থ পাঠকারী ও শ্রবণকারীর গোসহস্র দানের ফল প্রাপ্তি হয়। শ্রীহরির অগ্রে গীত, নৃত্য, বাদ্য করাইবে ॥ ৩৮৩ ॥

দাতব্যং গুরবে সর্ব্বং প্রভাতে দেবতাদিকম্।
ক্ষমাপয়িত্বা দেবেশং গুরুঞ্চৈব বিশেষতঃ ॥ ৩৮৪ ॥
কৃত্বা নৈমিত্তিকং সর্ব্বং ভোক্তব্যং বন্ধুভিঃ সহ ॥৩৮৫

অনুবাদ—ব্রতের পরদিন প্রভাতে দেবতাদি সর্ব্ব-দ্রব্য শ্রীগুরুদেবকে প্রদান করিবে, শ্রীভগবানের নিকট ক্ষমা প্রার্থনা করিয়া বিশেষতঃ শ্রীগুরুদেবের নিকট ক্ষমা প্রার্থনা পূর্ব্বক নৈমিত্তিক সকল কর্ম্ম শেষে বন্ধুগণের সহিত ভোজন করিবে ॥ ৩৮৪-৩৮৫ ॥

স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে জাগরণপ্রসঙ্গে—
অগম্যাগমনে পাপমভক্ষ্যস্যাপি ভক্ষণে।
পাপং বিলয়মায়াতি কীর্ত্তিতে ব্যঞ্জুলীদিনে ॥৩৮৬॥

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে জাগরণ প্রসঙ্গে—অগম্যা গমনে যে পাপ এবং অভক্ষ্য ভক্ষণে যে পাপ, তৎসমুদয় বিলীন হয় ব্যঞ্জুলীদিনে কীর্ত্তন প্রভাবে ॥ ৩৮৬ ॥

যৎ পাপং ভূমিহরণে দেবস্বহরণে তথা।
মণিকূটং তুলাকূটং স্বর্ণস্তেয়াদিকঞ্চ যৎ ॥ ৩৮৭ ॥
অজ্ঞানাদ্‌যৎ কৃতং পাপং জ্ঞাত্বা যৎ পাতকং কৃতম্।
পূর্ব্বজন্মার্জ্জিতং পাপমিহ জন্মনি যৎ কৃতম্ ॥৩৮৮॥
সর্ব্বং চ ক্ষয়মভ্যেতি কৃত্বৈকং ব্যঞ্জুলীদিনম্।
ন ভবেন্মানসী পীড়া রোগাশ্চাত্যন্তদুঃখদাঃ ॥৩৮৯॥

অনুবাদ—ভূমি হরণে যে পাপ, দেব সম্পদ হরণে যে পাপ, সেইরূপ মণিকূট, তুলাকূট, স্বর্ণ অপ-হরণাদিতে যে পাপ, অজ্ঞানে বা জ্ঞানে কৃত যে সকল পাপ, তৎসমূহই ক্ষয়প্রাপ্ত হয় একটি ব্যঞ্জুলী মহা-দ্বাদশীব্রত পালনে এবং মানসী পীড়া, শোকতাপ ও দৈহিক পীড়া অত্যন্ত দুঃখপ্রদা রোগাদিও ক্ষয় প্রাপ্ত হয় ॥ ৩৮৭-৩৮৯ ॥

ব্রহ্মবৈবর্ত্তে শ্রীসূতশৌনকসংবাদে—
ব্যঞ্জুলীবাসরে বিপ্র সম্প্রাপ্তে গরুড়ধ্বজঃ।
স্বস্থানাদ্বসুধামেত্য কুরুতে চ স্থিতিং বিশন্ ॥৩৯০॥

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণে শ্রীসূত-শৌনক-সংবাদে—হে বিপ্র! ব্যঞ্জুলী মহাদ্বাদশী বাসর উপস্থিত হইলে গরুড়ধ্বজ শ্রীনারায়ণ স্বস্থান বৈকুণ্ঠ হইতে পৃথিবীতে আসিয়া ব্যঞ্জুলীব্রতকারীদের মধ্যে প্রবিষ্ট হইয়া বাস করেন বা ধনী প্রজাগণের বাঞ্ছা পূরণ করেন ॥ ৩৯০ ॥

টীকা—বিশন্ ব্যঞ্জুলীব্রতকারিণাং মধ্যে প্রবিশন্ স্থিতিং কুরুতে বসতীত্যর্থঃ। আস্থিতমিতি পাঠেঽপি ভাবেক্তপ্রত্যয়াৎ স এবার্থঃ। পাঠান্তরে তু বিশাং ধনিনাং প্রজানাং বা ইষ্টং দদাতীত্যর্থঃ, যদ্বা, বিশাঞ্চ ধনিনাং ধনসম্বন্ধিবাঞ্ছাং পূরয়তীত্যর্থঃ ॥ ৩৯০ ॥

ব্যঞ্জুলী-বিমুখং বিপ্রমালোক্য রবিনন্দনঃ।
কুরুতে সংবিদং সাকং চিত্রগুপ্তেন হর্ষিতঃ ॥৩৯১॥

অনুবাদ—ব্যঞ্জুলী ব্রত বিমুখ বিপ্রকে দেখিয়া যমরাজ চিত্রগুপ্তের সহিত আনন্দে পরামর্শ করেন॥৩৯১

টীকা—সংবিদং—মন্ত্রণাম্ ॥ ৩৯১ ॥

অয়মেষ্যতি মন্দাত্মা বিষ্ণুব্রতবহিষ্কৃতঃ।
বশং মমেতি তৎপুণ্যং মার্জ্জয়াদ্ধা পুরাকৃতম্ ॥৩৯২

অনুবাদ—এই ব্যক্তি বিষ্ণুব্রত বহির্ম্মুখ মন্দবুদ্ধি আমার অধীনে আসিতেছে, তাহার পূর্ব্বকৃত পুণ্যসমূহ শীঘ্র লুপ্ত কর ॥ ৩৯২ ॥

শিরোঽর্ত্তির্নিতরামেষা মাং সদৈব প্রবাধতে ॥৩৯৩॥

অনুবাদ—এইরূপ শিরঃপীড়া সর্ব্বদাই আমাকে নিতান্ত দুঃখ দিয়া থাকে ॥ ৩৯৩ ॥

টীকা—শিরসোঽর্ত্তিঃ পীড়া ॥ ৩৯৩॥

কিঞ্চ—
সর্ব্বব্রতানাং চরণং সর্ব্বতীর্থাভিষেচনম্।
সর্ব্বদানপ্রদানঞ্চ সমং স্যাদ্ব্যঞ্জুলীব্রতম্ ॥ ৩৯৪ ॥

অনুবাদ—আরও—সর্ব্বব্রতের আচরণ, সর্ব্বতীর্থ স্নান, সর্ব্ববিধদান প্রদানের তুল্য ব্যঞ্জুলী ব্রত হয় ॥ ৩৯৪ ॥

তত্রান্নদানং বিপ্রায় বিধায় শ্রদ্ধয়ান্বিতঃ।
প্রাপ্নোতি পুরুষো বিপ্র কলুষঃ কৃষ্ণসন্নিধিম্ ॥৩৯৫॥

অনুবাদ—হে বিপ্র! শ্রদ্ধাযুক্ত হইয়া ব্যঞ্জুলী ব্রত শেষে ব্রাহ্মণকে অন্নদান করিলে সেই ব্যক্তি পাপময় থাকিলেও পবিত্র হইয়া শ্রীকৃষ্ণ সান্নিধ্য পায় ॥ ৩৯৫ ॥

টীকা—কলুষঃ পাপরূপোঽপি ॥ ৩৯৫ ॥

লক্ষ্মীং নারায়ণং দেবং সৌবর্ণং তত্র পূজয়েৎ।
যথাশক্ত্যন্নদানঞ্চ দত্ত্বা বৈকুণ্ঠমাপ্নুয়াৎ ॥ ৩৯৬ ॥

অনুবাদ—ব্যঞ্জুলীব্রতে সুবর্ণময় লক্ষ্মীনারায়ণকে পূজা করিয়া যথাশক্তি অন্নদান করিলে বৈকুণ্ঠধাম প্রাপ্তি হয় ॥ ৩৯৬ ॥

অধমর্ণতয়া কামাল্লোভাদ্দম্ভাদপি দ্বিজ।
হন্তি ত্রিপুরুষং পাপং ব্যঞ্জুলী পুরুষৈঃ কৃতা ॥৩৯৭

অনুবাদ—হে দ্বিজ! ঋণী হইয়া, কাম, লোভ বা দম্ভবশতঃও মানবগণ ব্যঞ্জুলী মহাদ্বাদশী ব্রত করিলে নিজের এবং উর্দ্ধ ও অধঃলোকসম্বন্ধি পাপ বিনাশ করে ॥ ৩৯৭ ॥

টীকা—অধমং ধনাভাবেন পরমদোষাবহম্ ঋণং যস্য তস্য ভাবস্তত্তা তয়া ঋণবশ্যতয়েত্যর্থঃ। অতঃ ত্রিপুরুষসম্বন্ধি পাপং হন্তি। যদ্বা, ঋণিত্বেনাপি কৃত্বা, আগমাদিভির্ন মোক্ষো ভবতি ॥ ৩৯৭ ॥

স এষ সর্ব্বশাস্ত্রার্থঃ সর্ব্ববুদ্ধিমতাং মতম্।
হিতং সর্ব্বসমীচীনং যদ্ব্যঞ্জুল্যামুপোষণম্ ॥ ৩৯৮ ॥

অনুবাদ—ব্যঞ্জুলী ব্রতই সর্ব্বশাস্ত্রের প্রতিপাদ্য বিষয়, সকল বুদ্ধিমানের সম্মত, সকলের পক্ষে মঙ্গলপ্রদ ব্যঞ্জুলী দ্বাদশীতে উপবাস পালন ॥ ৩৯৮ ॥

উপবাসং যথাশক্ত্যা দানং ব্রাহ্মণপূজনম্ ।
বিধায় ব্যঞ্জুলীং চৈবং পুরুষো যাতি সদ্‌গতিম্ ॥৩৯৯
ইতি ব্যঞ্জুলীব্রতম্ ।

অনুবাদ—উপবাস, যথাশক্তি দান, ব্রাহ্মণ-পূজন-সহ ব্যঞ্জুলীব্রত অনুষ্ঠান করিয়া এইভাবে মানব সদ্‌গতি প্রাপ্ত হয় ॥ ৩৯৯ ॥

ইতি ব্যঞ্জুলী ব্রত কথা সমাপ্ত ॥

অথ ত্রিস্পৃশাব্রতম্

তত্রৈব—
শুক্লা বৈশাখমাসে তু সম্প্রাপ্তা মধুসূদনী ।
দ্বাদশী ত্রিস্পৃশা নাম পাপকোটিক্ষয়াবহা ॥ ৪০০॥

অনুবাদ—অথ ত্রিস্পৃশা ব্রত কথা, ঐ পুরাণেই—বৈশাখমাসের শুক্লপক্ষে মধুসূদনী দ্বাদশী ত্রিস্পৃশা নাম্নী ইহা কোটিপাপনাশিনী ॥ ৪০০ ॥

ধন্যাঃ সর্ব্বে মনুষ্যাস্তে বৈশাখে মধুসূদনী ।
সম্প্রাপ্তা ত্রিস্পৃশা যৈস্তু বুধবারেণ সংযুতা ॥ ৪০১॥

অনুবাদ—বৈশাখমাসে মধুসূদনী ত্রিস্পৃশা বুধবার যুক্তা হইলে যে সকল মানব প্রাপ্ত হন তাহারাই ধন্যা ॥ ৪০১ ॥

দ্বারকামাহাত্ম্যে তত্রৈব—
আদৌ নন্দা জয়া চান্তে মধ্যে ভদ্রা ভবেদ্‌যদি ।
উপবাসার্চ্চনে গীতে দুর্ল্লভা কৃষ্ণসন্নিধৌ ॥ ৪০২ ॥
একেনৈবোপবাসেন উপবাসাযুতং ফলম্ ।
জাগরে শতসাহস্রং নৃত্যে কোটিগুণং কলৌ ॥৪০৩॥

অনুবাদ—স্কন্দপুরাণে দ্বারকা মাহাত্ম্যে—দিবা প্রথমভাগে একাদশী অন্ত্যে রাত্রিশেষে ত্রয়োদশী, মধ্যে দ্বাদশী যদি হয়, ঐ ত্রিস্পৃশা দুর্ল্লভা দ্বাদশী উপবাসে, শ্রীকৃষ্ণ অর্চ্চনে ও কৃষ্ণসন্নিধানে গীতে, একটি উপবাস দ্বারাই দশ সহস্র অন্য উপবাসের ফল পাওয়া যায়, নিশি জাগরণে শত সহস্র ফল, নৃত্যে কোটিগুণ ফল কলিযুগে প্রাপ্ত হয় ॥ ৪০৩ ॥

গৃহেঽপি কুর্ব্বতামেতাং কিং পুনঃ কৃষ্ণসন্নিধৌ ? ৪০৪

অনুবাদ—গৃহেও এই সকল করিলে ঐরূপ ফল হয়, শ্রীকৃষ্ণের নিকটে করিলে যে ঐ ফল হয় তাহা আর কি বলিব ॥ ৪০৪ ॥

পাদ্মে শ্রীসনৎকুমার-ব্যাসসংবাদে—
সর্ব্বপাপপ্রশমনং মহাপাতকনাশনম্ ।
শৃণু কৃত্বাবধানং ত্বং ত্রিস্পৃশাখ্যং মহাব্রতম্ ॥৪০৫॥

অনুবাদ—পদ্মপুরাণে শ্রীসনৎকুমার-ব্যাস-সংবাদে—সর্ব্ববিধ পাপের প্রশান্তি ও মহাপাতক নাশন ত্রিস্পৃশা নামক মহাব্রত কথা মনোযোগের সহিত তুমি শ্রবণ কর ॥ ৪০৫ ॥

কামদং সস্পৃহাণাঞ্চ নিস্পৃহাণান্তু মোক্ষদম্ ।
ত্রিস্পৃশাখ্যং ব্রতং বিষ্ণোঃ শৃণুষ্ব গদতো মম ॥৪০৬

অনুবাদ—সকাম ব্যক্তিগণের সর্ব্ববাঞ্ছাপূরক, নিষ্কামীদিগের মোক্ষপ্রদ, ত্রিস্পৃশা নামক বিষ্ণুব্রত আমি বলিতেছি শ্রবণ কর ॥ ৪০৬ ॥

প্রত্যক্ষমর্চ্চিতস্তেন কলিকালেঽপি কেশবঃ ।
ত্রিস্পৃশাকীর্ত্তনং নিত্যং যঃ করোতি মহামুনে ॥৪০৭॥

অনুবাদ—হে মহামুনে ! যিনি নিত্য ত্রিস্পৃশা কীর্ত্তন করেন, তিনি কলিকালেও কেশবকে প্রত্যক্ষ-ভাবে অর্চ্চন করেন ॥ ৪০৭ ॥

ন পুরশ্চরণে চীর্ণে সর্ব্বপাপক্ষয়ো ভবেৎ ।
ত্রিস্পৃশা-নামমাত্রেণ ভবতে নাত্র সংশয়ঃ ॥ ৪০৮ ॥

অনুবাদ—পুরশ্চরণ আচরণে সর্ব্বপাপক্ষয় হয় না, ত্রিস্পৃশার নামমাত্রেই সর্ব্বপাপক্ষয় হয়, ইহাতে সংশয় নাই ॥ ৪০৮ ॥

নাগমৈর্ন পুরাণৈশ্চ সমস্তৈস্তীর্থকোটিভিঃ ।
বহুভির্ব্রতসংঘৈশ্চ পূজিতৈস্ত্রিদশৈরপি ॥ ৪০৯ ॥

মোক্ষো ভবতি বিপ্রেন্দ্র ত্রিস্পৃশা ন কৃতা যদি।
মোক্ষার্থং দেবদেবেন সৃষ্টা দেবী তিথীশ্বরী ॥৪১০॥

অনুবাদ—হে বিপ্রবর! আগমসমূহ, পুরাণসমূহ, কোটি তীর্থদ্বারা, বহুবিধ ব্রতসমষ্টি দ্বারা, দেবপূজা দ্বারাও মোক্ষ হয় না, যদি ত্রিস্পৃশা ব্রত না করে দেবদেব শ্রীকৃষ্ণ মানবের মোক্ষের জন্য তিথীশ্বরী ত্রিস্পৃশা দেবীকে সৃষ্টি করিয়াছেন ॥ ৪১০ ॥

বিষয়ৈর্বিপ্র যুক্তানাং ধ্যানধারণবর্জ্জিনাম্।
কামভোগপ্রসক্তানাং ত্রিস্পৃশা মোক্ষদা সদা ॥৪১১॥

অনুবাদ—হে বিপ্র! বিষয়ীগণের ধ্যানধারণাবিহীন জনের এবং সকামীগণের পক্ষে ত্রিস্পৃশা সর্ব্বদা মোক্ষপ্রদা ॥ ৪১১ ॥

টীকা—হে বিপ্র বিষয়ৈর্যুক্তানাম্ ॥ ৪১১ ॥

শঙ্করস্য পুরা প্রোক্তা চতুর্বক্ত্রস্য সাগরে।
ক্ষীরোদে প্রণতানান্তু মৎসমীপে তু চক্রিণা ॥৪১২॥
ত্রিস্পৃশাং যে করিষ্যন্তি বিষয়ৈরপি নির্জ্জিতাঃ।
তেষামপি ময়া দত্তং মোক্ষং সাঙ্খ্যবিবর্জ্জিতম্ ॥৪১৩

অনুবাদ—মহাদেবের সম্মুখে, ক্ষীরোদ সমুদ্রে ব্রহ্মার সম্মুখে এবং প্রণত অন্য ব্যক্তির সম্মুখেও চক্রধর শ্রীবিষ্ণু বলিয়াছেন—বিষয়াসক্ত থাকিয়াও যাহারা ত্রিস্পৃশা ব্রত করিবে, তাহাদের সাংখ্য—আত্ম-অনাত্মজ্ঞান না থাকিলেও মোক্ষপ্রদান করি ॥ ৪১২-৪১৩ ॥

টীকা—প্রণতানামন্যেষাঞ্চ প্রোক্তা ॥ ৪১২ ॥

কুরুষ্ব ত্বং মুনিশ্রেষ্ঠ ত্রিস্পৃশাং মোক্ষদায়িনীম্।
বহুভির্মুনিসঙ্ঘৈস্তু ত্যক্ত্বা সাঙ্খ্যং মহামুনে ॥৪১৪॥
কার্ত্তিকে শুক্লপক্ষে তু ত্রিস্পৃশা ভবতে যদা।
সোমেন সোমজেনাপি পাপকোটিবিনাশিনী ॥ ৪১৫ ॥

অনুবাদ—হে মুনিবর! তুমি মোক্ষদায়িনী ত্রিস্পৃশা ব্রত কর, হে মহামুনে বহুমুনিসঙ্ঘ সাংখ্যজ্ঞান ত্যাগ করিয়া কার্ত্তিকে শুক্লপক্ষে ত্রিস্পৃশা মহাদ্বাদশী যখন হয়, তাহা সোমবার বা বুধবারযুক্ত হইলে কোটিপাপ-বিনাশিনী হয় ॥ ৪১৪-৪১৫ ॥

টীকা—কুরুষ্বেত্যাদি সনৎ কুমারবাক্যং, মুনিসঙ্ঘৈঃ সহ ॥ ৪১৪ ॥

যস্যামুপোষণং কৃত্বা হত্যামুক্তো মহেশ্বরঃ ॥ ৪১৬॥

অনুবাদ—যাহাতে উপবাস করিয়া মহেশ্বর ব্রহ্মহত্যা-জনিত পাতক হইতে মুক্ত হইয়াছিলেন ॥৪১৬॥

হস্তাদ্‌ব্রহ্মকপালন্তু তৎক্ষণাৎ পতিতং মুনে।
গত্বা ভৃগূপদেশেন ত্রিস্পৃশা-সমুপোষণাৎ ॥ ৪১৭ ॥

অনুবাদ—হে মুনে! ভৃগুমুনির উপদেশে ত্রিস্পৃশা মহাদ্বাদশীর উপবাস ফলে মহাদেবের হস্ত হইতে তৎক্ষণাৎ ব্রহ্মকপাল পড়িয়া গিয়াছিল ॥ ৪১৭ ॥

ব্রহ্মহত্যা-সহস্রাণি ত্রিস্পৃশা-সমুপোষণাৎ।
হিত্বাষ্টৌ বাহুবীর্য্যস্তু পূর্ব্বজাতো মহামুনে ॥৪১৮॥

অনুবাদ—হে মহামুনে! পূর্ব্বজাত বাহুবীর্য্য অন্য অষ্টবিধ ব্রত ত্যাগ করিয়া ত্রিস্পৃশা উপবাস ফলে সহস্র ব্রহ্মহত্যা পাপও বিনষ্ট করিয়াছেন ॥ ৪১৮ ॥

কলিকল্মষপাপাত্তু মুক্তা দেবী ত্রিমার্গগা।
উপদেশান্মাধবস্য ত্রিস্পৃশাসমুপোষণাৎ ॥ ৪১৯ ॥

অনুবাদ—ত্রিভুবন প্রবাহিনী গঙ্গাদেবী মাধবের উপদেশে ত্রিস্পৃশা দ্বাদশীর উপবাস ফলে কলিকালজাত পাপ হইতে মুক্ত হইয়াছেন ॥ ৪১৯ ॥

ব্রহ্মহত্যাসহস্রাণি ত্রিস্পৃশাসমুপোষণাৎ।
বিলয়ং যান্তি বিপ্রেন্দ্র পাপেষ্বন্যেষু কা কথা? ৪২০॥

অনুবাদ—হে বিপ্রবর! ত্রিস্পৃশা দ্বাদশীর উপবাস ফলে সহস্র ব্রহ্মহত্যা পাপ বিলয় যায়, অন্য পাপসমূহের কথা আর কি বলিব ॥ ৪২০ ॥

ন প্রয়াগে ন কাশ্যান্তু গোমত্যাং কৃষ্ণসন্নিধৌ।
মোক্ষো ভবতি বিপ্রেন্দ্র ত্রিস্পৃশাসমুপোষণাৎ ॥৪২১॥

অনুবাদ—হে বিপ্রবর! প্রয়াগে, কাশীতে ও গোমতীতে মুক্তি সম্ভাবনা না থাকিলেও কৃষ্ণসন্নিধানে ত্রিস্পৃশা দ্বাদশীর উপবাস ফলে মোক্ষ হয়॥ ৪২১॥

মরণেন প্রয়াগে তু মুক্তিঃ কাশ্যান্তথৈব চ।
স্নানমাত্রেণ গোমত্যাং মুক্তির্ভবতি নান্যথা।
গৃহে চৈব ভবেন্মুক্তিস্ত্রিস্পৃশায়ামুপোষণাৎ॥ ৪২২॥

অনুবাদ—প্রয়াগে ও কাশীতে মরণে মুক্তি হয়, গোমতিতে স্নানমাত্রে মুক্তি হয় ইহার অন্যথা নাই। পরন্তু ত্রিস্পৃশা দ্বাদশী উপবাস ফলে গৃহে থাকিয়াও মুক্তি হয়॥ ৪২২॥

বিষয়ে বর্ত্তমানস্য কামভোগান্বিতস্য চ।
নিবৃত্তবিষয়স্যাপি মুক্তিঃ সাংখ্যেন দুর্ল্লভা॥
তস্মাৎ কুরুষ্ব বিপ্রেন্দ্র ত্রিস্পৃশাং মোক্ষদায়িনীম্॥ ৪২৩॥

অনুবাদ—বিষয়াসক্ত ব্যক্তির ও কাম ভোগযুক্ত ব্যক্তির মুক্তি সুদুর্ল্লভা, বিষয়ে বৈরাগ্যবান্ ব্যক্তিরও সাংখ্যজ্ঞান দ্বারা মুক্তি দুর্ল্লভা। অতএব হে বিপ্রবর! মোক্ষপ্রদায়িনী ত্রিস্পৃশা দ্বাদশীব্রত করুন॥ ৪২৩॥

বেদব্যাস উবাচ—
কীদৃশী স্যান্মুনিবর ত্রিস্পৃশা দ্বাদশী বদ।
বিমুক্তিদা যা মর্ত্ত্যানাং ত্বয়া প্রোক্তা মমাধুনা॥৪২৪॥

অনুবাদ—বেদব্যাস জিজ্ঞাসা করিলেন—হে মুনিবর! (বিমুক্তিদা) ত্রিস্পৃশা দ্বাদশী কিরূপ হয় তাহা বলুন, যাহা মরণশীল ব্যক্তিগণের বিমুক্তিপ্রদা। আপনি এক্ষণে আমার নিকট বলিলেন॥৪২৪॥

শ্রীসনৎকুমার উবাচ—
জাহ্নব্যাঃ পুরতো বিপ্র ত্রিস্পৃশা মাধবেন তু।
প্রাচী-সরস্বতী-তীরে কথিতা সুমহাফলা॥ ৪২৫॥

অনুবাদ—শ্রীসনৎকুমার বলিলেন—হে বিপ্র! প্রাচী সরস্বতী তীরে মাধব কর্ত্তৃক জাহ্নবীর অগ্রে সুমহাফলা ত্রিস্পৃশাদ্বাদশীর কথা উক্ত হইয়াছে॥৪২৫

শ্রীজাহ্নব্যুবাচ—
কলিকল্মষপাপৌঘৈর্ব্রহ্মহত্যাদিকৈর্যুতাঃ।
কলিকালে হৃষীকেশ স্নানং কুর্ব্বন্তি মজ্জলে॥৪২৬॥
তেষাং পাপশতৈর্দগ্ধং মদ্দেহং কলুষীকৃতম্।
কথং যাস্যতি মে দেব পাতকং গরুড়ধ্বজ? ৪২৭॥

অনুবাদ—শ্রীজাহ্নবী জিজ্ঞাসা করিলেন—হে হৃষীকেশ! কলিকালে ব্রহ্মহত্যাদি পাতকসমূহযুক্ত মানবগণ আমার জলে স্নান করিবে। তাহাদের শতশত পাপদ্বারা আমার দেহ কলুষিত হইয়া দগ্ধ হইবে। হে দেব! হে গরুড়ধ্বজ! আমার পাতকসমূহ কিরূপে অপগত হইবে? ৪২৬-৪২৭॥

শ্রীপ্রাচীমাধব উবাচ—
কথয়ামি ন সন্দেহো মা পুত্রি রোদনং কুরু।
শ্রীস্থলং নাম মে স্থানং প্রাচীদেবী মমাগ্রতঃ॥৪২৮॥
বহতে ব্রহ্মতনয়া মদ্দৃষ্ট্যগ্রে সুরেশ্বরি।
স্নানং কুরুষ্ব নিত্যং ত্বং মন্ত্রপূতা ভবিষ্যসি॥৪২৯॥

অনুবাদ—শ্রীপ্রাচীমাধব বলিলেন—বলিতেছি, ইহাতে সন্দেহ নাই, হে পুত্র! রোদন করিও না। শ্রীস্থল নামক আমার স্থান, তথায় ব্রহ্মতনয়া প্রাচী সরস্বতী আমার সম্মুখে প্রবাহিতা, হে সুরেশ্বরি! আমার দৃষ্টির সামনে সেই সরস্বতীর জলে তুমি নিত্য স্নান কর, তাহা হইলেই মন্ত্রপবিত্রা হইবে॥৪২৮-৪২৯

যত্র প্রাচী ব্রহ্মসুতা তত্রাহং নাস্তি সংশয়ঃ।
তীর্থকোটিশতৈর্যুক্তঃ সুরৈঃ সহ বসাম্যহম্॥৪৩০॥

অনুবাদ—যে স্থানে ব্রহ্মপুত্রী প্রাচী সরস্বতী সে স্থলে আমি বিদ্যমান ইহাতে সংশয় নাই। কোটিশত তীর্থযুক্ত হইয়া দেবগণের সহিত আমি বাস করি॥ ৪৩০॥

তত্র নশ্যন্তি পাপানি যত্র প্রাচী সরস্বতী।
বিশেষতো মমাগ্রে তু কলিকালে বিশেষতঃ ॥৪৩১॥

অনুবাদ—যেখানে প্রাচী সরস্বতী সে স্থলে পাপসমূহ নষ্ট হয়, বিশেষতঃ আমার সম্মুখে এবং বিশেষতঃ কলিকালে ॥ ৪৩১ ॥

———

শ্রীজাহ্নব্যুবাচ—
নাহং শক্নোমি দেবেশ আগন্তুং নিত্যমেব হি।
কথং নশ্যন্তি পাপানি কথয়স্বেহ মাধব ॥ ৪৩২ ॥

অনুবাদ—শ্রীজাহ্নবী বলিলেন—হে দেবেশ! আমি নিত্য আসিতে সমর্থ হইব না, হে মাধব! কিরূপে আমার পাপ নষ্ট হইবে এক্ষেত্রে বলুন ॥৪৩২

———

শ্রীপ্রাচীমাধব উবাচ—
সরস্বত্যধিকা যা চ তীর্থকোটিশতাধিকা।
মখকোট্যধিকা যাপি ব্রতদানাধিকা চ যা ॥ ৪৩৩ ॥
তপোজপাধিকা নিত্যং চতুর্বর্গফলপ্রদা।
সাংখ্যযোগাধিকা যা চ ত্রিস্পৃশাং
কুরু তাং শুভে ॥ ৪৩৪ ॥

অনুবাদ—শ্রীপ্রাচী মাধব বলিলেন—হে শুভে! যাহা সরস্বতী হইতে শ্রেষ্ঠা শতকোটি তীর্থ হইতে শ্রেষ্ঠা, যাহা যজ্ঞকোটি শ্রেষ্ঠা, যাহা ব্রতদানাদি হইতে শ্রেষ্ঠা, তপস্যা জপাদি হইতে শ্রেষ্ঠা, নিত্য চতুর্বর্গফলপ্রদা; সাংখ্য-যোগাদি হইতে যাহা শ্রেষ্ঠা, সেই ত্রিস্পৃশা দ্বাদশী ব্রত পালন কর ॥ ৪৩৩-৪৩৪ ॥

———

যস্মিন্ মাসে সমায়াতি সিতা চাপ্যসিতাথবা।
কর্ত্তব্যা সা সরিৎশ্রেষ্ঠে তব পাপং হরিষ্যতি ॥৪৩৫॥

অনুবাদ—হে নদী শ্রেষ্ঠে গঙ্গে! যে মাসে শুক্লপক্ষে বা কৃষ্ণপক্ষে ত্রিস্পৃশা দ্বাদশী উপস্থিত হইবে, সেই ব্রত পালন করিলে ত্রিস্পৃশা তোমার পাপ হরণ করিবে ॥ ৪৩৫ ॥

———

শ্রীমন্দাকিন্যুবাচ—
কীদৃশী ত্রিস্পৃশা দেব মমাচক্ষ্ব মাধব।
ঈদৃশী মহিমা যস্যাস্ত্বয়া প্রোক্তা মমাধুনা ॥ ৪৩৬ ॥

অনুবাদ—শ্রীমন্দাকিনী বলিলেন—হে মাধবদেব! ত্রিস্পৃশা দ্বাদশী কিরূপ আমায় বলুন। এইরূপ মহিমা যাহার, আপনি এক্ষণে আমার নিকট বলিলেন ॥ ৪৩৬ ॥

———

দশম্যেকাদশী ভদ্রা দিনৈকস্মিন্ যদা ভবেৎ।
ত্রিস্পৃশা সা ভবেদ্দেব ন বেদ্মি বদ মে প্রভো ॥৪৩৭॥

অনুবাদ—দশমী একাদশী দ্বাদশী একদিনে যখন হইবে, হে দেব! তাহাই ত্রিস্পৃশা হইবে কি না জানি না, হে প্রভো আমায় বলুন ॥ ৪৩৭ ॥

টীকা—ভদ্রা—দ্বাদশী ॥ ৪৩৭ ॥

———

শ্রীপ্রাচীমাধব উবাচ—
আসুরী ত্রিস্পৃশা দেবি যা ত্বয়া পরিকীর্ত্তিতা।
বর্জ্জনীয়া প্রযত্নেন ব্রতহীনো যথা যতিঃ ॥ ৪৩৮ ॥

অনুবাদ—শ্রীপ্রাচীমাধব বলিলেন—হে দেবি! তুমি যাহা বলিলে উহা দশমী যুক্তা আসুরী ত্রিস্পৃশা যত্নসহ বর্জ্জন করিবে, ব্রতহীন সন্ন্যাসী যেমন বর্জ্জনীয় ॥ ৪৩৮ ॥

———

অসুরাণাং রাক্ষসানামায়ুর্বলবিবর্দ্ধিনী।
বর্জ্জনীয়া প্রযত্নেন যথা নারী রজস্বলা ॥ ৪৩৯ ॥

অনুবাদ—অসুরগণের ও রাক্ষসগণের আয়ু, বল বিবর্দ্ধিনী দশমীযুক্তা ত্রিস্পৃশা যত্নসহকারে বর্জ্জন কর্ত্তব্য, যেমন রজস্বলানারী বর্জ্জনীয় ॥ ৪৩৯ ॥

———

যথা রজস্বলাসঙ্গমন্যায্যং বর্জ্জিতং সদা।
তথা দশমিসংযুক্তং মদ্দিনং বৈষ্ণবৈর্নরৈঃ ॥ ৪৪০ ॥

অনুবাদ—যেমন রজস্বলা সঙ্গ অন্যায্য, সর্ব্বদা বর্জ্জনীয়, সেইরূপ দশমীসংযুক্তা হরিবাসর বৈষ্ণবগণ কর্ত্তৃক বর্জ্জনীয় ॥ ৪৪০ ॥

———

হত্যাযুতশতং হন্তি মৎপ্রসাদেন লভ্যতে।
মৎপ্রসাদবিহীনানাং ত্রিস্পৃশা যাতি জাহ্নবি ॥৪৪১॥

অনুবাদ—হে জাহ্নবি ! ত্রিস্পৃশা আমার প্রসাদে অযুতশত হত্যার পাপ নাশ করে, আমার প্রসন্নতা বিহীন গণের পক্ষে ত্রিস্পৃশা নিষ্ফল হয় ॥ ৪৪১ ॥

টীকা—মৎপ্রসাদেনৈব ত্রিস্পৃশা লভ্যতে। যাতি ব্যর্থতামিতি শেষঃ ॥ ৪৪১ ॥

একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী।
ত্রিস্পৃশা সা তু বিজ্ঞেয়া দশমীসংযুতা ন হি ॥৪৪২॥

অনুবাদ—প্রাতে একাদশী মধ্যে দ্বাদশী রাত্রিশেষে ত্রয়োদশী তাহাই ত্রিস্পৃশা মহাদ্বাদশী জানিবে, দশমী সংযুক্তা ত্রিস্পৃশা শুদ্ধা নহে ॥ ৪৪২ ॥

ভুক্তং হালাহলং তেন শ্ববিষ্ঠাভক্ষণং কৃতম্।
দশমীমিশ্রিতং যেন কৃতমেকাদশীব্রতম্ ॥ ৪৪৩ ॥

অনুবাদ—যে ব্যক্তি দশমী মিশ্রিতা একাদশী ব্রত করে, সেই ব্যক্তি হলাহল বিষ ভক্ষণ করে ও কুক্কুরবিষ্ঠা ভক্ষণ করে ॥ ৪৪৩ ॥

ইতি জ্ঞাত্বা ন কর্ত্তব্যং মদ্দিনং দশমীযুতম্।
জন্মকোটিকৃতং পুণ্যং সন্তানং যাতি চ ক্ষয়ম্ ॥৪৪৪

অনুবাদ—ইহা জানিয়া দশমীযুক্তা হরিবাসর কর্ত্তব্য নহে। কোটি জন্মকৃত পুণ্য ও সন্তান ক্ষয় হয় দশমীযুক্তা একাদশী ব্রতে ॥ ৪৪৪ ॥

পক্ষবৃদ্ধৌ বিশেষেণ সন্দেহে সমুপস্থিতে।
মমাজ্ঞয়া প্রকর্ত্তব্যা দ্বাদশী বল্লভা সদা ॥ ৪৪৫ ॥

অনুবাদ—বিশেষতঃ পক্ষবৃদ্ধি হইলে সন্দেহ উপস্থিত স্থলে আমার আজ্ঞায় আমার প্রিয়া দ্বাদশী-ব্রত সর্ব্বদা কর্ত্তব্যা ॥ ৪৪৫ ॥

মমাজ্ঞয়া প্রকর্ত্তব্যং মদ্দিনং মৎপরায়ণৈঃ।
মদ্দিনং তদ্বিজানীয়াদ্দশমীবেধবর্জ্জিতম্ ॥ ৪৪৬ ॥

অনুবাদ—হরিপরায়ণ ব্যক্তিগণ কর্ত্তৃক আমার আজ্ঞায় হরিবাসর কর্ত্তব্য, দশমীবেধহীন একাদশী বা দ্বাদশী আমার দিন জানিবে ॥ ৪৪৬ ॥

শ্রীবেদব্যাস উবাচ—
বিধানং ব্রুহি মে ব্রহ্মন্ মুনে যেন করোম্যহম্ ॥৪৪৭

অনুবাদ—শ্রীবেদব্যাস বলিলেন—হে ব্রহ্মন্ ! হে মুনে, ! ত্রিস্পৃশা ব্রতের বিধান বলুন যাহাতে আমি ব্রত করিতে পারি ॥ ৪৪৭ ॥

শ্রীসনৎকুমার উবাচ—
দামোদরং হেমময়ং কৃত্বা বিভবসারতঃ।
পাত্রং তাম্রময়ং কার্য্যং তণ্ডুলৈঃ পরিপূরিতম্ ॥৪৪৮
সজলন্তু ঘটং শুদ্ধং পঞ্চরত্নসমন্বিতম্।
বেষ্টিতং পুষ্পমালাভিঃ কর্পূরাগুরুবাসিতম্ ॥৪৪৯॥
ন্যসেত্তাম্রময়ং দেবং স্নাপয়িত্বা বিলেপিতম্।
পরিধানং ততঃ কার্য্যং বস্ত্র-যুগ্মেন ভক্তিতঃ ॥৪৫০

অনুবাদ—শ্রীসনৎকুমার বলিলেন—অর্থ সামর্থ্য অনুসারে সুবর্ণময় দামোদর মূর্ত্তি নির্ম্মাণ করিয়া তাম্রময় পাত্রে তণ্ডুল পরিপূর্ণ করিয়া শুদ্ধ সজল পঞ্চ-রত্নগর্ভ পুষ্পমালাবেষ্টিত কর্পূর অগুরু বাসিত তাম্র-ময় ঘট স্থাপন করিবে। অতঃপর দামোদর দেবকে স্নান করাইয়া চন্দনাদি দ্বারা বিলেপন করিয়া ভক্তি-সহকারে বস্ত্রদ্বয় পরিধান করাইবে ॥ ৪৪৮-৪৫০ ॥

টীকা—বিভবসারতঃ—নিজধনাদ্যনুসারেণ ॥৪৪৮

টীকা—পাত্রং ঘটঞ্চ ন্যাসেদিত্যন্বয়ঃ, তচ্চ পূর্ব্ববদূহ্যম্ ॥ ৪৪৯-৪৫০ ॥

মন্ত্রৈস্তু পূজনং কার্য্যং গুরুণা সমুদীরিতৈঃ।
পুষ্পৈঃ কালোদ্ভবৈঃ শুভ্রৈস্তুলসীদলকোমলৈঃ ॥৪৫১

অনুবাদ—শ্রীগুরুদেবের উপদিষ্ট মন্ত্রসমূহদ্বারা পূজন করিবে। যথাকালোদ্ভব শুভ্র পুষ্পসমূহদ্বারা এবং কোমল তুলসীদল দ্বারা পূজন করিবে ॥ ৪৫১॥

ছত্রন্তু বৈণবং দদ্যাৎ পাদুকাহম্বরসংযুতম্।
নৈবেদ্যানি বিচিত্রাণি ফলানি সুবহূন্যপি ॥ ৪৫২ ॥

অনুবাদ—বংশদণ্ডযুক্ত ছত্র ও বস্ত্রযুক্ত পাদুকা দান করিবে। বিচিত্র নৈবেদ্য উত্তম বহুবিধ ফলও দান করিবে ॥ ৪৫২ ॥

উপবীতং তু দাতব্যং সোত্তরীয়ং নবং দৃঢ়ম্।
বৈণবং দাপয়েদ্দণ্ডং সুরূপং সুন্নতং শুভম্ ॥৪৫৩॥

অনুবাদ—উত্তরীয় সহ উপবীত দান করিবে। নূতন দৃঢ় বংশদণ্ড সুন্দর উন্নত ও পবিত্র দান করিবে ॥ ৪৫৩ ॥

দামোদরায় পাদৌ তু জানুনী মাধবায় তু।
গুহ্যন্তু কামপতয়ে কটিং বামনমূর্ত্তয়ে ॥ ৪৫৪ ॥
পদ্মনাভায় নাভিন্তু উদরং বিশ্বমূর্ত্তয়ে।
হৃদয়ং জ্ঞানগম্যায় কণ্ঠং শ্রীকণ্ঠসংজ্ঞকে ॥ ৪৫৫ ॥
সহস্রবাহবে বাহুং চক্ষুষী যোগনায়কে।
ললাটমুরুগায়েতি সহস্রশিরসে শিরঃ ॥ ৪৫৬ ॥
স্বনাম্না চায়ুধাদীনি সর্ব্বাঙ্গং চারুরূপিণে।
সম্পূজ্য বিধিবদ্ভক্ত্যা অর্ঘ্যং দদ্যাদ্বিধানতঃ ॥৪৫৭॥

অনুবাদ—পূজা-মন্ত্র—চরণদ্বয়ে দামোদরায় নমঃ, জানুতে মাধবায়, গুহ্যদেশে কামপতয়ে, কটিতে বামন মূর্ত্তয়ে, নাভিতে পদ্মনাভায়, উদরে বিশ্বমূর্ত্তয়ে, হৃদয়ে জ্ঞানগম্যায়, কণ্ঠে শ্রীকণ্ঠায়, বাহুদ্বয়ে সহস্র-বাহবে, চক্ষুর্দ্বয়ে যোগনায়কে, ললাটে উরুগায়, মস্তকে সহস্র শিরসে, অস্ত্রসমূহে নিজ নিজ নামে, সর্ব্বাঙ্গে চারুরূপিণে—এইভাবে যথাবিধি ভক্তিসহ পূজা করিয়া বিধি অনুসারে অর্ঘ্য দান করিবে ॥ ৪৫৪-৪৫৭ ॥

টীকা—শ্রীকণ্ঠসংজ্ঞকম্ ইতি, শ্রীকণ্ঠায় নম ইতি জ্ঞেয়ম্ এবমন্যত্রাপি। উরগায়েতি পাঠে উরগশয়-নায়েতি জ্ঞেয়ম্ ॥ ৪৫৫-৪৫৬ ॥

শুভ্রেণ নারিকেলেন শঙ্খোপরি-স্থিতেন হি।
সূত্রেণ বেষ্টিতেনৈব উভাভ্যাং পাণিসংস্থিতম্ ॥৪৫৮

অনুবাদ—শুভ্র নারিকেল শঙ্খোপরি স্থাপন পূর্ব্বক সূত্রদ্বারা বেষ্টিত করিয়া দুইহস্তে ধরিবে ॥ ৪৫৮ ॥

টীকা—উভাভ্যাং পাণিভ্যামর্ঘ্যং দদ্যাদিতি পূর্ব্বেণান্বয়ঃ। অর্ঘ্যমেব বিশিনষ্টি—পাণ্যোঃ সং-স্থিতমিতি ॥ ৪৫৮ ॥

স্মৃতো হরসি পাপানি সত্যং যদি জনার্দ্দন।
দুঃস্বপ্নং দুর্নিমিত্তঞ্চ মনসো দুর্বিচিন্তিতম্ ॥ ৪৫৯ ॥
নারকঞ্চ ভয়ং দেব ভয়ং দুর্গতিসম্ভবম্।
ভয়মন্যৎ মহাদেব ঐহিকং পারলৌকিকম্ ॥৪৬০॥
সর্ব্বং নাশয় মে বিষ্ণো গৃহাণার্ঘ্যং জনার্দ্দন।
মম ভক্তিঃ সদৈবাস্তু দামোদর তবোপরি ॥ ৪৬১ ॥

অনুবাদ—অর্ঘ্যমন্ত্র—হে জনার্দ্দন! তোমাকে স্মরণ করিলে সত্যই যদি পাপসমূহ হরণ কর, তাহা হইলে দুঃস্বপ্ন, দুর্নিমিত্ত, মনের দুশ্চিন্তা, নারকভয়, হে দেব! দুর্গতিজাতভয়, ইহা ব্যতীত হে মহাদেব! ঐহিক ও পারলৌকিক ভয়, হে বিষ্ণু! আমার সর্ব্ববিধভয় সকলই নাশ কর। হে জনার্দ্দন! অর্ঘ্য গ্রহণ কর, হে দামোদর! আমার ভক্তি তোমার চরণে সর্ব্বদাই থাকুক ॥ ৪৫৯-৪৬১ ॥

টীকা—স্মৃত ইত্যাদ্যর্ঘ্যমন্ত্রঃ ॥ ৪৫৯ ॥

ধূপদীপন্তু নৈবেদ্যং কুর্য্যান্নীরাজনং ততঃ।
শিরোপরি মুনিশ্রেষ্ঠ ভ্রাময়েজ্জলজং হরেঃ ॥ ৪৬২ ॥

অনুবাদ—অনন্তর ধূপ, দীপ, নৈবেদ্য নিবেদনান্তে আরতি করিবে। হে মুনিশ্রেষ্ঠ! শ্রীহরির মস্তকো-পরি সজল শঙ্খ ভ্রমণ করাইবে ॥ ৪৬২ ॥

কৃত্বা বিধানমেতদ্ধি পূজয়েৎ স্বগুরুং ততঃ।
দদ্যাদ্বস্ত্রানি শুভ্রাণি গন্ধমাল্যাদিনার্চ্চয়েৎ ॥ ৪৬৩ ॥

অনুবাদ—এই বিধিমত পূজা করিয়া অনন্তর নিজ শ্রীগুরুদেবকে শুভ্র বস্ত্রসমূহ ও গন্ধমাল্যাদিদ্বারা অর্চ্চন করিবে ॥ ৪৬৩ ॥

টীকা—শিরসঃ উপরি বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ। জলজং শঙ্খম্ ॥ ৪৬৩ ॥

উপানহৌ চ ছত্রঞ্চ মুদ্রিকাঞ্চ কমণ্ডলুম্।
ভোজনঞ্চৈব তাম্বূলং সপ্তধান্যং সুদক্ষিণম্ ॥ ৪৬৪ ॥

অনুবাদ—পাদুকা, ছত্র, অঙ্গুরী, কমণ্ডলু, ভোজ্য, তাম্বূল, সপ্তধান্য ও উত্তম দক্ষিণা প্রদান করিবে।।৪৬৪

সম্পূজ্য দেবদেবেশং কুর্য্যাজ্জাগরণং হরেঃ।
গীতনৃত্যসমাযুক্তং তথা শাস্ত্রসমন্বিতম্ ॥ ৪৬৫ ॥

অনুবাদ—দেবদেবেশ্বর শ্রীহরিকে পূজা করিয়া শাস্ত্রপাঠ গীত, নৃত্য, বাদ্যাদি সহ শ্রীহরিজাগরণ করিবে ॥ ৪৬৫ ॥

টীকা—ভোজনং ভোজ্যম্ ॥ ৪৬৫ ॥

নিশান্তে পুনরীশায় দত্বা চার্ঘ্যং বিধানতঃ।
স্নানাদিকাং ক্রিয়াং কৃত্বা ভুঞ্জীয়াদ্ব্রাহ্মণৈঃ সহ॥৪৬৬
ইতি ত্রিস্পৃশাব্রতম্।

অনুবাদ—নিশান্তে পুনরায় শ্রীভগবান্‌কে বিধিমত অর্ঘ্যদান করিয়া স্নানাদি নিত্যক্রিয়া সমাপন করিয়া ব্রাহ্মণগণের সহিত ভোজন করিবে ॥ ৪৬৬॥

ইতি ত্রিস্পৃশা ব্রত কথা ॥

অথ পক্ষবৰ্দ্ধিনীব্রতম্

পাদ্মে শ্রীব্রহ্মোক্তৌ—
অমা বা যদি বা পূর্ণা সম্পূর্ণা জায়তে যদা।
ভূত্বা চ ষষ্টিঘটিকা দৃশ্যতে প্রতিপদ্দিনে।
অশ্বমেধাযুতৈস্তুল্যা সা ভবেৎ পক্ষবৰ্দ্ধিনী ॥ ৪৬৭ ॥

অনুবাদ—অথ পক্ষবৰ্দ্ধিনী দ্বাদশী ব্রতকথা, পদ্মপুরাণে শ্রীব্রহ্মার উক্তি—অমাবস্যা বা পূর্ণিমা যখন সম্পূর্ণ ৬০ দণ্ড অহোরাত্র থাকিয়া পরে প্রতিপদ দিনে কিঞ্চিৎ দৃশ্য হয়, ঐপক্ষের দ্বাদশীর নাম পক্ষবৰ্দ্ধিনী মহাদ্বাদশী, দশসহস্র অশ্বমেধ যজ্ঞের সমতুল্য হইবে ॥ ৪৬৭ ॥

টীকা—ষষ্টিঘটিকা ব্যাপ্য ভূত্বা সম্পূর্ণা যদি দৃশ্যতে। অতএব প্রতিপদ্দিনে চ কিঞ্চিদ্দৃশ্যতে ॥৪৬৭

পূজাবিধিস্তু বিপ্রেন্দ্রাঃ শ্রোতুমর্হথ সাম্প্রতম্ ॥৪৬৮॥

অনুবাদ—হে বিপ্রবরগণ সম্প্রতি পূজাবিধি শ্রবণ করিতে পার ॥ ৪৬৮ ॥

মন্ত্রৈঃ সম্পূজিতো বিষ্ণুরর্ঘ্যদানেন তুষ্যতি ॥ ৪৬৯ ॥

অনুবাদ—মন্ত্রসমূহ দ্বারা সম্যক্ পূজিত হইয়া শ্রীবিষ্ণু অর্ঘ্যদান দ্বারা তুষ্ট হন ॥ ৪৬৯ ॥

জলপূর্ণং নবং কুম্ভঃ চন্দনেনৈব চৰ্চ্চিতম্।
পঞ্চরত্নসমাযুক্তং পুষ্পমালা-বিভূষিতম্।
স্থাপ্যং তাম্রময়ং পাত্রং সগোধূমং ঘটোপরি ॥৪৭০॥

অনুবাদ—জলপূর্ণ নূতন ঘট চন্দনদ্বারা অঙ্কিত হইয়া পঞ্চরত্নযুক্ত ও পুষ্পমালা বিভূষিত করিয়া স্থাপন করিবে, তাহার উপরে তাম্রপাত্র গমপূর্ণ করিয়া স্থাপন করিবে ॥ ৪৭০ ॥

সৌবর্ণং কারয়েদ্দেবং মাসসংজ্ঞাবিধানকম্।
পঞ্চামৃতেন স্নপনং কর্ত্তব্যং মাধবস্য চ ॥ ৪৭১ ॥

অনুবাদ—স্বর্ণময় শ্রীনারায়ণ মূর্ত্তি মাসের নামানুসারে নির্ম্মাণ করিয়া পঞ্চামৃত দ্বারা স্নান করাইবে ॥ ৪৭১ ॥

বিলেপনন্তু কর্ত্তব্যং কুঙ্কুমাগুরুচন্দনৈঃ।
বস্ত্রযুগ্মন্তু দাতব্যং ছত্রোপানৎ-সুসংযুতম্ ॥ ৪৭২ ॥

অনুবাদ—কুঙ্কুম অগুরু চন্দন দ্বারা তিলকাদি রচনা করিয়া পরিধেয় ও উত্তরীয় বস্ত্রদ্বয়, ছত্র, পাদুকা, উত্তম দ্রব্য দান কর্ত্তব্য ॥ ৪৭২ ॥

পূজয়েদ্দেবতামীশং কুম্ভপাত্রোপরি স্থিতম্।
পদ্মনাভায় পাদৌ তু জানুনী যোগমূর্ত্তয়ে ॥ ৪৭৩ ॥
ঊরুযুগ্মং নৃসিংহায় কটিং জ্ঞানপ্রদায় চ।
উদরং বিশ্বনাথায় হৃদয়ং শ্রীধরায় চ ॥ ৪৭৪ ॥

কণ্ঠং কৌস্তুভকণ্ঠায় বাহূ ক্ষত্রান্তকায় চ।
ললাটং ব্যোমমূর্ত্তায় শিরো বৈ সর্ব্বরূপিণে।
স্বনাম্না চৈব শস্ত্রাণি সর্ব্বাঙ্গং দিব্যরূপিণে ॥৪৭৫॥
এবং সম্পূজ্য বিধিবৎ ততোঽর্ঘ্যং সম্প্রদাপয়েৎ।
নারিকেলেন শুভ্রেণ দেবদেবস্য চক্রিণঃ ॥ ৪৭৬ ॥

অনুবাদ—পূর্ণকুম্ভ ও পাত্রের উপরিস্থিত পরমেশ্বরদেবকে পূজা করিবে, চরণদ্বয়ে পদ্মনাভায় নমঃ, জানুদ্বয়ে যোগমূর্ত্তয়ে, উরুদ্বয়ে নৃসিংহায়, কটিতে জ্ঞান প্রদায়, উদরে বিশ্বনাথায়, হৃদয়ে শ্রীধরায়, কণ্ঠে কৌস্তুভ কণ্ঠায়, বাহুদ্বয়ে ক্ষত্রান্তকায়, ললাটে ব্যোমমূর্ত্তায়, মস্তকে সর্ব্বরূপিণে নমঃ, শাস্ত্রসমূহে নিজ নিজ নামে, সর্ব্বাঙ্গে দিব্যরূপিণে নমঃ, এইরূপে বিধিমতে পূজা করিয়া অনন্তর দেবদেব চক্রধারীকে শুভ্র নারিকেল দ্বারা অর্ঘ্য সম্প্রদান করাইবে ॥ ৪৭৩-৪৭৬ ॥

তত্র অর্ঘ্যমন্ত্রঃ

সংসারার্ণবপোতায় পাপকক্ষামহানল।
নরকাগ্নিপ্রশমন জন্মমৃত্যুজরাপহ ॥ ৪৭৭ ॥
মামুদ্ধর জগন্নাথ পতিতং ভবসাগরে।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং পদ্মনাভ নমোঽস্তু তে ॥৪৭৮॥

অনুবাদ—অর্ঘ্য মন্ত্র—সংসার-সমুদ্রের পোতস্বরূপ আপনাকে নমস্কার, হে পাতকতৃণদাহকারিন্ হে নরকাগ্নি প্রশমন, জন্মমৃত্যু জরা অপহারিন্, হে জগন্নাথ ভবসাগরে পতিত আমাকে উদ্ধার কর, হে পদ্মনাভ। মৎপ্রদত্ত অর্ঘ্য গ্রহণ কর, তোমাকে প্রণাম ॥ ৪৭৭-৪৭৮ ॥

টীকা—অর্ঘ্যমন্ত্রঃ—সংসারেত্যাদিঃ ॥ ৪৭৭ ॥

নৈবেদ্যানি প্রদেয়ানি ঘৃতপক্কানি চক্রিণে।
ফলানি সুমনোজ্ঞানি স্বাদূনি রসবন্তি চ। ৪৭৯ ॥

অনুবাদ—চক্রধারীকে ঘৃতপক্ক নৈবেদ্যসমূহ প্রদান করিবে, সুস্বাদু রসাল সুন্দর ফলসমূহ প্রদান করিবে ॥ ৪৭৯ ॥

সাগুরুঞ্চ সকর্পূরং দদ্যাদ্ধূপন্তু মাধবে।
সঘৃতং গুগ্গুলুঞ্চাপি দদ্যাদ্বিত্তানুসারতঃ ॥ ৪৮০ ॥

অনুবাদ—অগুরুসহ কর্পূর বাতি ও ধূপ মাধবকে দিবে, সামর্থ্য অনুসারে ঘৃতসহ গুগ্গুলও দিবে ॥৪৮০

তাম্বূলন্তু সকর্পূরং দদ্যাদ্দেবস্য ভক্তিতঃ।
ঘৃতেন দীপকং দদ্যাত্তিলতৈলেন বা পুনঃ ॥ ৪৮১ ॥

অনুবাদ—কর্পূর সহ তাম্বূল দেবতার উদ্দেশ্যে ভক্তসহ প্রদান করিবে, ঘৃত বা তিল তৈল দ্বারা পুনরায় প্রদীপ দিবে ॥ ৪৮১ ॥

কৃত্বা সম্যগ্বিধানেন গুরুপূজান্তু কারয়েৎ।
বস্ত্রাণি চৈব সোষ্ণীষং কঞ্চুকঞ্চ প্রদাপয়েৎ ॥৪৮২॥

অনুবাদ—শাস্ত্রবিধিমত সম্পূর্ণ পূজা করিয়া গুরুপূজা করাইবে, বস্ত্র, পাগড়ী, জামা প্রদান করিবে ॥ ৪৮২ ॥

দক্ষিণাঞ্চ যথাশক্তি গুরবে সম্প্রদাপয়েৎ।
ভোজনঞ্চৈব তাম্বূলং দত্ত্বার্ঘ্যং সম্প্রতোষয়েৎ ॥৪৮৩॥

অনুবাদ—যথাশক্তি দক্ষিণাও শ্রীগুরুদেবকে সম্প্রদান করিবে, ভোজন, তাম্বূল দান করিয়া, অর্ঘ্যদান করিয়া সন্তুষ্ট করিবে ॥ ৪৮৩ ॥

স্বস্বৈর্বর্ত্তমানৈস্তু যথাশক্ত্যা চ নির্দ্ধনৈঃ।
কার্য্যা সম্যক্ প্রযত্নেন দ্বাদশী পক্ষবর্দ্ধিনী।
ততো জাগরণং কুর্য্যাদ্গীতনৃত্যসমন্বিতম্ ॥৪৮৪॥

ইতি পক্ষবর্দ্ধিনী-ব্রতম্।

অনুবাদ—সামর্থ্য থাকিলে নিজসম্পদ দ্বারা, নির্দ্ধনব্যক্তি যথাশক্তি সম্পূর্ণ যত্নসহ পক্ষবর্দ্ধিনী দ্বাদশী কর্ত্তব্য, অনন্তর গীত-নৃত্যাদিসহ নিশি জাগরণ করিবে ॥ ৪৮৪ ॥

ইতি পক্ষবর্দ্ধিনী ব্রতকথা।

অথ জয়াব্রতম্

ব্রহ্মপুরাণে শ্রীবশিষ্ঠমান্ধাতৃসংবাদে—
দ্বাদশ্যান্তু সিতে পক্ষে ঋক্ষং যদি পুনর্বসুঃ ।
নাম্না স তু জয়া খ্যাতা তিথীনামুত্তমা তিথিঃ ॥৪৮৫॥

অনুবাদ—অথ জয়া মহাদ্বাদশী ব্রতকথা, ব্রহ্মপুরাণে শ্রীবশিষ্ট-মান্ধাতৃ-সংবাদে—শুক্লপক্ষে দ্বাদশীতে যদি পুনর্বসু নক্ষত্র হয়, তাহাই জয়া মহাদ্বাদশী নামে খ্যাতা তিথিগণ মধ্যে উত্তম তিথি ॥ ৪৮৫ ॥

তামুপোষ্য নরো ঘোরে নরকে নৈব মজ্জতি ।
অগ্নিষ্টোমাদি-যজ্ঞানাং ফলমাপ্নোত্যসংশয়ম্ ॥
ইতি ॥ ৪৮৬ ॥

অনুবাদ—তাহা উপবাস করিলে মানব ঘোর নরকে পতিত হয় না। নিঃসংশয়ে অগ্নিষ্টোমাদি যজ্ঞের ফল প্রাপ্ত হয় ॥ ৪৮৬ ॥

জয়াব্রতমনুষ্ঠেয়ং যথৈবোন্মীলনীব্রতম্ ॥ ৪৮৭ ॥

অনুবাদ—জয়াব্রত উন্মীলনী ব্রতবৎ অনুষ্ঠান করিবে ॥ ৪৮৭ ॥

তদুক্তং মার্কণ্ডেয়েন—
শালগ্রামশিলাবারি তুলসীজলমেব চ ।
সমমেবোদ্ধরেত্তত্র বিজয়াব্রতমাচরেৎ ॥ ৪৮৮ ॥

অনুবাদ—তাহা মার্কণ্ডেয় ঋষি কর্ত্তৃক উক্ত হইয়াছে—শালগ্রামশিলা স্নানজল ও তুলসীজল একত্র করিয়া সেখানে বিজয়াব্রত করিবে ॥ ৪৮৮ ॥

টীকা—ঘোর ইতি স্বরূপমাত্রনির্দ্দেশঃ, উন্মীলনীব্রতমিব জয়াব্রতং কার্য্যমিতি তত্র যো বিধিরুক্তঃ, সোঽত্রাপি দ্রষ্টব্য ইত্যর্থঃ। বিজয়াব্রতন্ত নদ্যাদিসঙ্গম এব কার্য্যম্ ॥ ৪৮৬-৪৮৮ ॥

অথ বিজয়াব্রতম্

ব্রহ্মপুরাণে তত্রৈব—
যদা তু শুক্লদ্বাদশ্যাং নক্ষত্রং শ্রবণং ভবেৎ ।
বিজয়া সা তিথিঃ প্রোক্তা তিথিনামুত্তমা তিথিঃ ॥৪৮৯

অনুবাদ—অথ বিজয়া মহাদ্বাদশী ব্রতকথা, ব্রহ্মপুরাণে ঐস্থানেই—যখন শুক্লদ্বাদশীতে শ্রবণা নক্ষত্র হইবে তাহাকেই বিজয়া মহাদ্বাদশী বলা হয়, তিথিগণ মধ্যে উত্তমা তিথি ॥ ৪৮৯ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে চ—
যদা তু শুক্লদ্বাদশ্যাং নক্ষত্রং শ্রবণং ভবেৎ ।
তদা সা তু মহাপুণ্যা দ্বাদশী বিজয়া স্মৃতা ॥ ৪৯০ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরেও—যখন শুক্লাদ্বাদশীতে শ্রবণা নক্ষত্র হয়, তখন তাহাই মহাপুণ্যা বিজয়া দ্বাদশী জানিবে ॥ ৪৯০ ॥

তস্যাং স্নাতঃ সর্ব্বতীর্থে স্নাতো ভবতি মানবঃ ।
সম্পূজ্য বর্ষপূজায়াঃ সকলং ফলমশ্নুতে ॥ ৪৯১ ॥

অনুবাদ—মানব ঐ তিথিতে স্নান করিলে সর্ব্বতীর্থে স্নান করা হয়, শ্রীভগবৎ-পূজা করিলে বর্ষব্যাপি পূজার সম্পূর্ণ ফল ভোগ করে ॥ ৪৯১ ॥

একজপ্যাৎ সহস্রস্য জপ্তস্যাপ্নোতি যৎ ফলম্ ।
দানং সহস্রগুণিতং তথা বৈ বিপ্রভোজনম্ ।
হোমস্তত্রোপবাসশ্চ সহস্রগুণিতো ভবেৎ ॥ ৪৯২ ॥

অনুবাদ—একবার জপ করিলে সহস্র জপের যে ফল তাহা প্রাপ্ত হয়। সেইরূপ দান, ব্রাহ্মণ ভোজন, হোম, উপবাস ও সহস্রগুণ ফল দান করে ॥ ৪৯২ ॥

অথ বিজয়া-ব্রতবিধিঃ

আদৌ গুরুং নমস্কৃত্য ততঃ সঙ্কল্পমাচরেৎ ।
শরশার্ঙ্গধরং দেবং সৌবর্ণং রচয়েত্তথা ॥ ৪৯৩ ॥

অনুবাদ—অনন্তর বিজয়া দ্বাদশী ব্রত বিধি—প্রথমে শ্রীগুরুদেবকে প্রণাম করিয়া অনন্তর ব্রত সঙ্কল্প করিবে। শ্রীবিষ্ণুমূর্ত্তি শর-শার্ঙ্গধনুধারী সুবর্ণ প্রতিমা রচনা করিবে ॥ ৪৯৩ ॥

টীকা—শরং শার্ঙ্গঞ্চায়ুধং ধারয়তীতি তথা তম্ ॥ ৪৯৩ ॥

অথ বিজয়াব্রত-সঙ্কল্পমন্ত্রঃ

দ্বাদশ্যান্তু নিরাহারঃ স্থিত্বাহহমপরেহহনি ।
ভোক্ষ্যে ত্রিবিক্রমানন্ত শরণং মে ভবাচ্যুত ॥ ৪৯৪ ॥

অনুবাদ—অথ বিজয়া ব্রত সঙ্কল্পমন্ত্র—হে ত্রিবিক্রম ! হে অনন্ত ! আমি দ্বাদশীতে উপবাস থাকিয়া পরদিনে ভোজন করিব, হে অচ্যুত ! আপনি আমার আশ্রয় হউন যেন ব্রত ভঙ্গ না হয় ॥ ৪৯৪ ॥

সোপবীতন্তু কলসং পূর্ব্ববৎ স্থাপয়েদ্‌ব্রতী ।
পাত্রং তদুপরি ন্যস্যেত্তাম্রং বৈণবমেব বা ॥ ৪৯৫ ॥

অনুবাদ—ব্রতী পূর্ব্ববৎ উপবীত সহ ঘট স্থাপন করিবে, তাহার উপর তাম্রপাত্র বা বংশ পাত্র (ডালা) স্থাপন করিবে ॥ ৪৯৫ ॥

তত্রোপবেশ্য সংস্থাপ্য দেবং বিশদচন্দনৈঃ ।
আলিপ্য শুভ্রং বসনং দদ্যাচ্ছত্রঞ্চ পাদুকে ॥ ৪৯৬ ॥

অনুবাদ—তন্মধ্যে ইষ্টদেবকে স্থাপন করিয়া উজ্জ্বলচন্দনসমূহ দ্বারা তিলক রচনা লেপনাদি করিয়া শুক্ল বস্ত্র, ছত্র ও পাদুকাদ্বয় প্রদান করিবে ॥ ৪৯৬ ॥

বাসুদেবায়েতি শিরঃ শ্রীধরায়েতি বৈ মুখম্ ।
কৃষ্ণায়েতি চ কণ্ঠং বৈ বক্ষঃ শ্রীপতয়ে ইতি ॥৪৯৭॥

অনুবাদ—পূজামন্ত্র—মস্তকে বাসুদেবায় নমঃ, মুখে শ্রীধরায় নমঃ, কণ্ঠে কৃষ্ণায় নমঃ, বক্ষে শ্রীপতয়ে নমঃ ইত্যাদি ॥ ৪৯৭ ॥

শস্ত্রাস্ত্রধারিণে বাহুঃ কক্ষে চ ব্যাপকায় বৈ ।
গিরিশায়োদরং মেঢ্রং ত্রৈলোক্যজননায় চ ॥ ৪৯৮ ॥

অনুবাদ—বাহুতে শস্ত্রাস্ত্রধারিণে, কক্ষে ব্যাপকায়, উদরে গিরিশায়, শিশ্নে ত্রৈলোক্যজননায় নমঃ ॥৪৯৮॥

জঘনং চার্চ্চয়েদ্বিদ্বান্ সর্ব্বাধিপতয়ে ইতি ।
সর্ব্বাত্মনে ইতি পদাবেবমঙ্গানি পূজয়েৎ ॥ ৪৯৯ ॥

অনুবাদ—কটিতে বিদ্বান্ ব্যক্তি সর্ব্বাধিপতয়ে নমঃ এই মন্ত্রে অর্চ্চন করিবে, চরণদ্বয়ে সর্ব্বাত্মনে নমঃ এইভাবে অঙ্গপূজা করিবে ॥ ৪৯৯ ॥

টীকা— অবয়বপূজামন্ত্রং লিখতি—বাসুদেবায়েতি দ্বাভ্যাম্। পূর্ব্ববৎ সর্ব্বত্রৈব নমঃশব্দপ্রয়োগো জ্ঞেয়ঃ। পূজয়েদিত্যুত্তরেণ শির-আদীনাং সর্ব্বেষামন্বয়ঃ ॥ ৪৯৭-৪৯৯ ॥

অথ তত্র বিজয়াব্রতার্ঘ্যমন্ত্রঃ

শঙ্খচক্রগদাপদ্ম-শারঙ্গ-শরভূষিত ।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং শার্ঙ্গপাণে নমোহস্তু তে ॥৫০০॥

অনুবাদ—অনন্তর ঐ বিজয়া ব্রতে অর্ঘ্যমন্ত্র—হে শঙ্খ-চক্র-গদা-পদ্ম-শারঙ্গ-শর-ভূষিত ! মৎপ্রদত্ত অর্ঘ্য গ্রহণ কর, হে শারঙ্গপাণি তোমাকে নমস্কার ॥ ৫০০ ॥

ইত্যর্ঘ্যং পূর্ব্ববৎ কৃত্বা ধূপদীপৌ সমর্প্য চ ।
ঘৃতপক্বপ্রধানানি নৈবেদ্যানি নিবেদয়েৎ ॥ ৫০১ ॥

অনুবাদ—এইভাবে পূর্ব্ববৎ অর্ঘ্য দান করিয়া ধূপ দীপ সমর্পণ ও ঘৃতপক্ব প্রধান প্রধান নৈবেদ্য-সমূহ নিবেদন করিবে ॥ ৫০১ ॥

তাম্বূলাদীনি দত্ত্বাথ কৃত্বা জাগরণং নিশি ।
প্রাতঃ স্নাত্বার্চ্চয়িত্বেশং পুষ্পাঞ্জলিমথার্পয়েৎ ॥৫০২॥

অনুবাদ—অনন্তর তাম্বূলাদি দিয়া নিশি জাগরণ করিয়া প্রাতঃ স্নানান্তে শ্রীভগবানকে অর্চ্চন করিয়া পুষ্পাঞ্জলি অর্পণ করিবে ॥ ৫০২ ॥

অথ তত্র বিজয়াব্রতে প্রার্থনামন্ত্র

নমস্তে অস্তু গোবিন্দ বুধশ্রবণসংজ্ঞক ।
অঘোরং চাক্ষয়ং কৃত্বা সর্ব্বসৌখ্যপ্রদো ভব ॥৫০৩॥

অনুবাদ—অনন্তর ঐ বিজয়াব্রতে প্রার্থনামন্ত্র—হে গোবিন্দ, হে বুধ শ্রবণ নামক আপনাতে প্রণত

হই। আমাকে অঘোর ও অক্ষয় করিয়া সর্ব্বসুখ-প্রদ হউন ॥ ৫০৩ ॥

ইতি প্রার্থ্য ততঃ সর্ব্বং দত্ত্বা চার্ঘ্যং প্রতোষ্য হি।
ভক্ত্যা বিপ্রান্ ভোজয়িত্বা সুখং পারণমাচরেৎ ॥৫০৪

অনুবাদ—এইভাবে প্রার্থনা করিয়া শ্রীগুরুদেবকে শ্রীমূর্ত্তি আদি প্রদান করিয়া অর্ঘ্যদ্বারা শ্রীগুরুদেবের সন্তোষ বিধান পূর্ব্বক ভক্তিসহ ব্রাহ্মণগণকে ভোজন করাইয়া সুখে পারণ করিবে ॥ ৫০৪ ॥

টীকা—অর্ঘ্যমন্ত্রঃ—শঙ্খেত্যাদিঃ। সর্ব্বং শ্রীমূর্ত্ত্যাদিকম্ ॥ ৫০০-৫০৪ ॥

ভাদ্রে মাসি বুধস্যাহ্নি যদি স্যাদ্বিজয়া ব্রতম্।
তদা সর্ব্বব্রতেভ্যোঽস্যো মাহাত্ম্যমতিরিচ্যতে ॥৫০৫

অনুবাদ—ভাদ্রমাসে বুধবারে যদি বিজয়া ব্রত হয়, তখন সর্ব্ববিধ ব্রত হইতে এই ব্রতের মাহাত্ম্য অধিক হইবে ॥ ৫০৫ ॥

টীকা—কালবিশেষে চাস্য ব্রতস্য ফলবিশেষং লিখতি—ভাদ্র ইতি। তদানীং শ্রীবামনদেব-প্রাদুর্ভাবাৎ, এবমগ্রেঽপি ॥ ৫০৫ ॥

অথ জয়ন্তীব্রতম্

ব্রহ্মপুরাণে—
যদা তু শুক্লদ্বাদশ্যাং প্রাজাপত্যং প্রজায়তে।
জয়ন্তী নাম সা প্রোক্তা সর্ব্বপাপহরা তিথিঃ ॥৫০৬॥

অনুবাদ—অথ জয়ন্তী ব্রতকথা, ব্রহ্মপুরাণে—যখন শুক্ল দ্বাদশীতে প্রাজাপত্য রোহিণী নক্ষত্র হইবে। তখন তাহার নাম জয়ন্তী, সর্ব্বপাপহরা তিথি প্রসিদ্ধা ॥ ৫০৬ ॥

সপ্তজন্মকৃতং পাপং স্বল্পং বা যদি বা বহু।
তৎ ক্ষয়ং যাতি গোবিন্দং
তস্যামভ্যর্চ্চ্য ভক্তিতঃ ॥ ৫০৭ ॥

অনুবাদ—ঐ তিথিতে ভক্তিসহ শ্রীগোবিন্দকে অর্চ্চনা করিলে সপ্তজন্মকৃত পাপ অল্প বা বহু, সেই সকল ক্ষয় যায় ॥ ৫০৭ ॥

স্কান্দে চ শ্রীব্রহ্মনারদ-সংবাদে—
সর্ব্বপাপপ্রশমনং সর্ব্বপুণ্যফলপ্রদম্।
দ্বাদশ্যাং রোহিণীযোগে জয়ন্তী নাম সুব্রতম্ ॥৫০৮॥

অনুবাদ—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে—দ্বাদশীতে রোহিণীযোগে জয়ন্তী নামক উত্তম ব্রত সর্ব্বপাপ প্রশমন ও সর্ব্বপুণ্যফলপ্রদ হয় ॥ ৫০৮ ॥

কিঞ্চ—
জীবতাং যাতি যৎকালো জয়ন্তীবাসরং বিনা।
তৎখণ্ডমায়ুষো ব্যর্থং নরাণামুপজায়তে ॥ ৫০৯ ॥

অনুবাদ—আরও—জয়ন্তীবাসরে ব্রত বিহীন জীবনের যে কাল ব্যয়িত হয়, মানবগণের ঐ খণ্ড আয়ু ব্যর্থ যায় ॥ ৫০৯ ॥

টীকা—প্রাজাপত্যং রোহিণীনক্ষত্রম্। জয়ন্তীবাসরং তদ্‌ব্রতং বিনেত্যর্থঃ ॥ ৫০৬-৫০৯ ॥

অথ তদ্‌ব্রতবিধিঃ

গুরুং প্রণম্য সম্প্রার্থ্য গৃহ্নীয়ান্নিয়মং কৃতী।
কৃষ্ণৈস্তিলৈশ্চ মধ্যাহ্নে স্নায়াদ্ধাত্রীফলেন চ ॥ ৫১০ ॥

অনুবাদ—অনন্তর ঐ জয়ন্তীব্রতের বিধি—ব্রতী শ্রীগুরুদেবকে প্রণাম পূর্ব্বক প্রার্থনা করিয়া ব্রতের নিয়ম গ্রহণ করিবে। মধ্যাহ্নে কৃষ্ণ তিল ও ধাত্রী ফলের সহিত স্নান করিবে ॥ ৫১০ ॥

টীকা—গুরু সংপ্রার্থ্য চ, প্রার্থনাপ্রকারশ্চোক্তঃ স্কান্দে নারদং প্রতি শ্রীব্রহ্মণা,—'আদৌ গুরুগৃহং গত্বা পশ্চান্নিয়মমাচরেৎ। শিরস্তৎপাদয়োঃ কৃত্বা পাদৌ স্পৃষ্ট্বা চ মৌলিনা। কৃতাঞ্জলিপুটো ভূত্বা প্রার্থয়েত গুরুং ততঃ। নিয়মং দেহি বিপ্রেন্দ্র দ্বাদশ্যাঞ্চ মম প্রভো ॥' ইতি। 'নিয়মং ব্রতসঙ্কল্পং গৃহ্নীয়াচ্ছ্রদ্ধয়াচরেৎ', তথা চ তত্রৈব—'গৃহ্নীয়ান্নিয়মং পূর্ব্বং দন্তধাবনপূর্ব্বকম্। নিয়মাৎ ফলমাপ্নোতি ন শ্রেয়ো

নিয়মং বিনা' ইতি। এতচ্চ পূর্ব্বলিখিতানুসারেণ একাদশ্যামেবেতি বোদ্ধব্যম্। অথ দ্বাদশীকৃত্যামাহ —কৃষ্ণৈরিত্যাদিনা। কৃষ্ণতিলৈর্দ্ধাত্রীফলেন স্নায়াদিতি ধাত্রীফলেন শিরোহভ্যঙ্গং কৃষ্ণতিলৈশ্চ গাত্রপরিমার্জ্জনং কুর্য্যাদিত্যর্থঃ। তথা চ তত্রৈব—'উপোষিতশ্চ মধ্যাহ্নে স্নায়াৎ কৃষ্ণতিলৈস্ততঃ। কৃত্বা মূর্দ্ধ্নি ফলং ধাত্র্যা মহাপুণ্যবিবৃদ্ধয়ে ॥' ইতি ॥ ৫১০ ॥

অথ সঙ্কল্পমন্ত্রঃ

জয়ন্ত্যান্তু নিরাহারঃ শ্বোভূতে পরমেশ্বর।
ভোক্ষ্যামি পুণ্ডরীকাক্ষ শরণঞ্চরণৌ তব ॥
ইতি ॥ ৫১১ ॥

অনুবাদ—অথ সংকল্পমন্ত্র—হে পরমেশ্বর! জয়ন্তীতে উপবাস থাকিয়া পরদিনে ভোজন করিব, হে পুণ্ডরীকাক্ষ! তোমার চরণদ্বয়ে আশ্রয় প্রার্থী ॥ ৫১১ ॥

পূর্ব্ববৎ স্থাপয়েৎ কুম্ভং তস্যোপরি চ ভাজনম্।
হৈরণ্যং রাজতং তাম্রং বৈণবং বা তিলৈর্ভৃতম্ ॥ ৫১২ ॥
তত্র চ স্নাপিতং হৈমং দেবকীস্তনপায়িনম্।
মাতৃবক্ত্রেক্ষকং দেবং নিবেশ্যাবাহয়েদ্‌ব্রতী ॥ ৫১৩॥

অনুবাদ—পূর্ব্ববৎ ঘট স্থাপন করিয়া তাহার উপর স্বর্ণ, রৌপ্য, তাম্র বা বংশ পাত্র তিলপূর্ণ করিয়া ব্রতী তাহাতে সুবর্ণময় দেবকীনন্দনকে স্নাত করাইয়া মাতৃস্তনপায়ী, জননীর বদনপ্রতি ঈক্ষণকারী দেব প্রতিমাকে স্থাপন করিয়া আবাহন করিবে ॥৫১২-৫১৩

টীকা—পূর্ব্ববদিতি—'জলপূর্ণং নবং কুম্ভং চন্দনেনৈব চর্চ্চিতম্। পঞ্চরত্নসমাযুক্তং পুষ্পমালাবিভূষিতম্ ॥' ইতি যথাপক্ষবর্দ্ধিনীব্রতে প্রোক্তং তদ্বদিত্যর্থঃ তথা চ স্কান্দে তত্রৈব—'কৃত্বা মাধ্যাহ্নিকং কর্ম্ম স্থাপয়েদব্রণং ঘটম্। পঞ্চরত্নসমাযুক্তং পবিত্রোদকপূরিতম্ ॥ সচন্দনং গন্ধযুক্তং কর্পূরেণ সুবাসিতম্। সুধূপবাসিতং শুভ্রপুষ্পমালাভিশোভিতম্ ॥' ইতি। তস্য কুম্ভস্যোপরি ভাজনঞ্চ পাত্রং স্থাপয়েৎ। তদেব বিশিনষ্টি—হৈরণ্যমিতি। তত্র পূর্ব্বপূর্ব্বাভাবে উত্তরোত্তরং স্থাপয়েদিতি জ্ঞেয়ম্। তথা চ তত্রৈব—'তস্যোপরি ন্যসেৎ পাত্রং সৌবর্ণং শ্রদ্ধয়ান্বিতঃ। তদভাবেন বৈ রৌপ্যং তাম্রং বেণুময়ং মুনে ॥' ইতি ॥৫১২॥

টীকা—দেবকীস্তনপায়িনমিতি—হেম্না শ্রীদেবক্যাঃ প্রতিমাং কৃত্বা তদঙ্কে স্তনপানপরাং শ্রীভগবন্মূর্ত্তিং শাস্ত্রোক্তলক্ষণাং কৃত্বা তত্র পাত্রে নিবেশ্যাবাহয়েদিত্যর্থঃ। কথম্ভূতং? স্নাপিতং ক্ষীরাদিনা কারিতস্নানম্। তল্লক্ষণং কিঞ্চিদুল্লিখতি—মাতুর্দেবক্যা বক্ত্রেক্ষকং মুখমবলোকয়ন্তমিত্যর্থঃ। তথা চ তত্রৈব—তস্যোপরি ন্যসেদ্দেবীং হৈমীং লক্ষণসংযুতাম্। দদমানান্তু পুত্রস্য স্তন্যং বৈ বিস্মিতাননাম্ ॥ পিবন্মাতুঃ স্তনং ভদ্রমাননং পাণিনা স্পৃশন্। অবলোকমানঃ প্রেম্ণা বৈ মুখং মাতুর্ম্মুহুর্মুহুঃ ॥ ইতি ॥ ৫১৩॥

অথ তত্র জয়ন্তীব্রতে আবাহনমন্ত্রঃ

এহি এহি জগন্নাথ বৈকুণ্ঠ পুরুষোত্তম।
পরিবারগণোপেত লক্ষ্ম্যা সহ জগৎপতে ॥
ইতি ॥ ৫১৪ ॥

অনুবাদ—অথ ঐ জয়ন্তীব্রতে আবাহন মন্ত্র—হে জগন্নাথ! হে বৈকুণ্ঠ! হে পুরুষোত্তম! আসুন, আসুন, পরিবার গণযুক্ত লক্ষ্মীদেবী সহ, হে জগৎপতে! আসুন, আসুন ॥ ৫১৪ ॥

প্রতিষ্ঠাপ্য মনোজ্যোতিরিতি মন্ত্রেণ বৈষ্ণবঃ।
পাদ্যাদীনুকল্প্যানুলেপনৈরনুলেপয়েৎ ॥ ৫১৫ ॥

অনুবাদ—বৈষ্ণব 'মনোজ্যোতিঃ'—এই মন্ত্রদ্বারা স্থাপন করিয়া, পাদ্যাদি স্নানান্ত কল্পনা করিয়া অনুলেপন দ্বারা তিলকাদি রচনা করিবে ॥ ৫১৫ ॥

টীকা—অনুলেপনৈস্তুলসীকাষ্ঠ-চন্দন-মিশ্রিত-মলয়জকুঙ্কুম-কর্পূরাগুরু-কস্তুরি-কাদিপঙ্কৈঃ, অনুলেপয়েদ্দেবম্। তথা চ স্কান্দে তত্রৈব—'তুলসীদারুজাতেন চন্দনেন বিলেপনম্। কুঙ্কুমেন মহাভাগ কর্পূরাগুরুচর্চ্চিতম্। পদ্মকাশ্মীর-গন্ধৈশ্চ-মৃগনাভিবিমিশ্রিতম্ ॥' ইতি। অত্র চ প্রকল্পয়েদিতি পূর্ব্বশ্লোকস্থ-ক্রিয়য়ান্বয়ঃ ॥ ৫১৫ ॥

বস্ত্রযুগ্মং সিতং দত্ত্বা পুষ্পাদীনি সমর্পয়েৎ ।
দীপান্ প্রজ্বালয়েচ্ছক্ত্যা কুর্য্যাৎ কুসুমমণ্ডপম্॥ ৫১৬

অনুবাদ—পরিধেয় ও উত্তরীয় শুভ্র বস্ত্রদ্বয় দান করিয়া পুষ্পাদি সমর্পণ করিবে, দীপ জ্বালাইবে, সামর্থ্য থাকিলে পুষ্পমণ্ডপ নির্ম্মাণ করিবে ॥ ৫১৬ ॥

টীকা—পুষ্পানি মল্লিকা-মালতী চম্পকাদীনি, আদি-শব্দেন তুলসী-মঞ্জরীদলবিল্বপত্রাদীনি। তথা কুষ্মাণ্ড-নারিকেল-ফলাদীনি চ গ্রাহ্যানি। তথা চ তত্রৈব 'মল্লিকামালতীপুষ্পৈশ্চম্পকৈঃ কেতকীদলৈঃ। বিল্বপত্রৈরখণ্ডৈশ্চ তুলসীদলকোমলৈঃ ॥ অন্যৈর্নানা-বিধৈঃ পুষ্পৈঃ করবীরৈঃ সিতাসিতৈঃ। যূথিকাশত-পত্রৈশ্চ তথান্যৈঃ কালসম্ভবৈঃ। পূজনীয়ো মহাভাগো মহাভক্ত্যা জনার্দ্দনঃ। কুষ্মাণ্ডৈর্নারিকেলৈশ্চ খর্জ্জুরৈর্দাড়িমৈস্তথা। বীজপূরৈঃ পূগফলৈঃ সুনিষ্পন্নৈঃ সুশোভনৈঃ। দ্রাক্ষাফলৈর্জাতিফলৈ রম্ভাবৃক্ষসমুদ্ভবৈঃ ॥ ইতি ॥ ৫১৬ ॥

গীতবাদ্যাদিভিঃ শান্তিপাঠৈঃ স্তোত্রৈশ্চ কীর্ত্তনৈঃ ।
আরভেতাশঠঃ পূজাং গুরুং সম্পূজ্য ভক্তিতঃ ॥৫১৭

অনুবাদ—ভক্তিসহ শ্রীগুরুদেবকে পূজন করিয়া গীত, বাদ্য, নৃত্য, শান্তি পাঠ (বৈদিকমন্ত্রে), স্তোত্র কীর্ত্তন সহ নিষ্কপটে পূজা আরম্ভ করিবে ॥ ৫১৭ ॥

টীকা—স্তোত্রাদীনি চ তত্রৈবোক্তানি—'শান্তিপাঠং শাস্ত্রপাঠং গীতাপাঠং তৃতীয়কম্। সহস্রনাম চাতুর্থং পঞ্চমং গজমোক্ষণম্। বালস্য চরিতং বিষ্ণোঃ পঠ-নীয়ং পুনঃ পুনঃ ॥' ইতি। অশঠঃ ভগবদর্চ্চন-গুরুপূজাদৌ বিত্তাদিশাঠ্যহীনঃ সন্। তথা চ তত্রৈব —শ্রাদ্ধে দানে তথা পর্ব্বতীর্থব্রতমখেষু চ। বিত্ত-শাঠ্যং ন কুর্ব্বীত সর্ব্বধর্ম্মপ্রয়োজনে ॥', ভবিষ্যে চ—'বিভবে সতি যো মোহান্ন কুর্য্যাদ্বিধিবিস্তরম্। ন তৎফলমবাপ্নোতি দেবদ্রোহী স উচ্যতে ॥' প্রথমং ভক্ত্যা গুরুং সম্যক্ পূজয়িত্বা পশ্চাৎ পূজামারভেত ; তথা স্কান্দে তত্রৈব—'অতিক্রম্য নরো যস্তু গুরুং ধর্ম্মোপদেশকম্। বিপ্রেন্দ্র স্বেচ্ছয়া পূণ্যং কুর্ব্বাণো নরকং ব্রজেৎ ॥ অভিবাদ্য গুরু তস্মাদ্ধর্ম্ম কার্য্যাণি কারয়েৎ। ধর্ম্মমর্থঞ্চ কামঞ্চ যদীচ্ছেদাত্মনো হিতম্॥ দদ্যাৎ স্বশক্তিতো ভক্ত্যা গাং মহীং কাঞ্চনং বসু। শুক্রং ধান্যঞ্চ বস্ত্রঞ্চ ভূষণং মধুরং বচঃ। ততঃ পূজা বিধাতব্যা দেবক্যাঃ কেশবস্য চ ॥' ইতি ॥৫১৭॥

অথ তত্রাদৌ শ্রীদেবকীপূজা

অদিতে দেবমাতস্ত্বং সর্ব্বপাপপ্রণাশিনি ।
অতস্ত্বাং পূজয়িষ্যামি ভীতো ভবভয়স্য তু ॥ ৫১৮ ॥

অনুবাদ—অনন্তর আদিতে শ্রীদেবকী পূজা—হে আদিতে ! হে দেবমাত ! তুমি সর্ব্বপাপ নাশিনি অত-এব সংসার ভয়ে ভীত হইয়া তোমাকে পূজা করিতেছি ॥ ৫১৮ ॥

পূজিতাসি যথা দেবৈঃ প্রসন্না ত্বং বরাননে ।
পূজিতা মে তথা ভক্ত্যা প্রসাদং কুরু সুব্রতে ॥৫১৯॥

অনুবাদ—হে বরাননে ! যেমন তুমি দেবগণ কর্ত্তৃক পূজিত হইয়াছ। হে সুব্রতে। সেইরূপ ভক্তিসহ আমার পূজাতে প্রসন্ন হউন ॥ ৫১৯ ॥

যথা পুত্রং হরিং লব্ধ্বা প্রাপ্তা তে নির্বৃতিঃ পরা ।
তামেব নির্বৃতিং দেবি স্বপুত্রাৎ দর্শয়স্ব মে ॥ ৫২০ ॥

অনুবাদ—যেমন পুত্ররূপে শ্রীহরিকে পাইয়া পরমানন্দিত হইয়াছ, হে দেবি ! তাদৃশ আনন্দ নিজ পুত্র হইতে আমাকে দর্শন করাও ॥ ৫২০ ॥

মন্ত্রেণানেন সম্পূজ্য দেবকীং কৃষ্ণমর্চ্চয়েৎ ।
ততঃ সমাতৃকায়ার্ঘ্যং তস্মৈ পূর্ব্ববদর্পয়েৎ ॥ ৫২১॥

অনুবাদ—এই মন্ত্রদ্বারা দেবকীকে পূজা করিয়া শ্রীকৃষ্ণকে অর্চ্চন করিবে। অনন্তর মাতাসহ শ্রীকৃষ্ণকে পূর্ব্ববৎ অর্ঘ্য প্রদান করিবে ॥ ৫২১ ॥

অথ তত্র পূজামন্ত্রঃ

অবতারসহস্রাণি করোষি মধুসূদন ।
ন তে সংখ্যাবতারাণাং
কশ্চিজ্জানাতি বৈ ভুবি ॥ ৫২২ ॥

অনুবাদ—অথ ঐ বিষয়ে পূজামন্ত্র - হে মধুসূদন। তুমি সহস্র অবতার গ্রহণ করিয়াছ, তোমার অবতার সমূহের সংখ্যা এই জগতে কেহ নিশ্চয়ই জানে না ॥ ৫২২ ॥

দেবা ব্রহ্মাদয়ো বাপি স্বরূপং ন বিদুস্তব ।
অতস্ত্বাং পূজয়িষ্যামি মাতুরুৎসঙ্গসংস্থিতম্ ॥ ৫২৩॥

অনুবাদ—ব্রহ্মাদি দেবগণ তোমার স্বরূপ অবগত নহে। অতএব তোমাকে মাতৃকোলে অবস্থিত অবস্থায় পূজা করিব ॥ ৫২৩ ॥

বাঞ্ছিতং কুরু মে দেব দুষ্কৃতং চৈব নাশয় ।
কুরুষ্ব মে দয়াং দেব সংসারার্ত্তিভয়াপহ ॥
ইতি ॥ ৫২৪ ॥

অনুবাদ—হে দেব। আমার বাঞ্ছাপূর্ণ করুন এবং দুষ্কৃত নাশ করুন, হে দেব! হে সংসার দুঃখ ভয় বিনাশন! আমাকে দয়া করুন ॥ ৫২৪ ॥

অথ অর্ঘ্যমন্ত্রঃ

জাতঃ কংসবধার্থায় ভূভারোত্তারণায় চ ।
দেবতানাং হিতার্থায় ধর্ম্মসংস্থাপনায় চ ॥ ৫২৫ ॥
কৌরবাণাং বিনাশায় দৈত্যানাং নিধনায় চ ।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং দেবক্যা সহিতো হরে ॥
ইতি ॥ ৫২৬ ॥

অনুবাদ—অথ অর্ঘ্য-মন্ত্র—কংসবধ ও ভূভার হরণের জন্য এবং দেবগণের মঙ্গলের জন্য ও ধর্ম্ম সংস্থাপনের জন্য। কৌরবগণের বিনাশ ও দৈত্যগণের নিধনের জন্য অবতীর্ণ হইয়াছ। হে শ্রীহরে! দেবকীর সহিত মৎ-প্রদত্ত অর্ঘ্য গ্রহণ কর ॥ ৫২৫-৫২৬ ॥

টীকা—অনেন অদিতে ইত্যাদিনাদৌ দেবকীং সম্পূজ্য ততঃ কৃষ্ণং পূজয়েৎ, সমাতৃকায় দেবকীসহিতায়। তথা চ তত্রৈব—'কৃষ্ণায় প্রথমং দদ্যাৎ। দেবকীসহিতায়চ। অর্ঘ্যং মুনিবরশ্রেষ্ঠ সর্ব্বকামফলপ্রদম্ ॥' ইতি। অতএব মন্ত্রেঽপি, দেবক্যা সহিতো হরে' ইতি। মন্ত্রবিশেষশ্চ তত্রৈব—শ্রীকৃষ্ণায় দেবকীসহিতায় সগণায় সপরিবারায় লক্ষ্মীসহিতায় অর্ঘ্যং নমঃ' ইতি পূর্ব্ববৎ, ইতি নারিকেলেন শুভ্রেণেত্যাদিকং যৎ পক্ষবর্দ্ধিনীব্রতাদাবপ্যুক্তং, তদনুসারতঃ পুষ্পাদি সহিতং শুভ্রনারিকেলশস্যং শঙ্খে নিধায় তেনার্ঘ্যং দদ্যাদিত্যর্থঃ ॥ ৫১৮-৫২৬ ॥

অথ অর্ঘ্যমাহাত্ম্যঞ্চ

স্কান্দে তত্রৈব—
দত্ত্বা চ সকলামুর্ব্বীং সসাগরনগান্বিতাম্ ।
অর্ঘ্যদানেন তৎ পুণ্যং লভতে মানবো ভুবি ॥
ইতি ॥ ৫২৭ ॥

অনুবাদ—অথ অর্ঘ্য মহিমা, স্কন্দপুরাণে ঐ প্রসঙ্গে—এই পৃথিবীতে মানবগণ সাগর বন পর্ব্বতাদি সহ সমগ্র পৃথিবী দানের ফল মাতৃসহ শ্রীকৃষ্ণকে অর্ঘ্যদান দ্বারা প্রাপ্ত হয় ॥ ৫২৭ ॥

টীকা—সকলাং পৃথ্বীং দত্ত্বা যৎ পুণ্যং লভতে, তদর্ঘ্যদানেন লভতে ইত্যর্থঃ ॥ ৫২৭ ॥

ধূপদীপৌ সমর্প্যাথ নৈবেদ্যং বিবিধং শুভম্ ।
ফলানি চ বিচিত্রাণি তাম্বূলাদীনি চার্পয়েৎ ॥ ৫২৮ ॥

অনুবাদ—অনন্তর ধূপ দীপ সমর্পণ করিয়া বিবিধ নৈবেদ্য ও পবিত্র ফলসমূহ ও বিচিত্র তাম্বূলাদিও অর্পণ করিবে ॥ ৫২৮ ॥

টীকা—বিবিধং ঘৃতপক্বপায়সাদ্যনেকপ্রকারং শুভং পরমোৎকৃষ্টং, ফলানি চ কুষ্মাণ্ডাদীনি, তানি স্কান্দোক্তানি লিখিতান্যেব। আদি-শব্দেন দর্পণচ্ছত্রচামরাদীনি চ ॥ ৫২৮ ॥

কৃত্বা নীরাজনং গীতং নৃত্যাদ্যুৎসবমাচরন্ ।
কুর্য্যাজ্জাগরণং কৃষ্ণবাল্যলীলাকথাদিনা ॥ ৫২৯ ॥

অনুবাদ—অতঃপর আরতি, গীত, নৃত্য, বাদ্যাদি সহ উৎসব-অনুষ্ঠান করিয়া শ্রীকৃষ্ণের বাল্যলীলা কথা কীর্ত্তন সহ জাগরণ করিবে ॥ ৫২৯ ॥

টীকা—কৃষ্ণস্য বাল্যলীলায়াঃ কথা কথনং তদাদিনা, আদি-শব্দেন তচ্ছ্রবণাদি প্রৌঢ়লীলাকথাদি চ। তথা চ তত্রৈব—'বালস্যাচরিতং বিষ্ণোঃ' ইতি লিখিতমেব। কিঞ্চ, জাগরণপ্রসঙ্গে—'চরিতং দেবকীসূনোর্ব্বাচনীয়ং বিচক্ষণৈঃ' ইতি ॥ ৫২৯ ॥

অথ তন্মাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—

জাগরে পদ্মনাভস্য পুরাণং পঠতে তু যঃ।
জন্মকোটিকৃতং পাপং দহতে তূলারাশিবৎ ॥
ইতি ॥ ৫৩০ ॥

অনুবাদ—অথ জাগরণ মাহাত্ম্য, স্কন্দপুরাণে ঐ প্রসঙ্গে—যে ব্যক্তি পদ্মনাভ শ্রীহরিজাগরণে পুরাণ পাঠ করে, সেই ব্যক্তি কোটি জন্মকৃত পাপ তুলারাশির ন্যায় দগ্ধ করে ॥ ৫৩০ ॥

টীকা—দহতে দহতি, তূলারাশিবদিতি যথাগ্নিস্তূলরাশিং সদ্যো দহেত্তদ্বদিত্যর্থঃ। 'হরত ইতি পাঠেঽপি তথৈবার্থঃ। যদ্বা, বায়ুর্যথা তুলারাশিং হরতীতি ॥ ৫৩০ ॥

প্রাতঃ কৃত্বা ক্রিয়াং নিত্যাং তন্মূর্ত্তিং গুরবেঽর্পয়েৎ।
বস্ত্রাদিকং দক্ষিণাঞ্চ দত্ত্বা কুর্ব্বীত পারণম্ ॥ ৫৩১॥

অনুবাদ—প্রাতঃকালীয় নিত্যকর্ম্ম সমাপন পূর্ব্বক ঐ মূর্ত্তি শ্রীগুরুদেবকে সমর্পণ করিবে এবং বস্ত্রাদি ও দক্ষিণা শ্রীগুরুদেবকে দিয়া পারণ করিবে ॥ ৫৩১॥

কিঞ্চ তত্রৈব—

বিধিনানেন সংযুক্তাং জয়ন্তীঞ্চ করোতি যঃ।
নারী বোদ্ধরতে ভক্ত্যা পুরুষানেকবিংশতিম্ ॥৫৩২॥

অনুবাদ—আরও ঐ পুরাণে—এই বিধিসহ জয়ন্তীব্রত যিনি করেন, তিনি একবিংশতি পুরুষকে উদ্ধার করেন ॥ ৫৩২ ॥

সংক্ষেপেণ চ যঃ কুর্য্যাজ্জয়ন্তীং হরিবল্লভাম্।
মানসেষ্টফলং প্রাপ্য বিষ্ণুলোকং স গচ্ছতি ॥ ৫৩৩

অনুবাদ—সংক্ষেপেও যিনি শ্রীহরিপ্রিয়া জয়ন্তী ব্রত মানসে করেন, তিনিও অভিলষিত ফল প্রাপ্ত হইয়া বিষ্ণুলোকে গমন করেন ॥ ৫৩৩ ॥

টীকা—তাং মূর্ত্তিং পূর্ব্বনির্ম্মিতাং পূজিতাং শ্রীদেবকীসহিতং ভগবৎ-প্রতিকৃতিম্, এবং বিসর্জ্জনং কৃতমস্তীতি বোদ্ধব্যম্। তচ্চ সর্ব্বত্র সাধারণতয়া প্রাপ্তত্বান্ন স্পষ্টং লিখিতম্; আদি-শব্দেন শক্তৌ কুণ্ডলকঞ্চুকোষ্ণীষমুদ্রিকাদি ॥ ৫৩১-৫৩৩ ॥

অথ পাপনাশিনীব্রতম্

ব্রহ্মপুরাণে তত্রৈব—

যদা তু শুক্লদ্বাদশ্যাং পুষ্যা ভবতি কর্হিচিৎ।
তদা সা তু মহাপুণ্যা কথিতা পাপনাশিনী ॥ ৫৩৪॥

অনুবাদ—অথ পাপনাশিনী ব্রত কথা ব্রহ্মপুরাণে—যখন কোন সময় শুক্লা দ্বাদশীতে পুষ্যানক্ষত্র হয় তখন ঐ দ্বাদশী মহাপুণ্যা পাপনাশিনী নামে কথিতা হয় ॥ ৫৩৪ ॥

সগরেণ ককুৎস্থেন ধুন্ধুমারেণ গাধিনা।
তস্যামারাধিতঃ কৃষ্ণো দত্তবানখিলাং ভুবম্ ॥৫৩৫॥

অনুবাদ—মহারাজ সগর, ককুৎস্থ, ধুন্ধুমার গাধি—ইঁহাদের কর্ত্তৃক পাপনাশিনী দ্বাদশীতে আরাধিত হইয়া শ্রীকৃষ্ণ সমগ্র পৃথিবীর রাজত্ব দিয়াছিলেন ॥ ৫৩৫ ॥

বাচিকান্মানসাৎ পাপাৎ কায়িকাচ্চ বিশেষতঃ।
সপ্তজন্মকৃতাদ্ঘোরান্মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥ ৫৩৬ ॥

অনুবাদ—সপ্তজন্ম-কৃত বাচিক ও মানসিক বিশেষতঃ কায়িক পাপ হইতে এবং ঘোর নরক হইতে মুক্ত হয় পাপনাশিনী ব্রত দ্বারা, ইহাতে সংশয় নাই ॥ ৫৩৬ ॥

ইমামেকামুপোষ্যৈব পুষ্যানক্ষত্রসংযুতাম্।
একাদশীসহস্রস্য ফলমাপ্নোতি মানবঃ ॥ ৫৩৭ ॥

অনুবাদ-- মানব পুষ্যানক্ষত্রযুক্ত এই একটি দ্বাদশী উপবাস করিয়াই সহস্র একাদশী ব্রতের ফল পাইয়া থাকে ॥ ৫৩৭ ॥

স্নানং দানং জপো হোমঃ স্বাধ্যায়ো দেবতার্চ্চনম্ ।
যদস্যাং ক্রিয়তে কিঞ্চিত্তদনন্তগুণং ভবেৎ ॥ ৫৩৮ ॥

অনুবাদ—স্নান, দান, জপ, হোম, বেদপাঠ, দেবতার্চ্চন যাহা কিছু এই দ্বাদশীতে করিলে তাহা অনন্তগুণ ফল হয় ॥ ৫৩৮ ॥

তস্মাদেষা প্রযত্নেন কর্ত্তব্যা ফলকাঙ্ক্ষিভিঃ ॥ ৫৩৯॥

অনুবাদ—অতএব এই ব্রত ফলাকাঙ্ক্ষিগণ উদ্যম সহ করিবেন ॥ ৫৩৯ ॥

অথ তদ্ব্রতবিধিঃ—

গুরুং প্রণম্য নিয়মং স্বীকুর্য্যাদ্ব্রতহেতুকম্ ।
কুম্ভমামলকীমূলে পূর্ব্ববৎ স্থাপয়েদ্ব্রতী ॥ ৫৪০ ॥

অনুবাদ—অনন্তর ঐ ব্রতবিধি—শ্রীগুরুদেবকে প্রণাম করিয়া ব্রতের জন্য নিয়ম গ্রহণ করিবে, ব্রতী আমলকী বৃক্ষমূলে পূর্ব্ববৎ ঘট স্থাপন করিবেন ॥ ৫৪০ ॥

অথ তত্র সঙ্কল্পমন্ত্রঃ—

দ্বাদশ্যান্তু নিরাহারঃ স্থিত্বাঽহমপরেঽহনি ।
ভোক্ষ্যামি জামদগ্ন্যেশ শরণং মে ভবাচ্যুত ॥
ইতি ॥ ৫৪১ ॥

অনুবাদ—অথ ঐ বিষয়ে সঙ্কল্পমন্ত্র—হে জামদগ্ন্যেশ ! আমি দ্বাদশীতে উপবাস থাকিয়া পরদিন ভোজন করিব, হে অচ্যুত ! আমার আশ্রয় হউন ॥ ৫৪১ ॥

বারিপূর্ণং ততঃ পাত্রং ন্যসেৎ কুম্ভোপরি ব্রতী ।
সুন্দরং তাম্ররচিতং বেণুরচিতমেব বা ॥ ৫৪২ ॥

অনুবাদ—অনন্তর ব্রতী জলপূর্ণ ঘটের উপর সুন্দর তাম্রপাত্র বা বংশপাত্র স্থাপন করিবে ॥ ৫৪২ ॥

মাষকেণ তদর্দ্ধেন তদর্দ্ধেনাথবা কৃতম্ ।
হৈমং পরশুরামঞ্চ স্নপিতং স্থাপয়েত্ততঃ ॥ ৫৪৩ ॥

অনুবাদ—এক মাষা পরিমিত বা তদর্দ্ধ বা তদর্দ্ধ পরিমিত সুবর্ণময় পরশুরাম মূর্ত্তি স্নান করাইয়া তাহার উপর স্থাপন করিবে ॥ ৫৪৩ ॥

টীকা—মাষকেণ সুবর্ণস্যেতি জ্ঞেয়ম্, হৈমমিতি বিশেষণাৎ । কৃতম্—বিনির্ম্মিতম্ ॥ ৫৪৩ ॥

দত্ত্বা বস্ত্রযুগচ্ছত্রপাদুকাঃ শ্বেতচন্দনৈঃ ।
আলিপ্য তুলসীপুষ্পৈরভ্যর্চ্চ্যাঙ্গানি পূজয়েৎ ॥ ৫৪৪ ॥

অনুবাদ—বস্ত্রদ্বয় ছত্র পাদুকা দান করিয়া শ্বেতচন্দন দ্বারা তিলক রচনা করিয়া তুলসী ও পুষ্পসমূহ দ্বারা অর্চ্চনা করিয়া অঙ্গপূজা করিবে ॥ ৫৪৪ ॥

অথ তত্র অঙ্গপূজা

বিশোকায়েতি চরণৌ জানুনী বিশ্বরূপিণে ।
হয়গ্রীবায়েতি চোরূ কটিং দামোদরায় চ ॥ ৫৪৫ ॥
কন্দর্পায়েতি বৈ গুহ্যং নাভিং বৈ পদ্মমালিনে ।
অনন্তায়েতি জঠরং শ্রীকণ্ঠায়েতি বৈ গলম্ ॥ ৫৪৬ ॥
বাহূ হৈমাঙ্গদায়েতি বৈকুণ্ঠায়েতি মস্তকম্ ।
জ্যোতীরূপায়েতি নেত্রেনাসাগ্রং শোকনাশিনে ॥৫৪৭॥
ললাটং বামনায়েতি রামায়েতি শ্রুবৌ যজেৎ ।
সর্ব্বাত্মনে সমস্তাঙ্গং শস্ত্রাণি স্বস্বসংজ্ঞয়া ॥ ৫৪৮ ॥

অনুবাদ—অনন্তর অঙ্গপূজা—শ্রীচরণদ্বয়ে বিশোকায় নমঃ, জানুদ্বয়ে বিশ্বরূপিণে নমঃ, উরুতে হয়গ্রীবায়, কটিতে দামোদরায়, গুহ্যে কন্দর্পায়, নাভিতে পদ্মমালিনে, জঠরে অনন্তায়, গলদেশে শ্রীকণ্ঠায়, বাহুদ্বয়ে হৈমাঙ্গদায়, মস্তকে বৈকুণ্ঠায়, নয়নদ্বয়ে জ্যোতিরূপায়, নাসাগ্রে শোকনাশিনে, ললাটে বামনায়, কর্ণদ্বয়ে রামায়, সর্ব্বাঙ্গে সর্ব্বাত্মনে নমঃ, শাস্ত্রসমূহে নিজ নিজ নামে পূজা করিবে ॥ ৫৪৫-৫৪৮ ॥

প্রদায় পূর্ব্ববচ্চার্ঘ্যং ধূপদীপৌ সমর্প্য চ।
নৈবেদ্যাদি প্রদায়াথ দেবং সম্প্রার্থয়েচ্চ তম্ ॥৫৪৯॥

অনুবাদ—পূর্ব্ববৎ অর্ঘ্য দান করিয়া ধূপ দীপ সমর্পণের পর নৈবেদ্যাদি দান করিয়া অনন্তর ইষ্ট-দেবকে প্রার্থনা করিবে ॥ ৫৪৯ ॥

টীকা—'বিশোকায় নমঃ' ইতি চরণৌ যজেৎ পূজয়েদিত্যুত্তরেণান্বয়ঃ। এবং পূর্ব্বৎ সর্ব্বত্রৈ-বোন্নেয়ম্। অতো যত্রেতি—শব্দো নাস্তি, তত্র সোঽধ্যাহার্য্য ইতি। যত এতে সর্ব্বে মন্ত্রা ইতি। তম্—শ্রীপরশুরামরূপম্ ॥ ৫৪৫-৫৪৯ ॥

অথ তত্র অর্ঘ্যমন্ত্রঃ

নমস্তে দেবদেবেশ জামদগ্ন্য নমোঽস্তু তে।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তমামল্যা সহিতো হরে ॥ ৫৫০ ॥

অনুবাদ—অথ অর্ঘ্যমন্ত্র—হে দেবদেবেশ্বর! আপনাকে প্রণাম, হে জমদগ্ন্য আপনাকে প্রণাম, হে হরে আমলকীসহ মৎপ্রদত্ত অর্ঘ্য গ্রহণ করুন ॥৫৫০

অথ তত্র প্রার্থনামন্ত্রঃ

জামদগ্ন্য নমস্তেঽস্তু ক্ষত্রিয়ান্তকরায় চ।
সর্ব্বাণি যানি পাপানি সপ্তজন্মকৃতান্যপি ॥ ৫৫১ ॥
ক্ষয়ং যান্তু মমৈবাদ্য ত্বৎপ্রসাদাচ্চ ভার্গব।
বাচিকং মানসং পাপং জ্ঞানতোঽজ্ঞানতোঽপি বা ॥ ৫৫২ ॥

অনুবাদ—অথ প্রার্থনা মন্ত্র—হে জামদগ্ন্য আপনাকে প্রণাম। সর্ব্ববিধ পাপ, এমন কি সপ্তজন্মকৃত পাপসমূহও আমার অদ্যই আপনার প্রসাদে ক্ষয় যাউক, হে ভার্গব! বাচিক ও মানসিক, জ্ঞানকৃত অজ্ঞানকৃত পাপও ক্ষয় যাউক ॥ ৫৫১-৫৫২ ॥

আয়ুর্যশস্তথারোগ্যং ধনং ধান্যঞ্চ সম্পদম্।
সৌভাগ্যং তব ভক্তস্য সন্তানং বিপুলং ভবেৎ ॥৫৫৩

অনুবাদ—আপনার ভক্তের আয়ু, যশঃ, আরোগ্য, ধন, ধান্য, সম্পদ, সৌভাগ্য, সন্তান বিপুল হয় ॥৫৫৩॥

সর্ব্বান্ কামানাপ্নুবানি দিব্যং সৌখ্যং নিরন্তরম্।
অন্তেঽপ্যস্তু মমেশান ভক্তিস্তুচ্চরণে প্রভো ॥ ৫৫৪ ॥

অনুবাদ—হে প্রভো! সর্ব্ববিধ বাঞ্ছাপূর্ত্তি হউক, নিরন্তর দিব্য সুখ হউক, হে ঈশান! অন্তেও আমার আপনার চরণে ভক্তি থাকুক ॥ ৫৫৪ ॥

জনার্দ্দন হৃষীকেশ লক্ষ্মীনাথ সুরার্চ্চিত।
রাম রাম মহাবাহো কার্ত্তবীর্য্যবিনাশন ॥ ৫৫৫ ॥
এতৎ সর্ব্বং ময়া দত্তং জ্ঞানং জ্ঞেয়ং তবাচ্যুত।
মামুদ্ধর জগন্নাথ দয়াং কৃত্বা মমোপরি ॥ ৫৫৬ ॥

অনুবাদ—হে জনার্দ্দন! হে হৃষীকেশ! হে লক্ষ্মীনাথ! হে দেব! হে রাম! হে রাম! হে মহাবাহে! হে কার্ত্তবীর্য্য বিনাশন! হে অচ্যুত! এই সমুদয় মৎপ্রদত্ত জ্ঞান ও জ্ঞেয় তোমারই, হে জগন্নাথ! আমাকে উদ্ধার কর, আমার উপর দয়া কর ॥ ৫৫৫-৫৫৬ ॥

টীকা—জ্ঞানাদিকঞ্চ সর্ব্বং তব তুভ্যং দত্তমর্পিতম্ ॥ ৫৫৬ ॥

অথ ধাত্রীপূজা

পিতা পিতামহাশ্চান্যে অপুত্রা যে চ গোত্রিণঃ।
বৃক্ষযোনিং গতা যে চ যে চ কীটত্বমাগতাঃ ॥৫৫৭॥

অনুবাদ—অথ ধাত্রীপূজা আমার পিতা পিতামহ-গণ ও অন্যে অপুত্রক, আর যাহারা সগোত্র, যাহারা বৃক্ষযোনি প্রাপ্ত, যাহারা কীট যোনি প্রাপ্ত ॥ ৫৫৭ ॥

রৌরবে নরকে যে চ মহারৌরবসংজ্ঞকে।
বিযোনিং চ গতা যে চ যে চ ব্রহ্মাণ্ডমধ্যগাঃ ॥ ৫৫৮
পিশাচত্বং গতা যে চ যে চ প্রেতত্বমাগতাঃ।
তে পিবন্তু ময়া দত্তং ধাত্রীমূলে সদা পয়ঃ ॥ ৫৫৯ ॥

অনুবাদ—যাহারা রৌরব নরকে বা মহারৌরব নামক নরকে পতিত, যাহারা বিযোনি প্রাপ্ত, যাহারা ব্রহ্মাণ্ড মধ্যগত, আর যাহারা পিশাচত্ব বা প্রেতত্ব প্রাপ্ত, তাহারা সর্ব্বদা ধাত্রীমূলে মৎ প্রদত্ত জল পান করুন ॥ ৫৫৮-৫৫৯ ॥

তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু ধাত্রীমূলনিষেচনাৎ ॥ ৫৬০ ॥

অনুবাদ—তাহারা সকলে তৃপ্তিলাভ করুন ধাত্রী-বৃক্ষমূলে জলসেচনহেতু ॥ ৫৬০ ॥

ইতি ধাত্রীং চাভিষিচ্য বারানষ্টোত্তরং শতম্ ।
তাঞ্চ প্রদক্ষিণীকৃত্য কুর্য্যাজ্জাগরণং ব্রতী ॥ ৫৬১ ॥

অনুবাদ—এই মন্ত্র পাঠ করিয়া অষ্টোত্তরশত (১০৮) বার ধাত্রীমূলে জল সেচন করিয়া ধাত্রী-বৃক্ষকে প্রদক্ষিণ করিয়া ব্রতী জাগরণ করিবে ॥৫৬১

প্রাতশ্চ দেবং নীরাজ্য নিত্যং কর্ম্ম সমাপ্য চ ।
মূর্ত্ত্যাদি গুরবে দত্ত্বা প্রাগ্বৎ পারণমাচরেৎ ॥ ৫৬২ ॥

অনুবাদ—প্রাতঃকালে দেবতাকে নীরাজন করিয়া নিত্যকর্ম্ম সমাপনান্তে, দেবমূর্ত্তি প্রভৃতি শ্রীগুরুদেবকে সমর্পণ করিয়া পূর্ব্ববৎ পারণ করিবে ॥ ৫৬২ ॥

টীকা—প্রাগ্বৎ—শক্ত্যা ব্রাহ্মণভোজনাদিনা ॥৫৬২

ফাল্গুনে মাসি যদ্যেষা দ্বাদশী পাপনাশিনী ।
ভবেত্তদা ব্রতস্যাস্য মহিমা স্যাদ্বিশেষতঃ ॥ ৫৬৩ ॥

অনুবাদ—ফাল্গুন মাসে যদি এই পাপনাশিনী দ্বাদশী হয়, তখন এই ব্রতের বিশেষ মহিমা হয়, তখন নাম হয় 'গোবিন্দ দ্বাদশী' ॥ ৫৬৩ ॥

ইতি ক্রমেণ লিখিতং বিজয়াদিব্রতত্রয়ম্ ।
ভবিষ্যোত্তরস্কান্দাভ্যাং শ্রীব্রহ্মাণ্ডপুরাণতঃ ॥ ৫৬৪ ॥

অনুবাদ—ইতি ক্রমেণ অর্থাৎ ভবিষ্যোত্তর পুরাণ হইতে বিজয়া ব্রত, স্কন্দপুরাণ হইতে জয়ন্তী ব্রত, ব্রহ্মাণ্ড পুরাণ হইতে পাপনাশিনীব্রত লিখিত হইল ॥ ৫৬৪ ॥

টীকা—বিজয়াদিব্রতত্রয়ং তত্তদ্বিধিশ্চ ভবিষ্যোত্তরাদিতো লিখিতমিতি তত্র তত্রোক্তং সংক্ষিপ্যার্থতো লিখিতং, ন তু তত্তদ্বচনানি সংগৃহীতানি, গ্রন্থবিস্তর-ভয়াদিত্যর্থঃ । অতএব তত্তদ্বিধিলিখনে ভবিষ্যোত্তর ইত্যাদিকং নোল্লিখিতম্ । ক্রমেণেতি ভবিষ্যোত্তরতো বিজয়া-ব্রতং, স্কন্দপুরাণাজ্জয়ন্তীব্রতং, ব্রহ্মাণ্ডপুরাণাচ্চ পাপনাশিনীব্রতমিতি ॥ ৫৬৪ ॥

অন্যেঽপি দ্বাদশীভেদা বহবঃ সন্তি বিশ্রুতাঃ ।
অগ্রতো লেখনীয়াস্তে তত্তন্মাসপ্রসঙ্গতঃ ॥ ৫৬৫ ॥

ইতি শ্রীগোপালভট্ট-বিলিখিতে শ্রীভগবদ্ভক্তি-বিলাসে বিষ্ণুব্রতোৎসবো নাম ত্রয়োদশো বিলাসঃ ॥

অনুবাদ—অন্য যে সকল মৎস্যাদি দ্বাদশী ও নির্জ্জলাদি দ্বাদশী বহু প্রসিদ্ধ আছে । ঐ সকল সেই সেই মাসকৃত্য প্রসঙ্গে অগ্রে লিখিত হইবে ॥ ৫৬৫ ॥

ইতি শ্রীগোপাল ভট্ট বিলিখিত শ্রীভগবদ্ ভক্তি বিলাসে বিষ্ণুব্রতোৎসব নামক ত্রয়োদশ বিলাস ॥

টীকা—অন্যেঽপি মৎস্যাদি-দ্বাদশ্যো নির্জ্জলাদ্যাশ্চ ॥ ৫৬৫ ॥

ইতি ত্রয়োদশো-বিলাসঃ ॥

চতুর্দ্দশ-বিলাসঃ

অগত্যেকগতিং নত্বা হীনার্থাধিকসাধকম্ ।
চৈতন্যদেবং লিখ্যন্তে মাসপূজামহোৎসবাঃ ॥ ১ ॥

অনুবাদ—অতি হীন কর্ম্মশূন্য এবং কুলাদিবিহীন ব্যক্তিগণেও ধর্ম্মাদির সাধক, সেই অগতির গতি শ্রীচৈতন্যদেবকে নমস্কার করিয়া মাসে মাসে করণীয় পূজা মহোৎসব-সমূহের কথা লেখা হইতেছে ॥ ১ ॥

টীকা—এবং শ্রীবৈষ্ণবানাং প্রত্যহকৃত্যানি প্রতি-পক্ষকৃত্যানি চ লিখিত্বা অধুনা প্রতিমাসকৃত্যানি লিখিতুং পরমগুরু-শ্রীভগবন্মাহাত্ম্যেনৈব তৎ সিধ্যতী-ত্যভিপ্রেত্য তন্নমস্কার-পূর্ব্বকমারভতে—অগতীতি। শ্রীভগবন্মাহাত্ম্যমেব দর্শয়তি—আগতীনামেকামনন্যাং গতিং শরণং, ন চ গতিমাত্রং, কিন্তু হীনানাং সজন্ম-কর্ম্মহীনানামতি-নীচজনানাং যেঽর্থাঃ প্রয়োজনানি ধর্ম্মাদয়ো বা তেষামধিকং যথা স্যাত্তথা সাধকমিতি। মাসেষু দ্বাদশসু যে ভগবৎপূজাবিশেষরূপা মহোৎ-সবাস্তে ॥ ১ ॥

অথ মাসকৃত্যানি—

আগ্রহায়ণিকো মাসো মাসেষু প্রবরঃ স্মৃতঃ ।
মাসানাং মার্গশীর্ষোঽহমিত্যুক্তো মাধবেন যঃ ॥ ২ ॥

তত্রাদৌ মার্গশীর্ষকৃত্যম্—

স্নানদানব্রতার্চ্চাদিক্রিয়াঃ সনিয়মং কৃতাঃ ।
মাঘাদাবিব মার্গেঽস্মিন্ ভগবদ্ভক্তিভূতিদাঃ ॥ ৩ ॥
তুলসীকাননে পূজ্যো মার্গে মাসি বিশেষতঃ ।
ভগবান্ নৃত্যগীতাদিমহেন সহ বৈষ্ণবৈঃ ॥ ৪ ॥
বিশেষতশ্চ মাসেঽস্মিন্ বস্ত্রং শীতনিবারণম্ ।
চিত্রং ভগবতে দদ্যাজ্জগজ্জাড্যহরং হি তৎ ॥ ৫ ॥

অনুবাদ—অনন্তর মাসকৃত্যসমূহ—মাসসমূহের মধ্যে আমাকে অগ্রহায়ণ মাসকে আমার বিভূতি স্বরূপ বলিয়া জানিও, ইতি শ্রীকৃষ্ণ বাক্য, অতএব অগ্রহায়ণ মাসই দ্বাদশ মাসের মধ্যে প্রধান। এই মাসে সংকল্পপূর্ব্বক স্নান, দান, ব্রত ও পূজাদি করিলে ঐ কর্ম্ম সকল মাঘাদি মাসের মত শ্রীভগবৎ ভক্তিরূপা সম্পদ দান করেন। বিশেষ করিয়া অগ্রহায়ণ মাসে বৈষ্ণবগণের সহিত মিলিত হইয়া নৃত্য গীতাদি মহোৎসব সহকারে শ্রীতুলসীবনে শ্রীহরিকে পূজা করিতে হইবে। আরও এই অগ্র-হায়ণ মাসে শীত নিবারণের নিমিত্ত বিবিধ চিত্র-বিচিত্র বস্ত্রাদি শ্রীভগবানে অর্পণ করিতে হয়। কারণ ঐ প্রকার বস্ত্রদানই দাতার সংসার হইতে উৎপন্ন জড়তা হরণ করিয়া থাকে ॥ ২-৫ ॥

টীকা—তত্রাদৌ মার্গশীর্ষমাসস্য কৃত্যানি লিখন্ তস্য সর্ব্বমাসাদ্যতাং দর্শয়ন্ তন্মাহাত্ম্যং লিখতি—আগ্রহায়ণিক ইতি। হায়নস্য সম্বৎসরস্য অগ্রবর্ত্তি-ত্বাদাগ্রহায়ণিক ইতি ব্যুৎপত্ত্যা সর্ব্বমাসাদ্যত্বেন সিদ্ধং তস্য শ্রৈষ্ঠ্যমেব লিখতি—মাসেষ্বিতি। তত্র হেতুঃ—মাসানামিতি। যঃ আগ্রহায়ণিকো মাধবেন মধুকুল-সমুদ্রচন্দ্রেণ শ্রীভগবতা স্বয়মেব বিভূত্যধ্যায়ে উক্তঃ ॥২

টীকা—তত্রাদৌ শ্রীভগবদ্বিভূতিত্বেন তৎপ্রিয়তয়া মাঘাদিসাদৃশ্যাৎ মাঘাদিকৃত্যানাং স্নানাদি-সৎকর্ম্মণা-মত্রাপ্যাচরণাৎ ফলবিশেষঃ স্যাদিতি পুরাণোক্ত-মার্গশীর্ষমাহাত্ম্যানুসারেণ লিখতি—স্নানেতি। ব্রতং ভক্ষ্যাদি-নিয়মঃ, অর্চ্চা ভগবৎপূজা, আদি-শব্দেন ভগবদ্বার্ত্তা বৈষ্ণবসঙ্গমাদি, সনিয়মং সসঙ্কল্পং সনি-শ্চয়ং বা যথা স্যাৎ, অন্যথা শৈথিল্যসম্ভবাৎ, ভগ-বদ্ভক্তিং ভূতিঞ্চ সম্পদম্, যদ্বা, ভগবদ্ভক্তিরূপাং লক্ষ্মীং দদাতীতি তথা তাঃ ॥ ৩ ॥

টীকা—ইদানীং তত্র কৃত্যবিশেষং দর্শয়তি—তুলসীতি দ্বাভ্যাম্। বৈষ্ণবৈঃ সহ নৃত্যগীতাদিরূপো যো মহোৎসবস্তেন, ভগবান্ পূজ্যঃ ॥ ৪ ॥

টীকা—চিত্রং—বহুপ্রকারকম্ ॥ ৫ ॥

কিঞ্চ বিষ্ণুধর্ম্মে—

মার্গশীর্ষে ত্বেকভক্তং কৃত্বা যোঽভ্যর্চ্চয়েদ্ধরিম্ ।
ভোজয়িত্বা দ্বিজান্ মুক্তঃ স্যাদিত্যাহ কলিপ্রিয়ঃ ॥ ৬ ॥
নক্তং ব্রতেন যো মাসং মার্গশীর্ষং হরিপ্রিয়ম্ ।
নয়েদসৌ নরো যাতি বিষ্ণুলোকং সনাতনম্ ॥
ইতি ॥ ৭ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুধর্ম্মে—দেবর্ষিপাদ আরও বলিয়াছেন—অগ্রহায়ণ মাসে একাহারী হইয়া শ্রীহরিকে পূজা করিয়া ব্রাহ্মণগণকে ভোজন করাইলে মুক্তি লাভ হয়। নক্ত ব্রতাচরণ পূর্ব্বক শ্রীহরিপ্রিয় অগ্রহায়ণ মাস অতিবাহিত করিলে সনাতন বিষ্ণুধামে গমন করা যায় ॥ ৬-৭ ॥

টীকা—মুক্তঃ স্যাৎ শ্রীবৈকুণ্ঠপ্রাপ্ত্যা পুনঃ সংসারবন্ধাভাবাৎ। কলিপ্রিয়ঃ—শ্রীনারদঃ ॥ ৬ ॥

ক্রমাদ্দশাবতারাণাং মৎস্যাদীনাং সিতাসু চ।
যন্মার্গাদিদ্বাদশীষু ব্রতং দুর্ব্বাসসোদিতম্ ॥ ৮ ॥

অনুবাদ—মহর্ষি দুর্ব্বাসা মার্গশীর্ষাদি বারো মাসের শুক্লপক্ষীয়া দ্বাদশীসমূহে ক্রমে মৎস্যাদি দশ অবতারের এবং আশ্বিনে শ্রীপদ্মনাভের এবং কার্ত্তিকে যোগেশ্বরের যে ব্রতসমূহ কীর্ত্তন করিয়াছেন সেই সকল ব্রতানুষ্ঠান করা বৈষ্ণবগণের কর্ত্তব্য ॥ ৮ ॥

গৌতমীয়তন্ত্রে—

মার্গশীর্ষে তথা মাসি প্রাতঃ স্নাত্বা নরোত্তমঃ।
ক্রমপূজাং সমাসাদ্য জপহোমৌ তথাচরেৎ ॥ ৯ ॥
পায়সং গুড়সংমিশ্রং প্রত্যহং বিনিবেদয়েৎ।
এবং মাসার্চ্চনং কৃত্বা ভবেদ্ভাগ্যধরঃ পুমান্ ॥ ১০ ॥
দেহান্তে মোক্ষমাপ্নোতি প্রসাদাৎ শার্ঙ্গধন্বনঃ।
তৎ কার্য্যং তত্র তত্রৈব জ্ঞাত্বা বারাহতো বিধিম্ ॥ ১১ ॥
তত্তৎ ফলঞ্চ তত্রোক্তং কাম্যত্বাত্তন্ন লিখ্যতে ॥ ১২ ॥

অনুবাদ—গৌতমীয় তন্ত্রে বলা হইয়াছে—অগ্রহায়ণ মাসে প্রাতঃস্নানের পর পূজা সমাপনান্তে জপ ও হোমানুষ্ঠান করা মনুষ্যগণের কর্ত্তব্য। শ্রীভগবানকে প্রত্যহ গুড় সহযোগে পায়স নিবেদন এই মাসের অবশ্য কর্ত্তব্য। সারা মাস ব্যাপী এই প্রকারে অর্চ্চনা করিলে সৌভাগ্যবান হওয়া যায় এবং শ্রীমাধবের অনুগ্রহে দেহাবসানে মুক্তি লভ্য হয়। বরাহপুরাণোক্ত বিধান অবগত হইয়া নক্ত ব্রতের অনুষ্ঠান করণীয়। ঐ পুরাণে সেই স্থানেই তাহার ফল বলা আছে, উহা কাম্য কর্ম্মের অন্তর্গত হওয়ায় এখানে আর উল্লেখ করা হইল না ॥ ৯-১২ ॥

টীকা—অধুনা তত্র কৃত্যং শ্রীবরাহপুরাণোক্তং মৎস্যদ্বাদশীব্রতমুদ্দিশন্ তৎপ্রসঙ্গাৎ সাম্যেন দ্বাদশমাসব্রতানামেব কৃত্যতা সংক্ষেপেণৈকত্র এব লিখতি—ক্রমাদিতি দ্বাভ্যাং। শ্রীমৎস্যাদীনাং দশাবতারাণাং ক্রমেণ মার্গশীর্ষাদিদ্বাদশমাসেষু। তথা শ্রীপদ্মনাভস্যাশ্বিনে, শ্রীযোগেশ্বরস্য চ কার্ত্তিকে ইত্যেবং মার্গশীর্ষাদি-মাসেষু শুক্লদ্বাদশীষু দুর্ব্বাসসা মুনীশ্বরেণ যদ্‌ব্রতমুক্তং তত্র তত্র ব্রতে বিধিং শ্রীবরাহপুরাণতো জ্ঞাত্বা তৎকার্য্যমেব বৈষ্ণবৈঃ, বিষ্ণুব্রতত্বাৎ। অতএব তস্য ফলং, যদ্বা, অনির্ব্বচনীয়ং ফলম্, তত্র বারাহে উক্তং দুর্ব্বাসসৈব। ননু তর্হি তত্তদ্‌ব্রতং ফলঞ্চ বিবৃত্য লিখ্যতাং, তত্র লিখতি—কাম্যত্বাদিতি। প্রায়োঽত্র গ্রন্থে বৈষ্ণবানামাবশ্যককৃত্যস্যৈব লিখনাৎ। অত্র যত্তদিত্যাদৌ বীপ্সায়া অভাবেঽপি ব্রতানাং বহুত্বাত্তথা, তত্র তত্রেত্যাদৌ বীপ্সাপ্রয়োগাচ্চান্যত্রাপি বীপ্সাবিতর্ক্যেবেতি ॥ ৭-১২ ॥

তথা চ দশমে (২২।১)—

হেমন্তে প্রথমে মাসি নন্দব্রজকুমারিকাঃ।
চেরুর্হবিষ্যং ভুঞ্জানঃ কাত্যায়ন্যর্চ্চনব্রতম্ ॥ ১৩॥

অনুবাদ—অতএব দশম স্কন্ধের দৃষ্টান্ত—হেমন্তের প্রথম মাসে অর্থাৎ অগ্রহায়ণ মাসে নন্দব্রজের কুমারীগণ হবিষ্যান্ন ভোজনকারিণী হইয়া কাত্যায়নী-অর্চ্চনরূপ ব্রত অনুষ্ঠান করিয়াছিলেন ॥১৩

অথ পৌষকৃত্যম্

পঞ্চরাত্রে—

পৌষস্যৈকাদশীং শুক্লামারভ্য স্থণ্ডিলেশয়ঃ।
মাসমাত্রং হরিপ্রীত্যৈ ত্রিবারং স্নানমাচরেৎ ॥ ১৪ ॥
ত্রিকালং পূজয়েৎ কৃষ্ণং ত্যক্তভোগো জিতেন্দ্রিয়ঃ।
পৌষস্য দ্বাদশীং শুক্লাং যাবৎ পুণ্যফলপ্রদাম্ ॥ ১৫॥

অনুবাদ—অতঃপর পৌষকৃত্য, পঞ্চরাত্রে উক্ত হইয়াছে—পৌষমাসের শুক্লপক্ষের একাদশী তিথি হইতে আরম্ভ করিয়া একমাস যাবৎ মাটিতে শয়ন এবং শ্রীহরির প্রীতি উৎপাদনের নিমিত্ত তিনবার স্নান করিবে। ভোগবাসনা ত্যাগ করিয়া ইন্দ্রিয়-

সমূহ সংযত রাখিয়া পৌষমাসের পুণ্য ফলদায়িনী শুক্লা-দ্বাদশী পর্য্যন্ত প্রতিদিন ত্রিসন্ধ্যা শ্রীহরির অর্চ্চনা করিতে হয় ॥ ১৪-১৫ ॥

টীকা—স্থণ্ডিলেশয়ঃ ভূমিশায়ী সন্ ॥ ১৪ ॥

মাসমেকং তদর্দ্ধং বা দশাহং বা তদর্দ্ধকম্ ।
কৃত্বা যাতি হরেঃ স্থানং পূজাং
দধ্যোদনোৎসবাম্ ॥ ১৬ ॥
গীতৈর্বাদ্যৈর্নৃত্যৈর্ভক্তৈর্দধিভক্তং সমং নয়েৎ ।
অর্পয়িত্বা হরৌ ভক্ত্যা প্রসাদঞ্চানয়েত্ততঃ ॥ ১৭ ॥
যঃ প্রসাদং হরের্ভক্ত্যা গৃহ্ণাতি প্রদদাতি চ ।
ভুঙ্‌ক্তে চ বৈষ্ণবৈঃ সার্দ্ধং সোঽনন্তফলমশ্নুতে ॥১৮॥
ঘৃতপ্রস্থেন দেবেশং পৌষপুষ্যাসিতে নরঃ ।
স্নাপয়িত্বাশ্বমেধস্য ফলমাপ্নোত্যসংশয়ম্ ॥ ১৯ ॥

অনুবাদ—সারা পৌষমাস, পনের দিন, দশ দিন বা পাঁচ দিনও দধি ও অন্ন দিয়া উৎসব সহকারে শ্রীহরির পূজা করিলে হরিপাদপদ্ম লাভ হয়। বৈষ্ণববৃন্দসহ মিলিত হইয়া নৃত্য, গীত ও বাদ্য সহকারে দধিযুক্ত অন্ন লইয়া গিয়া শ্রীহরিকে নিবেদন করিতে হইবে। তারপর ভক্তিসহকারে নিবেদন করতঃ শ্রীহরির নিকট হইতে প্রসাদ আনিবে। ভক্তিভরে যিনি শ্রীহরির প্রসাদ গ্রহণ করেন, অন্যকে দেন অথবা বৈষ্ণববৃন্দের সহিত মিলিত হইয়া ভোজন করেন তিনি অনন্ত ফল লাভ করিয়া থাকেন। পৌষমাসে পুষ্যাযুক্ত পূর্ণিমা তিথিতে পাঁচসের দ্বারা ঘৃত দেবদেব শ্রীহরিকে স্নান করাইলে নিঃসংশয়ে অশ্বমেধ যজ্ঞের ফল প্রাপ্ত হওয়া যায় ॥ ১৬-১৯ ॥

টীকা—দধ্যোদনেন তদর্পণেন তদ্রূপো বা উৎসবো যস্যাং তাং হরেঃ পূজাং কৃত্বা ॥ ১৬ ॥

টীকা—নৃত্যৈঃ নৃত্যৈঃ, ভক্তৈঃ বৈষ্ণবৈঃ সমং গীতাদিভির্দধিমিশ্রিতং ভক্তং নয়েৎ ভগবদগ্রে সমর্পণায়। প্রসাদম্ উচ্ছিষ্টরূপং তৎ ॥ ১৭ ॥

অথ মাঘকৃত্যম্

পাদ্মে মাঘমাহাত্ম্যে বিদ্যাধর-ধ্রুবসংবাদে—
মাঘে মাসি কুরু স্নানং মনিকূটনদীজলে ।
ঋষিসিদ্ধাসুরৈর্জুষ্টে কথয়ামি চ তদ্বিধিম্ ॥ ২০॥
তব ভাগ্যবশান্মাঘো নিকটঃ পঞ্চমেঽহনি ।
পৌষস্যৈকাদশীং শুক্লামারভ্য স্থণ্ডিলেশয়ঃ ।
মাসমেকং নিরাহারস্ত্রিবারং স্নানমাচরেৎ ॥ ২১ ॥

অনুবাদ—অনন্তর মাঘকৃত্য পদ্মপুরাণে মাঘমাহাত্ম্যে বিদ্যাধর-ধ্রুব-সংবাদে—হে বিদ্যাধর। যখন মাঘমাস আসিবে তখন ঋষি, সিদ্ধ ও অসুরগণ সেবিত মনিকূট পর্ব্বতের নদীজলে স্নান কর। তোমার কাছে আমি তাহার নিয়ম বলিতেছি—তোমার সৌভাগ্যবশেই মাঘমাস আগত প্রায়—আর চারদিন বাকী, পৌষমাসের শুক্লপক্ষীয়া একাদশী তিথি হইতে আরম্ভ করিয়া সারা মাস মাটিতে শয়ন, উপবাস ও প্রত্যহ তিনবার স্নান করিবার নিয়ম ॥ ২০-২১ ॥

ত্রিকালমর্চ্চয়েদ্বিষ্ণুং ত্যক্তভোগো জিতেন্দ্রিয়ঃ ।
মাঘস্যৈকাদশীং শুক্লাং যাবদ্বিদ্যাধরোত্তম ॥
ইতি ॥ ২২ ॥

অনুবাদ—মাঘমাসের শুক্লপক্ষীয় একাদশী পর্য্যন্ত ভোগবাসনা পরিত্যাগ করতঃ জিতেন্দ্রিয় হইয়া প্রত্যহ তিনবার শ্রীবিষ্ণুর পূজা করিতে হইবে ॥ ২২ ॥

পাদ্মে শ্রীদত্তাত্রেয়-কার্ত্তবীর্য্যসংবাদে—
সংপ্রাপ্তে মকরাদিত্যে পুণ্যে পুণ্যপ্রদে সদা ।
সৎকার্য্যাস্তিথয়ঃ সর্ব্বাঃ স্নানদানাদিকৈঃ সদা ॥২৩॥

অনুবাদ—পদ্মপুরাণে শ্রীদত্তাত্রেয়-কার্ত্তবীর্য্য-সংবাদে বলা হইয়াছে সূর্য্য যখন মকররাশিতে থাকিবে সেই পুণ্যস্বরূপ পুণ্যদায়ক সময়ে সর্ব্বদা স্নানদানাদি দ্বারা তিথিসমূহের সৎকার করিতে হইবে ॥ ২৩ ॥

টীকা—মাঘকৃত্যং চাখিলং পদ্মপুরাণাদৌ ব্যক্তমেকত্রৈবোক্তত্বাৎ পূর্ব্ববদর্থতঃ সংগৃহ্য স্বয়মলিখিত্বা তত্তদ্বচনৈরেব লিখতি—সম্প্রাপ্ত ইত্যাদিনা প্রীয়তামিত্যন্তেন। সৎকার্য্যাঃ সম্মাননীয়াঃ, অগ্রতো যথাশক্তীত্যুক্তা সর্ব্বত্র তথৈব বোদ্ধব্যং, শাস্ত্রেষ্বশক্যস্যাবিধেয়ত্বাৎ। আদি-শব্দাৎ কিঞ্চিদ্ভক্ষ্যত্যাগাদি ॥২৩॥

কর্ত্তব্যো নিয়মঃ কশ্চিদ্‌ব্রতরূপী নরোত্তমৈঃ।
ফলাতিশয়হেতোর্বৈ কিঞ্চিদ্ভোজ্যং ত্যজেদ্‌বুধঃ ॥ ২৪॥
ভূমৌ শয়ীত হোতব্যমাজ্যং তিলবিমিশ্রিতম্।
ত্রিকালং চার্চ্চয়েন্নিত্যং বাসুদেবং সনাতনম্ ॥ ২৫ ॥

অনুবাদ—মনুষ্যগণের মধ্যে যাহারা উত্তম তাহাদের কর্ত্তব্য মাঘমাসে কোনও নিয়মকে ব্রতরূপে ধারণ করা। প্রতিদিনকার ভোজ্য দ্রব্য হইতে এই মাসে কিছু কিছু পরিহার করিলে অধিক ফল লাভ হইয়া থাকে। এই মাসে ভূতলে শয়ন করিবে. তিল ও ঘি দিয়া হোম করিবে এবং প্রতিদিন তিনবার করিয়া সনাতন শ্রীহরির পূজা করিবে ॥২৪-২৫॥

টীকা—তদেবাভিব্যঞ্জয়তি—কর্ত্তব্য ইত্যাদিনা নিয়মমেবাহ—ফলেতি দ্বাভ্যাম্। কিঞ্চিদ্ভোজ্যং ত্যজেদিতি নিত্যং প্রবৃত্তানাং ভক্ষ্যাণাং মধ্যে কিঞ্চিত্ত্যজেদিত্যর্থঃ ॥ ২৪ ॥

———

দাতব্যো দীপকোঽখণ্ডো দেবমুদ্দিশ্য মাধবম্।
ইন্ধনং কম্বলং বস্ত্রমুপানৎ কুঙ্কুমং ঘৃতম্ ॥ ২৬ ॥
তৈলং কার্পাসকোষঞ্চ তূলীং তূলবতীং পটীম্।
অন্নঞ্চৈব যথাশক্তি দেয়ং মাঘে নরাধিপ ॥ ২৭ ॥
স্বর্ণঞ্চ রত্তিকামাত্রং দদ্যাদ্বেদবিদে তথা।
পরাস্যাগ্নিং ন সেবেত ত্যজেদ্বিপ্রঃ প্রতিগ্রহম্ ॥ ২৮॥
মাঘান্তে ভোজয়েদ্বিপ্রান্ যথাশক্তি নরাধিপ।
দেয়া চ দক্ষিণা তেভ্য আত্মনঃ শ্রেয় ইচ্ছতা ॥ ২৯॥

অনুবাদ—ভগবান শ্রীহরির উদ্দেশ্যে এই মাঘমাসে প্রথম হইতে শেষ পর্য্যন্ত নিজ সামর্থ্যানুসারে দিবারাত্র স্থায়ী দীপ, কাঠ, কম্বল, বস্ত্র, পাদুকা, কুঙ্কুম, ঘৃত, তৈল, কার্পাসকোষ, তুলা, তুলবতী পটী (কাপড় বিশেষ) ও অন্ন দান করিতে হয় এবং প্রতিদিন অন্ততঃ একরতি সোনা বেদবিদ্ ব্রাহ্মণকে দান করা উচিত। এই পুণ্য মাঘমাসে ব্রাহ্মণ পরাগ্নি সেবন ও প্রতিগ্রহ বর্জ্জন করিবে। হে রাজন্—মাঘ-সংক্রান্তিদিবসে ব্রাহ্মণগণকে যথাশক্তি ভোজন করাইয়া কল্যাণকামী ব্যক্তি দক্ষিণা দান করিবে ॥ ২৬-২৯ ॥

টীকা—অখণ্ডঃ অহোরাত্র-মাসব্যাপী ॥ ২৬ ॥

———

একাদশী-বিধানেন মাঘস্যোদ্‌যাপনং তথা।
কর্ত্তব্যং শ্রদ্দধানেন অক্ষয়স্বর্গবাঞ্ছয়া ॥ ৩০ ॥

অনুবাদ—যিনি অক্ষয় স্বর্গ ইচ্ছা করেন, তিনি শ্রদ্ধালু হইয়া শ্রীএকাদশীর বিধান অনুসারে মাঘব্রতের উদ্‌যাপন করিবেন ॥ ৩০ ॥

টীকা—উদ্‌যাপনমচ্ছিদ্রবাচনাদিনা নিয়মসমাপনমেব, ন তু পুনর্মাঘকৃত্যাকরণাত্মকম্, একাদশীব্রতবত্তস্য নিত্যত্বাৎ। তচ্চাগ্রে ব্যক্তং ভাবি ॥ ৩০॥

———

মকরস্থে রবৌ মাঘে গোবিন্দাচ্যুত মাধব।
স্নানেনানেন মে দেব যথোক্তফলদো ভব ॥ ৩১ ॥
ইমং মন্ত্রং সমুচ্চার্য্য স্নায়ান্মৌনং সমাশ্রিতঃ।
বাসুদেবং হরিং বিষ্ণুং মাধবঞ্চ স্মরেৎ পুনঃ ॥৩২॥

অনুবাদ— হে অচ্যুত ! হে গোবিন্দ ! হে মাধব ! আমি মাঘমাসে মকররাশিস্থ দিবাকরে স্নান করিতেছি, হে প্রভো ! আপনি যথারীতি এই স্নানের ফল প্রদান করুন—এই মন্ত্র পাঠ করতঃ মৌনাবলম্বন করিয়া স্নান করিবে। তারপর পুনরায় বাসুদেব, হরি, বিষ্ণু ও মাধব নাম স্মরণ করিবে ॥ ৩১-৩২ ॥

টীকা—তত্র স্নানবিধৌ বিশেষমাহ—মকরস্থ ইতি দ্বাভ্যাম্। গোবিন্দেত্যাদিনা ভক্ত্যা পুনঃ পুনঃ সম্বোধনম্, স্নানে নামকীর্ত্তনবিশেষো বা, তথা বাসুদেবমিত্যাদীনি চ নামানি স্মরেৎ, মনসি জপেৎ, লঘু লঘু কীর্ত্তয়েদিতি বা, পুনরিতি মুহুরিত্যর্থঃ ॥ ৩১-৩২ ॥

———

কিঞ্চ—

উষ্ণেন বারিণা স্নানং যদ্‌গৃহে ক্রিয়তে নরৈঃ।
ষড়ব্দফলদং তদ্ধি মকরস্থে দিবাকরে ॥ ৩৩ ॥
বহিঃস্নানন্তু বাপ্যাদৌ দ্বাদশাব্দফলং স্মৃতম্।
তড়াগে দ্বিগুণং রাজন্ বাপ্যাং তচ্চ চতুর্গুণম্ ॥৩৪॥
দশধা দেবখাতে তু শতধা তু মহানদীম্।
শতঞ্চতুর্গুণং রাজন্ মহানদ্যাস্তু সঙ্গমে ॥ ৩৫ ॥
সহস্রগুণিতং সর্ব্বং তৎ ফলং মকরে রবৌ।
গঙ্গায়াং স্নানমাত্রেণ লভতে মানুষো নৃপ ॥ ৩৬ ॥
শতেন গুণিতং মাঘে সহস্রং রাজসত্তম।
নির্দ্দিষ্টমৃষিভিঃ স্নানং গঙ্গাযামুনসঙ্গমে ॥ ৩৭ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—সূর্য্য মকর রাশিতে অবস্থান করার সময় বাড়ীতে গরম জলে স্নান করিলে ষট্ বর্ষ স্নানের ফল লাভ করা যায়। মুনি-গণের অভিমত এই যে, গৃহের বাহিরে জলাশয়ে স্নান করিলে বার্ষিক স্নানের ফল লাভ হয় এবং তড়াগ স্নান তাহার দ্বিগুণ বৃহৎ জলাশয়ে চারিগুণ, দেবখাতে দশগুণ ও মহানদীতে স্নান শতগুণ ফলপ্রদ। হে নৃপবর! মহানদী সঙ্গমে স্নান করিলে চারিশত গুণ ফল লাভ হইয়া থাকে এবং রবি মকররাশিস্থ হইলে গঙ্গাস্নান দ্বারা ঐ সমস্ত ফলের হাজার গুণ বেশী ফল হয়। ঋষিগণের অভিমত এই যে, মাঘমাসে গঙ্গা-যমুনা-সঙ্গমে স্নান লক্ষগুণ ফলপ্রদ ॥ ৩৩-৩৭ ॥

টীকা—মহানদীং প্রতি, তস্যামিত্যর্থঃ ॥ ৩৫ ॥

টীকা—শতেন গুণিতং সহস্রলক্ষমিত্যর্থঃ ॥৩৭॥

কিঞ্চ—

অপ্রাবৃতশরীরস্তু যঃ কণ্টং স্নানমাচরেৎ।
পদে পদেঽশ্বমেধস্য ফলং প্রাপ্নোতি মানবঃ ॥ ৩৮ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—অপাবৃত শরীরকে স্নানকারী ব্যক্তি পদে পদে অশ্বমেধ যজ্ঞের ফল লাভ করেন ॥ ৩৮ ॥

টীকা—অপ্রাবৃতশরীরত্বঞ্চ স্নানসঙ্কল্পং স্নানার্থ-গমনঞ্চারভ্য তর্পণাবধি গৃহাগমনপর্য্যন্তং বা বোদ্ধব্যম্ ॥ ৩৮ ॥

ভবিষ্যোত্তরে চ শ্রীভগবদ্যুধিষ্ঠিরসংবাদে—
পৌষফাল্গুনয়োর্মধ্যে প্রাতঃস্নায়ী সদা ভবেৎ ॥ ৩৯॥
তত্র চোত্থায় নিয়মং গৃহ্ণীয়াদ্বিধিপূর্ব্বকম্।
মাঘমাসমিমং পূর্ণং স্নাস্যেঽহং দেব মাধব ॥ ৪০॥

অনুবাদ—ভবিষ্যোত্তরপুরাণে শ্রীভগবান-যুধিষ্ঠির সংবাদে—পৌষ ও ফাল্গুন এই দুই মাসের মধ্যবর্ত্তী মাসে অর্থাৎ মাঘমাসে সর্ব্বদা প্রাতঃস্নান করা উচিত। সকালে উঠিয়া হে দেব মাধব! আমি সারা মাঘমাসব্যাপী এইভাবে প্রাতঃস্নান করিব, ইহা বলিয়া বিধানানুসারে নিয়ম গ্রহণ করিতে হইবে ॥ ৩৯-৪০ ॥

কিঞ্চ—

অপ্রাবৃতশরীরস্তু যঃ কৃচ্ছ্রং স্নানমাচরেৎ।
বেদোক্তবিধিনা পার্থ সূর্য্যস্যার্ঘ্যং নিবেদয়েৎ ॥ ৪১ ॥
পিতৄন্ সন্তর্প্য তত্রস্থঃ সমুত্তীর্য্য জলাশয়াৎ।
পদে পদেঽশ্বমেধস্য ফলং প্রাপ্নোতি মানবঃ ॥ ৪২ ॥
ততঃ স্নাত্বা শুভে তীর্থে দত্ত্বা শিরসি বৈ মৃদম্।
ইষ্টং দেবং নমস্কৃত্য পূজয়েন্মধুসূদনম্ ॥ ৪৩ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—মাঘমাস ব্যাপিয়া অপাবৃত শরীরে কষ্টসহ্য করিয়া স্নান করিলে, বেদবিহিত নিয়ম অনুযায়ী সূর্য্যার্ঘ্য প্রদান করিলে এবং জলগর্ভে অবস্থান করিয়া তর্পণ করতঃ জলাশয় হইতে বাড়ীতে আসিলে প্রতিপদে অশ্বমেধ যজ্ঞের ফল প্রাপ্ত হইতে পারে। তারপর মাথায় মাটি মাখিয়া শুভতীর্থে স্নান করতঃ অভীষ্ট দেবকে বন্দনা করিয়া মধুসূদনকে পূজা করিবে ॥ ৪১-৪৩ ॥

টীকা—মাঘমাসমিতি মাঘস্নানারম্ভে সঙ্কল্পবিশেষো দর্শিতঃ। তত্র স্নানবিধিশ্চ সাধারণ এবেতি নাত্র লিখিতঃ ॥ ৪০-৪১ ॥

শঙ্খচক্রধরং দেবং মাধবং নাম পূজয়েৎ।
বহ্নিং হুত্বা বিধানেন ততশ্চৈকমনা ভবেৎ ॥ ৪৪ ॥
তিল আমলকান্যেব তীর্থে দেয়ঞ্চ গোময়ম্।
তথা প্রজ্বালয়েদ্বহ্নিং নিঃশীতার্থং দ্বিজন্মনাম্ ॥৪৫॥

অনুবাদ—শঙ্খচক্রধারী শ্রীভগবানকে 'মাধব' নামে পূজা করিতে, হইবে, তারপর যথারীতি হোম করিয়া একাগ্রচিত্তে অবস্থান করিবে, তারপর আমলকীফল ও তিল নিবেদন করিয়া তীর্থে গোময় লেপন করতঃ ব্রাহ্মণদের শীত নিবারণের জন্য আগুন জ্বালিতে হইবে ॥ ৪৪-৪৫ ॥

ভোজনং দ্বিজদম্পত্যোঃ পূজয়েচ্চ বিলেপনৈঃ।
কম্বলাজিনরত্নানি বাসাংসি বিবিধানি চ ॥ ৪৬ ॥
চৈলকানি চ দেয়ানি প্রচ্ছাদনপটস্তথা।
উপানহৌ তথা রাজন্ মাঘস্নানেন দাপয়েৎ।
অনেনা বিধিনা রাজন্ মাধবঃ প্রীয়তামিতি ॥ ৪৭॥

অনুবাদ—অতঃপর দ্বিজদম্পতীর পূজা করিতে

হয় এবং ভোজ্য বিলেপন, কম্বল, অজিন, রত্ন, বিবিধ বস্ত্র দান করিতে হয়। মাঘ স্নানে কাঁথা, আচ্ছাদনবস্ত্র ও পাদুকা দান করিতে হয়। হে রাজন্। এই প্রকার নিয়মানুসারে মাঘমাসে স্নান করিলে ভগবান মাধব প্রীত হইয়া থাকেন ॥ ৪৬-৪৭ ॥

টীকা—চৈলকানি কন্থাদীনি, মাধবঃ, প্রীয়তামিত্যনেন বিধিনা দাপয়েৎ দদ্যাৎ ॥ ৪৭ ॥

অথ মাঘস্নানস্য নিত্যত্বম্

ভবিষ্যোত্তরে তত্রৈব—

প্রয়াগং পুষ্করং প্রাপ্য কুরুক্ষেত্রমথাপি বা।
যত্র বা তত্র স্নায়ান্মাঘে নিত্যমিতি শ্রুতিঃ ॥ ৪৮ ॥

অনুবাদ—অতঃপর মাঘস্নানের নিত্যত্ব—ভবিষ্যোত্তর পুরাণে ভগবান-যুধিষ্ঠির-সংবাদেই উক্ত হইয়াছে—মাঘমাসে প্রয়াগ, পুষ্কর কিংবা কুরুক্ষেত্র অথবা অন্য যে কোন স্থানেই হউক প্রত্যহ প্রাতঃ স্নান করা উচিত এইরূপ শ্রুতিবাক্য প্রসিদ্ধ রহিয়াছে ॥ ৪৮ ॥

কিঞ্চ—

অবশ্যমিতি কর্ত্তব্যং মাঘস্নানং যথাবিধি ॥ ৪৯ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—বিধান অনুসারে মাঘস্নান অবশ্য কর্ত্তব্য ॥ ৪৯ ॥

পাদ্মে—

অকামো বা সকামো বা মাঘস্নায়ী ভবেন্নরঃ ॥ ৫০ ॥

অনুবাদ—পদ্মপুরাণে বলা হইয়াছে—অকাম, সকাম বা নিষ্কাম যে প্রকারই হউক মনুষ্য মাত্রেরই মাঘস্নান করা উচিত ॥ ৫০ ॥

কিঞ্চ, তত্রৈব শ্রীদত্তাত্রেয়-কার্ত্তবীর্য্যসংবাদে—

অমাঘস্নায়িনাং নৃণাং নিষ্ফলং জন্মকীর্ত্তনম্।
অসূর্য্যগগনং যদ্বদচন্দ্রমুড়ুমণ্ডলম্।
তদ্বন্ন ভাতি সৎকর্ম্ম মাঘস্নানং বিনা নৃপ ॥ ৫১ ॥
বুদ্বুদা ইব তোয়েষু পুত্তিকা ইব জন্তুষু।
জায়ন্তে মরণায়ৈব মাঘস্নানবিবর্জ্জিতাঃ ॥ ৫২ ॥

অনুবাদ—ভবিষ্যোত্তর পুরাণের দত্তাত্রেয়-কার্ত্তবীর্য্য-সংবাদে আরও বলা হইয়াছে—মনুষ্যগণ যদি মাঘমাসে স্নান না করে তাহা হইলে তাহাদের জন্ম বৃথা বলিয়া জানিবে। সূর্য্য, চন্দ্র ও নক্ষত্রমণ্ডল ব্যতীত যেমন আকাশমার্গ শোভিত হয় না, সেই প্রকার মাঘস্নান ছাড়া সৎকর্ম্মসমূহ শোভা পায় না। জল মধ্যে যেমন বুদ্‌বুদ্ এবং জন্তু মধ্যে পুত্তিকা নামক সূক্ষ্মকীট জন্মিয়াই বিনষ্ট হয় সেই প্রকার মাঘস্নান বর্জ্জিত ব্যক্তিরাও মরিবার জন্যই জন্মায় অর্থাৎ মাঘস্নান ছাড়া জন্মের সার্থকতা নাই ॥৫১-৫২

টীকা—পুত্তিকাঃ সূক্ষ্মকীটবিশেষাঃ সদ্যোজন্মমরণাঃ। এবং মাঘস্নানাভাবেন জন্মকর্ম্মাদিবৈফল্যান্নিত্যত্বং সাধিতম্ ॥ ৫২ ॥

কিঞ্চ—

ব্রতদানতপোভিশ্চ ন তথা প্রীয়তে হরিঃ।
মাঘে মজ্জনমাত্রেণ যথা প্রীণাতি মাধবঃ ॥ ৫৩ ॥

কিঞ্চ—

প্রীয়তে বাসুদেবস্য মাঘস্নানং প্রকীর্ত্তিতম্ ॥ ৫৪ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—শ্রীমাধব হরি মাঘস্নানে যে প্রকার সন্তুষ্ট হইয়া থাকেন, ব্রত দান অথবা তপস্যায় সেই প্রকার সন্তুষ্ট হন না। শ্রীবাসুদেবের প্রীতির জন্যই মাঘস্নানের বিধান ইহাই শ্রুত হয় ॥ ৫৩-৫৪ ॥

টীকা—অধুনা ভগবত্তোষণত্বাৎ পরমনিত্যত্বমাহ—ব্রতেতি সর্দ্ধেন ॥ ৫৩ ॥

অথ তত্রাধিকারিনির্ণয়ঃ

পাদ্মে তত্রৈব—

সর্ব্বেঽধিকারিণো হ্যত্র বিষ্ণুভক্তৌ যথা নৃপ।
সর্ব্বেষাং স্বর্গদো মাঘঃ সর্ব্বেষাং পাপনাশনঃ ॥৫৫॥

অনুবাদ—অনন্তর মাঘস্নানে অধিকারি নির্ণয়, পদ্মপুরাণের দত্তাত্রেয়-কার্ত্তবীর্য্য-সংবাদে — ঋষি দত্তাত্রেয় কহিতেছেন —হে রাজন্। শ্রীবিষ্ণুচরণে যেমন

সকলেই ভক্তি করিবার অধিকারী, সেই প্রকার মাঘ-মাস সকলেরই স্বর্গপ্রদ ও পাপক্ষয়কারী ॥ ৫৫ ॥

টীকা—অত্র মাঘস্নানে, বিষ্ণুভক্তাবিতি দৃষ্টান্তেন মাঘস্নানস্যাপি বিষ্ণুভক্তিত্বমভিপ্রেতম্ ॥ ৫৫ ॥

———

অতএব ভবিষ্যোত্তরে তত্রৈব—

ব্রহ্মচারী গৃহস্থশ্চ বানপ্রস্থোঽথ ভিক্ষুকঃ।
প্রাতঃ সর্ব্বে প্রশংসন্তি সদা মাঘস্য মজ্জনম্ ॥ ৫৬ ॥
বালাস্তরুণকা বৃদ্ধা নরনারী-নপুংসকাঃ।
স্নাত্বা মাঘং শুভে তীর্থে
প্রাপ্নুবন্তীপ্সিতং ফলম্ ॥ ৫৭ ॥
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যো মন্ত্রবৎ স্নানমাচরেৎ।
তূষ্ণীমেব তু শূদ্রস্য স্ত্রীণাঞ্চ কুরুনন্দন ॥ ৫৮ ॥

অনুবাদ—অতএব ভবিষ্যোত্তরপুরাণে ভগবান-যুধিষ্ঠির-সংবাদে ব্রহ্মচারী, গৃহস্থ, বাণপ্রস্থ ও ভিক্ষু ইঁহারা সকলেই সর্ব্বদা মাঘমাসে প্রাতঃস্নানের প্রশংসা করেন। স্ত্রী, বালক, বৃদ্ধ, সকলেই এমন কি ক্লীবও এই মাসে প্রাতঃ স্নান করিয়া অভিলাষের অনুরূপ ফল প্রাপ্ত হন। হে রাজন্—ব্রাহ্মণাদি তিন বর্ণ মন্ত্রপাঠ পূর্ব্বক স্নান করিবেন। শূদ্র ও স্ত্রী-জাতির পক্ষে মন্ত্রপাঠ নাই, তাই কেবল মৌন অবলম্বন করিয়া তাহাদের স্নান করিবার নিয়ম ॥ ৫৬-৫৮ ॥

টীকা—প্রাতর্মজ্জনম্ ॥ ৫৬ ॥
টীকা—নরঃ—পুরুষঃ ॥ ৫৭ ॥

———

অথ মাঘমাহাত্ম্যম্—

তত্র কাত্যায়নঃ—

মাঘস্নায়ী নরো যঃ স্যাদ্দুর্গতিং নৈব পশ্যতি।
তন্নাস্তি মানুষে লোকে কিল্বিষং যন্ন শোধয়েৎ ॥৫৯

অনুবাদ—অতঃপর মাঘমাহাত্ম্য, এই বিষয়ে শ্রীকাত্যায়নের বাক্য যথা—মাঘস্নায়ী ব্যক্তিকে দুর্গতি পাইতে হয় না। মাঘস্নানে মর্ত্তলোকের যাবতীয় পাপ ধ্বংস হয় ॥ ৫৯ ॥

———

ভবিষ্যোত্তরে তত্রৈব—

মাঘমাসে রটন্ত্যাপঃ কিঞ্চিদভ্যুদিতে রবৌ।
ব্রহ্মঘ্নং বা সুরাপং বা কং পতন্তং পুনীমহে ॥ ৬০ ॥
প্রাসাদা যত্র সৌবর্ণাঃ স্ত্রিয়শ্চাপ সরসো যথা।
দধিকুল্যাস্তথা যত্র নদ্যঃ পায়সকর্দ্দমাঃ।
তত্র তে যান্তি মজ্জন্তি যে মাঘে ভাস্করোদয়ে ॥ ৬১ ॥

অনুবাদ—ভবিষ্যোত্তরপুরাণে আরও বলা হইয়াছে—মাঘমাসে রবি কিঞ্চিৎ উদিত হইলে জলরাশি হইতে এই প্রকার উচ্চারিত হয় যে, "কোন্ ব্যক্তি ব্রহ্মঘাতী হইয়াছে? কে সুরাপায়ী হইয়াছে? কে বা পতিত হইয়াছে? আমরা ঐ সমস্ত পাপিদিগকে শুদ্ধ করিব।" যে স্থানে দেবমন্দিরসমূহ সুবর্ণনির্ম্মিত, অপ্সরাসমূহ, যে স্থানের রমণী, যে স্থানে দধিকূল্যা বিরাজমান এবং যে স্থানের নদী-কর্দ্দম পায়সই, মাঘমাসে সূর্য্যোদয়ে স্নায়িগণ সেই ধামে গমন করেন ॥ ৬০-৬১ ॥

———

কিঞ্চ—

পিতৃপিতামহৈঃ সার্দ্ধং তথৈব প্রপিতামহৈঃ।
মাতৃমাতামহৈঃ সার্দ্ধং বৃদ্ধমাতামহৈস্তথা ॥ ৬২ ॥
একবিংশকুলৈঃ সার্দ্ধং ভোগান্ ভুক্ত্বা যথেপ্সিতান্।
মাঘমাস্যুষসি স্নাত্বা বিষ্ণুলোকং স গচ্ছতি ॥ ৬৩ ॥
যো মাঘমাস্যুষসি সূর্য্যকরাভিতাম্রে
স্নানং সমাচরতি চারুনদীপ্রবাহে।
উদ্ধৃত্য সপ্তপুরুষান্ পিতৃমাতৃতশ্চ
স্বর্গং প্রয়াত্যমলদেহধরো নরোঽসৌ ॥ ৬৪ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—এই মাঘমাসে প্রাতস্নায়ী ব্যক্তি পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতা, মাতামহ, বৃদ্ধমাতামহ ও একবিংশতি কুলসহ ইচ্ছা-নুরূপ ভোগসমূহ ভোগ করিয়া বৈকুণ্ঠধাম প্রাপ্ত হন। মাঘমাসে পূর্ব্বদিগন্ত রক্তবর্ণে রঞ্জিত করিয়া সূর্য্য যখন উদিত হন, তখন মনোরম নদীপ্রবাহে যিনি স্নান করেন, তিনি নিজের পিতৃমাতৃকুলের সাতপুরুষ উদ্ধার করতঃ দিব্যশরীরধারী হইয়া স্বর্গে গমন করেন ॥ ৬২-৬৪ ॥

———

সৌপর্ণে শ্রীনারদেন্দ্রসংবাদে—

দুর্ল্লভো মাঘমাসস্তু বৈষ্ণবানামতিপ্রিয়ঃ ।
দেবতানামৃষীণাঞ্চ মুনীনাং সুরনায়ক ॥ ৬৫ ॥
বিশেষেণ শচীনাথ মাধবস্যাতিবল্লভঃ ।
অধিকো মাঘমাসস্তু মাসানান্তু শচীপতে ॥ ৬৬ ॥
পৌষ্যান্তু সমতীতায়াং যাবত্তবতি পূর্ণিমা ।
মাঘমাসস্য দেবেন্দ্র পূজা বিষ্ণোর্বিধীয়তে ॥ ৬৭ ॥

অনুবাদ—গরুড়পুরাণে শ্রীনারদ-ইন্দ্র-সংবাদে, দেবরাজকে সম্বোধন করিয়া দেবর্ষি কহিতেছেন—এই মাঘমাস অতীব দুর্ল্লভ। এই মাস দেবতা, বৈষ্ণব ও ঋষি এবং মুনিগণের পরম প্রীতিকর। এই মাস শ্রীহরির অধিক প্রীতিপ্রদ যাবতীয় মাসের মধ্যে এই মাসই শ্রেষ্ঠ। হে দেবরাজ! পৌষমাসের পূর্ণিমার পর হইতে পুনরায় পূর্ণিমা গমন সময়কে মাঘমাস বলা হয়। এই সময় নিয়মানুযায়ী শ্রীহরির পূজা করা উচিত ॥ ৬৫-৬৭ ॥

স্নানং বিলেপনং ধূপং নৈবেদ্যাদি চ শক্তিতঃ ।
মাঘমাসকৃতং বিষ্ণোঃ সর্ব্বং ভবতি চাক্ষয়ম্ ॥৬৮॥
মাসার্দ্ধং বা সমগ্রং বা দশাহং বা তদর্দ্ধকম্ ।
যথাশক্ত্যা হরেঃ পূজাং কুর্ব্বন্নাপ্নোতি তৎপদম্ ॥ ৬৯ ॥

অনুবাদ—এই পুণ্য মাঘমাসে শ্রীহরিকে স্নান করাইয়া সাধ্যানুসারে বিলেপন, ধূপ, দীপ ও নৈবেদ্য প্রভৃতি অর্পণ করিলে প্রদত্ত বস্তুসমূহ অক্ষয় হয়। সম্পূর্ণ মাঘমাস, অর্দ্ধমাস, দশদিন, কিংবা পাঁচদিন মাত্রও সাধ্যানুসারে শ্রীহরির অর্চ্চনা করিলে শ্রীহরি-ধামে গমন হইয়া থাকে ॥ ৬৫-৬৯ ॥

স্কান্দে ব্রহ্মনারদ-সংবাদে—

মাঘস্নানস্য মাহাত্ম্যং শৃণু ভাগবতপ্রিয় ।
ত্বৎসমো নাস্তি লোকেঽস্মিন্ বিষ্ণোর্ভক্তো মহামুনে ॥ ৭০ ॥
চক্রতীর্থে হরিং দৃষ্ট্বা মথুরায়াঞ্চ কেশবম্ ।
যৎ ফলং লভতে জন্তুর্মাঘস্নানেন তৎ ফলম্ ॥ ৭১ ॥
জিতেন্দ্রিয়ঃ শান্তমনাঃ সদাচারেণ সংযুতঃ ।
স্নানং করোতি যো মাঘে সংসারী ন ভবেৎ পুনঃ ॥ ৭২ ॥
ওঁকারঃ সর্ব্ববেদানাং যথাদৌ পরিগীয়তে ।
তথা বিষ্ণুব্রতানান্তু মাঘস্নানং মহামুনে ॥
ইত্যাদি ॥ ৭৩ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে—ব্রহ্মা কহিতেছেন—হে ভাগবতপ্রিয় মুনিবর! ইহলোকে তোমার মত বিষ্ণুভক্ত নাই, অতএব তোমাকে মাঘ-মাসের মাহাত্ম্যই বলিতেছি শ্রবণ কর। চক্রতীর্থে শ্রীহরিকে ও মথুরায় শ্রীকেশবকে দর্শন জন্য তুল্য ফল মাঘস্নায়ী ব্যক্তি পাইয়া থাকেন। জিতেন্দ্রিয়, নিরু-দ্বিগ্নচিত্ত ও সদাচার পরায়ণ হইয়া মাঘ মাসে স্নান করিলে আর পুনর্জন্ম হয় না, হে মুনিশ্রেষ্ঠ! প্রণব যেমন সর্ব্ববেদের আদি, সেইরূপ যাবতীয় হরিব্রতের মধ্যে মাঘস্নানও আদি বলিয়া কীর্ত্তিত ॥ ৭০-৭৩॥

টীকা—ত্বৎসমো বিষ্ণুভক্তো নাস্তীতি পরমগুহ্য-মেতৎ, ত্বং শৃণ্বিতি ভাবঃ ॥ ৭০ ॥

কিঞ্চ তত্রৈবান্যত্র—

মনসাপি চিকীর্ষন্তি মাঘস্নানন্তু যে নরাঃ ।
তে ঘোরং ন প্রযাস্যন্তি সংসারদুঃখসঙ্কুলম্ ॥ ৭৪ ॥
সৌরিমার্গং মহাঘোরং যমদূতান্ যমন্তথা ।
স্বপ্নেঽপি ন হি পশ্যন্তি মাঘস্নানরতা নরাঃ ॥ ৭৫ ॥

অনুবাদ—ঐ প্রকরণে এবং অন্যত্রও বলা হইয়াছে যথা—মানসিক ভাবেও মাঘস্নানের ইচ্ছা করিলে এই ঘোর ক্লেশময় সংসার হইতে পরিত্রাণ পাওয়া যায়। মাঘস্নায়ী নরগণ স্বপ্নেও মহাঘোর শমনমার্গ, যমদূত ও যমরাজকে দর্শন করে না ॥ ৭৪-৭৫ ॥

যদীচ্ছেদ্বিষ্ণুনা বাসং সুতান্ সম্পদমাত্মনঃ ।
মাঘস্নানং তদা কার্য্যং বর্ষে বর্ষে চ নারদ ॥ ৭৬ ॥
ব্রতানি বৈষ্ণবানীহ মনসাপি চিকীর্ষতি ।
ততস্য বিলয়ং যাতি পাপং জন্মশতোদ্ভবম্ ॥ ৭৭ ॥

অনুবাদ—হে দেবর্ষে! যদি পুত্র, পৌত্র বা সম্পদ কিংবা শ্রীবিষ্ণুর নিকট বাস ইচ্ছা হয়, তাহা হইলে

প্রতি বৎসর মাঘস্নান করা কর্ত্তব্য। ইহধামে যিনি মনে মনেও শ্রীহরিব্রত সাধনের ইচ্ছা করেন, তাঁহার শতজন্মার্জ্জিত পাপরাশি ধ্বংস প্রাপ্ত হয় ॥৭৬-৭৭ ॥

টীকা—বৈষ্ণবানি ব্রতানি মাঘস্নানাদীনি, ইহ ভারতে বর্ষে। যদ্বা, অস্মিন্ মাঘমাসে বিষ্ণুদ্দেশে-হন্যান্যপি ব্রতানি একভক্তাদীনি যশ্চিকীর্ষতি, তস্য তন্মহাপাতকাদিকম্ ॥ ৭৭ ॥

মাঘস্নানং নরঃ কৃত্বা সদা দান্তমনা ব্রতী।
প্রাপ্নোতি চ পদং বিষ্ণোঃ স্থানং
ত্রৈলোক্যবন্দিতম্ ॥ ৭৮ ॥

অনুবাদ—সর্ব্বদা সংযতচিত্তে ব্রতরত হইয়া মাঘ-স্নান করতঃ মানব ত্রিলোকবন্দিত বিষ্ণুধাম লাভ করিতে পারেন। ৭৮ ॥

টীকা—পদমেবাহ—স্থানমিতি ॥ ৭৮ ॥

কৃত্বা ভূরি মহাপাপং জ্ঞানতোহজ্ঞানতোহপি বা।
মাঘস্নানেন বিপ্রেন্দ্র দহ্যতে তূলরাশিবৎ ॥ ৭৯ ॥

অনুবাদ—হে বিপ্রেন্দ্র। মাঘস্নায়ীর জ্ঞানাজ্ঞানকৃত মহাপাতকও অগ্নিস্পর্শে তুলারাশির মত ধ্বংস হয় ॥৭৯

কর্ম্মণা মনসা বাচা যৎ পাপং সমুপার্জ্জিতম্।
দহ্যতে নাত্র সন্দেহো মাঘস্নানেন নারদ ॥ ৮০ ॥
স্নানং দানং জপো হোমঃ সমুদ্দিশ্য জনার্দ্দনম্।
নরৈর্যৎ ক্রিয়তে মাঘে তদনন্তফলং স্মৃতম্ ॥৮১॥

অনুবাদ—মাঘস্নান দ্বারা মনোজ, কর্ম্মজ এবং বাক্যজ ত্রিবিধ পাতকই ভস্মীভূত হয়। ঋষিগণ বলিয়াছেন জনার্দ্দনের উদ্দেশ্যে মাঘমাসে স্নান, দান, জপ ও হোম যাহা কিছু করেন, তৎসমস্ত অনন্ত ফলপ্রদ হইয়া থাকে ॥ ৮০-৮১ ॥

বিভবে সতি যো মোহান্ন কুর্য্যাদ্বিধিবিস্তরম্।
ন তৎ ফলমবাপ্নোতি যো লোভাক্রান্তমানসঃ ॥৮২॥
যে ভবিষ্যন্তি যেঽতীতা আকল্পং পুরুষাঃ কুলে।
তাংস্তারয়তি বিপ্রেন্দ্র মাঘস্নানেন মাধবঃ ॥ ৮৩ ॥

অনুবাদ—ধন থাকিতেও মোহবশতঃ ব্যয়সংকোচ করিয়া কার্য্য করিলে তাহা নিরর্থক হয়। হে বিপ্র-বর। বংশে একজন যদি মাঘস্নায়ী হয় তাহা হইলে কল্পকাল পর্য্যন্ত সেই বংশে যত পুরুষ জন্মিবে ও যাহারা জন্মিয়াছে, শ্রীমাধব তাহাদিগকে পরিত্রাণ করিয়া থাকেন ॥ ৮২-৮৩ ॥

টীকা—ননু স্নানমাত্রেণৈব সর্ব্বসিদ্ধেঃ, কিং দানা-দিনা? তত্রাহ—বিভব ইতি। শক্তৌ বিত্তশাঠ্যেন ফলং ন সম্যক্ সিধ্যেদিতি ভাবঃ ॥ ৮২ ॥

সম্প্রাপ্তে মাঘমাসে তু তপস্বিজনবল্লভে।
বিলয়ং যান্তি পাপানি তমঃ সূর্য্যোদয়ে যথা ॥৮৪॥
যতিবৎ পথি গচ্ছেত মৌনী পৈশুন্যবর্জ্জিতঃ ॥৮৫॥

অনুবাদ—তাপসজনবল্লভ মাঘমাস সমাগত হইলে পাতকরাশি সূর্য্যোদয়ে অন্ধকার রাশির মত বিদূরিত হইয়া থাকে। মাঘস্নানের জন্য পথে যাইবার সময় সন্ন্যাসীর মত খলতাদি দোষসমূহ বর্জ্জন করিয়া মৌনভাব ধারণ করিতে হইবে। ৮৪-৮৫ ॥

টীকা—মাহাত্ম্যকথনান্তরে চ মাঘপ্রাতঃস্নানার্থ-গমনবিধিমাহ—যতিবদিতি। হিংসাদি-শূন্যঃ, মৌনী ভগবন্নামকীর্ত্তনাতিরিক্তবচনরহিতঃ, বিশেষতঃ পৈশুন্যেন মাঘকৃত্যত্যাগাদিপরদোষসূচনেন বর্জ্জিতো হীনঃ সন্ পথিগচ্ছেৎ। যদ্বা, মাহাত্ম্যমেবাহ—মাঘস্নানতঃ যদ্বা, মাঘে সংপ্রাপ্তে সতি সর্ব্বোহপি জনঃ যতিবৎ মৌনী আত্মারামত্বাদি-মুনি-ধর্ম্মযুক্তঃ সন্, অতএব পৈশুন্যবর্জ্জিতঃ সন্ পথি সন্মার্গে গচ্ছেৎ। সংযত ইতি পাঠেহপি তাদৃগেবার্থঃ ॥ ৮৫ ॥

যদীচ্ছেদ্বিপুলান্ ভোগান্ বৈষ্ণবং পদমব্যয়ম্।
মহানদীজলে স্নাত্বা ইতরে বাপি নারদ।
স্নাপয়িত্বা হরিং ভক্ত্যা পূজয়েত্তুলসীদলৈঃ ॥ ৮৬ ॥

অনুবাদ—হে নারদ। যদি বিশাল ভোগ বা বিষ্ণুধাম বৈকুণ্ঠলাভের কাহারও ইচ্ছা থাকে তাহা

হইলে সেই ব্যক্তি অবশ্যই মহানদী জলে কিংবা অন্য জলাশয়ে স্নান করতঃ ভক্তিভরে তুলসীদল দ্বারা শ্রীকেশবদেবকে অর্চ্চনা করিবে ॥ ৮৬ ॥

টীকা—যদীচ্ছেত্তদা পূজয়েদিতি সার্দ্ধেনন্বয়ঃ ॥৮৬

———

ব্রহ্মবৈবর্ত্তে শ্রীসূতশৌনক-সংবাদে—

ন মাঘমাস-স্নানস্য সমমন্যদ্ভৃগূদ্বহ ।
তপঃ কিমপি তত্ত্বার্থবেদিনো মুনয়ো বিদুঃ ॥ ৮৭ ॥
শীতকালে সুশীতেন জলেন স্বং বপুর্নরঃ ।
প্রক্ষাল্য সদ্যো নিয়তং বিশোধয়তি দুষ্কৃতম্ ॥৮৮॥

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণে শ্রীসূত-শৌনক-সংবাদে উক্ত হইয়াছে—হে মুনিবর ! তত্ত্বজ্ঞ মুনিগণ মাঘস্নানের মত অন্য কোন তপস্যার কথা জানেন না। শীতকালে শীতলজলে শুদ্ধিলাভ করা যায় ॥৮৭-৮৮॥

———

কিঞ্চ—

অপি শূদ্রোঽপি দাসোঽপি মাঘস্নানপরায়ণঃ ।
প্রোক্তো মুখ্যতমো বিপ্রো ন তু তদ্বিমুখো দ্বিজঃ ॥৮৯

অনুবাদ—আরও বলা হইয়াছে—শূদ্র অথবা কৈবর্ত্তও মাঘমাসে নিয়মানুসারে স্নান করিলে ব্রাহ্মণ বলিয়া কথিত হইতে পারে কিন্তু যদি ব্রাহ্মণ হইয়াও মাঘস্নান রহিত হয়, তাহা হইলে প্রাধান্য হারাইবেন ॥ ৮৯ ॥

টীকা—দাসঃ কৈবর্ত্তঃ, তস্য সততজলচারিত্বেন স্বত এব স্নানসুখং সিধ্যেত। সোঽপি যদি মাঘস্নানং নিয়মেন করোতীত্যর্থঃ। অথবা অন্ত্যজত্বে তাৎপর্য্যম্। মুখ্যতমঃ সর্ব্ববেদার্থতত্ত্বজ্ঞো বিপ্রঃ প্রোক্তঃ। 'উদয়মাশ্রিতঃ' ইতি, 'কিঞ্চিদভ্যুদিতে রবৌ' ইতি স্নানকালাভিপ্রায়েণ ॥ ৮৯ ॥

———

যত্র সাক্ষাদ্দিনাধীশো ভবেদুদয়মাশ্রিতঃ ।
ততঃ কিমপরং নাম প্রশস্যং ধর্ম্মসাধনম্ ? ৯০ ॥
মাঘস্নানং সমুদ্দিশ্যোষসি গেহাৎ সমুত্থিতঃ ।
যাবৎ পদান্যশ্বমেধসমানি স্যুর্দদাতি যঃ ॥ ৯১ ॥
যথা যথা পুমান্ মাঘে প্রাতরুত্থায় ধাবতি ।
তথা তথাঽভুক্তকর্ম্ম-সংক্ষয়াদ্দয়তে যমঃ ॥ ৯২ ॥
যৎ ফলং কপিলাদানে কুরুক্ষেত্রে রবিগ্রহে ।
তদবশ্যমবাপ্নোতি মাঘস্নানং করোতি যঃ ॥ ৯৩ ॥

অনুবাদ—মাঘস্নানের জন্য ধর্ম্মসাধনবিষয়ে সূর্য্য উঠিবার সময়ই সবচেয়ে ভাল সময়। মাঘস্নানের উদ্দেশ্যে উষাকালেই গৃহ হইতে বহির্গত হইতে হইবে। এই স্নানের উদ্দেশ্যে যত পদ যাওয়া যায় গমনকারী ব্যক্তি তত পদই অশ্বমেধ যজ্ঞের ফল লাভ করেন। মাঘস্নানের জন্য সকালবেলা উঠিয়া যত পদ যাওয়া যায় তত পদক্ষেপেই অকৃতভোগ কর্ম্মসমূহের ক্ষয় হইয়া থাকে। অতএব যমরাজ সেই ব্যক্তির প্রতি দয়ালু হন। কুরুক্ষেত্রে সূর্য্য গ্রহণের সময় কপিলা গাভী দান করিলে যে ফল হইয়া থাকে, মাঘমাসে প্রত্যহ স্নানকারী ব্যক্তি নিশ্চয়ই সেই ফল প্রাপ্ত হইতে পারেন ॥ ৯০-৯৩ ॥

টীকা—যাবন্তি পদানি যো দদাতি ন্যস্যতি, তস্য তাবন্তি পদানি অশ্বমেধযজ্ঞসমানি স্যুরিত্যর্থঃ। য ইতি অধিকার্য্যনধিকার্য্যনপেক্ষয়া যঃ কশ্চিদিতি ভাবঃ। অভুক্তানাং নরকপাতনাদিনা অকৃতভোগানামপি কর্ম্মণাং সম্যক্ ক্ষয়াদ্ধেতোঃ ॥ ৯১-৯২ ॥

———

পাদ্মে ভূমিখণ্ডে শ্রীবশিষ্ঠদিলীপ-সংবাদে—

সম্যগুক্তং পরং শ্রেয়ো লোকদ্বয়হিতাবহম্ ।
নির্ম্মলীকরণং তেন মুনীনাং বনবাসিনাম্ ॥ ৯৪ ॥

অনুবাদ—পদ্মপুরাণে ভূমিখণ্ডে শ্রীবশিষ্ঠ-দিলীপ-সংবাদে—পরমহিতকর উভয়ত্র শুভাবহ ও পবিত্রকর বিষয়সমূহ বনবাসী তপস্বিগণের প্রতি সেই মুনিকর্ত্তৃক সম্যক্ কথিত হইয়াছিল ॥ ৯৪ ॥

———

ক্রতুভুক্কামিনীনাং যে প্রত্যাসত্তিমখণ্ডিতাম্ ।
কাময়ন্তে মৃগার্কে তে স্রোতসি স্নান্তু সর্ব্বদা ॥ ৯৫ ॥

অনুবাদ—অপ্সরাগণের সহিত যাঁহারা অখণ্ড সম্ভোগ বাঞ্ছা করেন, তাঁহারা মকর রাশির সূর্য্যে অর্থাৎ মাঘমাসে সর্ব্বদা স্রোতজলে স্নান করেন ॥৯৫

টীকা—কদাচিন্মাঘে মৃগয়ার্থং বনপ্রবিষ্টেন রাত্রৌ বনান্তরেবোষিতেন প্রাতস্ততো নিবৃত্তেন রাজ্ঞা দিলীপেন পথি গচ্ছতো বানপ্রস্থমুনেরাজ্ঞয়া সরসি স্নাত্বা

গৃহমাগত্য তন্মুন্যুক্তং মাঘমাহাত্ম্যং সবিস্ময়ং পরিপৃষ্টস্য তং প্রতি বাক্যং সম্যগুক্তমিত্যাদি। ক্রতুভুক্-কামিন্যোঃহংসরসঃ প্রত্যাসত্তিং সম্ভোগম্ ॥৯৪-৯৫॥

বিনা বহ্নিং বিনা যজ্ঞমিষ্টাপূর্ত্তং বিনাপি যে।
বাঞ্ছতি স্বর্গতিং স্নান্তু প্রাতর্মাঘে বহির্জলে ॥৯৬॥

অনুবাদ—অনল অর্থাৎ হোমাদি ব্যতীত, যজ্ঞ ব্যতীত ও ইষ্টাপূর্ত্ত কর্ম্ম ব্যতীত স্বর্গ যাঁহাদের কাম্য তাঁহারা মাঘমাসে নদী প্রভৃতি স্রোতজলে প্রাতঃকালে স্নান করুন ॥ ৯৬ ॥

গোভূমিতিল-বাসাংসি স্বর্ণধেন্বন্নকানি যে।
অদত্ত্বেচ্ছন্তি নাকং তে মাঘে স্নান্তু নরাধিপ ॥৯৭॥
ত্রিরাত্রেন্দুব্রতৈঃ কৃচ্ছ্রৈঃ পরাকৈশ্চ নিজাং তনুম্।
অশোষ্যেচ্ছন্তি যে স্বর্গং তপসি স্নান্তু তে সদা ॥৯৮॥
হরেরর্চ্চা তু বৈশাখে তপঃ পূজা চ কার্ত্তিকে।
তপঃ পূজা তথা স্নানং ত্রয়ং মাঘে বিশিষ্যতে ॥৯৯॥

অনুবাদ—হে রাজন্! গো, ভূমি, তিল, বস্ত্র, স্বর্ণ, ধেনু ও অন্নদান ব্যতীতই যাঁহারা অমরলোক ইচ্ছা করেন, তাঁহারা মাঘমাসে প্রাতঃ স্নান করুন। ত্রিরাত্র চান্দ্রায়ণ, কৃচ্ছ্র ও পরাক প্রভৃতি ব্রতসাধন-দ্বারা স্বশরীর শোষণ না করিয়া স্বর্গলাভে যাঁহাদের অভিলাষ তাঁহারা সর্ব্বদা মাঘস্নান করুন। বৈশাখে শ্রীহরিপূজা, কার্ত্তিকে তপস্যা ও পূজা এবং মাঘে তপস্যা পূজা ও স্নান এই তিনটিই করণীয় বলিয়া নির্দ্দিষ্ট আছে ॥ ৯৭-৯৯ ॥

টীকা—ত্রিরাত্রৈরিন্দুব্রতৈশ্চ ॥ ৯৮ ॥

কিঞ্চ—

নিরন্না হ্যদিতিঃ সস্নৌ মাঘান্ দ্বাদশ মানসে।
পুত্রান্ সা দ্বাদশাদিত্যান্ লেভে
ত্রৈলোক্যদীপকান্ ॥ ১০০ ॥
সুভগা রোহিণী মাঘাদ্দানশীলা হ্যরুন্ধতী।
শচী চ রূপসম্পন্না অনসূয়া পতিব্রতা ॥ ১০১ ॥

অনুবাদ—আরও উক্ত হইয়াছে কশ্যপ পত্নী অদিতি নিরাহারে থাকিয়া মাঘমাসে মানসসরোবরে স্নান করিয়াছিলেন এবং তাঁহারই ফলস্বরূপ ত্রিভুবন প্রকাশক দ্বাদশাদিত্যরূপ উৎকৃষ্ট সন্তান লাভ করিয়াছিলেন। মাঘস্নানের ফলেই রোহিণী সৌভাগ্য সম্পন্না, অরুন্ধতী দানশীলা, শচীরূপবতী ও অনসূয়া পতিপরায়ণা হইয়াছেন ॥ ১০০-১০১ ॥

টীকা—মাঘাৎ মাঘস্নানাদিকরণাৎ ॥ ১০১ ॥

উত্তমে বিষয়ে রাজন্ প্রাসাদে সাপ্তভৌমিকে।
তুমুলীকৃতশোভাঢ্যে রত্নকৈঃ খচিতাজিরে ॥ ১০২ ॥
দ্বিপকর্ণমরুচ্ছন্নে রূপবৎ-স্ত্রীজনাকুলে।
গীতবাদিত্রনির্ঘোষে মঙ্গলাচারশোভিতে ॥ ১০৩ ॥
বেদধ্বনি পবিত্রে চ বিদ্বদ্বিপ্রৈরলঙ্কৃতে।
সুরার্চ্চনরতে রম্যে সদাতিথিনিষেবিতে ॥ ১০৪ ॥
মুদিতাস্তে বসন্তীহ যৈঃ স্নাতং মকরে রবৌ।
যৈর্দত্তং বহুধা মাঘে মুরারিঃ পূজিতস্তু যৈঃ ॥১০৫॥

অনুবাদ—হে নৃপবর! মাঘস্নায়ী মুরারি পূজকগণ নানাবিধ শোভায় শোভিত, যাহার প্রাঙ্গণ ভূমিসমূহ রত্নখচিত যেখানে হস্তীগণের কর্ণ দ্বারা বায়ু সর্ব্বদা আন্দোলিত, অপূর্ব্বরূপবতী রমণীগণ যেখানে বিরাজিত, গীতবাদিত্রাদি মুখরিত, মাঙ্গলিক উপাচারে সমৃদ্ধ, বেদধ্বনি দ্বারা পরিশুদ্ধ, বিদ্বান ব্রাহ্মণগণ সমলঙ্কৃত, দেবপূজা, মহোৎসব, সমাকুল, সর্ব্বদা অতিথিবৃন্দ সমন্বিত সাততালা রাজ-প্রাসাদে সর্ব্বদা সানন্দে বাস করেন ॥ ১০২-১০৫ ॥

টীকা—সাপ্তভৌমিকে—উপর্য্যুপরিরচিতসপ্তভূমিকে, তুমুলীকৃতয়া বাহুল্যোনান্যোন্যসংকীর্ণয়া শোভয়া যুক্তে ॥ ১০২ ॥

ইষ্টবস্তুপরিত্যাগান্নিয়মস্য চ পালনাৎ।
ধর্ম্মমূলং সদা মাঘঃ পাপমূলং নিকৃন্ততি ॥ ১০৬ ॥
এতদেব পরং পথ্যমর্থমূলঞ্চ কীর্ত্তিতম্।
কামমূলং ফলদ্বারং নিষ্কামজ্ঞানদঃ সদা ॥ ১০৭ ॥

অনুবাদ—আসক্তির মূল কারণ প্রিয় দ্রব্য পরিত্যাগ ও শাস্ত্রবিধান অনুসারে কার্য্য করিলে ধর্ম্মমূল মাঘমাস পাপমূল ছিন্ন করিয়া থাকেন। মাঘমাসই

উত্তম পথ্যস্বরূপ অর্থ ও কামমূল এবং সমস্ত প্রকার ফলেরদ্বার স্বরূপ বলিয়া কথিত হইয়াছে, নিষ্কাম-গণের পক্ষে ইহা জ্ঞান দায়ক ॥ ১০৬-১০৭ ॥

টীকা—কিঞ্চ যৈর্দত্তং, তে চ বসন্তীতি পূর্ব্বেণৈ-বান্বয়ঃ। যদ্বা, তেষাং কিং বক্তব্যমিতি শেষঃ। সর্ব্বত্রৈব হেতুঃ—ধর্ম্মমূলমিতি। নিষ্কামানাঞ্চ জ্ঞানং দদাতীতি তথা। এবং চতুর্ব্বর্গপ্রদত্বমুক্তম্ ॥১০৫-১০৭

———

যে লোকা দানশীলানাং যে লোকা বিপিনৌকসাম্।
লোকা যেঽতিথিভক্তানাং তে মাঘস্নায়িনাং নৃণাম্ ॥ ১০৮ ॥

অনুবাদ—মাঘস্নায়ী মনুষ্যগণ ও দাতৃগণ প্রাপ্য লোক, বর্ণাশ্রমিগণ প্রাপ্য লোক, অতিথিসেবিগণ প্রাপ্য লোক প্রাপ্ত হন ॥ ১০৮ ॥

টীকা—তত্র চাশেষ-ধর্ম্মতো মাঘস্নানস্যাধিকোৎ-কর্ষমাহ—যে লোকা ইতি চতুর্ভিঃ ॥ ১০৮ ॥

———

দেবলোকান্নিবর্ত্তন্তে পুণ্যৈরন্যৈঃ পরন্তপ।
কদাচিৎ ন নিবর্ত্তন্তে মাঘস্নানরতা দিবঃ ॥ ১০৯ ॥
নাতঃ পরতরং কিঞ্চিৎ পবিত্রং পাশনাশনম্।
এতদেব পরং পথ্যং সদ্যো দুরিতনাশনম্ ॥ ১১০ ॥
বিদ্যাধরায় সঙ্গীতং ভৃগুণা মণিপর্ব্বতে।
বিকুণ্ডলায় চান্যত্র দেবদূতেন ধীমতা ॥ ১১১ ॥

অনুবাদ—পুণ্যাদি দ্বারা প্রাপ্তব্য অমর লোকাদি হইতে ফলভোগের পর সেই সেই লোক হইতে বিচ্যুত হইতে হয়, কিন্তু মাঘস্নায়ী ব্যক্তিগণ কখনও অমর-লোক হইতে পরিভ্রষ্ট হন না। মাঘস্নান অপেক্ষা পবিত্র বা পাপনাশন আর অন্য কিছু নাই। ইহাই পরম পথ্যস্বরূপ ও সদ্য পাপ বিনাশক। মণিগিরিতে ভৃগুমুনি বিদ্যাধরগণের নিকট এবং ধীমান দেব-দূত ও অন্যত্র বিকুণ্ডলকে এই ব্যাপারে কহিয়াছেন ॥ ১০৯-১১১ ॥

———

ভৃগুবিদ্যাধর-সংবাদে—
মাঘস্নানৈর্বিপন্নাশো মাঘস্নানৈরঘক্ষয়ঃ।
সর্ব্বব্রতাধিকো মাঘঃ সর্ব্বদানফলপ্রদঃ ॥ ১১২ ॥
মাঘো গর্জ্জতি যোগেভ্যো মাঘো যোগাচ্চ গর্জ্জতি।
তীব্রাচ্চ তপসো মাঘো ভো বিদ্যাধর গর্জ্জতি ॥১১৩
পুষ্করে চ কুরুক্ষেত্রে ব্রহ্মাবর্ত্তে পৃথূদকে।
অবিমুক্তে প্রয়াগে চ গঙ্গাসাগরসঙ্গমে ॥ ১১৪ ॥
যৎ ফলং দশভির্বর্ষৈঃ প্রাপ্যতে নিয়মৈর্নরৈঃ।
তৎ ফলং লভতে মাঘে ত্র্যহং স্নানান্ন সংশয়ঃ ॥১১৫

অনুবাদ—ভৃগু-বিদ্যাধর-সংবাদে বলা হইয়াছে—মাঘস্নান দ্বারাই বিপদ নাশ এবং পাতকক্ষয় হইয়া থাকে। সর্ব্বব্রত হইতেও ইহা অধিক ও সর্ব্ব প্রকার দান ফলদায়ক। হে বিদ্যাধর! যোগ, যাগ, কঠোর তপস্যা এ সকল অপেক্ষা মাঘমাস বিশেষ ফল-প্রদ। পুষ্কর, কুরুক্ষেত্র, ব্রহ্মাবর্ত্ত, পৃথূদক, বারাণসী, প্রয়াগ, গঙ্গা-সাগর-সঙ্গম এই সমস্ত তীর্থে সবিধান দশবৎসর স্নানের ফল মাঘমাসে মাত্র তিনদিন স্নান দ্বারাই পাওয়া যায় ইহা নিশ্চিত ॥ ১১২-১১৫॥

টীকা—গর্জ্জতি অধিক্ষিপতি ততোঽপি বিশিষ্ট ইত্যর্থঃ ॥ ১১৩ ॥

———

স্বর্গভোগে চিরং বাঞ্ছা যেষাং মনসি বর্ত্ততে।
যত্র ক্বাপি জলে তৈস্তু স্নাতব্যং মৃগভাস্করে ॥১১৬॥
আয়ুরারোগ্যসম্পত্তৌ রূপে সুভগতা-গুণে।
যেষাং মনোরথাস্তৈস্তু ন ত্যাজ্যং মাঘমজ্জনম্ ॥১১৭
যে বিভ্যতি নরকাব্ধের্দারিদ্র্যাব্ধেশ্চ নিত্যশঃ।
সর্ব্বথা তৈঃ প্রযত্নেন মাঘে কার্য্যং নিমজ্জনম্ ॥১১৮

অনুবাদ—যাঁহারা দীর্ঘকাল যাবৎ স্বর্গভোগের ইচ্ছা পোষণ করেন, মকররাশির সূর্য্যে অর্থাৎ মাঘ-মাসে যে কোন জলে স্নান করা তাঁদের কর্ত্তব্য। যাঁহারা পরমায়ু, নীরোগ শরীর, ধনসম্পত্তি, সৌন্দর্য্য ও জগৎপ্রিয়তারূপ, গুণ, বাঞ্ছা করেন, তাঁহারা কখনই যেন মাঘস্নান ত্যাগ না করেন। যাঁহারা নরক সাগর ও দুঃখ সাগর হইতে সর্ব্ব প্রকারে ভয় প্রাপ্ত, তাহাদের পক্ষে সর্ব্বদা যত্নপূর্ব্বক মাঘস্নান করা কর্ত্তব্য ॥ ১১৬-১১৮ ॥

টীকা—রূপে সৌন্দর্য্যে সুভগতা জগদ্বল্লভতা তদ্রূপে গুণে ॥ ১১৭ ॥

———

দারিদ্র্যপাপদৌর্ভাগ্যপঙ্কপ্রক্ষালনায় চ।
মাঘস্নানান্ন চান্যোঽস্তি উপায়ো দেবসত্তম ॥১১৯॥
শ্রদ্ধাহীনানি কর্ম্মাণি মতান্যল্পফলানি বৈ।
ফলং দদাতি সম্পূর্ণং মাঘস্নানং যথা তথা ॥১২০॥

অনুবাদ—দারিদ্র, পাতক ও সৌভাগ্যহীনতারূপ পাঁক ধুইবার জন্য মাঘস্নানই একমাত্র উপায়। কর্ম্ম শ্রদ্ধাহীন হইলে অল্প ফলপ্রদ হয় বলিয়া কথিত আছে কিন্তু মাঘ যে প্রকারেই হোক পরিপূর্ণ ফলদায়ী হন ॥ ১১৯-১২০ ॥

অকামো বা সকামো বা যত্র ক্বাপি বহির্জলে।
ইহামুত্র চ দুঃখানি মাঘস্নায়ী ন বিন্দতি ॥ ১২১ ॥
পক্ষদ্বয়ে যথা চন্দ্রঃ ক্ষীয়তে বর্দ্ধতে তথা।
পাতকং ক্ষীয়তে মাঘে পুণ্যরাশিশ্চ বর্দ্ধতে ॥১২২॥
যথাব্ধৌ খলু জায়ন্তে রত্নানি বিবিধানি চ।
স্নানপুণ্যানি জায়ন্তে নরাণাং মাঘতস্তথা ॥১২৩॥
আয়ুর্বিত্তকলত্রাণি সম্পদঃ প্রভবন্তি চ।
কামধেনুর্যথা কামং চিন্তামণিশ্চ চিন্তিতম্।
মাঘস্নানং দদাতীহ তদ্বৎ সর্ব্বমনোরথান্ ॥১২৪॥
কৃতে তপঃ পরং জ্ঞানং ত্রেতায়াং যজনন্তথা।
দ্বাপরে তু কলৌ দানং মাঘঃ সর্ব্বযুগেষু চ ॥১২৫॥

অনুবাদ—সকাম বা নিষ্কাম যে ভাবেই হউক এই মাঘমাসে বাহিরের জলে স্নান করিলে ঐহিক বা পারত্রিক কোন দুঃখই ভোগ করিতে হয় না। কৃষ্ণ ও শুক্ল পক্ষদ্বয়ে যে প্রকার চন্দ্রকলার ক্ষয় ও বৃদ্ধি হয়, সেই প্রকার মাঘ স্নান দ্বারা পাপক্ষয় ও পুণ্যবৃদ্ধি হইয়া থাকে। রত্নাকরে যেমন রত্নসমূহ উৎপন্ন হয় সেই প্রকার মাঘমাসের স্নান হইতে পুণ্য রাশি সঞ্জাত হয় এবং আয়ু, ধন, পত্নী ও সম্পদ লাভ হয়। চিন্তামণি যে প্রকার চিন্তিত দ্রব্য প্রদাতা এবং কামধেনু বাঞ্ছাপূরণকারিণী সেই প্রকার মাঘ-স্নানও সর্ব্বপ্রকার মানসিক অভিলাষ পূরণ করিয়া দেন। সত্যযুগে তপস্যা পরমজ্ঞান, ত্রেতাযুগে যজ্ঞ, দ্বাপরে পূজার্চ্চনা এবং কলিকালে শ্রীহরিসংকীর্ত্তন-রূপ দান যজ্ঞ প্রসিদ্ধ, কিন্তু মাঘস্নান চারিযুগেই প্রাধান্য পাইয়া থাকেন ॥ ১২১-১২৫ ॥

টীকা—বহির্জলে মাঘস্নায়ী ॥ ১২১ ॥

সর্ব্বেষাং সর্ব্ববর্ণানামাশ্রমাণাঞ্চ ভূপতে।
মাঘস্নানন্তু ধর্ম্মস্য ধারাভিঃ খলু বর্ষতি ॥ ১২৬ ॥

অনুবাদ—হে নৃপ। মাঘস্নান যাবতীয় বর্ণ ও আশ্রমের সম্বন্ধেই ধর্ম্মধারা বর্ষণ করিয়া থাকেন ॥১২৬

টীকা—সর্ব্বেষামাশ্রমাণামিতি সম্বন্ধঃ, যদ্বা, সর্ব্বেষামিতি বালবৃদ্ধাদীনামিত্যবস্থা পরিহৃতা ॥১২৬॥

তত্রৈব শ্রীদত্তাত্রেয় কার্ত্তবীর্য্যার্জ্জুনসংবাদে—
প্রীতয়ে বাসুদেবস্য সর্ব্বপাপাপনুত্তয়ে।
মাঘস্নানং প্রকুর্বীত স্বর্গলাভায় মানবঃ ॥ ১২৭ ॥
ন সমং ভবতে কিঞ্চিৎ তেজঃ সৌরেণ তেজসা।
তদ্বৎ স্নানেন মাঘস্য স সমাঃ
ক্রতুজাঃ ক্রিয়াঃ ॥ ১২৮ ॥
কিং রক্ষিতেন দেহেন সুপুষ্টেন বলীয়সা।
অধ্রুবেণ সুজীর্ণেন মাঘস্নানং বিনা ভবেৎ ? ১২৯॥

অনুবাদ—ভৃগু-বিদ্যাধর-সংবাদেই শ্রীদত্তাত্রেয়-কার্ত্তবীর্য্যার্জ্জুন-সংবাদে বলা হইয়াছে—শ্রীহরির প্রীতির জন্য, পাপরাশি বিনাশের জন্য মাঘমাসে স্নান করা মানবগণের কর্ত্তব্য। যেমন কোনই তেজই সূর্য্যতেজের সমান নয় সেই প্রকার স্নানের সহিত কোনও যজ্ঞক্রিয়ারই তুলনা করা উচিত নয়। হৃষ্টপুষ্ট, বলিষ্ঠ, অধ্রুব, সুজীর্ণ শরীর রক্ষায় কি প্রয়োজন যদি মাঘস্নান না করা হয় ॥ ১২৭-১২৯ ॥

অস্থিস্তম্ভং স্নায়ুবদ্ধং মাংসক্ষতজলেপনম্।
চর্ম্মাবনদ্ধং দুর্গন্ধিপূর্ণং মূত্রপুরীষয়োঃ ॥ ১৩০ ॥
জরাশোকবিপদ্ব্যাপ্তং রোগমন্দিরমাতুরম্।
রজস্বলমনিত্যঞ্চ সর্ব্বদোষসমাশ্রয়ম্ ॥ ১৩১ ॥
পরোপতাপ-পাপাপ্তি-পরদ্রোহপরের্ষকম্।
লোলুপং পিশুনং ক্রূরং কৃতঘ্নং ক্ষণিকং তথা ॥১৩২॥
দুষ্পূরং দুর্দ্ধরং দুষ্টং দোষত্রয়বিদূষিতম্।
অশুচিস্রাবি সচ্ছিদ্রং তাপত্রয়বিমোহিতম্ ॥ ১৩৩ ॥
নিসর্গতোঽধর্ম্মরতং তৃষ্ণাশতসমাকুলম্।
কামক্রোধমহালোভ-নরকদ্বারসংস্থিতম্ ॥ ১৩৪ ॥
কৃমি-বর্চস্ক-ভস্মাদি পরিণামে শুনাং হবিঃ।
ঈদৃক্‌শরীরকং ব্যর্থং মাঘস্নানবিবর্জ্জিতম্ ॥১৩৫॥

অনুবাদ—এই দেহ অস্থিস্তম্ভে নিবদ্ধ, স্নায়ুবদ্ধ, রক্ত-মাংস লিপ্ত চর্ম্মদ্বারা আচ্ছাদিত, দুর্গন্ধ মলমূত্রে পূর্ণ, জরা, ব্যাধি, শোক, ব্যাপ্ত, বিপৎসঙ্কুল, ব্যাধি মন্দির স্বরূপ, বিবশ, রজোগুণ-প্রধান, অনিত্য ও সকল দোষের আধার, পরসন্তাপ, পাতক, পরপীড়ন, পরদ্রোহ ও ঈর্ষা প্রভৃতির জন্মস্থান এই দেহই। এই শরীর লোভের বশীভূত, খল, ক্রূর, কৃতঘ্ন, ক্ষণ-বিধ্বংসী দুষ্পূরণীয়, দুর্দ্ধর, দোষের আধার, বায়ু, পিত্ত, কফ দোষযুক্ত, অপবিত্র, অশুচিস্রাবী, ছিদ্রযুক্ত, আধ্যাত্মিকাদি তাপত্রয়ে বিমুগ্ধ, স্বভাবতঃই অধর্ম্ম পরায়ণ, শত-তৃষ্ণা সমাকুল, নরকের দ্বার স্বরূপ কামক্রোধাদিতে অধিষ্ঠিত এবং দেহত্যাগের পর কৃমি, বিষ্ঠা ও ভস্মস্বরূপ, সুতরাং তখন কুক্কুরাদির উপাদেয় ভক্ষ্য অতএব এই প্রকার শরীর যদি মাঘ-স্নান বর্জ্জিত হয় তাহা হইলে ইহা নিঃসন্দেহে নিষ্ফল ॥ ১৩০-১৩৫ ॥

টীকা—দোষশতব্যাপ্তমপি শরীরং মাঘস্নানেন পরমোত্তমং সার্থকঞ্চ ভবেৎ, অন্যথা তদ্ধারণমেব ব্যর্থমিত্যাহ—অস্থীতি ষড়্ভিঃ। আতুরং বিবশং, রজস্বলং রজোগুণপ্রধানং, কর্ম্মভূমৌ মনুষ্যজন্মপ্রাপ্তেঃ। পরেষামুপতাপাদয়ঃ, তথা পরেষাং দ্রোহঃ, পরেষা-মীর্ষা চ যস্মাৎ তৎ। তত্রোপতাপো নিন্দাদিনা, পাপঞ্চ দ্রোহোৎপাদনাদিনা, আর্ত্তিঃ প্রহারাদিনা ইতি বিবেকঃ; দ্রোহঃ অমঙ্গলচিন্তাদিনা। ঈর্ষা চাক্ষান্তিঃ ॥ ১৩০-১৩২ ॥

টীকা—দোষত্রয়ং পিত্তাদি, কামাদি যন্নরকদ্বারং, তস্মিন্ সম্যক্ স্থিতং বর্ত্তমানং, পরিণামে মরণে কৃম্যাদিরূপম্, অতএব শুনাং হবিঃ পরমভক্ষ্যম্ ॥ ১৩৩-১৩৫ ॥

অবৈষ্ণবো হতো বিপ্রো হতং শ্রাদ্ধমযোগি চ।
অশ্রদ্ধয়া হতং সর্ব্বং যৎ কৃতং পারলৌকিকম্ ॥১৩৬
ইহ লোকো হতো নৃণাং দারিদ্র্যেণ যথা নৃপ।
মনুষ্যাণাং তথা জন্ম মাঘস্নানং বিনা হতম্ ॥১৩৭॥

অনুবাদ—ব্রাহ্মণ বিষ্ণুভক্তিহীন হইলে, শ্রাদ্ধ অযথা বিধানে প্রযুক্ত হইলে, পারলৌকিক ক্রিয়াসমূহ অশ্রদ্ধায় প্রযুক্ত হইলে, যে প্রকার বিফলতায় পর্য্যবসিত হয় এবং দারিদ্র দ্বারা যেরূপ নরগণ সম্বন্ধে ইহলোক হত হইয়া থাকে অর্থাৎ দারিদ্র ক্লিষ্ট মানুষের কাছে এই পৃথিবী নিরানন্দ হইয়া থাকে সেই প্রকার মাঘস্নানে বর্জ্জিত মানবজন্মও ফল রহিত হইয়া থাকে ॥ ১৩৬-১৩৭ ॥

মকরস্থে রবৌ যো হি ন স্নাত্যনুদিতে রবৌ।
কথং পাপৈঃ প্রমুচ্যেত স কথং
ত্রিদিবং ব্রজেৎ ? ১৩৮ ॥

অনুবাদ—মকররাশিস্থ সূর্য্যে, সূর্য্যের উঠিবার আগেই স্নান না করিলে কি প্রকারে পাতক বিমোচন হইবে, কি প্রকারেই বা সুরলোকে গমন করিবে? ॥ ১৩৮ ॥

টীকা—রবাবনুদিতে সতীত্যত্রোক্তং, ভবিষ্যোত্তরে চ ভাস্করোদয় ইত্যুক্তং, তথা পূর্ব্বমত্রাপি কিঞ্চিদ-ভ্যুদিতে রবাবিতি। এবমরুণোদয়কালমারভ্যার্দ্ধো-দয়পর্য্যন্তং মাঘপ্রাতঃস্নানকালোঽবগন্তব্যঃ ॥ ১৩৮ ॥

ব্রহ্মহা হেমহারী চ সুরাপো গুরুতল্পগঃ।
মাঘস্নায়ী বিপাপঃ স্যাৎ তৎসংসর্গী চ পঞ্চমঃ ॥১৩৯

অনুবাদ—ব্রহ্মঘাতী, স্বর্ণাপহারী, সুরাপায়ী, গুরু-দারগামী এবং এই পাপ চতুষ্টয়ের সংসর্গে থাকা ব্যক্তিও মাঘস্নান করিলে পাতক হইতে পরিত্রাণ লাভ করিয়া থাকে ॥ ১৩৯ ॥

মাঘমাসে রটন্ত্যাপঃ কিঞ্চিদভ্যুদিতে রবৌ।
ব্রহ্মঘ্নং বা সুরাপং বা কং পতন্তং পুনীমহে ॥১৪০॥
উপপাপানি সর্ব্বাণি পাতকানি মহান্তি চ।
ভস্মীভবন্তি সর্ব্বাণি মাঘস্নায়িনি মানবে ॥ ১৪১ ॥

অনুবাদ—কে ব্রহ্মবধ করিয়াছে, কে সুরাপান করিয়াছে, কে পতিত হইয়াছে, আমরা তাহাদিগকে শুদ্ধ করিব—মাঘমাসে দিবাকরের ঈষদুদয়কালে জলগর্ভ হইতে এই বাক্য উচ্চারিত হয়। মাঘস্নায়ী মানুষের সমস্ত পাতক, উপপাতক ও মহাপাতক ভস্মীভূত হইয়া যায় ॥ ১৪০-১৪১ ॥

বেপন্তে সর্ব্বপাপানি মাঘমাসসমাগমাৎ ।
নাশকালোহয়মস্মাকং যদি স্নাস্যতি বারিণি ॥১৪২
পাবকা ইব দীপ্যন্তে মাঘস্নানৈর্নরোত্তমাঃ ।
বিমুক্তাঃ সর্ব্বপাপেভ্যো মেঘেভ্য ইব চন্দ্রমাঃ ॥১৪৩

অনুবাদ—মাঘমাস আসিলে জলে স্নান করিলে আমাদের বিনাশ কাল উপস্থিত হইবে ইহা মনে করিয়া পাতক সকল কম্পিত হইতে থাকে। সাধুগণ মাঘস্নান দ্বারা সকল পাতক হইতে উত্তীর্ণ হইয়া মেঘনির্ম্মুক্ত চন্দ্রের মত ও অগ্নির মত প্রকাশিত হন ॥ ১৪২-১৪৩ ॥

আর্দ্রং শুষ্কং লঘু স্থূলং বাঙমনঃ-কর্ম্মভিঃ কৃতম্ ।
মাঘস্নানং দহেৎ পাপং পাবকঃ সমিধো যথা ॥১৪৪
প্রামাদিকঞ্চ যৎ পাপং জ্ঞানাজ্ঞানকৃতঞ্চ যৎ ।
স্নানমাত্রেণ তন্নশ্যেন্মকরস্থে দিবাকরে ॥ ১৪৫ ॥

অনুবাদ—কাঠ যেমন আগুন দ্বারা ভস্মীভূত হয়, মাঘস্নানও সেই প্রকার বাক্যজ, মনোজ ও কর্ম্মজ আধুনিক ও পূর্ব্বকৃত অল্প বা বহু সমস্ত পাপরাশিকেই দগ্ধ করে। মকররাশিস্থ সূর্য্যে স্নান করিলে তৎক্ষণাৎ প্রমাদকৃত নিখিল পাতক বিধ্বংস হয় ॥ ১৪৪-১৪৫ ॥

টীকা—আর্দ্রং সদ্যঃকৃতং, শুষ্কং চিরকৃতম্ ॥১৪৪

নিষ্পাপাস্ত্রিদিবং যান্তি পাপিষ্ঠা যান্তি শুদ্ধতাম্ ।
সন্দেহোঽত্র ন কর্ত্তব্যো মাঘস্নানে নরাধিপ ॥১৪৬॥
এতদেব পরো মন্ত্র এতচ্চ পরমন্তপঃ ।
প্রায়শ্চিত্তং পরঞ্চৈতৎ মাঘস্নানমনুত্তমম্ ॥ ১৪৭ ॥

অনুবাদ—হে রাজেন্দ্র! মাঘস্নানের ফলে পাতক রহিতদের স্বর্গপ্রাপ্তি এবং পাপিষ্ঠদিগের শুদ্ধিলাভ হয়, ইহাতে কোনও সন্দেহ পোষণ অনুচিত। অতি উত্তম মাঘস্নানই মহামন্ত্র, পরম তপস্যা ও পরম প্রায়শ্চিত্ত স্বরূপ ॥ ১৪৬-১৪৭ ॥

নৃণাং জন্মান্তরাভ্যাসান্মাঘস্নানে মতির্ভবেৎ ।
অধ্যাত্মজ্ঞানকৌশল্যং জন্মাভ্যাসাদ্‌যথা ভবেৎ ॥১৪৮
সংসারকর্দ্দমানাঞ্চ প্রক্ষালনবিশারদম্ ।
পাবনং পাবনানাঞ্চ মাঘস্নানমনুত্তমম্ ॥ ১৪৯ ॥
স্নান্তি মাঘে নরা রাজন্ সর্ব্বকামফলপ্রদে ।
তে কথং ভুঞ্জতে ভোগান্ চন্দ্রসূর্য্যগ্রহোপমান্? ১৫০

অনুবাদ—জন্মান্তরীন সংস্কার বশতঃ যে প্রকার অধ্যাত্মজ্ঞানের নৈপুণ্য দৃষ্ট হয়, সেই প্রকার পূর্ব্ব জন্মের অভ্যাসবশেই মাঘস্নানে মনুষ্যগণের মতি হয়। নিখিল পবিত্রকারীর ও পবিত্রকারী অত্যুত্তম মাঘস্নান সংসার পঙ্ক প্রক্ষালন বিষয়ে সুপটু। হে মহাভাগ। যাঁহারা সমস্ত কাম্যফলপ্রদ মাঘমাসে স্নান করেন, তাঁহারা আর কি প্রকারে চন্দ্র-সূর্য্য সদৃশ ভোগসমুদয় ভোগ করিবেন ॥ ১৪৮-১৫০ ॥

টীকা—অতঃ অনুত্তমং সর্ব্বোত্তমমিদমেবেত্যর্থঃ। চন্দ্রসূর্য্যগ্রহয়োরুপমান্ তদ্ভোগ্যতুল্যানিত্যর্থঃ ॥ ১৪৯-১৫০ ॥

কিঞ্চ—
নানবাপ্তোঽত্র তস্যাস্তি পুরুষার্থো হি কশ্চন ।
নাক্ষীণং পাতকং কিঞ্চিন্মাঘে মজ্জতি যো নরঃ ॥১৫১
তুলয়ন্তি ন তেনাত্র যজ্ঞাঃ সর্ব্বে সদক্ষিণাঃ ।
মাঘস্নানেন রাজেন্দ্র তীর্থে চৈব বিশেষতঃ ॥১৫২॥
ন চান্যৎ স্বর্গদং কর্ম্ম ন চান্যৎ পাপনাশনম্ ।
ন চান্যৎ মোক্ষদং চাত্র মাঘস্নানসমং ভুবি ॥১৫৩॥

অনুবাদ—আরও বলা হইয়াছে যে, মাঘস্নায়ী ব্যক্তির পক্ষে কোন প্রকার পুরুষার্থই অপ্রাপ্য হয় না এবং তাহার কোনও প্রকার পাতকও অবশিষ্ট থাকে না। হে নৃপেন্দ্র! মাঘমাসে সাধারণ জলে স্নান করিলেই সদক্ষিণ যজ্ঞের ফলও তাহার সমান হয় না, তখন তীর্থে মাঘস্নানের বিষয় আর কি বলিব? উহা যে বিশেষ ফলদায়ক তাহাতে সন্দেহ নাই। এই জগতে মাঘস্নানের মত অন্য স্বর্গ প্রদানকারী কার্য্য বা অন্য পাপহরণকারী কার্য্য দেখা যায় না এবং অন্য কোন মুক্তিপ্রদ কার্য্যও মাঘস্নান সদৃশ নহে ॥ ১৫১-১৫৩ ॥

একবিংশৎকুলৈঃ সার্দ্ধং ভুক্ত্বা ভোগান্ যথেপ্সিতান্ ।
মাঘে মাসেঽম্ভসি স্নাত্বা বিষ্ণুলোকং স গচ্ছতি ॥১৫৪

অনুবাদ—অন্যত্র আরও উক্ত হইয়াছে—যে ব্যক্তি মাঘমাসে জলে অবগাহন করে সেই ব্যক্তি এক-বিংশতি কুলের সহিত অভিলষিত ভোগসমূহ ভোগের পর শ্রীবিষ্ণুলোকে যাইয়া থাকে ॥ ১৫৪ ॥

তত্রৈব কুণ্ডবিকুণ্ডলোপাখ্যানানন্তরং
শ্রীকার্ত্তবীর্য্য উবাচ—

হেতুনা কেন বিপ্রর্ষে মাঘস্নানে মহাদ্ভুতঃ।
প্রভাবো বর্ণিতো নূনং তন্মে কথয় সুব্রত ॥ ১৫৫ ॥
গতপাপো যদেকেন দ্বিতীয়েন দিবং গতঃ।
বৈশ্যো মাঘজপুণ্যেন ব্রূহি মে তৎ কুতূহলাৎ ॥১৫৬

অনুবাদ—ঐ পদ্মপুরাণেই কুণ্ড-বিকুণ্ডল-উপাখ্যা-নান্তে, কার্ত্তবীর্য্য শ্রীদত্তাত্রেয়কে কহিতেছেন—মাঘ-স্নানের অত্যাশ্চর্য্য প্রভাব কিজন্য বর্ণিত হইল, হে বিপ্রর্ষে! তাহা আমার কাছে নিশ্চয়রূপে বলুন। মাঘ মাসে কৃত এক পুণ্যের ফলে বৈশ্যের পাপ নষ্ট হইল, দ্বিতীয় পুণ্য ফলে স্বর্গলোক প্রাপ্তি হইল সুতরাং আমি কুতুহলী হওয়ায় এই বিষয়ে কিছু বলুন ॥ ১৫৫-১৫৬ ॥

শ্রীদত্তাত্রেয় উবাচ—

নিসর্গাৎ সলিলং মেধ্যং নির্ম্মলং শুচি পাবনম্।
মলহং পুরুষব্যাঘ্র দ্রাবকং দাহকং তথা ॥ ১৫৭ ॥
ধারকং সর্ব্বভূতানাং পোষকং জীবনঞ্চ তৎ।
আপো নারায়ণো দেবঃ সর্ব্ববেদেষু পঠ্যতে ॥১৫৮॥
গ্রহাণাঞ্চ যথা সূর্য্যো নক্ষত্রাণাং যথা শশী।
মাসানাং হি তথা মাঘঃ শ্রেষ্ঠঃ সর্ব্বেষু কর্ম্মসু ॥১৫৯
মকরস্থে রবৌ মাঘে প্রাতঃকালে তথামলে।
গোষ্পদেঽপি জলে স্নানং স্বর্গদং পাপিনামপি ॥১৬০

অনুবাদ—শ্রীদত্তাত্রেয় বলিলেন—হে পুরুষ শ্রেষ্ঠ! জল স্বভাবতঃ মেধ্য, মলহীন, শুচি, পবিত্রজনক, মলহারক, দ্রাবক, অজীর্ণ নাশক, ধারক, প্রাণিগণের পোষক ও জীবন স্বরূপ। সর্ব্ববেদেই জলকে নারায়ণ বলিয়া কীর্ত্তন করা হইয়াছে। গ্রহগণ মধ্যে যেমন সূর্য্য ও নক্ষত্রগণ মধ্যে যেমন চন্দ্র শ্রেষ্ঠ, সেই প্রকার ক্রিয়াকরণে মাসগুলির মধ্যে মাঘ মাসই শ্রেষ্ঠ। মকররাশিস্থিত সূর্য্য যুক্ত মাঘমাসে অমল প্রভাতে গোষ্পদ পরিমিত জলেও স্নান করিলে তাহা পাপি-দিগের পক্ষে স্বর্গ ফল জনক হইয়া থাকে ॥ ১৫৭-১৬০ ॥

টীকা— মাঘস্নানেন ন তুলয়ন্তি, সদৃশা ন ভবন্তী-ত্যর্থঃ। তীর্থং চ যন্মাঘস্নানং, তেন চ বিশেষতো ন তুলয়ন্ত্যেব। একবিংশদিতি পিতৃমাতৃভার্য্যাণাং প্রত্যেকং সপ্তত্যা একবিংশতিভিঃ কুলৈঃ সহ। দ্রাব-কম্ আর্দ্রীকারকং, দাহকং পানেনাজীর্ণনাশকমিত্যর্থঃ ॥ ১৫২-১৫৭ ॥

টীকা—এবং স্বত এব মহাপ্রভাবযুক্তং জলং, তত্র চ ভগবৎসম্বন্ধিবিশেষ ইতি কালবিশেষে ভাব-বিশেষো ভবতীতি পরিহরতি—গ্রহণামিতি দ্বাভ্যাম্ ॥ ১৫৯-১৬০ ॥

যোগোঽয়ং দুর্লভো রাজন্ ত্রৈলোক্যে সচরাচরে।
অস্মিন্ মাসে ত্বশক্তোঽপি স্নায়াদপি
দিনত্রয়ম্ ॥ ১৬১ ॥
দদ্যাৎ কিঞ্চিদ্যথাশক্তি দারিদ্র্যাভাবমিচ্ছতি।
ত্রিস্নানেনাপি মাঘে স্যূর্ধনিনো দীর্ঘজীবিনঃ।
পঞ্চ বা সপ্ত বাহানি চন্দ্রবদ্বর্দ্ধতে ফলম্ ॥ ১৬২ ॥

অনুবাদ—হে রাজন্! ত্রিলোক মধ্যে এই যোগ সাধারণতঃ দুর্ল্লভ। যদি সম্পূর্ণ মাসস্নান করা সম্ভব না হয়, তাহা হইলে তিন দিন স্নান করা উচিত এবং নিজের দারিদ্র নাশের ইচ্ছা থাকিলে সাধ্য অনুসারে দানও করা উচিত, মাঘমাসে তিন দিন মাত্র স্নান করিলেই ধনবান ও দীর্ঘায়ু হওয়া যায়। পাঁচ দিন বা সাত দিন স্নান করিলে চন্দ্র-কলার মত ফল বৃদ্ধি হইয়া থাকে ॥ ১৬১-১৬২ ॥

নারদীয়ে চ—

দেবৈস্তেজঃ পরিক্ষিপ্তং মাঘমাসে জলেষু বৈ।
অতঃ পবিত্রং হি জলমশেষাঘৌঘনাশনম্ ॥
ইতি ॥ ১৬৩ ॥

অনুবাদ—নারদপুরাণে বলা হইয়াছে—মাঘ-মাসের জলে দেবতাগণ তাঁহাদের নিজের নিজের

তেজ নিক্ষেপ করিয়াছেন, এই জন্য মাঘমাসে জল পবিত্র ও অশেষ পাপ নাশক ॥ ১৬৩ ॥

অন্যানি মাঘমাহাত্ম্যবচনানি বিশেষতঃ ।
উপাখ্যানেষু বর্ত্তন্তে পাদ্মাদৌ তত্র তত্র হি ॥ ১৬৪ ॥
ইত্থঞ্চ মাঘস্নানস্য প্রায়োঽত্র মহিমোদিতঃ ।
মাঘকৃত্যেষু যৎ প্রাতঃস্নানস্যৈব প্রধানতা ॥১৬৫॥
বাসন্তী পঞ্চমী মাঘে ভৈমী চৈকাদশী সিতা ।
বারাহী দ্বাদশী যা চ তাসু কুর্য্যান্মহোৎসবম্ ॥১৬৬

অনুবাদ—মাঘমাস মাহাত্ম্য বিষয়ক অন্যান্য প্রমাণ বচন পদ্মপুরাণ প্রভৃতির বিভিন্ন উপাখ্যানে বর্ণিত হইয়াছে। এ স্থানে এইরূপই মাঘস্নান মাহাত্ম্য বর্ণিত হইল। মাঘমাসের সমুদয় কৃত্য মধ্যে প্রাতঃ স্নানই প্রধান। এই মাসে শুক্লা বাসন্তী পঞ্চমী, ভৈমী একাদশী ও বারাহী দ্বাদশী এই তিনটি মহোৎসব অবশ্যই সম্পাদন করা উচিত ॥ ১৬৪-১৬৬ ॥

টীকা—গ্রন্থবিস্তরভীত্যা পরিত্যক্তানি চ মাঘ-মাহাত্ম্যাদিবর্ত্তীনি বচনান্যন্যান্যপি দর্শয়তি—অন্যানীতি ॥ ১৬৪ ॥

টীকা—ননু পূর্ব্বং মাঘে স্নানাদিসৎকর্ম্মবৎ কর্ম্মান্তরমপি বিহিতং, সামান্যতো মাঘমাহাত্ম্যাদি-লিখনাচ্চ তদেব দৃঢ়ীকৃতম্, অধুনা চান্তে স্নানমাহাত্ম্যমেব শ্রূয়তে। এবমুপক্রমোপসংহারয়োরেকার্থতা ন স্যাৎ। সত্যং, মাঘে প্রাতঃস্নানস্যৈব প্রধানত্বাৎ, তথাপি লিখিতমিতি লিখতি—ইত্থঞ্চেতি। প্রধানতা মুখ্যতা, অতএব স্নানস্যৈব নিত্যত্বং লিখিতমিতি দিক্ ॥ ১৬৫ ॥

টীকা—তত্রৈব তিথিবিশেষেষু কৃত্যং মহোৎসব-বিশেষং লিখতি—বাসন্তীতি ।' ১৬৬ ॥

অথ বসন্তপঞ্চমী

মাঘস্য শুক্লপঞ্চম্যাং মহাপূজাং সমাচরেৎ ।
নবৈঃ প্রবালৈঃ কুসুমৈরনুলেপৈর্বিশেষতঃ ॥ ১৬৭ ॥
নীরাজনোৎসবং কৃত্বা ভক্ত্যা সম্মান্য বৈষ্ণবান্ ।
বসন্তরাগং জনয়ন্ গীতনৃত্যাদি কারয়েৎ ॥ ১৬৮ ॥

—৩৩

অনুবাদ—অনন্তর বসন্তপঞ্চমী—মাঘমাসের শুক্লা পঞ্চমীতে নব পত্র, পুষ্প ও অনুলেপন দ্বারা শ্রীহরির মহাপূজা সাধন করা উচিত। বিশেষতঃ ভক্তি সহকারে নীরাজনোৎসবের সহিত বৈষ্ণবগণের সম্মান করতঃ বসন্তরাগ, আলাপ ও নৃত্য গীতাদি করাইতে হইবে ॥ ১৬৭-১৬৮ ॥

টীকা—তত্রৈব বসন্তপঞ্চমীমহোৎসবো বিশেষতঃ কার্য্য ইতি লিখতি—মাঘস্যেতি। তত্রৈব কৃত্য-বিশেষং লিখতি—নবৈরিতি সার্দ্ধেন। জনয়ন্নিতি ভগবচ্ছয়নে সতি তদ্গানাদন্তর্হিতমিব প্রাদুর্ভাবয়ন্নিত্যর্থঃ ॥ ১৬৭-১৬৮ ॥

তদুক্তম্—
শ্রীপঞ্চমীং সমারভ্য যাবৎ স্যাচ্ছয়নং হরেঃ ।
তাবদ্বসন্তরাগস্য গানমুক্তং মনীষিভিঃ ॥
বসন্তরাগঃ কর্ত্তব্যো নান্যথা তু কদাচন ॥
ইতি ॥ ১৬৯ ॥

অনুবাদ—এই বিষয়ে বলা হইয়াছে—শ্রীপঞ্চমীতে শুভারম্ভ করতঃ শ্রীহরির শয়ন পর্য্যন্ত বসন্তরাগ আলাপ করিতে হয়। ইহা ছাড়া অন্য সময় বসন্ত-রাগ আলাপ নিষিদ্ধ। সুধীগণ এইরূপ মত প্রকাশ করিয়াছেন ॥ ১৬৯ ॥

কৃত্বা বসন্তপঞ্চম্যাং শ্রীকৃষ্ণস্যার্চ্চনোৎসবম্ ।
স্যাদ্বসন্ত ইব প্রেয়ান্ বৃন্দাবনবিহারিণঃ ॥ ১৭০ ॥

অনুবাদ—বসন্তপঞ্চমীতে শ্রীকৃষ্ণের পূজা-বিষয়ক উৎসব করিলে সেই পূজক বসন্ত ঋতুর মতই শ্রীবৃন্দাবন বিহারীর প্রিয় পাত্র হইয়া থাকেন ॥ ১৭০ ॥

টীকা—বসন্তপঞ্চম্যুৎসব-মাহাত্ম্যং লিখতি—কৃত্বেতি, বৃন্দাবনবিহারিণ ইতি; বসন্তে বৃন্দাবনস্য শোভা-বিশেষ-প্রকটনাদ্যথাসৌ সদা তদ্বিহারশীলস্য ভগবতোঽত্যন্তপ্রিয়ো ভবতি, তথা সোঽপি স্যাদিত্যর্থঃ ॥ ১৭০ ॥

অথ ভীষ্মাষ্টমী

মাঘস্য চাষ্টমীং শুক্লামারভ্য দিনপঞ্চকম্ ।
তর্পয়েদথবাষ্টম্যাং ভীষ্মং ভাগবতোত্তমম্ ॥ ১৭১ ॥

নিত্যতর্পণতঃ পশ্চাৎ সলিলান্তরুদঙ্মুখঃ।
নিবীতী তর্পণং কুর্য্যাদ্গাঙ্গেয়স্য মহাত্মনঃ ॥১৭২॥

অনুবাদ—অনন্তর ভীষ্মাষ্টমী—মাঘী শুক্লা অষ্টমী হইতে আরম্ভ করিয়া পাঁচ দিন পর্য্যন্ত ভাগবতশ্রেষ্ঠ শ্রীভীষ্মদেবের তর্পণ করা কর্ত্তব্য, কিংবা কেবলমাত্র অষ্টমীতেই তাহা করণীয়। প্রত্যহ তর্পণের পর জলগর্ভে উত্তরদিকে মুখ করিয়া যজ্ঞোপবীত গলায় মালার মত জড়াইয়া মহাত্মা ভীষ্মের তর্পণ করিতে হইবে ॥ ১৭১-১৭২ ॥

টীকা—ভাগবতেষু মধ্যে উত্তমং, তৎপ্রতিজ্ঞাপালনায় নিজপ্রতিজ্ঞাত্যাগেন সাক্ষাদ্ভগবতৈব ভক্তবাৎসল্যবিশেষপ্রকটনেন নিজভক্তবশত্বদর্শনাৎ। তচ্চ 'স্বনিগম' (১।৩৭) ইত্যাদিবচনৈঃ প্রথমস্কন্ধাদৌ প্রসিদ্ধমেব। অতস্তত্তর্পণং বৈষ্ণবৈঃ কার্য্যমেবেতি ভাবঃ ॥ ১৭১ ॥

টীকা—তদ্বিধিং লিখতি—নিত্যেতি। তত্র চ জীবৎপিতৃপিতামহকো ভীষ্মতর্পণং ন কুর্য্যাদিতি জ্ঞেয়ম্, 'জীবৎপিতা ন কুর্ব্বীত তর্পণং যমভীষ্ময়োঃ' ইতি পাদ্মেঽভিধানাৎ ॥ ১৭২ ॥

—————

অথ তত্র মন্ত্রঃ

বৈয়াঘ্রপদ্যগোত্রায় সাঙ্কৃতিপ্রবরায় চ।
অপুত্রায় দদাম্যেতৎ সলিলং ভীষ্মবর্ম্মণে ॥ ১৭৩ ॥

অনুবাদ—অতঃপর ভীষ্মতর্পণের মন্ত্র—"বৈয়াঘ্রপদ-গোত্রোদ্ভূত, সাংকৃতিপ্রবরযুক্ত, পুত্রহীন ভীষ্মবর্ম্মাকে এই জল অর্পণ করিতেছি ॥ ১৭৩ ॥

—————

অথ ভৈম্যেকাদশী

তত্র মাৎস্যে শ্রীব্রহ্মোবাচ—
কথমারোগ্যমৈশ্বর্য্যমনন্তমমরেশ্বর।
স্বল্পেন তপসা দেব ভবেন্মোক্ষো যথা নৃণাম্? ১৭৪

অনুবাদ—অতঃপর ভৈমী-একাদশী, মৎস্যপুরাণে শ্রীব্রহ্মার উক্তিতে আছে—হে দেব! হে অমরেশ্বর অল্প পরিমান তপস্যানুষ্ঠান দ্বারা মনুষ্যের কি প্রকারে বিপুল ঐশ্বর্য্য নীরোগতা ও মোক্ষ পাইতে পারে? ১৭৪॥

টীকা—তপসা কৃচ্ছ্রেণ ॥ ১৭৪ ॥

—————

শ্রীমহেশ্বর উবাচ—
ত্বয়া পৃষ্টস্য ধর্ম্মস্য রহস্যস্যাস্য ভেদকৃৎ।
ভবিতা স তদা ব্রহ্মন্ কর্ত্তা চৈব বৃকোদরঃ ॥১৭৫॥

অনুবাদ—শ্রীমহাদেব কহিলেন—হে ব্রহ্মন্, তুমি যাহা জিজ্ঞাসা করিতেছ, এই গূঢ়ধর্ম্মের প্রকাশক ও কর্ত্তা হইবেন শ্রীভীম ॥ ১৭৫ ॥

—————

কিঞ্চ—
ইদং ব্রতমশেষাণাং ব্রতানামধিকং যতঃ।
কথয়িষ্যতি বিশ্বাত্মা বাসুদেবো জগদ্গুরুঃ ॥ ১৭৬॥
অশেষযজ্ঞফলদমশেষাঘবিনাশনম্।
অশেষদুষ্টশমনমশেষসুরপূজিতম্ ॥ ১৭৭ ॥
পবিত্রাণাং পবিত্রঞ্চ মঙ্গলানাঞ্চ মঙ্গলম্।
ভবিষ্যঞ্চ ভবিষ্যাণাং পুরাণানাং পুরাতনম্ ॥১৭৮॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—সর্ব্বশ্রেষ্ঠ এই ব্রতের বিধান জগদ্গুরু বিশ্বাত্মা বাসুদেবই বলিবেন। এই ব্রতদ্বারা সমস্ত যজ্ঞের ফল পাওয়া যায়। ইহা সমস্ত পাপনাশক, সকল দুষ্ট প্রশমনকারী, অখিল অমরগণ কর্ত্তৃক বন্দিত, পবিত্রসমূহের মধ্যে পবিত্র, মঙ্গলসমূহের মধ্যে মঙ্গল, ভবিষ্য ব্রতসমূহের মধ্যে ভবিষ্য ও পুরাকৃত-সমূহের মধ্যেও পুরাতন অর্থাৎ এই ব্রত-সমূহের আদি বলিয়া কথিত ॥ ১৭৬-১৭৮॥

টীকা—ভেদকৃৎ প্রকাশক ইত্যর্থঃ। ভবিতেত্যাদি ভবিষ্যৎপ্রয়োগো ভবিষ্যকথনাৎ। ভবিষ্যাণাং ব্রতানাং মধ্যে ভবিষ্যং পরমাত্মাম্; ন কেবলং ভবিষ্যমেব, কিন্তু পুরাণানাং পূর্ব্বব্রতানাং মধ্যে পুরাতনং সর্ব্বাদ্যমিত্যর্থঃ। এবং মাহাত্মবিশেষো দর্শিতঃ। তথা চ তত্রৈব শ্রীভীমং প্রতি শ্রীভগবদুক্তৌ—'কুরু ব্রতমিদং সম্যক্ স্নেহাত্তব ময়েরিতম্। ত্বয়া কৃতমিদং ধীরতন্নামাঙ্কং ভবিষ্যতি। সা ভীমদ্বাদশী হ্যেষা সর্ব্বপাপহরা শুভা। যা তু কল্যাণিনী নাম পুরাকল্পেষু পঠ্যতে ॥' ইতি ১৭৫-১৭৮ ॥

—————

তত্রৈব শ্রীভীমং প্রতি শ্রীভগবদুক্তৌ—
যদ্যষ্টমী-চতুর্দ্দশ্যোর্দ্বাদশীষ্বথ ভারত।
অন্যেষ্বপি দিনর্ক্ষেষু ন শক্তস্ত্বমুপোষিতুম্ ॥১৭৯॥
ততঃ পুণ্যামিমাং ভীম তিথিং পাপপ্রণাশিনীম্।
উপোষ্য বিধিনানেন গচ্ছ বিষ্ণোঃ পরং পদম্ ॥১৮০

অনুবাদ—ঐ মৎস্যপুরাণেই ভীমের প্রতি শ্রীভগবানের উক্তি, যথা—হে মধ্যম পাণ্ডব! অষ্টমী, চতুর্দ্দশী, দ্বাদশী এবং অপরাপর দিনে ও নক্ষত্রাদিতে উপবাস করিতে অসমর্থ হইলে পাতক প্রণাশিনী পুণ্য স্বরূপা এই তিথিতে বক্ষ্যমাণ নিয়মে উপবাস করিয়া শ্রীবিষ্ণুর পরমপদে গমন কর ॥ ১৭৯-১৮০ ॥

টীকা—দ্বাদশীষু একাদশীষু, অন্যদিনেষু জন্মাষ্টম্যাদিষু, ঋক্ষেষু শ্রবণদ্বাদশ্যাদিষু ॥ ১৭৯ ॥

কিঞ্চ তত্রৈব তদ্‌ব্রতবিধি কথনান্তে—
ইদমেব কৃতং মহেন্দ্রমুখ্যৈ-
র্বসুভিশ্চৈব সুরাদিভিস্তথা।
ফলমস্য ন শক্যতে হি বক্তুং
যদি জিহ্বাযুতকোটয়ো মুখে স্যুঃ ॥ইতি॥১৮১॥

অনুবাদ—ঐ মৎস্যপুরাণেই আরও ভৈমী-একাদশীর নিয়ম বর্ণনার পর বলা হইয়াছে—ইন্দ্রাদি ও বসু প্রভৃতি দেববৃন্দ এই ব্রতানুষ্ঠান করিয়াছিলেন, আমার অযুত কোটি সংখ্যক জিহ্বা হইলেও আমি এই ব্রতের ফল বর্ণনে অসমর্থ ॥ ৯৮১ ॥

ব্রতে কৃত্যবিধিশ্চাস্মিন্ পূজাবিধিবিশেষবান্।
বৈষ্ণবৈশ্চেদপেক্ষ্যঃ স্যাজ্জ্ঞেয়ো
মৎস্যপুরাণতঃ ॥ ১৮২ ॥

অনুবাদ—এই ব্রতের বিশেষ বিশেষ নিয়ম ও পূজা পদ্ধতি জানিতে হইলে মৎস্যপুরাণ হইতে তাহা জানা বৈষ্ণবগণের কর্ত্তব্য ॥ ১৮২ ॥

অথ ফাল্গুনকৃত্যম্—

তত্র যমঃ—
প্রাতঃস্নায়ী ভবেন্নিত্যং মাসৌ দ্বৌ মাঘফাল্গুনৌ।
দেবান্ পিতৄন্ সমভ্যর্চ্চ্য মুচ্যতে সর্ব্বকিল্বিষৈঃ ॥১৮৩

অনুবাদ—অতঃপর ফাল্গুন কৃত্য, এই বিষয়ে শ্রীযম বলিয়াছেন—মাঘ ও ফাল্গুন এই দুই মাসে প্রত্যহ প্রাতঃকালে স্নান করিবে এবং দেবতা ও পিতৃলোকের পূজা করিবে। এরূপ করিলে সমস্ত প্রকার পাতক হইতে পরিত্রাণ পাওয়া যায় ॥ ১৮৩ ॥

কিঞ্চান্যত্র—
যদীচ্ছেদ্বিপুলান্ ভোগান্ চন্দ্রসূর্য্যোপমান্ শুভান্।
মাঘফাল্গুনয়োর্মধ্যে প্রাতঃস্নায়ী তদা ভবেৎ ॥১৮৪॥

অনুবাদ—অন্যত্র আরও বলা হইয়াছে—চন্দ্র-সূর্য্যবৎ পবিত্র অসীম ভোগে অভিলাষ থাকিলে মাঘ ও ফাল্গুন এই দুই মাসেই প্রাতঃস্নান করা কর্ত্তব্য ॥ ১৮৪ ॥

টীকা—পূজাবিধিবিশেষযুক্তঃ। অস্মিন্ ব্রতে কৃত্যবিধির্যঃ, স চেদ্ যদি অপেক্ষ্যঃ স্যাদিতি তাদৃশ-কৃত্যবিধেরাবশ্যকত্বাভাবেন বৈষ্ণবৈর্নাত্যন্তাপেক্ষণাদিতি দিক্। তদ্বিধিস্তত্রৈব তং প্রতি শ্রীভগবদুক্তৌ, তথা হি—'মাঘমাসস্য দশমী যদা শুক্লা ভবেত্তদা। ঘৃতেনাভ্যঞ্জনং কৃত্বা তিলৈঃ স্নানং সমাচরেৎ॥ তথৈব বিষ্ণুমভ্যর্চ্চ্য নমো নারায়ণেতি চ। কৃষ্ণায় পাদৌ সংপূজ্য শিরঃ সর্ব্বাত্মনেতি চ॥ বৈকুণ্ঠায়েতি বৈকুণ্ঠমুরঃ শ্রীবৎসধারিণে। শঙ্খিনে চক্রিণে তদ্বদ্গদিনে বরদায় বৈ॥ সর্ব্বে নারায়ণায়েতি সংপূজ্যা বাহবঃ ক্রমাৎ। দামোদরায়েত্যুদরং মেঢ্রং পঞ্চশরায় বৈ॥ উরূ সৌভাগ্যনাথায় জানুনী ভূতধারিণে। নমো নীলায় বৈ জঙ্ঘে পাদৌ বিশ্বসৃজে নমঃ॥ নমো দেব্যৈ নমঃ শান্ত্যৈ নমো লক্ষ্ম্যৈ নমঃ শ্রিয়ৈ। নমস্তুষ্ট্যৈ নমঃ পুষ্ট্যৈ বৃষ্ট্যৈ হৃষ্ট্যৈ যজেচ্ছ্রিয়ম্॥ নমো বিহগনাথায় বায়ুবেগায় পক্ষিণে। বিষপ্রমাথিনে নিত্যং গরুড়ঞ্চাভিপূজয়েৎ॥ এবং সম্পূজ্য গোবিন্দমুমাপতিবিনায়কৈঃ। গন্ধৈর্মাল্যৈস্তথা ধূপৈর্ভক্ষ্যৈর্নানাবিধৈরপি॥ গব্যেন পয়সা সিক্তাং কৃষরামথ বাগ্যতঃ। সর্পিষা সহ ভুক্ত্বা তাং জপ্তা মন্ত্রপদং বুধঃ। ন্যগ্রোধং দন্তধাবনমথবা খাদিরং পুনঃ। গৃহীত্বা পাবয়েদ্দন্তানাচান্তঃ প্রাগুদঙ্মুখঃ॥ ব্রূয়াৎ সায়ন্তনীং কৃত্বা সন্ধ্যামস্তমিতে রবৌ। নমো নারায়ণায়েতি ত্বামহং শরণং গতঃ॥

একাদশ্যাং নিরাহারঃ সমভ্যর্চ্চ্য চ কেশবম্। রাত্রিঞ্চ সকলাং স্থিত্বা স্নানঞ্চ পয়সা তথা ॥ সর্পিষা চাপি দহনং হুত্বা ব্রাহ্মণপুঙ্গবৈঃ। সহৈব পুণ্ডরীকাক্ষ দ্বাদশ্যাং ক্ষীরভোজনম্। করিষ্যামি যতাত্মাহং নির্ব্বিঘ্নেনাস্তু তচ্চ মে ॥ এবমুক্ত্বা স্বপেদ্ভূমাবিতিহাস-কথাং পুনঃ। শ্রুত্বা প্রভাতে বিধিবৎ কৃত্বা চ পিতৃ-তর্পণম্ ॥ প্রণম্য চ হৃষীকেশমমলং চার্কমীক্ষ্য চ। গৃহস্য পুরতো ভক্ত্যা মণ্ডপং কারয়েদ্বুধঃ ॥ দশ হস্তানথাষ্টৌ বা করান্ কুর্য্যাৎ বিশাম্পতে। চতু-র্হস্তাং শুভাং কুর্য্যাদ্বেদীমরিনিসূদন ॥ চতুর্হস্তপ্রমাণঞ্চ বিন্যাসেত্তত্র তোরণম্। প্রকল্প্য কলসং তত্র মাষনাত্রেণ সংযুতম্ ॥ ছিদ্রেণ জলসংপূর্ণমধঃ কৃষ্ণাজিনে স্থিতঃ। তস্য ধারাঞ্চ শিরসি ধারয়েৎ সকলং নিশাম্ ॥ ধারাভির্ভূরিভির্ভূরি ফলং বেদবিদো বিদুঃ। যস্মাত্তস্মাৎ কুরুশ্রেষ্ঠ ধারা ধার্য্যা স্বশক্তিতঃ ॥ তথৈব বিষ্ণোঃ শিরসি ক্ষীরধারাং প্রদাপয়েৎ। অরত্নিমাত্রং কুণ্ডঞ্চ কৃত্বা তত্র ত্রিমেখলং। যোনিবক্ত্রঞ্চ তৎ কৃত্বা ব্রাহ্মণৈর্যবসার্পষী। তিলাংশ্চ বিষ্ণু-দেবত্যৈর্মন্ত্রেরেকাগ্নিবত্তদা। হুত্বা চ বৈষ্ণবং সম্যক্ চরু গোক্ষীরসংযুতম্। নিষ্পরার্দ্ধপ্রমাণাং বৈ ধারা-মাজ্যস্য পাতয়েৎ। জলকুম্ভান্ মহাবীর্য্য স্থাপয়িত্বা ত্রয়োদশ ॥ ভক্ষ্যৈর্নানাবিধৈর্যুক্তান্ সিতবস্ত্রৈর-লঙ্কৃতান্। যুক্তানৌডুম্বরৈঃ পাত্রৈঃ পঞ্চরত্নসমন্বি-তান্ ॥ চতুর্ভির্বহ্বৃচৈর্হোমস্তত্র কার্য্য উদঙ্মুখৈঃ। রুদ্রজাপৈশ্চতুর্ভিশ্চ যজুর্ব্বেদ পরায়ণৈঃ ॥ বৈষ্ণবানি চ সামানি চতুরঃ সামবেদিনঃ। অরিষ্টবর্গসহিতান্য-ভিতঃ পরিপাঠয়েৎ ॥ এবং দ্বাদশ তান্ বিপ্রান্ বস্ত্র-মাল্যানুলেপনৈঃ। পূজয়েদঙ্গুলীয়ৈশ্চ কটকৈর্হেম সূত্রকৈঃ ॥ বাসোভিঃ শয়নীয়ৈশ্চ বিত্তশাঠ্যবিবর্জ্জিতঃ। উপাধ্যায়স্য চ পুনর্দ্বিগুণং সর্ব্বমেব তু ॥ ততঃ প্রভাতে বিমলে সমুত্থায় ত্রয়োদশ। গা বৈ দদ্যাৎ কুরুশ্রেষ্ঠ সৌবর্ণমুখসংযুতাঃ ॥ পয়স্বিনীঃ শীলবতীঃ কাংস্য-দোহসমন্বিতাঃ। রৌপ্যখুরাঃ সবৎসাশ্চ চন্দনেনা-ভিষেচিতাঃ ॥ তাস্তু দত্ত্বা ততো ভক্ত্যা ভক্ষ্যভক্ষণ-তর্পিতান্ কৃত্বা বৈ ব্রাহ্মণান্ সর্ব্বানন্নৈর্নানাবিধৈস্তথা। ভুক্ত্বা চাক্ষারলবণমাত্মনা চ বিসর্জ্জয়েৎ। অনুগম্য পদান্যষ্টৌ পুত্রভার্য্যাসমন্বিতঃ ॥ প্রীয়তামত্র দেবেশ কেশব ক্লেশনাশন। এবমুচ্চার্য্য তান্ কুম্ভান্ তাশ্চ গাঃ শয়নানি চ। বাসাংসি চৈব সর্ব্বেষাং গৃহাণি প্রাপয়েদ্বুধঃ। অভাবে বহুশয্যানামেকামপি সুসং-স্কৃতাম্। শয্যাং দদ্যাদ্গুরৌ ভীম সর্ব্বোপস্কয়-সংযুতাম্ ॥ ইতিহাসপুরাণানি বাচয়িত্বাতিবাহয়েৎ। তদ্দিনং নরশার্দূল যদীচ্ছেদ্বিপুলাং শ্রিয়ম্ ॥' ইতি ॥ ১৮২-১৮৪ ॥

গৌতমীয়ে—

ফাল্গুনে দেবকীপুত্রং পূজয়েৎ স্বর্ণচম্পকৈঃ।
চূতসৌগন্ধিকুসুমৈর্ধূপৈর্গন্ধৈঃ সুবিস্তরৈঃ ॥
ইতি ॥ ১৮৫ ॥

অনুবাদ—গৌতমীয়তন্ত্রে বলা হইয়াছে—স্বর্ণবর্ণ, চম্পক পুষ্প, সুগন্ধি আম্রপুষ্প, ধূপ ও উৎকৃষ্ট গন্ধ দ্বারা ফাল্গুন মাসে দেবকীপুত্রকে পূজা করিবে ॥১৮৫

অথ শিবরাত্রিব্রতম্

শিবরাত্রিব্রতমিদং যদ্যপ্যাবশ্যকং ন হি।
বৈষ্ণবানাং তথাপ্যত্র সদাচারাদ্বিলিখ্যতে ॥ ১৮৬ ॥
শিবরাত্রিব্রতং কৃষ্ণচতুর্দ্দশ্যাস্তু ফাল্গুনে।
বৈষ্ণবৈরপি তৎ কার্য্যং শ্রীকৃষ্ণপ্রীতয়ে সদা ॥১৮৭॥

অনুবাদ—অতঃপর শিবরাত্রিব্রত—যদিও বৈষ্ণব-গণের শিবরাত্রিব্রতের বিষয়ে বিশেষ আবশ্যকতা নাই, তবুও সদাচার অনুসরণক্রমে এখানে তাহা লিখিত হইতেছে। ফাল্গুন মাসে কৃষ্ণাচতুর্দ্দশী তিথিতে এই ব্রত করিবে। শ্রীকৃষ্ণ প্রীতির জন্য সর্ব্বদা এই ব্রতানুষ্ঠান করা বৈষ্ণবগণেরও কর্ত্তব্য। যেহেতু শাস্ত্রে শ্রীশিবকে বৈষ্ণবাগ্রগণ্য "বৈষ্ণবানাং যথা শম্ভু" বলা হইয়াছে ॥ ১৮৬-১৮৭ ॥

টীকা—অন্যোন্যভক্তিদানার্থমন্যোন্যোপাসনাকরৌ। বন্দে হরিহরৌ দেবাবন্যোহন্য-প্রেমতৎপরো ॥ ননু বৈষ্ণবানাং কিং শিবরাত্রিব্রতকরণেন ? তত্র লিখতি —শ্রীকৃষ্ণপ্রীতয় ইতি। শিবরাত্রিব্রত-পরিত্যাগেন ভগবৎ পূজাফলানুদয়াৎ ভগবৎপ্রীত্যভাবঃ, অতস্তদর্থং বৈষ্ণবৈঃ কর্ত্তব্যমেবেত্যর্থঃ। অপি শব্দাৎ কিং পুনঃ শৈবৈঃ, শাক্তৈঃ সৌরাদিভির্বেত্যর্থঃ ॥ ১৮৭ ॥

তথা চ পাদ্মে ব্রতখণ্ডে—

সৌরো বা বৈষ্ণবো বান্যো দেবতান্তরপূজকঃ ।
ন পূজাফলমাপ্নোতি শিবরাত্রিবহির্ম্মুখঃ ॥ ১৮৮ ॥

অনুবাদ—অতএব পদ্মপুরাণে ব্রতখণ্ডে উক্ত হইয়াছে—বৈষ্ণব অথবা সূর্য্যোপাসক অথবা অন্য দেবোপাসক যিনিই হউন না কেন শিবরাত্রি-ব্রত বিমুখ হইলে তাহার দ্বারা অনুষ্ঠিত পূজা ফলবতী হয় না ॥ ১৮৮ ॥

টীকা—দেবতান্তরং দুর্গাগণেশাদি, তৎপূজকোঽন্যো বা ; ন পূজাফলমাপ্নোতীত্যনেন ব্রতস্য নিত্যত্বং বোধিতম্ ॥ ১৮৮ ॥

———

কিঞ্চ—তদিদম্ ঔদাস্যে দূষণং, দ্বেষে তু কৌর্ম্মে ভৃগ্বাদীন্ প্রতি স্বয়ং ভাগবতোক্তম্—

পরাৎ পরতরং যান্তি নারায়ণপরায়ণাঃ ।
ন তে তত্র গমিষ্যন্তি যে দ্বিষন্তি মহেশ্বরম্ ॥ ১৮৯ ॥
যো মাং সমর্চ্চয়েন্নিত্যমেকান্তং ভাবমাশ্রিতঃ ।
বিনিন্দন্ দেবমীশানং স যাতি নরকাযুতম্ ॥১৯০॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—শিবরাত্রিব্রতের প্রতি অবজ্ঞা করিলে দোষ হয়। শিবরাত্রিব্রতের প্রতি দ্বেষ করিলে যাহা হয় শ্রীহরি স্বয়ং, কূর্ম্মপুরাণে ভৃগু প্রভৃতি মুনিগণ সমক্ষে বর্ণনা করিয়াছেন—নারায়ণপরায়ণ ব্যক্তিগণের বৈকুণ্ঠ লাভ হয় ইহা অসত্য নহে। কিন্তু শিবদ্বেষী হইলে তাঁহারা ঐ বিষ্ণুধাম পান না। সতত আমাতে একান্তভাবে পূজানিষ্ঠ হইলেও শিব নিন্দাকারী অযুত সংখ্যক নরকে যাইয়া থাকে ॥ ১৮৯-১৯০ ॥

টীকা—কিঞ্চ, শ্রীশিবব্রতাকরণে মহাদোষপ্রদর্শনেন নিত্যতামেব দ্রঢ়য়তি—পরাদিতি দ্বিভিঃ। পরাৎ চতুর্বর্গেষু শ্রেষ্ঠাৎ মোক্ষাদপি পরতরং শ্রীবৈকুণ্ঠাখ্যপদং নারায়ণপরা যান্তীতি সত্যমেব, কিন্তু যদি তে শ্রীশিবেঽপরাধিনো ন ভবন্তীত্যাহ—নেতি। অত্র চ পূর্ব্বপদ্যার্দ্ধং শ্রীশিবেনোক্তং, পরার্দ্ধঞ্চ শ্রীভগবতেতি সৎসু প্রসিদ্ধম্। যদি চ কৌর্ম্মদৃষ্ট্যা সর্ব্বং পদ্যং শ্রীভগবদুক্তমেব তর্হি নিখিলগুণামৃতনিধিনা ভগবতা নারায়ণেন পরোক্ষবদ্বিনয়ভরেণোক্তমিতি জ্ঞেয়ম্। দ্বিষন্তীতি—দ্বেষস্তু তদ্ব্রতাকরণাদিনা তদনাদরলক্ষণ এব, যথা গুরুদেবতাদিদ্রোহঃ এবং নিন্দাপি ॥ ১৮৯ ॥

———

অন্যত্র চ—

মদ্ভক্তঃ শঙ্করদ্বেষী মদ্দ্বেষী শঙ্করপ্রিয়ঃ ।
উভৌ তৌ নরকং যাতো যাবচ্চন্দ্রদিবাকরৌ ॥
ইতি ॥ ১৯১ ॥

অনুবাদ—অন্যত্র আরও বলা হইয়াছে—আমার ভক্ত যদি শিবদ্বেষী হয়, তাহা হইলে চন্দ্রসূর্য্যের স্থিতি কাল অর্থাৎ প্রলয়কাল পর্য্যন্ত তাহারা নরকে পচ্যমান হইয়া অবস্থান করে ॥ ১৯১ ॥

———

অতএব হয়শীর্ষপঞ্চরাত্রে শ্রীহরিহরপ্রতিষ্ঠায়াং শ্রীভগবতৈবোক্তম—

যঃ শিবঃ সোঽহমেবেহ যোঽহং স ভগবান্ শিবঃ ।
নাবয়োরন্তরং কিঞ্চিদাকাশানিলয়োরিব ॥ ১৯২ ॥

অনুবাদ—অতএব হয়শীর্ষপঞ্চরাত্রে শ্রীহরিহর প্রতিষ্ঠায় শ্রীভগবানের উক্তি যথা—যিনি শিব তিনিই আমি, যে আমি সেই ভগবান শিব। আকাশ ও বায়ুর অভেদের মত আমাদের উভয়ের অভেদ বুঝিতে হইবে ॥ ১৯২ ॥

টীকা—ননু 'নান্যং দেবং নমস্কুর্য্যান্নান্য দেবং নিরীক্ষয়েৎ। চক্রাঙ্কিতঃ সদা তিষ্ঠেন্মদ্ভক্তঃ পাণ্ডুনন্দন ॥' ইতি ভবিষ্যোত্তরোক্ত-শ্রীভগবদ্বচনাদিনা বিরোধঃ স্যাৎ, তত্র শ্রীভগবদ্বচনমেব লিখতি—যঃ শিব ইতি। আকাশানিলয়োরিবেতি দীপাদ্দীপান্তরবৎ কারণেন সহ কার্য্যস্যাভেদাভিপ্রায়েণাবতারিণাত্মনা সহাবতারস্য শ্রীশিবস্যাভেদো দর্শিতঃ ॥১৯২

———

বহ্ব্চ-পরিশিষ্টে—

শিবায় বিষ্ণুরূপায় শিবরূপায় বিষ্ণবে ।
শিবস্য হৃদয়ং বিষ্ণুর্বিষ্ণোস্তু হৃদয়ং শিবঃ ॥১৯৩॥
যথা শিবময়ো বিষ্ণুরেবং বিষ্ণুময়ঃ শিবঃ ।
যথান্তরং ন পশ্যামি তথা মে স্বস্তিরায়ুষঃ ॥
ইতি ॥ ১৯৪ ॥

অনুবাদ—বহ্ব্‌চ-পরিশিষ্টে—বিষ্ণুই শিবরূপী ও শিবই বিষ্ণুরূপী। বিষ্ণুই শ্রীশিবের হৃদয় ও শিবই বিষ্ণুর হৃদয়। বিষ্ণু যেমন শিবময় তেমনই শিবও বিষ্ণুময়। যেহেতু এই দুই জনের মধ্যে প্রভেদ দেখা যায় না। অতএব ইহা আমার পরমায়ুর সত্তা হউক ॥ ১৯৩-১৯৪ ॥

কার্য্যং গুণাবতারত্বেনৈক্যাদ্রুদ্রস্য বৈষ্ণবৈঃ।
বৈষ্ণবাগ্র্যতয়া শ্রৈষ্ঠ্যাৎ সদাচারাচ্চ তদ্‌ব্রতম্ ॥১৯৫॥
চতুর্থস্কন্ধদৃষ্ট্যা তু নৈকে কুর্ব্বন্তি তদ্‌ব্রতম্ ॥১৯৬॥

তথা চ ভৃগুশাপঃ (শ্রীভাঃ ৪।২।২৮)—
ভবব্রতধরা যে চ যে চ তান্ সমনুব্রতাঃ।
পাষণ্ডিনস্তে ভবন্তু সচ্ছাস্ত্রপরিপন্থিনঃ ॥ ইতি ॥ ১৯৭ ॥

অনুবাদ—গুণাবতারতারূপে একত্ব হেতু শিব বৈষ্ণবাগ্রগণ্য, অতএব সদাচার বশতঃ শিবরাত্রিব্রতানুষ্ঠান করা বৈষ্ণবের কর্ত্তব্য। বৈষ্ণবগণের কেহ কেহ চতুর্থস্কন্ধে বর্ণিত বিষয় লক্ষ্য করিয়া শিবব্রতে বিমুখ হন। ঐ স্থানে ভৃগুশাপ কথনে বর্ণিত হইয়াছে —যাহারা শিবব্রতানুষ্ঠান করিবে অথবা উহাদের অনুগামী হইবে সেই সকল ব্যক্তিকে সৎ-শাস্ত্রের প্রতিকূলাচারী বলিয়া মনে করিবে, সুতরাং তাহারা পাষণ্ডীদিগের মধ্যে গণ্য হউক্ ॥ ১৯৫-১৯৭ ॥

টীকা—তথা তত ইত্যর্থঃ, আয়ুষো জীবনস্য ভগবদ্ভক্তিলক্ষণস্য স্বস্তিঃ শোভনসত্তা সদা সম্যগ্‌বৃত্তির্ভবতীত্যর্থঃ, অস্তিৃতি শেষো রা। 'শিবস্য শ্রীবিষ্ণোর্য ইহ গুণনামাদিসকলং, ধিয়া ভিন্নং পশ্যেৎ' ইত্যাদিকঞ্চ শ্রীমন্নামাপরাধস্তোত্রে পূর্ব্বং লিখিতমেব অতোহয়ং সিদ্ধান্তঃ—শ্রীবিষ্ণুরেকো দেবঃ, শিবশ্চান্যো দেব ইত্যেবমন্যত্বে ভাসমানে তন্নমস্কারাদিকং বৈষ্ণবানামযুক্তমেব, কিন্তু যথা মৎস্যাদয়ো লীলাবতারাস্তথা শ্রীশিবশ্চ গুণাবতারোহয়মিত্যভেদেন ন দোষাবহম্ অপি তু গুণ এব, ভগবদ্ভক্তিবিশেষ এব পর্য্যবসানাদিতি ॥ ১৯৪-১৯৫ ॥

অথ শিবরাত্রিব্রতনির্ণয়ঃ

তত্র স্কান্দে—
মাঘফাল্গুনয়োর্ম্মধ্যে অসিতা যা চতুর্দ্দশী।
শিবরাত্রিস্তু সা খ্যাতা সর্ব্বযজ্ঞোত্তমোত্তমা ॥ ১৯৮ ॥

অনুবাদ—অতঃপর শিবরাত্রিব্রত নির্ণয়, স্কন্দপুরাণে উক্ত হইয়াছে—মাঘ ও ফাল্গুন এই উভয়ের মধ্যবর্ত্তী কৃষ্ণা চতুর্দ্দশীই শিবরাত্রি বলিয়া কথিত, উহা সর্ব্বযজ্ঞ অপেক্ষা প্রধান ॥ ১৯৮ ॥

মহীখণ্ডে—
মাঘমাসস্য শেষা যা প্রথমা ফাল্গুনস্য চ।
কৃষ্ণা চতুর্দ্দশী সা তু শিবরাত্রিঃ প্রকীর্ত্তিতা ॥১৯৯॥

অনুবাদ—মহীখণ্ডে কথিত হইয়াছে—মাঘমাসের শেষে ফাল্গুন মাসের প্রথমে যে কৃষ্ণা চতুর্দ্দশী তিথি তাহাকেই শিবরাত্রি বলা হয় ॥ ১৯৯ ॥

কিঞ্চ নাগরখণ্ডে—
যানি কান্যত্র লিঙ্গানি স্থাবরাণি চরাণি চ।
তেষু সংক্রমতে দেবস্তস্যাং রাত্রৌ যতো হরঃ।
শিবরাত্রিস্ততঃ প্রোক্তা তেন সা হরিবল্লভা ॥
ইতি ॥ ২০০ ॥

অনুবাদ—নাগরখণ্ডে আরও বলা হইয়াছে—ভূলোকে স্থাবর ও চর যত কিছু শিবলিঙ্গ আছেন, চতুর্দ্দশীর রাত্রিতে দেবাদিদেব শ্রীশঙ্কর সেই লিঙ্গ সমুদায়ে অধিষ্ঠিত হইয়া থাকেন, এই কারণেই এই চতুর্দ্দশী তিথিকে শিবরাত্রি বলা হয়। এই তিথি শ্রীশিবের বিশেষ প্রিয় ॥ ২০০ ॥

টীকা—হরিবল্লভত্বেনাস্য শ্রীশিবপ্রিয়ত্বাদেব বৈষ্ণবৈরপি কর্ত্তব্যমিতি ভাবঃ ॥ ২০০ ॥

শুদ্ধোপোষ্যা চ সা সর্ব্বৈর্বিদ্ধা স্যাচ্চেচ্চতুর্দ্দশী।
প্রদোষব্যাপিনী গ্রাহ্যা তত্রাপ্যাধিক্যমাগতা ॥ ২০১ ॥

অনুবাদ—চতুর্দ্দশী তিথি সকলের পক্ষেই শুদ্ধা, এই তিথিতে উপবাস করা উচিত কিন্তু বিদ্ধা চতুর্দ্দশী যদি প্রদোষব্যাপিনী বা তাহার থেকে বেশী সময় ব্যাপিনী হয়, তাহা হইলে বৈষ্ণব ছাড়া অন্য উপাসকগণ তাহা গ্রহণ করিতে পারেন ॥ ২০১ ॥

তথা চোক্তম্—

প্রদোষব্যাপিনী গ্রাহ্যা শিবরাত্রিঃ শিবপ্রিয়ৈঃ।
রাত্রৌ জাগরণং তস্যাং যস্মাত্তস্যামুপোষণম্ ॥২০২॥

অনুবাদ—এই বিষয়ে উক্ত হইয়াছে—মহাদেবের প্রিয়পাত্রগণ প্রদোষব্যাপিনী চতুর্দ্দশী শিবরাত্রিই গ্রহণ করেন, যেহেতু তাহাতেই উপবাস নির্দ্ধারিত হইয়াছে। উক্ত শিবরাত্রিব্রতে রাত্রি জাগরণ করিতে হয় ॥ ২০২ ॥

টীকা—শিবপ্রিয়ৈরিত্যনেন বিদ্ধাব্রতস্য বৈষ্ণবানামকর্ত্তব্যত্বং প্রতিপাদিতমিতি ভাবঃ ॥ ২০২ ॥

কিঞ্চ—

প্রদোষশ্চ চতুর্নাড্যাত্মকোঽভিজ্ঞজনৈর্মতঃ।
ইতি ॥ ২০৩ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে যে চতুর্দণ্ডাত্মক সময়ই (সূর্য্যাস্তের পরে) প্রদোষ বলিয়া বিজ্ঞগণ বলিয়া থাকেন ॥ ২০৩ ॥

প্রদোষব্যাপিনীসাম্যেঽপ্যুপোষ্যং প্রথমং দিনম্।
নোপোষ্যা বৈষ্ণবৈবিদ্ধা সাপীতি
চ সতাং মতম্ ॥ ২০৪ ॥

অনুবাদ—দুই দিনেই প্রদোষব্যাপিনী চতুর্দ্দশী হইলে প্রথম দিনে উপবাসী থাকা বৈষ্ণব ব্যতীত অন্য উপাসকদের ক্ষেত্রে বিধি। ঐ প্রথম দিন ত্রয়োদশী বিদ্ধা হইলে প্রথম দিন ব্রতোপবাস করা বৈষ্ণবগণের কর্ত্তব্য নহে। ইহা সাধুগণ সম্মত ॥ ২০৪ ॥

যত উক্তম্—

শিবরাত্রিব্রতে ভূতং কামবিদ্ধং বিবর্জ্জয়েৎ ॥২০৫॥

অনুবাদ—যেহেতু উক্ত হইয়াছে—শিবরাত্রি ব্রতে ত্রয়োদশীবিদ্ধা চতুর্দ্দশী তিথি পরিত্যাগ করিতে হইবে ॥ ২০৫ ॥

অতএবোক্তং পরাশরেণ—

মাঘাসিতং ভূতদিনং হি রাজ-
ন্নুপৈতি যোগং যদি পঞ্চদশ্যা।
জয়াপ্রযুক্তাং ন তু জাতু কুর্য্যা-
চ্ছিবস্য রাত্রিং প্রিয়কৃচ্ছিবস্য ॥ ইতি ॥ ২০৬ ॥

অনুবাদ—অতএব পরাশর বলিয়াছেন—মাঘী-কৃষ্ণা চতুর্দ্দশীতে অমাবস্যা যোগ হইলে শিবরাত্রি ব্রত করিতে হইবে। উহা মহাদেবের প্রীতিপ্রদ। কিন্তু ত্রয়োদশী সংযুক্তা চতুর্দ্দশী বর্জ্জনীয়া ॥ ২০৬ ॥

টীকা—এতদেব প্রতিপাদয়তি—সতাং মতমিতি। তত্র প্রমাণমাহ—মাঘেঽসিতেত্যাদি। এবঞ্চ—'মাঘফাল্গুনয়োর্ম্মধ্যে যা স্যাচ্ছিবচতুর্দ্দশী। অনঙ্গেন সমাযুক্তা কর্ত্তব্যা সর্ব্বদা তিথিঃ ॥' ইতিবচনং ভবিষ্যোত্তরোক্তশিবরাত্রিব্যতিরিক্তশিবচতুর্দ্দশীসংজ্ঞক-ব্রতবিষয়কং, কিংবা পরদিনে অমাবস্যাযোগাভাব-বিষয়কং, সকামবৈষ্ণববিষয়কং বা জ্ঞেয়ম্। অন্যে চ মাঘাসিতমিত্যেতদ্বচনং 'শিবরাত্রি-ব্রতে ভূতম্' ইতি বচনং পরদিনপ্রদোষব্যাপি-চতুর্দশ্যুপবাস-বিষয়কমিতি ব্যবস্থাপয়ন্তি, তচ্চাসঙ্গতমিতি মাঘেতি; পঞ্চদশ্যা যোগমুপৈতীত্যাদিবিশেষোক্ত্যা প্রদোষব্যাপি-নীত্যাদিবিরোধাপত্তেঃ লিখিতব্যবস্থৈব যুক্তেতি দিক্। ইত্থঞ্চ যদা চতুর্দ্দশীক্ষয়ঃ স্যাত্তর্হি বৈষ্ণবানামপি বিদ্ধোপবাসঃ প্রসজ্যেতৈব, অন্যথা অমাবস্যাসংযোগ-ব্যবস্থায়া অত্র লোপপ্রসঙ্গাৎ। অতঃ সা ব্যবস্থা বৈষ্ণবজনসম্মতা ন স্যাদিত্যপেক্ষা। এতচ্চাগ্রে জন্মাষ্টমীব্রতনির্ণয়ান্তে লেখ্যমেব ইতি ॥২০৪-২০৬॥

অথ যোগাশ্চ—

উক্তঞ্চ লোকাক্ষিণা—

দ্বিমুহূর্ত্তো ভবেদ্যোগো বেধো মৌহূর্ত্তিকঃ স্মৃতঃ ॥
ইতি ॥ ২০৭ ॥

অনুবাদ—অতঃপর উক্ত যোগলক্ষণ, লোকাক্ষি বাক্য যথা—দুই মুহূর্ত্ত সময়কে যোগ ও এক মুহূর্ত্ত সময়কে বেধ বলে ॥ ২০৭ ॥

শিবরাত্রৌ চ কর্ত্তব্যং নিয়মেন ত্রয়ং বুধৈঃ।
উপবাস-মহাদেবপূজা-জাগরণং নিশি ॥ ২০৮ ॥

অনুবাদ—বুধগণ শিবরাত্রিব্রতে উপবাস, রাত্রিতে

শিবপূজা ও জাগরণ নিয়মবিধি অনুসারে অনুষ্ঠান করিবেন ॥ ২০৮ ॥

টীকা—শিবরাত্রৌ চোপবাস-পূজা-জাগরণানাং ত্রয়াণামেবাবশ্যকত্বং লিখতি—শিবেতি ॥ ২০৮ ॥

অথ শিবব্রতবিধিঃ—

সায়ং শিবালয়ং গত্বা শুচিরাচম্য চ ব্রতী।
কৃত্বা শিবাগ্রে সঙ্কল্পমারভেত তদর্চ্চনম্ ॥ ২০৯ ॥
পঞ্চাক্ষরেণ মন্ত্রেণ শতরুদ্রেণ বা দ্বিজ।
ক্ষীরাদিভিশ্চ শুদ্ধাম্ভির্ধারয়া স্নাপয়েচ্ছিবম্ ॥২১০॥
মহার্চ্চাং বিধিনা কৃত্বা গন্ধপুষ্পতিলাদিভিঃ।
সমর্প্য ধূপদীপাদীন্ শঙ্খেনার্ঘ্যং নিবেদয়েৎ ॥২১১॥

অনুবাদ—অথ শিবরাত্রিব্রত বিধি—সন্ধ্যা-সময়ে পবিত্র ভাবে ব্রতধারণকারী ব্যক্তি শিবালয়ে গিয়া আচমন করতঃ শিবের নিকট সঙ্কল্প করিবেন। তারপর পূজায় প্রবৃত্ত হইবেন। দ্বিজাতিগণ পঞ্চাক্ষর মন্ত্রে কিংবা শতরুদ্র মন্ত্রে ক্ষীরাদি দ্বারা ও শুদ্ধ জল-দ্বারা মহাদেবকে স্নান করাইবেন। বিধানানুসারে গন্ধ পুষ্প, তিল ইত্যাদি দ্বারা পূজা শেষ করিয়া ধূপ, দীপ দিয়া শঙ্খে করিয়া অর্ঘ্য প্রদান করিতে হইবে ॥ ২০৯-২১১ ॥

টীকা—অধুনা ভবিষ্যোত্তর-স্কন্দপুরাণশিবধর্ম্মোত্তরাদ্যুক্তানুসারেণ ব্রতানুষ্ঠানপ্রকারং লিখতি—সায়মিতি পঞ্চভিঃ। তস্য শিবস্য অর্চ্চনং পূজামারভেত ॥ ২০৯ ॥

টীকা—তদেব লিখতি—পঞ্চেতি দ্বাভ্যাম্। আদি-শব্দেন ঘৃতমধ্বাদি দ্রাক্ষারসাদিকঞ্চ ॥ ২১০ ॥

টীকা—বিধিনেত্যত্রায়ং বিধিঃ—'প্রথমে যামে শিবায় নমঃ' ইতি, পঞ্চ-ব্রহ্মমন্ত্রৈর্বা গন্ধপুষ্প-তিলমাষ-গোধূমাদিনা মহাপূজাং কৃত্বা, ততশ্চ 'ওঁ আদ্যায় নমঃ', 'ওঁ বামায় নমঃ', 'ওঁ তৎপুরুষায় নমঃ', 'ওঁ অঘোরায় নমঃ', ইতি প্রত্যগাদিচতুর্দ্দিক্ষু ; 'ওঁ ঈশানায় নমঃ' ইত্যুপরি। এবং পঞ্চবক্ত্রাণি পুষ্পাদিভিঃ সম্পূজ্য পশ্চাদিষ্টপুষ্পং সমর্পয়েৎ। আদি-শব্দান্নৈবেদ্যতাম্বুলাদি, অর্ঘ্যঞ্চ ফলগন্ধাক্ষতান্বিতং জ্ঞেয়ম্ ॥ ২১১ ॥

অথ তত্র মন্ত্রঃ—

গৌরীবল্লভ দেবেশ সর্পাঢ্য শশিশেখর।
বর্ষপাপবিশুদ্ধ্যর্থমর্ঘ্যং মে প্রতিগৃহ্যতাম্ ॥
ইতি ॥ ২১২ ॥

অনুবাদ—অতঃপর তদ্বিষয়ে অর্ঘ্যমন্ত্র—হে গৌরিবল্লভ! হে দেবেন্দ্র! হে সর্পাঢ্য, হে শশিশেখর, সারাবৎসর-কৃত পাতকের শোধনের জন্য আমি এই অর্ঘ্য প্রদান করিতেছি ইহা গ্রহণ করুন ॥ ২১২ ॥

আচার্য্যং পরিপূজ্যাথ দত্ত্বা তস্মৈ চ দক্ষিণাম্।
বিধিবজ্জাগরং কৃত্বা প্রাতঃ পারণমাচরেৎ ॥ ২১৩ ॥

অনুবাদ—এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক অর্ঘ্য প্রদান করতঃ আচার্য্যকে পূজা করিয়া দক্ষিণা দিবে এবং বিধানানুসারে জাগরণ পূর্ব্বক প্রাতে পারণ করিবে ॥ ২১৩ ॥

টীকা—আচার্য্যং শিবব্রতবিধ্যুপদেশকম্ অক্ষত-পুষ্পান্নবস্ত্রাদিনা সম্মান্য। বিধিবদিতি দ্বিতীয়ে যামে 'শঙ্করায় নমঃ' ইতি, তৃতীয়ে 'মহেশ্বরায় নমঃ' ইতি, চতুর্থে 'রুদ্রায় নমঃ' ইতি পূর্ব্বতো বিশেষঃ। অন্যচ্চ সমান এব বিধির্জ্ঞেয়ঃ। তথৈকাদশীজাগরণবদ্গীত-নৃত্যাদিনেতি চ জ্ঞেয়ম্। পারণমাচরেদিত্যত্রাপি বিধিবদিত্যনুবর্ত্তনীয়ম্। ততশ্চ প্রভাতে নিত্যকৃত্যং কৃত্বা গৃহে শিবমভ্যর্চ্চ্য শিবভক্তান্ বৈষ্ণবান্ বিপ্রাংশ্চ সম্ভোজ্য বন্ধুভিঃ সহ ভুঞ্জীত ইতি জ্ঞেয়ম্ ॥ ২১৩ ॥

অথ তত্র পারণ-নির্ণয়ঃ

পূর্ব্ববিদ্ধোপবাসে চ পরেহহনি চতুর্দ্দশী।
দিবসব্যাপিনী তিষ্ঠেৎ কুর্য্যাৎ তস্যাং
হি পারণম্ ॥ ২১৪ ॥

অনুবাদ—অনন্তর তদ্ব্রতের পারণ-নির্ণয়—যদি ত্রয়োদশীবিদ্ধা তিথিতে উপবাস হয় এবং পরদিন দিবসব্যাপিনী চতুর্দ্দশী তিথি থাকে, তবে চতুর্দ্দশী তিথিতেই পারণ কর্ত্তব্য ॥ ২১৪ ॥

টীকা—ননু তদ্ব্রতপারণে চ শুদ্ধায়ামুপবাসে সতি, তথা প্রদোষব্যাপিত্বাদিনা পরদিনেঽপ্যুপবাসে সতি

প্রাতরমাবস্যায়ামেব পারণমবাধম্। পূর্ব্ববিদ্ধোপবাসে চ—'কৃষ্ণাষ্টমী স্কন্দষষ্ঠী শিবরাত্রিচতুর্দ্দশী। এতাঃ পূর্ব্বযুতাঃ কার্য্যাস্তিথ্যন্তে পারণং ভবেৎ॥' ইত্যাদি-স্কন্দবচনৈস্তিথ্যন্তে পারণবিধিনা তত্র চ সমস্ত-দিনব্যাপি-চতুর্দ্দশী-নিষ্ক্রমে সতি কদা পারণমস্ত? ইত্যপেক্ষায়াং লিখতি—পূর্ব্বেতি। হি-শব্দস্ত্বেবার্থে। তস্যাং চতুর্দ্দশ্যামেব পারণম্, অন্যথাঽমাবস্যারাত্রৌ ভোজনস্য প্রসঙ্গাৎ, তচ্চ নিষিদ্ধম্; ভূতাষ্টম্যোর্দিবা ভুক্ত্বা রাত্রৌ ভুক্ত্বা চ পর্ব্বণি। একাদশ্যাং দিবা রাত্রৌ ভুক্ত্বা চান্দ্রায়ণং চরেৎ॥' ইতি। এবং যদ্যপি চতুর্দ্দশ্যাং দিবা ভোজনং নিষিদ্ধং, তথাপি পারণানুরোধেন অমাবস্যারাত্রিভোজনবত্তদ্দোষবিশেষাবহং ন স্যাদিতি জ্ঞেয়ম্। কিঞ্চ—'সর্ব্বেষ্বেবোপবাসেষু দিবাপারণমিষ্যতে' ইতি, অন্যদা তু চতুর্দ্দশ্যামন্তে সত্যেব পারণম্॥ ২১৪॥

তথা চোক্তম্—

সা ত্বস্তময়পর্য্যন্তং ব্যাপিনী চেৎ পরেঽহনি।
দিবৈব পারণং কুর্য্যাৎ পারণে নৈব দোষভাক্॥
ইতি॥ ২১৫॥

অনুবাদ—ঐ বিষয়ে বলা হইয়াছে—পরের দিন অস্তকালব্যাপিনী চতুর্দ্দশী থাকিলে দিনের বেলাতেই পারণ কর্ত্তব্য। তাহাতে দোষভাগী হইতে হইবে না॥ ২১৫॥

টীকা—সা শিবরাত্রি-চতুর্দ্দশী তু পরস্মিন্ দিনে অস্তময়পর্য্যন্তং সূর্য্যাস্তসময়াবধিব্যাপিনী চেত্তবতি, এবং চতুর্দ্দশ্যন্তপারণে চ ব্রতী দোষভাক্ ব্রতভঙ্গ-দোষভাগী ন স্যাৎ, অন্যথামাবস্যারাত্রিভোজনপ্রাপ্তেরিতি ভাবঃ। এবমুপবাসদ্বয়ঞ্চ নিরস্তম্। অতএবোক্তং—'যামত্রয়োর্দ্ধগামিন্যাং প্রাতরেব হি পারণম্' ইতি দিক্॥ ২১৫॥

অনুষ্ঠানবিধিশ্চাস্য ব্রতস্যোক্তোঽতিবিস্তরম্।
শিবধর্ম্মোত্তরাদৌ তু জ্ঞেয়োপেক্ষ্যঃ স চেত্ততঃ॥২১৬
শিবব্রতস্য মাহাত্ম্যমস্য সর্ব্বত্র বিশ্রুতম্।
ব্যাধোঽপি মুক্তো যত্তাদৃগ্
লিঙ্গার্চ্চা-জাগরাদিনা॥ ২১৭॥

অনুবাদ—বিশদভাবে শিবরাত্রি ব্রতের নিয়ম উক্ত হইল, কোনও বিষয়ের বিশেষ বিধি জানিতে হইলে শিবধর্ম্মোত্তরাদি হইতে তাহা জানিতে হইবে। এই ব্রতমাহাত্ম্য সর্ব্বস্থানেই বিখ্যাত, লিঙ্গপূজা ও জাগরণাদি করায় সেইপ্রকার পাপী ব্যাধও উদ্ধার পাইয়াছিল॥ ২১৬-২১৭॥

টীকা—অস্য শিবরাত্রিসম্বন্ধিনো ব্রতস্য, অত্যন্ত-বিস্তরং যথা স্যাৎ, অপেক্ষ্যশ্চেত্তবতি, তদা ততঃ শিবধর্ম্মোত্তরাদিতঃ, স বিধির্জ্ঞেয়ঃ। আদি-শব্দেন ভবিষ্যোত্তরস্কন্দপুরাণ-শিবযামলাদি॥ ২১৬॥

টীকা—তাদৃগেবাদন্যপ্রসঙ্গজাতং যৎ, লিঙ্গার্চ্চা শ্রীশিবপূজনম্, জাগরঃ, আদিশব্দেন উপবাসশ্চ, তেনাপি ব্যাধোঽপি মুক্ত ইতি যৎ, যদ্যস্মাচ্ছিব-ব্রতাদিতি বা॥ ২১৭॥

অথ শিবরাত্রিব্রত-মাহাত্ম্যম্

নাগরখণ্ডে—

স্বয়ম্ভূলিঙ্গমভ্যর্চ্চ্য সোপবাসঃ সজাগরঃ।
অজানন্নপি নিষ্পাপো নিষাদো গণতাং গতঃ॥২১৮॥

অনুবাদ—অতঃপর শ্রীশিবরাত্রিব্রত-মাহাত্ম্য স্কন্দপুরাণে নাগরখণ্ডে বলা হইয়াছে—শ্রীশিবরাত্রি বিষয়ে অনবিহিত হইয়াও কোনও এক চণ্ডাল অনাদি লিঙ্গের পূজা, উপবাস ও জাগরণ ফলে নিষ্পাপ হইয়া শিবের পারিষদ-পদ লাভ করিয়াছিল॥ ২১৮॥

টীকা—তথা চোক্তম্ ভবিষ্যোত্তরে—'কৃষ্ণপক্ষে চতুর্দ্দশ্যাং ন কিঞ্চিন্মৃগয়ন্নপি। প্রাপ্তবান প্রাণযাত্রার্থং ক্ষুধাসংপীড়িতোঽবশঃ॥' ইত্যুপবাসঃ; কিঞ্চ—'ধনুষ্কোট্যা হতান্যেব বিল্বপত্রাণি মানদ। পতিতানি মহাবাহো শম্ভোঃ শিরসি ভূমিপ॥ তস্থৌ স এব তত্রৈব সর্ব্বরাত্রিমতন্দ্রিতঃ। স্বোদরার্থং মহারাজ মৃগলিপ্সুরহস্কৃতঃ॥' ইতি; এবঞ্চ পূজাজাগরণে বৃত্তে, গণতাং শিবপার্ষদতাম্॥ ২১৮॥

স্কান্দে চ—

শিবঞ্চ পূজয়িত্বা যো জাগর্ত্তি চ চতুর্দ্দশীম্।
মাতুঃ পয়োধররসং ন পিবেৎ স কদাচন॥ ২১৯॥

অনুবাদ—স্কন্দপুরাণেও উক্ত হইয়াছে—চতুর্দ্দশীতে শিব পূজা করিয়া যিনি রাত্রি জাগরণ করেন, তাঁহাকে আর জন্ম গ্রহণ করিতে হয় না ॥ ২১৯ ॥

কিঞ্চান্যত্র—

কশ্চিৎ পুণ্যবিশেষেণ ব্রতহীনোঽপি যঃ পুমান্‌ ।
জাগরং কুরুতে তত্র স রুদ্রসমতাং ব্রজেৎ ॥
ইতি ॥ ২২০ ॥

অনুবাদ—অন্যত্র আরও বলা হইয়াছে—উপবাস প্রভৃতি নিয়ম না মানিয়াও কোন পুণ্য-বিশেষে শ্রীশিবরাত্রিতে জাগরণ মাত্র করিলে অন্ত্যজ ব্যক্তিও রুদ্র পারিষদত্ব লাভ করেন ॥ ২২০ ॥

টীকা—কশ্চিদন্ত্যজাদিরপি ব্রতহীনঃ উপবাসাদিনিয়মরহিতোঽপি যঃ পুণ্যবিশেষেণ তত্র শিবারাত্রৌ জাগরণং কুরুতে, রুদ্রসমতাং তদীয়-সারূপ্যাদিযুক্ত-পার্ষদত্বং বৈষ্ণবাগ্র্যত্বং বা স প্রাপ্নুয়াৎ ॥ ২২০ ॥

শ্রীকৃষ্ণে বৈষ্ণবানান্তু প্রেমভক্তিবিবর্দ্ধতে ।
কৃষ্ণভক্তিরসাসারবর্ষিরুদ্রানুকম্পয়া ॥ ২২১ ॥

অনুবাদ—কিন্তু বৈষ্ণবগণের পক্ষে শিবরাত্রিব্রত পালনে কৃষ্ণভক্তিরসসারবর্ষণকারী শ্রীরুদ্রদেবের অনুগ্রহে শ্রীকৃষ্ণে প্রেমভক্তি বিশেষভাবে বর্দ্ধিত হয় ॥ ২২১ ॥

টীকা—ননু শ্রীকৃষ্ণচরণারবিন্দভক্ত্যেকাপেক্ষকাণাং বৈষ্ণবানাং শিবব্রতেন কিং স্যাৎ ? ইত্যপেক্ষায়াং লিখতি—শ্রীকৃষ্ণে ইতি। ননু শ্রীশিবব্রতেন কথং শ্রীকৃষ্ণপ্রেমভক্তির্বর্দ্ধতাম্‌ ? তত্র লিখতি—কৃষ্ণেতি। কৃষ্ণভক্তিরসাসারবর্ষিণো রুদ্রস্যানুকম্পয়া, শ্রীশঙ্করকরুণয়ৈব শ্রীকৃষ্ণপ্রেমভক্তিবিশেষসিদ্ধেঃ। যদ্বা, কৃষ্ণস্য যা ভক্তিরসবর্ষিণী রুদ্রানুকম্পা তয়া, এবং শ্রীশিবব্রতেনৈব শ্রীকৃষ্ণকৃপাবিশেষোৎপত্তেস্তৎ-প্রেমভক্তিবৃদ্ধির্ভবতীতি দিক্‌ ॥ ২২১ ॥

অথ শ্রীগোবিন্দদ্বাদশী

ফাল্গুনে দ্বাদশী শুক্লা যা পুষ্যর্ক্ষেণ সংযুতা ।
গোবিন্দদ্বাদশী নাম সা স্যাদ্‌গোবিন্দভক্তিদা ॥২২২॥

তস্যামুপোষ্য বিধিনা ভগবন্তং প্রপূজয়েৎ ।
লিখিতঃ পাপনাশিন্যাং
বিধির্যোঽত্রাপি স স্মৃতঃ ॥ ২২৩ ॥

অনুবাদ—অথ শ্রীগোবিন্দদ্বাদশী—ফাল্গুন মাসে শুক্লপক্ষে যে দ্বাদশী পুষ্যানক্ষত্র যুক্তা হয়, তাহার নাম "গোবিন্দদ্বাদশী" তাহা শ্রীগোবিন্দভক্তি প্রদা। তাহাতে উপবাস করিয়া যথাবিধি ভগবান শ্রীগোবিন্দদেবকে পূজা করিবে। পূর্ব্বে (১৩।৫৪০-৫৬৩) পাপনাশিনী মহাদ্বাদশী ব্রত প্রসঙ্গে যে বিধি লিখিত হইয়াছে। এস্থলেও তাহাই অনুসরণ করিবে ॥ ২২২-২২৩ ॥

টীকা—অত্র গোবিন্দদ্বাদশ্যাং ভগবৎপূজনেঽপি স এব বিধিঃ স্মৃতো মুনিভিঃ। একদৈবতত্বাদিনা দ্বয়োরেকরূপত্বাৎ ॥ ২২৩ ॥

অথ শ্রীগোবিন্দদ্বাদশীমাহাত্ম্যম্‌

ব্রহ্মপুরাণে শ্রীবশিষ্ঠমান্ধাতৃসংবাদে—

ফাল্গুনামলপক্ষে তু পুষ্যর্ক্ষে দ্বাদশী যদি ।
গোবিন্দদ্বাদশী নাম মহাপাতকনাশিনী ॥ ২২৪ ॥

অনুবাদ—অথ শ্রীগোবিন্দদ্বাদশী মাহাত্ম্য ব্রহ্মপুরাণে শ্রীবশিষ্ঠ-মান্ধাতৃ-সংবাদে—ফাল্গুনমাসে শুক্লপক্ষের দ্বাদশীতে যদি পুষ্যানক্ষত্র যুক্ত হয়, তাহা হইলে তাহার নাম "গোবিন্দদ্বাদশী"-মহাপাতকনাশিনী ॥ ২২৪ ॥

তস্যামুপোষ্য বিধিবন্নরঃ সংক্ষীণকল্মষঃ ।
প্রাপ্নোত্যনুত্তমাং সিদ্ধিং পুনরাবৃত্তিদুর্ল্লভাম্‌ ॥
ইতি ॥ ২২৫ ॥

অনুবাদ—তাহাতে যথাবিধি উপবাস করিয়া মানব পাপমুক্ত হইয়া সংসারে পুনরাগমন রহিত দুর্ল্লভ উত্তম সিদ্ধি লাভ করেন ॥ ২২৫ ॥

টীকা—পুনরাবৃত্তির্যেষাং তৈর্দুর্ল্লভাম্‌, অপুনরাবৃত্তিকামিত্যর্থঃ ॥ ২২৫ ॥

আমর্দ্দকী দ্বাদশীতি লোকে খ্যাতেয়মেব হি।
যোগাভাবেঽত্র তন্নাম্নী তদীয়ৈকাদশী মতা।
যত্র আমর্দ্দকী-পূজা-ব্রতমস্যাং বিশেষতঃ ॥২২৬॥

অনুবাদ—ইহাই জগতে "আমলকী দ্বাদশী" নামে বিখ্যাতা। পুষ্যানক্ষত্র যোগ না থাকিলে 'আমলকী একাদশী' নামে বিখ্যাতা। বিশেষত যেখানে আমলকী পূজা, অতএব ইহাতে ব্রত বিশেষভাবে কর্ত্তব্য ॥ ২২৬ ॥

অথ আমর্দ্দকীব্রতবিধিঃ

তদুক্তং ব্রাহ্মে তত্রৈব পাপনাশিনীমাহাত্ম্যপ্রসঙ্গে—
ফাল্গুনে তু বিশেষেণ বিশেষঃ কথিতো নৃপ।
আমর্দ্দক্যা ব্রতং পুণ্যং বিষ্ণুলোকপ্রদং নৃণাম্ ॥২২৭

অনুবাদ—অথ আমলকী একাদশী ব্রতবিধি ব্রহ্মপুরাণে ঐ প্রসঙ্গে পাপনাশিনী মাহাত্ম্যে—হে মহারাজ! ফাল্গুনমাসে বিশেষ ভাবে বিশেষ কথা উক্ত আছে—আমর্দ্দকী একাদশীতে ব্রত পবিত্র মানবগণের বিষ্ণুলোকপ্রদ ॥ ২২৭ ॥

প্রভাসখণ্ডে চ শ্রীদেবীমহেশ-সংবাদে—
ফাল্গুনস্য সিতে পক্ষে একাদশ্যামুপোষিতঃ।
স্নাত্বা নদ্যাং তড়াগে বা বাপ্যাং কূপে গৃহেঽপি বা।
গত্বা গিরৌ বনে বাঽপি যত্র সা
প্রাপ্যতে শিবা ॥ ২২৮ ॥

অনুবাদ প্রভাসখণ্ডেও দেবী-মহেশ-সংবাদে—ফাল্গুনমাসে শুক্লপক্ষে একাদশীতে উপবাস করিয়া নদীতে, পদ্মপুষ্করিণীতে, সাধারণ পুকুরে বা কূপের জলে গৃহে স্নান করিয়া পর্ব্বতে, বনে বা যেখানে আমলকী বৃক্ষ পাওয়া যায় সেখানে গমন করিবে ॥২২৮

টীকা—ইয়ং ফাল্গুনশুক্লদ্বাদশী, দ্বাদশী চ দ্বাদশ্যেকাদশ্যোরভেদাভিপ্রায়েণ, কিংবা দ্বাদশ্যাং পুষ্যানক্ষত্রে সতি তস্যামেবোপবাসাপেক্ষয়েতি। তদভাবেঽপি একাদশ্যামুপবাসে সতি তস্যামেবামর্দ্দকী-পূজাদিকমপি। তচ্চাগ্রে ব্যক্তং ভাবি। শিবা আমর্দ্দকী ॥ ২২৬-২২৮ ॥

ক্ষীরোদে মথ্যমানে তু যদা বৃক্ষঃ সমুত্থিতঃ।
আমর্দ্দাদ্দেবদৈত্যানাং তেন সামর্দ্দকী স্মৃতা ॥২২৯
শিবা লক্ষ্মীঃ স্মৃতো বৃক্ষঃ সেব্যতে সুরসত্তমৈঃ।
দেবৈর্ব্রহ্মাদিভিঃ সর্ব্বৈর্বৃক্ষোঽসৌ
বৈষ্ণবঃ স্মৃতঃ ॥ ২৩০ ॥

অনুবাদ—ক্ষীরোদসমুদ্র মন্থনকালে দেব ও দৈত্যগণের মর্দ্দন হইতে এই বৃক্ষ উৎপন্ন হইয়াছিল, সেই হেতু ইহার নাম হয় আমর্দ্দকী। এই বৃক্ষ শিবা বা লক্ষ্মী-স্বরূপহেতু দেবশ্রেষ্ঠ ব্রহ্মাদি দ্বারা সেবিত হন, বিভূতি বৈষ্ণব বৃক্ষ জানিবে ॥ ২৩০ ॥

টীকা—আমর্দ্দকীবৃক্ষোঽয়ং শিবেতি লক্ষ্মীরিতি চ স্মৃতঃ অতএব সেব্যতে ॥ ২৩০ ॥

তত্র গত্বা হরিঃ পূজ্যো বৃক্ষমূলেঽথবা শিবা।
পূজ্যা পুষ্পৈঃ শুভৈ রাত্রৌ কার্য্যং
জাগরণং নরৈঃ ॥ ২৩১ ॥

অনুবাদ—ঐ বৃক্ষমূলে গিয়া পবিত্র পুষ্প সমূহ দ্বারা শ্রীহরির পূজা বা বৃক্ষকে পূজা করিবে এবং মানবগণ রাত্রি জাগরণ করিবে ॥ ২৩১ ॥

করকং জলপূর্ণন্তু কর্ত্তব্যং পাত্রসংযুতম্।
হবিষ্যান্নন্তু কর্ত্তব্যং দীপঃ কার্য্যো বিধানতঃ ॥২৩২॥
এবং জাগরণং কার্য্যং কথাশ্রবণতৎপরৈঃ।
মুচ্যন্তে দেহিনঃ পাপৈঃ কলিজৈঃ কায়সম্ভবৈঃ ॥২৩৩
দেহান্তে চ নরাঃ সর্ব্বে পূজ্যন্তে হরিমন্দিরে ॥২৩৪॥

অনুবাদ—পাত্রসহ জলপূর্ণ কলস স্থাপন কর্ত্তব্য, হবিষ্যান্ন কর্ত্তব্য, যথা বিধি দীপ প্রজ্বালিত করিবে, শ্রীহরিকথা শ্রবণ পর ভক্তগণসহ রাত্রি জাগরণ করিবে। এইরূপে ব্রত পালন করিলে মানবগণ কলিকালজাত কায়িক পাপসমূহ হইতে মুক্ত হয় এবং দেহান্তে মানবগণ শ্রীহরিধামে পূজিত হন ॥ ২৩২-২৩৪ ॥

অথ বসন্তোৎসবঃ

ফাল্গুন্যাং পৌর্ণমাস্যান্তু বিদধ্যাদ্বৈষ্ণবৈঃ সহ।
শ্রীকৃষ্ণপ্রিয়ভক্তস্য বসন্তস্যার্চ্চনোৎসবম্ ॥ ২৩৫ ॥

অনুবাদ—অথ বসন্তোৎসব—ফাল্গুন মাসের পূর্ণিমাতে বৈষ্ণববৃন্দসহ শ্রীকৃষ্ণের প্রিয়ভক্ত বসন্তের অর্চ্চনোৎসব করিবে ॥ ২৩৫ ॥

টীকা—শ্রীকৃষ্ণপ্রিয়ভক্ততা চ বসন্তস্য, সদা শ্রীবৃন্দাবনাশ্রিতত্বাৎ। অতএব তস্য পূজোৎসবং কুর্য্যাৎ ॥ ২৩৫ ॥

ভবিষ্যোত্তরতো জ্ঞেয়স্তদ্বিধিশ্চেদপেক্ষ্যতে।
যঃ শ্রীযুধিষ্ঠিরস্যোক্তো ব্যক্তং ভগবতা স্বয়ম্ ॥২৩৬

অনুবাদ—ইহার বিশেষ বিধি জানিবার ইচ্ছা থাকিলে ভবিষ্যোত্তর পুরাণে স্বয়ং ভগবৎ প্রোক্ত শ্রীযুধিষ্ঠির সংবাদে অনুসন্ধান করুন ॥ ২৩৬ ॥

অথ বসন্তোৎসব-মাহাত্ম্যম্

তত্রৈব—

এবং যঃ কুরুতে পার্থ শাস্ত্রোক্তং ফাল্গুনোৎসবম্।
মৎপ্রসাদাচ্চ সিধ্যন্তি তস্য সর্ব্বে মনোরথাঃ ॥২৩৭॥

অনুবাদ—অথ বসন্ত উৎসব মাহাত্ম্য ভবিষ্যোত্তরে—হে প্রার্থ! আমার প্রসাদে শাস্ত্রোক্ত ফাল্গুন উৎসব এই বিধি অনুসারে যিনি অনুষ্ঠান করেন, তাহার সকল মনোবাসনা সিদ্ধ হয় ॥ ২৩৭ ॥

বৃত্তে তুষারসময়ে সিতপঞ্চদশ্যাং
প্রাতর্বসন্তসময়ে সমুপস্থিতে চ।
সম্প্রাপ্য চূতকুসুমং সহ চন্দনেন
সত্যং হি পার্থ পুরুষোঽব্দশতং সুখী স্যাৎ ॥২৩৮॥

অনুবাদ—শীত ঋতুগত হইলে শুক্ল পূর্ণিমাতে প্রাতঃকালে বসন্ত সময়ে চন্দনের সহিত আম্রমুকুল ভোজন করিলে, হে পার্থ! মানব শত বৎসর সুখী হয় ॥ ২৩৮ ॥

অথ চৈত্রকৃত্যম্

চৈত্রে কুর্য্যাৎ সিতে পক্ষে শ্রীরামনবমীব্রতম্।
একাদশ্যাং প্রভোর্দোলাং দ্বাদশ্যাং মদনার্পণম্ ॥২৩৯

অনুবাদ—অথ চৈত্রমাসকৃত্য—চৈত্রমাসে শুক্লপক্ষে শ্রীরামনবমী ব্রত করিবে। একাদশীতে শ্রীকৃষ্ণের দোলযাত্রা, দ্বাদশীতে দমনক পুষ্প শ্রীমদনমোহনকে অর্পণ করিবে ॥ ২৩৯ ॥

গৌতমীয়ে চ—

চৈত্রমাসে বাসুদেবং সর্ব্বপুষ্পৈঃ সমর্চ্চয়েৎ ॥২৪০॥

অনুবাদ—গৌতমীয়তন্ত্রেও—চৈত্রমাসে শ্রীবাসুদেবকে সর্ব্বপুষ্প দ্বারা অর্চ্চনা করিবে ॥ ২৪০ ॥

অথ শ্রীরামনবমী

অগস্ত্যসংহিতায়াম্—

চৈত্রে মাসি নবম্যান্তু শুক্লায়াং হি রঘূদ্বহঃ।
প্রাদুরাসীৎ পুরা ব্রহ্মন্ পরং ব্রহ্মৈব কেবলম্।
তস্মিন্ দিনে তু কর্ত্তব্যমুপবাসব্রতাদিকম্ ॥ ২৪১ ॥

অনুবাদ—অথ শ্রীরামনবমী—হে ব্রহ্মন্, অগস্ত্য সংহিতাতে—চৈত্রমাসে শুক্লপক্ষে নবমীতে পুরাকালে শ্রীরামচন্দ্র পরব্রহ্ম আবির্ভূত হন। সেই দিনে উপবাস ব্রতাদি কর্ত্তব্য ॥ ২৪১ ॥

টীকা—ব্রহ্মন্ হে সুতীক্ষ্ণ ॥ ২৪১ ॥

অথ তদ্ব্রতনিত্যত্বম্

তত্রৈব—

মুমুক্ষবোঽপি হি সদা শ্রীরামনবমীব্রতম্।
ন ত্যজন্তি সুরশ্রেষ্ঠো দেবেন্দ্রোঽপি বিশেষতঃ ॥২৪২

অনুবাদ—অথ শ্রীরামনবমী ব্রত নিত্যতা ঐ অগস্ত্য সংহিতাতে—হে সুর শ্রেষ্ঠ! মুক্তিকামীগণ, বিশেষতঃ দেবরাজ ইন্দ্রও সর্ব্বদা শ্রীরামনবমীব্রত ত্যাগ করেন না ॥ ২৪২ ॥

কিঞ্চ—

প্রাপ্তে শ্রীরামনবমীদিনে মর্ত্ত্যো বিমূঢ়ধীঃ।
উপোষণং ন কুরুতে কুম্ভীপাকেষু পচ্যতে ॥ ২৪৩ ॥

অনুবাদ—আরও—যে বিমূঢ়ধী মানব শ্রীরামনবমী দিন প্রাপ্ত হইয়া উপবাস করে না, সে কুম্ভীপাক নরকে পতিত হয় ॥ ২৪৩ ॥

যস্তু রামনবম্যাং হি ভুঙ্‌ক্তে মোহাদ্বিমূঢ়ধীঃ।
কুম্ভীপাকেষু ঘোরেষু পচ্যতে নাত্র সংশয়ঃ ॥ ২৪৪ ॥

অনুবাদ—যে বিমূঢ়ধী মানব মোহবশতঃ রামনবমীতে ভোজন করে, সে ঘোর কুম্ভীপাক নরকে পাচিত হয়, ইহাতে সংশয় নাই ॥ ২৪৪ ॥

অথ তদ্ব্রতমাহাত্ম্যম্

তত্রৈব—
শ্রীরামনবমী প্রোক্তা কোটিসূর্য্যগ্রহাধিকা।
তস্মিন্ দিনে মহাপুণ্যে রামমুদ্দিশ্য ভক্তিতঃ।
যৎ কিঞ্চিৎ কুরুতে কর্ম্ম তদ্ভবক্ষয়কারকম্ ॥২৪৫॥

অনুবাদ—অথ সেই ব্রত মাহাত্ম্য—অগস্ত্য সংহিতাতে—কোটি সূর্য্যগ্রহণেরও অধিক শ্রীরামনবমী ব্রত বলা হইয়াছে—মহাপবিত্র ঐদিনে ভক্তিসহ শ্রীরামচন্দ্রকে উদ্দেশ্য করিয়া যৎকিঞ্চিৎ কর্ম্ম করিলে তাহা সংসার-মুক্তির কারণ হয় ॥ ২৪৫ ॥

কিঞ্চ—
কুর্য্যাদ্রামনবম্যাং য উপোষণমতন্দ্রিতঃ।
ন মাতুর্গর্ভমাপ্নোতি স বৈ রামপ্রিয়ো ভবেৎ ॥২৪৬॥

অনুবাদ—আরও—যিনি আলস্যবিহীন হইয়া শ্রীরামনবমীতে উপবাস করেন, তিনি আর মাতৃগর্ভে প্রবেশ করেন না, তিনি শ্রীরামচন্দ্রের প্রিয় ভক্ত হন ॥ ২৪৬ ॥

টীকা—রামপ্রিয়ো ভবেদিতি তৎসারূপ্যং প্রাপ্তঃ স্যাদিত্যর্থঃ ॥ ২৪৬ ॥

তস্মাৎ সর্ব্বাত্মনা সর্ব্বে কৃত্বৈতন্নবমীব্রতম্।
মুচ্যন্তে সর্ব্বপাপেভ্যো যান্তি ব্রহ্ম সনাতনম্ ॥২৪৭॥

অনুবাদ—অতএব সকলে সর্ব্বভাবে কায়মনোবাক্যে এই শ্রীরামনবমীব্রত উপবাস করিয়া সর্ব্বপাপ হইতে মুক্ত হন এবং সনাতন ব্রহ্ম শ্রীরামচন্দ্র লোক প্রাপ্ত হন ॥ ২৪৭ ॥

কিঞ্চ—
একমপি নরো ভক্ত্যা শ্রীরামনবমীব্রতম্।
উপোষ্য কৃতকৃত্যঃ সন্ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥২৪৮॥

অনুবাদ—আরও—মানব ভক্তিসহ একটিমাত্র শ্রীরামনবমী ব্রত উপবাস করিয়া কৃতকার্য্য ও সর্ব্বপাপ হইতে মুক্ত হন ॥ ২৪৮ ॥

অথ তদ্ব্রতনির্ণয়ঃ

চৈত্রে মাসি নবম্যান্তু জাতো রামঃ স্বয়ং হরিঃ।
পুনর্বস্বৃক্ষসংযুক্তা সা তিথিঃ সর্ব্বকামদা ॥ ২৪৯ ॥

অনুবাদ—অনন্তর শ্রীরামনবমীব্রত নির্ণয়—চৈত্র মাসের শুক্লা নবমীতে সাক্ষাৎ হরি শ্রীরামচন্দ্র আবির্ভূত হন। পুনর্বসু নক্ষত্র যুক্তা ঐ তিথি সর্ব্ববাঞ্ছা পূরণকারিণী ॥ ২৪৯ ॥

সৈব মধ্যাহ্নযোগেন মহাপুণ্যতমা ভবেৎ ॥ ২৫০ ॥

অনুবাদ—তাহাই দিবা মধ্যাহ্নসময়ে যোগ হইলে মহাপুণ্যতমা হয় ॥ ২৫০ ॥

মেষং পূষণি সম্প্রাপ্তে লগ্নে কর্কটকাহ্বয়ে।
আবিরাসীৎ সকলয়া কৌশল্যায়াং পরঃ পুমান্ ॥২৫১

অনুবাদ—মেষ রাশিতে সূর্য্য অবস্থানকালে কর্কটলগ্নে কৌশল্যা গর্ভ হইতে নিজ কলার সহিত পরমপুরুষ শ্রীরামচন্দ্র আবির্ভূত হন ॥ ২৫১ ॥

নবমী চাষ্টমী-বিদ্ধা ত্যাজ্যা বিষ্ণুপরায়ণৈঃ।
উপোষণং নবম্যাং বৈ দশম্যামেব পারণম্ ॥
ইতি ॥ ২৫২ ॥

অনুবাদ—বৈষ্ণবগণ সূর্য্যোদয়ে অষ্টমী বিদ্ধা

নবমী ত্যাগ করিয়া নবমীতে উপবাস এবং দশমীতেই পারণ করিবেন ॥ ২৫২ ॥

টীকা—ননু বৈষ্ণবৈর্বিদ্ধা সর্ব্বত্র এব বর্জ্জ্যেতি পূর্ব্বং নিশ্চিতম্ অত্রাপি তথৈবোক্তম্, 'নবমী চাণ্টমী-বিদ্ধা ত্যাজ্যা' ইতি। তত্র চ নবমীক্ষয়ে সতি তিথি-হ্রাসক্রমেণ একাদশ্যাশ্চ শুদ্ধত্বে কিং কর্ত্তব্যম্? তত্রাহ—উপোষণমিতি ॥ ২৫২ ॥

দশম্যাং পারণায়াশ্চ নিশ্চয়ান্নবমীক্ষয়ে।
বিদ্ধাপি নবমী গ্রাহ্যা বৈষ্ণবৈরপ্যসংশয়ম্ ॥ ২৫৩ ॥

অনুবাদ—"দশম্যামেব" এস্থলে 'এব' শব্দদ্বারা দশমীতেই পারণের নিশ্চয়তা বিধান থাকায় যখন নবমীক্ষয় হইবে তখন বাধ্য হইয়া বৈষ্ণবগণ নিঃসংশয়ে অণ্টমীবিদ্ধা নবমীদিনে ব্রত করিবেন (শ্রীএকাদশীতে ব্রতের জন্য দশমীতে পারণ আবশ্যাক ॥ ২৫৩ ॥

টীকা—তদেবাভিব্যজ্য লিখতি—দশম্যামিতি। নিশ্চয়াদ্দশম্যামেবেত্যেবকারতঃ, অন্যথোপবাসদ্বয়-প্রসঙ্গাদিতি দিক্ ॥ ২৫৩ ॥

অস্য ব্রতস্য চাগস্ত্যসংহিতাদৌ সবিস্তরম্।
বিধিরুক্তঃ প্রসিদ্ধশ্চ লিখ্যতেঽত্র সমাসতঃ ॥২৫৪॥

অনুবাদ—এই ব্রতের বিস্তৃত বিধি অগস্ত্য সংহিতা ও রামার্চ্চন চন্দ্রিকাতে উক্ত ও প্রসিদ্ধি থাকায় এস্থলে সংক্ষেপে লিখিত হইল ॥ ২৫৪ ॥

অথ শ্রীরামনবমীব্রতবিধিঃ

অণ্টম্যাং চৈত্রমাসস্য শুক্লপক্ষে জিতেন্দ্রিয়ঃ।
দন্তধাবনপূর্ব্বন্তু প্রাতঃ স্নানাদ্যথাবিধি ॥ ২৫৫ ॥
দান্তং কুটুম্বিনং বিপ্রং বেদশাস্ত্ররতং সদা।
শ্রীরামপূজানিরতং সুশীলং দম্ভবর্জ্জিতম্ ॥ ২৫৬ ॥
বিধিজ্ঞং রামমন্ত্রাণাং রামমন্ত্রৈকসাধকম্।
আহূয় ভক্ত্যা সম্পূজ্য শৃণুয়াৎ প্রার্থয়ন্নিতি ॥২৫৭॥

অনুবাদ—অনন্তর শ্রীরামনবমী ব্রতবিধি—চৈত্র মাসের শুক্লপক্ষের অণ্টমীতে সংযতচিত্ত থাকিয়া পরদিন প্রাতঃকালে দন্তধাবন পূর্ব্বক যথাবিধি স্নানাদির পর, সংযতচিত্ত গৃহস্থ সর্ব্বদা শ্রীরামপূজারত, সুশীল, দম্ভহীন, রামমন্ত্রবিধিজ্ঞ, রামমন্ত্রসাধক, একনিষ্ঠ বেদজ্ঞ বিপ্রকে আহ্বান করিয়া আনিয়া ভক্তিসহ পূজা করিয়া এইভাবে প্রার্থনা করিবে ॥২৫৫-২৫৭॥

টীকা—অণ্টম্যামিত্যাদি স্পণ্টার্থমেব ॥ ২৫৫॥

শ্রীরামপ্রতিমাদানং করিষ্যেঽহং দ্বিজোত্তম।
তত্রাচার্য্যো ভব প্রীতঃ শ্রীরামবিত্ত্বমেব মে ॥ ২৫৮ ॥

অনুবাদ—হে দ্বিজোত্তম! আমি শ্রীরামপ্রতিমা দান করিব, সেই বিষয়ে আপনি প্রসন্ন হইয়া আমার আচার্য্য হউন, আপনিই শ্রীরামচন্দ্রের তত্ত্বজ্ঞ ॥২৫৮॥

আচার্য্যং ভোজয়েৎ পশ্চাৎ সাত্ত্বিকান্নৈঃ সবিস্তরৈঃ।
ভুঞ্জীত স্বয়মপ্যেবং হৃদি রামমনুস্মরন্ ॥ ২৫৯ ॥

অনুবাদ—ব্রতান্তে উপকরণসহ সাত্ত্বিক অন্নদ্বারা আচার্য্যকে ভোজন করাইবে এবং স্বয়ংও চিত্তে শ্রীরামচন্দ্রকে স্মরণ করিতে করিতে ভোজন করিবে ॥ ২৫৯ ॥

টীকা—বামেঽঙ্কে পার্শ্বে, দক্ষিণেঽঙ্কে পার্শ্বে। অঙ্গ ইতি বা পাঠঃ। দক্ষিণে পার্শ্বে পার্শ্বদ্বয়ে ইতি বা। ততশ্চ সীতাদশরথয়োর্বহিস্তৌ জ্ঞেয়ৌ ॥ ২৬৯ ॥

তত্রৈকভক্ত-নিবেদনমন্ত্রঃ

নবম্যামঙ্গভূতেন একভক্তেন রাঘব।
ইক্ষ্বাকুবংশতিলক প্রীতো ভব ভবপ্রিয় ॥
ইতি ॥ ২৬০ ॥

অনুবাদ—ঐ ব্রত বিষয়ে একভক্ত নিবেদন মন্ত্র—হে রাঘব! হে ইক্ষ্বাকুবংশতিলক! হে ভবপ্রিয়! নবমীর অঙ্গস্বরূপ একভক্ত-ব্রতদ্বারা আপনি প্রীত হউন ॥ ২৬০ ॥

ততঃ প্রাতঃ সমুত্থায় স্নাত্বা সন্ধ্যাং বিধায় চ।
প্রাতঃ সর্ব্বাণি কর্ম্মাণি শীঘ্রমেব সমাপয়েৎ ॥২৬১॥

অনুবাদ—উপবাসের দিন প্রাতঃকালে উঠিয়া স্নান, সন্ধ্যা আদি যথাবিধি পূর্ব্বাহ্নে সর্ব্বকর্ম্ম শীঘ্রই সমাধান করিবে ॥ ২৬১ ॥

উপবাসনিবেদনমন্ত্রঃ

উপোষ্যা নবমী ত্বদ্য যামেষ্বষ্টাসু রাঘব ।
তেন প্রীতো ভব ত্বন্তোঃ সংসারাৎ ত্রাহি
মাং হরে ॥ ইতি ॥ ২৬২ ॥

অনুবাদ—উপবাস নিবেদন মন্ত্র—হে রাঘব! অদ্য অষ্টপ্রহর নবমী অপবাস করিব। অতএব আপনি প্রসন্ন হউন, হে শ্রীহরে! আমাকে সংসার হইতে পরিত্রাণ করুন ॥ ২৬২ ॥

বিধিবন্নির্ম্মিতে যাগমণ্ডপে পরমোৎসবৈঃ ।
পুণ্যাহং বাচয়িত্বা তু সদ্ভিঃ সঙ্কল্পমাচরেৎ ॥২৬৩॥

অনুবাদ—যথাবিধি নির্ম্মিত যাগমণ্ডপে পরমানন্দে সাধুগণের সহিত পুণ্যাহ বাচন করিয়া সঙ্কল্প করিবে ॥ ২৬৩ ॥

অথ সঙ্কল্পমন্ত্রঃ

অস্যাং রামনবম্যান্তু সমারাধনতৎপরঃ ।
উপোষ্যাষ্টসু যামেষু পূজয়িত্বা যথাবিধি ॥ ২৬৪ ॥
ইমাং স্বর্ণময়ীং রামপ্রতিমাং সুপ্রযত্নতঃ ।
শ্রীরামপ্রীতয়ে দাস্যে রামভক্তায় ধীমতে ॥ ২৬৫ ॥
প্রীতো রামো হরত্বাশু পাপানি সুবহূনি মে ।
অনেকজন্মসংসিদ্ধান্যভ্যস্তানি মহান্তি চ ॥
ইতি ॥ ২৬৬ ॥

অনুবাদ—অথ সঙ্কল্পমন্ত্র - এই শ্রীরামনবমীতে আরাধনা তৎপর আমি অষ্টপ্রহর উপবাসী থাকিয়া যথাবিধি এই স্বর্ণময়ী শ্রীরামপ্রতিমা উত্তম যত্নসহ শ্রীরামচন্দ্রের প্রীতির উদ্দেশ্যে ধীমান্ রামভক্তকে দান করিব। ইহাতে প্রসন্ন হইয়া শ্রীরামচন্দ্র আমার বহুজন্মের অভ্যস্ত মহামহা বহুবিধ পাপ শীঘ্র হরণ করুন ॥ ২৬৪-২৬৬ ॥

মূর্ত্তিং শ্রীরামচন্দ্রস্য সুবর্ণস্য পালেন তু ।
অশক্তশ্চেৎ পলার্দ্ধেন তদর্ধার্ধেন বা চরেৎ ॥২৬৭॥

অনুবাদ—শ্রীরামচন্দ্রের মূর্ত্তি সুবর্ণের ১ পল দ্বারা নির্ম্মিত, অশক্তপক্ষে অর্দ্ধপল, তাহার অর্দ্ধেক বা তাহা অর্দ্ধেক দ্বারা রচিত ॥ ২৬৭ ॥

রৌপ্যেণ বাথ লৌহেন শিলয়া দারুণাথবা ।
লেপ্যাঞ্চ লেখ্যাং বা কুর্য্যাৎ কৌশল্যাং কল্পিতাং
শুভাম্ ॥ ২৬৮ ॥

অনুবাদ—অথবা রৌপ্যদ্বারা বা অষ্টধাতু, শিলা বা দারু, মৃন্ময়ী বা চিত্রপট করিবে, পবিত্রভাবে কল্পিত কৌশল্যা মূর্ত্তিসহ ॥ ২৬৮ ॥

বামাঙ্কে জানকীং চাস্য সংশ্লিষ্টাং বামপাণিনা ।
দক্ষিণাঙ্কে দশরথং পুত্রাবেক্ষণতৎপরম্ ॥ ২৬৯ ॥

অনুবাদ—শ্রীরামের বামাঙ্গে জানকী বামহস্ত দ্বারা আলিঙ্গিতা, দক্ষিণাঙ্গে বা পার্শ্বে দশরথ মূর্ত্তি পুত্র দর্শন তৎপর ॥ ২৬৯ ॥

পৃষ্ঠতো লক্ষ্মণং দেবং সচ্ছত্রং সহচামরম্ ।
পার্শ্বে ভরতশত্রুঘ্নৌ তালবৃন্তকরাবুভৌ ।
অগ্রে ব্যগ্রং হনূমন্তং রামানুগ্রহকাঙ্ক্ষিণম্ ॥২৭০॥

অনুবাদ—পশ্চাতে লক্ষ্মণদেব উত্তর ছত্র ও চামর সহ, উভয় পার্শ্বে ভরত ও শত্রুঘ্ন তালপত্র ব্যজন হস্তে, অগ্রভাগে সেবোন্মুখ হনুমান শ্রীরামচন্দ্রের অনুগ্রহ প্রার্থী ॥ ২৭০ ॥

আসনোপরি সংবিশ্য ন্যাসজালং বিধায় চ ।
শঙ্খং প্রপূজয়েদগ্রে গন্ধপুষ্পাক্ষতাদিভিঃ ॥ ২৭১ ॥

অনুবাদ—অনন্তর আসনে উপবেশন করিয়া অঙ্গন্যাসাদির পর অগ্রে গন্ধপুষ্প অক্ষতাদির দ্বারা শঙ্খ পূজা করিবে ॥ ২৭১ ॥

কলসং বামভাগস্থং পূজাদ্রব্যাণি চাদরাৎ ।
পাত্রঞ্চ প্রোক্ষয়েত্তজ্যা চাত্মানং মন্ত্রমুচ্চরন্ ॥ ২৭২ ॥

অনুবাদ—সাদরে বামভাগে স্থাপিত কলস, পূজা দ্রব্যাদি এবং পাদ্যাদি পাত্র ও মন্ত্র উচ্চারণ পূর্ব্বক ভক্তিসহ ঐ শঙ্খজল দ্বারা আপনাকে প্রোক্ষণ ছিটা দিবে ॥ ২৭২ ॥

—————

সর্ব্বেষাং রামমন্ত্রাণাং মন্ত্ররাজঃ ষড়ক্ষরঃ ।
তারকব্রহ্ম চেত্যুক্তস্তেন পূজা প্রশস্যতে ॥ ২৭৩ ॥

অনুবাদ—সকল রামমন্ত্র মধ্যে ষড়ক্ষর 'মন্ত্ররাজ' ও 'তারক ব্রহ্ম' নামে প্রসিদ্ধ ঐ মন্ত্র দ্বারা পূজা প্রশস্ত ॥ ২৭৩ ॥

—————

বিলিখেৎ সর্ব্বতোভদ্রং বেদিকোপরি সুন্দরম্ ।
সর্ব্বব্রতে সমুদ্দিষ্টং সর্ব্বতোভদ্রমণ্ডলম্ ॥ ২৭৪ ॥

অনুবাদ—বেদির উপর সুন্দর সর্ব্বতোভদ্র মণ্ডল রচনা করিবে। সর্ব্ববিধ ব্রতে সর্ব্বতোভদ্র মণ্ডল উল্লিখিত আছে ॥ ২৭৪ ॥

—————

মধ্যে তীর্থোদকৈঃ পূর্ণং কুম্ভং রত্নোদরং শুভম্ ।
চূতপল্লবপুষ্পৈশ্চ যুক্তং ন্যাসেদলঙ্কৃতম্ ॥ ২৭৫ ॥

অনুবাদ—মধ্যস্থলে গঙ্গাজল দ্বারা পূর্ণকুম্ভ মধ্যে পঞ্চরত্ন গর্ভ মঙ্গল ঘট আম্রপল্লব পুষ্পমাল্যাদিযুক্ত কুঙ্কুমাদি অলঙ্কৃত করিয়া স্থাপন করিবে ॥ ২৭৫ ॥

টীকা—রত্নানি উদরে অভ্যন্তরে যস্য তম্ ॥২৭৫॥

—————

সৌবর্ণে রাজতে তাম্রে পাত্রে ষট্‌কোণমালিখেৎ ।
অলাভে বিল্বপীঠে বা কলসোপরি সংস্থিতে ।
উপর্য্যাস্তীর্য্য বস্ত্রে দ্বে আচ্ছিন্নে সুদশে শুভে ॥২৭৬॥

অনুবাদ—স্বর্ণ, রৌপ্য বা তাম্র পাত্রে অভাবে বিল্বকাষ্ঠের পীড়িতে ষট্ কোণ লিখিয়া কলসের উপর রাখিয়া সুন্দর পবিত্র দুইটি বস্ত্র দ্বারা আচ্ছাদন করিবে ॥ ২৭৬ ॥

টীকা—সৌবর্ণাদিপাত্রস্যালাভে সতি ॥ ২৭৬ ॥

—————

দিব্যসিংহাসনং তত্র স্থাপয়িত্বার্চ্চয়েৎ সুধীঃ ।
পীঠার্চ্চাং বিধিবৎ কৃত্বা দত্ত্বা চার্ঘ্যাদিকন্তথা ॥ ২৭৭

অনুবাদ—সুধী ব্যক্তি তাহার উপর দিব্য সিংহাসন স্থাপনপূর্ব্বক অর্চ্চন করিবে এবং যথাবিধি ঐ পীঠের অর্চ্চন করিয়া অর্ঘ্যাদি দান করিবে ॥২৭৭॥

—————

ক্ষীরাদিনা চ স্নপনং কুর্য্যাদাবাহনাদি চ ।
নানারত্নবিচিত্রাণি দদ্যাদাভরণানি চ ॥ ২৭৮ ॥

অনুবাদ—দুগ্ধাদি পঞ্চামৃত দ্বারা শ্রীমূর্ত্তিকে স্নান করাইয়া আবাহনাদি ষোড়শ উপচারে পূজা করিয়া নানারত্ন খচিত বিচিত্র অলঙ্কার দান করিবে ॥২৭৮॥

—————

হিমাম্বুঘৃষ্টরুচিরঘনসারসমন্বিতম্ ।
গন্ধং দদ্যাৎ প্রযত্নেন সাগুরুঞ্চ সকুঙ্কুমম্ ॥ ২৭৯ ॥

অনুবাদ—শীতল জলে ঘৃষ্ট কর্পূরাদিযুক্ত উত্তম চন্দনগন্ধ এবং যত্নসহকারে অগুরুকাষ্ঠ চন্দন, কুঙ্কুমাদি চন্দন দিবে ॥ ২৭৯ ॥

—————

কহলারকেতকী-জাতী-পুন্নাগাদ্যৈঃ প্রপূজয়েৎ ।
চম্পকৈঃ শতপত্রৈশ্চ সুগন্ধৈঃ সুমনোহরৈঃ ॥ ২৮০ ॥

অনুবাদ—রক্তপদ্ম, কেতকী, জাতী, পুন্নাগাদিদ্বারা এবং চম্পক পুষ্প, সুগন্ধ সুদৃশ্য মনোহর শতদল পদ্ম পুষ্প দ্বারা পূজা করিবে ॥ ২৮০ ॥

—————

চূতপল্লবপুষ্পৈশ্চ দূর্ব্বাভিস্তুলসীদলৈঃ ।
কোমলৈর্বিল্বপত্রৈশ্চ অশোককুসুমৈস্তথা ॥ ২৮১ ॥

অনুবাদ—আম্রপল্লব ও মুকুলদ্বারা, দূর্ব্বা ও তুলসীপত্র সমূহ দ্বারা, কোমল বিল্বপত্র ও অশোক পুষ্পদ্বারা পূজা করিবে ॥ ২৮১ ॥

—————

অথ কৌশল্যাদ্যর্চ্চা

রামস্য জননী চাসি রামাত্মকমিদং জগৎ ।
অতস্ত্বাং পূজয়িষ্যামি লোকমাতর্নমোঽস্তু তে ॥২৮২॥

অনুবাদ—অনন্তর কোশল্যাদি পরিকর পূজা হে লোকমাতঃ। আপনি শ্রীরামচন্দ্রেরও জননী হইয়াছেন। এই জগৎ রামাত্মক, অতএব তোমাকে পূজা করিব, তোমাকে নমস্কার ॥ ২৮২ ॥

নমো দশরথায়েতি পূজয়েৎ পিতরং ততঃ।
ততোঽনুজ্ঞাপ্য দেবেশং পরিবারান্ সমর্চ্চয়েৎ।
পূর্ব্বষট্‌কোণকোণেষু হৃদয়াদীনি ষট্ ক্রমাৎ ॥২৮৩
ইতি প্রথমাবরণম্।

অনুবাদ—অনন্তর 'দশরথায় নম' বলিয়া পিতাকে পূজা করিবে, তৎপরে শ্রীরামচন্দ্রের আদেশ লইয়া পরিকরগণকে পূজা করিবে। পূর্ব্বলিখিত ষট্ কোণ যন্ত্রের ছয় কোণে হৃদয়াদি ক্রমে ষড়ঙ্গ পূজা করিবে ॥ ২৮৩ ॥

ইতি প্রথম আবরণ।

হনূমন্তং সসুগ্রীবং ভরতং সবিভীষণম্।
লক্ষ্মণাঙ্গদশত্রুঘ্নান্ জাম্ববন্তং দলেষ্বিমান্ ॥ ২৮৪ ॥
ইতি দ্বিতীয়াবরণম্।

অনুবাদ—সুগ্রীব সহ হনুমান্, বিভীষণ সহ ভরত, লক্ষ্মণ, অঙ্গদ, শত্রুঘ্ন, জাম্ববান্ অষ্টদলে ইহাদের পূজা করিবে ॥ ২০৪ ॥

ইতি দ্বিতীয় আবরণ।

ধৃতিং জয়ন্তং বিজয়ং সুরাষ্ট্রং রাষ্ট্রবর্দ্ধনম্।
অশোকং ধর্ম্মপালঞ্চ সুমন্ত্রং দলমধ্যতঃ ॥ ২৮৫ ॥
ইতি তৃতীয়াবরণম্।

অনুবাদ—ধৃতি, জয়ন্ত, বিজয়, সুরাষ্ট্র, রাষ্ট্রবর্দ্ধন, অশোক, ধর্ম্মপাল, সুমন্ত্র দলমধ্যে ॥ ২৮৫ ॥

ইতি তৃতীয় আবরণ।

দলাগ্রে লোকপালাংশ্চ ॥ ২৮৬ ॥
ইতি চতুর্থাবরণম্।

অনুবাদ—দলাগ্রে লোকপালগণ ইন্দ্রাদির পূজা ॥২৮৬
ইতি চতুর্থ আবরণ।

তদস্ত্রাণি ততো বহিঃ ॥ ২৮৭ ॥
ইতি পঞ্চমাবরণম্।

অনুবাদ—তাহার বাহিরে শ্রীরামচন্দ্রের অস্ত্রসমূহের পূজা ॥ ২৮৭ ॥

ইতি পঞ্চম আবরণ।

ঘণ্টাঞ্চ বাদয়ন্ ধূপং দীপঞ্চাস্মৈ নিবেদয়েৎ।
ভক্ষ্যভোজ্যাদিনা ভক্ত্যা নৈবেদ্যং
বিধিনার্পয়েৎ ॥ ২৮৮ ॥

অনুবাদ—অতঃপর ঘণ্টাবাদ্য সহ শ্রীরামচন্দ্রকে ধূপ ও দীপ নিবেদন করিবে এবং যথাবিধি ভক্তিসহ ভক্ষ্যভোজনাদি নৈবেদ্য অর্পণ করিবে ॥ ২৮৮ ॥

আচামঞ্চ সুতাম্বূলং মহানীরাজনং ততঃ।
নমস্কুর্য্যাত্ততঃ স্তোত্রৈঃ স্তুত্বা চ প্রজপেন্মনুম্ ॥২৮৯॥

অনুবাদ—অতঃপর আচমন, উত্তম তাম্বূল, মহা-আরত্রিক করিয়া প্রণামপূর্ব্বক স্তোত্রদ্বারা স্তব করিয়া মন্ত্র জপ করিবে ॥ ২৮৯ ॥

শৃণ্বন্ জয়ন্তী-মাহাত্ম্যং দিব্যাং রামকথাস্তথা।
রামভক্তৈঃ সমং যামং নয়েদ্রামমনুস্মরন্ ॥ ২৯০ ॥
ইতি প্রথমযামকৃত্যম্।

অনুবাদ—জয়ন্তী-মাহাত্ম্য শ্রবণ করিতে করিতে দিব্য রামকথা রামভক্তগণসহ শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ করিতে করিতে প্রথমপ্রহর অতিবাহিত করিবে ॥২৯০

ইতি দিবা প্রথম প্রহর কৃত্য।

টীকা—যামং নবমীদিবস-প্রথমপ্রহরম্ ॥২৯০॥

শঙ্খপাত্রাসনার্চ্চাঞ্চ কুর্য্যাদ্‌যামেঽবতন্দ্রিতঃ।
যামে দ্বিতীয়ে সম্পূজ্য মধ্যাহ্নে জন্ম ভাবয়েৎ ॥২৯১

অনুবাদ—প্রতি প্রহরে নিরালস্য ভাবে শঙ্খ, পাত্র ও পীঠাদির পূজা অবশ্য কর্ত্তব্য। দ্বিতীয় প্রহরেও ঐরূপ পূজা করিয়া মধ্যাহ্নে জন্মলীলা স্মরণ করিবে ॥ ২৯১ ॥

টীকা—অতন্দ্রিত ইতি সর্ব্বেষ্বেব যামেষু শঙ্খ-পাত্রপীঠানাং পূজামনালস্যেনাবশ্যং কুর্য্যাদিত্যর্থঃ ॥২৯১

উচ্চস্থে গ্রহপঞ্চকে সুরগুরৌ সেন্দ্রৌ নবম্যাং তিথৌ
লগ্নে কর্কটকে পুনর্বসুযুতে মেষং গতে পূষণি।
নির্দগ্ধুং নিখিলাঃ পলাশসমিধো মেধ্যাদযোধ্যারণে-
রাবির্ভূতমভূদপূর্ব্ববিভবং যৎকিঞ্চিদেকং মহঃ ॥২৯২

অনুবাদ—যথা—পঞ্চগ্রহ উচ্চস্থ হইলে, দেবগুরু বৃহস্পতি চন্দ্রযুক্ত হইলে, নবমী তিথিতে, কর্কট লগ্নে, পুনর্বসু নক্ষত্রে, সূর্য্য মেষরাশিতে অবস্থান করিলে, রাক্ষসকুলরূপ পলাশকাষ্ঠ নিঃশেষে দগ্ধ করিবার জন্য অযোধ্যা রূপ অরণিকাষ্ঠ হইতে অপূর্ব বিভবযুক্ত অত্যাশ্চর্য্য তেজঃ আবির্ভূত হইয়াছিলেন ॥ ২৯২ ॥

টীকা—জন্মভাবনবিধিমেবাহ—উচ্চস্থ ইতি, 'সূর্য্যাদ্যুচ্চান্ ক্রিয়-বৃষ-মৃগ-স্ত্রী-কুলীরান্ত্যযুকে দিগ্বহ্নীন্দ্রদ্বয়তিথি-শরান্ সপ্তবিংশাংশ্চ বিংশান্। অংশান্ যাবদ্বদতি যবনে' ইত্যাদ্যুক্তনিজনিজোচ্চ-স্থানবর্তিনি গ্রহপঞ্চকে, মেষ-মকর-কর্কট-মীন-তুলাসু ক্রমেণ সূর্য্য-ভৌম-গুরু-শুক্র-শনিষু স্থিতেষ্বিত্যর্থঃ। কিঞ্চ, কর্কটে লগ্নে চন্দ্রসহিতগুরাবিতি গুণবিশেষঃ। পলং মাংসমশ্নন্তীতি পলাশা রাক্ষসাস্ত এব সমি-ধস্তান্নির্দগ্ধুং যথা যজ্ঞেঽরণি-জাতোঽগ্নিঃ পলাশকা-ষ্ঠানি নির্দ্দহতি, তদ্বদিতি রূপকার্থঃ ॥ ২৯২ ॥

স্তুত্বৈবং বাদয়েদ্বাদ্যান্যর্ঘ্যং দদ্যাজ্জগৎপতেঃ।
ফলপুষ্পাম্বুসম্পূর্ণং গৃহীত্বা শঙ্খমুজ্জ্বলম্।
অশোকচূতকুসুমৈর্যুক্তঞ্চ তুলসীদলৈঃ ॥ ২৯৩ ॥

অনুবাদ—এইরূপ স্তব করিয়া নানাবিধ বাদ্য-সমূহ বাদন। করিবে, ফল, পুষ্প ও জলপূর্ণ উজ্জ্বল শঙ্খ গ্রহণ করিয়া জগৎপতিকে অর্ঘ্যদান করিবে। অশোক, আম্রমুকুল ও তুলসীপত্রসমূহ যুক্ত অর্ঘ্য-দান করিবে ॥ ২৯৩ ॥

অথ অর্ঘ্যমন্ত্রঃ

দশাননবধার্থায় ধর্ম্মসংস্থাপনায় চ।
দানবানাং বিনাশায় দৈত্যানাং নিধনায় চ ॥ ২৯৪ ॥
পরিত্রাণায় সাধূনাং জাতো রামঃ স্বয়ং হরিঃ।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং ভ্রাতৃভিঃ সহিতোঽনঘ ॥
ইতি ॥২৯৫॥

অনুবাদ—অথ অর্ঘ্যমন্ত্র দশাননের বধ নিমিত্ত ধর্ম্মস্থাপন জন্য এবং দানবগণের বিনাশ নিমিত্ত দৈত্যগণের নিধনের জন্য এবং সাধুগণের পরিত্রাণ জন্য সাক্ষাৎ হরি শ্রীরামচন্দ্র জন্মলীলা করিয়াছেন। আমার প্রদত্ত এই অর্ঘ্য হে অনঘ! ভ্রাতৃগণসহ গ্রহণ করুন ॥ ২৯৪-২৯৫ ॥

পুনঃ পুষ্পাঞ্জলিং দত্ত্বা যামে যামে হ্যতন্দ্রিতঃ।
পূজয়েদ্বিধিবদ্ভক্ত্যা দিবারাত্রং নয়েদ্বুধঃ ॥ ২৯৬ ॥

অনুবাদ—নিরলসভাবে প্রহরে প্রহরে পুনঃ পুনঃ পুষ্পাঞ্জলি দান করিয়া যথাবিধি ভক্তিসহ পূজা করিবে এবং অভিজ্ঞ ব্যক্তি এইভাবে দিবারাত্র অতি-বাহিত করিবে ॥ ২৯৬ ॥

ততঃ প্রাতঃ সমুত্থায় নিত্যকৃত্যং সমাপ্য চ।
বিধিবদ্রামমভ্যর্চ্চ্য ভক্ত্যাচার্য্যং প্রতোষ্য চ।
ব্রাহ্মণৈঃ সহ ভুঞ্জীত তেভ্যো দদ্যাচ্চ দক্ষিণাম্ ॥২৯৭

অনুবাদ—পরদিন প্রাতে উঠিয়া নিত্যকর্ম্ম সমা-পন করিয়া যথাবিধি শ্রীরামচন্দ্রকে অর্চ্চনা করিয়া ভক্তিপূর্ব্বক আচার্য্যকে প্রসন্ন করিয়া ব্রাহ্মণগণ সহ ভোজন করিবে এবং তাহাদিগকে দক্ষিণা দিবে ॥২৯৭

অথ পারণমন্ত্রঃ

তব প্রসাদস্বীকারাৎ কৃতং যৎ পারণং ময়া।
ব্রতেনানেন সন্তুষ্টঃ স্বস্তি ভক্তিং প্রযচ্ছ মে ॥
ইতি ॥ ২৯৮ ॥

অনুবাদ—অথ পারণমন্ত্র, হে শ্রীরামচন্দ্র! তোমার প্রসাদ গ্রহণ পূর্ব্বক আমি যে ব্রত পারণ করিলাম, এই ব্রতদ্বারা প্রসন্ন হইয়া স্বস্তি ও ভক্তি আমাকে প্রদান করুন ॥ ২৯৮ ॥

কৃত্বৈবং ব্রহ্মহত্যাদিপাপেভ্যো মুচ্যতে ধ্রুবম্ ।
তুলাপুরুষদানাদিফলং প্রাপ্নোতি মানবঃ ॥ ২৯৯ ॥

অনুবাদ—এইভাবে ব্রত পালন করিয়া ব্রহ্মহত্যাদি পাপ সকল হইতে নিশ্চিতই মুক্ত হয় এবং মানব তুলাপুরুষ দানাদির ফল প্রাপ্ত হয় ॥ ২৯৯ ॥

অনেকজন্মসংসিদ্ধপাপেভ্যো মুচ্যতে ধ্রুবম্ ।
বহুনা কিমিহোক্তেন ভক্তিস্তস্য করে স্থিতা ॥৩০০॥

অনুবাদ—বহুজন্মার্জ্জিত পাপসকল হইতে মুক্ত হয়, ইহা নিশ্চিত অধিক আর কি বলিব, ভগবদ্‌ভক্তি তাহার করতলগতা হয় ॥ ৩০০ ॥

অকিঞ্চনোঽপি নিয়ত উপোষ্য নবমীব্রতম্ ।
কৃত্বা জাগরণং ভক্ত্যা পূজয়েদ্বিধিবন্মুনে ॥ ৩০১ ॥

অনুবাদ—হে মুনিবর ! নিষ্কিঞ্চন ব্যক্তিও নবমী-ব্রতে নিয়ত উপবাসী থাকিয়া এবং জাগরণ করিয়া ভক্তিসহ যথাবিধি পূজন করিবেন ॥ ৩০১ ॥

গঙ্গায়াং প্রক্ষিপেল্লেপ্যাং
লেখ্যাং মূর্ত্তিং গৃহে ন্যসেৎ ।
আচার্য্যায় চ হৈমাদিং
দদীত প্রতিমাং বুধঃ ॥ ইতি ॥ ৩০২ ॥

অনুবাদ—মৃন্ময়ী মূর্ত্তি গঙ্গায় বিসর্জন দিবে, চিত্রপট গৃহে রাখিবে অভিজ্ঞ ব্যক্তি সুবর্ণ প্রতিমাদি আচার্য্যকে প্রদান করিবে ॥ ৩০২ ॥

অথ দোলমহোৎসবঃ

চৈত্রে সিতৈকাদশ্যাঞ্চ দক্ষিণাভিমুখং প্রভুম্ ।
দোলয়া দোলনং কুর্য্যাদ্‌গীতনৃত্যাদিনোৎসবম্ ॥৩০৩

অনুবাদ—অনন্তর দোলমহোৎসব,—চৈত্রমাসে শুক্ল-পক্ষের একাদশীতে প্রভুকে দক্ষিণাভিমুখে দোলায় বসাইয়া দোলাইবে এবং গীত, নৃত্য, বাদ্যাদি সহ আনন্দ উৎসব করিবে ॥ ৩০৩ ॥

তথা চ গারুড়ে—
চৈত্রে মাসি সিতে পক্ষে দক্ষিণাভিমুখং হরিম্ ।
দোলারূঢ়ং সমভ্যর্চ্চ্য মাসমান্দোলয়েৎ কলৌ ॥৩০৪

অনুবাদ—ইহার প্রমাণ গরুড়পুরাণে—কলিকালে চৈত্রমাসে শুক্লপক্ষে শ্রীহরিকে দক্ষিণ অভিমুখে দোলারূঢ় করিয়া অর্চ্চনান্তে মাসভর আন্দোলন করিবে ॥ ৩০৪ ॥

অথ তন্নিত্যতা

পদ্মপুরাণে—
ঊর্জ্জে রথং মধৌ দোলাং শ্রাবণে তন্তুপর্ব্ব চ ।
চৈত্রে দমনকারোপমকুর্ব্বাণো ব্রজত্যধঃ ॥
ইতি ॥ ৩০৫ ॥

অনুবাদ—অনন্তর দোলযাত্রার নিত্যতা পদ্মপুরাণে—কার্ত্তিকে ব্রত বা রথযাত্রা, চৈত্রে দোলযাত্রা, শ্রাবণে পবিত্রারোপণ, চৈত্রে দমনকপুষ্প আরোপণ যিনি না করেন, তিনি অধঃপতিত হন ॥ ৩০৫ ॥

দোলারূঢ়শ্চ ভগবানবলোক্যঃ প্রযত্নতঃ ।
দোলারূঢ়স্য চাস্যাগ্রে কুর্য্যাজ্জাগরণং শুভম্ ॥৩০৬॥

অনুবাদ—দোলারূঢ় ভগবান্‌কে প্রযত্ন-সহ দর্শন করিবে এবং উঁহার অগ্রে পবিত্রভাবে নিশি জাগরণ করিবে ॥ ৩০৬ ॥

অথ দোলোৎসব-মাহাত্ম্যম্

তত্রৈব—
দোলারূঢ়ং প্রপশ্যন্তি কৃষ্ণং কলিমলাপহম্ ।
অপরাধসহস্রৈস্তু মুক্তাস্তে ঘূর্ণনে কৃতে ॥ ৩০৭ ॥

অনুবাদ—অনন্তর দোলোৎসব মাহাত্ম্য, পদ্ম-পুরাণে কথিত আছে—কলিকাল জাত চিত্তমালিন্য অপহরণকারী দোলারূঢ় শ্রীকৃষ্ণকে আন্দোলনসময়ে যিনি দর্শন করেন, তিনি সহস্র অপরাধ হইতে মুক্ত হন ॥ ৩০৭ ॥

টীকা—ঘূর্ণনে আন্দোলনে সতি যে প্রপশ্যন্তি, তে

মুক্তা ইত্যন্বয়ঃ। যদ্বা, ঘূর্ণনেঽপি কৃতে সর্ব্বেঽপরাধসহস্রৈর্মুক্তা ভবন্তীতি বাক্যান্তরম্। মধুমাধবে বসন্ত ইত্যর্থঃ, যদ্বা, মধৌ মাধবে বেত্যর্থঃ। কদাচিদ্বিয়াপাতাদ্বৈশাখেঽপি তৎকরণাৎ ॥ ৩০৭ ॥

তাবত্তিষ্ঠন্তি পাপানি জন্মকোটিকৃতান্যপি।
যাবন্নান্দোলয়েদ্ভূপ কৃষ্ণং কংসবিনাশিনম্ ॥৩০৮॥

অনুবাদ—কোটিজন্ম সঞ্চিত পাপসমূহও সেই কাল পর্য্যন্ত অবস্থান করে, হে মহারাজ। যে পর্য্যন্ত কংসধ্বংসকারী শ্রীকৃষ্ণকে না দোলায় ॥ ৩০৮ ॥

আন্দোলনদিনে প্রাপ্তে রুদ্রেণ সহিতাঃ সুরাঃ।
কুর্ব্বন্তি প্রাঙ্গণে নৃত্যং গীতং বাদ্যঞ্চ হর্ষিতাঃ ॥৩০৯

অনুবাদ—দোলযাত্রাদিনে মহাদেবের সহিত দেবগণ আনন্দিত হইয়া মন্দির প্রাঙ্গণে নৃত্য, গীত ও বাদ্য করেন ॥ ৩০৯ ॥

ঋষয়ো গণগন্ধর্ব্বা রম্ভাদ্যাপ্সরসাং গণাঃ।
বাসুকিপ্রমুখা নাগাস্তথা দেবাঃ সুরেশ্বরাঃ।
দোলযাত্রাং সমায়ান্তি বিষ্ণুদর্শনলালসাঃ ॥ ৩১০ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণু দর্শনে লোভযুক্ত হইয়া ঋষিগণ, গন্ধর্ব্বগণ, রম্ভাদি অপ্সরাগণ, বাসুকি প্রমুখ নাগগণ, দেবগণ, ব্রহ্মাদি সুরেশ্বরগণ দোলযাত্রা উৎসবে আগমন করেন ॥ ৩১০ ॥

দোলযাত্রানিমিত্তন্তু দোলাহে মধুমাধবে।
ভূতানি সন্তি ভূপৃষ্ঠে যে কেচিদ্দেবযোনয়ঃ।
সমায়ান্তি মহীপাল কৃষ্ণে দোলাস্থিতে ধ্রুবম্ ॥৩১১॥

অনুবাদ—চৈত্র ও বৈশাখে দোলপর্বে দোলযাত্রা দর্শন নিমিত্ত এই ভূমণ্ডলে যে কোন প্রাণি আছে, হে ভূপাল! দোলারূঢ় শ্রীকৃষ্ণকে যাহারা দর্শনে আসেন তাহারা সকলেই দেবতা ॥ ৩১১ ॥

বিষ্ণুং দোলাস্থিতং দৃষ্ট্বা
ত্রৈলোক্যস্যোৎসবো ভবেৎ।
তস্মাৎ কার্য্যশতং ত্যক্ত্বা
দোলাহে উৎসবং কুরু ॥ ৩১২ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুকে দোলারূঢ় দেখিয়া ত্রিলোকেরই আনন্দ হয়। অতএব শতকার্য্য ত্যাগ করিয়া দোলযাত্রা দিনে উৎসব করুন ॥ ৩১২ ॥

প্রহলাদে তু সমায়াতে বিষ্ণুর্দোলাবরোহণম্।
কুরুতে পাণ্ডবশ্রেষ্ঠ বরং দত্তমনুস্মরন্ ॥ ৩১৩ ॥

অনুবাদ—হে যুধিষ্ঠির মহারাজ! প্রহলাদ সমাগত হইলে শ্রীবিষ্ণু তাঁহাকে যে বর দিয়াছিলেন, তাঁহা অনুস্মরণ করিয়া দোলাবরোহণ করেন ॥ ৩১৩ ॥

দোলাস্থিতস্য কৃষ্ণস্য যেঽগ্রে কুর্ব্বন্তি জাগরম্।
সর্ব্বপুণ্যফলাবাপ্তির্নিমেষৈকেন জায়তে ॥ ৩১৪ ॥

অনুবাদ—দোলাস্থিত শ্রীকৃষ্ণের অগ্রে যাহারা জাগরণ করেন, এক নিমেষে তাহাদের সর্ব্ববিধপুণ্যফল প্রাপ্তি হয় ॥ ৩১৪ ॥

দোলাসংস্থন্তু যে কৃষ্ণং পশ্যন্তি মধুমাধবে।
ক্রীড়ন্তি বিষ্ণুনা সার্দ্ধং বৈকুণ্ঠে দেববন্দিতাঃ ॥৩১৫॥

অনুবাদ—চৈত্র ও বৈশাখে যাঁহারা শ্রীকৃষ্ণকে দোলারূঢ় দর্শন করেন, তাহারা দেবগণ বন্দিতা হইয়া বৈকুণ্ঠে শ্রীবিষ্ণুর সহিত লীলায় রত থাকেন ॥ ৩১৫॥

কিঞ্চান্যত্র—
দক্ষিণাভিমুখং দেবং দোলারূঢ়ং সুরেশ্বরম্।
সকৃদ্দৃষ্ট্বা তু গোবিন্দং মুচ্যতে ব্রহ্মহত্যয়া ॥
ইতি ॥ ৩১৬ ॥

অনুবাদ—আরও অন্যত্র—দেবদেব শ্রীগোবিন্দদেবকে দক্ষিণাভিমুখে দোলারূঢ় একবার দর্শন করিয়া ব্রহ্মহত্যা পাপ হইতে মুক্তি লাভ করে ॥৩১৬

অথ দোলোৎসববিধিঃ

চৈত্রস্য শুক্লদ্বাদশ্যাং প্রাতঃকৃত্যং সমাপ্য চ।
নিত্যপূজাং বিধায়াথ কুর্য্যাদ্দোলোৎসবং ব্রতী॥ ৩১৭

অনুবাদ—অথ দোল উৎসব বিধি চৈত্রমাসের শুক্লা দ্বাদশীতে প্রাতঃকৃত্য সমাপন করিয়া এবং নিত্যপূজা বিধান করিয়া ব্রতী দোলোৎসব করিবে ॥ ৩১৭ ॥

তদর্থঞ্চ বিশেষেণ নৈবেদ্যাদিকমর্পয়েৎ।
সম্মান্য বৈষ্ণবাংস্তৈশ্চ গীতনৃত্যাদি কারয়েৎ॥৩১৮॥

অনুবাদ—উৎসবার্থে বিশেষ নৈবেদ্যাদি অর্পণ করিবে, ঐ সকল প্রসাদ দ্বারা বৈষ্ণবগণকে তৃপ্ত করিয়া গীত, নৃত্যাদি করাইবে ॥ ৩১৮ ॥

মহানীরাজনং কৃত্বা প্রক্ষিপেদচ্যুতোপরি।
গন্ধানুলেপচূর্ণাদিবিচিত্রাণি বিভাগশঃ ॥ ৩১৯ ॥

অনুবাদ—মহাআরতি করিয়া শ্রীভগবানের উপরে ভাগে ভাগে বিচিত্র গন্ধ, চন্দন, আবিরাদি চূর্ণ নিঃক্ষেপ করিবে ॥ ৩১৯ ॥

টীকা—অথ নিত্যপূজানন্তরং, ব্রতী কৃতোপবাসঃ পূর্ব্বলিখিতদশম্যাদিনিয়মযুক্তো বা, তদর্থং দোলোৎসবার্থং, বিশেষেণ অন্যদিনাদাধিক্যেন, সম্মান্য আদৌ সাদরং নিমন্ত্র্যাহূয় পাদপ্রক্ষালনপূর্ব্বকং শ্রীচরণামৃতানুলেপনমাল্যাদিমহাপ্রসাদপ্রদানেন সম্পূজ্য, তৈর্বৈষ্ণবৈঃ। আদি-শব্দেন বাদ্যনামসঙ্কীর্ত্তনাদি, বিচিত্রাণি গন্ধাদীনি, বিভাগশঃ শ্রীমদঙ্গোষ্ণীষাদিভূষণং দোলাদৌ ভাগে ভাগে পৃথক্ পৃথক্ অচ্যুতোপরি প্রক্ষিপেৎ। তত্র গন্ধঃ—অগুরু কলম্বকাদিসাধিত-সুরভিদ্রব্যবিশেষঃ, অনুলেপশ্চন্দনাদিপঙ্কং, চূর্ণানি চ পট্টবাসাঃ বুক্কাবন্ধনেতিপ্রসিদ্ধানি। এতচ্চ বাসন্তিকদোলক্রীড়াবিশেষলক্ষণম্ ॥ ৩১৭-৩১৯ ॥

সন্তোষ্য বৈষ্ণবাংস্তৈশ্চ গীতনৃত্যাদিভি প্রভুম্।
নত্বাভ্যর্থ্যাপ্রমত্তঃ সন্ দোলামারোহয়েচ্ছুভাম্ ॥৩২০

অনুবাদ—ঐ সকল গন্ধাদি দ্রব্য দ্বারা বৈষ্ণবগণকেও সন্তুষ্ট করিয়া তাহাদের সহিত নৃত্য ও গীতাদি সহ শ্রীকৃষ্ণকে প্রণাম করিয়া প্রার্থনাপূর্ব্বক দোলমঞ্চে লইয়া গিয়া সাবধানভাবে অলঙ্কৃত উত্তম দোলায় আরোহণ করাইবে ॥ ৩২০ ॥

নীত্বা বহির্বেদিকায়ামুত্তুঙ্গায়াং যথাবিধি।
অভ্যর্চ্চ্যান্দোলয়েৎ কৃষ্ণং
সর্ব্বলোকাবলোকিতম্ ॥ ৩২১ ॥

অনুবাদ—সর্ব্বলোকের মুখে দর্শন নিমিত্ত মন্দিরের বাহিরে অতি উচ্চ বেদিতে লইয়া গিয়া যথাবিধি অর্চ্চন পূর্ব্বক শ্রীকৃষ্ণকে দোলাইবে ॥ ৩২১ ॥

টীকা—তৈর্গন্ধাদিভির্বৈষ্ণবান্ সন্তোষ্য প্রভুঞ্চ ভগবন্তং নত্বা প্রণম্য, অভ্যর্থ্য চ 'সর্ব্বলোকহিতার্থং নিজজনসুখার্থঞ্চ সুখং দোলামিমামারুহ্য সাবধানমান্দোলনলীলাং বিধেহি' ইত্যাদি, তথা বলীয়সা পদা 'স্বামিন্ পদবীমবধারয়' ইত্যাদিকঞ্চ প্রার্থ্য; অপ্রমত্তঃ সাবধানঃ সন্, শুভাং নির্ম্মাণবিশেষতোঽলঙ্কারবিশেষতশ্চোত্তমাং দোলাং গীতাদিভিরারোহয়েৎ। আদিশব্দেন জয় জয়েত্যাদিমঙ্গলঘোষ-বেদঘোষ-বাদ্য-সঙ্কীর্ত্তনাদি, বহির্দোলায়াঃ, উত্তুঙ্গায়ামত্যুচ্চায়াস্তদুপরীত্যর্থঃ। এতচ্চ সর্ব্বলোকানাং সুখদর্শনার্থম্ ॥ যথাবিধীতি বেদিকাং তামুপস্কৃত্য ধ্বজপতাকাতোরণাদিভিরলঙ্কৃত্য চ দৃঢ়পট্টবসনেন পার্শ্বদ্বয়ে স্তম্ভাদৌ দোলাং নিবধ্য দোলারূঢ়স্য ভগবতোঽর্চ্চনে ফলবিশেষোক্তেরান্দোলনশ্রমবিশেষদৃষ্টেশ্চ পূজাবিশেষং কৃত্বা মহানীরাজনং কৃত্বা গন্ধাদিকঞ্চ প্রক্ষিপ্য শনৈঃ শনৈঃ সাবধানমান্দোলয়েদিত্যাদিপ্রকার উহ্যঃ। সর্ব্বলোকৈরবলোকিতং যথা স্যাত্তথান্দোলয়েৎ, দোলারূঢ়ভগবদ্দর্শনে ফলবিশেষোক্তেঃ ॥৩২০-৩২১॥

এবমভ্যর্চ্চয়ন্ যামে যামে ত্বান্দোলয়ন্ প্রভুম্।
মহোৎসবেন গময়েদ্দিনং রাত্রিঞ্চ যত্নতঃ ॥ ৩২২ ॥

অনুবাদ—এই ভাবে প্রহরে প্রহরে অর্চ্চন করিতে করিতে প্রভুকে দোলাইবে। যত্নসহকারে মহা আনন্দে উৎসবের সহিত দিন ও রাত্রি অতিবাহিত করিবে ॥ ৩২২ ॥

এবং জাগরণং কৃত্বা বৈষ্ণবৈঃ সহ বৈষ্ণবঃ ।
প্রণম্য প্রার্থ নির্মঞ্ছ্য কৃষ্ণং স্বালয়মানয়েৎ ॥ ৩২৩॥

অনুবাদ—এইভাবে বৈষ্ণবগণের সহিত বৈষ্ণব জাগরণ করিয়া প্রণাম, প্রার্থনা ও আরতি করিয়া শ্রীকৃষ্ণকে নিজমন্দিরে গীতবাদ্যাদি সহ আনয়ন করিবে ॥ ৩২৩ ॥

কেচিচ্চ বৈষ্ণবাঃ শুক্লতৃতীয়াং মহোৎসবম্ ।
ইমমিচ্ছন্তি শক্তাশ্চ কুর্ব্বতে মাসমেব তম্ ॥ ৩২৪॥

অনুবাদ—কোন কোন বৈষ্ণবগণ চৈত্র শুক্লা তৃতীয়াতে এই মহোৎসব ইচ্ছা করেন এবং সমর্থ হইলে বৈশাখী শুক্লা তৃতীয়া (অক্ষয়তৃতীয়া) পর্য্যন্ত একমাস ফুলদোলে এই উৎসব সমাপ্ত করেন ॥৩২৪॥

টীকা—এবমনেন লিখিতপ্রকারেণ যামে যামে প্রতিপ্রহরং প্রভুমভ্যর্চ্চয়ন্ আন্দোলয়ংশ্চ সন্ মহোৎসবেন নৃত্যগীতাদিনা দিনং রাত্রিঞ্চ গময়েৎ। অত্র প্রতিযামমভ্যর্চ্চনমান্দোলনঞ্চ, 'ততঃ পুষ্পাঞ্জলিং দত্ত্বা যামে যামে হ্যতন্দ্রিতঃ' ইতি রামার্চ্চনচন্দ্রিকোক্তেঃ, তথা একাদশীজাগরণে 'যামে যামে মহাভাগ কুর্য্যাদারাত্রিকং হরেঃ' ইত্যাদিস্কান্দোক্তেশ্চানুসারঃ তথাত্রৈব 'ঘূর্ণনে কৃতে' ইতি, 'যাবন্নান্দোলয়েৎ' ইত্যাদ্যুক্তান্দোলনস্য পৌনঃপুন্যপ্রতীতেরিতি দিক্। প্রার্থ্যেতি দেবালয়ান্তরাধিবাস্য-শ্রীশালগ্রামশিলাগ্রে স্থাপিতস্য দমনকস্যারোপণোৎসবার্থমান্দোলনলীলামেতামপহায় ভগবজ্জন-বাৎসল্যেন সুখং সাবধানং স্বমন্দিরে বিজয়ং বিধেহীত্যাদিপ্রার্থনাং কৃত্বা। নির্ম্মঞ্ছ্য দোলক্রীড়ায়াং দৃষ্টিমুত্তার্য্য, স্বালয়ং দেবালয়ম্ আ সম্যগ্‌গীতবাদ্যাদিনা নয়েৎ, ইমং দোলযাত্রাখ্যম্ ॥ ৩২২-৩২৪ ॥

তথা চোক্তম্—
চৈত্রে মাসি সিতে পক্ষে তৃতীয়াং রমাপতিম্ ।
দোলারূঢ়ং সমভ্যর্চ্চ্য মাসমান্দোলয়েৎ কলৌ ॥
ইতি ॥ ৩২৫ ॥

অনুবাদ—এইরূপ শাস্ত্রে উক্তি আছে—চৈত্রমাসে শুক্লপক্ষে তৃতীয়াতে শ্রীলক্ষ্মীপতিকে দোলার উপরে অর্চ্চন করিয়া কলিযুগে এক মাস দোলাইবে ॥৩২৫॥

যৎ ফাল্গুনস্য রাকাদাবুত্তরা ফল্গুনী যদা ।
তদা দোলোৎসবঃ কার্য্যস্ত্যচ্চ শ্রীপুরুষোত্তমে ॥৩২৬

অনুবাদ—ফাল্গুনমাসের রাকা-পূর্ণিমাতে যখন উত্তরফল্গুনী নক্ষত্র হয় তখন দোল উৎসব কর্ত্তব্য, ঐরূপ শ্রীপুরুষোত্তমক্ষেত্রে উৎসব হয় ॥ ৩২৬ ॥

টীকা—রাকা পূর্ণিমা, আদি-শব্দেন প্রতিপদাদিঃ, কদাচিৎ প্রতিপদি কদাচিদ্দ্বিতীয়ামামপি উত্তরফল্গুনীনক্ষত্রযোগাৎ কার্য্য ইতি যৎ, তচ্চ শ্রীপুরুষোত্তমক্ষেত্রে, ন তু সর্ব্বত্র পুরুষোত্তমখণ্ডাদৌ তত্রৈব তস্য বিধানাৎ ॥ ৩২৬ ॥

কিন্ত্বীদৃগ্‌ভক্তিসংদর্শি-জগন্নাথানুসারতঃ ।
দোলা-চন্দন-কীলাল-রথযাত্রাশ্চ কারয়েৎ ॥ ৩২৭॥

অনুবাদ—তথাপি এইরূপ শ্রীবিগ্রহসেবা-পরিপাটী যাত্রা-উৎসবাদি সহ ভক্তিপ্রদর্শনকারী শ্রীজগন্নাথদেবের অনুসারে শ্রীক্ষেত্রে যে যে দিনে দোলযাত্রা, চন্দনযাত্রা, জলযাত্রা, নৌকাবিলাসে বা স্নানযাত্রা ও রথযাত্রা হয়, সেই অনুসারে অন্যত্রও সেইরূপ দোল আদি উৎসব কর্ত্তব্য ॥ ৩২৭ ॥

টীকা—তথাপি তদ্দৃষ্ট্যান্যত্রাপি তথৈব দোলাদ্যুৎসবঃ কর্ত্তব্য ইতি লিখতি—কিন্ত্বিতি। ঈদৃশী মূর্ত্তি-পূজা যাত্রোৎসবাদিরূপা যা ভক্তিস্তস্যাঃ সম্যগ্‌দর্শনশীলস্য লোকানুগ্রাহকস্য শ্রীজগন্নাথদেবস্য অনুসারতঃ, যস্মিন্ দিনে যথা তৎক্ষেত্রে ভবেত্তদ্দিনেঽপি তথা দোলযাত্রাং চন্দনযাত্রাং জলযাত্রাং রথযাত্রাঞ্চ কুর্য্যাদেবেত্যর্থঃ। তত্র হেতুত্বেন লিখিতমেব—ঈদৃগ্‌ভক্তিসন্দর্শীতি। মহোৎসববাহুল্যঞ্চ গুণাবহমেবেতি দিক্ ॥ ৩২৭ ॥

অথ দমনকারোপণোৎসবঃ

চৈত্রস্য শুক্লদ্বাদশ্যাং দমনারোপণোৎসবম্ ।
বিদধ্যাত্তদ্বিধির্বৌধায়নাদ্যুক্তোঽত্র লিখ্যতে ॥ ৩২৮॥

অনুবাদ—অথ দমনকপুষ্প আরোপণ উৎসব—চৈত্রমাসের শুক্লদ্বাদশীতে দমনক আরোপণ উৎসব করিবে। তাহার বিধি বৌধায়নাদি সংহিতা উক্ত এস্থলে লিখিত হইতেছে ॥ ৩২৮ ॥

মধোঃ সিতৈকাদশ্যাঞ্চ প্রাতঃকৃত্যং সমাপ্য চ।
গত্বা দমনকারামং তত্রাশোকং স্মরং যজেৎ ॥৩২৯॥

অনুবাদ—চৈত্রমাসের শুক্লা একাদশীতে প্রাতঃ-কৃত্য সমাপন করিয়া দমনক উদ্যানে গিয়া সেখানে অশোক বৃক্ষরূপী কামদেবকে আতপ তণ্ডুল চন্দনাদি দ্বারা পূজা করিবে ॥ ৩২৯ ॥

অথ তত্র মন্ত্রঃ

অশোকায় নমস্তুভ্যং কামস্ত্রীশোকনাশনঃ।
শোকার্ত্তিং হর মে নিত্যমানন্দং জনয়স্ব মে ॥
ইতি ॥ ৩৩০ ॥

অনুবাদ—অনন্তর অশোক পূজামন্ত্র—অশোক তোমায় নমস্কার, তুমি কামস্ত্রীশোকনাশন। আমার শোক ও আর্ত্তি হরণ কর এবং আমার নিত্য আনন্দ উৎপাদন কর ॥ ৩৩০ ॥

টীকা—তত্র দমনকারামে অশোকবৃক্ষরূপং স্মরমক্ষতচন্দনাদিনা পূজয়েৎ। তত্র চ কামরূপেণ শ্রীভগবত এব পূজাদিকং জ্ঞেয়ম্। যদ্বা, ভগবদর্পণায় দমনকগুণবিশেষার্থং কামদেবস্যেবেতি দিক্ ॥ ৩২৯-৩৩০ ॥

নেষ্যামি কৃষ্ণপূজার্থং ত্বাং কৃষ্ণপ্রীতিকারকম্।
ইতি সম্প্রার্থ্য নত্বা চ গৃহ্ণীয়াদ্দমনং শুভম্ ॥৩৩১॥

অনুবাদ – কৃষ্ণপ্রীতিকারক তোমাকে শ্রীকৃষ্ণ পূজার নিমিত্ত লইয়া যাইব—এইরূপ প্রার্থনা করিয়া ও প্রণাম করিয়া পবিত্র মঞ্জরী সহ দমনক বৃক্ষ গ্রহণ করিবে ॥ ৩৩১ ॥

টীকা—গৃহ্ণীয়াদিতি—নিজদমনকারামাভাবেহন্যোদ্যানাদপীত্যর্থঃ। শুভং পরমোত্তমং সুন্দর-মঞ্জর্য্যাদিযুক্তম্ ॥ ৩৩১ ॥

প্রোক্ষ্য তৎ পঞ্চগব্যেন প্রক্ষাল্যাদ্ভিঃ প্রপূজ্য চ।
বস্ত্রেণাচ্ছাদ্য বেদাদিঘোষেণ গৃহমানয়েৎ ॥ ৩৩২ ॥

অনুবাদ—পঞ্চগব্য দ্বারা ছিটা দিয়া ঐ বৃক্ষকে জল দ্বারা ধৌত করিয়া গন্ধপুষ্পাদি দ্বারা পূজা করিয়া নববস্ত্র দ্বারা আচ্ছাদনপূর্ব্বক বেদমন্ত্র পাঠ করিতে করিতে গৃহে আনয়ন করিবে ॥ ৩৩২ ॥

টীকা—তৎ দমনকম্ অদ্ভিঃ শুদ্ধোদকেন প্রক্ষাল্য প্রপূজ্য অক্ষতগন্ধাদিভিঃ সমভ্যর্চ্চ্য বস্ত্রেণ আচ্ছাদ্যেতি নবে পটলে নিধায় সিতধৌতবাসসাচ্ছাদ্যেতি জ্ঞেয়ম্। আদি-শব্দেন গীতবাদ্যাদি ॥ ৩৩২ ॥

অথ দমনকাধিবাসবিধিঃ

কৃষ্ণস্যাগ্রে সমুদ্ধৃত্য সর্ব্বতোভদ্রমণ্ডলম্।
নিধায় দমনং তত্র রাত্রৌ তদধিবাসয়েৎ ॥ ৩৩৩ ॥

অনুবাদ—অনন্তর দমনকঅধিবাসবিধি—শ্রীকৃষ্ণের সম্মুখে সর্ব্বতোভদ্রমণ্ডল অঙ্কিত করিয়া উহার উপর দমনক রাখিয়া রাত্রিতে উহার অধিবাস করিবে ॥ ৩৩৩ ॥

টীকা - তত্র মণ্ডলে তৎপটলনিহিতং দমনম্, অধিবাসয়েদিতি নিত্যক্রিয়াং নির্ব্বর্ত্ত্য ভগবতঃ পূজাং বিশেষতঃ কৃত্বা তদনুজ্ঞয়া তদধিবাসনং কুর্য্যাদিতি বোদ্ধব্যম্ ॥ ৩৩৩ ॥

অথ তত্র মন্ত্রঃ

পূজার্থং দেবদেবস্য বিষ্ণোর্লক্ষ্মীপতেঃ প্রভোঃ।
দমন ত্বমিহাগচ্ছ সান্নিধ্যং কুরু তে নমঃ ॥
ইতি ॥ ৩৩৪ ॥

অনুবাদ—অনন্তর অধিবাস মন্ত্র—দেবদেব প্রভু লক্ষ্মীপতি শ্রীবিষ্ণুর পূজার জন্য, হে দমনক! আপনি এখানে আগমন করুন, অবস্থান করুন, আপনাকে প্রণাম ॥ ৩৩৪ ॥

সবীজং কামদেবঞ্চ তথা ভস্মশরীরকম্।
অনঙ্গং মন্মথঞ্চৈব বসন্তসখমেব চ।
স্মরন্তথেক্ষুচাপঞ্চ পুষ্পবাণঞ্চ পূজয়েৎ ॥ ৩৩৫ ॥
প্রাগাদিদিক্ষু রত্যাড্যং বিধিবদ্দমনে ক্রমাৎ ॥৩৩৬॥

অনুবাদ—অনন্তর দমনকের পূর্ব্বাদি-ক্রমে অষ্ট দিকে কামবীজ ও রতিসমন্বিত বিধিবৎ ইক্ষুদণ্ড অক্ষত গন্ধ-পুষ্পাদি দ্বারা অষ্ট নামমন্ত্রে পূজা করিবে —কামদেবায়, ভস্মশরীরায়, অনঙ্গায়, মন্মথায়, বসন্তসখ্যে, স্মরায়, ইক্ষুচাপায়, পুষ্পবাণায় ইতি ॥ ৩৩৫-৩৩৬ ॥

টীকা—দমনকস্য প্রাগাদ্যষ্টদিক্ষু ক্রমেন কামদেবাদ্যষ্টকং কামবীজসহিতঞ্চ, বিধিবৎ ইক্ষ্বক্ষত-গন্ধাদিভিঃ পূজয়েৎ। তত্র প্রয়োগঃ—'ক্লীং দ্রী' কামদেবায় নমঃ; দ্রী রত্যৈ নমঃ' ইত্যাদি; যদ্বা, কেশবাদিন্যাসবৎ 'ক্লীং কামদেবায় রত্যৈ নমঃ' ইত্যাদি ॥ ৩৩৫-৩৩৬ ॥

অষ্টোত্তরশতং কামগায়ত্র্যা চাভিমন্ত্র্য তৎ।
দত্ত্বা পুষ্পাঞ্জলিং কামদেবং বন্দেত মন্ত্রবৎ ॥৩৩৭॥

অনুবাদ—একশত আটবার কামগায়ত্রী দ্বারা দমনককে অভিমন্ত্রিত করিয়া শ্রীকৃষ্ণচরণে পুষ্পাঞ্জলি প্রদান করিয়া মন্ত্রপাঠ সহ কামদেবকে বন্দনা করিবে ॥ ৩৩৭ ॥

তত্র প্রণামমন্ত্রঃ

নমোঽস্তু পুষ্পবাণায় জগদাহলাদকারিণে।
মন্মথায় জগন্নেত্রে রতিপ্রীতিপ্রদায়িনে॥ ইতি ॥৩৩৮॥

অনুবাদ—উহার প্রণামমন্ত্র যথা—পুষ্পবাণ ধারণকারী জগতের আনন্দ বিধানকারী, মন্মথ, জগৎ প্রবর্ত্তক, রতিপ্রীতিপ্রদ আপনাকে নমস্কার ॥ ৩৩৮ ॥

আমন্ত্রিতোঽসি দেবেশ পুরাণ পুরুষোত্তম।
অতস্ত্বাং পূজয়িষ্যামি সান্নিধ্যং কুরু কেশব ॥৩৩৯॥
নিবেদয়াম্যহং তুভ্যং প্রাতর্দমনকং শুভম্।
সর্ব্বথা সর্ব্বদা বিষ্ণো নমস্তেঽস্তু প্রসীদ মে ॥৩৪০॥
ইত্থমামন্ত্র্য দেবেশং দত্ত্বা পুষ্পাঞ্জলিং পুনঃ।
গীত-নৃত্যাদিনা রাত্রৌ কুর্য্যাজ্জাগরণং মুদা ॥ ৩৪১॥

অনুবাদ—হে দেবেশ, হে পুরাণ-পুরুষোত্তম! আপনি আমা কর্ত্তৃক আমন্ত্রিত হইয়াছেন। অতএব আপনাকে পূজা করিব, হে কেশব সম্মুখে অবস্থান করুন। হে বিষ্ণো! আমি প্রাতঃকালে আপনাকে পবিত্র দমনক নিবেদন করিব, সর্ব্বপ্রকারে সর্ব্বদা আপনাকে প্রণাম করি, আপনি আমার প্রতি প্রসন্ন হউন। এইরূপে পরমেশ্বরকে আমন্ত্রণ পূর্ব্বক পুষ্পাঞ্জলি দান করিয়া পুনরায় পরমানন্দে গীত-নৃত্যাদি সহ একাদশীতে রাত্রিজাগরণ করিবে ॥ ৩৩৯-৩৪১॥

টীকা—তদ্দমনকমভিমন্ত্র্য, জাগরণঞ্চ দোলারূঢ়স্য ভগবতোঽগ্রে যত্নদেব, কিংবা শক্তৌ সত্যাং দমনকাধিবাসস্থানে পুত্রাদিদ্বারেণ পৃথক্ কুর্য্যাৎ ॥৩৩৭-৩৪১

অথ দমনকার্পণবিধিঃ

প্রাতঃস্নানাদি নির্ব্বর্ত্ত্য নিত্যপূজাং বিধায় চ।
দমনারোপণার্থঞ্চ মহাপূজাং সমাচরেৎ ॥ ৩৪২ ॥
ততো দমনকং ভক্ত্যা পাণিভ্যাং পরিগৃহ্য চ।
ঘণ্টাদিবাদ্যঘোষেণ শ্রীকৃষ্ণায় সমর্পয়েৎ ॥ ৩৪৩ ॥

অনুবাদ—অনন্তর দমনক অর্পণ বিধি—দ্বাদশীতে প্রাতঃস্নানাদি-কৃত্য শেষে নিত্য পূজা করিয়া দমনক আরোপণ নিমিত্ত মহাপূজার পর ভক্তিসহ দুই হস্তে দমনক গ্রহণ করিয়া ঘণ্টাদি বাদ্যসহ প্রথমত শ্রীকৃষ্ণের মস্তকে মঞ্জরী আরোপণ করিয়া পরে শোভানুসারে শ্রীচরণাদিতে অর্পণ করিবে ॥ ৩৪২-৩৪৩ ॥

টীকা—সমর্পয়েদিতি সমর্পণঞ্চাদৌ দেবস্য শিরসি দমনকমঞ্জরীমারোপয়েৎ, ততো যথাশোভং শ্রীচরণাদাবারোপয়েদিতি জ্ঞেয়ম্ ॥ ৩৪৩ ॥

অথ দমনকারোপণ-মন্ত্রঃ

দেবদেব জগন্নাথ বাঞ্ছিতার্থপ্রদায়ক।
কৃৎস্নান্ পূরয় মে কৃষ্ণ কামান্
কামেশ্বরীপ্রিয় ॥ ৩৪৪ ॥

অনুবাদ—অনন্তর দমনক আরোপণমন্ত্র—হে দেব দেব! হে জগন্নাথ! হে বাঞ্ছিতার্থ প্রদ! হে কৃষ্ণ, হে রাধারতিপ্রিয়, আমার সম্পূর্ণ বাসনা-সমূহ পূরণ কর ॥ ৩৪৪ ॥

টীকা—কামেশ্বরী রতিঃ, তস্যাঃ প্রিয়েতি, কৃষ্ণস্য কামদেবত্বেনার্চ্চনাৎ। যদ্বা সর্ব্বকামপ্রদা ভগবতী লক্ষ্মীঃ; যদ্বা, শ্রীকৃষ্ণস্য সর্ব্বকামপূরণী শ্রীরাধা তৎ-প্রিয়েতি সম্বোধনং কামবিশেষপূরণার্থং প্রীত্যা দমনক-গ্রহণার্থং বেতি দিক্ ॥ ৩৪৪ ॥

ইদং দমনকং দেব গৃহাণ মদনুগ্রহাৎ।
ইমাং সাম্বৎসরীং পূজাং ভগবন্নিহ পূরয় ॥
ইতি ॥ ৩৪৫ ॥

অনুবাদ—হে দেব! আমার প্রতি অনুগ্রহ পূর্ব্বক এই দমনক গ্রহণ করুন এবং হে ভগবন্! এই সাম্বৎসরিক পূজা এখানেই পূরণ করুন ॥ ৩৪৫ ॥

ততো দামনকীং মালাং গন্ধাদীনি সমর্প্য চ।
গীতাদিনোৎসবং কৃত্বা শ্রীকৃষ্ণং প্রার্থয়েদিদম্ ॥৩৪৬

অনুবাদ—অনন্তর দমনক পত্রপুষ্পময়ী মালা ও গন্ধাদি সমর্পণ করিয়া গীত-বাদ্যাদি সহ উৎসব করিয়া শ্রীকৃষ্ণের নিকট এইরূপ প্রার্থনা করিবে ॥৩৪৬

টীকা—দামনকীং দমনকমঞ্জরীবিরচিতাং মালাং ভগবতে সমর্প্য অনন্তরং গন্ধাদ্যুপচারান্ পঞ্চ সমর্প্য গীতনৃত্যাদিনা মহোৎসবং দমনকারোপণযাত্রা-সম্বন্ধিনং কৃত্বা মণিবিদ্রুমেত্যাদি প্রার্থয়েৎ ॥ ৩৪৬ ॥

মণি-বিদ্রুমমালাভির্মন্দারকুসুমাদিভিঃ।
ইয়ং সাংবৎসরী পূজা তবাস্তু গরুড়ধ্বজ ॥ ৩৪৭ ॥

অনুবাদ—মণি, বিদ্রুমমালা ও মন্দার পুষ্পাদি-মালা সহ হে গরুড়ধ্বজ, এই সাম্বৎসরিক পূজা তোমার হউক ॥ ৩৪৭ ॥

টীকা—ইয়ং মৎকৃতদমনকার্পণরূপা পূজৈব মণিবিদ্রুমমালাদিভিঃ পূজা তবাস্তু, তাভির্যথা প্রীয়সে, অনয়াপি, তথা প্রীতো ভবেতি ভাবঃ ॥ ৩৪৭ ॥

বনমালাং যথা দেব কৌস্তুভং সততং হৃদি।
তদ্বদ্দামনকীং মালাং পূজাঞ্চ হৃদয়ে বহ ॥
ইত্যাদি ॥ ৩৪৮ ॥

অনুবাদ—হে দেব! যেমন বনমালাকে ও কৌস্তুভ মণিকে সতত হৃদয়ে বহন কর, সেইরূপ দামনকী মালা ও পূজা হৃদয়ে বহন কর, অর্থাৎ প্রীতিসহ স্বীকার কর ॥ ৩৪৮ ॥

ভগবন্তং প্রণম্যাথ গুরুং সম্পূজ্য ভক্তিতঃ।
সম্পূজ্য ব্রাহ্মণান্ শক্ত্যা ভুঞ্জীত সহ বন্ধুভিঃ ॥৩৪৯॥

অনুবাদ—অনন্তর শ্রীভগবানকে প্রণাম করিয়া ভক্তিসহকারে শ্রীগুরুদেবকে পূজা করিয়া ও ব্রাহ্মণ-গণকে যথাশক্তি পূজা করিয়া বন্ধুগণের সহিত ভোজন করিবে ॥ ৩৪৯ ॥

পারণাহে ন লভ্যেত দ্বাদশীঘটিকাপি চেৎ।
তদা ত্রয়োদশী গ্রাহ্যা পবিত্রা-দমনার্পণে ॥ ৩৫০ ॥

অনুবাদ—যদি পারণদিনে একদণ্ডও দ্বাদশী না থাকে, তখন পবিত্রারোপণ ও দমনকারোপণ ত্রয়োদশী দিনে কর্ত্তব্য ॥ ৩৫০ ॥

টীকা—পূজাঞ্চ হৃদয়ে বহ—প্রীত্যা স্বীকুরু ॥৩৪৮

টীকা—এবং বিধিং বিলিখ্য তত্র কালং নিশ্চি-নোতি—পারণাহ ইতি দ্বাভ্যাম্ ॥ ৩৫০ ॥

ন কৃষ্ণে দমনারোপঃ স্যান্মধৌ বিঘ্নতো যদি।
বৈশাখ্যাং শ্রাবণে মাসি কর্ত্তব্যং বা তদর্পণম্ ॥৩৫১

অনুবাদ—যদি কোন বিঘ্নবশতঃ চৈত্রমাসে শ্রীকৃষ্ণে দমনকারোপণ না হয়, তখন বৈশাখমাসে পূর্ণিমা বা দ্বাদশীতে বা শ্রাবণমাসের দ্বাদশীতে দমনকারোপণ উৎসব করিবে ॥ ৩৫১ ॥

জলমাদায় গৃহ্নীয়ান্মন্ত্রেণানেন বৈষ্ণবঃ ॥ ৩৫ ॥

অনুবাদ—অনন্তর নির্জ্জলা একাদশী ব্রতবিধি পূর্ব্বে যেমন লিখিত হইয়াছে—সঙ্কল্প করিয়া বৈষ্ণব জল লইয়া ব্রতের নিয়ম, মন্ত্রপাঠ করিয়া গ্রহণ করিবে ॥ ৩৫ ॥

টীকা—এবমবশ্যকৃত্যত্বং লিখিত্বা ইদানীং ভবিষ্যোত্তরোক্ত্যনুসারেণ তস্য বিধিং লিখতি—যথেত্যাদি নবভিঃ। যথা প্রাগ্‌লিখিতং পূর্ব্বমেকাদশীব্রতপ্রকরণে দশমীনিয়মাদিকং যল্লিখিতং তদনুসারেণ নিয়মং গৃহ্নীয়াৎ ॥ ৩৫ ॥

তত্র নিয়মমন্ত্রঃ

একাদশ্যাং নিরাহারো বর্জ্জয়িষ্যামি বৈ জলম্ ।
কেশবপ্রীণনার্থায় অত্যন্তদমনেন চ ॥ ইতি ॥ ৩৬ ॥

অনুবাদ—নিয়মমন্ত্র—শ্রীকেশবদেবের প্রীতির জন্য এবং ইন্দ্রিয়াদির অত্যন্ত দমনের জন্য আমি একাদশীতে নিরাহার এবং জলও বর্জ্জন করিব ॥৩৬

বর্জ্জয়েচ্চাম্বুঃহোরাত্রং বিনা চাচমনার্থকম্।
বিনা চ প্রাশনং পাদোদকস্যাত্যন্তপাবনম্ ॥ ৩৭ ॥

অনুবাদ—দিবারাত্র জল বর্জ্জন করিবে কিন্তু আচমনের জন্য এবং অত্যন্ত পবিত্র শ্রীচরণামৃত পান —ইহা ব্যতীত ॥ ৩৭ ॥

টীকা—অহোরাত্রং অম্বু জলং বর্জ্জয়েৎ। তত্র চ স্নানাদাবাচমনে শ্রীচরণোদকগ্রহণে চ জলং ন বর্জ্জনীয়মিতি লিখতি—বিনেতি। তত্র তত্র তৎপানাবশ্যকত্বাৎ, অন্যথা শুদ্ধিহানেঃ। ননু 'স্নানে চাচমনে চৈব' ইত্যুক্তং, ন চ পাদোদকমুদ্দিষ্টং, তত্র লিখতি—অত্যন্তেতি। আচমনাদপ্যেতৎ পরমশুদ্ধিকরমিত্যর্থঃ। তন্নিত্যতা চাদৌ লিখিতৈবাস্তে ॥ ৩৭ ॥

একাদশ্যাং নিশায়ান্তু নিত্যপূজাং বিধায় হি।
হৈমীং ত্রৈবিক্রমীং মূর্ত্তিং স্নাপয়েৎ
পয়আদিভিঃ ॥ ৩৮ ॥

অনুবাদ—একাদশীর রাত্রিতে নিত্যপূজা সম্পাদন করিয়া সুবর্ণময় ত্রিবিক্রম মূর্ত্তিকে দুগ্ধাদি দ্বারা স্নান করাইবে ॥ ৩৮ ॥

টীকা—পয়-আদিভিঃ পঞ্চামৃতেন স্নাপয়েৎ ॥৩৮॥

বস্ত্রাদিকং সমর্প্যাথাভ্যর্চ্চ্য গন্ধাদিভিশ্চ তাম্।
প্রণম্য জাগরং কুর্য্যাৎ তদগ্রে নর্ত্তনাদিনা ॥ ৩৯ ॥

অনুবাদ—শুদ্ধ নববস্ত্র উত্তরীয়াদি সমার্পণান্তে তাঁহাকে গন্ধ পুষ্পাদি দ্বারাও অর্চ্চন করিয়া প্রণাম পূর্ব্বক তাঁহার অগ্রে নর্ত্তনাদিসহ জাগরণ করিবে ॥ ৩৯

প্রাতঃস্নানাদি নির্বর্ত্ত্য তং ত্রিবিক্রমমর্চ্চয়েৎ ॥ ৪০ ॥

অনুবাদ—অতঃপর প্রাতঃকালে স্নানাদি সমাপনান্তে ঐ ত্রিবিক্রম মূর্ত্তিকে অর্চ্চনা করিবে ॥ ৪০ ॥

শক্ত্যাম্বুকুম্ভান্ বিপ্রেভ্যো দদ্যাদ্গন্ধাদ্যলঙ্কৃতান্ ॥ ৪১

অনুবাদ—সামর্থ্য থাকিলে ব্রাহ্মণগণকে গন্ধাদি দ্বারা অলংকৃত জলকুম্ভসমূহ দান করিবে ॥ ৪১ ॥

টীকা—শক্ত্যেতি—যাবতো যাদৃশান্ দাতুং শক্নোতি, তাবতস্তাদৃশান্ দদ্যাদিত্যর্থঃ। আদি-শব্দেন পুষ্পবস্ত্রফলাদি ॥ ৪১ ॥

অথ তত্র মন্ত্রঃ

দেবদেব হৃষীকেশ সংসারার্ণবতারক।
জলকুম্ভপ্রদানেন যাস্যামি পরমাং গতিম্ ॥
ইতি ॥ ৪২ ॥

অনুবাদ—অথ জলকুম্ভ দানমন্ত্র—হে দেবদেব! হে হৃষীকেশ! হে সংসারসমুদ্র তারক! এই জল-কুম্ভ প্রদান দ্বারা পরমাগতি লাভ করিব ॥ ৪২ ॥

দদ্যাচ্চ কনকং ছত্রং বস্ত্রযুগ্মমুপানহৌ।
জলপাত্রাণি দিব্যানি বিভবে সতি বৈষ্ণবঃ ॥ ৪৩ ॥

অনুবাদ—অর্থ সম্পদ থাকিলে বৈষ্ণব ব্রাহ্মণ-গণকে স্বর্ণ, ছত্র, বস্ত্রদ্বয়, পাদুকা, উত্তম জলপাত্রসমূহ দান করিবে ॥ ৪৩ ॥

টীকা—বিভবে সতি কনকাদীনি চ বিপ্রেভ্যো দদ্যাৎ ॥ ৪৩ ॥

শক্ত্যা বিপ্রান্ ভোজয়িত্বা পীত্বা ভ্রাতৃকরাজ্জলম্।
স্বয়ং বা পীয় মৌনী সন্ ভুঞ্জীত সহ বন্ধুভিঃ ॥৪৪॥

অনুবাদ—সমর্থ হইলে ব্রাহ্মণগণকে ভোজন করাইয়া ভ্রাতৃহস্ত হইতে জলপান করিয়া বা স্বয়ং জলপান করিয়া মৌনী হইয়া বন্ধুগণসহ ভোজন করিবে ॥ ৪৪ ॥

অথ আষাঢ়কৃত্যম্

আষাঢ়-শুক্লদ্বাদশ্যাং হরৌ শিশয়িষৌ সতি।
বৈষ্ণবঃ পারণং কৃত্বা তপ্তমুদ্রাশ্চ ধারয়েৎ ॥ ৪৫ ॥

অনুবাদ—অনন্তর আষাঢ়মাস-কৃত্য—আষাঢ়মাসে শুক্লাদ্বাদশীতে শ্রীহরি শয়নেচ্ছু হইলে বৈষ্ণবগণ পারণ করিয়া তপ্তমুদ্রা ধারণ করিবেন ॥ ৪৫ ॥

ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রশ্চৈকান্তিতর্দ্ধয়ে।
কুর্ব্বন্নাত্মার্পণং তপ্তমুদ্রাভির্দেহমঙ্কয়েৎ ॥ ৪৬ ॥

অনুবাদ—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র একান্ত-ভক্তিবৃদ্ধির জন্য শ্রীভগবানে আত্মসমর্পণ পূর্ব্বক তপ্তমুদ্রা দ্বারা দেহকে চিহ্নিত করিবেন ॥ ৪৬ ॥

টীকা—আষাঢ়-শুক্লদ্বাদশ্যামিত্যত্র যদ্যপি ভবিষ্য-পুরাণে—'আকাভাসিতপক্ষেষু মৈত্রশ্রবণরেবতী। আদিমধ্যাবসানেষু প্রস্বাপাবর্ত্তনোত্থিতি ॥' অস্যার্থঃ—আষাঢ়-ভাদ্র-কার্ত্তিকানাং সিতপক্ষেষু শুক্লদ্বাদশীষু-অনুরাধাশ্রবণরেবতী-নামাদিমধ্যান্ত্যপাদেষু শয়নপার্শ্ব-পরিবর্ত্তনোত্থানং ক্রমাদ্ভবতীতি। তথাপি পাদ-যোগাদ্যভাবেঽপি সতি দ্বাদশ্যামেব কুর্য্যাৎ। তথা চ স্কান্দে 'অন্যত্র পাদযোগেঽপি দ্বাদশ্যামেব কারয়েৎ' ইতি; বারাহে চ—'ন পাদনিয়মস্তত্র স্বাপে বা পরি-বর্ত্তনে। পাদযোগো যদা ন স্যাদৃক্ষেণাপি তদা ভবেৎ ॥' ইতি। কিঞ্চ—'দ্বাদশ্যাং সন্ধিসময়ে নক্ষত্রাণামসম্ভবে। আকাভাসিতপক্ষেষু শয়নাবর্ত্তনা-দিকম্ ॥' ইতি। অতএবোক্তং পুষ্করপুরাণে—'যস্য যস্য তু দেবস্য যন্নক্ষত্র তিথিশ্চ যা। তস্য দেবস্য তস্মিংস্ত শয়নাবর্ত্তনাদিকম্ ॥' ইতি। যচ্চোক্ত-মত্রিণা—'মিথুনস্থো যদা ভানুরমাবস্যাদ্বয়ং স্পৃশেৎ। দ্বিরাষাঢ়ঃ স বিজ্ঞেয়ো বিষ্ণুঃ স্বপিতি কর্কটে ॥' ইতি। তচ্চ মলমাসাভিপ্রায়েণ, তথাপি দ্বিতীয়াষাঢ়শুক্ল-দ্বাদশ্যামেব শয়নমিতি সম্যগেব লিখিতম্—'আষাঢ়-শুক্লদ্বাদশ্যাম্' ইতি। এবং পার্শ্বপরিবর্ত্তনোত্থানয়ো-রপি জ্ঞেয়ম্। যচ্চোক্তং ব্রহ্মবৈবর্ত্তে—'আষাঢ়স্য সিতে পক্ষে একাদশ্যামুপোষিতঃ। নক্তং দ্বিজবর-শ্রেষ্ঠ গৃহ্নীয়ান্নিয়মং ব্রতী ॥' ইতি তচ্চ একাদশী-দ্বাদশ্যোরভেদাভিপ্রায়েণ জ্ঞেয়ং, লিখিতবচনজাতানু-সারাৎ শিষ্টাচারদর্শনাচ্চ। এতচ্চ সর্ব্বমগ্রে প্রবো-ধনীপ্রকরণে বিস্তরতো ব্যক্তং ভাবি। শিশয়িষৌ শয়িতুমিচ্ছতি। পারণাং কৃত্বেতি প্রায়ো দ্বাদশ্যামেব পারণাপত্তেঃ। কদাচিৎ তস্যামুপবাসে চ তত্রৈব শয়নং তপ্তমুদ্রাধারণাদিকঞ্চ জ্ঞেয়ং, লিখিতবচনানু-সারাৎ। তত্র চ সর্ব্বৈরেব বর্ণৈস্তপ্তমুদ্রা ধার্য্যেতি লিখতি—ব্রাহ্মণ ইতি। একান্তিতা শিবলিঙ্গাঙ্কিত-বৃষবচ্ছ্রীভগবদেকনিষ্ঠতা, তস্যা ঋদ্ধয়ে সিদ্ধ্যর্থম্। আত্মার্পণম্—আত্মনিবেদনরূপভক্তিপ্রকারবিশেষং কুর্ব্বন্ কর্ত্তুম্। ব্রাহ্মণস্যাপি তদ্ধারণমগ্রে সন্যায়ং ব্যক্তং ভাবি ॥ ৪৫-৪৬ ॥

অথ তপ্তমুদ্রাধারণম্

বারাহে তপ্তমুদ্রা-প্রসঙ্গে—
চক্রাদিধারণং পুংসাং পরং সম্বন্ধবেদনম্।
পাতিব্রত্যনিমিত্তং হি বলয়াদি-বিভূষণম্ ॥
ইতি ॥ ৪৭ ॥

অনুবাদ—অথ তপ্তমুদ্রাধারণ, বরাহপুরাণে তপ্ত-মুদ্রা-প্রসঙ্গে—তপ্তচক্রাদিচিহ্ন ধারণ মানবগণের পরমেশ্বরের সহিত নিজ সম্বন্ধ জ্ঞাপন, যেমন স্ত্রী-লোকের পতিব্রতাধর্ম্ম জ্ঞাপন জন্যই শঙ্খবলয়াদি বিভূষণ ধারণ ॥ ৪৭ ॥

টীকা—তপ্তমুদ্রাধারণেন চৈকান্তিতা-সিদ্ধিং শ্রীবরাহবচনেন প্রমাণয়তি—চক্রাদীতি। পরং কেবলং সম্বন্ধবেদনং ভগবদীয়ত্বজ্ঞাপকম্। পাঠান্তরে পরস্য পরমেশ্বরস্য সম্বন্ধবেদনম্। তত্র দৃষ্টান্তঃ—পাতিব্রত্যেতি। বলয়াদিধারণেন সধবালক্ষণেনৈব পতিমত্তা জ্ঞাপ্যতে, তত্র চ সতীনাং প্রায়ঃ পতিসন্তো-ষার্থমেব ভূষণধারণং তদ্ভক্তিবিশেষোঽপ্যভিব্যক্ত এবেতি দিক্ ॥ ৪৭ ॥

অথ তপ্তমুদ্রাধারণনিত্যতা

বায়ুপুরাণে—
অগ্নিনৈব তু সন্তপ্তং চক্রমাদায় বৈষ্ণবঃ।
ধারয়েৎ সর্ব্ববর্ণানাং হরিসালোক্যসিদ্ধয়ে ॥ ৪৮ ॥

অনুবাদ—অনন্তর তপ্তমুদ্রা ধারণ নিত্যতা, বায়ু-পুরাণে—বিষ্ণুভক্তগণ অগ্নিদ্বারাই সম্যক্ তপ্তচক্র লইয়া ধারণ করাইবেন—সর্ব্ববর্ণের জনগণের শ্রীহরির সালোক্য মুক্তি সিদ্ধির জন্য ॥ ৪৮ ॥

টীকা—তত্রাদৌ ধারয়েদিত্যাদি-বিধিবশান্নিত্যতাং লিখতি—অগ্নিনৈবেতি দশভিঃ। সর্ব্ববর্ণানাং মধ্যে যো বৈষ্ণবঃ, স ধারয়েৎ, বৈষ্ণবস্যৈব তদ্ধারণ-প্রাধান্যাৎ। তথা চাগ্রে লেখ্যম্—'বৈষ্ণবত্বস্য সিদ্ধার্থম্' ইত্যাদি। যদ্বা, সর্ব্ববর্ণানাং যা হরি-সালোক্যাদিসিদ্ধিস্তদর্থম্। তথাপি সর্ব্ববর্ণানাং তদ্ধা-রণমাম্নাতমেবেতি দিক্॥ ৪৮॥

ব্রহ্মাণ্ডে—

কৃত্বা ধাতুময়ীং মুদ্রাং তাপয়িত্বা স্বকাং তনুম্।
চক্রাদিচিহ্নিতাং ভূপ ধারয়েদ্বৈষ্ণবো নরঃ॥ ৪৯॥

অনুবাদ—ব্রহ্মাণ্ডপুরাণে—হে রাজন্! ধাতুময়ী মুদ্রা শঙ্খ-চক্রাদি ছাপ উত্তপ্ত করিয়া বৈষ্ণবগণ নিজদেহকে চক্রাদিচিহ্নিত করাইবেন॥ ৪৯॥

অথ চক্রনির্ম্মাণম্

নারদীয়পঞ্চরাত্রে—

দ্বাদশারন্তু ষট্‌কোণং বলয়ত্রয়সংযুতম্।
হরেঃ সুদর্শনং তপ্তং ধারয়েত্তদ্বিচক্ষণঃ॥ ৫০॥

অনুবাদ—অনন্তর চক্রনির্ম্মাণ, নারদীয় পঞ্চরাত্রে—দ্বাদশার ষট্‌কোণ বলয়ত্রয়যুক্ত শ্রীহরির সুদর্শনা-কৃতি তপ্তমুদ্রা বিচক্ষণ ব্যক্তি ধারণ করিবেন॥ ৫০॥

অথ সৌপর্ণে চ ভগবদ্‌গরুড়-সংবাদে
তপ্তমুদ্রা-প্রকরণে—

গরুত্মন্নবিশেষেণ সর্ব্ববর্ণেষ্বয়ং বিধিঃ।
বিপ্রো বা ক্ষত্রিয়ো বাপি বৈশ্যঃ শূদ্রস্তথৈব চ॥৫১॥

অনুবাদ—অনন্তর গরুড়পুরাণেও ভগবান ও গরুড়-সংবাদে তপ্তমুদ্রা প্রকরণে—হে গরুড়! সাধা-রণ ভাবে সর্ব্ববর্ণে এই বিধি—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র মধ্যে তপ্ত চক্রধারণ॥ ৫১॥

টীকা—তত্র চ ব্রাহ্মণস্য গাত্রে দোষাদিদং ব্রাহ্মণে-তরবর্ণবিষয়কমিতি ন শঙ্কনীয়ম্। সৌপর্ণাদৌ তস্যাপি স্পষ্টমুক্তত্বাদিতি লিখতি—গরুত্মন্নিতি সপ্তভিঃ॥ ৫১॥

পাদ্মে—

অগ্নিহোত্রং যথা নিত্যং বেদস্যাধ্যয়নং যথা।
ব্রাহ্মণস্য তথৈবেদং তপ্তচক্রাদিধারণম্॥ ৫২॥

অনুবাদ—পদ্মপুরাণে—অগ্নিহোত্র যেমন নিত্য কর্ম্ম, বেদ অধ্যয়ন যেমন নিত্য কর্ম্ম ব্রাহ্মণের সম্বন্ধে, সেইরূপ এই তপ্তচক্রাদি ধারণ করাও কর্ত্তব্য॥৫২॥

কিঞ্চ তত্রৈবোত্তরখণ্ডে শ্রীশিব-উমা-সংবাদে—

শঙ্খচক্রাঙ্কনং কুর্য্যাদ্‌ব্রাহ্মণো বাহুমূলয়োঃ।
হুতাগ্নিনৈব সন্তপ্য সর্ব্বপাপাপনুত্তয়ে॥ ৫৩॥

অনুবাদ—আরও—পদ্মপুরাণে উত্তরখণ্ডে শ্রীশিব উমা-সংবাদে—সর্ব্বপাপ নিবৃত্তির জন্য হোমাগ্নি দ্বারাই উত্তপ্ত করিয়া ব্রাহ্মণ বাহুমূলে শঙ্খ-চক্র অঙ্কন করিবে॥ ৫৩॥

চক্রং বা শঙ্খচক্রে বা তথা পঞ্চায়ুধানি বা।
ধারয়িত্বৈব বিধিবদ্‌ব্রহ্মকর্ম্ম সমারভেৎ॥ ৫৪॥

অনুবাদ—চক্র বা শঙ্খচক্র উভয় বা শ্রীবিষ্ণুর পঞ্চ আয়ুধ ধারণ করিয়াই বিধিবৎ বৈদিককর্ম্ম আরম্ভ করিবেন॥ ৫৪॥

কিঞ্চ তৎপ্রসঙ্গ এব—

অধৃত্বা বিধিনা চক্রং ব্রাহ্মণঃ প্রাকৃতো ভবেৎ॥৫৫॥

অনুবাদ—আরও—সেইপ্রসঙ্গে বিধিপূর্ব্বক চক্র-চিহ্ন ধারণ না করিলে ব্রাহ্মণ প্রাকৃত (কনিষ্ঠ) হইবেন॥ ৫৫॥

কিঞ্চ—

ন তস্য কিঞ্চিদশ্নীয়াদপি কৃত্য-সহস্রিণঃ।
সর্ব্ববেদবিদো বাপি সর্ব্বশাস্ত্রবিশারদঃ।
অধৃত্বা বিধিনা চক্রং ব্রাহ্মণঃ পতিতো ভবেৎ॥৫৬॥

অনুবাদ—আরও—সহস্র আচার পালন করিলেও, সর্ব্ববেদবিদ হইলেও বা সর্ব্বশাস্ত্র বিশারদ হইলেও তাহার হস্তে কিঞ্চিৎমাত্রও ভোজন করিবে না, কারণ

বিধিপূর্ব্বক চক্রধারণ না করিলে ব্রাহ্মণ পতিত হয় ॥ ৫৬ ॥

টীকা—সর্ব্ববেদবিদপি ॥ ৫৬ ॥

কিঞ্চ—

তপ্তেনৈবাঙ্কনং কুর্য্যাদ্ব্রাহ্মণস্য বিধানতঃ।
শ্রৌতস্মার্ত্তাদিসিদ্ধ্যর্থং মন্ত্রসিদ্ধ্যৈ তথৈব চ ॥ ৫৭॥

অনুবাদ—আরও—শ্রৌত ও স্মার্ত্ত কার্য্য সিদ্ধির জন্য এবং মন্ত্র সিদ্ধির জন্য বিধান অনুসারে ব্রাহ্মণ তপ্তচক্র দ্বারাই দেহে অঙ্কন করিবেন ॥ ৫৭ ॥

টীকা—শ্রৌতাদিকর্ম্মসিদ্ধয়ে ॥ ৫৭ ॥

হরেঃ পূজাধিকারার্থং চক্রং ধার্য্যং বিধানতঃ।
বৈষ্ণবত্বস্য সিদ্ধ্যর্থং ভক্তিসিদ্ধ্যৈ বিশেষতঃ ॥ ৫৮ ॥

অনুবাদ—শ্রীহরির পূজায় অধিকার পাইবার জন্য বিধিপূর্ব্বক চক্র চিহ্ন ধারণ করিবে, বৈষ্ণব সিদ্ধির জন্য, বিশেষতঃ ভক্তিসিদ্ধির জন্য চক্রচিহ্ন ধারণ করিবে ॥ ৫৮ ॥

কিঞ্চ—

উপবীতাদিবদ্ধার্য্যাঃ শঙ্খচক্রাদয়স্তথা।
ব্রাহ্মণস্য বিশেষেণ বৈষ্ণবস্য বিশেষতঃ ॥ ৫৯ ॥

অনুবাদ—আরও—শঙ্খচক্রাদি চিহ্ন উপবীতবৎ সর্ব্বক্ষণ ধারণ কর্ত্তব্য। বিশেষতঃ ব্রাহ্মণ ও বৈষ্ণবের পক্ষে এই বিধি ॥ ৫৯ ॥

টীকা—ব্রাহ্মণস্য ধার্য্যা ভবন্তি, তেন ধার্য্যা ইত্যর্থঃ, এবং বৈষ্ণবস্যেতি চ ॥ ৫৯ ॥

শ্রুতয়শ্চ (শ্রীসুদর্শ)—

যো হ বৈ সুশ্লোকমৌলের্ধর্ম্মান-
নুতিষ্ঠমানোঽগ্নিনা চক্রং ধত্তে,
অগ্নির্ব্বৈ সহস্রারঃ সহস্রারো নেমির্নেমিনা
তপ্ততনুঃ সাযুজ্যং সলোকতামাপ্নোতীতি ॥ ৬০ ॥

অনুবাদ—শ্রুতিগণ, শ্রীসুদর্শন উপনিষৎ—যিনি উত্তমশ্লোক শিরোমণি শ্রীকৃষ্ণের ভক্তিধর্ম্ম অনুষ্ঠানকারী অগ্নিদ্বারা উত্তপ্ত চক্রচিহ্ন ধারণ করেন। অগ্নি প্রসিদ্ধ পাবন সহস্রার পরম পাবন সুদর্শন নেমি, নেমি দ্বারা তপ্তদেহ করিলে তিনি সালোক্য মুক্তিলাভ করেন ॥ ৬০ ॥

টীকা—যঃ অগ্নিনা বিশিষ্টং চক্রং ধত্তে, স সাযুজ্যং নিত্যং সংযোগরূপাং সলোকতাং সালোক্যং প্রাপ্নোতি। তত্র চাগ্নিসম্বন্ধেন ন কোঽপি দোষোঽথচ গুণ এবেতি দর্শয়ন্ত্যোঽগ্নিতপ্তচক্রধারণপ্রকারমেবাহুঃ—অগ্নিরিতি। সহস্রারঃ চক্রম্, অগ্নিঃ পাবনঃ চক্রং পরমপাবনং, তয়োশ্চাভিন্নত্বম্, অতো দোষাভাবো গুণশ্চাতিমহানিতি ভাবঃ। ননু চক্রৈকদেশেনৈব তন্মুদ্রাধারণং সত্যং, সোঽপি চক্রাদভিন্ন এবেত্যাহুঃ—সহস্রারো নেমিঃ, চক্রান্তভাগোঽপি চক্রমেবেত্যর্থঃ ॥৬০

চক্রং বিভর্ত্তি বপুষাভিতপ্তং
বলং দেবানামমৃতস্য বিষ্ণোঃ।
স এতি নাকং দুরিতং বিধূয়
বিশন্তি যদ্যতয়ো বীতরাগাঃ ॥ ইতি ॥ ৬১ ॥

অনুবাদ—অমৃতস্বরূপ শ্রীবিষ্ণুর চক্র দেব ও ভক্তগণের রক্ষক, তপ্ত চক্রচিহ্ন যিনি দেহে ধারণ করেন, তিনি পাপমুক্ত হইয়া স্বর্গগামী হন, যেখানে রাগহীন যতিগণ বাস করেন ॥ ৬১ ॥

টীকা—দেবানাং বলং রক্ষকমিত্যর্থঃ, ন বিদ্যতে অকং দুঃখং যত্র তৎ পরমপদমিত্যর্থঃ ॥ ৬১ ॥

ঋক্‌পরিশিষ্টে—

অতপ্ততনুর্ন তদামো অশ্নুতেঽশ্নুতা
সহ ইদ্বহন্তস্তৎ সমাসতেতি যজুঃ ॥ ৬২ ॥

অনুবাদ—ঋক্‌বেদীয় পরিশিষ্টে—যাহারা তপ্তচক্র ধারণ করে না, তাহারা অজ্ঞ, অতএব অপ্রাকৃত ধাম লাভ করে না, যাঁহারা তপ্তমুদ্রা ধারণ করেন, তাহারা পরমপদ লাভকারীগণের সহিত সুখে বাস করেন ॥ ৬২ ॥

টীকা—অতপ্ততনুরিতি কৃচিদ্দীর্ঘান্তপাঠোঽপি ততশ্চ ছান্দসঃ। অতপ্ততনুত্বাদেব আমঃ অপকঃ বালবুদ্ধিরিত্যর্থঃ। অতস্তৎ অনির্ব্বচনীয়ং পদং নাশ্নুতে ন প্রাপ্নোতি। ইৎ, ইতি। বহন্তঃ তপ্তমুদ্রাং

ধারয়ন্তঃ, তৎ পরমং পদম্, অশ্নুতা সহিতে ছান্দসঃ, অশ্নুবানাঃ সম্যক্ আসত, সুখং বর্ত্তন্তে স্ম। শম্ ইতি পৃথক্ পাঠে তৎ বিষ্ণুচিহ্নং সুদর্শনং বহন্তঃ, শং মঙ্গলং যথা স্যাত্তথা আসত। শৃতা সহ ইতি পাঠে ছান্দসমেব। শৃতাঃ পরিতপ্তাঃ সন্ত ইত্যর্থঃ ॥ ৬২ ॥

ঋগ্বেদীয়াশ্বলায়নশাখায়াঞ্চ—

প্রতদ্বিষ্ণোরব্জচক্রে সুতপ্তে
জন্মাম্ভোধিং বর্ত্ততে চর্ষণীন্দ্রাঃ।
মূলে বাহ্বোর্দধতেঽন্যে পুরাণা
লিঙ্গান্যন্যে তপ্তায়ুধান্যর্পয়ন্তি ॥ ইতি ॥ ৬৩ ॥

অনুবাদ—ঋগ্বেদীয় আশ্বলায়ন শাখাতে—প্রসিদ্ধ বিষ্ণুর সুতপ্ত পদ্ম ও চক্র যাহারা বাহুমূলে ধারণ করেন, তাহারা সংসার-সমুদ্র উত্তীর্ণ হইয়া পরম সাধুতা লাভ করেন, তাহারা জীবন্মুক্ত, তাহারা প্রাচীন। অন্যে কেহ কেহ শ্রীবিষ্ণুরগদা প্রভৃতি পঞ্চ আয়ুধ শরীরে ধারণ করেন ॥ ৬৩ ॥

টীকা—প্রতস্য প্রকর্ষেণ প্রসিদ্ধস্য বিষ্ণোঃ। প্রতে ইতি পাঠে অব্জচক্রবিশেষণম্। অর্থশ্চ তথৈব। যদ্বা, প্রযতে পবিত্রে ইত্যর্থঃ। জন্মাম্ভোধিং লক্ষ্মীকৃত্য যো বর্ত্ততে, যে চর্ষণীন্দ্রা পরমসাধুজনাঃ, ছন্দোভঙ্গভয়াদেকবচনং, যদ্বা, সংসারীত্যর্থঃ। যে চ চর্ষণীন্দ্রাঃ জীবন্মুক্তাঃ, তে সর্ব্বে এব পুরাণাঃ পুরাতনাঃ, বাহ্বোর্মূলে অব্জচক্রে দ্বে দধতে। অন্যে কেচিচ্চ লিঙ্গানি বিষ্ণোশ্চিহ্নানি আয়ুধানি গদাদীন্যপি সর্ব্বাণ্যেব অর্পয়ন্তি গাত্রেষু ধারয়ন্তীত্যর্থঃ ॥ ৬৩ ॥

ছন্দোগপরিশিষ্টে—

স হোবাচ যাজ্ঞবল্ক্যস্তৎ-
পুমানাত্মহিতায় প্রেম্ণা হরিং ভজেৎ।
সুশ্লোকমৌলের্ধর্ম্মাণ্যঙ্গেষ্বগ্নিনা
ধত্তে ইতি শাতাতপী শ্রুতিঃ ॥ ৬৪ ॥

অনুবাদ—ছন্দোগ সামবেদীয় পরিশিষ্টে—প্রসিদ্ধ যাজ্ঞবল্ক্য ঋষি বলিলেন—সুকৃতী ব্যক্তি আত্মমঙ্গলকামী প্রেমভক্তিসহ শ্রীহরিকে ভজন করিবেন। উত্তমশ্লোক শিরোমণি শ্রীভগবানের ধর্ম্মপালন চিহ্ন তপ্তচক্রাদি অঙ্গে ধারণ করেন—ইহা শাতাতপী স্তুতি ॥ ৬৪ ॥

টীকা—প্রেম্ণা ভজনলক্ষণমেবাহ—সুশ্লোকেতি। ধর্ম্মাণি চিহ্নানি চক্রাদীনি ॥ ৬৪ ॥

অথর্ব্বপরিশিষ্টে তপ্তচক্রাদিপ্রকরণে—

দেবাসো যত্র বিততেন বাহুনা
সুদর্শনেন প্রযতাঃ স্বর্গমায়ন্।
যেনাঙ্কিতা মনবো লোকসৃষ্টিং
বিতন্বতে ব্রাহ্মণাস্তদ্বহন্তি ॥ ৬৫ ॥

অনুবাদ—অথর্বপরিশিষ্টে তপ্তচক্রাদি প্রকরণে—দীপ্তিমান সাধুগণ যে স্থানে বাহুমূলে সুতপ্ত সুদর্শন-চক্রচিহ্ন ধারণ ফলে অপ্রাকৃত ধামে আগমন করেন, যে সুদর্শন চিহ্ন ধারণ করিয়া মনুগণ লোকসৃষ্টি বিস্তার করেন, ব্রাহ্মণগণ তাহা ধারণ করেন ॥ ৬৫ ॥

টীকা—দেবাস ইতি ছান্দসঃ, দেবাঃ সন্তঃ দীব্যন্তঃ সন্তো বেত্যর্থঃ। আয়ন্ আগতাঃ, তৎ সুদর্শনম্ ॥৬৫॥

পাদ্মে শ্রীশিবেন তপ্তমুদ্রাপ্রসঙ্গে—

বিষ্ণুচক্রাঙ্কিতং বিপ্রং পূজয়েৎ সর্ব্বকর্ম্মণি।
বিষ্ণুচক্রবিহীনন্তু প্রযত্নেন বিবর্জ্জয়েৎ ॥ ৬৬ ॥

অনুবাদ—পদ্মপুরাণে তপ্তমুদ্রা-ধারণ-প্রসঙ্গে শ্রীশিবের উক্তি—সুদর্শন চক্রাঙ্কিত বিপ্রকে সর্ব্বকর্ম্মে পূজা করিবে। বিষ্ণুচক্র বিহীন ব্যক্তিকে যত্নসহকারে সৎকর্ম্মের দূরে রাখিবে ॥ ৬৬ ॥

টীকা—এবং বিবিধবচনসিদ্ধং নিত্যত্বং তদ্ধারণপ্রাশস্ত্যাদিনা প্রদর্শ্যিত্বা, ইদানীম-করণপ্রত্যবায়দ্বারা সাধয়তি বিষ্ণিতি। সর্ব্বকর্ম্মাণি শ্রাদ্ধাদৌ ॥ ৬৬ ॥

নারদীয়ে তপ্তমুদ্রাপ্রসঙ্গে—

শ্রীকৃষ্ণচক্রাঙ্কবিহীনগাত্রঃ
শ্মশানতুল্যঃ পুরুষোঽথ নারী।
দৃষ্ট্বা নরস্তং নৃপতে সবাসাঃ
স্নাত্বা সমর্চ্চেদ্ধরিমঙ্গ সদ্যঃ ॥ ইতি ॥ ৬৭ ॥

অনুবাদ—নারদীয়পুরাণে তপ্তমুদ্রা প্রসঙ্গে—

শ্রীকৃষ্ণ চক্রচিহ্ন বিহীন পুরুষ বা নারীর গাত্র শ্মশান তুল্য, হে রাজন্! হে অঙ্গ! ঐ ব্যক্তিকে দেখিলে বস্ত্রসহ স্নান করিয়া সদ্য শ্রীহরির অর্চ্চন করিবে ॥ ৬৭ ॥

টীকা—অঙ্গ ভো নৃপতে, সদ্যঃ সবাসাঃ স্নাত্বা হরিং সম্যগর্চ্চয়েৎ ॥ ৬৭ ॥

বহ্ব্যশ্চ বেঙ্কটাচার্য্যপাদপ্রভৃতিভির্বুধৈঃ ।
শ্রুতয়ঃ স্মৃতয়োঽপ্যত্র বিখ্যাতা লিখিতাঃ পরাঃ ॥৬৮

অনুবাদ—এই প্রসঙ্গে শ্রীরামানুজাচার্য্য সম্প্রদায়ী সুপ্রসিদ্ধ মুখ্যতম বেঙ্কটাচার্য্য পাদ প্রভৃতি পণ্ডিতগণ আরও বহু শ্রুতি-স্মৃতিবাক্য প্রমাণরূপে উদ্ধার করিয়াছেন ॥ ৬৮ ॥

টীকা—বেঙ্কটাচার্য্যপাদাঃ শ্রীবৈষ্ণবসম্প্রদায়িনো মুখ্যতমাস্তদাদিভিঃ বুধৈঃ শ্রুতিস্মৃত্যভিজ্ঞৈঃ। অত্র তপ্তমুদ্রাধারণপ্রকরণে বহ্ব্যঃ বহুলাশ্চ পরা লিখিতাঃ। বিখ্যাতা ইতি প্রসিদ্ধতয়াত্র ন সংগৃহীতা ইতি ভাবঃ ॥ ৬৮ ॥

অথ তদনাদরদোষাঃ

পাদ্মে—

তপ্তচক্রাঙ্কিতং দৃষ্ট্বা যে নিন্দন্তি নরাধমাঃ ।
অবলোক্য মুখং তেষামাদিত্যমবলোকয়েৎ ॥ ৬৯ ॥

অনুবাদ—অনন্তর তদনাদরে দোষ সকল পদ্মপুরাণে—তপ্তচক্র চিহ্নিত বৈষ্ণবকে দেখিয়া যে সকল নরাধম নিন্দা করে, তাহাদের মুখ দেখিলে সূর্য্য দর্শন করিয়া শুদ্ধ হইবে ॥ ৬৯ ।

টীকা—এবমবশ্যকর্ত্তব্যত্বে সিদ্ধেপ্যজ্ঞানাৎ তন্নিন্দকাদীনাং দোষং দর্শয়ন্ নিত্যতামেব সাধয়তি—তপ্তেত্যাদিত্রিভিঃ ॥ ৬৯ ॥

অগ্নিপুরাণে চ দশরথহতপুত্র-বিপ্রবিলাপে—

শিলাবুদ্ধিঃ কৃতা কিংবা প্রতিমায়াং হরের্ময়া ।
কিং ময়া পথি দৃষ্টস্য বিষ্ণুভক্তস্য কর্হিচিৎ ॥৭০॥
তন্মুদ্রাঙ্কিতদেহস্য চেতসা নাদরঃ কৃতঃ ।
যেন কর্ম্ম-বিপাকেন পুত্রশোকো মমেদৃশঃ ॥ ৭১ ॥

অনুবাদ—অগ্নিপুরাণেও—দশরথ কর্ত্তৃক হতপুত্র বিপ্রবিলাপে অন্ধমুনি বলিতেছেন—শ্রীহরির প্রতিমাতে শিলাবুদ্ধি করা হইয়াছিল কি? অথবা, পথে কোন বিষ্ণুভক্তকে দেখিয়া তাহার চক্রাদি চিহ্নিত দেহের মনে মনে আদর করা হয় নাই, যে কর্ম্মের কুফলে আমার এইরূপ পুত্রশোক হইল ॥ ৭০-৭১॥

টীকা—দশরথেন হতঃ পুত্রঃ শ্রবণনামা যস্য তস্য বিপ্রস্য বিলাপে। অত্রেয়মাখ্যায়িকা—'শব্দবেধিনা রাজ্ঞা দশরথেন হস্তিবুদ্ধ্যা দূরাৎ বিদ্ধে শ্রবণে তদ্বচনাজ্জলকুম্ভমাদায়ান্ধয়োস্তৎপিত্রোরন্তিকং তূষ্ণীং গতে রাজ্ঞি 'হা শ্রবণ! কথং বিলম্বিতঃ? কথঞ্চ ন বদসি? ইত্যাদি সকরুণং ভাষমাণে পিতরি দশরথোঽহং ত্বৎপুত্রহন্তেতি রাজ্ঞো বচনমাকর্ণ্য বিমুহ্য চিরাৎ সংজ্ঞাং লব্ধ্বা বিপ্রোঽসৌ বহু বিললপি।' ইত্যাদি ॥ ৭০-৭১ ॥

অথ তপ্তমুদ্রাধারণমাহাত্ম্যম্

সৌপর্ণে—

অশুচির্বাপ্যনাচারঃ সর্ব্বধর্ম্ম-বহিষ্কৃতঃ ।
প্রতপ্তশঙ্খচক্রাভ্যামঙ্কিতঃ পঙ্‌ক্তিপাবনঃ ॥ ৭২ ॥

অনুবাদ—অনন্তর তপ্তমুদ্রা ধারণ মাহাত্ম্য গরুড়পুরাণে—অপবিত্র বা অনাচারী সর্ব্বধর্ম্ম হইতে বহিষ্কৃত ব্যক্তিও তপ্ত শঙ্খ-চক্র-চিহ্নিত গাত্র হইলে তিনি পংক্তিপাবন যোগ্য ॥ ৭২ ॥

বারাহে তপ্তমুদ্রাধারণ-প্রসঙ্গে—

ম্লেচ্ছদেশে শুভে বাপি চক্রাঙ্কো যত্র তিষ্ঠতি ।
যোজনানি তথা ত্রীণি মম ক্ষেত্রং বসুন্ধরে ॥ ৭৩ ॥

অনুবাদ—বরাহপুরাণে তপ্তমুদ্রা ধারণ প্রসঙ্গে—হে পৃথিবী দেবি! ম্লেচ্ছদেশে বা পবিত্র দেশে চক্রাঙ্কিত ব্যক্তি যে স্থানে বাস করেন, সেইস্থান তিনযোজন পরিমিত আমার ক্ষেত্র জানিবে ॥ ৭৩ ॥

ব্রহ্মাণ্ডে—

আয়ুধৈর্বৈষ্ণবৈঃ সর্ব্বৈস্তাপিতৈঃ স্বতনুং যদি ।
চিহ্নয়েদ্বৈষ্ণবো যস্তু স যাতি পরমাং গতিম্ ॥ ৭৪ ॥

অনুবাদ—ব্রহ্মাণ্ডপুরাণে—কোন বৈষ্ণব যদি নিজ দেহকে শ্রীবিষ্ণুর চক্রাদি সকল অস্ত্রকে তপ্ত করিয়া তদ্দ্বারা চিহ্নিত করেন, তিনি পরমগতি শ্রীবিষ্ণুধামে গমন করেন ॥ ৭৪ ॥

পাদ্মে চ তত্রৈব—

অগ্নিতপ্তং পবিত্রঞ্চ ধৃত্বা বৈ বাহুমূলয়োঃ।
ত্যক্ত্বা যমপুরং ঘোরং যান্তি বিষ্ণোঃ পরং পদম্ ॥৭৫

অনুবাদ—পদ্মপুরাণেও ঐ প্রসঙ্গে—শ্রীবিষ্ণুর পবিত্র শঙ্খচক্রকে অগ্নিতপ্ত করিয়া যাহারা দুই বাহু-মূলে ধারণ করেন, তাহারা ভয়ঙ্কর যমপুরী ত্যাগ করিয়া শ্রীবিষ্ণুর পরমপদ শ্রীবৈকুণ্ঠে গমন করেন ॥৭৫

টীকা—পবিত্রম্ চক্রম্ ॥ ৭৫ ॥

হুতাগ্নিতপ্তচক্রেণ শরীরং যস্য চিহ্নিতম্।
তেন তীর্থানি যজ্ঞাশ্চ লভ্যন্তে নাত্র সংশয়ঃ ॥ ৭৬ ॥

অনুবাদ—হোমাগ্নিতে তপ্তচক্র দ্বারা যাহার শরীর অঙ্কিত হইয়াছে, তিনি সকল তীর্থস্নানের ফল ও সকল যজ্ঞের ফল প্রাপ্ত হইয়াছেন ইহাতে সংশয় নাই ॥ ৭৬ ॥

টীকা—হুতেন কৃতহোমেনাগ্নিনা তপ্তং যচ্চক্রং তেন ॥ ৭৬ ॥

অগ্নিতপ্তেন চক্রেণ ব্রাহ্মণো বাহুমূলয়োঃ।
অঙ্কয়িত্বা জপেন্মন্ত্রং সংসারান্মোক্ষভাগ্ভবেৎ ॥ ৭৭ ॥

অনুবাদ—অগ্নিতপ্ত বিষ্ণুচক্রদ্বারা যে ব্রাহ্মণ বাহুমূলদ্বয়কে অঙ্কিত করিয়া মন্ত্রজপ করেন, তিনি এই সংসার হইতে মোক্ষভাগী হন ॥ ৭৭ ॥

অগ্নিতপ্তেন চক্রেণ বাহুমূলেষু লাঞ্ছিতাঃ।
তে সর্ব্বে পাপনির্ম্মুক্তা যান্তি বিষ্ণোঃ পরং পদম্ ॥৭৮

অনুবাদ—অগ্নিতপ্ত বিষ্ণুচক্রদ্বারা বাহুমূলে যাহারা চিহ্নিত করেন, তাহারা সকলে নিঃশেষে পাপমুক্ত হইয়া শ্রীবিষ্ণুর পরমধাম বৈকুণ্ঠে গমন করেন ॥ ৭৮

কিঞ্চ—

অপ্রাকৃতমহাত্মানো বিষ্ণুচক্রেণ লাঞ্ছিতাঃ।
বিষ্ণুচক্রবিহীনাস্তু প্রাকৃতাঃ পতিতাঃ স্মৃতাঃ ॥
ইতি ॥ ৭৯ ॥

অনুবাদ—আরও—বিষ্ণুচক্র দ্বারা চিহ্নিত ব্যক্তি-গণ অপ্রাকৃত মহাত্মা, কিন্তু বিষ্ণুচক্র বিহীনগণ প্রাকৃত ও পতিত—ইহা শাস্ত্র প্রসিদ্ধ ॥ ৭৯ ॥

টীকা—অপ্রাকৃতা ইতি বিষ্ণুচক্রচিহ্নধারিণঃ প্রাকৃতা অপি অপ্রাকৃতা মহাত্মানঃ এব, তদ্রহিতাস্তু অপ্রাকৃতা অপি প্রাকৃতাঃ পতিত দুষ্টা এব স্মৃতা ইত্যর্থঃ ॥ ৭৫ ॥

ইত্থং নিষেধবচনং নির্ম্মূলং সদনাদৃতম্।
সমূলং যচ্চ তৎ সম্যগ্বিধ্যভাবাদিতৎপরম্ ॥৮০॥

অনুবাদ—তপ্তমুদ্রা ধারণ বিষয়ে নিষেধ বাক্য-সমূহ স্মার্ত্তব্যক্তিগণের মুখ হইতে শুনা যায়, অত-এব ইহা নির্ম্মূল, শ্রুতিস্মৃতি-পুরাণ-ইতিহাসাদিপুরা-তন গ্রন্থে কোথাও নিষেধ নাই। যদি কোথাও দেখা যায় তাহা প্রক্ষিপ্ত অতএব উপেক্ষণীয় ॥ ৮০ ॥

টীকা—এবং সর্ব্বথা তপ্তমুদ্রাধারণং নিশ্চিত্য তদ্বিরুদ্ধবচনং যুক্ত্যা পরিহরতি—ইত্থমিতি, লিখিত-প্রকারেণ। নিষেধবচনং তপ্তমুদ্রাধারণনিষেধবাক্যং স্মার্ত্তমুখশ্রূয়মাণং নির্ম্মূলমেব, শ্রুতি-স্মৃতিপুরাণেতি-হাসাদিপুরাতনগ্রন্থেষু কুত্রাপ্যবিদ্যমানত্বাৎ। ননু কুত্রাপি দৃশ্যতে ইতি চেত্তর্হি দুষ্টস্মার্ত্তবঞ্চককল্পিতমেবে-ত্যুপেক্ষণীয়মিতি লিখতি—সদ্ভিরানদৃতম্ উপেক্ষিতম্। 'পতিব্রতা যা ন করোতি জারং, তাং ব্যাধিযোনিং নিয়তং বিজহ্যাৎ' ইত্যাদিবদুন্মত্তভাষিত্বাৎ। ননু, 'বজ্রচক্রধরাদীনি নিজাঙ্গেষু' দ্বিজোত্তম। নিত্যং সংধারয়িষ্যন্তি পাষণ্ডোপহতাঃ কলৌ ॥' ইতি ব্রহ্ম-গীতায়াং প্রসিদ্ধং বচনম্। অত্র লিখতি—সমূলমিতি। যচ্চ বচনং শাস্ত্রবিরুদ্ধং, তৎ সম্যক্ সমগ্রো যো বিধিঃ তপ্তমুদ্রাধারণপ্রকারস্তস্য অভাবো হানিঃ, আদি-শব্দাদবৈষ্ণবাশ্চ, তত্তৎপরং তদ্বিষয়কং জ্ঞেয়-মিত্যর্থঃ। অয়ং ভাবঃ—ব্রহ্মসংহিতায়াং বজ্রসমভি-ব্যাহৃতত্বাৎ বজ্রেণ সহিতানাং চক্রাদীনাং ধারণং দূষিতম্। এবমযথাবদ্ধারণবিষয়কমেব সমূলং

নিষেধবচনং জ্ঞেয়ম্। কুত্রাপি সমূলবচনে বিষয়ব্যবস্থাপি কল্প্যা, অশক্যায়াস্তু যদ্ব্যবস্থায়াং বৈষ্ণবাবৈষ্ণবভেদেনৈব ব্যবস্থা শ্রয়ণীয়া এবেতি দিক্ ॥ ৮০ ॥

অথ তপ্তমুদ্রাধারণবিধিঃ

তপ্তমুদ্রাধারণার্থমুপচারৈস্তু পঞ্চভিঃ।
কৃষ্ণমভ্যর্চ্চ্য সম্পূজ্য চক্রশঙ্খৌ তথা নমেৎ ॥ ৮১ ॥

অনুবাদ—অনন্তর তপ্তমুদ্রা ধারণবিধি—তপ্তমুদ্রা ধারণের নিমিত্ত গন্ধ পুষ্পাদি পঞ্চবিধ উপচার দ্বারা শ্রীকৃষ্ণকে পূজা করিয়া পঞ্চোপচারে চক্র ও শঙ্খকে পূজা করিয়া প্রণাম করিবে ॥ ৮১ ॥

টীকা—তথা তেনৈব প্রকারেণ চক্রশঙ্খৌ চ সংপূজ্য নমেৎ ॥ ৮১ ॥

অথ তত্র মন্ত্রঃ

সুদর্শন নমস্তেঽস্তু পাঞ্চজন্য নমোঽস্তু তে ॥
ইতি ॥ ৮২ ॥

অনুবাদ—অনন্তর প্রণামমন্ত্র—হে সুদর্শন! তোমাকে নমস্কার, হে পাঞ্চজন্য! তোমাকে নমস্কার ॥ ৮২ ॥

অগ্নিমভ্যর্চ্চ্য মূলেন হুত্বা চাজ্যাহুতীঃ কৃতী।
চক্রশঙ্খৌ গদাদীনি শস্ত্রাণ্যগ্নৌ প্রতাপয়েৎ ॥ ৮৩ ॥

অনুবাদ—অগ্নিকে অর্চ্চনা করিয়া মূলমন্ত্র দ্বারা হোম করিয়া কৃতী যথাশক্তি হোম করিয়া চক্র, শঙ্খ ও গদাদি শস্ত্রসমূহ অগ্নিতে উত্তপ্ত করিবে ॥ ৮৩ ॥

টীকা—মূলেন নিজমন্ত্রেণ আজ্যাহুতীর্য্যথাশক্তি হুত্বা ॥ ৮৩ ॥

তত্তন্মন্ত্রৈরথাবাহ্য তান্যভ্যর্চ্চ্য প্রণম্য চ।
গুরুং কৃষ্ণঞ্চ সংবন্দ্য ভক্ত্যা বিজ্ঞাপয়েদিদম্ ॥৮৪॥

অনুবাদ—অস্ত্রাদির নিজ নিজ মন্ত্রে আবাহন করিয়া তাহাদের অর্চ্চনার পর প্রণাম করিয়া শ্রীগুরুদেবকে ও শ্রীকৃষ্ণকে বন্দনা করিয়া বিজ্ঞাপন করিবে ॥ ৮৪ ॥

টীকা—তানি চক্রাদীনি সংবন্দ্য প্রণম্য ॥ ৮৪ ॥

উচ্ছিষ্টভোজনাদেব কিঙ্করঃ শরণাগতঃ।
তপ্তচক্রদরাদীনি তবাঙ্কানীশ ধারয়ে ॥ ইতি ॥ ৮৫ ॥

অনুবাদ—আপনার প্রসাদভোজী কিঙ্কর শরণাগত, হে ঈশ! তোমার তপ্তচক্র-শঙ্খাদি তোমার চিহ্নসমূহ ধারণ করিব ॥ ৮৫ ॥

অথ চক্রাদীনামাবাহনমন্ত্রাঃ

ওঁ নমো ভগবতে সুদর্শনায় নির্ণাশিত-সকলরিপুধ্বজায় ভগবন্নারায়ণকরাম্ভোরুহস্পর্শদুর্ললিতায় ॥৮৬॥

অনুবাদ—অনন্তর চক্রাদির আবাহন মন্ত্র—ভগবান্ সুদর্শন তোমাকে নমস্কার, নিঃশেষে সকল শত্রুবর্গকে নাশকারী, ভগবান নারায়ণের করকমলের স্পর্শে দুর্ল্ললিত ॥ ৮৬ ॥

এহ্যেহি ত্বং সহস্রার চক্ররাজ সুদর্শন।
যজ্ঞভাগং প্রগৃহ্যাস্ব পূজাঞ্চৈব নমো নমঃ ॥ ৮৭ ॥

অনুবাদ—তুমি সহস্র আর চক্ররাজ সুদর্শন, যজ্ঞভাগ ও পূজা গ্রহণ করুন, আসুন, আসুন, আপনাকে পুনঃ পুনঃ নমস্কার ॥ ৮৭ ॥

ওঁ নমো ভগবতে পাঞ্চজন্যায় বিষ্ণুশঙ্খায়,
গম্ভীরধীরধ্বন্যাকুলীকৃতকৌরববাহিনীনাথায়,
ত্রিরেখাদক্ষিণাবর্ত্তায় ত্রিপ্রশস্তায় ॥ ৮৮ ॥

অনুবাদ—ভগবান পাঞ্চজন্য বিষ্ণুশঙ্খ তোমাকে নমস্কার। যিনি গম্ভীর ধীর ধ্বনিদ্বারা কৌরববাহিনীনাথগণকে আকুলীকৃত করিয়াছেন, যিনি ত্রিরেখা, দক্ষিণাবর্ত্ত, ত্রিপ্রশস্ত তোমাকে নমস্কার ॥ ৮৮

এহ্যেহি পাঞ্চজন্য ত্বং নারায়ণকরস্থিত।
যজ্ঞভাগং প্রগৃহ্যাস্ব পূজাঞ্চৈব নমো নমঃ ॥ ৮৯ ॥

অনুবাদ—হে পাঞ্চজন্য! আপনি নারায়ণকরস্থিত, আসুন, আসুন, যজ্ঞভাগ ও পূজা গ্রহণ করুন, পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ৮৯ ॥

ওঁ রং গং মং নং পাঞ্চজন্যায় নমঃ ॥ ৯০ ॥

অনুবাদ—ওঁ পাঞ্চজন্য তোমাকে নমঃ ॥ ৯০ ॥

ওঁ ভগবতে খড়্গায় নন্দকায় ত্রৈলোক্যপাবিত্র্যায় সকলসুরাসুরসুন্দরীনেত্রোৎপলাঞ্চিতায় ॥ ৯১ ॥

অনুবাদ—ভগবান নন্দক-খড়্গ ত্রৈলোক্য পবিত্রকারী সকল সুর ও অসুরসুন্দরীগণের নেত্ররূপ পদ্মদ্বারা অঞ্চিত, আপনাকে নমস্কার ॥ ৯১ ॥

এহ্যেহি খড়্গরত্ন ত্বং নন্দকাখ্য সুরার্চ্চিত।
যজ্ঞভাগং প্রগৃহ্যাস্ব পূজাঞ্চৈব নমো নমঃ ॥ ৯২ ॥

অনুবাদ—হে খড়্গরত্ন তুমি নন্দক-নামক, দেববন্দিত, আসুন, আসুন। যজ্ঞভাগ ও পূজা গ্রহণ করুন, আপনাকে পুনঃ পুনঃ নমস্কার ॥ ৯২ ॥

ওঁ খড়্গায় নমঃ ॥ ৯৩ ॥

অনুবাদ—ওঁ খড়্গায় নমঃ ॥ ৯৩ ॥

ওঁ নমো ভগবত্যৈ কৌমোদক্যৈ গদায়ৈ দানবেন্দ্রনিসূদনায়ৈ ভগবদ্ভট্টারকবাসুদেবলালিতায়ৈ ॥ ৯৪ ॥

অনুবাদ—নমো ভগবতী কৌমোদকী গদা দানবেন্দ্র নিসূদন ভগবদ্ভট্টারক বাসুদেব লালিত, তোমাকে নমস্কার ॥ ৯৪ ॥

এহ্যেহি ত্বং গদে দেবি কৌমোদক্যায়ুধেশ্বরি।
যজ্ঞভাগং প্রগৃহ্যাস্ব পূজাঞ্চৈব নমো নমঃ ॥ ৯৫ ॥

অনুবাদ—আসুন, আসুন, তুমি গদাদেবি কৌমোদকী আয়ুধেশ্বরি। যজ্ঞভাগ ও পূজা গ্রহণ করুন, তোমায় পুনঃ পুনঃ নমস্কার ॥ ৯৫ ॥

ওঁ রং খং চং ফং সং গদায়ৈ নমঃ।
এবং পদ্মায় নমঃ, সশরায় শার্ঙ্গায় নমঃ ॥ইতি॥৯৬॥

অনুবাদ—ওঁ গদায়ৈ নমঃ। ঐরূপ পদ্মায় নমঃ, সশরায় শার্ঙ্গায় নমঃ ॥ ৯৬ ॥

অথ ধারণমন্ত্রঃ

সুদর্শন মহাজ্বাল সূর্য্যকোটিসমপ্রভ।
অজ্ঞানান্ধস্য মে নিত্যং বিষ্ণোর্মার্গং প্রদর্শয় ॥ ৯৭ ॥

অনুবাদ—অনন্তর ধারণমন্ত্র—হে সুদর্শন! মহাজ্বাল সূর্য্য-কোটি-সমপ্রভ। অজ্ঞানান্ধ আমাকে নিত্য বিষ্ণুর পথ প্রদর্শন কর ॥ ৯৭ ॥

তথা—
পাঞ্চজন্য নিজধ্বানধ্বস্তপাতকসঞ্চয়।
পাহি মাং পাপিনং ঘোরসংসারার্ণবপাতিনম্ ॥
ইতি ॥ ৯৮ ॥

অনুবাদ—ঐরূপ—হে পাঞ্চজন্য নিজ শব্দদ্বারা পাতকরাশি ধ্বংসকারী পাপী আমাকে ঘোর সংসার পতিতকে উদ্ধার করুন ॥ ৯৮ ॥

ইমমুচ্চারয়ন্মন্ত্রং দক্ষিণাদিক্রমেণ তু।
ভুজয়োশ্চক্রপূর্ব্বাণি কৃষ্ণশস্ত্রাণি ধারয়েৎ ॥ ৯৯ ॥

অনুবাদ—এই মন্ত্র উচ্চারণ করিতে করিতে প্রথমে দক্ষিণ অঙ্গে বাহুমূলে চক্র, ক্রমে বাম বাহুমূলে শঙ্খ কৃষ্ণশস্ত্রসমূহ ধারণ করিবে ॥ ৯৯ ॥

টীকা—ভুজয়োঃ বাহুমূলয়োঃ চক্রপূর্ব্বাণীতি প্রথমং চক্রং ধারয়েত্ততোঽন্যানি শঙ্খাদীনীত্যর্থঃ। তত্র চ দক্ষিণাদিক্রমেণ স্থিতি, আদৌ দক্ষিণবাহুমূলে, ততো বামবাহুমূলাদিষ্বিত্যর্থঃ। তদ্বিশেষশ্চাগ্রে শ্রীবারাহবচনতো ব্যক্তো ভাবি ॥ ৯৯ ॥

কলত্রাদি-পরীবারান্ নিজান্ সর্ব্বাংশ্চ বৈষ্ণবঃ।
ভগবত্যর্পয়ন্ তত্তন্মুদ্রাভিস্তাভিরঙ্কয়েৎ ॥ ১০০ ॥

অনুবাদ—বৈষ্ণব নিজ স্ত্রীপুত্র ভৃত্য প্রভৃতি

সকলকে শ্রীভগবচ্চরণে অর্পণ করিয়া তপ্তমুদ্রাদি দ্বারা তাহাদিগকে চিহ্নিত করিবেন ॥ ১০০ ॥

টীকা—ভগবতি শ্রীকৃষ্ণে অর্পয়ন্ তদীয়ত্বেন নিবেদয়ন্; তথা চৈকাদশস্কন্ধে (৩।২৮)—দারান্ সুতান্ গৃহান্ প্রাণান্ যৎ পরস্মৈ নিবেদনম্' ইতি। তত্র দারাদ্যর্পণঞ্চ যথাযথমূহ্যম্, তাভিঃ পূজিতচক্রাদিরূপাভিঃ ॥ ১০০ ॥

তথা চ বারাহে—

অঙ্কয়েত্তপ্তচক্রাদ্যৈরাত্মনো বাহুমূলয়োঃ।
কলত্রাপত্যভৃত্যেষু পশ্বাদিষু চ সম্পদি ॥ ১০১ ॥

অনুবাদ—সেইরূপ বরাহপুরাণে—নিজ দুই বাহুমূলে তপ্তচক্রাদি দ্বারা অঙ্কন করিবে এবং স্ত্রীপুত্র, ভৃত্য, পশু ও সম্পদকেও অঙ্কিত করিবে ॥ ১০১ ॥

কিঞ্চ—

আয়সং বিধিবৎ কৃত্বা পঞ্চায়ুধবিধানতঃ।
তত্তন্মন্ত্রেণ মন্ত্রজ্ঞঃ প্রতিষ্ঠাপ্য পৃথক্ পৃথক্ ॥ ১০২ ॥
ললাটে চ গদা ধার্য্যা মূর্দ্ধ্নি চাপং শরস্তথা।
নন্দকঞ্চৈব হৃন্মধ্যে শঙ্খচক্রে ভুজদ্বয়ে ॥ ১০৩ ॥

অনুবাদ—আরও—বিধিবৎ লৌহ দ্বারা পঞ্চ আয়ুধ নির্ম্মাণ করিয়া সেই সেই মন্ত্রদ্বারা মন্ত্রজ্ঞ ব্যক্তি পৃথক্ পৃথক্ স্থাপন পূর্ব্বক ললাটে গদা, মস্তকে ধনুক ও শর, খড়্গ হৃদয়মধ্যে, শঙ্খ ও চক্র বাহুদ্বয়ে ধারণ করিবে ॥ ১০২-১০৩ ॥

টীকা—আয়সং লোহময়ঞ্চক্রাদীতি শেষঃ, অয় উপলক্ষণং সৌবর্ণাদ্যপি, তচ্চাগ্রে ব্যক্তং ভাবিঃ। পঞ্চায়ুধানাং বিধানং নির্ম্মাণং ধারণপ্রকারো বা তেন ॥ ১০২ ॥

টীকা—চাপশরৌ মূর্দ্ধ্ন্যেকত্রৈব ধার্য্যাবিতি, তয়োঃ সহচারিত্বেনৈক্যাৎ পঞ্চায়ুধানি জ্ঞেয়ানি ॥ ১০৩ ॥

কিঞ্চ—

দক্ষিণে তু ভুজে বিপ্রো বিভৃয়াদ্বৈ সুদর্শনম্।
সব্যে চ শঙ্খং বিভৃয়াদিতি ব্রহ্মবিদো বিদুঃ ॥১০৪॥

অনুবাদ—আরও—বিপ্র দক্ষিণ বাহুতে সুদর্শনচক্র ধারণ করিবেন, বাম বাহুতে শঙ্খ ধারণ করিবেন—ইহা ব্রহ্মবিদগণ জানেন ॥ ১০৪ ॥

টীকা—ভুজদ্বয়ে শঙ্খচক্রে ধার্য্যে ইত্যুক্তং, তদেব বিবিচ্যাহ—দক্ষিণে ত্বিতি ॥ ১০৪ ॥

অথ চক্রাদি-প্রতিকৃতিদ্রব্যম্

নবপ্রশ্নপঞ্চরাত্রে—

সৌবর্ণং রাজতং তাম্রং কাংস্যমায়সমেব বা।
চক্রং কৃত্বা তু মেধাবী ধারয়েত বিচক্ষণঃ ॥
ইতি ॥ ১০৫ ॥

অনুবাদ - অনন্তর চক্রাদি প্রতিমা দ্রব্য নব প্রশ্ন পঞ্চরাত্রে—স্বর্ণ, রৌপ্য, তাম্র, কাংস্য অথবা লৌহ দ্বারা চক্র নির্ম্মাণ করিয়া বিচক্ষণ মেধাবী ধারণ করিবেন ॥ ১০৫ ॥

টীকা—দ্বারকায়াং ইতি তস্যাং চক্রতীর্থে চক্রপ্রভাববিশেষেণান্যতস্তন্মুদ্রাধারণমাহাত্ম্যবিশেষাৎ ॥১০৫

এবমেব প্রবোধন্যাং দ্বাদশ্যাং ভগবৎপরৈঃ।
তপ্তমুদ্রা ধ্রুবং ধার্য্যা দ্বারকায়াং বিশেষতঃ ॥১০৬॥

অনুবাদ—শ্রীভগবদ্ভক্তগণ কর্ত্তৃক এইরূপ উত্থান দ্বাদশীতেও তপ্তমুদ্রা নিশ্চিত ধারণ করিবেন, বিশেষতঃ দ্বারকাতে ॥ ১০৬ ॥

অথ শয়নীক্ষীরাব্ধিমহোৎসবঃ

ততো নীরাজ্য কৃষ্ণন্তু নরযানেন বৈষ্ণবঃ।
সমং গীতাদিঘোষেণ নয়েৎ পুণ্যং জলাশয়ম্ ॥১০৭॥

অনুবাদ—অনন্তর শয়নীএকাদশীতে ক্ষীরাব্ধি মহোৎসব—অনন্তর বৈষ্ণবগণ শ্রীকৃষ্ণকে আরতি করিয়া মনুষ্য বাহিত যানে আরোহণ করাইয়া গীতবাদ্যাদি সহ পবিত্র জলাশয়ে লইয়া যাইবে ॥ ১০৭ ॥

টীকা—ততস্তপ্তমুদ্রাধারণানন্তরং বৈষ্ণবৈঃ সমং নরযানেন শিবিকাদিনা জলাশয়ং সরোবরাদিকং নয়েৎ ॥ ১০৭ ॥

অথ পুষ্পাঞ্জলিং দত্ত্বা যানাদুত্তার্য্য চ প্রভুম্।
সম্প্রার্থ্য হস্তং দত্ত্বা চ তীরে সমুপবেশয়েৎ ॥ ১০৮ ॥

অনুবাদ—অতঃপর প্রভুকে পুষ্পাঞ্জলি দিয়া যান হইতে নামাইয়া প্রার্থনা করিয়া অঙ্গে হস্ত দিয়া জলাশয়ের তীরে বসাইবে ॥ ১০৮ ॥

টীকা—সংপ্রার্থ্য সুখসাবধানপাদন্যাসমাশাস্য ॥ ১০৮ ॥

ধৌতাঙ্ঘ্রিপানিরাচান্তঃ কৃত্বা সঙ্কল্পমাত্মনি।
দেবে চ ন্যাসমাচর্য্য স্নাপয়েত্তং যথাবিধি ॥ ১০৯ ॥

অনুবাদ—হস্তপদ ধৌত করিয়া আচমন পূর্ব্বক সঙ্কল্প করিয়া আত্মাতে ও শ্রীবিগ্রহে ন্যাস করিয়া প্রভুকে যথাবিধি স্নান করাইবে ॥ ১০৯ ॥

টীকা—শয়নপূজা-সঙ্কল্পং কৃত্বা, আত্মনি দেবে ন্যাসং কৃত্বা, যথাবিধি ইত্যস্য সর্ব্বত্রৈবানুসঙ্গঃ। ততশ্চ সঙ্কল্পাদিপ্রকারো যথাযোগ্যং যথাপূর্ব্বলিখিতং চোহ্যম্ ॥ ১০৯ ॥

সম্প্রার্থ্য জলমধ্যে তং দেবং সংস্নাপয়েৎ সুখম্।
গন্ধপুষ্পাদিভিশ্চাথ মহাপূজাং সমাচরেৎ ॥ ১১০ ॥

অনুবাদ—প্রভুকে প্রার্থনা করিয়া জলমধ্যে তাঁহাকে সুখে স্নান করাইবে এবং গন্ধ পুষ্পাদি দ্বারা মহাপূজা করিবে ॥ ১১০ ॥

টীকা—সংপ্রার্থ্য 'জয় জয় মহাবিষ্ণো বিশ্বমনুগৃহাণ' ইত্যভ্যর্থ্য ॥ ১১০ ॥

অথ তত্র স্নাপনমন্ত্রঃ

শেষে পর্য্যঙ্কবর্য্যেঽস্মিন্ ফণামনিগণামলে।
শ্বেতদ্বীপান্তরে দেব কুরু নিদ্রাং নমোঽস্তুতি ॥১১১॥

অনুবাদ—অনন্তর স্নান করাইবার মন্ত্র—হে দেব! আপনি শ্বেতদ্বীপ মধ্যে ফণামনিগণ উদ্ভাষিত এই শেষ নাগের রচিত উত্তম পালঙ্ক শয্যায় নিদ্রা অবলম্বন করুন, প্রণত হই ॥ ১১১ ॥

অথ প্রার্থনামন্ত্রঃ

সুপ্তে ত্বয়ি জগন্নাথ জগৎ সুপ্তং ভবেদিদম্।
বিবুদ্ধে তু বিবুধ্যেত প্রসন্নো মে ভবাচ্যুত ॥
ইতি ॥ ১১২ ॥

অনুবাদ—অনন্তর প্রার্থনা মন্ত্র—হে জগন্নাথ! তুমি নিদ্রা অবলম্বন করিলে এই জগৎ নিদ্রিত হয়, এবং আপনি জাগরিত হইলে জগৎ জাগরিত হয়। হে অচ্যুত! আমার প্রতি প্রসন্ন হও ॥ ১১২ ॥

ইত্যাশাস্য প্রভোরগ্রে গৃহ্ণীয়ান্নিয়মং ব্রতী।
চতুর্ম্মাসেষু কর্ত্তব্যং কৃষ্ণভক্তিবিবৃদ্ধয়ে ॥ ১১৩ ॥

অনুবাদ—এইরূপ জানাইয়া প্রভুর অগ্রে ব্রতী কৃষ্ণভক্তি বৃদ্ধির জন্য চাতুর্ম্মাস্য ব্রতে কর্ত্তব্য নিয়মগ্রহণ করিবে ॥ ১১৩ ॥

টীকা—চতুর্ম্মাসেষু কর্ত্তব্যো যো নিয়মো ব্রতং, তৎ ভগবদগ্রে গৃহ্ণীয়াৎ স্বীকুর্য্যাৎ। ননু বৈষ্ণবস্য চাতুর্মাস্যনিয়মগ্রহণেন কিম্? তত্র লিখতি—কৃষ্ণেতি। তদনুষ্ঠানেনাকরণপ্রত্যবায়াপগমাদ্‌গুণবিশেষাপাদনাচ্চ ভক্তিবিশেষঃ সম্পদ্যেতেতি দিক্ ॥ ১১৩ ॥

অথ তত্রোপক্রমকালঃ

সনৎকুমারেণ—
একাদশ্যান্তু গৃহ্ণীয়াৎ সংক্রান্তৌ কর্কটস্য তু।
আষাঢ্যাং বা নরো ভক্ত্যা চাতুর্ম্মাস্যোদিতং ব্রতম্ ॥ ১১৪ ॥

অনুবাদ—অনন্তর চাতুর্ম্মাস্য ব্রতের আরম্ভকাল, সনৎকুমার বাক্য—মানব ভক্তিসহ শয়নএকাদশীতে, কর্কট-সংক্রান্তিতে অথবা আষাঢ়ী পৌর্ণমাসীতে চাতুর্ম্মাস্য ব্রত ধারণ করিবেন ॥ ১১৪ ॥

অথ তত্র মন্ত্রঃ

চতুরো বার্ষিকান্ মাসান্ দেবস্যোত্থাপনাবধি।
ইমং করিষ্যে নিয়মং নির্ব্বিঘ্নং কুরু মেঽচ্যুত ॥
ইতি ॥ ১১৫ ॥

অনুবাদ—অনন্তর সেই বিষয়ে মন্ত্র—হে অচ্যুত। বর্ষমধ্যে শয়নকাল চারিমাস প্রভুর উত্থান পর্য্যন্ত এই সকল নিয়ম পালন করিব, আমার ব্রত নির্ব্বিঘ্ন করুন ॥ ১১৫ ॥

অথ চাতুর্ম্মাস্যনিয়মাবশ্যকতা

ভবিষ্যে—

যো বিনা নিয়মং মর্ত্ত্যো ব্রতং বা জপ্যমেব বা।
চাতুর্ম্মাস্যং নয়েন্মূর্খো জীবন্নপি মৃতো হি সঃ ॥১১৬

অনুবাদ—অনন্তর চাতুর্ম্মাস্য নিয়মের আবশ্যকতা ভবিষ্যপুরাণে—যে ব্যক্তি নিয়ম, ব্রত বা জপ ব্যতীত চাতুর্ম্মাস্য যাপন করে, সে ব্যক্তি অজ্ঞ জীবন্মৃত ॥১১৬

টীকা—নিয়মমেব বিবিচ্যাহ—ব্রতং জপ্যং বা বিনেতি ॥ ১১৬॥

অথ চাতুর্ম্মাস্যনিয়মাঃ

স্কান্দে নাগরখণ্ডে—

শ্রাবণে বর্জ্জয়েচ্ছাকং দধি ভাদ্রপদে তথা।
দুগ্ধমাশ্বযুজে মাসি কার্ত্তিকে চামিষং ত্যজেৎ ॥১১৭॥

অনুবাদ—অনন্তর চাতুর্ম্মাস্য ব্রতে নিয়মসমূহ, স্কন্দপুরাণে নাগরখণ্ডে—শ্রাবণমাসে শাক, ভাদ্রমাসে দধি, আশ্বিনমাসে দুগ্ধ এবং কার্ত্তিক মাসে আমিষ ত্যাগ করিবে ॥ ১১৭ ॥

টীকা—স্বত এবামিষত্যাগনিবৃত্তিধর্ম্মনিরতাশ্চামিষস্থানে মাষান্ ত্যজেৎ ॥ ১১৭ ॥

তত্রৈব শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে—

নিষ্পাবান্ রাজমাষাংশ্চ সুপ্তে দেবে জনার্দ্দনে।
যো ভক্ষয়তি বিপ্রেন্দ্র শ্বপচাদধিকো হি সঃ ॥১১৮॥

অনুবাদ—ঐ পুরাণে শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে—হে বিপ্রবর! জগন্নাথদেব শয়ন করিলে শিম, বরবটী যে ব্যক্তি ভক্ষণ করে, সে শ্বপচ হইতেও নীচ ॥১১৮॥

টীকা—নিষ্পাবাঃ শিম্বীপ্রভেদাশ্চান্ ॥ ১১৮ ॥

কার্ত্তিকে তু বিশেষেণ রাজমাষাংশ্চ ভক্ষয়ন্।
নিষ্পাবান্ মুনিশার্দূল যাবদহূতনারকী ॥ ১১৯ ॥

অনুবাদ—বিশেষতঃ কার্ত্তিকমাসে বরবটি, শিম ভক্ষণ করিলে হে মুনিবর! প্রলয় পর্য্যন্ত নারকী হইবে ॥ ১১৯ ॥

কালিঙ্গানি পটোলানি বৃন্তাকং সন্ধিতানি চ।
এতানি ভক্ষয়েদ্যস্তু সুপ্তে দেবে জনার্দ্দনে।
সপ্তজন্মার্জ্জিতং পুণ্যং হরতে নাত্র সংশয়ঃ ॥ ১২০॥

অনুবাদ—জনার্দ্দনদেব শয়ন করিলে কালিঙ্গ, পটোল, বেগুন, আচার—এই সকল দ্রব্য যে ভক্ষণ করে, তাহার সপ্তজন্মার্জ্জিত পুণ্য ক্ষয় হয়, ইহাতে সংশয় নাই ॥ ১২০ ॥

টীকা—হরতে—নাশয়তি ॥ ১২০ ॥

কিঞ্চ—

রুচ্যং তত্তৎকাললভ্যং ফলমূলাদি বর্জ্জয়েৎ ॥
ইতি ॥ ১২১॥

অনুবাদ—আরও—রুচিকর সেই সেই কালে প্রাপ্ত ফল, মূলাদি বর্জ্জন করিবে ॥ ১২১॥

টীকা—রুচ্যং রুচিকরং, চাতুর্ম্মাস্য জায়মান-ফলাদিমধ্যে নিজপ্রিয়ং কিঞ্চিদ্বর্জ্জ্যমিত্যর্থঃ ॥ ১২১॥

কিঞ্চ—

জপহোমাদ্যনুষ্ঠানং নামসঙ্কীর্ত্তনন্তথা।
স্বীকৃত্য প্রার্থয়েদ্দেবং গৃহীতনিয়মো বুধঃ ॥ ১২২ ॥

অনুবাদ—আরও—বিজ্ঞব্যক্তি নিয়মগ্রহণকারী জপ, হোমাদি অনুষ্ঠান, শ্রীনাম-সংকীর্ত্তন স্বীকার করিয়া প্রভুকে এইরূপে প্রার্থনা করিবে ॥ ১২২ ॥

টীকা—এবং বর্জ্জ্যানি লিখিতানি, কৃত্যানি চ সংক্ষেপতো লিখতি—জপেতি। আদি শব্দাৎ পুরাণ-শ্রবণাদি, স্বীকৃত্যেতি অন্যমাসতো বিশেষেণ তত্তন্নিয়মং গৃহীত্বেত্যর্থঃ ॥ ১২২ ॥

ইদং ব্রতং ময়া দেব গৃহীতং পুরতস্তব।
নির্ব্বিঘ্নং সিদ্ধমায়াতু প্রসাদাত্তব কেশব ॥ ১২৩ ॥

অনুবাদ—হে দেব ! এই চাতুর্ম্মাস্য ব্রত আমি আপনার সম্মুখে গ্রহণ করিয়াছি। হে কেশবদেব ! আপনার প্রসাদে ইহা নির্ব্বিঘ্নে সিদ্ধ হউক ॥ ১২৩ ॥

গৃহীতেঽস্মিন্ ব্রতে দেব পঞ্চত্বং যদি বা ভবেৎ।
তদা ভবতু সম্পূর্ণং প্রসাদাত্তে জনার্দ্দন ॥ইতি॥১২৪॥

অনুবাদ—হে দেব ! এই ব্রত মধ্যে যদি আমার দেহান্ত হয়, হে জনার্দ্দন ! আপনার প্রসাদে তাহা সম্পূর্ণ হউক ॥ ১২৪ ॥

অথ চাতুর্ম্মাস্যব্রতনিয়মমাহাত্ম্যম্

বিষ্ণুরহস্যে শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে—
শৃণু নারদ কার্ৎস্ন্যেন চাতুর্ম্মাস্যব্রতক্রিয়াঃ।
যা নির্ব্বর্ত্ত্য নরো ভক্ত্যা প্রযাতি পরমাং গতিম্ ॥১২৫

অনুবাদ—অনন্তর চাতুর্ম্মাস্যব্রত-নিয়ম-মাহাত্ম্য, বিষ্ণুরহস্যে ব্রহ্ম-নারদ-সংবাদে—হে নারদ! চাতুর্ম্মাস্য ব্রতকর্ম সম্পূর্ণরূপে শ্রবণ কর। যাহা ভক্তি-সহ পালন করিলে মানব পরমাগতি বৈকুণ্ঠ গমন করে ॥ ১২৫ ॥

টীকা—অন্যানপি নিয়মান্ দর্শয়িতুং তেষু শ্রদ্ধা-বিশেষমুৎপাদয়িতুঞ্চ তন্মাহাত্ম্যং সামান্যবিশেষাভ্যাং লিখতি—শৃণ্বিত্যাদিনা পদদ্বয়মিত্যন্তেন ॥ ১২৫ ॥

ব্রতানি বৈষ্ণবানীহ মনসাপি চিকীর্ষতঃ।
নরস্য ক্ষয়মাপ্নোতি পাপং জন্মশতোদ্ভবম্ ॥ ১২৬॥

অনুবাদ—এই লোকে বৈষ্ণবব্রতসমূহ মনে মনে ইচ্ছা করিলেও মানবের শতজন্মার্জ্জিত পাপক্ষয় হয় ॥ ১২৬ ॥

টীকা—বৈষ্ণবানীতি ভগবতঃ শয়নে বিশেষতস্তদগ্রে সঙ্কল্পবিশেষেণ গৃহীতত্বাত্তদ্ভক্তিরূপত্বেন তত্তোষণান্যেবেত্যর্থঃ। অতএব ফলমুক্তং—'প্রযাতি পরমাং গতিম্' ইত্যাদি ॥ ১২৬ ॥

একভক্তো নরঃ শান্তো নিত্যস্নায়ী দৃঢ়ব্রতঃ।
যোঽর্চ্চয়েচ্চতুরো মাসান্ হরিং স্যাত্তস্য
লোকভাক্ ॥১২৭॥

অনুবাদ—একাহারী শান্ত নিত্যস্নায়ী দৃঢ় সংকল্প করিয়া যে মানব চারি মাস শ্রীহরিকে অর্চ্চন করে তিনি শ্রীহরিধাম প্রাপ্ত হন ॥ ১২৭ ॥

টীকা—চতুরো মাসান্ যো হরিমর্চ্চয়েৎ ॥ ১২৭॥

যস্তু সুপ্তে হৃষীকেশে ক্ষিতিশায়ী ভবেন্নরঃ।
বার্ষিকান্ চতুরো মাসান্ লভতে
বৈষ্ণবীং গতিম্ ॥ ১২৮ ॥

অনুবাদ—শ্রীহৃষীকেশের শয়নকালে চারি মাস যে মানব ভূমিশায়ী হয়, তিনি বিষ্ণুধাম প্রাপ্ত হন ॥ ১২৮ ॥

যস্তু কেশবমুদ্দিশ্য চান্দ্রায়ণপরায়ণঃ।
চাতুর্ম্মাস্যং নয়েদ্ভক্ত্যা স বিষ্ণুতনুমাবিশেৎ ॥১২৯॥

অনুবাদ—যে ব্যক্তি শ্রীকেশবদেবকে উদ্দেশ্য করিয়া চান্দ্রায়ণ-ব্রতনিষ্ঠ হইয়া চাতুর্ম্মাস্য ভক্তিসহ যাপন করে, সেই মানব বিষ্ণুসাযুজ্য লাভ করে॥১২৯

ভবিষ্যোত্তরে ভগবদ্যুধিষ্ঠির-সংবাদে—
চতুরো বার্ষিকান্ মাসান্ দেবস্যোত্থাপনাবধি।
স্ত্রী বা নরো বা মদ্ভক্তো ধর্ম্মার্থং সুদৃঢ়ব্রতঃ।
গৃহ্নীয়ান্নিয়মানেতান দন্তধাবনপূর্ব্বকম্ ॥ ১৩০ ॥

অনুবাদ—ভবিষ্যোত্তরে ভগবদ্-যুধিষ্ঠির-সংবাদে—প্রভুর উত্থান পর্য্যন্ত বর্ষের চারিমাস আমার ভক্ত স্ত্রী বা পুরুষ ধর্ম্মের জন্য সুদৃঢ়ব্রতী দন্তধাবনান্তে এই সকল নিয়ম গ্রহণ করিবেন ॥ ১৩০ ॥

তেষাং ফলানি বক্ষ্যামি তৎকর্ত্তৄণাং পৃথক্
পৃথক্ ॥ ১৩১ ॥

অনুবাদ—নিয়ম পালনকারিগণের যে ফল লাভ হয়, তাহা পৃথক্ পৃথক্ বলিব ॥ ১৩১ ॥

মধুরস্বরসম্পন্নো ভবেল্লবণবর্জ্জনাৎ।
লভতে সন্ততিং দীর্ঘাং তৈলস্য পরিবর্জ্জনাৎ ॥১৩২॥
অভ্যঙ্গবর্জ্জনাৎ পার্থ সুন্দরাঙ্গঃ প্রজায়তে।
পক্বতৈলপরিত্যাগাচ্ছত্রুনাশমবাপ্নুয়াৎ ॥ ১৩৩ ॥
মধুকতৈলত্যাগেন সৌভাগ্যমতুলং ভবেৎ।
পুষ্পোপভোগত্যাগেন স্বর্গে বিদ্যাধরো ভবেৎ ॥১৩৪॥

অনুবাদ—লবণ বর্জ্জনকারী মধুর কণ্ঠস্বর সম্পন্ন হইবে। তৈলবর্জ্জনকারী দীর্ঘায়ু সন্তান লাভ করে। হে পার্থ তৈলমর্দ্দন বর্জ্জনকারী সুন্দরাঙ্গ হয়। পক্ব-তৈল পরিত্যাগকারীর শত্রুবিনাশ যায়। মধুক তৈল-ত্যাগে অতুল সৌভাগ্য হয়। পুষ্প উপভোগ ত্যাগ-দ্বারা স্বর্গে বিদ্যাধর হয় ॥ ১৩২-১৩৪ ॥

যোগাভ্যাসী ভবেদ্যস্তু স ব্রহ্মপদমাপ্নুয়াৎ।
কটুম্লতিক্তমধুরক্ষারকাষায়জান্ রসান্।
যো বর্জ্জয়েৎ স বৈরূপ্যং বৈগন্ধ্যং নাপ্নুয়াৎ কচিৎ ॥ ১৩৫ ॥
তাম্বূলবর্জ্জনাদ্ভোগী অপক্বাদোঽমলো ভবেৎ ॥১৩৬॥

অনুবাদ—যোগাভ্যাসী ব্রহ্মপদ প্রাপ্ত হয়। ষড়্‌-রস বর্জ্জনকারী বিরূপতা ও দুর্গন্ধ কখনও পায় না। তাম্বূল বর্জ্জনে ভোগী হয়, অপক্ব ভোজনকারী নির্ম্মল হয় ॥ ১৩৫-১৩৬ ॥

পাদাভ্যঙ্গশিরোভ্যঙ্গপরিত্যাগাচ্চ পার্থিব।
দীপ্তিমান্ দীপ্তচরণো মধুক্ষৌদ্রে পরিত্যজেৎ ॥১৩৭॥
দধিদুগ্ধতক্রনিয়মাদ্গোলোকং লভতে নরঃ।
ইন্দ্রাতিথিত্বমায়াতি স্থালীপাকবিবর্জ্জনাৎ ॥ ১৩৮ ॥
লভেচ্চ সন্ততিং দীর্ঘাং তাপপক্বস্য বর্জ্জনাৎ।
ভূমৌ প্রস্তরশায়ী চ বিষ্ণোরনুচরো ভবেৎ ॥ ১৩৯ ॥

অনুবাদ—পদে ও মস্তকে তৈলমর্দ্দন বর্জ্জনে রাজা হয়, মধু ও মিষ্ট দ্রব্য বর্জ্জনে দীপ্তিমান দীপ্ত-চরণ হয়, দধি, দুগ্ধ, ঘোল বর্জ্জনে গোলোক প্রাপ্ত হয়। স্থালীপাকবর্জ্জনে ইন্দ্রের আতিথ্য লাভ, অগ্নি-পক্ব বর্জ্জনে দীর্ঘজীবী সন্তান লাভ, ভূমিশায়ী ও প্রস্তরশায়ী শ্রীবিষ্ণুর অনুচর হয় ॥ ১৩৭-১৩৯ ॥

সদা মুনিঃ সদা যোগী মধুমাংসস্য বর্জ্জনাৎ।
নির্ব্যাধিনীরুগোজস্বী সুরামদ্যবিবর্জ্জনাৎ ॥ ১৪০ ॥
একান্তরোপবাসেন ব্রহ্মলোকে মহীয়তে।
ধারণান্নখলোমানাং গঙ্গাস্নানং দিনে দিনে ॥ ১৪১ ॥
মৌনব্রতী ভবেদ্যস্তু তস্যাজ্ঞাঽস্খলিতা ভবেৎ।
ভূমৌ ভুঙ্‌ক্তে সদা যস্তু স পৃথিব্যাঃ পতির্ভবেৎ। ১৪২

অনুবাদ—মধু বা মাংস বর্জ্জনকারী সদা মুনি ও যোগী হয়। সুরামদ্য ত্যাগী ব্যাধিহীন, রোগহীন, ওজস্বী হয়। একদিন পরপর উপবাসে ব্রহ্মলোকে বিরাজ করে, নখ, লোম, ধারণে প্রতিদিন গঙ্গাস্নান ফল, মৌনব্রতীর আজ্ঞা অলঙ্ঘ্য হয়। ভূমিতে ভোজনকারী পৃথিবী পতি হয় ॥ ১৪০-১৪২ ॥

নমো নারায়ণায়েতি জপ্ত্বা দানশতং ফলম্ ॥১৪৩॥
পাদাভিবন্দনাদ্বিষ্ণোর্ভবেদ্গোদানজং ফলম্ ॥
বিষ্ণুপাদাম্বুজস্পর্শাৎ কৃতকৃত্যো ভবেন্নরঃ ॥ ১৪৪ ॥
বিষ্ণোর্দেবালয়ে কুর্য্যাদুপলেপনমার্জ্জনে।
কল্পস্থায়ী ভবেদ্রাজা স নরো নাত্র সংশয়ঃ ॥ ১৪৫ ॥

অনুবাদ—'নমো নারায়ণায়' জপকারীর দানশত-ফল, শ্রীবিষ্ণুরচরণ বন্দনে গোদানজ ফল, বিষ্ণুপাদ-পদ্ম স্পর্শে কৃতার্থ হয় মানব। শ্রীবিষ্ণু মন্দিরে উপ-লেপন ও মার্জ্জনে কল্পস্থায়ী রাজা হয় ইহাতে সংশয় নাই ॥ ১৪৩-১৪৫ ॥

টীকা—দানশতং বহুলদানমিত্যর্থঃ ॥ ১৪৩ ॥

প্রদক্ষিণত্রয়ং কৃত্বা যস্তু স্যাৎ স্তুতিপাঠকঃ।
হংসযুক্তবিমানেন স চ বিষ্ণুপদং ব্রজেৎ ॥ ১৪৬ ॥

অনুবাদ—তিনবার প্রদক্ষিণকারী ও স্তুতি পাঠ-কের হংসযুক্ত বিমানে বিষ্ণুধাম প্রাপ্তি হয় ॥ ১৪৬ ॥

গীতবাদ্যকরো বিষ্ণোর্গন্ধর্ব্বলোকমাপ্নুয়াৎ।
নিত্যং শাস্ত্রবিনোদেন লোকান্ যস্তু প্রবোধয়েৎ।
স ব্যাসরূপী ভগবানন্তে বিষ্ণুপুরং ব্রজেৎ ॥ ১৪৭ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুর গীতবাদ্যকারীর গন্ধর্ব্বলোক

প্রাপ্তি। নিত্য শাস্ত্র পাঠদ্বারা শ্রোতাদিগকে জ্ঞানদাতা ব্যাসরূপী ভগবান্ অন্তে বিষ্ণুধাম গামী ॥ ১৪৭ ॥

পুষ্পমালাকুলাং পূজাং কৃত্বা বিষ্ণোঃ পুরং
ব্রজেৎ ॥ ১৪৮ ॥

অনুবাদ—পুষ্পমালা সমূহ দ্বারা পূজা করিয়া বিষ্ণুর ধামে গমন হয় ॥ ১৪৮ ॥

কৃত্বা প্রোক্ষনিকং দিব্যং স্থানমপ্সরসাং লভেৎ।
তীর্থাদিষু কৃতস্নানো নির্ম্মলং দেহমাপ্নুয়াৎ ॥ ১৪৯॥

অনুবাদ—শ্রীমন্দির ধৌতকারী অপ্সরাগণ দিব্য-স্থান লাভ করেন। তীর্থাদিতে স্নানকারীর নির্ম্মল দেহপ্রাপ্তি ॥ ১৪৯ ॥

পঞ্চগব্যাশনাৎ পার্থ চান্দ্রায়ণফলং লভেৎ।
একভক্তাশনান্নিত্যমগ্নিহোত্রফলং লভেৎ ॥ ১৫০ ॥

অনুবাদ—হে পার্থ! পঞ্চগব্য পানকারী চান্দ্রায়ণ ফলভাগী হয়। একাহারীর নিত্য অগ্নিহোত্র ফল প্রাপ্তি ॥ ১৫০ ॥

নক্তভোজী সমগ্রস্তু তীর্থযাত্রাফলং লভেৎ।
অযাচিতেন চাপ্নোতি বাপীকূপপ্রপাফলম্ ॥ ১৫১ ॥

অনুবাদ—সম্পূর্ণ চারিমাস রাত্রিভোজী তীর্থযাত্রার ফল লাভ করেন। অযাচিত ভোজী পুষ্করিণী, কূপ, পিয়াও দানের ফল পায় ॥ ১৫১ ॥

ষষ্ঠকালেঽন্নভোজী যঃ স্থায়ী স্বর্গে নরো ভবেৎ।
নিত্যস্নায়ী নরো যস্তু নরকং স ন পশ্যতি ॥ ১৫২ ॥
ভাজনং বর্জ্জয়েদ্‌যস্তু স স্নানং পৌষ্করং লভেৎ ॥১৫৩
পত্রেষু যো নরো ভুঙ্‌ক্তে কুরুক্ষেত্রফলং লভেৎ।
শিলায়াং ভোজনং নিত্যং ভবেৎ
স্নানং প্রয়াগজম্ ॥ ১৫৪ ॥
যামদ্বয়জলত্যাগান্ন রোগৈঃ পরিভূয়তে।
এবমাদিব্রতৈঃ পার্থ তুষ্টিমায়াতি তোষিতঃ ॥১৫৫॥

অনুবাদ—দিবা তৃতীয় প্রহরে অন্নভোজী স্থায়ী স্বর্গবাসী হয়। নিত্যস্নানকারী মানব নরক দর্শন করে না। করপাত্রী পুষ্করতীর্থ-স্নানফল প্রাপ্ত হন। পত্রভোজী কুরুক্ষেত্র যাত্রা ফলভাগী হয়। শিলা-ভোজীর প্রয়াগ-স্নানফল, দ্বিপ্রহর জলত্যাগী নীরোগী হয়। হে পার্থ! এই সকল ব্রতদ্বারা শ্রীবিষ্ণু তুষ্টি লাভ করেন ॥ ১৫২-১৫৫ ॥

টীকা—ভাজনং—কাংস্যপাত্রম্ ॥ ১৫৩ ॥

টীকা—এবমাদিব্রতৈস্তোষিতঃ সন্ শ্রীকেশব ইতি শেষঃ ॥ ১৫৫ ॥

কিঞ্চ—
যোগনিদ্রাং সমালম্ব্য শেষাহিশয়নে স্বপন্।
ক্ষীরোদতোয়বীচ্যগ্রৈর্ধৌতপাদঃ সমাহিতঃ ॥১৫৬॥
লক্ষ্মীকরাম্বুজৈঃ শ্লক্ষ্ণৈর্মৃজ্যমানপদদ্বয়ঃ ॥ ১৫৭ ॥
তস্মিন্ কালে চ মদ্ভক্তো যো মাসাংশ্চতুরঃ ক্ষিপেৎ।
ব্রতৈরনেকৈর্নিয়মৈঃ পাণ্ডবশ্রেষ্ঠ মানবঃ।
কল্পস্থায়ী বিষ্ণুলোকে ভবেন্নাস্ত্যত্র সংশয়ঃ ॥ ১৫৮ ॥

অনুবাদ—আরও—যোগনিদ্রা অবলম্বনে শেষ শয্যায় শয়নকালে ক্ষীরোদ সমুদ্রের জলতরঙ্গে ধৌত-চরণ লক্ষ্মীদেবীর করকমলদ্বারা ধীরে ধীরে সম্বাহিত হইতে হইতে আমি সমাধিস্থ। ঐ কালে আমার ভক্ত যিনি বহুবিধ নিয়মসহ চারিমাস যাপন করেন, হে পাণ্ডব শ্রেষ্ঠ! ঐ মানব বিষ্ণুলোকে কল্পকাল বাস করেন, ইহাতে সংশয় নাই ॥ ১৫৬-১৫৮ ॥

টীকা—তমেব বিশিনষ্টি—যোগেতি সার্দ্ধেন। সমাহিতঃ—যোগনিদ্রামাস্থিতঃ ॥ ১৫৬ ॥

সত্যাং ব্রতসমাপ্তৌ চ শ্রীকৃষ্ণস্য প্রসাদতঃ।
যদ্‌যদ্দানাদিকৃত্যঞ্চ লেখ্যং তত্তচ্চ কার্ত্তিকে ॥১৫৯॥

অনুবাদ—শ্রীকৃষ্ণ কৃপায় ব্রত সমাপ্তি হইলে যে সে বস্তুদানাদি কর্ত্তব্য তাহা কার্ত্তিক ব্রত শেষে লিখিত হইবে ॥ ১৫৯ ॥

টীকা—কার্ত্তিকে—কার্ত্তিককৃত্যলিখনে ॥ ১৫৯ ॥

স্তুত্বাথ কৃষ্ণমভ্যর্চ্চ্য প্রসাদ্য চ পুনঃপুনঃ।
শেষং শঙ্খোদতীর্থে চ স্বীকুর্য্যাদ্বৈষ্ণবৈঃ সহ ॥১৬০॥

অনুবাদ—শ্রীকৃষ্ণকে স্তব ও পূজা দ্বারা পুনঃ পুনঃ প্রসন্ন করিয়া প্রসাদ, শঙ্খোদক, শ্রীচরণামৃত বৈষ্ণবগণের সহিত গ্রহণ করিবে ॥ ১৬০ ॥

টীকা—স্তুত্বা শ্রীব্রহ্মস্তুত্যাদিভিঃ স্তুতিং কৃত্বা, অভ্যর্থ্য 'স্বস্ত্যস্তু বিশ্বস্য' ইত্যাদিনা সম্প্রার্থ্য, প্রসাদ্য বিচিত্রার্থবচনৈঃ প্রসন্নং কৃত্বা, শেষং ভগবদুচ্ছিষ্ট-মহাপ্রসাদ-পুষ্পচন্দনাদিকম্, শঙ্খোদকং তীর্থঞ্চ শ্রীচরণোদকম্ ॥ ১৬০ ॥

গীতনৃত্যাদিনা দেবং পরিতোষ্যাথ বৈষ্ণবান্।
সংপূজ্য নরযানেন দেবং স্বালয়মানয়েৎ ॥ ১৬১ ॥

অনুবাদ—গীত নৃত্যাদিদ্বারা প্রভুকে পরিতুষ্ট করিয়া পরে বৈষ্ণবগণকে সম্মান করিয়া মনুষ্যযানে প্রভুকে নিজ গৃহে আনয়ন করিবে ॥ ১৬১ ॥

প্রভোর্নীরাজনং কৃত্বা বিসর্জ্জ্য বত বৈষ্ণবান্।
নিবেশ্য স্বাসনে দেবং শয়ীত ভুবি তং স্মরন্ ॥১৬২

অনুবাদ—প্রভুর আরতি করিয়া বৈষ্ণবগণকে বিদায় দিয়া প্রভুকে নিজ সিংহাসনে বসাইয়া ভগবৎস্মরণ করিতে করিতে ভূমিতে শয়ন করিবে ॥ ১৬২ ॥

এবঞ্চ কুর্ব্বতো মাসাংশ্চতুরো যান্তি বৈ সুখম্।
অন্যথা প্রভবেদ্দুঃখমনাবৃষ্টিশ্চ জায়তে ॥ ১৬৩ ॥

অনুবাদ—এইভাবে চারিমাস ব্রত পালন করিলে সুখে যাপন হইবে। নতুবা দুঃখের প্রভাব বৃদ্ধি হইবে ও অনাবৃষ্টিও হইবে ॥ ১৬৩ ॥

তথা চ ভবিষ্যে—
মিথুনস্থে সহস্রাংশৌ ন স্বাপয়তি যো হরিম্।
বৈষ্ণবৈঃ সহ সম্ভূয় হ্যনাবৃষ্টিস্তদা ভবেৎ ॥ ১৬৪ ॥

অনুবাদ—ঐরূপ ভবিষ্যপুরাণে—আষাঢ়মাসে যিনি শ্রীহরিকে শয়ন না করান বৈষ্ণবগণের সহিত মিলিত হইয়া—তখন অনাবৃষ্টি হইবে ॥ ১৬৪ ॥

কিঞ্চ ভবিষ্যোত্তরে—
যো দেবশয়নং পার্থ অনুমোদ্য সমাচরেৎ।
উত্থানং বাপি কৃষ্ণস্য স হরের্লোকমাপ্নুয়াৎ ॥১৬৫॥

অনুবাদ—আরও ভবিষ্যোত্তরপুরাণে—হে পার্থ। যে মানব দেবশয়ন অনুমোদন করিয়া আচরণ করে এবং শ্রীকৃষ্ণের উত্থান উৎসব ও অনুষ্ঠান করেন, তিনি শ্রীহরিধাম প্রাপ্ত হন ॥ ১৬৫ ॥

টীকা—অনুমোদ্য হৃষ্টা ভূত্বেত্যর্থঃ, যদ্বা, অনুমোদনদ্বারাপি যঃ কুর্য্যাদিতি ॥ ১৬৫ ॥

অথ শ্রাবণকৃত্যম্

গৌতমীয়ে—
শ্রাবণে মাসি কৃষ্ণং তং পুষ্পৈঃ কেতকসম্ভবৈঃ।
চন্দ্রচন্দন-কস্তূরী-কুঙ্কুমাদি-সুবাসিতৈঃ।
এলা-লবঙ্গ-কক্কোল-ফলানি বহুধার্পয়েৎ ॥
ইতি ॥ ১৬৬ ॥

অনুবাদ—অনন্তর শ্রাবণ কৃত্য, গৌতমীয়তন্ত্রে —শ্রাবণমাসে শ্রীকৃষ্ণকে কর্পূর, চন্দন, কস্তুরী, কুঙ্কুমাদি দ্বারা সুবাসিত কেতকী পুষ্পসমূহ দ্বারা অর্চ্চনপূর্ব্বক এলাচ, লবঙ্গ, কক্কোলাদি ফলসমূহ অর্পণ করিবে ॥ ১৬৬ ॥

পবিত্রারোপণং কুর্য্যাদ্দ্বাদশ্যামৃষিতর্পণম্।
পৌর্ণমাস্যান্তু কুর্ব্বীত তত্তদুক্তবিধানতঃ ॥ ১৬৭ ॥

অনুবাদ—শুক্লাদ্বাদশীতে পবিত্রারোপণ করিবে এবং ঋষিতর্পণ পূর্ণিমাতে যথাবিধি করিবে ॥ ১৬৭ ॥

টীকা—দ্বাদশ্যাং ভগবতঃ পবিত্রারোপণং কুর্য্যাৎ, পৌর্ণমাস্যাঞ্চ ঋষিতর্পণং কুর্য্যাৎ, তত্র তত্র পবিত্রারোপণে ঋষিতর্পণে চ যৎ শাস্ত্রোক্তং বিধানং প্রকারস্তেন ॥ ১৬৭ ॥

অথ পবিত্রারোপণম্

শ্রাবণস্য সিতে পক্ষে দ্বাদশ্যাং বৈষ্ণবৈর্মুদা।
কর্ত্তব্যঃ কৃষ্ণদেবস্য পবিত্রারোপণোৎসবঃ ॥ ১৬৮ ॥

অনুবাদ—অনন্তর পবিত্রারোপণ—শ্রাবণমাসের শুক্লপক্ষের দ্বাদশীতে বৈষ্ণবগণের সহিত আনন্দে শ্রীকৃষ্ণচন্দ্রের পবিত্রারোপণ উৎসব কর্ত্তব্য ॥ ১৬৮ ॥

অথ তন্নিত্যতা

বহ্ব্চপরিশিষ্টে—
স স্নাতঃ সর্ব্বতীর্থেষু সর্ব্বযজ্ঞেষু দীক্ষিতঃ।
হরিশ্চ প্রীতিমাপ্নোতি যঃ পবিত্রং সমাচরেৎ ॥১৬৯॥

অনুবাদ—অনন্তর পবিত্রারোপণ নিত্যতা, বহ্ব্চ পরিশিষ্টে—যিনি পবিত্রারোপণ উৎসব যথাবিধি আচরণ করেন, তিনি সর্ব্বতীর্থে স্নান ও সর্ব্বযজ্ঞে দীক্ষার ফল প্রাপ্ত হন, এবং শ্রীহরিও প্রীত হন ॥১৬৯

টীকা—প্রথমং শ্রীভগবৎপ্রীণনত্বান্নিত্যতাং দর্শয়তি—স স্নাত ইতি ॥ ১৬৯ ॥

বিধিনা শাস্ত্রদৃষ্টেন যো ন কুর্য্যাৎ পবিত্রকম্।
হরন্তি রাক্ষসাস্তস্য বর্ষপূজাদিকং ফলম্ ॥ ১৭০ ॥

অনুবাদ—যিনি শাস্ত্রোক্ত বিধি অনুসারে পবিত্রারোপণ উৎসব না করেন, তাঁহার সম্বৎসরের ফল রাক্ষসগণ অপহরণ করে ॥ ১৭০ ॥

টীকা—অকরণপ্রত্যবায়দ্বারা নিত্যতাং লিখতি—বিধিনেতি ত্রিভিঃ। আদিশব্দেন জপহোমাদি, ফলমিতি ভগবৎপূজাদেঃ, অতএব ফলরূপত্বাৎ ॥ ১৭০ ॥

যোগসারে পবিত্রোৎপত্ত্যুপাখ্যানে নাগরাজ-পবিত্রং প্রতি রুদ্রেণ বরপ্রদানম্—
যে ত্বাং ন বহু মন্যন্তে যথা সম্ভাবিতো ময়া।
জপহোমাদিকং তেষাং ফলং ত্বামেতু নিশ্চয়াৎ ॥১৭১

অনুবাদ—যোগসার স্তোত্রে পবিত্র উৎপত্তি উপাখ্যানে নাগরাজ রূপী পবিত্রের প্রতি রুদ্র কর্ত্তৃক বরদান—হে নাগরাজ পবিত্র আমি যেমন তোমাকে উপবীতরূপে গ্রহণ করিলাম, সেই তোমাকে যাহারা বহুমানন না করিবে তাহাদের জপ, হোম, পূজাদির ফল তোমাতেই নিশ্চিতরূপে প্রবেশ করুক ॥ ১৭১ ॥

টীকা—পবিত্রোপাখ্যানং চেদম্—"নাগরাজস্য বাসুকের্ভ্রাতা শ্রীপবিত্রনামা নাগবরো ভক্ত্যা শ্রীশিবমারাধ্য সন্তুষ্টে চ তস্মিন্ বরমযাচত—'ত্বৎকণ্ঠভূষণতাং প্রাপ্নুয়াম্' ইতি। ততশ্চ পরমসন্তুষ্টেন শ্রীশিবেন তথা স্বীকৃত্যোক্তমিদম্—'এবং সর্ব্বেষামেব দেবানাং কণ্ঠভূষণতাং ব্রজ, তত্তৎ-সেবকৈঃ সর্ব্বৈরপি স্বস্বেষ্টদেবে ত্বদাকারত্বেন পবিত্রাণি নির্ম্মায়ারোপ্যন্তামন্যথা চ মহান্ দোষোঽস্ত' ইতি।" তদেব লিখতি—যে ত্বামিতি ॥ ১৭১ ॥

বিষ্ণুরহস্যে—
ন করোতি বিধানেন পবিত্রারোপণন্তু যঃ।
তস্য সাংবৎসরী পূজা নিষ্ফলা মুনিসত্তম ॥ ১৭২ ॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে—যে মানব বিধান অনুসারে পবিত্রারোপণ উৎসব না করে, হে মুনিসত্তম! তাহার সাংবৎসরী পূজা নিষ্ফল হয় ॥ ১৭২ ॥

তস্মাদ্ভক্তিসমাযুক্তৈর্নরৈর্বিষ্ণুপরায়ণৈঃ।
বর্ষে বর্ষে তু কর্ত্তব্যং পবিত্রারোপণং হরেঃ ॥ ১৭৩ ॥

অনুবাদ—অতএব বিষ্ণুভক্ত মানবগণ ভক্তিসহকারে বর্ষে বর্ষে শ্রীহরির পবিত্রারোপণ উৎসব করিবেন ॥ ১৭৩ ॥

টীকা—বর্ষে বর্ষে কর্ত্তব্যমিতি বীপ্সাবিধিদ্বারা নিত্যতোক্তা; বসন্তে বসন্তে জ্যোতিষা যজেতেতিবৎ। তত্র চ বিষ্ণুপরায়ণৈরিতি বৈষ্ণবানামাবশ্যকতমমিতি বোধিতম্ ॥ ১৭৩ ॥

অথ পবিত্রারোপণমাহাত্ম্যম্

তত্র বৌধায়নঃ—
যাবৎ সূত্রং পবিত্রস্য তাবৎ স্বর্গে মহীয়তে।
আয়ুরারোগ্যমৈশ্বর্য্যং বিপুলং তস্য বর্দ্ধতে ॥ ১৭৪ ॥

অনুবাদ—অনন্তর পবিত্রারোপণ মাহাত্ম্য, এবিষয়ে বৌধায়ন বাক্য—পবিত্রের যতগুলি সূত্র সংখ্যা তত বর্ষ পবিত্র উৎসবকারী স্বর্গে পূজিত হয়, তাহার আয়ু, আরোগ্য, ঐশ্বর্য্য বিপুলভাবে বর্দ্ধিত হয় ॥ ১৭৪॥

টীকা—মহীয়তে পূজ্যতে পবিত্রারোপকঃ ॥১৭৪॥

মহাসংহিতায়াম্—

সম্বৎসরেণ যা পূজা কৃতা বৈ মন্ত্রিণা দ্বিজ ।
পবিত্রদানাৎ পূর্ণা স্যাদিত্যাহ ভগবান্ হরিঃ ॥১৭৫॥

অনুবাদ—মহাসংহিতাতে—হে দ্বিজ। মন্ত্রজপকারী সম্বৎসরে যে পূজা করিয়াছেন, পবিত্র দান করিলে তাহা পূর্ণ হইবে—ইহা ভগবান্ শ্রীহরি বলিয়াছেন ॥ ১৭৫ ॥

বিষ্ণুরহস্যে—

পবিত্রারোপণং বিষ্ণোর্ভুক্তিমুক্তিপ্রদায়কম্ ।
স্ত্রীপুংকীর্ত্তিপ্রদং পুণ্যং সুখসম্পদ্ধনাবহম্ ॥ ১৭৬ ॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে—শ্রীবিষ্ণুর পবিত্রারোপণ ভুক্তি-মুক্তি-প্রদ, স্ত্রী ও পুরুষের কীর্ত্তিপ্রদ, পবিত্র সুখ, সম্পদ ও ধনপ্রদ ॥ ১৭৬ ॥

টীকা—স্ত্রীপুংসোঃ স্ত্রীপুংসয়োর্দম্পত্যোঃ কীর্ত্তিপ্রদম্, যদ্বা, স্ত্রীণাং পুংসাঞ্চ কীর্ত্তিপ্রদমিতি, বৈষ্ণবীভিঃ স্ত্রীভিরপি বিষ্ণোঃ পবিত্রারোপণং কার্য্যমিতি অভিপ্রেতম্ ॥ ১৭৬ ॥

পুণ্যানান্তু তথা পুণ্যং সর্ব্বপাপহরন্তু বৈ ।
পবিত্রারোপণং তস্মাৎ পবিত্রং পরমং স্মৃতম্ ॥১৭৭

অনুবাদ—পুণ্যগণের মধ্যে পুণ্য সর্ব্বপাপহর পবিত্রারোপণ, অতএব পরম পবিত্র ॥ ১৭৭ ॥

টীকা—পুণ্যানাং মধ্যে পুণ্যং পরমশ্রেষ্ঠমিত্যর্থঃ। এবঞ্চ পবিত্রং নাম নিরুক্তম্ ॥ ১৭৭ ॥

সম্বৎসরেণ যো ভক্ত্যা সমভ্যর্চ্চ্য জনার্দ্দনম্ ।
যৎ ফলং সমবাপ্নোতি পবিত্রারোপণেন তৎ ॥১৭৮॥

অনুবাদ—শ্রীজনার্দ্দনকে সম্বৎসর ভক্তিসহ সম্যক্ অর্চ্চন করিয়া যে ফল পাওয়া যায়, পবিত্রারোপণে সেই ফল লাভ হয় ॥ ১৭৮ ॥

কিঞ্চ—

পাবয়ত্যেনসো নিত্যং ত্রায়তে ভববন্ধনাৎ ।
পবিত্রং তেন বিখ্যাতং ব্রাহ্মং
তেজোঽভিধীয়তে ॥ ১৭৯ ॥

অনুবাদ—কিঞ্চ—পাপ সকল হইতে নিত্য পবিত্র করে এবং ভব বন্ধন হইতে পরিত্রাণ করে, এই কারণে ইহার নাম পবিত্র ব্রহ্মসূত্র। পরব্রহ্মময় তেজ ইহা সর্ব্বভাবে কীর্ত্তিত হয় ॥ ১৭৯ ॥

টীকা—বিশেষতস্তদেব নির্ব্বক্তি—পাবয়তীতি। যতস্তদ্ব্রাহ্মং পরব্রহ্মময়ং তেজ ইত্যভিতো গীয়তে ॥ ১৭৯ ॥

বিষ্ণ্বাখ্যয়া তু বিখ্যাতং তদা লোকে বিধীয়তে ।
স এব সূত্ররূপেণ যজ্ঞেশঃ কর্ম্মণাং প্রভুঃ ॥ ১৮০ ॥

অনুবাদ—বিষ্ণুলোক বৈকুণ্ঠে বিষ্ণুই বনমালার ন্যায় 'পবিত্র' নামে বিখ্যাত। বিষ্ণুই সূত্ররূপে কর্ম্মসকলের প্রভু যজ্ঞেশ বা যজ্ঞসূত্র ॥ ১৮০ ॥

টীকা—এবং বনমালাদিবচ্ছ্রীভগবতঃ প্রত্যঙ্গরূপেণ তদভেদতাং দর্শয়ন্ মাহাত্ম্য-বিশেষমাহ—বিষ্ণ্বাখ্যয়েতি দ্বয়েন। তত্র হেতুঃ—স এবেতি ॥১৮০

তদেব ত্রিগুণীসূত্রং ততং নারায়ণাখ্যয়া ।
ত্রিদেবাত্মা ত্রিবেদাত্মা ত্র্যক্ষরঃ প্রণবঃ স্মৃতঃ ॥১৮১॥

অনুবাদ—বিষ্ণুই ত্রিগুণী সূত্র নারায়ণ নামে বিখ্যাত, অতএব ত্রিদেব ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, ত্রিবেদ—ঋক-সাম-যজুঃ, ত্রি—অক্ষর প্রণব রূপী যজ্ঞসূত্র। শ্রীবৈকুণ্ঠ লোকে ভগবানের ভূষণরূপে পবিত্র। বৈষ্ণবগণের ভক্তি বিশেষে ত্রিগুণীকৃত পবিত্রে শ্রীভগবান্ অধিষ্ঠাতা, শ্রীমহেশ্বরের পবিত্রে নাগরাজ অধিষ্ঠিত—এই পার্থক্য ॥ ১৮১ ॥

টীকা—ত্রয়াণাং গুণানাং সমাহারঃ ত্রিগুণী, তস্য-

য়ং সূত্রম্, ত্রিগুণত্বে কারণমাহ—ত্রিদেবেতি। ত্রয়ো দেবা ব্রহ্মাদ্যাস্তদাত্মকঃ। এবং শ্রীবৈকুণ্ঠলোকে ভগবদ্ভূষণত্বেন নিত্যসিদ্ধমেব পবিত্রং শ্রীমহেশ্বরাপেক্ষয়া শ্রীবৈষ্ণবানাং ভক্তিবিশেষেণ ত্রিগুণীকৃত-সূত্রনির্ম্মিত-পবিত্রে শ্রীমূর্ত্তৌ স্বয়ং ভগবানিবাধিষ্ঠিয়াত্রাপি শ্রীভগবন্মূর্ত্তের্ভূষণতাং প্রয়াতীতি বোদ্ধব্যম্। অতএবাবাহনমন্ত্রে 'বিষ্ণুলোকাৎ পবিত্রাদ্য আগচ্ছ' ইতি ॥ ১৮১ ॥

তত্র বৌধায়নাদ্যুক্তঃ পবিত্রারোপণে বিধিঃ।
সম্মতো বিদুষাং কৃষ্ণার্চ্চনে যোঽত্র স লিখ্যতে ॥১৮২

অনুবাদ—এই গ্রন্থে পবিত্রারোপণ প্রসঙ্গে বৌধায়নাদি উক্ত বিধি, যাহা সম্প্রদান বিদ্বৎগণের সম্মত, শ্রীকৃষ্ণ অর্চ্চনে তাহাই লিখিত হইতেছে ॥ ১৮২ ॥

টীকা—বিদুষাং সম্মত ইতি সম্প্রদায়ভেদেন বিবিধঃ স্যাত্তত্র শাস্ত্রাভিজ্ঞসম্প্রদায়ানুমতো বিধিরত্র লিখ্যত ইত্যর্থঃ ॥ ১৮২ ॥

অথ পবিত্রারোপণবিধিঃ

সৌবর্ণৈ রাজতৈস্তাম্রৈঃ ক্ষৌমৈঃ সূত্রৈস্তু পাদ্মিকৈঃ।
কার্পাসৈর্বা পবিত্রাণীষ্যন্তে কাশৈঃ কুশৈরপি ॥১৮৩॥

অনুবাদ—অনন্তর পবিত্রারোপণ বিধি—স্বর্ণ, রৌপ্য, তাম্র, তসরসূত্র, পদ্মসূত্র বা কার্পাসসূত্র রচিত পবিত্র সকল শ্রীকৃষ্ণের অভিলষিত, অন্যত্র কাশ, কুশ রচিতও হয় ॥ ১৮৩ ॥

টীকা—সৌবর্ণাদীনাং সূত্রাণাং মধ্যে পূর্ব্বপূর্ব্বাভাবে পরৈঃ পরৈরিতি জ্ঞেয়ম্। তত্র ক্ষৌমৈঃ পট্টসূত্রৈঃ, পাদ্মিকৈঃ পদ্মসূত্রৈঃ ॥ ১৮৩ ॥

তত্র কার্পাসিকং সূত্রং ব্রাহ্মণীকর্ত্তিতং শুভম্।
আনীয় ত্রিগুণীকৃত্য পুনস্ত্রিগুণয়েৎ শুচিঃ ॥ ১৮৪ ॥

অনুবাদ—তন্মধ্যে বিশুদ্ধ পবিত্র মঙ্গলজনক ব্রাহ্মণী কর্ত্তিত কার্পাসসূত্র আনিয়া ত্রিগুণ করিয়া পুনরায় ত্রিগুণ করিবে ॥ ১৮৪ ॥

টীকা—অথ কার্পাসিকেষু কঞ্চিদ্বিশেষং দর্শয়ন্ আদৌ পবিত্রনির্ম্মাণবিধিং লিখতি—তত্রেত্যাদিনা। ব্রাহ্মণ্যা ব্রাহ্মণকুমার্য্যা সুশীলয়া বা বিধবয়া, তু শূদ্রয়া দুঃশীলয়া বা কর্ত্তিতং, শুভম্ উত্তমং জিখিতন্যায়েন কর্ত্তিতং স্বতশ্চ অনতিস্থৌল্যাদিনা। শুচিঃ স্নানাদিনা পবিত্রঃ সন্ ॥ ১৮৪ ॥

পঞ্চগব্যেন তৎ প্রোক্ষ্য প্রক্ষাল্য শুচিনাম্ভুনা।
মূলেনাষ্টোত্তরশতং মন্ত্রেণাথাভিমন্ত্রয়েৎ ॥ ১৮৫ ॥

অনুবাদ—পঞ্চগব্য দ্বারা তাহা ছিটা দিয়া বিশুদ্ধ গঙ্গাদিজলে ধৌত করিয়া মূলমন্ত্র দ্বারা একশত অষ্টবার অভিমন্ত্রিত করিবে ॥ ১৮৫ ॥

টীকা—তৎ নবগুণীকৃতসূত্রং শুচিনা শুদ্ধেন জলেন প্রক্ষাল্য, অথানন্তরং মূলেন মন্ত্রেণ অষ্টোত্তরশতবারান্ অভিমন্ত্রয়েৎ ॥ ১৮৫ ॥

ত্রীণি সাষ্টশতেনাস্য তস্যার্দ্ধেনাস্য চার্দ্ধতঃ।
জানূরুনাভিদঘ্নানি পবিত্রাণ্যাচরেৎ প্রভোঃ ॥১৮৬॥

অনুবাদ—তিনটি পবিত্ররচিত করিবে—প্রথমটি ১০৮ সূত্রে শ্রীবিগ্রহের জানু পর্য্যন্ত লম্বমান, দ্বিতীয়টি—৫৪ সূত্রে শ্রীবিগ্রহের উরু পর্য্যন্ত, তৃতীয়টি—২৭ সূত্রে শ্রীবিগ্রহের নাভি পর্য্যন্ত লম্বমান হইবে ॥১৮৬॥

টীকা—তেন চ সূত্রেণ জ্যেষ্ঠ-মধ্যম-কনিষ্ঠানি ত্রীণি পবিত্রাণি ক্রমেণ শুচৌ দেশে বৈষ্ণবৈঃ সহ যজ্ঞোপবীতবৎ বধ্নীয়াদিতি লিখতি—ত্রিণীতি। অস্য নবগুণীকৃতসূত্রস্য সাষ্টশতেনাষ্টোত্তরশতেন তাবদ্গুণিতেনেত্যর্থঃ। এবমগ্রেঽপি। তস্য সাষ্টশতস্যার্দ্ধেন চতুষ্পঞ্চাশতা, অস্য তদর্দ্ধস্য চার্দ্ধতঃ সপ্তবিংশত্যেত্যর্থঃ। এবং স্থৌল্যপরিমাণং লিখিত্বা দৈর্ঘ্যপরিমাণং লিখতি—প্রভোঃ শ্রীভগবন্মূর্ত্তেঃ ক্রমেণ জাম্বাদিমাত্রাণীতি, তত্রাষ্টোত্তরশতনবসূত্রীভির্জানু-পর্য্যন্তং জ্যেষ্ঠং, চতুষ্পঞ্চাশতা চোরুপর্য্যন্তং মধ্যমং, সপ্তবিংশত্যা চ নাভিপর্য্যন্তং কনিষ্ঠমিতি জ্ঞেয়ম্ ॥১৮৬

ষট্‌ত্রিংশদ্‌গ্রন্থয়স্তেষামাদ্যে কার্য্যাস্তু মধ্যমে ॥
চতুর্ব্বিংশতিরন্তে চ দ্বাদশ গ্রন্থয়ো বুধৈঃ ॥ ১৮৭ ॥

অনুবাদ—প্রথমটিতে—৩৬ গ্রন্থি, মধ্যমটিতে—২৪ গ্রন্থি, তৃতীয়টিতে—১২ গ্রন্থি, অভিজ্ঞ ব্যক্তিদ্বারা করাইবে ॥ ১৮৭ ॥

টীকা—পবিত্রাণাং মধ্যে মধ্যে চ সমভাগেন গ্রন্থীন্ বধ্নীয়াদিতি লিখতি—ষট্‌ত্রিংশদিতি। তেষাং ত্রয়াণাং মধ্যে আদ্যে জ্যেষ্ঠে, মধ্যমে চতুর্বিংশতিগ্রন্থয়ঃ কার্য্যাঃ, অন্ত্যে কনিষ্ঠে ॥ ১৮৭ ॥

———

অঙ্গুষ্ঠপর্ব্বমাত্রন্তু কুর্য্যাদ্‌গ্রন্থিমথোত্তমে।
তদর্দ্ধং মধ্যমে কুর্য্যাত্তদর্দ্ধঞ্চ কনীয়সি ॥ ১৮৮ ॥

অনুবাদ—প্রথমটিতে—অঙ্গুষ্ঠ পর্ব্ব পরিমাণ অন্তর গ্রন্থি দিবে, দ্বিতীয়টিতে—তাহার অর্দ্ধেক পরিমাণ অন্তর, তৃতীয়টিতে—তাহার অর্দ্ধেক পরিমাণ অন্তর ॥ ১৮৮ ॥

সোপবাসো হরেঃ পূজাং তত্র কৃত্বা ন সীদতি।
অর্দ্ধরাত্রে চ যোগোঽয়ং তারাপত্যুদয়ে সতি ॥৩৪২॥

অনুবাদ—শ্রাবণমাসে রোহিণী নক্ষত্র যুক্তা কৃষ্ণাষ্টমীতে উপবাস যুক্ত শ্রীকৃষ্ণের পূজা করিলে দুঃখ পায় না, এই যোগটি অর্দ্ধরাত্রে চন্দ্র উদিত হইলে ॥ ৩৪২ ॥

কিঞ্চ—

রোহিণী-সহিতা কৃষ্ণা মাসি ভাদ্রপদেঽষ্টমী।
অর্দ্ধরাত্রাদর্দ্ধশ্চোর্দ্ধং কলয়াপি যদা ভবেৎ ॥৩৪৩॥
তত্র জাতো জগন্নাথঃ কৌস্তুভী হরিরব্যয়ঃ।
তমেবোপবসেৎ কালং কুর্য্যাৎ তত্রৈব জাগরম্ ॥৩৪৪
জয়ন্তী নাম সা রাত্রিস্তত্র জাতো জনার্দ্দনঃ।
নিয়তাত্মা শুচিঃ স্নাত্বা পূজাং তত্র প্রবর্ত্তয়েৎ ॥৩৪৫॥

অনুবাদ—আরও—ভাদ্রমাসে রোহিণীযুক্তা কৃষ্ণাষ্টমী অর্দ্ধরাত্রের নীচে বা উর্ধ্বে এককলাও যখন হয়, ঐ সময় জগন্নাথ কৌস্তুভধারী অব্যয় শ্রীহরি জন্ম গ্রহণ করেন, ঐ দিন উপবাস করিবে এবং ঐ রাত্রিতে জাগরণ কর্ত্তব্য। ঐ রাত্রির নাম 'জয়ন্তী' ঐ যোগে জনার্দ্দন শ্রীকৃষ্ণ জন্মগ্রহণ করিয়াছেন, সংযতচিত্ত পবিত্রমানব স্নান করিয়া ঐ সময় পূজা আরম্ভ করিবেন ॥ ৩৪৩-৩৪৫ ॥

বহ্নিপুরাণে—

সমযোগে তু রোহিণ্যা নিশীথে রাজসত্তম।
সমজায়ত গোবিন্দো বালরূপী চতুর্ভুজঃ।
তস্মাত্তং পূজয়েত্তত্র যথাবিত্তানুসারতঃ ॥ ৩৪৬ ॥

অনুবাদ—অগ্নিপুরাণে—হে রাজসত্তম! রোহিণী অষ্টমীর সমযোগে মধ্যরাত্রে বালরূপী চতুর্ভুজ গোবিন্দ জন্মগ্রহণ করেন, অতএব অর্থসামর্থ্যানুসারে ঐ সময় গোবিন্দকে পূজা করিবেন ॥ ৩৪৬ ॥

টীকা—সমযোগ ইতি নিশীথমাত্রব্যাপিনী রোহিণী চাষ্টমী চেতি বোধয়তি। অতএব শুদ্ধেতি পর্য্যবস্যতি ॥ ৩৪৬ ॥

ভবিষ্যোত্তরে—

মাসি ভাদ্রপদেঽষ্টম্যাং কৃষ্ণপক্ষেঽর্দ্ধরাত্রকে।
শশাঙ্কে বৃষরাশিস্থে প্রাজাপত্যর্ক্ষসংযুতে।
উপোষিতোঽর্চ্চয়েৎ কৃষ্ণং যশোদাং দেবকীন্তথা ॥৩৪৭

অনুবাদ—ভবিষ্যোত্তরে—ভাদ্রমাসে কৃষ্ণপক্ষের অষ্টমীর অর্দ্ধরাত্রে, চন্দ্র রোহিণীনক্ষত্রে বৃষরাশিতে অবস্থান কালে উপবাস পূর্ব্বক কৃষ্ণকে, যশোদাকে ও দেবকীকে পূজা করিবে ॥ ৩৪৭ ॥

কিঞ্চ—

মাসি ভাদ্রপদেঽষ্টম্যাং নিশীথে কৃষ্ণপক্ষকে।
শশাঙ্কে বৃষরাশিস্থে ঋক্ষে রোহিণীসংজ্ঞকে।
যোগেঽস্মিন্ বসুদেবাদ্ধি দেবী দেবমজীজনৎ॥৩৪৮
তস্মাৎ সম্পূজয়েদত্র শুচিঃ সম্যগুপোষিতঃ॥৩৪৯॥

অনুবাদ—আরও—ভাদ্রমাসে কৃষ্ণপক্ষে অষ্টমীতে মধ্যরাত্রে চন্দ্র রোহিণী নক্ষত্র সহ বৃষরাশিতে অবস্থান কালে এই জয়ন্তী যোগে পিতা বসুদেব হইতে মাতা দেবকীদেবী শ্রীকৃষ্ণদেবকে প্রসব করিয়াছেন, অতএব ঐ যোগে সম্পূর্ণ উপবাস করিয়া মানব পবিত্র হইয়া পূজা করিবে॥ ৩৪৮-৩৪৯॥

পাদ্মে—

প্রেতযোনিং গতানান্তু প্রেতত্বং নাশিতং নরৈঃ।
যৈঃ কৃতা শ্রাবণে মাসি অষ্টমী রোহিণীযুতা॥৩৫০
কিং পুনর্বুধবারেণ সোমেনাপি বিশেষতঃ।
কিং পুনর্নবমীযুক্তা কুলকোট্যাস্তু মুক্তিদা॥ ৩৫১॥

অনুবাদ—পদ্মপুরাণে—মানবগণ প্রেতযোনি প্রাপ্ত জনগণের প্রেতত্ব মুক্ত করেন, যাহারা শ্রাবণমাসে রোহিণী যুক্তা অষ্টমী, বিশেষতঃ বুধবারে বা সোমবারে, তাহাতে আবার নবমী যুক্তা হইলে উপবাস করিয়া কোটি কুলের মুক্তিদাতা হন॥ ৩৫০-৩৫১॥

স্কান্দে—

উদয়ে চাষ্টমী কিঞ্চিন্নবমী সকলা যদি।
ভবতে বুধসংযুক্তা প্রাজাপত্যর্ক্ষসংযুতা।
অপি বর্ষশতেনাপি লভ্যতে বা ন বা বিভো॥৩৫২॥

অনুবাদ—স্কন্দপুরাণে—সূর্য্যোদয়ের পর কিঞ্চিৎ অষ্টমী, সম্পূর্ণ দিন যদি নবমী হয় এবং বুধবার ও রোহিণী নক্ষত্রযুক্ত হয়, হে বিভো। এইরূপ যোগ শতবর্ষ মধ্যে পাওয়া যায় কি না॥ ৩৫২॥

টীকা—লভ্যতে বা ন বেতি পরমদৌর্লভ্যোক্ত্যাস্য যোগস্য মহামহিমাভিপ্রেতঃ॥ ৩৫২॥

ভবিষ্যে চ—

নবম্যাং যোগনিদ্রায়া জন্মাষ্টম্যাং হরেস্ততঃ।
নবম্যা সহিতোপোষ্যা রোহিণী বুধসংযুতা॥
ইতি॥ ৩৫৩॥

অনুবাদ—ভবিষ্যপুরাণেও—নবমীতে যোগমায়ার জন্ম, অষ্টমীতে শ্রীহরির জন্ম, অতএব নবমী সহিত রোহিণী ও বুধবার যুক্তা অষ্টমী উপবাস যোগ্যা॥ ৩৫৩॥

ইন্দুঃ পূর্ব্বেঽহনি জ্ঞে বা পরে চেদ্রোহিণীযুতা।
কেবলা চাষ্টমী বৃদ্ধা সোপোষ্যা নবমীযুতা॥৩৫৪॥

অনুবাদ—পূর্ব্বদিনে সোম বা বুধবার, পরদিনে যদি রোহিণীযুক্তা, কেবলা অষ্টমী বৃদ্ধি প্রাপ্ত হইয়া নবমীযুক্তা হয়, পরদিনই উপবাস যোগ্যা॥ ৩৫৪॥

তথা চ পাদ্মে—

মুহূর্ত্তেনাপি সংযুক্তা সম্পূর্ণা চাষ্টমী ভবেৎ।
কিং পুনর্নবমীযুক্তা কুলকোট্যাস্তু মুক্তিদা॥ ৩৫৫॥

অনুবাদ—ঐরূপ পদ্মপুরাণে—একমুহূর্ত্তও রোহিণী সংযুক্তা যদি সম্পূর্ণা অষ্টমী শেষে নবমীযুক্তা হয়, তাহা হইলে উপবাসকারীর কোটি কুলের মুক্তি প্রদান করে॥ ৩৫৫॥

সূতোক্তৌ চ—

মাসি ভাদ্রপদে কৃষ্ণা অষ্টমী নবমী ভবেৎ।
পূজ্যাষ্টমী ততঃ পুংভিঃ স্ত্রীভিশ্চাপি
বিশেষতঃ॥ ৩৫৬॥

অনুবাদ—সূতদেবের উক্তিতেও—ভাদ্রমাসে কৃষ্ণাষ্টমী যদি নবমীযুক্তা হয়, তাহা হইলে ঐ অষ্টমী পুরুষগণের উপবাসাদি দ্বারা পূজনীয় বিশেষতঃ স্ত্রীগণ কর্ত্তৃকও পূজনীয়া॥ ৩৫৬॥

রোহিণ্যাদিবিযুক্তাপি সোপোষ্যা কেবলাষ্টমী।
তত্তদ্‌যোগস্তু বৈশিষ্ট্যে ব্রতলোপোঽন্যথা
ভবেৎ॥ ৩৫৭॥
ইত্থং শুদ্ধৈব লিখিতা যোগাদ্বহুবিধাষ্টমী।
ত্যাজ্যা বিদ্ধা চ সপ্তম্যা সা বিদ্ধৈকাদশী যথা॥৩৫৮

অনুবাদ—রোহিণী অর্দ্ধরাত্র নবমী আদি যুক্ত

না হইলেও কেবল ভাদ্র কৃষ্ণা অষ্টমী উপবাস যোগ্যা, ঐ সকল যোগ কিন্তু বিশেষ বিশেষ ফল লাভের জন্য বহুবিধ দেখান হইল। ব্রতে অত্যন্ত প্রয়োজনীয় নহে। বিশেষ বিশেষ যোগগুলি দুর্ল্লভ, সুতরাং যোগের অপেক্ষা করিলে অষ্টমী ব্রত লুপ্ত হইবার প্রসঙ্গ আসে। এই কারণে সপ্তমী বিদ্ধা বর্জ্জন করিয়া শুদ্ধা কেবল অষ্টমীতে ব্রতের বিধান। যেমন শ্রীএকাদশী অরুণোদয় বিদ্ধা পরিত্যাজ্যা দেখান হইয়াছে, সেইরূপ জন্মাষ্টমী প্রভৃতি সূর্য্যোদয়ে পূর্ব্ববিদ্ধা বিবর্জ্জনীয়া দেখান হইবে ॥ ৩৫৭-৩৫৮ ॥

টীকা—নন্বেবং রোহিণ্যর্দ্ধরাত্রাদিযোগাপেক্ষয়া কদাচিদ্বিদ্ধোপবাসপ্রসঙ্গঃ স্যাৎ, তথা তত্তদ্‌যোগাভাবে ব্রতলোপপ্রসঙ্গোঽপি ভবেৎ, তচ্চাযুক্তং অগ্রে বিদ্ধাবর্জ্জনাৎ, তথা ব্রতস্য নিত্যত্বাচ্চ। সত্যং, তত্তদ্‌যোগশ্চ ফলবিশেষার্থ এব জ্ঞেয়ঃ, ন তু ব্রতেঽবশ্যমপেক্ষণীয়ঃ ; অতস্তদ্‌যোগাভাবেঽপি কেবলাষ্টম্যামেব ব্রতং বিধেয়মিতি লিখতি—রোহিণ্যাদিতি। আদিশব্দেন অর্দ্ধরাত্রনবম্যাদি, সা ভাদ্রমাসস্য কৃষ্ণপক্ষীয়া, বিশিষ্টনিমিত্তে ফলবিশেষার্থমেবেত্যর্থঃ। এবঞ্চ রোহিণ্যর্দ্ধরাত্রাদিযোগানামবশ্যাপেক্ষত্বাভাবাদ্বিদ্ধাবর্জ্জনমপি সিদ্ধমেব ॥ ৩৫৭ ॥

টীকা—এতদেবাভিব্যঞ্জয়ন্ বিদ্ধাব্রতং ত্যাজয়তি—ইত্থমিতি। যোগাদিতি রোহিণ্যাদিযোগভেদেন বহুবিধাঽপি জন্মাষ্টমীয়ং শুদ্ধৈব সপ্তমীবেধবর্জ্জিতৈব লিখিতা, ন তু রোহিণ্যাদিযোগাপেক্ষয়া বিদ্ধেত্যর্থঃ। অতো বিশুদ্ধায়ামেব সত্যাং তত্তদ্‌যোগ আদরণীয়ঃ, ন তু বিদ্ধায়ামিতি ভাবঃ ; যতো বিদ্ধা সর্ব্বথৈব ত্যাজ্যেতি। সা জন্মাষ্টমী চ সপ্তম্যা বিদ্ধা সতী ত্যাজ্যৈব, তত্র বৈষ্ণবানাং সর্ব্বথা সর্ব্বত্র বিদ্ধাত্যাগং দৃষ্টান্তেন স্মারয়তি—বিদ্ধেতি। এতচ্চৈকাদশীপ্রকরণে স্পষ্টং লিখিতমেব ॥ ৩৫৮ ॥

অথ সপ্তমীবিদ্ধজন্মাষ্টমীব্রতনিষেধঃ

ব্রহ্মবৈবর্ত্তে—

বর্জ্জনীয়া প্রযত্নেন সপ্তমীসহিতাষ্টমী।
সঋক্ষাপি ন কর্ত্তব্যা সপ্তমীসংযুতাষ্টমী ॥ ৩৫৯ ॥

অনুবাদ—অনন্তর সপ্তমী বিদ্ধা জন্মাষ্টমী ব্রত নিষেধ, ব্রহ্মবৈবর্ত্তে—বিশেষ যত্নসহকারে সপ্তমীযুক্তা অষ্টমী বর্জ্জন করিবে, রোহিণীনক্ষত্রযুক্তা অষ্টমী ব্রত কর্ত্তব্যা নহে ॥ ৩৫৯ ॥

পাদ্মে—

পঞ্চগব্যং যথা শুদ্ধং ন গ্রাহ্যং মদ্যসংযুতম্।
রবিবিদ্ধা তথা ত্যাজ্যা রোহিণীসহিতা যদি ॥৩৬০॥

অনুবাদ—পদ্মপুরাণে—পঞ্চগব্য পবিত্র হইলেও মদ্য সংযোগ হইলে গ্রহণীয় নহে, সেইরূপ রোহিণী যুক্তা হইলেও সপ্তমী বিদ্ধা অষ্টমী ত্যাজ্যা ॥ ৩৬০॥

টীকা—রবিঃ সপ্তমী, যদ্যপি রোহিণীসহিতা ॥ ৩৬০ ॥

পূর্ব্ববিদ্ধা যথা নন্দা বর্জ্জিতা শ্রবণান্বিতা।
তথাষ্টমীং পূর্ব্ববিদ্ধাং সঋক্ষাঞ্চ বিবর্জ্জয়েৎ ॥৩৬১

অনুবাদ—দশমী বিদ্ধা একাদশী শ্রবণা নক্ষত্র যুক্তা হইলেও যেমন বর্জ্জনীয়া, সেইরূপ রোহিণী নক্ষত্র যুক্তা হইলেও সূর্য্যোদয়ে সপ্তমীবিদ্ধা অষ্টমী বিশেষভাবে বর্জ্জন করিবে ॥ ৩৬১ ॥

টীকা—নন্দা একাদশীশ্রবণান্বিতাপি। অত্র চ যথাশব্দবলাৎ কেচিদেবং মন্যন্তে—অরুণোদয়ে দশম্যা বিদ্ধা যথৈকাদশী বর্জ্জিতা, তথা অরুণোদয়ে সপ্তম্যা বিদ্ধা জন্মাষ্টম্যপি ত্যাজ্যা। অতো রোহিণীং বিনাপি নবম্যেবোপোষ্যা। অতএবোক্তং স্কান্দে—'জন্মাষ্টমীং পূর্ব্ববিদ্ধাং সঋক্ষাং সকলামপি। বিহায় শুদ্ধাং নবমীমুপোষ্য ব্রতমাচরেৎ ॥' ইত্যাদি। অনেনাভিপ্রায়েণৈব পাদ্ম-স্কান্দাদৌ নবমীযুতাপীতি অষ্টম্যুপবাসস্য প্রাশস্ত্যমুক্তমিতি তচ্চ ন সুসঙ্গতম্। একাদশীতরাশেষতিথীনাং রব্যুদয়তঃ প্রবৃত্তানামেব সম্পূর্ণত্বেনারুণোদয়বেধাসিদ্ধেঃ। তচ্চ পূর্ব্বং সম্পূর্ণালক্ষণে লিখিতমেব ॥ ৩৬১ ॥

বর্জ্জনীয়া প্রযত্নেন সপ্তমীসংযুতাষ্টমী।
বিনা ঋক্ষেণ কর্ত্তব্যা নবমীসংযুতাষ্টমী ॥ ৩৬২ ॥

অনুবাদ—বিশেষ যত্নসহ সপ্তমী সংযুক্তা অষ্টমী বর্জ্জনীয়া, রোহিণী সংযোগ ব্যতীত পরদিনে নবমী অষ্টমী ব্রত কর্ত্তব্যা ॥ ৩৬২ ॥

অবিদ্ধায়াং সঋক্ষায়াং জাতো দেবকিনন্দনঃ ॥৩৬৩

অনুবাদ—সপ্তমী বিদ্ধা ব্যতীত রোহিণী সহিতা অষ্টমীতে দেবকীনন্দন জন্মগ্রহণ করিয়াছেন ॥৩৬৩

বাসরে বা নিশার্দ্ধে বা সপ্তম্যাঞ্চ যদাষ্টমী।
পূর্ব্বমিশ্রা তদা ত্যাজ্যা প্রাজাপত্যর্ক্ষসংযুতা ॥৩৬৪॥

অনুবাদ—দিনে বা মধ্যরাত্রে সপ্তমীতে যখন অষ্টমী পূর্ব্ববিদ্ধা রোহিণী নক্ষত্র যুক্তা হইলেও বর্জ্জনীয়া ॥ ৩৬৪ ॥

পাদ্মে—
জন্মাষ্টমীং পূর্ব্ববিদ্ধাং সঋক্ষাং সকলামপি।
বিহায় নবমীং শুদ্ধামুপোষ্য ব্রতমাচরেৎ ॥ ৩৬৫ ॥

অনুবাদ—পদ্মপুরাণে—সপ্তমীবিদ্ধা রোহিণী নক্ষত্র সহিতা অর্চ্চনা সম্পূর্ণা হইলেও তাহা পরিত্যাগ করিয়া পরদিন শুদ্ধা নবমীতে উপবাস করিয়া ব্রত করিবে ॥ ৩৬৫ ॥

টীকা—অপ্যর্থে চকারঃ। সঋক্ষাং রোহিণী-সহিতামপি ॥ ৩৫৪-৩৬৫ ॥

সকলাপি সঋক্ষাপি নবমীসংযুতাপি চ।
জন্মাষ্টমী পূর্ব্ববিদ্ধা ন কর্ত্তব্যা কদাচন ॥ ৩৬৬ ॥

অনুবাদ—রোহিণী নক্ষত্রযুক্তা হইলেও অষ্টমী সপ্তমীবিদ্ধা হইলে কখনও ব্রত কর্ত্তব্য নহে, নবমীতেই উপবাস করিতে হইবে ॥ ৩৬৬ ॥

পলবেধে তু বিপ্রেন্দ্র সপ্তম্যা চাষ্টমীং ত্যজেৎ।
সুরায়া বিন্দুনা স্পৃষ্টং গঙ্গাম্ভঃকলসং যথা ॥৩৬৭॥

অনুবাদ—হে বিপ্রবর! সপ্তমী দ্বারা পলমাত্র বিদ্ধা অষ্টমীকেও ত্যাগ করিবে, যেমন গঙ্গাজল পূর্ণ কলস সুরাবিন্দু দ্বারা স্পর্শ হইলে বর্জ্জনীয় ॥ ৩৬৭ ॥

বিনা ঋক্ষেণ কর্ত্তব্যা নবমী-সংযুতাষ্টমী।
সঋক্ষাপি ন কর্ত্তব্যা সপ্তমীসংযুতাষ্টমী ॥ ৩৬৮ ॥

অনুবাদ—নক্ষত্রযোগ ব্যতীতই নবমী সংযুতা অষ্টমী ব্রত কর্ত্তব্যা, নক্ষত্রযুক্তা হইলেও সপ্তমী সংযুতা অষ্টমী ব্রত কর্ত্তব্যা নহে ॥ ৩৬৮ ॥

টীকা—প্রাজাপত্যর্ক্ষসংযুতাপি নবমীসংযুতাপীত্য-ষ্টমীক্ষয়াভিপ্রায়েণ ॥ ৩৬৮ ॥

তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন ত্যাজ্যামেবাশুভং বুধৈঃ।
বেধে পুণ্যক্ষয়ং যাতি তমঃ সূর্য্যোদয়ে যথা ॥৩৬৯॥

অনুবাদ—সেইহেতু সর্ব্বপ্রযত্নে সপ্তমী বিদ্ধা অশুভ অষ্টমীতিথিকে অভিজ্ঞ ব্যক্তি ত্যাগ করিবেন, বিদ্ধা ব্রতে পুণ্যক্ষয় প্রাপ্ত হয় যেমন সূর্য্যোদয়ে অন্ধকার ক্ষয় যায় ॥ ৩৬৯ ॥

টীকা—অশুভম্—বেধলক্ষণম্ ॥ ৩৬৯ ॥

যাজ্ঞবল্ক্যস্মৃতৌ—
সম্পূর্ণা চার্দ্ধরাত্রে তু রোহিণী যদি লভ্যতে।
কর্ত্তব্যা সা প্রযত্নেন পূর্ব্ববিদ্ধাং বিবর্জ্জয়েৎ ॥
ইতি ॥ ৩৭০ ॥

অনুবাদ—যাজ্ঞবল্ক্যস্মৃতিতে—সম্পূর্ণা অষ্টমী এবং অর্দ্ধরাত্রে রোহিণী যদি প্রাপ্ত হয়, সেই অষ্টমী ব্রত কর্ত্তব্যা ॥ ৩৭০ ॥

যচ্চ বহ্নিপুরাণাদৌ প্রোক্তং বিদ্ধাষ্টমীব্রতম্।
অবৈষ্ণবপরং তচ্চ কৃতং তদ্দেবমায়য়া ॥ ৩৭১ ॥

অনুবাদ—অগ্নিপুরাণাদিতে যে সকল সপ্তমী বিদ্ধা অষ্টমী ব্রত বলা হইয়াছে তাহা অবৈষ্ণবগণের পক্ষে এবং দেবমায়া দ্বারা কৃত ॥ ৩৭১ ॥

টীকা—এবং জন্মাষ্টমী সর্ব্বথা শুদ্ধৈব কর্ত্তব্যা, ন তু কথঞ্চিদ্বিদ্ধেতি নিশ্চিতম্। তত্র যানি বিদ্ধা-

ব্রতপরাণি বচনানি বর্ত্তন্তে, তথা চ বহ্নিপুরাণে—'সপ্তমীসংযুতাষ্টম্যাং নিশীথে রোহিণী যদি। ভবিতা চাষ্টমী পুণ্যা যাবচ্চন্দ্রদিবাকরৌ ॥' ইতি'; অগ্নিপুরাণে—'তস্মাৎ কৃষ্ণাষ্টমী পূজ্যা সপ্তম্যাং নৃপসত্তম। রোহিণীসংযুতোপোষ্যা সর্ব্বাঘৌঘবিনাশিনী ॥' পাদ্মে—কার্য্যা বিদ্ধাপি সপ্তম্যা রোহিণীসহিতাষ্টমী। তত্রোপবাসং কুর্ব্বীত তিথিভান্তে চ পারণম্ ॥' ইতি ; বিষ্ণুধর্ম্মোত্তরে চ—'জয়ন্তী শিবরাত্রিশ্চ কার্য্যে ভদ্রজয়ান্বিতে। কৃত্বোপবাসং তিথ্যন্তে তথা কুর্ব্বীত পারণম্ ॥' ইত্যাদীনি। তানি বিষয়ভেদব্যবস্থাপনাদিনা পরিহরতি—যচ্চেতি। অবৈষ্ণবাঃ বৈষ্ণবেতরাঃ শৈবসৌরাদয়স্তৎপরং তদ্বিষয়কং, সর্ব্বত্রৈকাদশী, রামনবমী, নৃসিংহচতুর্দ্দশ্যাদৌ বৈষ্ণবানাং বিদ্ধাবর্জ্জনাৎ। নক্ষত্র বিদ্ধাবর্জ্জনবচনেষু বৈষ্ণবশব্দো ন প্রযুক্তঃ, দোষাশ্চ বহবঃ শ্রূয়ন্তে, অতঃ সর্ব্বেষামেব সামান্যতো বিদ্ধাবর্জ্জনং যুক্তমিত্যতঃ পক্ষান্তরং লিখতি—কৃতং বেতি ॥ ৩৭০-৩৭১ ॥

———

তথা চ স্কান্দে—

পুরা দেবৈর্ঋষিগণৈঃ স্বপদচ্যুতিশঙ্কয়া।
সপ্তমীবেধজালেন গোপিতং হ্যষ্টমীব্রতম্ ॥ ৩৭২ ॥

অনুবাদ—প্রাচীনকালে দেবগণ ও ঋষিগণ নিজ পদ শুদ্ধব্রতীগণ অধিকার করিতে পারে এই আশঙ্কায় অষ্টমী ব্রত সপ্তমীবেধ জাল দ্বারা গোপন করিয়াছেন ॥ ৩৭২ ॥

টীকা—ঋষিগণৈঃ কৃত্বা, এবঞ্চ সতি বিদ্ধাবর্জ্জনবচনানাং স্থানং কল্পয়িত্বা বিদ্ধাব্রতং যে ব্যবস্থাপয়ন্তি, তেঽপি দেবমায়াবিমোহিতা ইতি জ্ঞেয়ম্, যতো বক্তৃভেদেন পুরাণাদিভেদেন চ পৃথক্ পৃথগ্ বর্তমানানি তত্তদ্বচনানি কথমেকাধিকারিপরতাং লভন্তাম্? অতো বিষয়ভেদব্যবস্থৈব যুক্তেতি দিক্ ॥ ৩৭২ ॥

———

ইয়ং প্রামানিকৈঃ কৃষ্ণদেবাচার্য্যাদির্বৈষ্ণবৈঃ।
ব্যবস্থান্যা চ নির্ণীতা লিখিতাচারতঃ সতাম্ ॥৩৭৩

অনুবাদ—এই প্রকার ব্যবস্থা সর্ব্বশাস্ত্রবিদ্ পুরাতন বৈষ্ণব প্রবর কৃষ্ণদেবাচার্য্যাদি কর্ত্তৃক লিখিত নৃসিংহপরিচর্য্যাদি-শাস্ত্র অনুসরণকারী সদাচার পদ্ধতি দৃষ্টে বৈষ্ণব ব্যবস্থা নির্ণীতা হইল ॥ ৩৭৩ ॥

টীকা—এতাদৃশী চ ব্যবস্থা ন ময়া নিজবুদ্ধ্যেব কল্পিতাস্তি, কিন্তু সর্ব্বশাস্ত্রবেদিপুরাতনবৈষ্ণববরলিখিতপদ্ধত্যাদিদৃষ্ট্যৈবাত্র নিবদ্ধেতি লিখতি—ইয়মিতি জন্মাষ্টমীব্রতবিষয়া, প্রামাণিকৈঃ সর্ব্বলোকাদরণীয়ৈরাপ্ততমৈরিত্যর্থঃ। অন্যা চ শিবরাত্র্যাদিব্রতবিষয়া নির্ণীতা বর্ত্ততে, কিন্তু ময়া সতামাচারতঃ সতাং শাস্ত্রানুবর্ত্তিনাং বৈষ্ণবানামাচারতঃ আচারদৃষ্ট্যা নির্ণীতেত্যন্বয়ঃ। যদ্বা, ন কেবলং তত্তৎপদ্ধতিগ্রন্থদৃষ্টা লিখিতা, কিন্তু সতামাচারতশ্চেতি, মধ্যদেশীয়ানাং বৈষ্ণবানাং বিদ্ধাবর্জ্জননিয়মেন প্রায়ঃ পরদিনে ব্রতাচরণাৎ। এবং শ্রীবৈষ্ণববর্গসম্মতৈবাত্র গ্রন্থে ব্যবস্থা লিখ্যতে, ন তু বৈষ্ণবেতর-স্মৃতি-পর-জনকল্পিতেতি ভাবঃ। ইত্থঞ্চ 'উদয়ে চাষ্টমী কিঞ্চিৎ' ইতি বচনং পূর্ব্বদিনে সপ্তমীবেধে রোহিণ্যভাবে বা সত্যেব পরদিনে ব্রতমিতি। তথা প্রেতযোনিগতানাং ত্বিত্যাদি চ রাত্রিশেষে নবমীযুতত্ববিষয়ং, এবমেব মুহূর্ত্তেনাপীতি দ্বয়ঞ্চ। তথা শিবরাত্রৌ বিদ্ধাত্যাগবচনদ্বয়ঞ্চ পূর্ব্বদিনে চতুর্দ্দশ্যাঃ প্রদোষব্যাপ্ত্যাদাবিতি। তথা চাগ্রে লেখ্যশ্রবণদ্বাদশীব্রতবিষয়িকা বৈষ্ণবেতরস্মার্ত্তসম্মতা সর্ব্বা ব্যবস্থা নিরস্তেতি দিক্। অলমতিবিস্তরেণ ॥ ৩৭৩ ॥

———

শুদ্ধা চ রোহিণীযুক্তা পূর্ব্বেঽহনি পরত্র চ।
অষ্টম্যুপোষ্যা পূর্ব্বৈব তিথিভান্তে চ পারণম্ ॥৩৭৪

অনুবাদ—শুদ্ধা অষ্টমী রোহিণী নক্ষত্রযুক্তা পূর্ব্বদিনে ও পরদিনে এইরূপ স্থলে পূর্ব্বা অষ্টমীই উপবাস কর্ত্তব্যা পরদিনে তিথি ও নক্ষত্রান্তে পারণ ॥ ৩৭৪ ॥

টীকা—ননু তর্হি তিথিভান্তে চ পারণমিত্যস্য সর্ব্বত্র প্রসিদ্ধস্য বাক্যস্য কা গতিরস্তু? শুদ্ধোপবাসে সতি পরদিনেঽষ্টমীনিষ্ক্রমাসম্ভবাৎ। তত্র লিখতি—শুদ্ধা চেতি। যদা তিথিবৃদ্ধিক্রমেণাষ্টমী রোহিণী চ শুদ্ধা সাম্যেন পূর্ব্বদিনং ব্যাপ্য পরদিনে নিষ্ক্রমেৎ, তদা পূর্ব্বদিনে ব্রতং কৃত্বা পরদিনেঽষ্টমীরোহিণ্যোরন্তে 'সতি পারণং কার্য্যমিত্যর্থঃ, যদ্যপি 'উদয়ে চাষ্টমী

কিঞ্চিন্নবমী সকলা যদি' ইতি বচনবলাৎ পরস্মিন্নেব দিনে ব্রতমাপদ্যেত, তথাপি বুধে সোমে বা শুদ্ধা-ষ্টম্যামর্দ্ধরাত্রে রোহিণীপ্রাপ্ত্যা যোগবাহুল্যাপেক্ষাতস্তথা শুদ্ধাষ্টমীপরিত্যাগবচনাশ্রবণাচ্চ পূর্ব্বস্মিন্নেব দিনে ব্রতমুপযুক্তম্। এবঞ্চ পূর্ব্বদিনেঽর্দ্ধরাত্রে রোহিণ্য-ভাবে নবম্যামেব রোহিণীযোগে চ পরস্মিন্নেব দিনে ব্রতং জ্ঞেয়ম্। অতএব 'প্রাজাপত্যর্ক্ষসংযুক্তা নবমী সকলা যদি' ইত্যুক্তম্, অন্যথা তত্তদ্‌যোগপ্রশস্ত-শুদ্ধা-ষ্টমীত্যাগাপত্তেঃ। যদ্বা, 'ভবতে বুধবারেণ' ইত্যা-দ্যুক্তের্বুধসোমবারয়োরেকতরেণ যোগে সতি সম্পূর্ণা-মপি শুদ্ধামপ্যর্দ্ধরাত্রে রোহিণীযুক্তামপ্যষ্টমীং পূর্ব্বাং পরিত্যজ্য তত্তদ্বচনবলাদুত্তরৈবোপোষ্যা ; অন্যথা তু পূর্ব্বৈব। তদানীমেব 'তিথিভান্তে চ পারণম্' ইতি। কেচিচ্চ বৈষ্ণবা 'মুহূর্ত্তেনাপি' ইতি পদ্যদ্বয়াদরেণ তত্তদ্বাররোহিণ্যভাবেঽপি দ্বাদশীনির্গমবৎ পরস্মিন্নেব দিনে ব্রতমিচ্ছন্তি, তিথিভান্তে চ পারণম্' ইত্যাদি-কঞ্চ বৈষ্ণববিষয়মিতি মন্যন্তে। অত্র সম্প্রদায়াচার এব গতিরিতি দিক্ ॥ ৩৭৪ ॥

কেবলকৃষ্ণোপাসনাশাস্ত্রে গৌতমীয়তন্ত্রে
তন্ত্রদীক্ষামুদ্দিশ্য যথোক্তম্—

অথ ভাদ্রাসিতাষ্টম্যাং প্রাদুরাসীৎ স্বয়ং হরিঃ।
ব্রহ্মণা প্রার্থিতঃ পূর্ব্বং দেবক্যাং কৃপয়া বিভুঃ ॥৩৭৫

অনুবাদ—কেবল কৃষ্ণ উপাসনা শাস্ত্রে গৌতমীয়-তন্ত্রে তন্ত্রদীক্ষাকে উদ্দেশ্য করিয়া যাহা বলা হইয়াছে —অনন্তর ভাদ্র কৃষ্ণাষ্টমীতে স্বয়ং ভগবান্ শ্রীহরি ব্রহ্মা কর্ত্তৃক প্রার্থিত হইয়া দেবকীতে কৃপাহেতু সর্ব্ব-ব্যাপি হইয়াও আবির্ভূত হইয়াছিলেন ॥ ৩৭৫ ॥

রোহিণ্যৃক্ষে শুভতিথৌ দৈত্যানাং নাশহেতবে।
মহোৎসবং প্রকুর্ব্বীত যত্নতস্তদ্দিনে শুভে ॥ ৩৭৬ ॥

অনুবাদ—দৈত্যগণের বিনাশকারণে রোহিণী নক্ষত্রে অবিদ্ধা পবিত্র তিথিতে যত্নসহ পবিত্র ঐ দিনে মহোৎসব করিবে ॥ ৩৭৬ ॥

রাজন্যৈর্ব্রাহ্মণৈর্বৈশ্যৈঃ শূদ্রৈশ্চৈব স্বশক্তিতঃ।
উপবাসঃ প্রকর্ত্তব্যো ন ভোক্তব্যং কদাচন ॥ ৩৭৭ ॥

অনুবাদ—নিজ সামর্থ্য অনুসারে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্রগণও উপবাস করিবেন, কখনও ভোজন করিবেন না ॥ ৩৭৭ ॥

কৃষ্ণজন্মদিনে যস্তু ভুঙ্‌ক্তে স তু নরাধমঃ।
নিবসেন্নরকে ঘোরে যাবদাহূতসংপ্লবম্ ॥ ৩৭৮ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণ জন্মদিনে যে মানব ভোজন করে, সে নরাধম এবং মহাপ্রলয় পর্য্যন্ত ঘোর নরকে বাস করে ॥ ৩৭৮ ॥

অষ্টমী রোহিণীযুক্তা চার্দ্ধরাত্রং যদা স্পৃশেৎ।
উপোষ্য তাং তিথিং বিদ্বান্
কোটিযজ্ঞফলং লভেৎ ॥ ৩৭৯ ॥

অনুবাদ—অষ্টমী রোহিণী যুক্তা হইয়া অর্দ্ধ-রাত্রকে যখন স্পর্শ করিবে, বিদ্বান ব্যক্তি ঐ তিথিতে উপবাস করিয়া কোটি যজ্ঞফল লাভ করে ॥ ৩৭৯ ॥

সোমাহ্নি বুধবারে বা চাষ্টমী রোহিণীযুতা।
জয়ন্তী নাম সা খ্যাতা তাং লভেৎ পুণ্যসঞ্চয়ৈঃ ॥৩৮০

অনুবাদ—সোমবারে বা বুধবারে অষ্টমী রোহিণী যুক্তা হইলে 'জয়ন্তী' নামে বিখ্যাতা, বহু পুণ্যবান ব্যক্তিই তাহা লাভ করে ॥ ৩৮০ ॥

তস্যামুপোষ্য যৎ পাপং লোকঃ কোটিভবোদ্ভবম্।
বিমুচ্য নিবসেদ্বিপ্র বৈকুণ্ঠে বিরজে পুরে ॥ ৩৮১ ॥

অনুবাদ—হে বিপ্র। জয়ন্তীতে উপবাস করিলে মানব কোটি জন্মার্জ্জিত পাপ মুক্ত হইয়া নির্ম্মল বৈকুণ্ঠপুরে বাস করেন ॥ ৩৮১ ॥

অষ্টমী নবমী-বিদ্ধা উমামাহেশ্বরী তিথিঃ।
সৈবোপোষ্যা সদা পুণ্যকাঙ্ক্ষিভী
রোহিণীং বিনা ॥ ৩৮২ ॥

অনুবাদ—অষ্টমী নবমীযুক্তা 'উমামাহেশ্বরী' তিথি, পুণ্যকামীগণ সর্ব্বদা তাহাতেই উপবাস করিবেন, রোহিণী যুক্তা না হইলেও ॥ ৩৮২ ॥

পরবিদ্ধা সদা কার্য্যা পূর্ব্ববিদ্ধাস্তু বর্জ্জয়েৎ।
অষ্টমী সপ্তমীবিদ্ধা হন্যাৎ পুণ্যং পুরাকৃতম্।
ব্রহ্মহত্যাফলং দদ্যাদ্ধরিবৈমুখ্যকারণাৎ ॥ ৩৮৩ ॥

অনুবাদ—অষ্টমী ব্রত সর্ব্বদা নবমী বিদ্ধা কর্ত্তব্যা, সপ্তমী বিদ্ধা কিন্তু সর্ব্বদা বর্জ্জন করিবে। কারণ, সপ্তমী-বিদ্ধা অষ্টমী পূর্ব্বকৃত পুণ্যকে ধ্বংস করে। সপ্তমী বিদ্ধা অষ্টমীর উপবাসে হরিবৈমুখ্য বশতঃ ব্রহ্মহত্যা পাপ দান করে ॥ ৩৮৩ ॥

কেবলস্তূর্ক্ষযোগেন উপবাসস্তিথিং বিনা।
ন যচ্ছতি শুভং কার্য্যং মুনিভিঃ পরিকীর্ত্তিতম্ ॥৩৮৪

অনুবাদ—উপবাস যোগ্য তিথি ব্যতীত কেবল নক্ষত্রযোগে শুভ ফল দান করে না—ইহা মুনিগণ কীর্ত্তন করিয়াছেন ॥ ৩৮৪ ॥

পরেঽহ্নি পারণং কুর্য্যাৎ তিথ্যন্তে বাথ ঋক্ষতঃ ॥৩৮৫

অনুবাদ—উপবাসের পরদিনে পারণ করিবে তিথির অন্তে বা নক্ষত্রের অন্তে ॥ ৩৮৫ ॥

যদৃক্ষং বা তিথির্বাপি রাত্রিং ব্যাপ্য ব্যবস্থিতা।
দিবসে পারণং কুর্য্যাদন্যথা পতনং ভবেৎ ॥
ইতি ॥ ৩৮৬ ॥

অনুবাদ—যে নক্ষত্র বা যে তিথি রাত্রি পর্য্যন্ত ব্যাপিয়া থাকে, ঐ ব্রতের পারণ দিবসে করিতে হইবে, তাহা না হইলে ব্রত পতন হয় ॥ ৩৮৬ ॥

'উমামাহেশ্বরী তিথিঃ' ইতি তৎসংজ্ঞেত্যর্থঃ ॥৩৮৭॥

অনুবাদ—অষ্টমী ও নবমী যোগে 'উমামহেশ্বরী তিথি' এই তাহার নাম, ইহাই অর্থ ॥ ৩৮৭ ॥

অত্র কারণম্

যথোক্তং ভোজরাজীয়ে—
অষ্টম্যাং পূজয়েচ্ছম্ভুং নবম্যাং শক্তিরিজ্যতে।
তয়োর্যোগে তু সম্প্রাপ্তে দ্বয়োঃ পূজা মহাফলা ॥
ইতি ॥ ৩৮৮ ॥

অনুবাদ—ইহার কারণ, ভোজরাজীয় স্মৃতিগ্রন্থে উক্ত হইয়াছে—অষ্টমীতে শম্ভুকে পূজা করিবে এবং নবমীতে (শিব) শক্তি আরাধিত হন। অষ্টমী ও নবমীর যোগে একত্র প্রাপ্ত হইলে শিব ও শক্তির পূজা মহাফলপ্রদা হয় ॥ ৩৮৮ ॥

অত্র কেবলমিত্যাদাবুমামাহেশ্বরী তিথিঃ।
তিথি প্রোক্তা সৈব যস্মাদুপোষ্যাত্বেন নিশ্চিতা ॥৩৮৯

অনুবাদ—'কেবল ঋক্ষযোগে' এই (৩৭৫) প্রমাণে কেবল রোহিণীনক্ষত্র যোগ থাকিলেও উপবাস তিথি বলিতে 'উমামাহেশ্বরী' তিথি (৩৮২) অষ্টমী নবমী যোগ ব্যতীত শুভ ফল দান করে না—ইহাই মুনিগণ কীর্ত্তন করিয়াছেন (৩৮৪) পদ্যের অর্থ। যেহেতু উমামাহেশ্বরী তিথিই উপবাস যোগ্য রূপে নিশ্চিত হইয়াছেন ॥ ৩৮৯ ॥

অপিশব্দশ্চ তত্র স্যাদ্‌যদুক্তং রোহিণীং বিনা।
তস্মাদত্রাপি সপ্তম্যা বিদ্ধাষ্টম্যেব বর্জ্জিতা ॥৩৯০॥

অনুবাদ—(৩৮৬ পদ্যে) অপি শব্দ দ্বারা রোহিণী ব্যতীত তিথি অষ্টমী পারণ দিনে রাত্রি পর্য্যন্ত ব্যাপিয়া অবস্থান করিলে—ইহার অর্থ সপ্তমী বিদ্ধা অষ্টমীই এস্থলেও বর্জ্জন করা হইয়াছে ॥ ৩৯০ ॥

যদৃক্ষঞ্চেতি যদ্বাক্যং তত্তু সামান্যতদ্‌যুতৌ।
প্রসঙ্গাদুক্তমস্মিন্ হি বিদ্ধা ত্যক্তৈব সাগ্রহম্ ॥৩৯১॥

অনুবাদ—'যে নক্ষত্র বা তিথি' এই বাক্যে সামান্য ভাবে তিথি নক্ষত্র যোগ প্রসঙ্গত উক্ত হইয়াছে—ইহা সপ্তমী বিদ্ধা ত্যাগেই আগ্রহ ॥ ৩৯১ ॥

শ্রুতিলিঙ্গাদিকন্যায়াচ্চ তেরেব হি মুখ্যতা।
তদেবমষ্টমীহানৌ ব্রতলোপঃ প্রসজ্যতে।
তন্নিরস্তং পূর্ব্বমেব স্কান্দবাক্যানুসারতঃ ॥ ৩৯২ ॥
জন্মাষ্টমীং পূর্ব্ববিদ্ধামিত্যাদ্যং যদুদীরিতম্।
নৃসিংহপরিচর্য্যায়াং দৃষ্টান্তাশ্চ প্রদর্শিতাঃ ॥৩৯৩॥
দশমীবেধাযোগেন শুদ্ধং হি দ্বাদশীব্রতম্।
সপ্তম্যবেধবেধোক্তিব্যবস্থা যা কৃতা পরৈঃ।
নিরস্তা সা পুরা দেবৈরিত্যাদি-বচসো বলাৎ ॥৩৯৪॥
বৈষ্ণবাবৈষ্ণবদ্বৈধাদ্ব্যবস্থৈব তদর্হতি ॥ ৩৯৫ ॥

অনুবাদ—পূর্ব্ব মীমাংসা দর্শনে যে ষড়বিধ প্রমাণের উল্লেখ আছে, শ্রুতি, লিঙ্গ, বাক্য, প্রকরণ, স্থান সমাখ্যা—ইহাদের মধ্যে পর পর প্রমাণের দুর্ব্বলতা, পূর্ব্ব পূর্ব্ব প্রমাণের শ্রেষ্ঠতা, সুতরাং শ্রুতি প্রমাণই শ্রেষ্ঠ। সুতরাং অষ্টমী তিথি না থাকিলে ব্রতলোপের প্রসঙ্গ আসিয়া পড়ে, তাহা পূর্ব্বেই নিরস্ত করা হইয়াছে। স্কন্দপুরাণে প্রমাণ বাক্য অনুসারে জন্মাষ্টমী পূর্ব্ববিদ্ধা (৩৬৫) অর্থাৎ সূর্য্যোদয়ে সপ্তমী বিদ্ধা জন্মাষ্টমীকে—ইত্যাদি যাহা পূর্ব্বে বলা হইয়াছে। নৃসিংহপরিচর্য্যা গ্রন্থে দৃষ্টান্তসমূহ প্রদর্শিত হইয়াছে। দশমী বেধ বিহীন শুদ্ধ দ্বাদশী ব্রত। সপ্তমী বেধ বিহীন এবং সপ্তমীবেধযুক্ত উভয়-বিধ বাক্যের যে ব্যবস্থা করিয়াছেন অন্য নিবন্ধকার-গণ, তাহা স্কন্দপুরাণোক্ত পুরাদেবে (৩৭২) ইত্যাদি বাক্যসমূহের প্রমাণ বলে খণ্ডিত হইয়াছে। ঐ বচনগুলি দ্বারা বৈষ্ণব সম্প্রদায় ও অবৈষ্ণব সম্প্রদায় ভেদে দুই প্রকার ব্যবস্থাই যোগ্য ॥ ৩৯২-৩৯৫ ॥

———

যত উক্তমাগ্নেয়-বিষ্ণুধর্ম্ময়োঃ—
দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ।
বিষ্ণুভক্তিপরো দৈব আসুরস্তদ্বিপর্য্যয়ঃ ॥ ৩৯৬ ॥

অনুবাদ—যেহেতু অগ্নিপুরাণ ও বিষ্ণুধর্ম্মে উক্ত হইয়াছে—এই জগতে দৈব ও আসুর এই দ্বিবিধ জীব সৃষ্টি হইয়াছে। তন্মধ্যে বিষ্ণুভক্তি পরায়ণগণ দৈব সৃষ্টি, তদ্‌বিপরীতগণ অসুর সৃষ্টি ॥ ৩৯৬ ॥

———

অথ জন্মাষ্টমীপারণকালনির্ণয়ঃ

শুদ্ধায়াঃ কেবলায়াশ্চাষ্টমীবৃদ্ধৌ তু পারণম্।
তিথ্যন্তে ভেঽধিকে ভান্তে দ্বিবৃদ্ধৌ
চৈকভেদতঃ ॥ ৩৯৭ ॥

অনুবাদ—অথ জন্মাষ্টমী পারণকাল নির্ণয়—শুদ্ধা অর্থাৎ সপ্তমীবেধবিহীন এবং কেবলা অর্থাৎ রোহিণীনক্ষত্র যোগ ব্যতীত জন্মাষ্টমী ব্রতে পরদিন পূর্ব্বাহ্নে অষ্টমী তিথি বৃদ্ধি পাইলে তিথির অন্তে পারণ, নক্ষত্র সহিত ব্রতে নক্ষত্র অধিক থাকিলে নক্ষত্রান্তে পারণ, তিথি ও নক্ষত্র উভয় বৃদ্ধি থাকিলে যে কোন একটির অন্তে পারণ ॥ ৩৯৭ ॥

———

তথা চ বহ্নিপুরাণে—
ভান্তে কুর্য্যাৎ তিথের্বাপি শস্তন্তারত পারণম্ ॥৩৯৮॥

অনুবাদ—ইহার প্রমাণ অগ্নিপুরাণে—হে ভারত! নক্ষত্রের অন্তে বা তিথির অন্তে পারণ প্রশস্ত ॥ ৩৯৮॥

———

কিঞ্চ—
রোহিণীসংযুতা চেয়ং বিদ্বদ্ভিঃ সমুপোষিতা।
বিয়োগে পারণং কুর্য্যুর্মুনয়ো ব্রহ্মবাদিনঃ ॥ ৩৯৯ ॥

অনুবাদ—আরও—রোহিণী যুক্তা এই অষ্টমী যদি বিদ্বদগণ উপবাস করিয়া থাকেন, বেদবাদি মুনিগণ একের বিচ্ছেদে নক্ষত্র বা তিথির অন্তে পারণ করেন ॥ ৩৯৯ ॥

———

সাংযৌগিকে তু সম্প্রাপ্তে যত্রৈকোঽপি বিযুজ্যতে।
তত্রৈব পারণং কুর্য্যাদেবং বেদবিদো বিদুঃ ॥৪০০॥

অনুবাদ—বেদবিদ্‌গণ জানেন পারণ দিনে তিথি ও নক্ষত্র একযোগে বৃদ্ধি প্রাপ্ত হইলে যখন যে কোন একটির অন্ত হইবে তখনই পারণ করিবেন ॥ ৪০০॥

টীকা—শুদ্ধায়াঃ সপ্তমীবেধরহিতায়াঃ কেবলায়া একাকিন্যাঃ রোহিণীং বিনাভূতায়া ইত্যর্থঃ। বৃদ্ধৌ সত্যাং তিথেরষ্টম্যা অন্তে বিচ্ছেদে সতি পারণম্, ভে চ রোহিণীনক্ষত্রে কেবলে অধিকে বৃদ্ধে সতি তস্য

রোহিণীনক্ষত্রস্যান্তে পারণম্। দ্বয়োশ্চ তিথিনক্ষত্রয়োর্বৃদ্ধৌ সত্যামেকস্য তয়োর্মধ্যে তিথের্নক্ষত্রস্য বা কস্যচিত্তেদতশ্ছেদে সতি পারণং কার্য্যমিত্যর্থঃ। পূর্ব্বন্তু 'তিথিভান্তে চ পারণম্' ইতি যল্লিখিতং, তচ্চ দ্বয়োরেব সাম্যেন বৃদ্ধ্যভিপ্রায়েণ, কিংবা অগ্রে লেখ্যপক্ষান্তরাদরেণেতি জ্ঞেয়ম্। 'সাংযৌগিকে ব্রতে' ইত্যনেন সংযোগাস্যাপেক্ষয়া অষ্টম্যাং সংযোগাভাবে রোহিণ্যামপি পারণং কার্য্যমেব ॥ ৩৯৭-৪০০ ॥

যদ্বা তিথ্যৃক্ষয়োরেব দ্বয়োরন্তে তু পারণম্।
সমর্থানামশক্তানাং দ্বয়োরেকবিয়োগতঃ ॥ ৪০১ ॥

অনুবাদ—অথবা—সমর্থ ব্যক্তিগণের পক্ষে তিথি ও নক্ষত্রান্তে পারণ, অশক্ত ব্যক্তিগণের পক্ষে যে কোন একের অন্তে পারণ ॥ ৪০১ ॥

টীকা—অথবা দ্বয়োরেবান্তে পারণমিতি কেষাঞ্চিন্মতমঙ্গীকৃত্যাধিকারিভেদেন ব্যবস্থাপয়ন্ পক্ষান্তরং লিখতি—যদ্বেতি। সমর্থানাম্ উপবাসদ্বয়শক্তানাং দ্বয়োরেবান্তে পারণম্, অশক্তানান্তু দ্বয়োর্মধ্যে একবিচ্ছেদ এব পারণম্ ॥ ৪০১ ॥

অতএব উক্তং যাজ্ঞবল্ক্যেন—
যাঃ কাশ্চিত্তিথয়ঃ প্রোক্তাঃ পুণ্যা নক্ষত্রসংযুতাঃ।
ঋক্ষান্তে পারণং কুর্য্যাদ্বিনা শ্রবণরোহিণী ॥ ৪০২ ॥

অনুবাদ—অতএব যাজ্ঞবল্ক্য মুনির উক্তিতে—নক্ষত্র সংযুক্তা পুণ্য প্রদা যে সকল তিথি শাস্ত্রে উক্ত আছে, সে সকলের ব্রতে নক্ষত্রান্তেই পারণ করিবে, শ্রবণা ও রোহিণী নক্ষত্র ব্যতীত। অর্থাৎ শ্রবণাদ্বাদশী ও রোহিণী অষ্টমীতে নক্ষত্র ও তিথির অন্ত হইলে পর পারণ করিবে ॥ ৪০২ ॥

টীকা—তাসু চ ঋক্ষান্তে সত্যেব পারণং কুর্য্যান্ন তু তিথ্যন্তমপেক্ষতে ইত্যর্থঃ। 'বিনা শ্রবণরোহিণীম্' ইতি শ্রবণদ্বাদশ্যাং রোহিণ্যষ্টম্যাঞ্চ ঋক্ষান্তে তিথ্যন্তে চ সতি পারণং কুর্য্যাৎ, ন তু কেবলঋক্ষান্ত ইত্যর্থঃ। কুর্য্যাদিত্যত্র তাসামিতি কৃচিৎ পাঠঃ, অর্থস্তু তথৈব। ভাদ্রে শ্রাবণদ্বাদশ্যাং শ্রীবামনপ্রাদুর্ভাবাপেক্ষয়া শ্রবণান্তেঽপি ন পারণং কিন্তু তদহোরাত্রান্ত এব, অতএব সমর্থানাং তত্রোপবাসদ্বয়ম্। এতচ্চাগ্রে ব্যক্তং ভাবি। কেচিচ্চৈবং ব্যাচক্ষতে—তাসু ঋক্ষান্ত এব পারণং, শ্রবণ-রোহিণ্যোস্তু তিথ্যন্ত এব পারণং, ন ত্বেতয়োঃ ঋক্ষান্তোঽপেক্ষণীয় ইতি। এবঞ্চ শ্রবণ-দ্বাদশীব্রতে পারণায়া দ্বাদশ্যতিক্রমদোষোঽপ্যেতদ্বিশেষবচনবলাৎ সোঢ়ব্যঃ। যদ্বা, তিথ্যন্তরশ্রবণব্রতে এবং জ্ঞেয়মিতি দিক্ ॥ ৪০২ ॥

অতএব ব্রহ্মবৈবর্ত্তে—
অষ্টম্যামথ রোহিণ্যাং ন কুর্য্যাৎ পারণং কৃচিৎ।
হন্যাৎ পুরা কৃতং কর্ম্ম উপবাসার্জ্জিতং ফলম্ ॥৪০৩

অনুবাদ—অতএব ব্রহ্মবৈবর্ত্তপুরাণে—অষ্টমীতে ও রোহিণীতে কখনও পারণ করিবে না, করিলে পারণকারীর পূর্ব্বকৃত সুকর্ম্ম ও উপবাসজাত ফল নষ্ট করিবে ॥ ৪০৩ ॥

টীকা—যতো হন্যাৎ পারণমেব কর্ত্তুঃ ॥ ৪০৩ ॥

তিথিরষ্টগুণং হন্তি নক্ষত্রঞ্চ চতুর্গুণম্।
তস্মাৎ প্রযত্নতঃ কুর্য্যাত্তিথিভান্তে চ পারণম্ ॥৪০৪॥

অনুবাদ—তিথি অষ্টগুণ পুণ্য ক্ষয় করে, নক্ষত্রও চতুর্গুণ পুণ্য ক্ষয় করে, অতএব বিশেষ যত্ন সহকারে তিথি ও নক্ষত্রের অন্তে পারণ করিবে ॥ ৪০৪॥

কেচিচ্চ ভগবজ্জন্মমহোৎসবদিনে শুভে।
ভক্ত্যোৎসবান্তে কুর্ব্বন্তি বৈষ্ণবা ব্রতপারণম্ ॥৪০৫॥

অনুবাদ—কেহ কেহ পবিত্র পরম উত্তম ভগবজ্জন্ম মহোৎসব দিনে বৈষ্ণবগণ দাস্য ভক্তিসহ উৎসবান্তে ব্রত পারণ করিয়া থাকেন ॥ ৪০৫ ॥

তথা চোক্তং গারুড়ে—
তিথ্যন্তে চোৎসবান্তে বা ব্রতী কুর্ব্বীত পারণম্ ॥৪০৬

অনুবাদ—ঐরূপ গরুড়পুরাণে উক্ত আছে—ব্রতাচরণকারী পরদিন তিথির অন্তে, অথবা ঐ দিন উৎসবান্তে পারণ করিবেন ॥ ৪০৬ ॥

টীকা—উৎসবান্তে অধিকাধিকভোগনৃত্যকীর্ত্তনাদিনা পূজাবিশেষে বৈষ্ণবকুলসম্মানমবিশেষে চ সমাপ্তে সতি। অত্র চ শুভে পরমোত্তমে মহোৎসবদিনে ইতি কায়ক্লেশাযোগ্যতা সূচিতা। তথা ভক্ত্যেতি নিত্যোচ্ছিষ্ট-মহাপ্রসাদ- ভোজন-নিয়ম- দাস্যবিশেষাপেক্ষয়া ইতি হেতুবিশেষশ্চ দর্শিত ইতি দিক্ ॥ ৪০৪-৪০৬ ॥

বায়ুপুরাণে চ—

যদীচ্ছেৎ সর্ব্বপাপানি হন্তুং নিরবশেষতঃ।
উৎসবান্তে সদা বিপ্র জগন্নাথান্নমাশয়েৎ ॥
ইতি ॥ ৪০৭ ॥

অনুবাদ—বায়ুপুরাণেও—নিঃশেষে যদি সর্ব্ববিধ পাপ ধ্বংস করিতে ইচ্ছা কর, হে বিপ্র! উৎসবান্তে সর্ব্বদা জগন্নাথদেবের প্রসাদান্ন ভোজন করাইবে ॥৪০৭

টীকা—আশয়েদশ্নীয়াৎ ॥ ৪০৭ ॥

অথ জন্মাষ্টমীব্রতবিধিঃ

ব্রতসাধারণত্বাচ্চ সপ্তম্যাদি-দিনত্রয়ে।
কর্ত্তব্যা নিয়মাঃ সর্ব্বে দশম্যাদি-দিনেষ্বিব ॥৪০৮॥

অনুবাদ—অনন্তর জন্মাষ্টমী-ব্রতবিধি, পূর্ব্বে দশমী, একাদশী ও দ্বাদশী এই তিন দিবসে সাধারণ ভাবে যে ব্রতের নিয়মসমূহ কথিত হইয়াছে, সেইরূপ এই জন্মাষ্টমী ব্রতে সপ্তমী, অষ্টমী ও নবমীতে কর্ত্তব্য নিয়মসমূহ পালন করিবে ॥ ৪০৮ ॥

টীকা—তত্রাদৌ ব্রতসাধারণান্ নিয়মানতিদিশতি—ব্রতেতি। সপ্তম্যাদিদিনত্রয়ং সংযমদিনমুপবাসদিনং পারণদিনঞ্চ তস্মিন্, দশম্যাদিদিনেষ্বিব যথা দশম্যেকাদশীদ্বাদশীদিনত্রয়ে, তথা সর্ব্বে নিয়মাঃ কর্ত্তব্যাঃ। দশম্যাদিবিহিতা অপি তে তে নিয়মাঃ সর্ব্বব্রত-সাধারণত্বাদত্র সপ্তম্যাদিষ্বপি কর্ত্তব্যা ইত্যর্থঃ। তে চ পূর্ব্বমেকাদশী-ব্রতপ্রকরণে লিখিতা এব সন্তি। 'তৈলমত্যম্বুপানঞ্চ' ইত্যাদি দশমীনিয়মাঃ। 'অসকৃজ্জলপানাচ্চ' ইত্যাদ্যেকাদশীনিয়মাঃ। 'কাংস্যামিষে সুরাং ক্ষৌদ্রম্' ইত্যাদি-দ্বাদশীনিয়মাঃ। অতএব ভবিষ্যোত্তরে—উপাবৃত্তস্য পাপেভ্যঃ' ইত্যাদি। তচ্চাগ্রে লেখ্যমেব ॥ ৪০৮ ॥

অথ বিধিবিশেষঃ

ভবিষ্যোত্তরে শ্রীযুধিষ্ঠির উবাচ—

তদ্ব্রতং কীদৃশং দেব লোকৈঃ সর্ব্বৈরনুষ্ঠিতম্।
জন্মাষ্টমীব্রতং নাম পবিত্রং পুরুষোত্তম ॥ ৪০৯ ॥

অনুবাদ—অনন্তর বিশেষ বিধি, ভবিষ্যোত্তর-পুরাণে শ্রীযুধিষ্ঠির বলিলেন—হে পুরুষোত্তম দেব। পবিত্র জন্মাষ্টমী ব্রত কীরূপ? যাহা সর্ব্বলোকে অনুষ্ঠান করে? ৪০৯ ॥

যেন ত্বং তুষ্টিমায়াসি লোকানাং প্রভবাব্যয়।
এতন্মে ভগবন্ ব্রূহি প্রসাদান্মধুসূদন ॥ ৪১০ ॥

অনুবাদ—হে ভগবন্! হে মধুসূদন! আপনি লোকসৃষ্টি বা উন্নতির হেতু, আপনি অব্যয়! যে জন্মাষ্টমী ব্রত দ্বারা আপনি প্রসন্ন হন। আমার প্রতি প্রসন্ন হইয়া আপনি সেই জন্মাষ্টমী ব্রত বিধি বলুন ॥ ৪১০ ॥

শ্রীকৃষ্ণ উবাচ—

পার্থ তদ্দিবসে প্রাপ্তে দন্তধাবনপূর্ব্বকম্।
উপবাসস্য নিয়মং গৃহ্ণীয়াদ্‌যতমানসঃ ॥ ৪১১ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণ বলিলেন—হে পার্থ! জন্মাষ্টমী ব্রতদিন উপস্থিত হইলে প্রাতে দণ্ডধারণ পূর্ব্বক সংযত চিত্তে উপবাসের নিয়ম গ্রহণ করিবে ॥ ৪১১॥

একেনৈবোপবাসেন কৃতেন কুরুনন্দন।
সপ্তজন্মকৃতাৎ পাপান্মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥ ৪১২ ॥

অনুবাদ—হে কুরুনন্দন! একটি উপবাস করিলে সপ্তজন্মকৃত পাপ হইতে মুক্ত হয়, ইহাতে সংশয় নাই ॥ ৪১২ ॥

টীকা—এবং সর্ব্বব্রতসাধারণবিধিমুল্লিখ্যাধুনাত্র বিশেষং লিখতি—একেনেত্যাদিনা। সপ্তম্যামেকভক্তানন্তরং দন্তধাবনপূর্ব্বকং সঙ্কল্পং কুর্য্যাৎ, অথবাষ্টম্যাং প্রাতঃ কুর্য্যাৎ ॥ ৪১২ ॥

উপাবৃত্তস্য পাপেভ্যো যস্তু বাসো গুণৈঃ সহ।
উপবাসঃ স বিজ্ঞেয়ো নোপবাসস্তু লঙ্ঘনম্ ॥৪১৩॥

অনুবাদ—পাপসমূহ হইতে দূরে থাকিয়া গুণসমূহের সহিত যে বাস, তাহাই 'উপবাস', কেবল নিরাহারকে উপবাস বলে না ॥ ৪১৩ ॥

———

অথ তত্র মন্ত্রঃ

অদ্য স্থিত্বা নিরাহারঃ সর্ব্বভোগবিবর্জ্জিতঃ।
ভোক্ষেঽহং পুণ্ডরীকাক্ষ শরণং মে ভবাচ্যুত ॥৪১৪॥

অনুবাদ—অনন্তর তাহাতে মন্ত্র—হে পুণ্ডরীকাক্ষ! অদ্য নিরাহার ও সর্ব্ববিধ ভোগবর্জ্জিত হইয়া থাকিব, পরদিনে ভোজন করিব, হে অচ্যুত! আপনি আমার আশ্রয় হউন ॥ ৪১৪ ॥

টীকা—তত্রাষ্টমীপ্রাতঃ সঙ্কল্পমন্ত্রং লিখতি—অদ্যেতি। যদ্যপি সঙ্কল্পমন্ত্রে 'শ্বোভূতে পরমেশ্বর' ইত্যাদি পাঠঃ কৃচিদ্‌দৃশ্যতে, তথাপি 'সর্ব্বভোগবিবর্জ্জিতঃ' ইত্যাদি-ভবিষ্যোত্তরোক্তপাঠোঽত্র লিখিতঃ। পাঠান্তরে 'দেবকীপুত্র' ইত্যাদি-বিশেষ-নির্দ্দেশেন শিষ্টগণাদৃতত্বাৎ। ভবিষ্যোত্তরে চ শ্রীযুধিষ্ঠিরং প্রতি শ্রীভগবতা স্বয়ন্তথা নোক্তং, পরমলজ্জাগুণশীলত্বাৎ, এবমন্যত্রাপূহ্যম্ ॥ ৪১৪ ॥

———

ততঃ স্নাত্বা তু মধ্যাহ্নে নদ্যাদৌ বিমলে জলে।
দেবক্যাঃ শোভনং কুর্য্যাৎ সুগুপ্তং
সূতিকাগৃহম্ ॥ ৪১৫ ॥

অনুবাদ—অনন্তর মধ্যাহ্নে নদী প্রভৃতির পবিত্র জলে স্নান করিয়া অতি শোভন ও গোপনীয় দেবকীর সূতিকা গৃহ রচনা করিবে ॥ ৪১৫ ॥

———

অথ সূতিকাগৃহ-নির্ম্মাণবিধিঃ

পদ্মরাগৈঃ পটৈর্নেত্রৈর্মণ্ডিতং চর্চ্চিতং শুভৈঃ।
রম্যং বন্দনমালাভী রক্ষামণিবিভূষিতম্ ॥ ৪১৬ ॥

অনুবাদ—অনন্তর সূতিকা গৃহ নির্ম্মাণ বিধি—পদ্মরাগ বস্ত্রসমূহ দ্বারা মণ্ডিত ও সূক্ষ্ম বস্ত্রসমূহ দ্বারা চর্চিত, পবিত্র ও মনোহর বন্দনমালাসমূহ দ্বারা এবং রক্ষামণিসমূহ দ্বারা বিভূষিত সূতিকা গৃহ রচনা করিবেন ॥ ৪১৬ ॥

———

সর্ব্বং গোকুলবৎ কার্য্যং গোপীজনসমাকুলম্।
ঘণ্টামর্দ্দল-সঙ্গীতং মাঙ্গল্যকলসান্বিতম্ ॥ ৪১৭ ॥

অনুবাদ—গোকুলের রীতি অনুসারে সর্ব্ব কার্য্য করিয়া গোপীজন পরিবেষ্টিত, ঘণ্টা ও মাদল ধ্বনিসহ সঙ্গীত, মঙ্গল ঘট স্থাপন ॥ ৪১৭ ॥

———

যবার্দ্র-স্বস্তিকাব্জাদ্যৈঃ শঙ্খবাদিত্র-সঙ্কুলম্।
বন্ধকরী লোহখড়্গৈর্দীপচ্ছাগসমন্বিতম্ ॥ ৪১৮ ॥
মন্থানবারিধূপৈশ্চ ভূতিসর্ষপবহ্নিভিঃ।
দ্বারি বিন্যস্তমুষলং রক্ষিতং রক্ষপালকৈঃ ॥ ৪১৯ ॥

অনুবাদ—যবার্দ্র, স্বস্তিক, পদ্ম, তুমুল শঙ্খ বাদ্য, গীত, নৃত্য, শৃঙ্খল, লৌহ, খড়্গ, দীপ, ছাগ, মন্থনদণ্ড, জল, ধূপ, ভস্ম, সর্ষপ, প্রজ্জ্বলিত অগ্নি দ্বারে মুষল সজ্জিত দ্বারপালসমূহ দ্বারা রক্ষিত সূতিকা গৃহ রচনা করিবে ॥ ৪১৮-৪১৯ ॥

———

ষষ্ঠ্যা দেব্যাশ্চ তত্রৈব বিধানং বিধিবত্তথা।
এবম্বিধং যথাশক্তি কর্ত্তব্যং সূতিকাগৃহম্ ॥ ৪২০ ॥

অনুবাদ—সেই স্থলে বিধি অনুসারে ষষ্ঠীদেবী নির্ম্মাণ কর্ত্তব্য, এইরূপ সামর্থ্য অনুসারে সূতিকা গৃহ নির্ম্মাণ কর্ত্তব্য ॥ ৪২০ ॥

———

তন্মধ্যে প্রতিমা স্থাপ্যা সা চাপ্যষ্টবিধা স্মৃতা।
কাঞ্চনী রাজতী তাম্রী পৈত্তলী মৃন্ময়ী তথা।
বার্ক্ষী মণিময়ী চৈব বর্ণিকা লিখিতাথবা ॥ ৪২১ ॥

অনুবাদ—তাহার মধ্যে যশোদাদি মাতৃ প্রতিমা স্থাপন কর্ত্তব্য, তাহা অষ্টবিধা—সুবর্ণময়ী, রৌপ্যময়ী, তাম্রময়ী, পিত্তলময়ী, মৃন্ময়ী, দারুময়ী, মণিময়ী অথবা চিত্রপটময়ী ॥ ৪২১ ॥

———

সর্ব্বলক্ষণসম্পন্না পর্য্যঙ্কে চার্দ্ধসুপ্তিকা।
প্রতপ্তকাঞ্চনাভাসা কৃতা সা তু তপস্বিনী।
প্রসূতা চ প্রস্নুতা চ তৎক্ষণাচ্চ প্রহর্ষিতা॥ ৪২২॥

অনুবাদ—সর্ব্বলক্ষণ যুক্তা পালঙ্কে অর্দ্ধশায়িনী গলিতকাঞ্চনবর্ণা তপস্বিনী প্রসূতা স্তনদুগ্ধ ক্ষরিতা তৎক্ষণাৎ আনন্দিতা মাতৃমূর্ত্তি হইবেন॥ ৪২২॥

টীকা—অথ লোকে জন্মতিথিকৃত্যবৎ প্রাতঃ শ্রীভাগবতোঽপি তিলস্নপনাদিকং লৌকিকভক্তিরীত্যপেক্ষয়া কার্য্যমিতি লিখতি—কুর্ব্বীতেতি। প্রভোঃ শ্রীকৃষ্ণস্য স্নপনাদি তিলৈঃ কৃষ্ণৈঃ কুর্ব্বীত, আদি-শব্দাদুদ্বর্ত্তনাদি। তথা চোক্তম্—'তিলোদ্বর্ত্তী তিলস্নায়ী তিলহোতা তিলপ্রদঃ। তিলবাপী তিলাশী চ ষট্‌তিলী নাবসীদতি॥' ইতি। অত্র শিষ্টাচারানুসারেণাষ্টোত্তর-শতদূর্ব্বাগ্রাদিযুক্তেন সহস্রচ্ছিদ্রঘটেন ধারয়া স্নপনাদিকমপি জ্ঞেয়ম্। সর্ব্বং বস্ত্রাদিকঞ্চ নবমেব ভগবতে অর্পয়েচ্চ। 'শিষ্টাচারানুসারতঃ' ইতি সর্ব্বত্রাগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ং সৎসম্প্রদায়াচারানুসারেণৈবাত্রাখিলবিধিলিখনাৎ। শুভে তীর্থে শ্রীকালিন্দ্যাদৌ, তত্রাপি শ্রীবিশ্রান্ত্যাদৌ' তদলাভে চ অন্যত্র বা সজ্জলে পবিত্রনির্ম্মলসলিলে। তথা চাগ্রে লেখ্যং ভবিষ্যোত্তর-বচনম্—'নদ্যাদৌ বিমলে জলে' ইতি। ব্রতী উপবাসপরো জনঃ, ধাত্রীফলং মূর্ধ্নি দত্ত্বা, তেন মস্তকং সংমৃজ্য শুভৈঃ শ্রীভগবতঃ স্নানাদ্যবশিষ্টৈর্মহাপ্রসাদ-রূপৈঃ কৃষ্ণৈস্তিলৈঃ কৃত্বা স্নানং কুর্য্যাৎ। তথা চ ভবিষ্যে—উপোষিতস্তু মধ্যাহ্নে স্নাত্বা কৃষ্ণতিলৈঃ শুভৈঃ। ধাত্রীফলং শিরে দদ্যান্মহাপুণ্যবিবৃদ্ধয়ে'। ইতি। যদ্যপি তদ্বচনমগ্রে মূলে স্বয়মেব লেখ্যং, তথাপ্যেতদত্র সুখার্থং লিখিতম্, এবমগ্রেঽপ্যূহ্যম্। অন্যদ্দৃষ্টদেবপূজাদি সুদেশে শোভনপ্রদেশে দিব্যং পরমোত্তমম্। তৎপ্রকারং দর্শয়ন্ তদেব বিশিনষ্টি—বিভূষিতমিতি দ্বাভ্যাম্। তোরণাদিনা চাত্র বাসোদর্পণপল্লবাদি-বিরচিতানি বন্দনমালেতি খ্যাতান্যেব। আবদ্ধৈর্বিতানাদিষু স্থানে স্থানে সম্যগ্‌বদ্ধৈঃ কলসাদিভিশ্চ ভূষিতম্। যবদূর্ব্বাঙ্কুরৈঃ। আদি-শব্দাৎ মথনরজ্জুস্বস্তিকাদিভিশ্চাঢ্যং যুক্তম্। দ্বারি দ্বার-বিন্যস্তৈঃ শৃঙ্খলাদিভিঃ সংযুতম্। আদিশব্দাচ্চাত্র পূর্ব্বলিখিত-মার্কণ্ডেয়পুরাণাদি বচনানুসারেণ মথনদণ্ড-দীপ-জল-যূপ-ভস্মসর্ষপ-নিম্বফলানি জ্ঞেয়ানি। তত্র সূতিকাগৃহে তদ্ভিত্ত্যাদৌ গোপ-গোপীজনাবৃতং শ্রীগোকুলং শ্রীনন্দবাসং বিশেষতো লিখেৎ। গেহস্য তস্যৈব সূতিকাগৃহস্য সর্ব্বতঃ সর্ব্বদিক্ষু, তস্য সূতিকাগৃহস্য মধ্যে সর্ব্বতোভদ্রাখ্যং মণ্ডলং বিরচয্য তস্মিন্ কুম্ভং স্থাপয়েদিত্যর্থঃ। তস্য ঘটস্যোপরি হৈমং স্বর্ণনির্ম্মিতং তদভাবে বৈণবঞ্চ পাত্রং ন্যসেৎ স্থাপয়েৎ। ভবিষ্যপুরাণোক্তং 'তচ্চ পাত্রং তিলপূরিতম্' ইতি চ জ্ঞেয়ম্। পাত্রপরিমাণঞ্চ দেবীপুরাণোক্তং পূর্ব্বং লিখিতমেবাস্তি। তৎ পাত্রং, তদুপরি দেবকীং স্থাপয়েৎ; কথম্ভুতাম্? স্বর্ণেনান্যেন রূপ্যাদিনা কৃতাং নির্ম্মিতাম্। স্বর্ণাদিমানং চোক্তম্। 'সৌবর্ণী রাজতী তাম্রী বৃক্ষজা মাত্তিকী তথা। চিত্রজা পিষ্টলেপস্থা নিজবিত্তনুসারতঃ। আ মাষাৎ পল-পর্য্যন্তং কর্ত্তব্যা শাঠ্যবর্জ্জিতৈঃ' ইতি। তত্র দেবকী-প্রতিমামাহ—সর্ব্বেতি সার্দ্ধেন। সর্ব্বেণ দিব্যস্ত্রী-লক্ষণ-বিশেষেণ সম্পন্না সম্পূর্ণা। লক্ষণং চাগ্রে লেখ্য-লক্ষ্মীপ্রতিমানুসারেণ জ্ঞেয়ম্। অর্দ্ধসুপ্তিকেতি, অর্দ্ধাঙ্গেন সুপ্তিকেত্যর্থঃ। এতচ্চ বালকস্তনদানার্থং শয্যায়াং কৃতা নির্ম্মিতা। পাঠান্তরে ময়া সহেত্যস্য অর্দ্ধসুপ্তিকেত্যনেন সম্বন্ধঃ। তপস্বিনী পরমভাগ্যবতীতি পূর্ব্বজন্মকৃততপঃস্মরণাদেব। প্রস্নুতা—ক্ষরিতস্তনী॥ ৪১৫-৪২২॥

মাঞ্চাপি বালকং সুপ্তং পর্য্যঙ্কে স্তনপায়িনম্।
শ্রীবৎসবক্ষসং দেবং নীলোৎপলদলপ্রভম্॥ ৪২৩॥
শঙ্খ-চক্র-গদা-শার্ঙ্গ-বনমালা-বিভূষিতম্।
চতুর্ভুজং মহঃপূর্ণং স্থাপয়েত্তত্র ভক্তিতঃ॥ ৪২৪॥

অনুবাদ—শ্রীকৃষ্ণ মূর্ত্তিও পালঙ্কে নিদ্রিত নয়ন অথচ স্তন পানরত বক্ষে, শ্রীবৎস চিহ্নযুক্ত বালক নীলপদ্মের পত্রের ন্যায় জ্যোতি বিশিষ্ট রচনা করিবেন, অথবা শঙ্খ, চক্র, গদা, শার্ঙ্গধনু বনমালা বিভূষিত, চতুর্ভুজ, জ্যোতির্ম্ময় মূর্ত্তি সে স্থানে ভক্তিপূর্ব্বক স্থাপন করিবেন॥ ৪২৩-৪২৪॥

টীকা—নিজ-শ্রীমূর্ত্তিমাহ—মাঞ্চেতি দ্বাভ্যাম্। বালকং বালরূপং, দেবং দ্যোতমানং দিব্যরূপং বা। তদেবাহ—শঙ্খেতি; মহঃপূর্ণং তেজঃস্বরূপম্, যদ্বা,

মহোব্রহ্ম তৎ স্বরূপং। সচ্চিদানন্দঘনং মাং ভক্ত্যা তত্র তথা স্থাপয়েদিত্যর্থঃ ॥ ৪২৩-৪২৪ ॥

যশোদাঞ্চাপি তত্রৈব প্রসূত-বরকন্যকাম্ ॥ ৪২৫ ॥

অনুবাদ—যশোদাকেও সেই স্থানে নব জাত কন্যারত্ন সমন্বিত মূর্ত্তি স্থাপন করিবেন ॥ ৪২৫ ॥

টীকা—তত্রৈব কুচিদ্দেশে শ্রীযশোদা-প্রতিমাঞ্চ স্থাপয়েৎ ইত্যাহ—যশোদামিতি। প্রসূতা বরা শ্রেষ্ঠা মায়াদেবীরূপা কন্যকা যয়া তাম্। শ্রীনন্দ-বলভদ্র-রোহিণী-গোপ-গোপ্যাদিপ্রতিমাশ্চ স্থাপ্যা ইতি জ্ঞেয়ম্, একত্রৈব তেষাং স্থাপনাদ্যুক্তেঃ ॥ ৪২৫ ॥

তত্র দেবা গ্রহা নাগা যক্ষবিদ্যাধরোরগাঃ।
প্রণতাঃ পুষ্পমালাভির্ব্যগ্রহস্তাঃ সুরাসুরাঃ।
সঞ্চরন্ত ইবাকাশে প্রকারৈর্মুদিতোদিতৈঃ ॥ ৪২৬ ॥

অনুবাদ—বহির্দ্দেশে দেবগণ, গ্রহগণ, নাগগণ, যক্ষ বিদ্যাধর, সর্পগণ, পুষ্পমালা সহ ব্যগ্রহস্তে প্রণত দেব, অসুরগণ, আনন্দিত হইয়া নানাভাবে আকাশে উদিত হইয়া যেন সঞ্চরণ করিতেছেন ॥ ৪২৬ ॥

টীকা—তত্র সূতিকাগৃহে, সুরাসুরা ইতি পুনঃ সুরগ্রহণং তেষাং হর্ষবিশেষোদয়াৎ। যদ্বা, সুরবদ্-যেঽসুরা আসুরভাবরহিতা যে, দৈত্যাস্তে শ্রীপ্রহলাদা-দয়ঃ। মুদিতানি হর্ষযুক্তানি উদিতানি বচনানি যেষু, যদ্বা, মুদিতানাং যে উদিতাঃ শাস্ত্রাদুক্তাঃ প্রকারা বেশ-ব্যবহারাদয়স্তদ্বিশিষ্টাঃ সন্তঃ, আকাশে সঞ্চরন্ত ইব দেবাদয়ঃ, স্থাপ্যা ইতি শেষঃ। তাদৃশ্যস্তত্তৎ-প্রতিমাঃ কার্য্যাঃ, পটাদৌ লেখ্যা ইত্যর্থঃ ॥ ৪২৬ ॥

বসুদেবোঽপি তত্রৈব খড়্গচর্ম্মধরঃ স্থিতঃ ॥ ৪২৭ ॥

অনুবাদ—শ্রীবসুদেবও সেখানেই খড়্গ ও চর্ম্ম হস্তে অবস্থান করিতেছেন ॥ ৪২৭ ॥

টীকা—বসুদেবোঽপি খড়্গচর্ম্মাধরঃ কংসবধার্থ-মাত্তখড়্গাচর্ম্মা ইব স্থিতস্তত্রৈব সংস্থাপ্যঃ। তাদৃশ-তৎপ্রতিমা শ্রীদেবকীনিকটে স্থাপনীয়েতি জ্ঞেয়ম্ ॥৪২৭

কশ্যপো বসুদেবোঽয়মদিতিশ্চাপি দেবকী।
শেষনাগো হলী চাত্র যশোদাদিতিরেব চ ॥ ৪২৮ ॥

অনুবাদ—এই বসুদেব কশ্যপ, দেবকী অদিতি, শেষনাগ শ্রীবলদেব, যশোদা অদিতিই ॥ ৪২৮ ॥

নন্দঃ প্রজাপতির্দক্ষো গর্গশ্চাপি চতুর্ম্মুখঃ।
এষোঽবতারো রাজেন্দ্র! কংসো বৈ
　　　　কালনেমিজঃ ॥ ৪২৯ ॥

অনুবাদ—নন্দমহারাজ দক্ষ প্রজাপতির গর্গমুনি চতুর্ম্মুখ ব্রহ্মার অবতার। হে রাজেন্দ্র! কংস নিশ্চয়ই কালনেমির অবতার ॥ ৪২৯ ॥

টীকা—শ্রীবসুদেবাদীনং ধ্যানবিশেষমাহ—কশ্যপ ইতি সার্দ্ধদ্বাভ্যাম্। কালনেমিজঃ কালনেমেরবতার ইত্যর্থঃ, পাঠান্তরং চিন্ত্যম্। এবং গর্গকংসাদয়োঽপি প্রতিমা-দ্বারা লিখনেন বা স্থাপ্যা ইতি জ্ঞেয়ম্ ॥ ৪২৮-৪২৯ ॥

তত্র কংসনিযুক্তা যে দানবা বিবিধায়ুধাঃ।
তে চ প্রাহরিকাঃ সর্ব্বে সুপ্তা নিদ্রাবিমোহিতাঃ।
অরিষ্টো ধেনুকঃ কেশী দানবাঃ শস্ত্রপাণয়ঃ ॥৪৩০॥

অনুবাদ—সে স্থলে কংস নিযুক্ত যে চানুর মুষ্টিক প্রভৃতি দানবগণ বিবিধ অস্ত্রধারণপূর্ব্বক অবস্থিত তাহারা ও প্রহরিগণ যোগমায়ার প্রভাবে মোহিত হইয়া নিদ্রিত লিখিবে এবং অরিষ্ট ধেনুক কেশী প্রভৃতি দানবগণ শস্ত্র হস্তে লিখিবে ॥ ৪৩০ ॥

টীকা—প্রাহরিকাঃ প্রহরিণঃ, তানেব নিদিশতি অরিষ্ট ইতি। অন্যে চ শস্ত্রপাণয়ো দানাবাশ্চাণূ-রাদয়ঃ ॥ ৪৩০ ॥

নৃত্যন্তোঽপ্সরসো হৃষ্টা গন্ধর্ব্বা গীততৎপরাঃ।
লেখনীয়শ্চ তত্রৈব কালিয়ো যমুনাহ্রদে।
নন্দগোপশ্চ গোপাশ্চ যশোদা চ প্রসূতিকা ॥ ৪৩১ ॥

অনুবাদ—আনন্দিত হইয়া অপ্সরাগণ নৃত্যরতা, গন্ধর্ব্বগণ গীত তৎপর লিখিবে, ঐ পার্শ্বে যমুনা হ্রদে কালিয়সর্প নন্দগোপ সহ অন্যান্য গোপগোপী যশোদা নবপ্রসূতা লিখিবে ॥ ৪৩১ ॥

টীকা—নৃত্যদপ্সরাদয়শ্চ ব্যোম্নি লেখ্যাঃ, তত্রৈক-দেশে যমুনা লেখনীয়া, তস্যাং হ্রদস্তত্র চ কালিয়োপরিশ্রীকৃষ্ণনৃত্যাদি-সর্ব্বব্রজসম্বন্ধি-লীলারূপাদি-প্রতিমা স্থাপ্যেতি বেদিতব্যম্। প্রসূতিকা প্রসূতকন্যকা, যশোদায়াঃ পুনরুক্তিস্তৎস্থাপনেন শ্রীনন্দাদিস্থাপনাভিপ্রায়েণ প্রাধান্যবিশেষাপেক্ষয়া বা, দ্বিতীয়ান্তপাঠে কৃত্বেত্যনেন পরেণ সম্বন্ধঃ। পাঠান্তরে কন্যকালিখনেন তল্লেখো জ্ঞেয়ঃ, ততশ্চ প্রসূতিকামিতি সদ্যো জাতামিত্যর্থঃ ॥ ৪৩১ ॥

ততঃ পূজোপক্রমঃ

রম্যামেবংবিধাং কৃত্বা দেবকীং নবসূতিকাম্।
তাং পার্থ পূজয়েদ্ভক্ত্যা গন্ধপুষ্পাক্ষতৈঃ ফলৈঃ ॥৪৩২

অনুবাদ—অনন্তর পূজারম্ভ—হে পার্থ! এইভাবে সূতিকা গৃহ নির্ম্মাণ করিয়া নবপ্রসূতিকা দেবকীমূর্ত্তিকে গন্ধ, পুষ্প, অক্ষত ফলাদি দ্বারা ভক্তিভরে পূজা করিবে ॥ ৪৩২ ॥

কুষ্মাণ্ডৈর্নারিকেলৈশ্চ খর্জ্জুরৈর্দাড়িমীফলৈঃ।
বীজপূরৈঃ পূগফলৈর্নারঙ্গৈঃ পনসৈস্তথা ॥ ৪৩৩ ॥
দেশকালোদ্ভবৈর্মিষ্টৈঃ পুষ্পৈশ্চাপি সুগন্ধিভিঃ।
ধ্যাত্বাবতারান্ প্রাগুক্তান্ মন্ত্রেণানেন পূজয়েৎ ॥৪৩৪

অনুবাদ—কুষ্মাণ্ড, নারিকেল, খেজুর, দাড়িম্ব ইত্যাদি ফলদ্বারা এবং বীজপুর সুপারি, নারঙ্গ, লেবু, কাঁটাল এবং বিভিন্ন দেশ ও কাল জাত নানাবিধ ফল, মিষ্ট দ্রব্য, সুগন্ধি পুষ্পসমূহ দ্বারা পূজা করিবে। পূর্ব্বোক্ত বিবিধ অবতারগণকেও ধ্যান করিয়া মন্ত্র দ্বারা পূজা করিবে ॥ ৪৩৩-৪৩৪ ॥

অথ পূজামন্ত্রঃ

অদিতির্দেবমাতা ত্বং সর্ব্বপাপপ্রণাশিনী।
অতস্ত্বাং পূজয়িষ্যামি ভয়ভীতো ভবস্য চ ॥ ৪৩৫ ॥
পূজিতাসি যথা দেবৈঃ প্রসন্না ত্বং বরাননে।
তথা মে পূজিতা ভক্ত্যা প্রসাদং কুরু সুব্রতে ॥৪৩৬॥

অনুবাদ—অনন্তর পূজামন্ত্র—হে দেবকি! সর্ব্ব পাপ নাশিনী অদিতি দেবমাতা তুমি। অতএব তোমাকে সংসার ভয়ে ভীত হইয়া আমি পূজা করিব। মহাদেবেরও তুমি পূজিতা। হে বরাননে! তুমি যেমন দেবগণ কর্ত্তৃক পূজিতা হইয়া প্রসন্না হও, সেইরূপ হে সুব্রতে। ভক্তিসহ পূজিত হইয়া আমার প্রতি প্রসন্না হও ॥ ৪৩৫-৪৩৬ ॥

টীকা—দেবক্যা নবসূতিকাং নুতন-সূতিকাগৃহং, তাং দেবকীং গন্ধাদিভির্ভক্ত্যা পূজয়েদিতি দ্বাভ্যামন্বয়ঃ। অবতারাশ্চ বহুবিধা লেখ্যাস্ততশ্চ অবতারং ধ্যাত্বা অদিতিরূপাং দেবকীং বিচিন্ত্য, অবতারানিতি পাঠে সর্ব্বেষামেব তত্রৈব তত্তৎপূজনার্থমেকত্রৈব প্রসঙ্গাদুদ্দিষ্টমিতি জ্ঞেয়ম্। অদিতিরিত্যাদিপূজামন্ত্রঃ ॥ ৪৩২-৪৩৫ ॥

যথা পুত্রং প্রিয়ং লব্ধ্বা প্রাপ্তা তে নির্ব্বৃতিঃ পরা।
তথা মে নির্ব্বৃতিং দেবি সপুত্র ত্বং দদস্ব মে ॥৪৩৭॥

অনুবাদ—যেমন প্রিয় পুত্রকে লাভ করিয়া তুমি পরমানন্দ লাভ করিয়াছ। সেইরূপ হে দেবি! তুমি পুত্রসহ প্রসন্ন হইয়া আমাকে পরমানন্দ দান কর ॥ ৪৩৭ ॥

গায়দ্ভিঃ কিন্নরাদ্যৈঃ সততপরিবৃতা বেণুবীণাদিনাদৈর্ভৃঙ্গারাদর্শকুম্ভপ্রকরহৃতকরৈঃ কিন্নরৈঃ সেব্যমানা।
পর্য্যঙ্কে স্বাস্তৃতে যা মুদিততরমুখী পুত্রিণী সম্যগাস্তে সা দেবী দেবমাতা জয়তি সুবদনা দেবকী কান্তরূপা ॥ ৪৩৮ ॥

অনুবাদ—কিন্নরাদি গায়কগণ কর্ত্তৃক সর্ব্বদা বেণুবীণা ঝঙ্কার সহ পরিবেষ্টিতা, ভৃঙ্গার, আদর্শ (আয়না) কুম্ভ প্রভৃতি সেবোপকরণ হস্তে কিন্নরগণ কর্ত্তৃক সেব্যমানা, বিস্তৃত পালঙ্কে যিনি হাস্যমুখী পুত্রসহ শয়নে আছেন, সেই দেবমাতা স্বরূপিণী মনোহারিণী সুবদনা দেবকীদেবী জয়যুক্তা হউন ॥৪৩৮॥

পাদাবভ্যঞ্জয়ন্তী শ্রীর্দেবক্যাশ্চরণান্তিকে।
নিষণ্ণা পঙ্কজে পূজ্যা নমো দেব্যৈ শ্রিয়ে॥ ইতি ॥৪৩৯

অনুবাদ—দেবকী মাতার চরণ সন্নিধানে নিজ পদ্মাসনে উপবিষ্টা এবং শ্রীভগবানের ও দেবকী মাতার চরণ সম্বাহনকারিণী লক্ষ্মীদেবীর পূজা—'লক্ষ্মী দেব্যৈ নমঃ' এই মন্ত্রে কর্ত্তব্যা ॥ ৪৩৯ ॥

টীকা—পাদৌ শ্রীভগবতঃ দেবক্যা এব বা অভ্যঞ্জয়ন্তী শ্রীর্গন্ধাদিভিঃ পূজ্যা। কথম্ভূতা? দেবক্যাশ্চরণান্তিকে পঙ্কজে নিজাসনে নিষণ্ণা উপবিষ্টা। তন্মন্ত্রমাহ—নম ইতি। কেচিচ্চাবাহনাদিপূর্ব্বকং লক্ষ্মীপূজনমিদং শ্রীদেবকীপূজনাৎ পূর্ব্বমিচ্ছন্তি ॥ ৪৩৯ ॥

———

অবতারসহস্রং বৈ কৃতং তে মধুসূদন।
ন সংখ্যামবতারাণাং কশ্চিজ্জানাতি বৈ ভুবি ॥৪৪০॥
ব্রহ্মা শিবাদয়ো বাপি স্বরূপং ন বিদুস্তব।
অতস্ত্বাং পূজয়াম্যদ্য মাতুরুৎসঙ্গশায়িনম্ ॥ ৪৪১ ॥

অনুবাদ—হে মধুসূদন! আপনি অসংখ্য অবতার গ্রহণ করিয়াছেন, এই জগতে কেহ আপনার অবতারের সংখ্যা জানে না। ব্রহ্মা-শিবাদি দেবগণও আপনার স্বরূপ জানেন না, অতএব অদ্য আমি মাতৃক্রোড়ে শায়িত আপনাকে পূজা করি। (ইতি পূজামন্ত্র) ॥ ৪৪০-৪৪১ ॥

টীকা—নিজপূজামন্ত্রমাহ—অবতারেতি দ্বাভ্যাম্। 'ন তে সংখ্যাবতারাণাম্' ইতি পাঠে বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিঃ, সংখ্যায়া জানাতি ক্রিয়ান্বয়শ্চান্যথা ন স্যাদিতি ভাবঃ। অতঃ ব্রহ্মাদিভিরপি তব স্বরূপাজ্ঞানাদ্ধেতোঃ কেবলমদ্য মাতুরুৎসঙ্গশায়িনমেব ত্বাং পূজয়ামীত্যর্থঃ। যদ্বা যস্য স্বরূপং তেঽপি ন বিদুঃ, তদম্য সাক্ষান্মাতুরুৎসঙ্গশায়িনং সন্তং পূজয়ামীত্যর্থঃ ॥ ৪৪০-৪৪১ ॥

———

স্বনামভিশ্চতুর্থ্যন্তৈঃ প্রণবাদিনমোঽন্তকৈঃ।
পূজয়েয়ুর্দ্বিজাঃ সর্ব্বে স্ত্রী-শূদ্রা মন্ত্রবর্জ্জিতাঃ ॥৪৪২॥

অনুবাদ—শ্রীবসুদেবাদির পূজা মন্ত্রের উপদেশ—দেবতার নিজ নিজ নামের সহিত চতুর্থী বিভক্তিযুক্ত করিয়া প্রথমে 'প্রণব' ও শেষে 'নমঃ' শব্দযোগ করিয়া (ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য) দীক্ষিত দ্বিজগণ সকলে পূজা করিবেন। আর অদীক্ষিত স্ত্রী-শূদ্রগণ নামমন্ত্র দ্বারাই পূজা করিবেন ॥ ৪৪২ ॥

টীকা—শ্রীবসুদেবাদীনাং পূজামন্ত্রমুদ্দিশতি—স্বনামভিরিতি। তত্র প্রয়োগঃ—'ওঁ বসুদেবায় নমঃ' ইতি। মন্ত্রবিবর্জ্জিতাঃ প্রণবরহিতাঃ, তত্তন্মন্ত্রান্তের-প্রণবা উচ্চারণীয়া ইত্যর্থঃ। অত্র চানুক্তোঽপি বিশেষতঃ পূজায়াঃ ক্রমো বিধিশ্চ বহুলপুরাণবচনাদ্যুক্তিতঃ সম্প্রদায়ানুসারাচ্চাগ্রে লেখ্য এব ॥ ৪৪২ ॥

———

বিধ্যন্তরমপীচ্ছন্তি কেচিদত্র দ্বিজোত্তমাঃ।
চন্দ্রোদয়ে শশাঙ্কায় দদ্যাদর্ঘ্যং হরিং স্মরন্ ॥৪৪৩॥

অনুবাদ—এস্থলে কোন কোন দ্বিজোত্তমগণ অন্য বিধিও ইচ্ছা করেন, চন্দ্র উদিত হইলে ধীরে ধীরে হরিকে স্মরণ করিয়া চন্দ্রদেবকে অর্ঘ্যদান করিবেন ॥ ৪৪৩ ॥

———

অনঘং বামনং শৌরিং বৈকুণ্ঠং পুরুষোত্তমম্।
অপরাজিতং বাসুদেবং মাধবং মধুসূদনম্ ॥ ৪৪৪ ॥
বরাহং পুণ্ডরীকাক্ষং নৃসিংহং ধরণীধরম্।
দামোদরং পদ্মনাভং কেশবং গরুড়ধ্বজম্ ॥ ৪৪৫ ॥
গোবিন্দমচ্যুতং কৃষ্ণমনন্তং পুরুষোত্তমম্।
অধোক্ষজং জগদ্বীজং সর্গস্থিত্যন্তকারণম্ ॥ ৪৪৬ ॥
অনাদিনিধনং বিষ্ণুং ত্রিলোকেশং ত্রিবিক্রমম্।
নারায়ণং চতুর্বাহুং শঙ্খচক্রগদাধরম্ ॥ ৪৪৭ ॥
পীতাম্বরধরং নিত্যং বনমালাবিভূষিতম্।
শ্রীবৎসাঙ্কং জগৎসেতুং শ্রীপতিং শ্রীধরং হরিম্ ॥৪৪৮
দেবকীগর্ভসম্ভূতং দৈত্যসৈন্যবিনাশনম্।
গৃহাণার্ঘ্যমিদং দেব গোবিন্দায় নমো নমঃ ॥৪৪৯॥
ইত্যর্ঘ্যমন্ত্রঃ।

অনুবাদ—নাম স্মরণ—অনঘ, বামন, শৌরি, বৈকুণ্ঠ, পুরুষোত্তম, অপরাজিত, বাসুদেব, মাধব, মধুসূদন, বরাহ, পুণ্ডরীকাক্ষ, নৃসিংহ, ধরণীধর, দামোদর, পদ্মনাভ, কেশব, গরুড়ধ্বজ, গোবিন্দ, অচ্যুত কৃষ্ণ, অনন্ত, পুরুষোত্তম, অধোক্ষজ, জগদ্বীজ সর্গস্থিত্যন্তকারণ, অনাদিনিধন, বিষ্ণু, ত্রিলোকেশ, ত্রিবিক্রম, নারায়ণ, চতুর্বাহু, শঙ্খ, চক্র, গদাধর, পীতাম্বর

নিত্য, বনমালাবিভূষিত, শ্রীবৎসাঙ্ক, জগৎসেতু, শ্রীপতি, শ্রীধর, হরি, দেবকীগর্ভসম্ভূত, দৈত্যসৈন্য বিনাশন—হে দেব। এই অর্ঘ্য গ্রহণ করুন। আপনি গোবিন্দ, আপনাকে নমস্কার, নমস্কার ॥৪৪৪-৪৪৯॥

ইতি অর্ঘ্য মন্ত্র।

টীকা—কুত্রচিচ্চ যজ্ঞেশ্বরায়েত্যাদি, পাদ্যাদি-দীপান্তোপচারমন্ত্রঃ, বিশ্বেশ্বরায়েত্যাদি নৈবেদ্যমন্ত্রঃ, ধর্ম্মেশ্বরায়েত্যাদি শয়নমন্ত্র ইতি। অধুনা তত্রৈব মন্ত্রাদিভেদেন পরমতমাহ—বিধ্যন্তরমিতি। স্মরন্ লঘু লঘু কীর্ত্তয়ন্ ইত্যর্থঃ, অগ্রে অনঘাদিনামোক্তেঃ। স্মরণপ্রকারমেবাহ—অনঘমিতি ॥ ৪৪৩-৪৪৪ ॥

অথ স্নানমন্ত্রঃ

যোগেশ্বরায় যোগসম্ভবায় যোগপতয়ে
গোবিন্দায় নমো নমঃ ॥ ইতি ॥ ৪৫০ ॥

অনুবাদ—অথ স্নানমন্ত্র—যোগেশ্বর, যোগসম্ভব, যোগপতি গোবিন্দকে প্রণাম, প্রণাম ॥ ৪৫০॥

অথ বস্ত্রদানমন্ত্রঃ

যোগেশ্বরায় যজ্ঞসম্ভবায় যজ্ঞপতয়ে
গোবিন্দায় নমো নমঃ ॥ ইতি ॥ ৪৫১ ॥

অনুবাদ—অনন্তর বস্ত্রদান মন্ত্র—যোগেশ্বর, যজ্ঞ-সম্ভব, যজ্ঞপতি গোবিন্দকে প্রণাম, প্রণাম ॥ ৪৫১ ॥

অথ ধূপদানমন্ত্রঃ

বিশ্বেশ্বরায় বিশ্বসম্ভবায় বিশ্বপতয়ে
গোবিন্দায় নমো নমঃ ॥ ৪৫২ ॥

অনুবাদ—অনন্তর ধূপদান মন্ত্র—বিশ্বেশ্বর, বিশ্ব-সম্ভব, বিশ্বপতি গোবিন্দকে প্রণাম, প্রণাম ॥ ৪৫২ ॥

অথ নৈবেদ্যার্পণমন্ত্রঃ

ধর্ম্মেশ্বরায় ধর্ম্মসম্ভবায় ধর্ম্মপতয়ে
গোবিন্দায় নমো নমঃ ॥ ৪৫৩ ॥

অনুবাদ—অনন্তর নৈবেদ্য অর্পণ-মন্ত্র—ধর্ম্মেশ্বর, ধর্ম্মসম্ভব, ধর্ম্মপতি গোবিন্দকে নমস্কার, নমস্কার ॥ ৪৫৩ ॥

অথ চন্দ্রার্ঘ্যদানমন্ত্রঃ

ক্ষীরোদার্ণবসম্ভূত অত্রিনেত্রসমুদ্ভব।
গৃহাণার্ঘ্যং শশাঙ্কেমং রোহিণীসহিতো মম ॥ ৪৫৪ ॥

অনুবাদ—অনন্তর চন্দ্রকে অর্ঘ্যদান মন্ত্র—হে ক্ষীরোদার্ণবসম্ভূত! হে অত্রিনেত্র সমুদ্ভব! হে শশাঙ্ক! রোহিণী সহিত আমার এই অর্ঘ্য গ্রহণ কর ॥ ৪৫৪॥

স্থণ্ডিলে স্থাপয়েদ্দেবং শশাঙ্কং রোহিণীস্তথা।
দেবকীং বসুদেবঞ্চ যশোদাং নন্দমেব চ ॥ ৪৫৫ ॥
বলভদ্রং তথা গোপান্ গোপীগোকুলমেব চ।
এবং কৃতে ন সন্দেহো নরঃ পাপাৎ প্রমুচ্যতে ॥৪৫৬

অনুবাদ—স্থণ্ডিলে অর্থাৎ মন্ত্রদ্বারা পবিত্রীকৃত ভূমিতে চন্দ্রদেব, রোহিণী, দেবকী, বসুদেব, যশোদা, নন্দমহারাজ, বলদেবকে, সেইরূপ গোপগণ গোপী-গণকে, গাভীগণকেও স্থাপন করিবে এবং আবাহনাদি করিয়া পূজা করিবে। এইরূপ করিলে মানব পাপমুক্ত হয় ইহাতে সন্দেহ নাই ॥ ৪৫৫-৪৫৬ ॥

টীকা—স্থণ্ডিলে মন্ত্রসংস্কৃতভূমৌ স্থাপয়েৎ, আবা-হনাদিকং কৃত্বাঽর্চ্চয়েদিত্যর্থঃ ॥ ৪৫৫ ॥

অর্দ্ধরাত্রে বসোর্দ্ধারাং পাতয়েদ্গুড়সর্পিষা।
ততো বর্দ্ধাপনং ষষ্ঠী নামাদিকরণন্ততঃ ॥ ৪৫৭ ॥
কর্ত্তব্যং তৎক্ষণাদ্রাত্রৌ প্রভাতে নবমীদিনে।
যথা মম তথা কার্য্যো ভগবত্যা মহোৎসবঃ ॥৪৫৮॥

অনুবাদ—অর্দ্ধরাত্রে গুড় ও ঘৃতদ্বারা দেওয়ালে বসুধারা পাতন করিতে হয়, অতঃপর রাত্রেই ষষ্ঠী-পূজা, নাড়ীচ্ছেদন, নামকরণাদি কর্ত্তব্য। নবমী দিনে প্রভাতে যেমন মদীয় উৎসব (নন্দোৎসব) সেইরূপ ভগবতী যোগমায়ারও উৎসব কর্ত্তব্য ॥ ৪৫৭-৪৫৮ ॥

টীকা—গুড়সর্পিষা বসোর্ধারাং পাতয়েৎ। বর্দ্ধা-পনং নাড়ীচ্ছেদনম্, আদৌ ষষ্ঠীং সম্পূজ্য পশ্চান্নাড়ী-চ্ছেদঃ কার্য্য ইতি সদাচারতো জ্ঞেয়ম্। ততঃ ষষ্ঠী-

নিঃসারণমিত্যর্থঃ, ততো নামকরণম্, আদি-শব্দাৎ জাতকর্ম্মারভ্য কংসবধান্তং সর্ব্বমেব চরিতং যথাক্রমমনুকর্ত্তব্যমিত্যর্থঃ। তচ্চ রাত্রৌ তৎক্ষণাদেব কর্ত্তব্যমিতি বর্দ্ধাপনবসুধারাপাতনাদ্যভিপ্রায়েণ। ভগবত্যাঃ শ্রীদুর্গাদেব্যা মহাপূজা নবমীদিনে প্রভাতে কর্ত্তব্যেত্যর্থঃ ॥ ৪৫৭-৪৫৮ ॥

ব্রাহ্মণান্ ভোজয়েদ্ভক্ত্যা তেভ্যো দদ্যাচ্চ দক্ষিণাম্।
হিরণ্যং রজতঃ গাবো বাসাংসি বিবিধানি চ ॥৪৫৯
যদ্‌যদিষ্টতমং তেন কৃষ্ণো মে প্রীয়তামিতি ॥৪৬০॥

অনুবাদ—প্রতিমা বিসর্জ্জনের পরে ভক্তিসহ ব্রাহ্মণগণকে ভোজন করাইবে এবং তাহাদিগকে দক্ষিণা দিবে। সুবর্ণ, রৌপ্য, গাভী, বস্ত্রাদি বিবিধ দ্রব্য এবং প্রার্থিত বস্তু সকল দান করিবে—তাহা দ্বারা শ্রীকৃষ্ণ আমার প্রতি প্রীত হউন ॥ ৪৫৯-৪৬০॥

টীকা—যদ্‌যত্তেষামভিমতং, তচ্চ দদ্যাৎ। তত্র সঙ্কল্পপ্রকারমাহ—তেন দানেন মে কৃষ্ণঃ প্রীয়তামিত্যেবম্। ব্রাহ্মণভোজনাদিকঞ্চেদং বিসর্জ্জনানন্তরং দ্রষ্টব্যম্ ॥ ৪৫৯-৪৬০ ॥

যং দেবং দেবকী দেবী বসুদেবাদজীজনৎ।
ভৌমস্য ব্রহ্মণো গুপ্ত্যৈ তস্মৈ ব্রহ্মাত্মনে নমঃ ॥৪৬১
সুজন্ম-বাসুদেবায় গোব্রাহ্মণ-হিতায় চ।
শান্তিরস্তু শিবঞ্চাস্তু ইত্যুক্ত্বা তং বিসর্জ্জয়েৎ ॥৪৬২॥

অনুবাদ—বিশুদ্ধ সত্ত্ব বসুদেব পিতা হইতে দেবকীদেবী যে শ্রীকৃষ্ণকে প্রকাশিত করিলেন, সৃষ্টি ও ব্রহ্মার রক্ষার জন্য, সেই পরব্রহ্ম বাসুদেবকে প্রণাম। সুশোভন জন্ম বাসুদেবকে, গোব্রাহ্মণ হিতকারীকে প্রণাম, 'শান্তি হউক, মঙ্গল হউক', এই বলিয়া প্রতিমাকে বিসর্জ্জন দিবে ॥ ৪৬১-৪৬২ ॥

টীকা—বিসর্জ্জনপ্রকারমাহ—যমিতি দ্বাভ্যাম্। ভৌমস্য প্রপঞ্চরূপস্যেত্যর্থঃ। ভূমেশ্চেতি পাঠে ভূমিমারভ্য ব্রহ্ম-পর্য্যন্তস্য সু শোভনং জন্ম যস্য বাসুদেবস্য তস্মৈ নম ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ, যদ্বা, বাসুদেবায় তৎপ্রীত্যর্থং মম সর্ব্বেষামপি বা সুজন্মাস্তু ॥ ৪৬১-৪৬২ ॥

এবং যঃ কুরুতে দেব্যা দেবক্যাঃ সুমহোৎসবম্।
বর্ষে বর্ষে তু মদ্ভক্তো ধর্ম্মার্থী ধর্ম্মনন্দন।
নরো বা যদি বা নারী যথোক্তং ফলমাপ্নুয়াৎ ॥৪৬৩

অনুবাদ—হে ধর্ম্মনন্দন! যে মানব এইভাবে দেবকীদেবীর উত্তম মহোৎসব প্রতি বর্ষে অনুষ্ঠান করেন, আমার ভক্তি প্রার্থী বা ধর্ম্মার্থী, পুরুষ বা স্ত্রীলোক হউন, শাস্ত্রোক্ত ফল প্রাপ্ত হইবেন ॥ ৪৬৩ ॥

টীকা—ধর্ম্মার্থী চান্যঃ কশ্চন, যদ্বা, ধর্ম্মো ভগবদ্ভক্তিলক্ষণস্তদর্থী সন্ যো মদ্ভক্তঃ কুরুতে। যদ্বা, স মদ্ভক্তো ভবতি, অতএব ভক্তিলক্ষণধর্ম্মার্থী চ ভবতি। কিং বহুনা, সকামো যথোক্তং ফলং চাপ্নুয়াৎ। পাঠান্তরে ভাগবতো বৈষ্ণবঃ, গৃহীতবিষ্ণুদীক্ষাকঃ ইত্যর্থঃ। তাদৃশো যো মদ্ভক্তঃ সঃ ; যদ্বা, অকারপ্রশ্লেষেণ অভাগবতোঽপি মদ্ভক্তঃ সন্নিত্যর্থঃ ॥ ৪৬৩ ॥

ভবিষ্যে—
গৃহ্নীয়ান্নিয়মং পূর্ব্বং দন্তধাবনপূর্ব্বকম্।
নিয়মাৎ ফলমাপ্নোতি ন শ্রেয়ো নিয়মং বিনা ॥৪৬৪

অনুবাদ—ভবিষ্যপুরাণে-জন্মাষ্টমী ব্রত—উপবাস দিনে প্রাতে দণ্ডধারণ পূর্ব্বক প্রথমতঃ নিয়ম গ্রহণ করিবেন। নিয়ম গ্রহণ করিলে যথাযথ ফল প্রাপ্ত হয়, নিয়ম ব্যতীত উত্তম ফল পাওয়া যায় না ॥ ৪৬৪ ॥

টীকা—নিয়মং—সঙ্কল্পম্ ॥ ৪৬৪ ॥

নিয়মমন্ত্রঃ

অদ্য স্থিত্বা নিরাহারঃ শ্বোভূতে পরমেশ্বর।
ভোক্ষ্যামি দেবকীপুত্র অস্মিন্ জন্মাষ্টমীব্রতে ॥৪৬৫

অনুবাদ—নিয়মমন্ত্র—হে পরমেশ্বর! অদ্য নিরাহারে থাকিয়া আগামী কল্য আমি ভোজন করিব। হে দেবকীনন্দন! এই জন্মাষ্টমীব্রতে আপনি আমার আশ্রয় ॥ ৪৬৫ ॥

উপোষিতস্তু মধ্যাহ্নে স্নাত্বা কৃষ্ণতিলৈঃ শুভৈঃ।
ধাত্রীফলং শিরে দদ্যান্মহাপুণ্যবিবৃদ্ধয়ে ॥ ৪৬৬ ॥

অনুবাদ—উপবাসকারী পবিত্র কৃষ্ণতিল মিশ্রিত জলে মধ্যাহ্নে স্নান করিয়া মহাপুণ্য বৃদ্ধির জন্য ধাত্রী ফল বাটা মস্তকে দিয়া স্নান করিবে ॥ ৪৬৬ ॥

টীকা—শিরে শিরসি মহাপুণ্যং ভগবদ্ভক্তিস্তস্য বিশেষেণ বৃদ্ধয়ে, ধাত্রীফলস্য ভগবৎপ্রিয়ত্বাৎ ॥৪৬৬॥

কৃত্বা মাধ্যাহ্নিকং কর্ম্ম স্থাপয়েদব্রণং ঘটম্ ।
পঞ্চরত্নসমাযুক্তং পবিত্রোদকপূরিতম্ ॥ ৪৬৭ ॥

অনুবাদ—মধ্যাহ্নকালীন প্রাত্যহিক কর্ম্ম সমাপনান্তে অছিদ্র নির্দ্দোষ ঘট পঞ্চরত্নসহ পবিত্র গঙ্গাজলে পূর্ণ করিয়া স্থাপন করিবে ॥ ৪৬৭ ॥

টীকা—অব্রণং—নিশ্ছিদ্রম্ ॥ ৪৬৭ ॥

তস্যোপরি ন্যসেৎ পাত্রং কর্পূরাগুরুবাসিতম্ ।
সুধূপবাসিতং শুভ্রং পুষ্পমালাভিশোভিতম্ ।
সৌবর্ণং বিত্তবান্ ভক্ত্যা তদভাবেঽথ বৈণবম্ ॥৪৬৮

অনুবাদ—তাহার উপর কর্পূর, অগুরুবাসিত পাত্র রাখিবে, উত্তম ধূপ বাসিত শুভ্র পুষ্পমালাদ্বারা চতুর্দ্দিশ শোভিত করিবে। বিত্তবান্ ব্যক্তি ভক্তিপূর্ব্বক সুবর্ণপাত্র অভাবে বংশপাত্র রাখিবে ॥ ৪৬৮ ॥

টীকা—দেবীং দেবকীং, হৈমীং হেমনির্ম্মিতাম্ ॥ ৪৬৮ ॥

তস্যোপরি ন্যসেদ্দেবীং হৈমীং লক্ষণসংযুতাম্ ।
দদমানান্তু পুত্রস্য স্তনং বৈ বিস্মিতাননাম্ ॥ ৪৬৯ ॥

অনুবাদ—তাহার উপরে সুবর্ণময়ী মাতৃমূর্ত্তি সুলক্ষণযুক্তা পুত্রের মুখে স্তনদানরতা ও বিস্মিতা বদনা স্থাপন করিবে ॥ ৪৬৯ ॥

পীয়মানঃ স্তনং সোঽথ কুচাগ্রে পাণিনা স্পৃশন্ ।
অবলোকমানঃ প্রেম্না বৈ মুখং মাতুর্মুহুর্মুহুঃ ॥৪৭০

অনুবাদ—পুত্র শ্রীকৃষ্ণও স্তনাগ্রে হস্তস্পর্শ করিয়া স্তনপানরত এবং বাৎসল্যপ্রেমে বারবার মাতৃমুখ দর্শনরত হইবেন ॥ ৪৭০ ॥

টীকা—পীয়মানঃ পিবন্ ॥ ৪৭০ ॥

কৃত্বা চৈবন্তু বৈকুণ্ঠং মাত্রা সহ জগৎপ্রভুম্ ।
ক্ষীরাদিস্নপনং কৃত্বা চন্দনেন বিলেপয়েৎ ॥ ৪৭১ ॥

অনুবাদ—জগৎপ্রভু শ্রীকৃষ্ণকে মাতৃসহ ঐরূপ মূর্ত্তি করিয়া ক্ষীরাদি পঞ্চামৃতে স্নান করাইয়া চন্দনদ্বারা লেপন করিবে ॥ ৪৭১ ॥

কুঙ্কুমেন মহাভাগ কর্পূরাগুরুচর্চ্চিতম্ ।
পদ্মকোষীরগন্ধৈশ্চ মৃগনাভিবিমিশ্রিতম্ ॥ ৪৭২ ॥

অনুবাদ—হে মহাভাগ! কুঙ্কুম সহ কর্পূর অগুরুচন্দন চর্চ্চিত জগৎপ্রভুকে পূজা করিবে, পদ্মক উষীর (বেনামূল) গন্ধসহ মৃগনাভি মিশ্রিত করিয়া দিবে ॥ ৪৭২ ॥

টীকা—কর্পূরাগুরুচর্চ্চিতমিত্যাদীনি জগৎপ্রভুমিত্যস্য পূজনীয় ইতি ক্রিয়ায়া বিশেষণানি। মৃগনাভিনা বিমিশ্রিতং লেপিতম্। ক্বচিচ্চ সর্ব্বত্রাত্র প্রথমান্তঃ পাঠঃ ॥ ৪৭২ ॥

শ্বেতবস্ত্রযুগচ্ছন্নং পুষ্পমালাসুশোভিতম্ ।
মালতীমল্লিকাপুষ্পৈশ্চম্পকৈঃ কেতকীদলৈঃ ॥৪৭৩॥

অনুবাদ—শ্বেতবস্ত্রদ্বয় পরিধেয় ও উত্তরীয়, পুষ্পমালা সুশোভিত করিয়া মালতী, মল্লিকা, চম্পক, কেতকীপুষ্পসমূহ দ্বারা শোভিত করিবে ॥ ৪৭৩ ॥

বিল্বপত্রৈরখণ্ডৈশ্চ তুলসীপত্রকোমলৈঃ ।
অন্যৈর্নানাবিধৈঃ পুষ্পৈঃ করবীরৈঃ
সিতাসিতৈঃ ॥ ৪৭৪ ॥

অনুবাদ—অখণ্ডিত বিল্বপত্র, কোমল তুলসী পত্র দ্বারা পূজা করিবে। অন্য প্রকার নানাবিধ পুষ্পদ্বারা এবং শ্বেত, পীত, করবীর পুষ্পদ্বারা পূজা করিবে ॥ ৪৭৪ ॥

যূথিকা-শতপত্রৈশ্চ তথান্যৈঃ কালসম্ভবৈঃ ।
পূজনীয়ো মহাভাগ মহাভক্ত্যা জনার্দ্দনঃ ॥ ৪৭৫ ॥

অনুবাদ—হে মহাজন ! যুঁই, শতদলপদ্ম সেই-রূপ শরৎকালীয় অন্য পুষ্পসমূহ দ্বারাও মহাভক্তি-সহ জনার্দ্দনকে পূজা করিবে ॥ ৪৭৫ ॥

কুষ্মাণ্ডৈর্নারিকেলৈশ্চ খর্জ্জূরৈর্দ্দাড়িমীফলৈঃ ।
চূতবৃক্ষ-সমুদ্ভূতৈঃ ফলৈ রম্ভাসমুদ্ভবৈঃ ॥ ৪৭৬ ॥
তৎকালসম্ভবৈর্দিব্যৈঃ ফলৈর্নানাবিধৈর্ম্মুনে ।
নৈবেদ্যৈর্বিবিধৈঃ শুভ্রৈর্ঘৃতপক্কৈরনেকধা ॥ ৪৭৭ ॥

অনুবাদ—কুষ্মাণ্ড, নারিকেল, খর্জ্জূর, দাড়িম্ব, আম্র, রম্ভা, এবং শরৎকালীয় দিব্য নানাবিধ ফল-সমূহ সহ, হে মুনিবর ! শুভ্র ঘৃতপক্ক বিবিধ নৈবেদ্য দ্বারা পূজা করিবে ॥ ৪৭৬-৪৭৭ ॥

দীপান্ বৈ কারয়েচ্চাগ্রে তথা কুসুমমণ্ডপম্ ॥৪৭৮॥
গীতং বাদ্যং তথা নৃত্যং স্তোত্রপাঠঞ্চ কারয়েৎ ॥৪৭৯
বালস্য চরিতং বিষ্ণোঃ পঠনীয়ং পুনঃ পুনঃ ॥৪৮০

অনুবাদ—শ্রীভগবানের সম্মুখে বহুদীপ প্রজ্জ্বলিত করিবে এবং পুষ্পমণ্ডপ নির্ম্মাণ করিবে। গীত, বাদ্য, স্তোত্রপাঠও করাইবে। শ্রীকৃষ্ণের বাল্যচরিত পুনঃ পুনঃ পাঠ কর্ত্তব্য ॥ ৪৭৮-৪৮০ ॥

টীকা—অগ্রে—ভগবৎপুরতঃ ॥ ৪৭৮ ॥

টীকা—পূজ্য—পূজয়িত্বা ॥ ৪৭৯ ॥

স্বগুরুং পূজ্য শক্ত্যা বৈ পূজনীয়স্ততো হরিঃ ।
নিশি পূজা বিধাতব্যা দেবক্যাঃ কেশবস্য চ ।
মন্ত্রেণানেন বিপ্রেন্দ্র পুরাণবিহিতেন বৈ ॥ ৪৮১ ॥

অনুবাদ—যথাশক্তি নিজ গুরুদেবকে পূজা করিয়া অনন্তর শ্রীহরির পূজা কর্ত্তব্য। হে বিপ্রবর ! পুরাণবিহিত উল্লিখিত এই মন্ত্রদ্বারা দেবকী ও শ্রীকৃষ্ণের নিশি পূজা কর্ত্তব্য ॥ ৪৮১ ॥

অথ দেবকীপূজামন্ত্রঃ

অদিতে দেবমাতস্ত্বং সর্ব্বপাপপ্রণাশিনী ।
অতস্ত্বাং পূজয়িষ্যামি ভীতো ভবভয়স্য চ ॥ ৪৮২ ॥

অনুবাদ—অনন্তর দেবকী পূজামন্ত্র—হে অদিতি ! তুমি দেবমাতা, সর্ব্বপাপ প্রণাশিনী অতএব ভবভয়ে ভীত আমি তোমাকে পূজা করিব ॥ ৪৮২ ॥

পূজিতা তু যথা দেবৈঃ প্রসন্না ত্বং বরাননে ।
পূজিতা তু ময়া ভক্ত্যা প্রসাদং কুরু সুব্রতে ॥৪৮৩॥

অনুবাদ—হে বরাননে ! দেবগণ কর্ত্তৃক পূজিত হইয়া যেমন তুমি প্রসন্না হইয়াছিলে, আমাকর্ত্তৃক ভক্তিসহ পূজিতা হইয়া হে সুব্রতে ! আমার প্রতি প্রসন্ন হও ॥ ৪৮৩ ॥

যথা পুত্রং হরিং লব্ধ্বা প্রাপ্তা তে নির্ব্বৃতিঃ পরা ।
নির্ব্বৃতিং দেবি তামেব সপুত্রা ত্বং প্রযচ্ছ মে ॥৪৮৪॥

অনুবাদ— যেমন শ্রীহরিকে পুত্ররূপে প্রাপ্ত হইয়া তুমি পরমানন্দিতা, সেইরূপ হে দেবি ! সপুত্রা পূজিতা হইয়া তুমি আমাকে পরমানন্দ দান কর ॥ ৪৮৪ ॥

শ্রীকৃষ্ণপূজামন্ত্রঃ

অবতারান্ সহস্রাণি করোষি মধুসূদন ।
ন তে সংখ্যাঽবতারাণাং কশ্চিজ্জানাতি বৈ ভুবি ॥ ৪৮৫ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণ পূজামন্ত্র—হে মধুসূদন ! তুমি অসংখ্য অবতার গ্রহণ করিয়া থাক ; এই জগতে তোমার অবতারের সংখ্যা কেহই জানে না ॥ ৪৮৫ ॥

দেবা ব্রহ্মাদয়ো বাপি স্বরূপং ন বিদুস্তব ।
অতস্ত্বাং পূজয়িষ্যামি মাতুরুৎসঙ্গসংস্থিতম্ ॥৪৮৬॥

অনুবাদ—ব্রহ্মাদি দেবগণও তোমার স্বরূপ জানেন না, অতএব তোমাকে মাতৃক্রোড়ে অবস্থিত রূপে পূজা করিব ॥ ৪৮৬ ॥

টীকা—তিলময়ে তিলপূরিতে, অন্যচ্চ সর্ব্বং স্পষ্টার্থমেব ॥ ৪৮৬ ॥

বাঞ্ছিতং কুরু মে দেব দুষ্কৃতং চৈব নাশয়।
কুরুষ্ব মে দয়াং দেব সংসারার্ত্তিভয়াপহ ॥ ৪৮৭ ॥

অনুবাদ—হে দেব। আমার বাঞ্ছিত ফল প্রদান কর এবং দুষ্কৃত নাশ কর, হে দেব! সংসার-দুঃখ ও ভয় অপহরণকারী আমার প্রতি দয়া কর ॥ ৪৮৭ ॥

এবং সম্পূজ্য গোবিন্দং পাত্রে তিলময়ে স্থিতম্।
ততশ্চ দাপয়েদর্ঘ্যমিন্দোরুদয়তঃ শুচিঃ ॥ ৪৮৮ ॥

অনুবাদ—এইভাবে তিলময় পাত্রে অবস্থিত শ্রীগোবিন্দকে যথাবিধি পূজা করিয়া অতঃপর চন্দ্র উদিত হইলে পবিত্রভাবে অর্ঘ্য দান করিবে ॥ ৪৮৮॥

কৃষ্ণায় প্রথমং দদ্যাদ্দেবকীসহিতায় বৈ।
অর্ঘ্যং ঋষিবরশ্রেষ্ঠ সর্ব্বকামফলপ্রদম্ ॥ ৪৮৯ ॥

অনুবাদ—হে ঋষিবর শ্রেষ্ঠ। দেবকী সহিত শ্রীকৃষ্ণকে প্রথমে সর্ব্ববাঞ্ছা ফলপ্রদ অর্ঘ্য দান করিবে ॥ ৪৮৯ ॥

অথ অর্ঘ্যদানমন্ত্রঃ

জাতঃ কংসবধার্থায় ভূভারোত্তারণায় চ।
দেবতানাং হিতার্থায় ধর্ম্মসংস্থাপনায় চ।
কৌরবাণাং বিনাশায় দৈত্যানাং নিধনায় চ ॥ ৪৯০ ॥
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং দেবকীসহিতো মম ॥ ৪৯১ ॥

অনুবাদ—অনন্তর অর্ঘ্যদান মন্ত্র—কংসবধ, ভূভার হরণ, দেবগণের হিত, ধর্ম্ম সংস্থাপন, কৌরব-গণ বিনাশ ও দৈত্য নিধন নিমিত্ত আপনি জন্মলীলা পরিগ্রহ করিয়াছেন। আমার হিতের জন্য মৎকর্ত্তৃক প্রদত্ত অর্ঘ্য দেবকী সহিত গ্রহণ করুন ॥৪৯০-৪৯১॥

শ্রীকৃষ্ণায় দেবকীসহিতায় সপরিবারায়
লক্ষ্মীসহিতায় অর্ঘ্যং নমঃ ॥ ৪৯২ ॥

অনুবাদ—সপরিবার দেবকী ও লক্ষ্মী সহিত শ্রীকৃষ্ণের উদ্দেশ্যে এই অর্ঘ্য প্রদত্ত হইল—প্রণাম ॥ ৪৯২ ॥

অথ চন্দ্রার্ঘ্যদানমন্ত্রঃ

দধিপুষ্পাক্ষতৈর্মিশ্রং ততোঽর্ঘ্যং শশিনে মুদা ॥৯৩॥

অনুবাদ—অনন্তর চন্দ্রের নিমিত্ত অর্ঘ্যদান-মন্ত্র—অথ দধি, পুষ্প, অক্ষত মিলিত অর্ঘ্য সানন্দে চন্দ্রের উদ্দেশ্যে দিবে ॥ ৪৯৩ ॥

ক্ষীরোদার্ণবসম্ভূত অত্রিনেত্রসমুদ্ভব।
অর্ঘ্যমিন্দো গৃহাণ ত্বং রোহিণ্যা সহিতো মম ॥৪৯৪

অনুবাদ—হে ক্ষীরোদার্ণব সম্ভূত, হে অত্রিনেত্র-সমুদ্ভব, হে ইন্দো তুমি রোহিণী সহ আমার প্রদত্ত অর্ঘ্য গ্রহণ কর ॥ ৪৯৪ ॥

নারিকেলেন শুভ্রেণ দদ্যাদর্ঘ্যং বিচক্ষণঃ।
কৃষ্ণায় পরয়া ভক্ত্যা শঙ্খে কৃত্বা বিধানতঃ ॥৪৯৫॥

অনুবাদ—বিচক্ষণ ব্যক্তি শুভ্র নারিকেল-সহ অর্ঘ্য পরমভক্তিপূর্ব্বক যথাবিধি শঙ্খে করিয়া কৃষ্ণকে দান করিবে ॥ ৪৯৫ ॥

দদ্যাদ্ভূমণ্ডলং কৃৎস্নং সসাগরনগান্বিতম্।
অর্ঘ্যদানেন তৎ পুণ্যং লভতে মানবো ভুবি ॥৪৯৬॥

অনুবাদ—এই জগতে মানব সসাগরা সপর্ব্বতা সমগ্র ভূমণ্ডল দান করিলে যে পুণ্য হয়, শ্রীকৃষ্ণকে অর্ঘ্যদান করিলে সেই পুণ্য লাভ করে ॥ ৪৯৬ ॥

গীতশাস্ত্রকথালাপৈঃ কুর্য্যাজ্জাগরণং নিশি।
ধূপদীপঞ্চ নৈবেদ্যং তাম্বূলং দাপয়েদ্ধরেঃ ॥ ৪৯৭ ॥

অনুবাদ—গীত ও শাস্ত্রকথালাপদ্বারা নিশিজাগ-রণ করিবে। শ্রীহরির উদ্দেশ্যে ধূপ, দীপ, নৈবেদ্য তাম্বূল প্রদান করিবে ॥ ৪৯৭ ॥

এবং জন্মাষ্টমীং কৃত্বা কর্ত্তব্যং নাবশিষ্যতে।
সর্ব্বং পুণ্যফলং প্রাপ্য অন্তে যাতি পদং হরেঃ ॥৪৯৮

অনুবাদ—এইভাবে জন্মাষ্টমী ব্রত পালন করিলে, আর তাহার কোন কর্ত্তব্য অবশিষ্ট থাকে না, সর্ব্ববিধ পুণ্য ফল প্রাপ্ত হইয়া প্রাণান্তে শ্রীহরির পরমপদে গমন করে ॥ ৪৯৮ ॥

যো ভবিষ্যোত্তরাদ্যুক্তো বিধিস্তদনুসারতঃ।
সর্ব্বং জন্মাষ্টমীকৃত্যমেকীকৃত্যাত্র লিখ্যতে ॥৪৯৯॥

অনুবাদ—ভবিষ্যোত্তর ও ভবিষ্যপুরাণোক্ত যে বিধি, তদনুসারে জন্মাষ্টমী-কৃত্য-সমূহ একত্র করিয়া এখন লিখিত হইতেছে ॥ ৪৯৯ ॥

টীকা—ভবিষ্যোত্তরোক্তঃ, আদি-শব্দাৎ ভবিষ্য-পুরাণাদ্যুক্তো যো বিধিস্তস্যানুসারতঃ। একীকৃত্য ক্রমেণ সংযোজ্য, এবং ভবিষ্যোত্তর-ভবিষ্যাদ্যুক্ত-দৃষ্ট্যা, তত্রাপি তৎপদ্ধতিকারপরমপ্রামাণিক-শ্রীকৃষ্ণ-দেবাচার্য্যাদিলিখনদৃষ্ট্যা চ তত্তদেকবাক্যতয়াঽত্রেদং লিখ্যতে, ন চ কেবলমেকগ্রন্থদৃষ্ট্যেতি ভাবঃ ॥ ৪৯৯ ॥

একভক্তানন্তরন্তু দন্তধাবনপূর্ব্বকম্
সপ্তম্যামথবাষ্টম্যাং প্রাতঃ সঙ্কল্পমাচরেৎ ॥ ৫০০ ॥

অনুবাদ—সপ্তমীর দিন একভক্ত অর্থাৎ হবিষ্যান্ন গ্রহণের পর দণ্ডধারণ পূর্ব্বক অষ্টমী ব্রতের দিন প্রাতঃকালে সঙ্কল্প করিবেন ॥ ৫০০॥

টীকা—এবং সর্ব্বব্রতসাধারণবিধিমুল্লিখ্যাধুনাত্র বিশেষং লিখতি—একেত্যাদিনা। সপ্তম্যামেকভক্তানন্তরং দন্তধাবনপূর্ব্বকং সঙ্কল্পং কুর্য্যাৎ, অথবাঽষ্টম্যাং প্রাতঃ কুর্য্যাৎ ॥ ৫০০ ॥

অথ তত্র মন্ত্রঃ

অদ্য স্থিত্বা নিরাহারঃ সর্ব্বভোগবিবর্জ্জিতঃ।
ভোক্ষ্যেঽহং পুণ্ডরীকাক্ষ শরণং মে ভবাচ্যুত ॥৫০১॥

অনুবাদ—অনন্তর সংকল্পমন্ত্র—অদ্য নিরাহারে থাকিয়া এবং সর্ব্ববিধ ভোগ বর্জ্জন করিয়া হে পুণ্ডরীকাক্ষ! পরদিনে আমি ভোজন করিব। হে অচ্যুত! আপনি আমার আশ্রয় অর্থাৎ ব্রত রক্ষক হউন ॥ ৫০১ ॥

টীকা—তত্রাষ্টমীপ্রাতঃ সঙ্কল্পমন্ত্রং লিখতি—অদ্যেতি। যদ্যপি সঙ্কল্পমন্ত্রে 'শ্বোভূতে পরমেশ্বর' ইত্যাদি কুচিৎ পাঠঃ, তথাপি সর্ব্বভোগবিবর্জ্জিত ইত্যাদিঃ ভবিষ্যোক্তঃ পাঠোঽত্র লিখিতঃ, পাঠান্তরে দেবকীপুত্রেত্যাদিবিশেষেণ-নির্দ্দেশেন শিষ্টগণাদৃতত্বাৎ। ভবিষ্যোত্তরে চ শ্রীযুধিষ্ঠিরং প্রতি শ্রীভগবতা স্বয়ং তথা নোক্তং, পরমলজ্জাগুণশীলত্বাৎ। এবমন্যত্রাপ্যূহ্যম্ ॥ ৫০১ ॥

কুর্ব্বীত প্রাতরষ্টম্যাং স্নপনাদি তিলৈঃ প্রভোঃ।
অর্পয়েচ্চ নবং সর্ব্বং শিষ্টাচারানুসারতঃ ॥ ৫০২ ॥

অনুবাদ—অষ্টমীতে প্রাতঃকালে শ্রীকৃষ্ণকে তিল-জল দ্বারা স্নানাদি করাইয়া শিষ্টাচার অনুসারে নূতন বস্ত্রাদি সকল অর্পণ করিবেন ॥ ৫০২ ॥

টীকা—অথ লোকে জন্মতিথিকৃত্যবৎ প্রাতঃ শ্রীভগবতোঽপি তিলস্নপনাদিকং লৌকিকভক্তিরীত্যা-পেক্ষয়া কার্য্যমিতি লিখতি—কুর্ব্বীতেতি। প্রভোঃ শ্রীকৃষ্ণস্য স্নপনাদি তিলৈঃ কৃষ্ণৈঃ কুর্ব্বীত, আদি-শব্দাৎ উদ্বর্ত্তনাদি। তথা চোক্তম্—'তিলোদ্বর্ত্তী তিলস্নায়ী তিলহোতা তিলপ্রদঃ। তিলবাপী তিলাশী চ ষট্‌তিলী নাবসীদতি ॥' ইতি; অত্র চ শিষ্টাচারানু-সারেণাষ্টোত্তরশতদূর্ব্বাগ্রাদিযুক্তেন সহস্রচ্ছিদ্রঘটেন ধারয়া স্নপনাদিকমপি জ্ঞেয়ম্। সর্ব্বং বস্ত্রাদিকং নবমেব ভগবতেঽর্পয়েচ্চ। শিষ্টাচারানুসারত ইতি সর্ব্বত্রাপ্যগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ম্। সৎ-সম্প্রদায়াচারানু-সারেণৈবাত্রাখিলবিধিলিখনাৎ ॥ ৫০২ ॥

মধ্যাহ্নে চ শুভে তীর্থেঽন্যত্র বা সজ্জলে ব্রতী।
মূর্দ্ধ্নি ধাত্রীফলং দত্ত্বা স্নায়াৎ কৃষ্ণতিলৈঃ শুভৈঃ ॥৫০৩

অনুবাদ—ব্রতী মধ্যাহ্নে পবিত্র তীর্থে বা অন্যত্র পবিত্র জলে মস্তকে ধাত্রীফল অর্থাৎ আমলকী বাটা মাখিয়া শুভপ্রদ কৃষ্ণতিল সহ জলে স্নান করিবে ॥৫০৩

টীকা—শুভে তীর্থে শ্রীকালিন্দ্যাদৌ, তত্রাপি শ্রীবিশ্রান্ত্যাদৌ, তদলাভে চ অন্যত্র সজ্জলে পবিত্র-

নির্ম্মলসলিলে তথা চাগ্রে লেখ্যং ভবিষ্যোত্তরবচনং 'নদ্যাদৌ বিমলে জলে' ইতি। ব্রতী উপবাসপরো জনঃ। ধাত্রীফলং মূর্দ্ধ্নি দত্ত্বা তেন মস্তকং সংমৃজ্য শুভৈঃ শ্রীভগবৎস্নানাদ্যবশিষ্টৈর্মহাপ্রসাদরূপৈঃ কৃষ্ণতিলৈঃ কৃত্বা স্নানং কুর্য্যাৎ। তথা চ ভবিষ্যে— 'উপোষিতস্তু মধ্যাহ্নে কৃত্বা কৃষ্ণতিলৈঃ শুভৈঃ। ধাত্রীফলং শিরে দদ্যান্মহাপুণ্যবিবৃদ্ধয়ে॥' ইতি ॥৫০৩

———

অথ মাধ্যাহ্নিকং নিত্যকৃত্যমন্যৎ সমাপ্য হি।
সুদেশে রচয়েদ্দিব্যং দেবক্যাঃ সূতিকাগৃহম্ ॥৫০৪॥

অনুবাদ—অনন্তর মধ্যাহ্ন কালীন অন্য নিত্য-কর্ম্ম সমাপণ করিয়া সুশোভন স্থলে পরম শোভনীয় দেবকীদেবীর সূতিকাগৃহ রচনা করিবে ॥ ৫০৪ ॥

টীকা—অন্যৎ ইষ্টদেবপূজাদি, সুদেশে শোভন প্রদেশে, দিব্যং পরমশোভনম্ ॥ ৫০৪ ॥

———

ভূষিতং মণিভির্বস্ত্রৈর্বিতানৈস্তোরণৈরপি।
আবদ্ধৈঃ ফলপুষ্পৈশ্চ ঘৃতপক্কাদিভিস্তথা ॥ ৫০৫ ॥
যবদূর্ব্বাম্বুজাদ্যাঢ্যং বাদ্যগীতাদিসঙ্কুলম্।
দ্বারে চ শৃঙ্খলালোহখড়্গচ্ছাগাদিসংযুতম্ ॥ ৫০৬ ॥

অনুবাদ—নানাবিধ মণিখচিত বস্ত্র বেষ্টিত, উপরে সুসজ্জিত চাঁদোয়া ও তোরণদ্বার সুসজ্জিত ফল পুষ্পাদি দ্বারা বেষ্টিত, ঘৃতপক্কাদি দ্রব্য সমন্বিত, যব, দূর্ব্বা ও পদ্মযুক্ত, বাদ্য গীতাদি দ্বারা ব্যাপ্ত, দ্বারদেশে শৃঙ্খলা, লৌহ, খড়্গ, ছাগাদি সংযুত ॥ ৫০৫-৫০৬ ॥

———

গোকুলং বিলিখেত্তত্র গোপগোপীজনাবৃতম্।
রক্ষপালাংশ্চ গেহস্য সর্ব্বতোঽবস্থিতান্ লিখেৎ ॥৫০৭

অনুবাদ—ঐ স্থলে গোপ-গোপীজন ব্যাপ্ত গোকুল চিত্রিত করিবে। গৃহের চতুর্দ্দিকে অবস্থিত রক্ষিগণকে অঙ্কিত করিবে ॥ ৫০৭ ॥

———

তন্মধ্যে সর্ব্বতোভদ্রমণ্ডলে স্থাপয়েদ্ঘটম্।
পাত্রং তদুপরি ন্যস্যেদ্ধৈমং বৈণবমেব বা ॥ ৫০৮ ॥

অনুবাদ—গৃহমধ্যে সর্ব্বতোভদ্র মণ্ডলে মঙ্গল ঘট স্থাপন করিয়া তাহার উপর সুবর্ণপাত্র বা বংশ নির্ম্মিত পাত্র স্থাপন করিবে ॥ ৫০৮ ॥

———

দেবকীং স্থাপয়েত্তত্র স্বর্ণেনান্যেন বা কৃতাম্।
সল্লক্ষণাং সুপর্য্যঙ্কে সুপ্তাং স্নুতপয়োধরাম্ ॥ ৫০৯॥

অনুবাদ—পাত্রের উপর স্বর্ণময়ী বা অন্য ধাতু-ময়ী উত্তম পালঙ্কে সুলক্ষণা শায়িতা বাৎসল্যে স্তনদুগ্ধ ক্ষরণ শীলা দেবকী মাতৃমূর্ত্তি স্থাপন করিবে ॥ ৫০৯॥

———

তথৈব ভগবন্তঞ্চ তদুৎসঙ্গে স্তনন্ধয়ম্।
নিজলক্ষণসম্পন্নং স্থাপয়েচ্ছয়িতং সুখম্ ॥ ৫১০ ॥

অনুবাদ—সেইরূপ ভগবান্ শ্রীকৃষ্ণকে দেবকী ক্রোড়ে স্তনপানরত নিজ সর্ব্বসুলক্ষণযুক্ত সুখে শায়িত স্থাপন করিবে ॥ ৫১০ ॥

———

তথা কুচিৎ প্রদেশে চ শ্রীযশোদাং সকন্যকাম্।
শ্রীনন্দং রোহিণীং রামং গোপান্ গোপীশ্চ গা অপি ॥ ৫১১ ॥

অনুবাদ—সেই স্থান বিশেষে শ্রীযশোদা যোগমায়া কন্যা সমন্বিতা, শ্রীনন্দ, রোহিণীমাতা, বলদেব, গোপ-গণ গোপীগণ ও গাভীগণকে সজ্জিত করিবে ॥৫১১॥

———

বসুদেবঞ্চ দেবক্যাঃ সমীপে মুদিতাননম্।
খড়্গপাণিং স্তুবন্তঞ্চ বিস্ময়োৎফুল্ললোচনম্ ॥ ৫১২॥

অনুবাদ—বসুদেবকে ও দেবকীর নিকট আনন্দিত বদন, খড়্গ হস্তে স্তবরত এবং বিস্ময়ে বিস্ফারিতলোচন মূর্ত্তি স্থাপন করিবে ॥ ৫১২ ॥

———

দেবান্ মুনীংশ্চ তত্রোর্দ্ধে প্রণতান্ পুষ্পবর্ষিণঃ।
গন্ধর্ব্বাপ্সরসাদীংশ্চ গীতনৃত্যাদিতৎপরান্ ॥ ৫১৩॥

অনুবাদ—উর্দ্ধদেশে দেবগণকে, মুনিগণকে প্রণত ও পুষ্পবর্ষণরত, গন্ধর্ব্ব ও অপ্সরাগণকে গীত নৃত্যাদিরত চিত্রিত করিবে ॥ ৫১৩ ॥

———

কংসঞ্চ তৎপরীবারান্ গৃহীতাস্ত্রাংশ্চ নিদ্রয়া।
মোহিতান্ স্থাপয়েৎ ক্বাপি কৃষ্ণায়াং
কালিয়ং লিখেৎ ॥ ৫১৪ ॥

অনুবাদ—কংস ও তাহার পরিকরগণকে অস্ত্র-হস্তে নিদ্রায় যোগমায়া কর্ত্তৃক মোহিত স্থাপন করিবে, কোন স্থানে যমুনাতে হ্রদ ও কালিয় নাগ লিখিবে ॥ ৫১৪ ॥

ইত্থং কৃত্বা যথাশোভং স্বশক্ত্যা সূতিকাগৃহম্।
তত্তন্মূর্ত্তীশ্চ বিন্যস্য প্রারভেতার্চ্চনং নিশি ॥ ৫১৫ ॥

অনুবাদ—এইরূপ যেখানে যেমন সাজে তেমনই নিজ সামর্থ্য অনুসারে সূতিকা গৃহ সজ্জিত ও সেই সেই মূর্ত্তি সকল বিন্যাস করিয়া রাত্রিতে পূজা আরম্ভ করিবে ॥ ৫১৫ ॥

টীকা—তৎপ্রকারং দর্শয়ন্ তদেব বিশিনষ্টি—ভূষিতমিতি দ্বাভ্যাম্। তোরণাদিভিশ্চ ভূষিতং কৃত্বা গোকুলাদি সর্ব্বং লিখিত্বা স্বস্বযোগ্যস্থানে তত্তন্মূর্ত্তীশ্চ সংস্থাপ্যার্চ্চনং প্রারভেত, পূজারম্ভং কুর্য্যাৎ। নিশীতি—'নিশি পূজা বিধাতব্যা দেবক্যাঃ কেশবস্য চ' ইতি ভবিষ্যোক্তেঃ। অত্র চ চন্দ্রোদয়ে চন্দ্রার্ঘ্যদানাৎ পূর্ব্বং দেবক্যা ভগবতশ্চ ভবিষ্যে পূজোক্তেঃ, শিষ্ট-বর্গাচারানুসারাচ্চ প্রথমরাত্র এব পূজারম্ভো জ্ঞেয় ইতি দিক্ ॥ ৫০৫-৫১৫ ॥

গন্ধপুষ্পাক্ষতাদীনি বস্ত্রালঙ্করণানি চ।
নৈবেদ্যানি বিচিত্রাণি ফলানি স্থাপয়েত্তথা ॥ ৫১৬ ॥

অনুবাদ—গন্ধ, পুষ্প, অক্ষতাদি এবং বস্ত্র, অলঙ্কা-রাদি, বিবিধ নৈবেদ্য ও বিচিত্র ফল স্থাপন করিবে ॥ ৫১৬ ॥

টীকা—পূজারম্ভপ্রকারমেব লিখতি—গন্ধেতি। আদি-শব্দেন পঞ্চামৃতোদ্বর্ত্তনসুগন্ধি-শুদ্ধোদকাদীনি, চন্দ্রার্ঘ্যার্থং নারিকেলাদি চ। বস্ত্রঞ্চ শ্রীভগবদর্থং পরি-ধানোত্তরীয়ং শুক্লবস্ত্রযুগ্মং জ্ঞেয়ম্, 'শুক্লবস্ত্রযুগচ্ছন্নম্' ইতি ভবিষ্যোক্তেঃ। নৈবেদ্যানি ঘৃতশর্করাসহিত-পায়সঘৃতপক্বদধ্যাদীনি। তথেতি সমুচ্চয়াৎ, বিচিত্রাণীত্যস্য ফলানীত্যনেনাপি সম্বন্ধঃ, তানি চ স্পষ্টং তত্র তত্রৈবোক্তানি। অর্ঘ্যপাদ্যাদি-দ্রব্যাণি চ সর্ব্বপূজাসাধারণান্যেবেত্যত্র বিশেষতো নোল্লিখিতানি। যদ্যপি গন্ধপুষ্পাদীন্যপি পূজোপকরণানি সর্ব্বপূজা-সাধারণান্যেব, তথাপি মহোৎসব-বিশেষেঽস্মিন্ বিশেষতস্তত্তদ্দ্রব্যসমাহরণার্থং দ্রব্যবিশেষোপাহ-রণার্থঞ্চ তান্যুল্লিখিতানীতি দিক্ ॥ ৫১৬ ॥

ততঃ শাস্ত্রোক্তমন্ত্রেণ বিধিনাবাহ্য দেবকীম্।
প্রতিষ্ঠাপ্য চ তস্যৈ প্রাক্ পুষ্পাঞ্জলিমথার্পয়েৎ ॥৫১৭

অনুবাদ—অনন্তর শাস্ত্রবিধি ও মন্ত্রদ্বারা দেবকী-মাতাকে আবাহন ও প্রতিষ্ঠা করিয়া প্রথমতঃ পুষ্পা-ঞ্জলি অর্পণ করিবে ॥ ৫১৭ ॥

অথ শ্রীদেবকীধ্যানম্

গায়দ্ভিঃ কিন্নরাদ্যৈঃ সততপরিবৃতা বেণুবীণাদিনাদৈ-
র্ভৃঙ্গারাদর্শকুম্ভপ্রকরকৃতকরৈঃ কিন্নরৈঃ সেব্যমানা।
পর্য্যঙ্কে সাস্তৃতে যা মুদিততরমুখী পুত্রিণী সম্যগাস্তে
সা দেবী দেবমাতা জয়তি সুতনয়া দেবকী
কান্তরূপা ॥ ইতি ॥ ৫১৮ ॥

অনুবাদ—অনন্তর দেবকীমাতার ধ্যান—কিন্ন-রাদি গায়কগণ কর্ত্তৃক সর্ব্বদা বেণুবীণাদি ঝঙ্কার সহ পরিবেষ্টিতা ভৃঙ্গার, আয়না, জলকুম্ভ হস্তে কিন্নর-গণ কর্ত্তৃক সেব্যমানা, বিস্তৃত পালঙ্কে যিনি হাস্যমুখী পুত্রসহ শয়নে আছেন, সেই দেবমাতা উত্তম পুত্রবতী মনোহারিণী দেবকীদেবী জয়যুক্ত হউন ॥ ৫১৮ ॥

টীকা—দেবক্যাবাহনে শাস্ত্রোক্তমন্ত্রশ্চ 'নমো দেব্যৈ শ্রিয়ৈ' ইতি লক্ষ্মীমন্ত্র এব। পুষ্পাঞ্জলিসমর্পণে চ গায়দ্ভিরিত্যাদিশ্লোক এব শিষ্টসম্মতো মন্ত্রঃ। বিধিনেতি—আবাহনমুদ্রাদি গীতবাদ্যনৃত্য-পুরাণ-পঠনাদি চ সর্ব্বপূজাসাধারণো বিধির্জ্ঞেয়ঃ। ভৃঙ্গারঃ—সৌবর্ণ-লঘুজল-পানপাত্রং; ভৃঙ্গরাদীনাং প্রকরে সমূহে কৃতাঃ ন্যস্তাঃ করা যৈস্তৈর্ভৃঙ্গারাদিপাণিভিরি-ত্যর্থঃ। 'পাদাবভ্যঞ্জয়ন্তী শ্রীর্দেবক্যাশ্চরণান্তিকে, নিষণ্ণা পঙ্কজে পূজ্যা ইতি ভবিষ্যোত্তরোক্তং যদ্দেবকী-পূজনানন্তরং লক্ষ্মীপূজনং, প্রায়ঃ শিষ্টবর্গানাদৃতত্বাৎ,

তথাগ্রে নবম্যাং প্রাতঃ শ্রীদুর্গাপূজনমপি নাত্র লিখিতম্ ॥ ৫১৭-৫১৮ ॥

তথা শ্রীকৃষ্ণদেবস্য প্রাগ্বদাবাহনং বুধঃ ।
প্রতিষ্ঠাঞ্চ বিধায়াস্মৈ দদ্যাৎ পুষ্পাঞ্জলিং ততঃ ॥৫১৯

অনুবাদ—ঐরূপ অভিজ্ঞব্যক্তি শ্রীকৃষ্ণচন্দ্রের আবাহন ও প্রতিষ্ঠাপূর্ব্বক তাঁহাকে পুষ্পাঞ্জলী দিবেন ॥ ৫১৯ ॥

টীকা—প্রাগ্বদিতি—নিত্যপূজায়াং যথাবাহনাদিকং লিখিতমস্তি, তথেত্যর্থঃ । তথা জয়ন্তীব্রতে চ মন্ত্রবিশেষো লিখিতোঽস্তি সোঽপ্যত্র সর্ব্বো জ্ঞেয়ঃ । রোহিণীযোগেন দ্বয়োরপ্যনয়োরভেদাৎ । তত্র 'এহি জগন্নাথ' ইত্যাদিরাবাহনমন্ত্রঃ 'মনোজ্যোতিঃ' ইতি প্রতিষ্ঠামন্ত্রঃ । পুষ্পাঞ্জলিসমর্পণে চ 'বিশ্বেশ্বরায়' ইত্যাদি-মন্ত্র এব শিষ্টবর্গসম্মতঃ ॥ ৫১৯ ॥

চন্দ্রোদয়ে বহির্গেহাৎ সংমার্জ্জ্যাব্জোপরীন্দবে ।
নারিকেলাদিকং শঙ্খে কৃত্বা তেনার্ঘ্যমর্পয়েৎ ॥৫২০॥

অনুবাদ—অতঃপর চন্দ্রোদয় হইলে গৃহের বাহিরে গিয়া স্থান সংমার্জ্জন করিয়া পদ্মপুষ্পের উপর চন্দ্রদেবকে নারিকেল আদি শঙ্খে করিয়া তাহা দ্বারা অর্ঘ্য দান করিবেন ॥ ৫২০ ॥

অথ তত্র মন্ত্রঃ

ক্ষীরোদার্ণবসম্ভূত অত্রিনেত্রসমুদ্ভব ।
গৃহাণার্ঘ্যং শশাঙ্কেশ রোহিণ্যা সহিতো মম ॥৫২১॥

অনুবাদ—অনন্তর চন্দ্রের অর্ঘ্যমন্ত্র—হে ক্ষীরোদার্ণব সম্ভূত অত্রিনেত্র সমুদ্ভব শশাঙ্কদেব, রোহিণীর সহিত মৎপ্রদত্ত অর্ঘ্য গ্রহণ কর ॥ ৫২১ ॥

জ্যোৎস্নাপতে নমস্তুভ্যং নমস্তে জ্যোতিষাং পতে ।
নমস্তে রোহিণীকান্ত অর্ঘ্যং মে
প্রতিগৃহ্যতাম্ ॥ ইতি ॥ ৫২২ ॥

অনুবাদ—হে জ্যোৎস্নাপতে ! তোমাকে নমস্কার, হে জ্যোতির্ম্ময় দেবগণের ঈশ্বর তোমাকে নমস্কার, হে রোহিণীকান্ত তোমাকে নমঃস্কার, মৎপ্রদত্ত অর্ঘ্য গ্রহণ কর ॥ ৫২২ ॥

ততো গৃহান্তরাগত্য কৃত্বা জয়-জয়ধ্বনিম্ ।
ধ্যাত্বা শ্রীভগবজ্জন্ম কৃষ্ণায়ার্ঘ্যং নিবেদয়েৎ ॥৫২৩॥

অনুবাদ—অতঃপর গৃহমধ্যে আগমন পূর্ব্বক জয় জয় ধ্বনি করিয়া শ্রীভগবৎ জন্ম ধ্যান করিয়া শ্রীকৃষ্ণকে অর্ঘ্য নিবেদন করিবেন ॥ ৫২৩ ॥

অথ তত্র মন্ত্রঃ

জাতঃ কংসবধার্থায় ইত্যাদি ॥ ৫২৪ ॥ (৪৯০)

অনুবাদ—অথ ভগবৎ অর্ঘ্যদান মন্ত্র—কংসবধ, ভূভার হরণ, দেবগণের হিত, ধর্ম্মসংস্থাপন, কৌরবগণ বিনাশ ও দৈত্য নিধন নিমিত্ত আপনি জন্মলীলা পরিগ্রহ করিয়াছ, আমার মঙ্গলের জন্য মৎপ্রদত্ত অর্ঘ্য দেবকী সহিত গ্রহণ করুন ॥ ৫২৪ ॥

টীকা—নারিকেলং তস্য শুভ্রশস্যমাদি-শব্দাদ্দধিপুষ্পাক্ষতানি, 'দধিপুষ্পাক্ষতৈর্মিশ্রং ততোঽর্ঘ্যং শশিনে মুনে' ইতি ভবিষ্যোক্তেঃ । তচ্চ সর্ব্বং শঙ্খে নিধায় তেন নারিকেলাদিনা কমলোপরি চন্দ্রায়ার্ঘ্যং দদ্যাৎ । যদ্যপি দেবক্যৈ শ্রীভগবতে চার্ঘ্যার্পণানন্তরমেব চন্দ্রার্ঘ্যার্পণং ভবিষ্যোত্তরে ভবিষ্যে চোক্তমস্তি, তথাপি প্রামাণিকশিষ্টলিখিতপদ্ধত্যনুসারেণ ব্যুৎক্রমেণাত্র লিখিতমিতি জ্ঞেয়ম্ । গৃহান্তঃ পূজামন্দিরাভ্যন্তরে আগত্য শ্রীভগবতো জন্ম প্রাদুর্ভাবং 'তমদ্ভুতং বালকমম্বুজেক্ষণম্' (৩।৯) ইত্যাদিনা শ্রীদশমস্কন্ধাদ্যুক্তপ্রকারং ধ্যাত্বা শিষ্টাচারানুসারেণ 'তমদ্ভুতম্' ইত্যাদিশ্লোকাংশ্চ পঠন্ । শুভ্রনারিকেলশস্যেনৈব শঙ্খনিহিতেনার্ঘ্যমর্পয়েৎ । 'নারিকেলেন শুভ্রেণ দদ্যাদর্ঘ্যং বিচক্ষণঃ । কৃষ্ণায় পরয়া ভক্ত্যা শঙ্খে কৃত্বা বিধানতঃ ॥' ইতি ভবিষ্যোক্তেঃ । 'জাতঃ 'কংসবধার্থায়' ইত্যস্য পরভাগোঽত্র ন সংগৃহীতঃ, ভবিষ্যপুরাণবচনমধ্যে তথা পূর্ব্বং জয়ন্তীব্রতে চ লিখিতত্বাৎ, এবমগ্রেঽপ্যূহ্যম্ ॥ ৫২০-৫২৪ ॥

ততঃ ক্ষীরাদিনা শুদ্ধোদকেন তু যথাবিধি।
দেবকীসহিতং ভক্ত্যা শ্রীকৃষ্ণং স্নাপয়েৎ কৃতী॥৫২৫

অনুবাদ—অনন্তর অভিজ্ঞ ব্যক্তি পঞ্চামৃত দুগ্ধাদি দ্বারা এবং শুদ্ধ গঙ্গাজল দ্বারা পূর্ব্বে যথাবিধি ভক্তি-সহ দেবকী সহিত শ্রীকৃষ্ণকে স্নান করাইবেন॥৫২৫॥

টীকা—যথাবিধীতি নিত্যপূজায়াং স্নপনবিধির্নৃত্য-গীতবাদ্যাদিপূর্ব্বকো যো লিখিতস্তদনুসারেণেত্যর্থঃ। কৃতী তত্তৎপ্রকারকুশলঃ॥ ৫২৫॥

অথ তত্র মন্ত্রঃ

যোগেশ্বরায় যোগসম্ভবায় যোগপতয়ে গোবিন্দায়
নমো নমঃ॥ ইতি॥ ৫২৬॥

অনুবাদ—অনন্তর স্নানমন্ত্র—যোগেশ্বর যোগ-সম্ভব যোগপতি গোবিন্দ আপনাকে পুনঃ পুনঃ নমস্কার করি॥ ৫২৬॥

ক্বচিচ্চ—
যোগেশ্বরায় দেবায় দেবকীনন্দনায় চ।
যোগোদ্ভবায় নিত্যায় গোবিন্দায়
নমো নমঃ॥ ইতি॥ ৫২৭॥

অনুবাদ—অন্যত্রও—যোগেশ্বর, দেব, দেবকী-নন্দন, যোগোদ্ভব, নিত্য গোবিন্দ, আপনাকে নমস্কার, নমস্কার॥ ৫২৭॥

অদিতে দেবমাতস্ত্বমিত্যাদি প্রার্থ্য দেবকীম্।
গন্ধাদীন্যর্পয়েত্তস্যৈ নমো দেব্যৈ শ্রিয়ৈ ইতি॥ ৫২৮॥

অনুবাদ—হে অদিতি! হে দেবমাত! তুমি সর্ব্বপাপ প্রণাশিনী, অতএব ভবভয়ে ভীত আমি তোমাকে পূজা করিব। ইত্যাদি রূপে প্রার্থনা করিয়া দেবকীদেবীকে গন্ধ-পুষ্পাদি অর্পণ করিবে, মন্ত্র—'নমো দেব্যৈ শ্রিয়ৈ'॥ ৫২৮॥

টীকা—'অদিতে দেবমাতস্ত্বম্' ইত্যাদি চ প্রার্থনা-মন্ত্রঃ, 'নমো দেব্যৈ শ্রিয়ৈ' ইতি চ গন্ধাদ্যর্পণমন্ত্র ইতি বিবেচনীয়ম্। এবমগ্রেঽপ্যূহ্যম্, আদি-শব্দাৎ পুষ্পধূপনৈবেদ্যাদীনি॥ ৫২৮॥

অবতারসহস্রাণীত্যাদিনাভ্যর্থ্য চ প্রভুম্।
পাদ্যাদি বস্ত্রভূষাদি ধূপদীপাদি চার্পয়েৎ॥ ৫২৯॥

অনুবাদ—হে মধুসূদন! আপনি অসংখ্য অবতার গ্রহণ করিতেছেন। এ সংসারে আপনার অবতার সমূহের সংখ্যা কেহ জানেন না। ব্রহ্মাদি দেবগণও আপনার স্বরূপ অবগত নহেন। অতএব আপনাকে মাতৃক্রোড়ে অবস্থিত পাইয়া পূজা করিব। মনোবাসনা পূর্ণ করুন, হে দেব। আমার দুষ্কৃত নাশ করুন, হে সংসার দুঃখ ভয় নাশন! হে দেব! আমাকে দয়া করুন। এইভাবে প্রভুকে প্রার্থনা করিয়া পাদ্যাদি, বস্ত্র ভূষণাদি ও ধূপাদি অর্পণ করিবেন॥ ৫২৯॥

টীকা—পাদ্যাদীতি প্রথমেনাদি-শব্দেন মধুপর্কা-চমনীয়াদি, দ্বিতীয়েন গন্ধপুষ্পাদি, তৃতীয়েন নৈবেদ্যাদি, তত্তদ্বিশেষশ্চ সর্ব্বপূজা-সাধারণত্বাদত্র নোল্লিখিতঃ। এবমত্রোল্লিখিতোঽন্যোঽপ্যুপচারঃ পূজাসাধারণত্বাদশেষ এবোহ্যঃ, যতোঽত্র প্রায়ো বিশেষভাগ এব দর্শিত ইতি, অতএব লিখিতম্—কৃতীতি॥ ৫২৯॥

অথ তত্র পাদ্যাদিদীপান্তমন্ত্রঃ

ওঁ যজ্ঞেশ্বরায় যজ্ঞসম্ভবায় যজ্ঞপতয়ে গোবিন্দায়
নমো নমঃ॥ ইতি॥ ৫৩০॥

অনুবাদ—অনন্তর পাদ্যাদি দীপান্তমন্ত্র—প্রণবাদি যজ্ঞেশ্বরায় যজ্ঞসম্ভবায় যজ্ঞপতয়ে গোবিন্দায় নমো নমঃ॥ ৫৩০॥

অথ নৈবেদ্যমন্ত্রঃ

ওঁ বিশ্বেশ্বরায় বিশ্বসম্ভবায় বিশ্বপতয়ে
গোবিন্দায় নমো নমঃ॥ ইতি॥ ৫৩১॥

অনুবাদ—অথ নৈবেদ্যমন্ত্র—প্রণবাদি বিশ্বেশ্বরায় বিশ্বসম্ভবায় বিশ্বপতয়ে গোবিন্দায় নমো নমঃ॥৫৩১॥

বসুদেবং যশোদাঞ্চ নন্দং রামঞ্চ রোহিণীম্।
অন্যাংশ্চ পূজয়েত্তত্তন্নামমন্ত্রৈর্যথাবিধি॥ ৫৩২॥

অনুবাদ—বসুদেব যশোদা নন্দমহারাজ বলরাম রোহিণীকে এবং অন্যান্যকে সেই সেই নামমন্ত্রে যথাবিধি পূজা করিবেন ॥ ৫৩২ ॥

টীকা—শ্রীরামং শ্রীবলদেবম্ অন্যান্ গোপগোপীগবাদীন্ দেবাদীংশ্চ, তত্তন্মূর্ত্তিনির্ম্মানাশক্তৌ চ স্থণ্ডিলে আবাহনাদিকং কৃত্বা পূজয়েদিতি লিখিতভবিষ্যোত্তরবচনতো বোদ্ধব্যম্। 'স্থণ্ডিলে স্থাপয়েদ্দেবং শশাঙ্কং রোহিণীন্তথা। দেবকীং বসুদেবঞ্চ যশোদাং নন্দমেব চ। বলভদ্রং তথা গোপান্ গোপীর্গোকুলমেব বা ॥' ইতি ভবিষ্যোত্তরোক্তেঃ। তস্য তস্য বসুদেবাদের্নামাত্মকৈর্মন্ত্রৈঃ, তৎপ্রকারশ্চ পূর্ব্বং সর্ব্বত্র লিখিতোঽস্ত্যেব। অত্র ভবিষ্যে ভবিষ্যোত্তরে চোক্তঃ—'স্বনামভিশ্চতুর্থ্যন্তৈঃ প্রণবাদির্নমোঽন্তকৈঃ। পূজয়েয়ুর্দ্বিজাঃ সর্ব্বে স্ত্রীশূদ্রা মন্ত্রবর্জ্জিতাঃ ॥' ইতি। অতোঽয়ং প্রয়োগঃ—'ওঁ বসুদেবায় নমঃ' ইত্যাদি। যথাবিধীতি আবাহনাদিকং কৃত্বা। 'কশ্যপো বসুদেবোঽয়ম্' ইত্যাদি, তথা 'ধ্যাত্বাবতারং প্রাগুক্তম্' ইত্যাদেশ্চ ভবিষ্যোত্তরোক্তস্যানুসারতস্তত্তদ্ধ্যানং কৃত্বা পাদ্যাদিনৈবেদ্যান্তোপচারান্ সমর্পয়েদিত্যেবং সর্ব্বপূজাসাধারণবিধ্যনুসারেণ পূজয়েদিত্যর্থঃ ॥৫৩২॥

পক্বান্নানি বিচিত্রাণি খাদ্যানি বিবিধানি চ।
তৎকালীনফলান্যত্র তাম্বূলঞ্চ সমর্পয়েৎ ॥ ৫৩৩ ॥

অনুবাদ—বিচিত্র পক্বান্ন সমূহ, বিবিধ খাদ্যসমূহ ও শরৎকালীন ফলসমূহ এবং তাম্বূল সমর্পণ করিবেন ॥ ৫৩৩ ॥

টীকা—অথ মহোৎসববিশেষস্যাস্য লক্ষণং পুনর্দ্রব্যবিশেষসমর্পণং লিখতি—পক্বান্নানীতি। খাদ্যানি চর্ব্ব্যবীজেক্ষুকুড়ুকাদীনি। তৎকালীনানি জন্মাষ্টমীসময়োদ্ভবানি ফলানি কুষ্মাণ্ডকদলকাদীনি চ ॥ ৫৩৩ ॥

অথ তত্র মন্ত্রঃ

ধর্ম্মেশ্বরায় ধর্ম্মসম্ভবায় ধর্ম্মপতয়ে গোবিন্দায়
নমো নমঃ ॥ ইতি ॥ ৫৩৪ ॥

অনুবাদ—তাহার মন্ত্র—ধর্ম্মেশ্বরায় ধর্ম্মসম্ভবায় ধর্ম্মপতয়ে গোবিন্দায় নমো নমঃ ॥ ৫৩৪ ॥

নিশীথে গুড়সর্পিভ্যাং বসোর্ধারাঞ্চ পাতয়েৎ ॥৫৩৫॥

অনুবাদ—মধ্যরাত্রে গুড় ও ঘৃতদ্বারা দেওয়ালে বসুধারা পাতন করিবে ॥ ৫৩৪ ॥

টীকা—নিশীথে অর্দ্ধরাত্রে গুড়যুক্তেন গব্যঘৃতেন বসোর্ধারাঃ পাতয়েৎ। তত্র মন্ত্রঃ—'বসোঃ পবিত্রমসি' ইতি ; এতচ্চ লোকজন্মানন্তরসাধারণকৃত্যম্ ॥ ৫৩৫ ॥

অথ কুর্য্যাদ্ভগবতো জাতকর্ম্ম-মহোৎসবম্।
শ্রীনালবর্দ্ধনং কুর্য্যাৎ ষষ্ঠীনিঃসারণং ততঃ ॥৫৩৬॥

অনুবাদ—অনন্তর শ্রীকৃষ্ণের জাতকর্ম্ম মহোৎসব করিবে। শ্রীনাড়ীচ্ছেদন স্বর্ণক্ষুর দ্বারা করিবে, যথাযোগ্য উপাচারে ষষ্ঠীপূজন ও নিঃসারণ করিবে ॥ ৫৩৬ ॥

শ্রীনামকরণং তত্তল্লীলানুকরণন্তথা।
অথাচার্য্যং সমভ্যর্চ্চ কুর্য্যাজ্জাগরণং মুদা।
গীতনৃত্যাদিনা বাল্যক্রীড়াশ্রবণপূর্ব্বকম্ ॥ ৫৩৭ ॥

অনুবাদ—শ্রীনামকরণ এবং সেই সেই বাল্যলীলার অনুকরণ করিবে। অনন্তর আচার্য্যকে সংবর্দ্ধনা করিয়া গীত, নৃত্যাদি সহ বাল্যলীলা শ্রবণ পূর্ব্বক আনন্দে নিশি জাগরণ করিবে ॥ ৫৩৭ ॥

টীকা—কিঞ্চ শ্রীনালস্য শ্রীনাভিনাড্যা বর্দ্ধনং ছেদনম্, তচ্চ হৈরণ্যক্ষুরেণ কুর্য্যাৎ। যথোপচারৈঃ 'ষষ্ঠীকায়ৈ নমঃ' ইতি ষষ্ঠীং সম্পূজ্য বিধিবন্নিঃসারণং কুর্য্যাদিতি জ্ঞেয়ম্। সর্ব্বঞ্চ ভগবন্নিবেদিতশেষেণৈব সিধ্যতীতি স্থাপনে পৃথক্ ন লিখিতম্। তস্যাঃ তস্যাঃ সুপ্রসিদ্ধায়াঃ লীলায়াঃ পূতনাবধাদিকংসবধান্তক্রীড়ায়া অনুকরণম্। আচার্য্যং নিজগুরুং, যদ্বা, ব্রতার্থে গুরুত্বেন বৃতং বিপ্রং সমভ্যর্চ্চ্য বস্ত্রালঙ্করণাদিনা সম্যক্ পূজয়িত্বা বাল্যক্রীড়া শ্রীভগবতঃ পূতনাবধাদিচরিতং তচ্ছ্রবণপূর্ব্বকং জাগরণং

কুর্য্যাৎ। জাগরণবিধিশ্চ সর্ব্বব্রতসাধারণ এবেত্যত্র বিশেষতো নোল্লিখিতঃ ॥ ৫৩৬-৫৩৭ ॥

স্কান্দে ব্রহ্মনারদসংবাদে—

আজন্মোপার্জ্জিতং পাপং তৎক্ষণাদেব লীয়তে।
রাত্রৌ জাগরণে বিপ্র দৃষ্টে নশ্যতি দেহিনাম্ ॥৫৩৮॥

অনুবাদ—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে—হে বিপ্র! জন্মাষ্টমীতে রাত্রিজাগরণে ও দর্শনে মানবগণের আ-জন্মার্জ্জিত পাপ তৎক্ষণাৎ লয় প্রাপ্ত হয় ॥ ৫৩৮ ॥

টীকা—কথং লীয়তে ইত্যপেক্ষায়ামুক্তপোষন্যায়েনাহ—রাত্রাবিতি। হে বিপ্র দৃষ্টে তম ইতি পাঠে চ তমোঽজ্ঞানম্ ॥ ৫৩৮ ॥

প্রভাতে সতি নির্ব্বর্ত্ত্য নিত্যকর্ম্মাণি বৈষ্ণবঃ।
দেবমভ্যর্চ্চ্য সম্প্রার্থ্য প্রণম্য চ বিসর্জ্জয়েৎ ॥৫৩৯॥

অনুবাদ—পরদিন প্রভাত হইলে বৈষ্ণব নিত্যকর্ম্মসমূহ সমাপণ করিয়া শ্রীভগবানের অর্চ্চনা করিয়া প্রতিমা বিসর্জ্জন দিবেন ॥ ৫৩৯ ॥

টীকা—নিত্যকর্ম্মাণি স্নানাদীনি, সংপ্রার্থ্য ক্ষমস্বেত্যাদিকমভ্যর্থ্য বিসর্জ্জয়েদিতি জন্মাষ্টমীব্রতার্থনির্ম্মিত-শ্রীমূর্ত্তিবিশেষস্য ব্রতান্তে গুরৌ সমর্পণার্থমিত্যেষা দিক্ ॥ ৫৩৯ ॥

অথ প্রণামমন্ত্রঃ

'যং দেবম্' ইত্যাদি সার্দ্ধপদ্যম্ ॥ ৫৪০ ॥

অনুবাদ—অনন্তর প্রণামমন্ত্র—যে ভগবানকে বসুদেব হইতে দেবকীদেবী আবির্ভাবিত করিলেন ভূলোকবাসী ও ব্রহ্মার রক্ষার জন্য এবং গোব্রাহ্মণের হিতের জন্য, সেই পরব্রহ্ম স্বরূপ পুরুষোত্তম বাসুদেবকে নমস্কার করি ॥ ৫৪০ ॥

অথ প্রার্থনামন্ত্রঃ

'শান্তিরস্তু' ইত্যাদি ॥ ৫৪১ ॥

অনুবাদ—অথ প্রার্থনা মন্ত্র—জগতের শান্তি হউক, মঙ্গল হউক ॥ ৫৪১ ॥

অথাচার্য্যায় তৎ সর্ব্বং শ্রীমূর্ত্ত্যাদি সদক্ষিণম্।
প্রদায় বিপ্রান্ সম্ভোজ্য বিদধ্যাৎ
পারণোৎসবম্ ॥ ৫৪২ ॥

অনুবাদ—অনন্তর আচার্য্যকে দক্ষিণার সহিত শ্রীমূর্ত্তি আদি প্রদান পূর্ব্বক ব্রাহ্মণগণকে ভোজন করাইয়া পারণ উৎসব করিবে ॥ ৫৪২ ॥

টীকা—তৎ সূতিকাগৃহোপকরণং তত্তদ্ভগবদাদিপ্রতিমাঃ, আদি-শব্দেন পূজোপকরণাদিকঞ্চ সর্ব্বং দক্ষিণাসহিতং প্রকর্ষেণ শ্রীকৃষ্ণঃ প্রীয়তামিত্যেবং দত্ত্বা, তথৈব বিপ্রান্ সম্যগ্ ভোজয়িত্বা, ব্রতসমাপ্তিরূপমহোৎসবং কুর্য্যাৎ, পরমহর্ষেণ বন্ধুভিঃ সমং ভগবন্মহাপ্রসাদান্নাদিকং ভুঞ্জীতেত্যর্থঃ ॥ ৫৪২ ॥

অথ পার্শ্বপরিবর্ত্তনোৎসবঃ

ভাদ্রস্য শুক্লৈকাদশ্যাং শয়নোৎসববৎ প্রভোঃ।
কটিদানোৎসবং কুর্য্যাদ্বৈষ্ণবৈঃ সহ বৈষ্ণবঃ ॥৫৪৩॥

অনুবাদ—অনন্তর পার্শ্ব পরিবর্ত্তন উৎসব—আষাঢ়ে শ্রীভগবানের শয়ন উৎসববৎ ভাদ্রে শুক্লা একাদশীতে বৈষ্ণব বৈষ্ণবগণের সহিত মিলিত হইয়া ভগবানের পার্শ্ব পরিবর্ত্তন উৎসব করিবেন ॥ ৫৪৩ ॥

টীকা—শয়নোৎসববদিতি যথা শয়নে ক্ষীরাব্ধিমহোৎসবপ্রকারো লিখিতস্তথেত্যর্থঃ। তত্র যদ্যপি ভবিষ্যোত্তরে একাদশ্যামিত্যুক্তং, তথাপি পূর্ব্বলিখিতশয়নাদিকালনির্ণয়ানুসারেণ দ্বাদশ্যামিতি লিখিতম্। তদ্বিশেষশ্চ পূর্ব্বমেব শয়নোৎসবপ্রকরণে লিখিতোঽস্তি। ভবিষ্যোত্তরে চৈকাদশীদ্বাদশ্যোরভেদাভিপ্রায়েণোক্তমিতি বোদ্ধব্যম্ ॥ ৫৪৩ ॥

ভবিষ্যোত্তরে—

প্রাপ্তে ভাদ্রপদে মাসি একাদশ্যাং সিতেঽহনি।
কটিদানং ভবেদ্বিষ্ণোর্মহাপাতকনাশনম্ ॥ ৫৪৪ ॥

অনুবাদ—ভবিষ্যোত্তরে—ভাদ্রমাসে শুক্লপক্ষে

একাদশী দিনে ভগবানের কটি পরিবর্ত্তন উৎসব হইবে। উহা মহাপাতক নাশন ॥ ৫৪৪ ॥

জলাশয়ান্তিকং নীত্বা সম্যগভ্যর্চ্চ্য চ প্রভুম্।
কলিকাপরিবৃত্তিঞ্চ দক্ষিণাঙ্গে প্রকল্পয়েৎ ॥ ৫৪৫ ॥

অনুবাদ—প্রভুকে জলাশয়ের নিকট লইয়া পরিপূর্ণ বিধানে অর্চ্চন করিয়া শয়নকালে বামপার্শ্বে শয়ন করান হয় এক্ষণে দক্ষিণ পার্শ্বে পরিবর্ত্তন ভাবনা করিবে ॥ ৫৪৫ ॥

টীকা—শয়নোৎসবাৎ কিঞ্চিদ্বিশেষমনুবাদপূর্ব্বকং লিখতি—জলেতি ত্রিভিঃ। কলিকায়াঃ কট্যাঃ পরিবৃত্তিং দক্ষিণাঙ্গে প্রকল্পয়েদিতি পূর্ব্বং বামাঙ্গেন সুপ্তস্যাধুনা দক্ষিণাঙ্গেন স্বাপয়েদিত্যর্থঃ। তৎকালবিশেষশ্চ পূর্ব্বমেব নির্ণীতোঽস্তি ॥ ৫৪৫ ॥

অথ অভ্যর্থনমন্ত্রঃ

দেব দেব জগন্নাথ যোগিগম্য নিরঞ্জন।
কটিদানং কুরুষ্বাদ্য মাসি ভাদ্রপদে শুভে ॥ ৫৪৬ ॥

অনুবাদ—অথ প্রার্থনা মন্ত্র—হে দেব! হে দেব! হে জগন্নাথ! হে যোগিগম্য! হে নিরঞ্জন! অদ্য শুভ ভাদ্রমাসে কটি পরিবর্ত্তন করুন ॥ ৫৪৬ ॥

মহাপূজাং ততঃ কৃত্বা বৈষ্ণবান্ পরিতোষ্য চ।
দেবং স্বমন্দিরে নীত্বা যথাপূর্ব্বং নিবেশয়েৎ ॥৫৪৭॥

অনুবাদ—অনন্তর মহাপূজা করিয়া বৈষ্ণবগণকে পরিতুষ্ট করিয়া প্রভুকে নিজ মন্দিরে লইয়া পূর্ব্ববৎ শয়ন করাইবেন ॥ ৩৪৭ ॥

অথ শ্রবণদ্বাদশীব্রতম্

ভাদ্রস্য শুক্লদ্বাদশ্যাং যুক্তায়াং শ্রবণেন হি।
উপোষ্য সঙ্গমে স্নাত্বা দেবং বামনমর্চ্চয়েৎ ॥ ৫৪৮ ॥

অনুবাদ—অনন্তর শ্রবণা দ্বাদশীব্রত—ভাদ্রমাসে শুক্ল দ্বাদশীতে শ্রবণা নক্ষত্রযুক্ত হইলে উপবাস করিয়া নদীদ্বয়ের সঙ্গমে স্নান করিয়া বামনদেবের অর্চ্চনা করিবে ॥ ৫৪৮ ॥

অথ তন্মাহাত্ম্যম্

মাসি ভাদ্রপদে শুক্লা দ্বাদশী শ্রবণান্বিতা।
মহতী দ্বাদশী জ্ঞেয়া উপবাসে মহাফলা।
অর্চ্চয়িত্বাঽচ্যুতং ভক্ত্যা লভেৎ পুণ্যং দশাব্দিকম্ ॥ ৫৪৯ ॥

অনুবাদ—অনন্তর শ্রবণা দ্বাদশী মাহাত্ম্য—ভাদ্রমাসে শুক্লা দ্বাদশী শ্রবণা নক্ষত্রযুক্তা হইলে উহাকে মহাদ্বাদশী বলা হয়, উপবাস করিলে মহাফলপ্রদা হয়। ভক্তি পূর্ব্বক ঐ দিন অচ্যুতকে অর্চ্চন করিলে দশ বার্ষিক অর্চ্চনের পুণ্য লাভ হয় ॥ ৫৪৯ ॥

টীকা—দশাব্দিকং দশাব্দভগবদর্চ্চনজং পুণ্যং, তস্যামর্চ্চয়িত্বা লভেৎ ॥ ৫৪৯ ॥

ফলং দত্ত-হুতানাঞ্চ তস্যাং লক্ষগুণং ভবেৎ ॥৫৫০॥

অনুবাদ—উহাতে দান হোমাদির ফল লক্ষগুণ হয় ॥ ৫৫০ ॥

স্কান্দে—

মাসি ভাদ্রপদে শুক্লা দ্বাদশী শ্রবণান্বিতা।
মহতী দ্বাদশী জ্ঞেয়া উপবাসে মহাফলা ॥ ৫৫১ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে—ভাদ্রমাসে শ্রবণা নক্ষত্রযুক্তা শুক্লা দ্বাদশী 'মহাদ্বাদশী' জানিবে। উপবাসে মহাফলপ্রদা ॥ ৫৫১ ॥

সঙ্গমে সরিতঃ পুণ্যে দ্বাদশীং তামুপোষিতঃ।
আপ্লবাদেব চাপ্নোতি দ্বাদশদ্বাদশীফলম্ ॥ ৫৫২ ॥

অনুবাদ—পুণ্য নদীদ্বয়ের সঙ্গমে ঐ শ্রবণা দ্বাদশী উপবাস করিলে এবং স্নান করিলে দ্বাদশ দ্বাদশীব্রতের ফল প্রাপ্ত হয় ॥ ৫৫২ ॥

টীকা—আপ্লবাৎ—সঙ্গম এব স্নানাৎ ॥ ৫৫২ ॥

বুধশ্রবণসংযুক্তা সৈব চেদ্দ্বাদশী ভবেৎ।
অত্যন্তমহতী তস্যাং দত্তং ভবতি চাক্ষয়ম্॥ ৫৫৩॥

অনুবাদ—উহাই যদি বুধবার ও শ্রবণাযুক্তা দ্বাদশী হয়, তবে অতি মহাদ্বাদশী হয়, তাহাতে দান করিলে অক্ষয় ফল হয়॥ ৫৫৩॥

অর্চ্চয়িত্বাঽচ্যুতং ভক্ত্যা লভেৎ পুণ্যং দশাব্দিকম্।
ফলং দত্তহুতানাঞ্চ তস্যাং লক্ষগুণং ভবেৎ॥৫৫৪॥

অনুবাদ—ঐ তিথিতে শ্রীঅচ্যুতকে ভক্তিসহ অর্চ্চন করিয়া দশবার্ষিক পুণ্য লাভ হয় এবং উহাতে দান হোমাদির ফল লক্ষগুণ হয়॥ ৫৫৪॥

ব্রহ্মবৈবর্ত্তে পিতাপুত্রসংবাদে—
মাসি ভাদ্রপদে শুক্লপক্ষে যদি হরের্দ্দিনে।
বুধশ্রবণসংযোগঃ প্রাপ্যতে তত্র পূজিতঃ॥ ৫৫৫॥
প্রযচ্ছতি শুভান্ কামান্ বামনো মনসি স্থিতান্।
বিজয়া নাম সা প্রোক্তা তিথিঃ প্রীতিকরী হরেঃ॥ ৫৫৬॥

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণে পিতাপুত্র-সংবাদে—ভাদ্রমাসে শুক্লপক্ষে যদি হরিবাসর দ্বাদশীতে বুধবার ও শ্রবণানক্ষত্র সংযোগ হয় তাহা হইলে ঐদিন বামনদেব পূজিত হইয়া শুভ মনোবাসনাসমূহ প্রদান করেন। বিজয়া নামে ঐ তিথি শ্রীহরির প্রীতিকরী বলিয়া কহিতে হয়॥ ৫৫৫-৫৫৬॥

সঙ্গমে সর্ব্বতীর্থানাং সঙ্গমস্তত্র জায়তে।
শুক্লা ভাদ্রপদে স্বর্গং কৃষ্ণা কলুষসংক্ষয়ম্।
ফাল্গুনে কুরুতে মোক্ষমপি ব্রহ্মবধান্ নৃণাম্॥৫৫৭॥

অনুবাদ—পুণ্য নদীদ্বয়ের সঙ্গমে সর্ব্বতীর্থের মিলন হয়, ভাদ্রমাসে শুক্লা দ্বাদশী স্বর্গপ্রদা, কৃষ্ণা দ্বাদশী ফাল্গুনে পাপক্ষয় ও ব্রহ্মবধ পাপ হইতে মানবগণের মুক্তিদানও করেন॥ ৫৫৭॥

মহাপুণ্যপ্রদা হ্যেষা সঙ্গমে বিজয়া তিথিঃ।
সর্ব্বপাপক্ষয়ো নূনং জায়তে তদুপোষিণাম্॥ ৫৫৮॥

অনুবাদ—এই বিজয়া তিথি নদীদ্বয়ের সঙ্গমে মহাপুণ্য প্রদা, উহাতে উপবাসকারিগণের নিশ্চয়ই সর্ব্বপাপক্ষয় হয়॥ ৫৫৮॥

কিঞ্চ—
সর্ব্বতীর্থানি ভূপৃষ্ঠে সঙ্গমে যান্তি সঙ্গমম্।
বিজয়াবাসরে সর্ব্বদেবানাং সঙ্গমো ভুবি॥ ৫৫৯॥

অনুবাদ—আরও—পবিত্র নদীদ্বয়ের সঙ্গমে পৃথিবীর সর্ব্বতীর্থ মিলিত হয়। বিজয়া দিনে পৃথিবীতে সর্ব্বদেবগণের মিলন হয়॥ ৫৫৯॥

ইদং সর্ব্বপুরাণেষু রহস্যং পরিগীয়তে।
সঙ্গমে বামনং পূজ্য প্রেতযোনৌ ন জায়তে॥ ৫৬০॥

অনুবাদ—সর্ব্বপুরাণে এই অতি গোপনীয় রহস্য সর্ব্বোপরি কীর্ত্তিত হইয়াছে—নদীসঙ্গমে শ্রীবামন দেবের পূজা করিলে মানব প্রেতযোনি প্রাপ্ত হয় না॥ ৫৬০॥

টীকা—ভাদ্রমাসে শুক্লা শ্রবণদ্বাদশী স্বর্গং কুরুতে, ফাল্গুনে কৃষ্ণা কলুষসংক্ষয়ং কুরুতে। পূজ্য—পূজয়িত্বা॥ ৫৫৭-৫৬০॥

বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীপরশুরাম উবাচ—
উপবাসাসমর্থানাং কিং স্যাদেকমুপোষিতম্।
মহাফলং মহাদেব তন্মমাচক্ষ্ব সুব্রত॥ ৫৬১॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীপরশুরাম বলিলেন—হে মহাদেব! হে সুব্রত! উপবাসে অসমর্থ ব্যক্তিগণের একটি মহাফলপ্রদ কি উপবাস আছে তাহা আমাকে বলুন? ৫৬১॥

টীকা—উপোষিতমুপোষণম্॥ ৫৬১॥

শ্রীশঙ্কর উবাচ—
যা রাম শ্রবণোপেতা দ্বাদশী মহতী তু সা।
তস্যামুপোষিতঃ স্নাতঃ পূজয়িত্বা জনার্দ্দনম্।
প্রাপ্নোত্যযত্নাদ্ ধর্ম্মজ্ঞ দ্বাদশদ্বাদশীফলম্॥ ৫৬২॥

অনুবাদ—শ্রীশঙ্কর বলিলেন—হে পরশুরাম। যাহা শ্রবণানক্ষত্র যুক্তা, তাহা মহতী দ্বাদশী, তাহাতে উপবাস পূর্ব্বক স্নান করিয়া শ্রীজনার্দ্দনের পূজন করিলে, হে ধর্ম্মজ্ঞ। অনায়াসে দ্বাদশ দ্বাদশী ব্রতের ফল পাওয়া যায় ॥ ৫৬২ ॥

কিঞ্চ—

শ্রবণদ্বাদশীযোগে বুধবারো ভবেদ্‌যদি।
অত্যন্তমহতী রাম দ্বাদশী সা প্রকীর্ত্তিতা ॥ ৫৬৩ ॥

অনুবাদ—আরও—শ্রবণাদ্বাদশী যোগে যদি বুধবার হয়, হে রাম।' তাহা অতি মহতী দ্বাদশী নামে কীর্ত্তিতা হয় ॥ ৫৬৩ ॥

স্নানং জপ্যং তথা হোমো দানং শ্রাদ্ধং সুরার্চ্চনম্।
সর্ব্বমক্ষয়মাপ্নোতি তস্যাং ভৃগুকুলোদ্বহ ॥ ৫৬৪ ॥

অনুবাদ—স্নান, জপ, হোম, দান, শ্রাদ্ধ, দেবার্চ্চন প্রভৃতি, হে ভৃগুকুলোদ্বহ। তাহাতে অক্ষয় ফল প্রদ হয় ॥ ৫৬৪ ॥

তস্মিন্ দিনে তথা স্নাতো যোঽপি কুচন সঙ্গমে।
স গঙ্গাস্নানজং রাম ফলং প্রাপ্নোত্যসংশয়ম্ ॥৫৬৫॥

অনুবাদ—হে রাম। ঐ দিনে যে কোন ব্যক্তি নদীদ্বয় সঙ্গমে স্নান করিলে নিঃসংশয়ে গঙ্গাস্নান জাত ফল প্রাপ্ত হয় ॥ ৫৬৫ ॥

শ্রবণে সঙ্গমাঃ সর্ব্বে পরিপুষ্টিপ্রদাঃ সদা।
বিশেষাদ্দ্বাদশীযুক্তে বুধযুক্তে বিশেষতঃ ॥ ৫৬৬ ॥

অনুবাদ—নদী-সঙ্গম-সমূহ শ্রবণানক্ষত্রে সর্ব্বদা পরিপুষ্টি প্রদা, বিশেষতঃ দ্বাদশীযোগে, তদপেক্ষা বিশেষ বুধবার যোগে ॥ ৫৬৬ ॥

টীকা—পরিপুষ্টিপ্রদাঃ—পুণ্যাতিশয়করাঃ ॥৫৬৬

ভবিষ্যোত্তরে শ্রীযুধিষ্ঠির উবাচ—

উপবাসাসমর্থানাং সদৈব পুরুষোত্তম।
একা যা দ্বাদশী পুণ্যা তাং বদস্ব মমানঘ ॥ ৫৬৭ ॥

অনুবাদ—ভবিষ্যোত্তরে শ্রীযুধিষ্ঠির বলিলেন—হে পুরুষোত্তম। সর্ব্বদাই উপবাসে অসমর্থ মানবগণের পক্ষে একটি যে পুণ্যা দ্বাদশী, হে অনঘ। তাহা আমার নিকট বলুন ॥ ৫৬৭ ॥

শ্রীকৃষ্ণ উবাচ—

মাসি ভাদ্রপদে শুক্লা দ্বাদশী শ্রবণান্বিতা।
সর্ব্বকামপ্রদা পুণ্যা উপবাসে মহাফলা ॥ ৫৬৮ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণ বলিলেন—ভাদ্রমাসে শ্রবণাযুক্তা শুক্লা দ্বাদশী সর্ব্ববিধ বাঞ্ছাপ্রদা ও পুণ্যা এবং উপবাসে মহাফল প্রদা ॥ ৫৬৮ ॥

সঙ্গমে সরিতাং স্নাত্বা গঙ্গাস্নানাদিজং ফলম্।
সোপবাসঃ সমাপ্নোতি নাত্র কার্য্যা বিচারণা ॥৫৬৯॥

অনুবাদ—উপবাস সহ নদী সঙ্গমে স্নান করিয়া গঙ্গাস্নানাদি জাত ফল সম্পূর্ণ প্রাপ্ত হয়, এ বিষয়ে বিচারের প্রয়োজন নাই ॥ ৫৬৯ ॥

কিঞ্চ—

বুধশ্রবণসংযুক্তা সৈব চেদ্দ্বাদশী ভবেৎ।
অতীব মহতী তস্যাং সর্ব্বং দত্তমিহাক্ষয়ম্ ॥৫৭০॥

অনুবাদ—আরও—ঐ ভাদ্রী শুক্লা দ্বাদশী যদি বুধবার ও শ্রবণযুক্তা হয়, তাহা অতি মহতী দ্বাদশী তাহাতে যে কিছু দানফল অক্ষয় হয় ॥ ৫৭০ ॥

কিঞ্চ তত্রৈব বণিগুপাখ্যানে—

শ্রবণদ্বাদশীযোগে পূজয়িত্বা জনার্দ্দনম্।
দানঞ্চ দত্ত্বা বিপ্রেভ্যঃ সোপবাসো জিতেন্দ্রিয়ঃ ॥৫৭১
মহানদীসঙ্গমে চ স্নাত্বা দিষ্টান্তমাগতঃ।
অবাপ পরমং স্থানং দুর্ল্লভং সর্ব্বমানবৈঃ ॥ ৫৭২ ॥

অনুবাদ—আরও ঐ গ্রন্থে বণিক উপাখ্যানে—উপবাস সহ সংযত চিত্তে শ্রবণ দ্বাদশীযোগে শ্রীজনার্দ্দনকে পূজা করিয়া এবং বিপ্রগণকে দান করিয়া, মহানদীসঙ্গমে স্নান করিয়া দেহান্তে সর্ব্ব মানবের দুর্ল্লভ পরমস্থান প্রাপ্ত হইয়াছিল ॥ ৫৭১-৫৭২ ॥

যত্র কামফলা বৃক্ষা নদ্যঃ পায়সকৰ্দ্দমাঃ ।
শীতলামলপানীয়াঃ পুষ্করিণ্যো মনোহরাঃ ॥ ৫৭৩ ॥
তং দেশমাসাদ্য বণিঙ্মহাত্মা
সুমৃষ্টজাম্বূনদভূষিতাঙ্গঃ ।
কল্পং সমগ্রং সুরসুন্দরীভিঃ
সাকং স রেমে মুদিতঃ সদৈব ॥ ৫৭৪ ॥

অনুবাদ—যে স্থানে বৃক্ষগণ বাঞ্ছানুরূপ ফল প্রদান করে, নদী সকলের কৰ্দ্দমসমূহ পায়সতুল্য, মনোহর পুষ্করিণীসমূহ নির্ম্মল শীতল পানীয় জলপূর্ণ, বণিক্ মহাত্মা সেই দেশ প্রাপ্ত হইয়া সুমার্জ্জিত জাম্বুনদ স্বর্ণালঙ্কার ভূষিত হইয়া দেবকন্যাগণের সহিত কল্পকাল পর্য্যন্ত সৰ্ব্বদাই আনন্দে তিনি ক্রীড়া করিয়াছেন ॥ ৫৭৩-৫৭৪ ॥

———

কিঞ্চান্তে—
বুধশ্রবণ-সংযুক্ত-দ্বাদশ্যাং সঙ্গমোদকম্ ।
দানং বহ্বোদানং শস্তমুপবাসঃ পরো বিধিঃ ॥৫৭৫॥

অনুবাদ—আরও শেষে—বুধবার ও শ্রবণানক্ষত্র যুক্ত দ্বাদশীতে উপবাস পরম বিধি। নদীসঙ্গম জলে স্নান ও পরদিনে বহু অন্নদান মঙ্গলপ্রদ ॥ ৫৭৫ ॥

টীকা—বহব ওদনা যস্মিন্ তৎ, শস্তং মঙ্গলম্ ॥ ৫৭৫ ॥

———

সগরেণ ককুৎস্থেন ধুন্ধুমারেণ গাধিনা ।
এতৈশ্চান্যৈশ্চ রাজেন্দ্র কামদা দ্বাদশী কৃতা ॥৫৭৬॥

অনুবাদ—হে রাজেন্দ্র! সগররাজ ককুৎস্থ ধুন্ধুমার প্রভৃতি এবং অন্যান্য ব্যক্তিগণ বাসনানুরূপফলপ্রদা দ্বাদশীব্রত করিয়াছেন ॥ ৫৭৬ ॥

———

যা দ্বাদশী বুধযুতা শ্রবণেন সার্দ্ধং
স্যাৎ সা জয়েতি কথিতা মুনিভির্নভস্যে ।
তামাদরেণ সমুপোষ্য নরো হি সম্যক্
প্রাপ্নোতি সিদ্ধিমণিমাদিগুণোপপন্নঃ ॥
ইতি ॥ ৫৭৭ ॥

অনুবাদ—ভাদ্রমাসে যে দ্বাদশী শ্রবণার সহিত বুধবার যুক্তা তাহা 'জয়া' তিথি হয় মুনিগণ বলিয়াছেন, মানব আদরের সহিত তাহাতে সম্পূর্ণ উপবাস করিলে অণিমাদি গুণযুক্ত সিদ্ধি সম্পূর্ণ প্রাপ্ত হয় ॥ ৫৭৭ ॥

টীকা—নভস্যে ভাদ্রে, সিদ্ধিং মোক্ষং শ্রীবৈকুণ্ঠলোকং বা ॥ ৫৭৭ ॥

———

অথ শ্রবণদ্বাদশীব্রতনির্ণয়ঃ

দ্বাদশ্যেকাদশী বা স্যাদুপোষ্যা শ্রবণান্বিতা ।
বিষ্ণুশৃঙ্খলযোগশ্চ তত্রয়ং মিশ্রিতং যদি ॥ ৫৭৮ ॥

অনুবাদ—অনন্তর শ্রবণ দ্বাদশী ব্রত নির্ণয়—শ্রবণাযুক্তা যদি দ্বাদশী হয়, তাহা হইলে সমর্থ অসমর্থ সকলেই দ্বাদশীতে উপবাস করিবে। আর যদি একাদশীতে শ্রবণা থাকে দ্বাদশীতে শ্রবণা না থাকে তবে সকলেই একাদশীতেই উপবাস করিবে। আর দ্বাদশী ক্ষয় বশত একই দিনে একাদশী দ্বাদশী ও শ্রবণা যুক্ত হয়, তাহা বিষ্ণুশৃঙ্খল যোগ হয়, তাহাতেই সকলে উপবাস করিবে ॥ ৫৭৮ ॥

টীকা—দ্বাদশীতি—শ্রবণনক্ষত্রযুক্তা যদি দ্বাদশী স্যাৎ, তদা শক্তৈরশক্তৈশ্চ সৰ্ব্বৈরেব দ্বাদশ্যেবোপোষ্যা; যদি বৈকাদশী শ্রবণান্বিতা স্যাদ্দ্বাদশ্যাং শ্রবণং নাস্তি, তদা সৰ্ব্বৈরেকাদশ্যেবোপোষ্যা; যদি চ তিথিক্ষয়াত্তত্রয়ং দ্বাদশ্যেকাদশী শ্রবণঞ্চ মিশ্রিতং একস্মিন্নেব দিনে অন্যোহন্যমিলিতং স্যাত্তদা বিষ্ণুশৃঙ্খলো নাম যোগঃ। বিষ্ণুদৈবত্যানাং ত্রয়াণামেব তেষামেকত্র শৃঙ্খলাবৎ গ্রথিতত্বাৎ, ততশ্চ স এবোপোষ্য ইত্যর্থঃ। তত্তদ্বিশেষশ্চোদাহরিষ্যমাণ-বচনতোহগ্রে ব্যক্তো ভাবী ॥ ৫৭৮ ॥

———

অথ শ্রবণদ্বাদশ্যুপবাসঃ

শ্রীমার্কণ্ডেয়ঃ—
শ্রবণর্ক্ষসমাযুক্তা দ্বাদশী যদি লভ্যতে ।
উপোষ্যা দ্বাদশী তত্র ত্রয়োদশ্যান্তু পারণম্ ॥ ৫৭৯ ॥

অনুবাদ—অনন্তর শ্রবণা দ্বাদশী উপবাস, শ্রীমার্কণ্ডেয় বচন—শ্রবণনক্ষত্রযুক্তা দ্বাদশী যদি লাভ

হয়। ঐ দ্বাদশীই সকলের উপবাস যোগ্যা, এস্থলে ত্রয়োদশীতে পারণ ॥ ৫৭৯ ॥

যমশ্চ—

যদা তু শুক্লদ্বাদশ্যাং নক্ষত্রং শ্রবণং ভবেৎ।
তদাঽসৌ তু মহাপুণ্যা দ্বাদশী বিজয়া স্মৃতা ॥৫৮০॥

অনুবাদ—যমরাজও বলিয়াছেন—যখন শুক্লা-দ্বাদশীতে শ্রবণ নক্ষত্র যুক্ত হয়, তখন মহাপবিত্রা দ্বাদশী 'বিজয়া' নামে কীর্ত্তিত হয় ॥ ৫৮০ ॥

তত্র দানোপবাসাদ্যমক্ষয়ং পরিকীর্ত্তিতম্।
একাদশ্যা বিশুদ্ধন্তে দ্বাদশ্যান্তু পরেঽহনি।
শ্রবণে সতি শক্তস্য ব্রতযুগ্মং বিধীয়তে ॥ ৫৮১ ॥

অনুবাদ—ঐ তিথিতে দান উপবাসাদির ফল অক্ষয় কীর্ত্তিত হয়, একাদশীর অরুণোদয়ে দশমী না থাকিলে বিশুদ্ধা, তার পরদিন দ্বাদশীতে শ্রবণ নক্ষত্র থাকিলে সমর্থ ব্যক্তির পক্ষে দুই দিন যুগ্ম ব্রত বিধান হয় ॥ ৫৮১ ॥

কিঞ্চ—

অসমাপ্তে ব্রতে পূর্ব্বে নৈব কুর্য্যাদ্‌ব্রতান্তরম্।
ইত্যাদি বচনস্যাত্র বাধকত্বং ন বিদ্যতে ॥ ৫৮২ ॥

অনুবাদ—আরও—পূর্ব্বদিনের ব্রত অসমাপ্ত অর্থাৎ পারণ পর্য্যন্ত একটি ব্রত, পারণ না হইলে একটি ব্রত সমাপ্ত না হইতে অন্য অন্য ব্রত করা যায় না ইত্যাদি শাস্ত্রবাক্যের এ স্থলে বিরোধ হয় না ॥ ৫৮২ ॥

তথাহি ভবিষ্যোত্তরে—

একাদশীমুপোষ্যৈব দ্বাদশীং সমুপোষয়েৎ।
ন চাত্র বিধিলোপঃ স্যাদুভয়োর্দেবতা হরিঃ ॥
ইতি ॥ ৫৮৩ ॥

অনুবাদ—তাহাই ভবিষ্যোত্তরে—একাদশীতে উপবাস করিয়া দ্বাদশীতেও সম্পূর্ণ উপবাস এস্থলে "পারণান্তু ব্রতং জ্ঞেয়ং" এই বিধির লোপ হয় না, কারণ একাদশী ও দ্বাদশী উভয় তিথির দেবতা শ্রীহরি ॥ ৫৮৩ ॥

অশক্তস্তু ব্রতদ্বন্দ্বে ভুঙ্‌ক্তে বৈকাদশী-দিনে।
উপবাসং বুধঃ কুর্য্যাচ্ছ্রবণদ্বাদশী-দিনে ॥ ৫৮৪ ॥

অনুবাদ—অশক্তব্যক্তি অর্থাৎ দুই দিন ব্রত করিতে অসমর্থ হইলে একাদশী দিনে ভোজন করিয়া অভিজ্ঞ ব্যক্তি শ্রবণদ্বাদশী দিনে উপবাস করিবেন ॥ ৫৮৪ ॥

তথা চ নারদীয়ে—

উপোষ্য দ্বাদশীং পুণ্যাং বিষ্ণুঋক্ষেণ সংযুতাম্।
একাদশ্যুদ্ভবং পুণ্যং নরঃ প্রাপ্নোত্যসংশয়ম্ ॥৫৮৫॥

অনুবাদ—ঐরূপ নারদীয়পুরাণে—বিষ্ণুনক্ষত্র শ্রবণাযুক্ত পবিত্র দ্বাদশীতে উপবাস করিয়া মানব একাদশী ব্রত জাত পুণ্য নিঃসংশয়ে প্রাপ্ত হন ॥ ৫৮৫

টীকা—ন চৈবং শুদ্ধৈকাদশীত্যাগেন দোষঃ স্যাদিতি লিখতি—উপোষ্যেতি ত্রিভিঃ। বিষ্ণুঋক্ষেণ শ্রবণেন। কেচিচ্চেদমুপবাসদ্বয়ে প্রাপ্তে সত্যসমর্থ-বিষয়কমিতি ব্যবস্থাপয়ন্তি। তদযুক্তং, বৈষ্ণবানাং দ্বাদশ্যাং শ্রবণযোগে মহাদ্বাদশীত্বেন তত্রোপবাসাৎ। তথা নারদীয়াদিবচনেঽবত্র শক্তাশক্তাদিবিশেষপরি-ত্যাগেন নর ইত্যাদি-সামান্যনির্দ্দেশাচ্চ ॥ ৫৮৫ ॥

বাজপেয়ে যথা যজ্ঞে কর্ম্মহীনোঽপি দীক্ষিতঃ।
সর্ব্বং ফলমবাপ্নোতি অস্নাতোঽপ্যহুতোঽপি
সন্ ॥ ৫৮৬ ॥
এবমেকাদশীং ত্যক্ত্বা দ্বাদশ্যাং সমুপোষণাৎ।
পূর্ব্ববাসরজং পুণ্যং সর্ব্বং প্রাপ্নোত্যসংশয়ম্ ॥
ইতি ॥ ৫৮৭ ॥

অনুবাদ—যেমন বাজপেয় যজ্ঞে দীক্ষিত ব্যক্তি যজ্ঞ কর্ম্ম না করিয়াও, হোম না করিয়াও, অভিষিক্ত না হইয়াও, সর্ব্বফল প্রাপ্ত হন, সেইরূপ একাদশী ত্যাগ করিয়া দ্বাদশীতে সম্পূর্ণ উপবাস

ফলে, একাদশী জাত পুণ্যসকল নিঃসংশয়ে প্রাপ্ত হন ॥ ৫৮৬-৫৮৭ ॥

অত্যল্পোঽপ্যনয়োর্যোগো ভবেত্তিথিভয়োর্যদি ।
উপাদেয়ঃ স এব স্যাদিত্যত্রোপবসেদ্বুধ ॥ ৫৮৮ ॥

অনুবাদ—দ্বাদশী ও শ্রবণ নক্ষত্রের অতি অল্পও যদি যোগ হয়, তাহাই উপাদেয় হয়—ঐ দিনই অভিজ্ঞ ব্যক্তি উপবাস করিবেন ॥ ৫৮৮ ॥

তথা চ শ্রবণদ্বাদশীং প্রকৃত্য তত্রৈবোক্তম্—
তিথিনক্ষত্রয়োর্যোগে যোগশ্চৈব নরাধিপ ।
দ্বিকলো যদি লভ্যেত স জ্ঞেয়ো হ্যষ্টযামিকঃ ॥৫৮৯

অনুবাদ—সেইরূপই শ্রবণদ্বাদশী প্রসঙ্গে ঐ পুরাণেই উক্ত হইয়াছে—হে নরাধিপ ! তিথি ও নক্ষত্রের মিলনে যে যোগ, তাহা যদি দুইকলাও পাওয়া যায় তাহাই অষ্টপ্রহর জানিবে ॥ ৫৮৯ ॥

তথৈব মাৎস্যে—
দ্বাদশী শ্রবণাযুক্তা কৃৎস্না পুণ্যতমা তিথিঃ ।
ন তু সা তেন যুক্তা চ তাবত্যেব প্রশস্যতে ॥৫৯০॥

অনুবাদ—সেইরূপই মৎস্যপুরাণে—শ্রবণাযুক্তা দ্বাদশী তিথি সম্পূর্ণা পুণ্যতমা পরন্ত দ্বাদশী যতক্ষণ শ্রবণাযুক্তা ততক্ষণ মাত্র পুণ্যতমা ও প্রশস্ত তাহাই নহে ॥ ৫৯০ ॥

অথ শ্রবণনক্ষত্রযুক্তৈকাদশ্যুপবাসঃ

নারদীয়ে—
যদি ন প্রাপ্যতে ঋক্ষং দ্বাদশ্যাং বৈষ্ণবং ক্বচিৎ ।
একাদশী তদোপোষ্যা পাপঘ্নী শ্রবণান্বিতা ॥ ৫৯১ ॥
উভয়োর্দ্দেবতা বিষ্ণুঃ পুরাণঃ পুরুষোত্তমঃ ।
বিভেদোঽত্র ন কর্ত্তব্যো বিভেদাৎ পততে নরঃ ॥৫৯২

অনুবাদ—অনন্তর শ্রবণ নক্ষত্রযুক্ত একাদশী উপবাস নারদীয়পুরাণে—দ্বাদশীতে নক্ষত্র শ্রবণা যদি কোন সময়ে না পাওয়া যায়, সেইস্থলে শ্রবণাযুক্তা পাপহারিণী একাদশী উপবাস কর্ত্তব্যা। পুরাণ পুরুষোত্তম শ্রীবিষ্ণু একাদশী ও দ্বাদশীর দেবতা, এস্থলে একাদশী ও দ্বাদশীকে বিভেদ করিবে না। বিভেদ করিলে মানব পতিত হয় ॥ ৫৯১-৫৯২ ॥

টীকা—বৈষ্ণবমৃক্ষং শ্রবণং ক্বচিদিতি রাত্র্যাদৌ কস্মিংশ্চিৎ সময়েঽপীত্যর্থঃ। অতএবোক্তং মাৎস্যে —'দ্বাদশী শ্রবণস্পৃষ্টা' ইতি, নারদীয়ে চৈতৎপ্রকরণ এব। 'তিথিনক্ষত্রযোগানাং যোগশ্চৈব নরাধিপ। দ্বিকলো যদি লভ্যেত স জ্ঞেয়ো হ্যষ্টযামিকঃ ॥' ইতি ॥ ৫৯১ ॥

অতএব ভবিষ্যোত্তরে—
একাদশী যদা চ স্যাৎ শ্রবণেন সমন্বিতা ।
বিজয়া সা তিথিঃ প্রোক্তা ভক্তানাং বিজয়প্রদা ॥ ৫৯৩ ॥

অনুবাদ—অতএব ভবিষ্যোত্তরে—একাদশীও যখন শ্রবণা নক্ষত্র যুক্তা হইবে, তখন তাহা 'বিজয়া'-নাম্নী তিথি শাস্ত্রে কথিত আছে, কারণ ভক্তগণের বিজয় প্রদা ॥ ৬৯৩ ॥

বিষ্ণুপুরাণে—
যাঃ কাশ্চিত্তিথয়ঃ প্রোক্তাঃ পুণ্যা নক্ষত্রযোগতঃ ।
তাস্বেব তদ্‌ব্রতং কুর্য্যাচ্ছ্রবণদ্বাদশীং বিনা ॥
ইতি ॥ ৫৯৪ ॥

অনুবাদ—বিষ্ণুপুরাণে—নক্ষত্রযোগ বশতঃ যে কোন তিথি পবিত্র বলিয়া কথিত, তাহাতেই সেই ব্রত করিবে, শ্রবণদ্বাদশী ব্যতীত অর্থাৎ শ্রবণ যুক্তা একাদশীতে শ্রবণদ্বাদশী ব্রত হয় ॥ ৫৯৪ ॥

টীকা—যাঃ কাশ্চিদিতি—যেন কেনচিন্নক্ষত্র-বিশেষযোগেন যাঃ কাশ্চিত্তিথয়ঃ পুণ্যাঃ প্রোক্তাঃ, তাসু যদ্বিহিতং ব্রতং, তত্তাস্বেব কুর্য্যাৎ, ন তিথ্যন্তরে তত্তন্ন-ক্ষত্রযুক্তে। যথা ফাল্গুনী শুক্লা দ্বাদশী পুষ্যর্ক্ষেণ যুক্তা গোবিন্দদ্বাদশী নাম, তস্যামুপবাসব্রতং বিহিতং, তস্যামেব কুর্য্যান্ন চ পুষ্যান্বিতায়ামেকাদশ্যাম্, এবং নিয়মশ্চ শ্রবণদ্বাদশীং বিনা শ্রবণদ্বাদশীব্রতন্তু শ্রবণৈ-কাদশ্যামপি ভবতীত্যর্থঃ ॥ ৫৯৪ ॥

একাদশ্যুপবাসে চ দ্বাদশ্যাং কৃষ্ণমর্চ্চয়েৎ।
প্রাদুর্ভূতো হি ভগবান্ দ্বাদশ্যামেব বামনঃ॥ ৫৯৫॥

অনুবাদ—একাদশীতে উপবাসকালেও দ্বাদশীতে শ্রীবামনদেবের অর্চ্চনা করিবে, ভগবান্ শ্রীবামনদেব দ্বাদশীতেই আবির্ভূত হইয়াছিলেন॥ ৫৯৫॥

টীকা—ননু তর্হি ভগবতো বামনস্যার্চ্চনমপি তথৈব প্রসজ্যেত নেতি লিখতি—একেতি। কৃষ্ণং শ্রীবামনরূপমবতারত্বেনাভেদাৎ, হি যতঃ ভগবান্ শ্রীকৃষ্ণো দ্বাদশ্যামেব বামনরূপেণ জাতঃ। তথা চাষ্টমস্কন্ধে (১৮।৫)—'শ্রোণায়াং শ্রবণ-দ্বাদশ্যাং মুহূর্ত্তেঽভিজিতি প্রভুঃ' ইত্যাদি। শ্রোণায়াং শ্রবণস্থ-চন্দ্র ইত্যর্থঃ॥ ৫৯৫॥

তথা চ মৎস্যপুরাণে—
উপোষ্যৈকাদশীং তত্র দ্বাদশ্যাং পূজয়েদ্ধরিম্।
ইতি॥ ৫৯৬॥

অনুবাদ—সেইরূপ মৎস্যপুরাণে—একাদশীতে উপবাস করিয়া দ্বাদশীতে শ্রীহরির পূজন করিবে॥ ৫৯৬॥

অতো যদি ন লভ্যেত মধ্যাহ্নে দ্বাদশী তদা।
দ্বাদশীমধ্য এবার্চ্চ্যো বামনস্তৈর্হি সূরিভিঃ॥
ইতি॥ ৫৯৭॥

অনুবাদ—অতএব যদি মধ্যাহ্নে দ্বাদশী না পাওয়া যায়, তখন পূর্ব্বাহ্নে দ্বাদশী মধ্যেই বৈষ্ণবগণ কর্ত্তৃক শ্রীবামনদেবের অর্চ্চন কর্ত্তব্য॥ ৫৯৭॥

অথ বিষ্ণুশৃঙ্খলযোগঃ

মাৎস্যে—
দ্বাদশী শ্রবণস্পৃষ্টা স্পৃশেদেকাদশীং যদা।
স এষ বৈষ্ণবো যোগো বিষ্ণুশৃঙ্খলসংজ্ঞিতঃ॥৫৯৮॥

অনুবাদ—অনন্তর বিষ্ণু শৃঙ্খলযোগ, মৎস্যপুরাণে—শ্রবণযুক্তা দ্বাদশী যখন একাদশীর অহোরাত্রকে স্পর্শ করিবে, তাহাই বৈষ্ণব যোগ—'বিষ্ণুশৃঙ্খল' নামক। এই পাঠে শ্রবণাদ্বাদশীর বিশেষণ, একাদশীর সঙ্গে শ্রবণা নাই॥ ৫৯৮॥

তস্মিন্নুপোষ্য বিধিবন্নরঃ সংক্ষীণকল্মষঃ।
প্রাপ্নোত্যনুত্তমাং সিদ্ধিং পুনরাবৃত্তিদুর্ল্লভাম্॥
ইতি॥ ৫৯৯॥

অনুবাদ—মানব বিধি অনুসারে তাহাতে উপবাস করিয়া পাপমুক্ত হইয়া পুনরায় সংসারে প্রবেশ বিহীন সর্ব্বোত্তম গতি প্রাপ্ত হন॥ ৫৯৯॥

একাদশীপদেনাত্র তদহোরাত্র উচ্যতে।
অন্যথা দ্বাদশীস্পর্শস্তস্যাং নিত্যং হি বিদ্যতে॥৬০০॥

অনুবাদ—এস্থলে একাদশী পদে একাদশীর অহোরাত্রকে বুঝাইতেছে. তাহা না বুঝিলে দ্বাদশী-স্পর্শ একাদশীতে নিত্যই বিদ্যমান॥ ৬০০॥

তিথিনক্ষত্রয়োর্যোগ ইত্যাদ্যং যত্তু দর্শিতম্।
তেনাল্পকালসংযোগেঽপ্যষ্টযামিকতেষ্যতে॥৬০১॥

অনুবাদ—'তিথি ও নক্ষত্রের যোগ' ইত্যাদি যাহা পূর্ব্বে দেখান হইয়াছে, তাহা দ্বারা অল্পকাল সংযোগ ও অষ্টপ্রহর অভিলষিত॥ ৬০১॥

অত্রৈব দ্বাদশীমধ্যে পারণং শ্রবণেঽধিকে।
বক্ষ্যমাণঞ্চ ঘটতেঽন্যথা প্রাগ্বদ্দ্বিধা ব্রতম্॥৬০২॥

অনুবাদ—এই প্রথম বিষ্ণুশৃঙ্খল ব্রতেই দ্বাদশী-মধ্যেই পরদিন পারণ, শ্রবণা নক্ষত্র অধিক থাকিলেও। বক্ষ্যমাণ দ্বিতীয় বিষ্ণুশৃঙ্খলও ঘটিতে পারে। তাহা না হইলে পূর্ববৎ ব্রতদ্বয় প্রসঙ্গ হয়॥ ৬০২॥

দ্বাদশী শ্রবণর্ক্ষঞ্চেত্যস্মিন্ পাঠে ভবেদিদম্।
দ্বাদশী শ্রবণস্পৃষ্টেত্যস্মিংশ্চ স্পৃষ্টতা খলু।
তত্তৎসাহিত্যমেবাহ পূর্ব্বস্মাদেব হেতুতঃ॥ ৬০৩॥

অথ তস্মাদয়ন্তু তত্রৈব বিশেষঃ,

অনুবাদ—মৎস্যপুরাণের প্রথম শ্লোকটির যদি 'দ্বাদশী শ্রবণর্ক্ষঞ্চ' এইরূপ পাঠ ধরা যায় তাহাতেও পূর্ব্ব সিদ্ধান্তই হইবে। কারণ দ্বাদশী ও শ্রবণা উভয়েই একাদশীর অহোরাত্রকে স্পর্শ করিতেছে। আর পূর্ব্ব পাঠে শ্রবণাযুক্ত হইয়া দ্বাদশী একাদশীকে স্পর্শ করিতেছে। উভয় পাঠে স্পর্শ নিশ্চয়ই দ্বাদশী ও শ্রবণার সহিত মিলন একই অর্থে তাৎপর্য্য ॥৬০৩

———

দ্বিতীয়বিষ্ণুশৃঙ্খলযোগঃ

যথা বিষ্ণুধর্ম্মোত্তরে—
একাদশী দ্বাদশী চ বৈষ্ণব্যমপি তদ্ভবেৎ।
তদ্বিষ্ণুশৃঙ্খলং নাম বিষ্ণুসাযুজ্যকৃদ্ভবেৎ।
তস্মিন্নুপোষণাদ্‌গচ্ছেচ্ছ্বেতদ্বীপপুরং ধ্রুবম্ ॥৬০৪॥

অনুবাদ—অনন্তর ঐ বিষ্ণুশৃঙ্খলযোগেই কিঞ্চিৎ বিশেষ, দ্বিতীয় বিষ্ণুশৃঙ্খলযোগ, বিষ্ণুধর্ম্মোত্তরে— একাদশী দ্বাদশী ও বৈষ্ণব্য অর্থাৎ শ্রবণা নক্ষত্র এক মধ্যে হইবে। তাহাই 'বিষ্ণুশৃঙ্খল' নামক যোগ বিষ্ণুসাযুজ্যকারী হইবে অর্থাৎ বিষ্ণুলোক প্রাপ্ত করাইবে। উহাতে উপবাস করিলে বিষ্ণুলোক শ্বেত-দ্বীপপুর যাইবে ইহা সত্য ॥ ৬০৪ ॥

———

দ্বাদশ্যামুপবাসোঽত্র ত্রয়োদশ্যান্তু পারণম্।
নিষিদ্ধমপি কর্ত্তব্যমিত্যাজ্ঞা পারমেশ্বরী ॥
ইতি ॥ ৬০৫ ॥

অনুবাদ—এইস্থলে দ্বাদশীতে উপবাস, পরদিন ত্রয়োদশীতে পারণ, যদিও সাধারণত পরদিন দ্বাদশী থাকিলে ত্রয়োদশীতে পারণ নিষিদ্ধ। কিন্তু এস্থলে দ্বাদশী ক্ষয়হেতু পরদিন ত্রয়োদশীতে পারণ—ইহা পরমেশ্বরের বিশেষ আদেশ ॥ ৬০৫ ॥

টীকা—নিষিদ্ধমপীতি—'একাদশীমুপোষ্যৈব দ্বাদশ্যাং পারণং স্মৃতম্। ত্রয়োদশ্যাং ন তৎ কুর্য্যাদ্‌-দ্বাদশ-দ্বাদশীক্ষয়াৎ ॥' ইত্যাদিমৎস্যপুরাণাদি-বচনৈস্ত্রয়োদশ্যাং পারণনিষেধাৎ। এতচ্চ স্থূলদৃষ্ট্যা বৈষ্ণবেতর-বিষয়ক-ব্যবস্থাপেক্ষয়া চেতি জ্ঞেয়ম্। অত্রৈব শ্রবণর্ক্ষেত্যাদিনা ত্রয়োদশ্যামেব শ্রীমার্কণ্ডেয়াদিভিঃ পারণোক্তেঃ, তথা প্রায়ো 'বৈষ্ণবানাং দ্বাদশ্যুপবাসেন সর্ব্বত্র ত্রয়োদশ্যামেব পারণাপত্তেঃ। অত এবং ব্যাখ্যেয়ম্—শ্রীবিষ্ণুসাযুজ্যাদ্যপেক্ষয়া সর্ব্ব-কর্ম্মাদ্যনাদরেণ নিষিদ্ধমপি কর্ত্তুমুচিতমিত্যেষা চ পরমেশ্বরস্যাজ্ঞৈব, দ্বাদশীবল্লভস্য ভগবতো দ্বাদশী-ব্রতপ্রিয়ত্বাৎ। অতএব সর্ব্বত্র বৈষ্ণবানাং দ্বাদশী-ব্রতগ্রহণাদি শ্রূয়ত ইতি দিক্ ॥ ৬০৫ ॥

———

যোগোঽয়মন্যো দ্বাদশ্যাঃ ক্ষয় এবেতি লক্ষ্যতে।
দ্বাদশ্যামুপবাসাচ্চ ত্রয়োদশ্যাঞ্চ পারণাৎ।
ত্রয়োদশ্যাং পারণং হি শ্রবণেঽপি নিষেৎস্যতে ॥৬০৬

অনুবাদ—এই যোগটি প্রথম বিষ্ণুশৃঙ্খল হইতে পৃথক্। কারণ হইতে দ্বাদশী তিথির ক্ষয় হইলেই এইরূপ যোগ দৃষ্ট হয়। এই প্রমাণে দ্বাদশীতে উপবাস ও ত্রয়োদশীতে পারণ স্পষ্ট উল্লেখ থাকায় ত্রয়োদশীতে পারণ করিবে না—(৬১৭-১৯) এইরূপ নিষেধ আছে ॥ ৬০৬ ॥

———

অথ বিষ্ণুশৃঙ্খল এব বিশেষান্তরম্

দ্বাদশ্যেকাদশী সৌম্যঃ শ্রবণঞ্চ চতুষ্টয়ম্।
দেবদুন্দুভিযোগোঽয়ং যজ্ঞাযুতফলপ্রদঃ ॥ ইতি ॥৬০৭

অনুবাদ—অনন্তর বিষ্ণুশৃঙ্খলেই অন্য বিশেষ— একাদশী দ্বাদশী সৌম্য অর্থাৎ বুধবার ও শ্রবণা— এই চারিটি একই দিনে মিলিত হইলে তাহাকে 'দেব-দুন্দুভি যোগ' বলা হয় ইহাতে উপবাস করিলে দশ-সহস্রযজ্ঞের ফল প্রাপ্ত হয় ॥ ৬০৭ ॥

———

পারণাহে তু দ্বাদশ্যাঃ শ্রবণায়াশ্চ বৃদ্ধিতঃ।
রাত্রৌ তু পারণাভাবাদ্‌যুক্তং কর্ত্তুং ব্রতদ্বয়ম্ ॥৬০৮॥

অনুবাদ—পারণ দিনে দ্বাদশী ও শ্রবণা নক্ষত্রের বৃদ্ধি হইলে, আর রাত্রিতে পারণ নিষিদ্ধ থাকায় যুক্তিতে ব্রতদ্বয় করিতে পারেন ॥ ৬০৮ ॥

টীকা—পারণাহে ব্রতপারণাদিনে দ্বাদশ্যাঃ শ্রবণায়াশ্চ বৃদ্ধৌ সত্যাং শক্তশ্চেৎ তর্হি ব্রতদ্বয়ং কুর্য্যাৎ ॥ ৬০৮ ॥

———

ন চাত্র বিধিলোপঃ স্যাদুভয়োর্দেবতা হরিঃ ॥৬০৯॥

অনুবাদ—এস্থলে 'পারণান্তরং ব্রতং জ্ঞেয়ং' এই বিধির লোপ হয় না, যেহেতু উভয় ব্রতের একই হরি দেবতা ॥ ৬০৯ ॥

টীকা—ননু 'পারণান্তং ব্রতং জ্ঞেয়ং ব্রতান্তে দ্বিজ-ভোজনম্। অসমাপ্তে ব্রতে পূর্ব্বে নৈব কুর্য্যাদ্-ব্রতান্তরম্ ॥' ইতি বিষ্ণুধর্ম্মোত্তরোক্তেরপারণে দোষঃ স্যাৎ, তত্রাহ—ন চাত্রেতি। উভয়োঃ একাদশী-দ্বাদশ্যোঃ ॥ ৬০৯ ॥

দ্বাদশ্যামুপবাসোঽত্র ত্রয়োদশ্যান্তু পারণম্ ॥ ৬১০ ॥

অনুবাদ—পর পর উপবাসদ্বয়স্থলে দ্বাদশীতেও উপবাস, ত্রয়োদশীতে পারণ ॥ ৬১০ ॥

টীকা—এবমসমর্থো ব্রতমেকমেব কুর্য্যাদিত্যা-য়াতঃ, তত্র চ 'শ্রবণেন সিতা যত্র দ্বাদশী লভ্যতে কৃচিৎ। উপোষ্যৈকাদশীং তত্র দ্বাদশ্যামর্চ্চয়েদ্ধরিম্ ॥' ইত্যাদি- শ্রীযমাদ্যুক্তেরশক্তস্যৈকাদশ্যামেবোপবাসশঙ্কা স্যাৎ, অতো লিখতি—দ্বাদশ্যামিতি। বৈষ্ণবেঽষ্টবষ্ট-মহাদ্বাদশীব্রতস্য নিত্যত্বাৎ। তচ্চ পূর্ব্বমেব তত্রৈব লিখিতমস্তি ॥ ৬১০ ॥

দিনদ্বয়েঽপি শ্রবণাভাবে তদ্‌যোগহানিতঃ।
একাদশ্যামুপোষ্যৈব দ্বাদশ্যাং বামনং যজেৎ ॥৬১১॥

অনুবাদ—একাদশী ও দ্বাদশী উভয় দিনে শ্রবণা-নক্ষত্র না থাকিলে, ঐ বিজয়া যোগ না থাকায় একা-দশীতে উপবাস করিয়াই দ্বাদশীতে শ্রীবামনদেবের অর্চ্চন করিবে ॥ ৬১১ ॥

টীকা—ননু যথা জন্মাষ্টম্যাং রোহিণ্যাদি-যোগাভাবেঽপ্যুপবাসঃ, তথাত্র শ্রবণযোগাভাবেঽপি শ্রীবামনদেব-প্রাদুর্ভাবাপেক্ষয়া সমর্থেনোপবাসদ্বয়পক্ষে দ্বাদশ্যামুপবাসঃ কর্ত্তব্যো ন বেত্যাশঙ্ক্য লিখতি—দিনেতি। তস্য দ্বাদশ্যাং শ্রবণযোগস্য হানিতঃ অভাবাৎ। যতস্তদ্‌যোগাপেক্ষয়ৈবাত্র দ্বাদশ্যামুপবাস-বিধানমিতি দিক্। যজেৎ পূজয়েৎ ॥ ৬১১ ॥

বিষ্ণুশৃঙ্খলকেঽপি স্যাদ্‌বৃত্তির্নিশি পরত্র চেৎ।
যদাধিক্যং তিথিভয়োঃ শক্তঃ কুর্য্যাদ্‌ব্রতদ্বয়ম্ ॥৬১২

অনুবাদ—বিষ্ণুশৃঙ্খলযোগেও পরদিন রাত্রি পর্য্যন্ত তিথি ও শ্রবণা থাকিলে সমর্থপক্ষে দুইদিন ব্রত করিতে পারেন ॥ ৬১২ ॥

পারণায়া অনৌচিত্যাং তাবত্যাং নিশি চেদ্ভবেৎ।
অশক্তস্তূত্তরং কুর্য্যাদ্‌যোগস্যৈবাস্য গৌরবাৎ ॥৬১৩॥

অনুবাদ—পারণ দিনে তিথি ও নক্ষত্র রাত্রি পর্য্যন্ত ব্যাপ্ত থাকিলে, অশক্ত ব্যক্তি দ্বাদশী দিনে ব্রত করি-বেন, দ্বাদশী শ্রবণাযোগের গৌরব হেতু ॥ ৬১৩ ॥

অথ তত্র পারণকালনির্ণয়ঃ

স চ ব্রতবিকল্পে দ্বিতীয়ে বিষ্ণুশৃঙ্খলে চ স্পষ্ট এব, কেবলশ্রবণনিষ্কর্ষে তু ন তদাদরঃ ;
'তিথি-নক্ষত্রসংযোগে' ইত্যাদি-বক্ষ্যমাণেভ্যঃ ॥৬১৪॥

অনুবাদ—অনন্তর পারণকাল নির্ণয়—পারণ-কাল ব্রত বিকল্পে ও দ্বিতীয় বিষ্ণুশৃঙ্খলে স্পষ্টই, কেবল শ্রবণার বৃদ্ধিতে তাহার আদর নাই। পরে বলা হইবে তিথি ও নক্ষত্র সংযোগে (৬১৮) ইত্যাদি প্রমাণ—একের ক্ষয়ে পারণ ॥ ৬১৪ ॥

প্রথমবিষ্ণুশৃঙ্খলে পারণনির্ণয়ঃ

অনুবৃত্তির্দ্বয়োরেব পারণাহে ভবেদ্‌যদি।
তত্রাধিক্যে তিথের্বৃত্তে ভান্তে সত্যেব পারণম্ ॥৬১৫॥

অনুবাদ—প্রথম বিষ্ণুশৃঙ্খলে পারণ নির্ণয়—পারণ দিনে যদি তিথি ও নক্ষত্রের বৃদ্ধি হয়, সেস্থলে তিথি অধিক থাকিলে নক্ষত্রের অন্ত হইলেই পারণ হইবে ॥ ৬১৫ ॥

টীকা—দ্বয়োস্তিথ্যৃক্ষয়োঃ দ্বাদশীশ্রবণয়োঃ পারণাহে অনুবৃত্তিঃ বৃদ্ধিক্রমেণাগমঃ। তিথের্দ্বাদশ্যা আধিক্যে বৃদ্ধৌ বৃত্তে সতি ভান্তে শ্রবণান্তে পারণম্। এতচ্চ বিষ্ণুশৃঙ্খলযোগাপেক্ষয়া পূর্ব্বদিনোপবাসাভিপ্রায়েণে-ত্যূহ্যম্ ॥ ৬১৫ ॥

যদুক্তং নারদীয়ে—
তিথিনক্ষত্রয়োর্যোগে উপবাসো ভবেদ্‌যদা।
পারণন্তু ন কর্ত্তব্যং যাবন্নৈকস্য সংক্ষয়ঃ ॥
ইতি ॥ ৬১৬ ॥

অনুবাদ—নারদীয়পুরাণে যাহা বলা হইয়াছে—তিথি ও নক্ষত্রের যোগে উপবাস যখন হয়, যে পর্য্যন্ত একটির সম্পূর্ণ অন্ত না হয় সে পর্য্যন্ত পারণ কর্ত্তব্য নহে ॥ ৬১৬ ॥

———

ঋক্ষস্য সতি চাধিক্যে তিথিমধ্যে হি পারণম্।
দ্বাদশীলঙ্ঘনে দোষো বহুশো লিখিতো যতঃ ॥৬১৭॥

অনুবাদ—নক্ষত্রের অধিক বৃদ্ধি থাকিলে, দ্বাদশী তিথি মধ্যেই পারণ, দ্বাদশীর প্রথমপাদ হরিবাসর গত করিয়া যেহেতু পারণে দ্বাদশী লঙ্ঘনে বহুবার দোষ লিখিত হইয়াছে ॥ ৬১৭ ॥

টীকা—ঋক্ষস্য শ্রবণনক্ষত্রস্যাধিক্যে দ্বাদশীতো বৃদ্ধৌ সত্যামপি দ্বাদশীমধ্য এব পারণং স্যাৎ ; অত্র ন ঋক্ষান্তোহপেক্ষণীয় ইত্যর্থঃ। ননু ঋক্ষান্তে পারণং কুর্য্যাদিত্যুক্তং, তত্র লিখতি—দ্বাদশীতি। লিখিতঃ পূর্ব্বং দ্বাদশীপারণনির্ণয়ে ॥ ৬১৭ ॥

———

তথা চোক্তম্—
তিথিনক্ষত্রসংযোগে উপবাসো যদা ভবেৎ।
তাবদেব ন ভোক্তব্যং যাবন্নৈকস্য সংক্ষয়ঃ ॥৬১৮॥

অনুবাদ—তিথি ও নক্ষত্রের মিলনে উপবাস যখন হইবে, যে পর্য্যন্ত উহাদের একটির ক্ষয় না হয়, সেই পর্য্যন্ত ভোজন কর্ত্তব্য নহে ॥ ৬১৮ ॥

টীকা—তাবদিতি তিথিনক্ষত্রসংযোগং যাবন্ন ভোক্তব্যম্, একবিয়োগেন পারণং কর্ত্তব্যং, তত্র চ দ্বাদশ্যাং সত্যাং তস্যামেব পারণং ; ন তু তদতিক্রমেণেত্যর্থঃ ॥ ৬১৮ ॥

———

বিশেষেণ মহীপাল শ্রবণং বর্দ্ধতে যদি।
তিথিক্ষয়ে ন ভোক্তব্যং, দ্বাদশীং নৈব লঙ্ঘয়েৎ ॥
ইতি ॥ ৬১৯ ॥

অনুবাদ—হে মহীপাল। বিশেষতঃ শ্রবণা যদি বৃদ্ধি হয়, দ্বাদশী তিথি ক্ষয় হইলে পর ভোজন করিবে না, দ্বাদশী মধ্যেই ভোজন করিবে। দ্বাদশীকে লঙ্ঘন করিবে না ॥ ৬১৯ ॥

———

এবং দ্বয়োর্নিশাব্যাপ্তৌ চাহ্নি পারণমীরিতম্।
ন রাত্রৌ পারণং কুর্য্যাদিতি হ্যন্যত্র সম্মতম্ ॥৬২০॥

অনুবাদ—এই ভাবে তিথি ও নক্ষত্রের রাত্রি পর্য্যন্ত ব্যাপ্তি থাকিলে দিনে পারণই কীর্ত্তিত হইয়াছে, ‘রাত্রিতে পারণ করিবে না, ইহাই অন্যত্র সম্মতি দিয়াছে ॥ ৬২০ ॥

———

যতো রাত্রিগতো দ্বাদশ্যংশো নাত্র বিচার্য্যতে।
অতো বর্দ্ধত ইত্যাহ পারণাসময়াত্যয়ম্ ॥ ৬২১ ॥

অনুবাদ—যেহেতু রাত্রি পর্য্যন্ত ব্যাপ্ত দ্বাদশীর অংশ এস্থলে বিচার্য্য বিষয় নহে। অতএব ‘বর্দ্ধতে’ (৬১৯) ইহাই বলিয়াছেন, পূর্ব্বাহ্নে পারণ সময় অতিক্রম করিয়া যদি বৃদ্ধি হয় ॥ ৬২১ ॥

———

যতো রাত্রাবৃক্ষলব্ধাবপি দ্বাদশ্যতিক্রমঃ।
অতঃ কৃতং পৌনরুক্তং দ্বাদশীং
নৈব লঙ্ঘয়েৎ ॥ ৬২২ ॥

অনুবাদ—যেহেতু রাত্রিতে নক্ষত্র পাওয়া গেলেও দ্বাদশী অতিক্রম হইয়া যায়, এই কারণে পুনরুক্তি করিলেন—‘দ্বাদশীকে লঙ্ঘন করিবে না ॥ ৬২২ ॥

———

এবকারেণ চ পুনস্তদেব নিরধারি যৎ।
দ্বাদশ্যনাদরো নাতঃ কার্য্যো ভস্য তু সঙ্গতঃ ॥৬২৩

অনুবাদ—‘নৈব লঙ্ঘয়েৎ’ এই বাক্যে ‘এব’কার দ্বারা ও পুনরায় তাহাই নির্দ্ধারণ করিলেন যে—অতএব দ্বাদশী অনাদর কর্ত্তব্য নহে, নক্ষত্রের কিন্তু অনাদর সঙ্গত ॥ ৬২৩ ॥

———

তথা চ স্কান্দে—
যাঃ কাশ্চিত্তিথয়ঃ প্রোক্তাঃ পুণ্যা নক্ষত্রযোগতঃ।
ঋক্ষান্তে পারণং কুর্য্যাদ্বিনা শ্রবণ-রোহিণীম্ ॥
ইতি ॥ ৬২৪ ॥

অনুবাদ— সেইরূপই স্কন্দপুরাণে—নক্ষত্রযোগে যে সকল তিথি পবিত্র বলিয়া উক্ত হইয়াছে, শ্রবণা ও রোহিণী ব্যতীত তাহাদের নক্ষত্রান্তে পারণ করিবে ॥ ৬২৪ ॥

ত্রয়োদশ্যাং পারণন্তু নৈতদ্বিষয়মিষ্যতে।
ত্রয়োদশ্যামপীত্যেতদনুক্তেরদ্বিধা ততঃ ॥ ৬২৫ ॥

অনুবাদ—ত্রয়োদশীতে পারণ প্রথম বিষ্ণুশৃঙ্খলের বিষয় নহে। ত্রয়োদশীতেও পারণ, এইরূপ বলা নাই। অতএব প্রথম বিষ্ণুশৃঙ্খল দুই প্রকার নহে ॥ ৬২৫ ॥

প্রত্যুতাত্র তু-শব্দেন তস্যৈকধ্যং প্রদর্শিতম্।
পর্য্যবস্যেদতো যুক্ত্যা দ্বাদশীক্ষয় এব তৎ ॥৬২৬॥

অনুবাদ—বস্তুত প্রথম বিষ্ণুশৃঙ্খলে 'তু' শব্দ দ্বারা উহা এক প্রকারই প্রদর্শিত হইয়াছে, অতএব যুক্তি-দ্বারা পর্য্যবসিত হয় যে, দ্বিতীয় বিষ্ণুশৃঙ্খল দ্বাদশী ক্ষয় স্থলেই জানিতে হইবে ॥ ৬২৬ ॥

তথাপি সন্দিহানশ্চেদ্‌গৃহ্ণীয়াচ্চরণামৃতম্।
পারণায়াঃ পরং সম্যক্ পূরকং তদ্ভবেদ্‌যতঃ ॥৬২৭॥

অনুবাদ—তথাপি সন্দেহ বশত যদি দুইটি ব্রত পর পর একই সঙ্গে করিবার ইচ্ছা থাকে, তবে মধ্যস্থলে চরণামৃত গ্রহণ দ্বারা একটির পারণ করিয়া অন্যটির ব্রত আরম্ভ করিবে। যেহেতু চরণামৃত পান পারণের সম্যক্ পূরক হইবে ॥ ৬২৭ ॥

গৌতমীয়ে তু স্ফুটমেবোক্তম্—
যদৃক্ষং বা তিথির্বাপি রাত্রিং ব্যাপ্য ব্যবস্থিতা।
দিবসে পারণং কুর্য্যাদন্যথা পতনং ভবেৎ ॥
ইতি ॥ ৬২৮ ॥

অনুবাদ—একমাত্র শ্রীকৃষ্ণ আরাধনার বৈষ্ণবতন্ত্র গৌতমীয়তন্ত্রে কিন্তু স্পষ্টই উক্ত হইয়াছে—যে নক্ষত্র বা তিথি রাত্রি পর্য্যন্ত ব্যাপিয়া অবস্থিতা হয়, তাহার দিবসে পারণ করিবে, অন্যথা ব্রত পতন হইবে ॥ ৬২৮ ॥

অথ শ্রীবামনব্রতবিধিঃ

নত্বা গুরুমনুজ্ঞাপ্য পশ্চান্নিয়মমাচরেৎ।
ন হি সিধ্যেদ্‌গুরোর্ভক্তিং নিয়মঞ্চ বিনা ফলম্ ॥৬২৯

অনুবাদ—অনন্তর শ্রীবামন ব্রত বিধি—প্রথমতঃ নিজ গুরুগৃহে গিয়া প্রণামপূর্ব্বক প্রার্থনা ও আদেশ লইয়া পরে নিয়ম সঙ্কল্প গ্রহণ করিবে। শ্রীগুরুদেবে ভক্তি ও নিয়ম সঙ্কল্প ব্যতীত ফল সিদ্ধি হয় না ॥ ৬২৯ ॥

তত্র নিয়মমন্ত্রঃ

একাদশ্যাং নিরাহারঃ স্থিত্বা চৈবাপরেঽহনি।
ভোক্ষ্যে শ্রীবামনানন্ত শরণাগতবৎসল ॥ ইতি ॥৬৩০॥

অনুবাদ—এ বিষয়ে নিয়ম মন্ত্র—হে শ্রীবামন-দেব! হে অনন্ত, হে শরণাগত বৎসল! একাদশীতে উপবাস থাকিয়া পরদিন ভোজন করিব, আপনি আমার আশ্রয় হউন ॥ ৬৩০ ॥

টীকা—গুরুমিতি—নিজগুরুর্যদি সন্নিহিতঃ স্যাত্তর্হি তৎ, তদভাবে আচার্য্যত্বেন বৃতং বিপ্রমেকম্। পশ্চাদিতি—'আদৌ গুরুগৃহে গত্বা পশ্চান্নিয়মমাচরেৎ। শিরস্তৎপাদয়োঃ কৃত্বা পাদৌ স্পৃষ্টা চ মৌলিনা। কৃতাঞ্জলিপুটো ভূত্বা প্রার্থয়িত্বা গুরুন্ততঃ॥' ইতি স্কান্দে জয়ন্তীব্রতপ্রসঙ্গোক্তেঃ। নিয়মং সঙ্কল্পা-দিকং, তথা চ তত্রৈব—'নিয়মাৎ ফলমাপ্নোতি ন শ্রেয়ো নিয়মং বিনা' ইতি ॥ ৬২৯-৬৩০ ॥

একাদশ্যা রজন্যাং বা দ্বাদশ্যাং চার্চ্চয়েৎ
প্রভুম্ ॥ ৬৩১ ॥

অনুবাদ—একাদশীর রাত্রিতে শ্রীবামনদেবের পূজার কারণ দ্বাদশীক্ষয় প্রাপ্ত হইলে বা অতি অল্প

বৃদ্ধি পাইলেও তাহাতে পারণের অপেক্ষায় বা পরদিন দ্বাদশী মধ্যে শ্রীবামনদেবকে পূজা করিবেন ॥ ৫. ১॥

টীকা—একাদশ্যা রজন্যামিতি দ্বাদশীক্ষয়াভিপ্রায়েণ, কদাচিচ্চ স্বল্পায়াং বৃদ্ধায়ামপি তস্যাং পারণাপেক্ষয়েতি দিক্ ॥ ৬৩১ ॥

স্বর্ণরূপ্যময়ে পাত্রে তাম্রবংশময়েঽপি বা ।
কুণ্ডিকাং স্থাপয়েৎ পার্শ্বে ছত্রিকাপাদুকাস্তথা ।
শুভাঞ্চ বৈণবীং যষ্টিমক্ষসূত্রং পবিত্রকম্ ॥ ৬৩২ ॥

অনুবাদ—স্বর্ণ বা রৌপ্যময় পাত্রে, তাম্র বা বংশময় পাত্রে, শ্রীবামনদেবকে স্থাপন করিয়া পার্শ্বে কমণ্ডলু, ছত্র, পাদুকা, পবিত্র বংশ যষ্টি, অক্ষসূত্র পৈতা, স্থাপন করিবে ॥ ৬৩২ ॥

টীকা—স্বর্ণময়ে রূপ্যময়ে তাম্রময়ে বংশময়ে বা পূর্ব্বপূর্ব্বাভাবে উত্তরোত্তরস্মিন্ ইতি জ্ঞেয়ম্। অত্র কুম্ভস্থাপনাদিকং সর্ব্বং পূর্ব্বলিখিতবিজয়াদি-ব্রতানুসারেণ দ্রষ্টব্যমেব। অত্র চ কুচিদ্বিশেষ এব কিঞ্চিদনুবাদপূর্ব্বকং লিখিতম্ ইতি জ্ঞেয়ম্ ॥৬৩২॥

পুষ্পৈর্গন্ধৈঃ ফলৈর্ধূপৈর্বামনং চার্চ্চয়েদ্ধরিম্ ।
নানাবিধৈশ্চ নৈবেদ্যৈর্ভক্ষ্যভোজ্যৈর্গুড়ৌদনৈঃ ।
জাগরং নিশি কুর্ব্বীত গীতবাদ্যাদিনর্ত্তনৈঃ ॥৬৩৩॥

অনুবাদ—গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, ফলাদি দ্বারা শ্রীবামনদেবকে অর্চ্চনা করিবে। নানাবিধ ভোক্ষ্য ভোজ্য গুড়ান্নাদি নৈবেদ্যসমূহ নিবেদন করিবে। নৃত্য, গীত, বাদ্যাদি সহ নিশিজাগরণ করিবে ॥ ৬৩৩ ॥

টীকা—গুড়ৌদনৈর্গুড়পাচিতৌদনৈর্মিষ্টান্নৈর্ব্বা ॥ ৬৩৩ ॥

এবমারাধ্য দেবেশং প্রভাতে বিমলে সতি ।
আদাবর্ঘ্যং প্রদাতব্যং পশ্চাদ্দেবং প্রপূজয়েৎ ।
নারিকেলেন শুভ্রেণ দদ্যাদর্ঘ্যঞ্চ পূর্ব্ববৎ ॥ ৬৩৪ ॥

অনুবাদ—প্রথমতঃ শুভ্র নারিকেল শস্য শঙ্খে রাখিয়া বিধিবৎ অর্ঘ্য প্রদান কর্ত্তব্য, পশ্চাৎ শ্রীবামনদেবের পূজন ॥ ৬৩৪ ॥

টীকা—পূর্ব্ববদিতি পুষ্পাদি-সহিতেন শঙ্খনিহিতেনেত্যর্থঃ ॥ ৬৩৪ ॥

অথ অর্ঘ্যদানমন্ত্রঃ

বামনায় নমস্তুভ্যং ক্রান্তত্রিভুবনায় চ ।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং বামনায় নমোঽস্তু তে ॥
বামনায় অর্ঘ্যং নমঃ ॥ ৬৩৫ ॥

অনুবাদ—অর্ঘ্যদান মন্ত্র—শ্রীবামনদেবকে নমস্কার, আপনি ত্রিভুবন পদবিক্ষেপ দ্বারা জয় করিয়াছেন, মৎ প্রদত্ত অর্ঘ্য গ্রহণ করুন, বামনরূপী তোমায় নমস্কার। বামনায় অর্ঘ্যং নমঃ—এই মন্ত্রে অর্ঘ্যদান করিবে ॥ ৬৩৫ ॥

মৎস্যং কূর্ম্মং বরাহঞ্চ নরসিংহঞ্চ বামনম্ ।
রামং রামঞ্চ কৃষ্ণঞ্চ ক্রমাদ্দ্বৌ বুদ্ধকল্কিনৌ ॥৬৩৬॥
পাদয়োর্জানুনোর্গুহ্যে নাভ্যামুরসি কক্ষয়োঃ ।
ভুজয়োর্মূর্দ্ধ্নি সর্ব্বাঙ্গেঽবর্চ্চয়েদায়ুধানি চ ॥ ৬৩৭ ॥

অনুবাদ—শ্রীবামনদেবের অঙ্গ পূজন—পদদ্বয়ে মৎস্যায় নম, জানুদ্বয়কে কূর্ম্ময়, গুহ্যে বরাহায়, নাভিতে নরসিংহায়, বক্ষে বামনায়, উভয়কক্ষে পরশুরামায়, ভুজদ্বয়ে রামচন্দ্রায়, মস্তকে শ্রীকৃষ্ণায়, সর্ব্বাঙ্গে বুদ্ধ-কল্কিভ্যাং নমঃ। সর্ব্বেভ্যো আয়ুধেভ্যো নমঃ বলিয়া সকল অস্ত্রের পূজা করিবে ॥৬৩৬-৬৩৭

টীকা—মন্ত্রবিশেষে পূজাবিশেষং লিখতি—মৎস্যমিতি দ্বাভ্যাম্। মৎস্যাদীন্ পাদদ্বয়াদিষ্বঙ্গেষু ক্রমাদর্চ্চয়েৎ। তত্র বুদ্ধকল্কিনৌ দ্বৌ সর্ব্বাঙ্গেঽব-কত্রৈব পূজয়েদিতি বোদ্ধব্যম্, পার্থক্যেন নরকলিখনাৎ। অতএব সমস্তত্বেন তৌ লিখিতৌ তথা দ্বাবিতি চ। কস্যচিন্মতে চ রামদ্বয়মেকত্র। এবমাদিবিবিধোঽর্চ্চাবিধিঃ, তত্র যথাসম্প্রদায়মনুসর্ত্তব্যঃ। প্রয়োগঃ—'ওঁ মৎস্যায় নমঃ পাদয়োঃ' ইত্যাদি মন্ত্রাশ্চেত্তত এব পূর্ব্ববজ্জ্ঞেয়ম্। আয়ুধানি চ পূজয়েৎ—'ওঁ সর্ব্বেভ্য আয়ুধেভ্যো নমঃ' ইতি ॥ ৬৩৬-৬৩৭ ॥

মহাপূজান্ততঃ কৃত্বা গো-মহীং কাঞ্চনাদিকম্।
শক্ত্যাচার্য্যায় দাতব্যং ব্রাহ্মণেভ্যশ্চ মন্ত্রতঃ ॥ ৬৩৮॥

অনুবাদ—অনন্তর ষোড়শ উপচারে মহাপূজা করিয়া গোদান, ভূমিদান, স্বর্ণাদি দান যথাশক্তি আচার্য্যকে এবং ব্রাহ্মণগণকে মন্ত্র উচ্চারণ পূর্ব্বক দান করিবে ॥ ৬৩৮ ॥

টীকা—ব্রাহ্মণেভ্যশ্চ দাতব্যম্ ॥ ৬৩৮ ॥

ব্রাহ্মণশ্চাপি মন্ত্রেণ প্রতিগৃহ্ণাতি মন্ত্রবিৎ।
দদাতি মন্ত্রতো হ্যেব দাতা ভক্তিসমন্বিত ॥ ৬৩৯॥

অনুবাদ—মন্ত্রবিৎ ব্রাহ্মণও মন্ত্রপাঠ পূর্ব্বক গ্রহণ করিবেন, দাতা ভক্তিভরে মন্ত্রপাঠ করিয়া দান করিবেন ॥ ৬৩৯ ॥

তত্র দানমন্ত্রঃ

বামনো বুদ্ধিদো দাতা দ্রব্যস্থো বামনঃ স্বয়ম্।
বামনশ্চ প্রতিগ্রাহী তেন মে বামনে রতিঃ ॥৬৪০॥

অনুবাদ—দানমন্ত্র—শ্রীবামনদেব বুদ্ধিদানকারী, দাতা, দ্রব্যের অধিপতি বামনদেব স্বয়ং, বামন প্রতিগ্রাহী গ্রহিতা, অতএব আমার বামনদেবে প্রীতি হউক ॥ ৬৪০ ॥

প্রতিগ্রহমন্ত্রঃ

বামনঃ প্রতিগৃহ্ণাতি বামনোঽপি দদাতি চ।
বামনস্তারকো দ্বাভ্যাং তেনেদং বামনে নমঃ ॥৬৪১॥

অনুবাদ—দানগ্রহণমন্ত্র—শ্রীবামনদেব গ্রহণ করিতেছেন, বামনদেব দানও করিতেছেন। বামন দেব উভয়রূপেই সংসার তারক, অতএব বামনদেবে নমঃ ॥ ৬৪১ ॥

টীকা—ব্রাহ্মণোঽত্রাচার্য্যোঽন্বেষ্যঃ। দ্বাভ্যাং—দ্বয়োর্দাতৃ-প্রতিগ্রাহিণোঃ ॥ ৬৩৯-৬৪১ ॥

এবং কৃত্বা বিধানেন ভোজনং পৃষদাজ্যকম্।
পূর্ব্বং দদ্যাদ্‌ব্রাহ্মণেভ্যঃ পশ্চাদ্ভুঞ্জীত বন্ধুভিঃ ॥৬৪২

অনুবাদ—বিধিমত এইরূপ অনুষ্ঠান করিয়া প্রথমতঃ ব্রাহ্মণগণকে দধিঘৃত ভোজন করাইয়া পরে বন্ধুগণ সহ ভোজন করিবে ॥ ৬৪২ ॥

টীকা—পৃষদাজ্যকং—দধিমিশ্রং ঘৃতম্ ॥ ৬৪২ ॥

যদ্বামনপুরাণে চ যদ্ভবিষ্যোত্তরে ব্রতম্।
বামনস্যোদিতং তস্যানুসারাল্লিখিতং ত্বিদম্ ॥৬৪৩॥

অনুবাদ—যাহা বামনপুরাণে এবং যাহা ভবিষ্যোত্তরে বামনব্রত বলা হইয়াছে, সেই অনুসারে ইহা লিখিত হইল ॥ ৬৪৩ ॥

টীকা—বামনপুরাণে প্রেতেন শ্রবণদ্বাদশীব্রতমুক্তং, ভবিষ্যোত্তরে চ স্বয়ং ভগবতা শ্রীযুধিষ্ঠিরং প্রতি বামনব্রতং শ্রবণদ্বাদশীব্রতঞ্চ পৃথক্ নিরূপিতম্। তদনুসারতশ্চ বামনস্য ব্রতমিদং লিখিতম্, অতোঽত্র গ্রন্থৈকমাত্রদৃষ্ট্যাঽনাদরো ন কার্য্যা ইতি ভাবঃ ॥৬৪৩

ব্রহ্মবৈবর্ত্তে—
গৃহীত্বা নিয়মং প্রাতর্গত্বা নদ্যোশ্চ সঙ্গমে।
সৌবর্ণং বামনং কৃত্বা সৌবর্ণমাষকেন বা ॥ ৬৪৪ ॥
যথাশক্ত্যাথ বিত্তস্য কুম্ভোপরি জগৎপতিম্।
স্বর্ণপাত্রে স্থাপয়িত্বা মন্ত্রৈরেতৈশ্চ পূজয়েৎ ॥ ৬৪৫॥

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তে—প্রাতঃকালে নিয়ম গ্রহণ করিয়া নদীদ্বয়ের সঙ্গমে গিয়া সুবর্ণময় বামনদেব নির্ম্মাণ করিয়া একমাষা সুবর্ণদ্বারা বা সম্পদ অনুসারে, কুম্ভের উপর স্বর্ণপাত্রে জগৎপতি বামনদেবকে স্থাপন করিয়া উল্লিখিত মন্ত্রে পূজা করিবে ॥ ৬৪৪-৬৪৫ ॥

তত্র বামনপূজা-মন্ত্রঃ

ওঁ বামনায় নমঃ পাদৌ কটিং দামোদরায় চ।
উরূ শ্রীপতয়ে গুহ্যং কামদেবায় পূজয়েৎ ॥৬৪৬ ॥

অনুবাদ—বামন পূজামন্ত্র—শ্রীচরণদ্বয়ে ওঁ বামনায় নমঃ, কটিতে দামোদরায় নমঃ, উরুতে শ্রীপতয়ে নমঃ, গুহ্যে কামদেবায় নমঃ মন্ত্রে পূজা করিবে ॥ ৬৪৬ ॥

পূজয়েজ্জগতাং পত্যুরুদরং বিশ্বধারিণে।
হৃদয়ং যোগনাথায় কণ্ঠং শ্রীপতয়ে নমঃ ॥ ৬৪৭॥

অনুবাদ—জগৎপতির উদর ওঁ বিশ্বধারিণে নমঃ, হৃদয়ে ওঁ যোগনাথায় নমঃ, কণ্ঠে ওঁ শ্রীপতয়ে নমঃ ॥৬৪৭

মুখঞ্চ পঙ্কজাক্ষায় শিরঃ সর্ব্বাত্মনে নমঃ।
ইত্থং সম্পূজ্য বাসোভিরাচ্ছাদ্য চ জগদ্গুরুম্।
দদ্যাৎ সুশ্রদ্ধয়া চার্ঘ্যং নারিকেলাদিভিঃ ফলৈঃ ॥৬৪৮

অনুবাদ—মুখে ওঁ পঙ্কজাক্ষায় নমঃ, মস্তকে ওঁ সর্ব্বাত্মনে নমঃ, এই ভাবে পূজা করিয়া বস্ত্রসমূহ দ্বারা আচ্ছাদন করিয়া জগদ্গুরুকে উত্তম শ্রদ্ধাসহ নারিকেল ফলাদি সহ শঙ্খে করিয়া অর্ঘ্য দান করিবে ॥ ৬৪৮ ॥

তত্র অর্ঘ্যদানমন্ত্রঃ

ওঁ নমো নমস্তে গোবিন্দ বুধশ্রবণসংজ্ঞক।
অঘৌঘসংক্ষয়ং কৃত্বা প্রেতমোক্ষপ্রদো ভব ॥
ইতি ॥ ৬৪৯ ॥

অনুবাদ—অর্ঘ্যদান মন্ত্র—প্রণব সহ নমো নমস্তে হে গোবিন্দ! হে বুধশ্রবণনামক! আমার পাপসমূহ সম্যক্ ক্ষয় করিয়া প্রেতমোক্ষ প্রদান করুন ॥ ৬৪৯ ॥

ছত্রোপানহগোদানং দদ্যাদত্র কমণ্ডলুম্।
বিশেষেণ দ্বিজাগ্র্যায় বামনঃ প্রীয়তামিতি ॥৬৫০॥

অনুবাদ—ছত্র, পাদুকা, কমণ্ডলু এবং গো-দান করিবে, বিশেষতঃ ব্রাহ্মণকে 'বামনদেব প্রীত হউন' —এই বাক্যে ॥ ৬৫০ ॥

যথাশক্ত্যা চ দানানি দ্বিজাগ্রেভ্যঃ প্রদাপয়েৎ।
কুর্য্যাজ্জাগরণং রাত্রৌ গীতশাস্ত্রসমন্বিতম্ ॥৬৫১॥

অনুবাদ—যথাশক্তি দানসমূহ ব্রাহ্মণগণকে প্রদান করিবে এবং রাত্রিতে গীত ও শাস্ত্রপাঠ সহ জাগরণ করিবে ॥ ৬৫১ ॥

শ্রদ্ধয়া পরয়া যুক্তো নিশামনিমিষেক্ষণঃ।
প্রভাতে ভোজয়েদ্বিপ্রান্ দ্বাদশ্যাং পারণং ততঃ ॥৬৫২
কুর্য্যাৎ স্বয়ং শ্রদ্ধয়া তৎ সর্ব্বং সফলতাং ব্রজেৎ ॥৬৫৩

অনুবাদ—পরমশ্রদ্ধাযুক্ত হইয়া নিশিজাগরণ করিয়া দ্বাদশীর প্রভাতে ব্রাহ্মণভোজন করাইয়া অনন্তর স্বয়ং পারণ করিবে। শ্রদ্ধাসহ করিলে ঐ সকল সফল হয় ॥ ৬৫২-৬৫৩ ॥

তন্মাহাত্ম্যম্

তত্রৈব—

এবং কৃতে তু কালেয় ব্রতেঽস্মিন্ বিজয়াদিনে।
ন দুর্ল্লভতরং কিঞ্চিদিহলোকেঽথবা পরে ॥৬৫৪॥

অনুবাদ—ব্রত মাহাত্ম্য, ঐ পুরাণেই—হে কালেয়! বিজয়া দিনে এইব্রতে এইরূপ করিলে ইহলোকে বা পরলোকে কোন বস্তুই দুর্ল্লভতর হয় না ॥ ৬৩৪ ॥

ফলমস্য ব্রতস্যোক্তং দত্ত্বা পিত্রোর্নরোত্তমঃ।
বংশোদ্ধারকরো মুক্তিং যাতি পৈত্র্যাৎ ঋণাদপি ॥৬৫৫

অনুবাদ—যে নরোত্তম মাতাপিতার উদ্দেশ্যে এই ব্রতের ফল দান করেন, তিনি বংশোদ্ধারকারী এবং পিতৃঋণ হইতেও মুক্তিলাভ করেন ॥ ৬৫৫ ॥

ন পাবনতরং কিঞ্চিদতঃ পরমিহোচ্যতে।
বিজয়াব্রততুল্যঞ্চ ন পরং পরিপঠ্যতে ॥ ৬৫৬ ॥

অনুবাদ—অতঃপর ইহা হইতে অধিক পবিত্রকারী কিছুই নাই। বিজয়াব্রত তুল্য অপর কিছুই শাস্ত্রে উল্লেখ নাই ॥ ৬৫৬ ॥

ভবিষ্যোত্তরে চ—

সমাপ্তে তু ব্রতে তস্মিন্ যৎ পুণ্যং তন্নিবোধ মে।
চতুর্যুগানি রাজেন্দ্র সপ্তসপ্ততি-সংখ্যয়া ॥ ৬৫৭ ॥

প্রাপ্য বিষ্ণুপুরং রাজন্ ক্রীড়তে কালমক্ষয়ম্।
ইহাগত্য ভবেদ্রাজা প্রতিপক্ষভয়ঙ্করঃ ॥ ৬৫৮ ॥

অনুবাদ—ভবিষ্যোত্তরেও—হে রাজেন্দ্র! ব্রত সমাপ্ত হইলে পর তাহাতে যে পুণ্য তাহা আমার নিকট হইতে জান—ভগবদ্ধামে গমন করিয়া সপ্ত-সপ্ততি (৭৭) চতুর্যুগ অক্ষয় কাল ক্রীড়া করে। পরে ইহলোকে আসিয়া শত্রু ভয়ঙ্কর রাজা হয় ॥ ৬৫৭-৬৫৮ ॥

হস্ত্যশ্বরথযানানাং দাতা ভোক্তা বিমৎসরঃ।
রূপসৌভাগ্যসম্পন্নো দীর্ঘায়ুর্নীরুজো ভবেৎ ॥৬৫৯॥

অনুবাদ—নিরহঙ্কারী, হস্তি, অশ্ব, রথ ও যান-সমূহের দাতা, ভোক্তা, রূপবান্, সৌভাগ্যবান্, দীর্ঘায়ু নীরোগ হয় ॥ ৬৫৯ ॥

পুত্রপৌত্রৈঃ পরিবৃতো জীবেচ্চ শরদাং শতম্ ॥৬৬০॥

অনুবাদ—পুত্র, পৌত্রগণ সহ পরিবৃত হইয়া শত বৎসর জীবিত থাকে ॥ ৬৬০ ॥

অথাশ্বিনকৃত্যম্

আশ্বিনস্য সিতে পক্ষে দশম্যাং বিজয়োৎসবঃ।
কর্ত্তব্যো বৈষ্ণবৈঃ সার্দ্ধং সর্ব্বত্র বিজয়ার্থিনা ॥৬৬১॥

অনুবাদ—অনন্তর আশ্বিনকৃত্য—আশ্বিনমাসের শুক্লপক্ষে দশমী তিথিতে বিজয়োৎসব। বৈষ্ণবগণের সঙ্গে সর্ব্বত্র ইহপরলোকে উন্নতিকামীগণ কর্ত্তৃক এই উৎসব কর্ত্তব্য ॥ ৬৬১ ॥

টীকা—সর্ব্বত্র অস্মিন্ লোকে পরস্মিংশ্চ, বিজয়ার্থিনা উৎকর্ষেচ্ছুনা ॥ ৬৬১ ॥

অথ বিজয়োৎসববিধিঃ

রথমারোপ্য দেবেশং সর্ব্বালঙ্কারশোভিতম্।
সাসিতূণধনুর্ব্বাণপাণিং নক্তঞ্চরান্তকম্ ॥ ৬৬২ ॥
স্বলীলয়া জগত্ত্রাতুমাবির্ভূতং রঘূদ্বহম্।
রাজোপচারৈঃ শ্রীরামং শমীবৃক্ষতলং নয়েৎ ॥৬৬৩॥

অনুবাদ—অনন্তর বিজয়োৎসব বিধি—সর্ব্ববিধ অলঙ্কার ভূষিত, অসি-তূণ-ধনুর্বাণধারী, রাক্ষস নিধন-কারী নিজ লীলা দ্বারা জগদ্বাসীর পরিত্রাণের নিমিত্ত আবির্ভূত দেবদেব রঘুকুলতিলক শ্রীরামচন্দ্রকে মহা-রাজ উপচারের সহিত শমীবৃক্ষতলে রথে আরো-হণ করিয়া লইয়া যাইবেন ॥ ৬৬২-৬৬৩ ॥

সীতাকান্তং শমীযুক্তং ভক্তানামভয়ঙ্করম্।
অর্চ্চয়িত্বা শমীবৃক্ষমর্চ্চয়েদ্বিজয়াপ্তয়ে ॥ ৬৬৪ ॥

অনুবাদ—ভক্তগণকে অভয়দানকারী সীতাকান্ত শ্রীরামচন্দ্রকে শমীযুক্তভাবে পূজা করিয়া লাভের জন্য শমীবৃক্ষকেও পূজা করিবেন ॥ ৬৬৪ ॥

অথ তন্মন্ত্রঃ

শমী শময়তে পাপং শমী লোহিতকণ্টকা।
ধরিত্র্যর্জ্জুনবাণানাং রামস্য প্রিয়বাদিনী ॥ ৬৬৫ ॥
করিষ্যমাণা যা যাত্রা যথাকালং সুখং ময়া।
তত্র নির্ব্বিঘ্নকর্ত্রী ত্বং ভব শ্রীরামপূজিতে ॥
ইতি ॥ ৬৬৬ ॥

অনুবাদ—অনন্তর শমীপূজামন্ত্র—শমী পাপ দমন করে, শমী রক্ত কণ্টকা, অর্জ্জুনের বাণসমূহের ধারণকারিণী, রামচন্দ্রের প্রিয়বাদিনী, হে শ্রীরাম-পূজিতে! যথা সময়ে সুখে যে যাত্রা করিব তাহাতে নির্ব্বিঘ্নকারিণী তুমি হও ॥ ৬৬৫-৬৬৬ ॥

গৃহীত্বা সাক্ষতামার্দ্রাং শমীমূলগতাং মৃদম্।
গীতবাদিত্রনির্ঘোষৈস্ততো দেবং গৃহে নয়েৎ ॥৬৬৭॥

অনুবাদ—অক্ষতযুক্ত শমীমূলস্থিত ভিজা মাটি লইয়া গীত-বাদ্যাদি-ধ্বনিসহ শ্রীরামচন্দ্রকে গৃহে আনিবে ॥ ৬৬৭ ॥

কৈশ্চিদৃক্ষৈস্তত্র ভাব্যং কৈশ্চিত্তাব্যঞ্চ বানরৈঃ।
কৈশ্চিদ্রক্ষোমুখৈর্ভাব্যং কোশলেন্দ্রস্য তুষ্টয়ে ॥৬৬৮॥

অনুবাদ—তন্মধ্যে কোশলপতির সন্তুষ্টির জন্য কেহ কেহ নিজেকে জাম্বুমান, কেহ কেহ বানর, কেহ কেহ রক্তমুখ বানর ভাবনা করিবেন ॥ ৬৬৮ ॥

টীকা—ঋক্ষাদিভির্ভাব্যমিতি তচ্চেষ্টাদিকমনুসর্ত্তব্যমিত্যর্থঃ ॥ ৬৬৮ ॥

নির্জ্জিতা রাক্ষসা দৈত্যা বৈরিণো জগতীতলে।
রামরাজ্যং রামরাজ্যং রামরাজ্যমিতি ব্রুবন্।
আনীয় স্থাপয়েদেবং নিজসিংহাসনে সুখম্ ॥৬৬৯॥

অনুবাদ—পরে এই ভূমণ্ডলের রাক্ষস দৈত্য ও শত্রুগণ নির্জ্জিত হইয়াছে। অধুনা রামরাজ্য রামরাজ্য রামরাজ্য এইরূপ ধ্বনি করিতে করিতে শ্রীবিগ্রহকে আনিয়া নিজ সিংহাসনে সুখে স্থাপন করিবেন ॥ ৬৬৯ ॥

ততো নীরাজ্য দেবেশং প্রণমেদ্দণ্ডবদ্ভুবি।
মহাপ্রসাদবস্ত্রাদি ধারয়েদ্বৈষ্ণবৈঃ সহ ॥ ৬৭০ ॥

অনুবাদ—অনন্তর আরতি করিয়া শ্রীভগবান্‌কে ভূমিতে দণ্ডবৎ প্রণাম করিবেন এবং বৈষ্ণববৃন্দ সহ মহাপ্রসাদ বস্ত্রাদি নির্ম্মাল্য ধারণ করিবেন ॥ ৬৭০॥

ইতি শ্রীবিষ্ণুধর্ম্মোক্তানুসারেণ ব্যলেখ্যয়ম্।
বিধিঃ শ্রীরামবিজয়োৎসবস্যোৎসবকৃৎ সতাম্ ॥৬৭১

অনুবাদ—এই বিধি শ্রীবিষ্ণুধর্ম্মোক্তানুসারে বিশেষভাবে লিখিত হইল। সাধুগণের আনন্দদায়িনী এই শ্রীরামচন্দ্রের বিজয়োৎসব ॥ ৬৭১ ॥

টীকা—শ্রীরামবিজয়োৎসবস্য বিধিঃ, উৎসবকৃৎ আনন্দজনকঃ ॥ ৬৭১ ॥

সীতা দৃষ্টেতি হনুমদ্বাক্যং শ্রুত্বাহকরোৎ প্রভুঃ।
বিজয়ং বানরৈঃ সার্দ্ধং বাসরেহস্মিন্
শমীতলাৎ ॥ ৬৭২ ॥

ইতি শ্রীগোপালভট্ট-বিলিখিতে শ্রীমদ্ভগবদ্ভক্তিবিলাসে দিব্যাবির্ভাবো নাম পঞ্চদশো বিলাসঃ।

অনুবাদ—সীতাদেবীকে আমি দেখিয়া আসিয়াছি—এই শ্রীহনুমানের বাক্য শ্রবণ করিয়া প্রভু শ্রীরামচন্দ্র বানরগণের সহিত এই দিবসে শমীবৃক্ষতল হইতে লঙ্কা বিজয়ের জন্য যাত্রা করেন ॥ ৬৭২ ॥

ইতি শ্রীগোপালভট্ট বিলিখিত শ্রীমদ্ ভগবদ্ভক্তি বিলাসে দিব্যাবির্ভাব নামক পঞ্চদশ বিলাস সমাপ্ত ॥

টীকা—তস্মিন্ দিনে শমীবৃক্ষতলে তৎপূজাদিকারণং লিখতি সীতেতি ॥ ৬৭২ ॥

ইতি পঞ্চদশো বিলাসঃ ॥

ষোড়শ-বিলাসঃ

অথ কার্ত্তিককৃত্যম্

দামোদরং প্রপদ্যেহহং শ্রীরাধারমণং প্রভুম্।
প্রভাবাদ্যস্য তৎপ্রেষ্ঠঃ কার্ত্তিকঃ সেবিতো ভবেৎ ॥১॥

অনুবাদ—অনন্তর কার্ত্তিক কৃত্য—কার্ত্তিকমাসের অধিষ্ঠাতৃদেব শ্রীরাধিকার সহিত শ্রীদামোদরে আমি প্রপন্ন হই। যাঁহার প্রভাবে তাঁহার প্রিয়তম কার্ত্তিকমাস সেবিত হইবেন ॥ ১ ॥

টীকা—শ্রীভগবৎপ্রিয়তমকার্ত্তিকমাসকৃত্যং লিখন্ তদধিষ্ঠাতৃদেবং শ্রীরাধিকাসহিতং শ্রীদামোদরং শরণং যাতি—দামোদরমিতি। সেবিতঃ কৃত্যলিখনাদিদ্বারা ॥ ১ ॥

ভাতি কার্ত্তিককৃত্যাদি স্কান্দ-পাদ্মাদিষু স্ফুটম্।
তথাপ্যেকত্র সংগৃহ্য সারতোহত্র বিলিখ্যতে ॥ ২ ॥

অনুবাদ—স্কন্দ ও পদ্মপুরাণাদিতে কার্ত্তিককৃত্যাদি

পরিস্ফুট ভাবে প্রকাশিত আছে। তথাপি এই গ্রন্থে একত্র সংগ্রহ করিয়া সারাংশ লিখিত হইতেছে ॥ ২॥

টীকা—তৎকৃত্যাদিকঞ্চ সর্ব্বত্রৈব প্রসিদ্ধমিতি লিখতি—ভাতীতি। আদিশব্দাৎ তন্মাহাত্ম্যাদি। ননু তর্হি কিমত্র তল্লিখনেন? তত্র লিখতি—তথাপীতি। সারত ইতি—তত্র তত্র বিবিধকর্ম্মমিশ্রিতং সাধারণঞ্চ বর্ত্ততে, অত্র চ কেবলং তদেব বিশিষ্টং লেখ্যমিতি ॥২

কার্ত্তিকেঽস্মিন্ বিশেষেণ নিত্যং কুর্ব্বীত বৈষ্ণবঃ।
দামোদরার্চ্চনং প্রাতঃ স্নানদানব্রতাদিকম্ ॥ ৩ ॥

অনুবাদ—এই কার্ত্তিকমাসে বৈষ্ণব বিশেষতঃ নিত্য শ্রীদামোদরের অর্চ্চন প্রাতঃস্নান দান ব্রতাদি করিবেন ॥ ৩ ॥

টীকা—তত্রাদৌ কার্ত্তিককৃত্যানিয়মনিত্যতাং লিখিষ্যন্ তদর্থং সংক্ষেপেণ তত্র নিত্যকৃত্যং দিন-বিশেষকৃত্যঞ্চ লিখতি—কার্ত্তিক ইতি দ্বাভ্যাম্। আদিশব্দেন দীপদান-রাত্রিশেষজাগরণাদি, তচ্চ সর্ব্বং সবিশেষমগ্রে ব্যক্তং ভাবি ॥ ৩ ॥

তথা দিনবিশেষে যদ্ভগবৎপূজনাদিকম্।
কুর্য্যাদ্বিধিবিশেষেণ লেখ্যমগ্রে বিবিচ্য তৎ ॥ ৪ ॥

অনুবাদ—সেইরূপ বিশেষ বিশেষ দিনে যে শ্রীভগবৎ-পূজনাদি বিশেষ বিধিবলে করিবেন, তাহা অগ্রে বিচার পূর্ব্বক লিখিত হইবে ॥ ৪ ॥

টীকা—তথেতি সমুচ্চয়ে। দানবিশেষে কৃষ্ণাষ্ট-ম্যাদৌ, আদি-শব্দেন স্নানাদি ॥ ৪ ॥

অথ কার্ত্তিকব্রতনিত্যতা

স্কান্দে ব্রহ্মনারদসংবাদে—

দুষ্প্রাপ্যং প্রাপ্য মানুষ্যং কার্ত্তিকোক্তং চরেন্ন হি।
ধর্ম্মং ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠ স মাতৃপিতৃঘাতকঃ ॥ ৫ ॥'

অনুবাদ—অনন্তর কার্ত্তিকব্রতের নিত্যতা, স্কন্দ-পুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে—দুর্ল্লভ মনুষ্যজন্ম লাভ করিয়া যে মানব কার্ত্তিকব্রতের কথিত ধর্ম্ম আচরণ না করেন, হে ধার্ম্মিকবর সে মাতৃপিতৃ-ঘাতক জানি-বেন ॥ ৫ ॥

অব্রতেন ক্ষিপেদ্‌যস্তু মাসং দামোদরপ্রিয়ম্।
তির্য্যগ্‌যোনিমবাপ্নোতি সর্ব্বধর্ম্মবহিষ্কৃতঃ ॥ ৬ ॥

অনুবাদ—দামোদর প্রিয় কার্ত্তিকমাস যে মানব ব্রতহীনভাবে অতিবাহিত করে, সে মানব সর্ব্বধর্ম্ম বর্জ্জিত হইয়া পশুপক্ষী জন্ম লাভ করে ॥ ৬ ॥

টীকা—কার্ত্তিকে উক্তং কৃত্যত্বেনাভিমতং ধর্ম্মং ব্রতাদিকং যো নাচরেৎ, অব্রতেন ব্রতং বিনা ব্রতং চাত্রানুদয়স্নানাদিনিয়মঃ কিঞ্চিদ্ভক্ষ্যত্যাগরূপনিয়মো বা; তত্র চ সদানুদয়স্নানাদিপরাণামন্যমাসতোঽত্র কশ্চিত্তত্তদ্বিবিশেষঃ, ভৈক্ষ্যাহারিণাং তত্র তত্রোক্তানাং যতিপ্রভৃতীনাং নামসংকীর্ত্তনাদিনিয়মবিশেষো জ্ঞেয় ইতি দিক্ ॥ ৫-৬ ॥

স ব্রহ্মহা স গোঘ্নশ্চ স্বর্ণস্তেয়ী সদানৃতী।
ন করোতি মুনিশ্রেষ্ঠ যো নরঃ কার্ত্তিকে ব্রতম্ ॥৭॥

অনুবাদ—হে মুনিবর! যে মানব কার্ত্তিকে ব্রত না করে, সে ব্রহ্মঘাতী, গোঘাতী, স্বর্ণচৌর ও সর্ব্বদা মিথ্যাবাদী ॥ ৭ ॥

টীকা—অনৃতী—মিথ্যাবাদী ॥ ৭ ॥

বিধবা চ বিশেষেণ ব্রতং যদি ন কার্ত্তিকে।
করোতি মুনিশার্দ্দূল নরকং যাতি সা ধ্রুবম্ ॥ ৮ ॥

অনুবাদ—বিশেষতঃ যে বিধবানারী কার্ত্তিক ব্রত না করে, হে মুনিশ্রেষ্ঠ! সে সত্যই নরকে গমন করে ॥ ৮ ॥

ব্রতন্তু কার্ত্তিকে মাসে যদা ন কুরুতে গৃহী।
ইষ্টাপূর্ত্তং বৃথা তস্য যাবদাহূতনারকী ॥ ৯ ॥

অনুবাদ—কার্ত্তিকমাসে যে গৃহী ব্রত না করে, তাহার যজ্ঞদানাদি বৃথা হয় এবং কল্পকাল নরকবাসী হয় ॥ ৯ ॥

সম্প্রাপ্তে কার্ত্তিকে মাসে দ্বিজো ব্রতপরাঙ্মুখঃ।
ভবন্তি বিমুখাঃ সর্ব্বে তস্য দেবাঃ সবাসবাঃ ॥১০॥

অনুবাদ—কার্ত্তিকমাস প্রাপ্ত হইয়া যে দ্বিজ ব্রত বিমুখ, দেবরাজসহ দেবগণ সকলে তাহার প্রতি বিমুখ ॥ ১০ ॥

ইষ্ট্বা চ বহুভির্যজ্ঞৈঃ কৃত্বা শ্রাদ্ধশতানি চ।
স্বর্গং নাপ্নোতি বিপ্রেন্দ্র অকৃত্বা কার্ত্তিকে ব্রতম্ ॥১১॥

অনুবাদ—হে বিপ্রেন্দ্র! বহুযজ্ঞ দ্বারা যজন করিয়া এবং শতবার শ্রাদ্ধ করিয়াও কার্ত্তিকে ব্রত না করার ফলে স্বর্গ প্রাপ্ত হয় না ॥ ১১ ॥

যতিশ্চ বিধবা চৈব বিশেষেণ বনাশ্রমী।
কার্ত্তিকে নরকং যান্তি অকৃত্বা বৈষ্ণবং ব্রতম্ ॥১২॥

অনুবাদ—কার্ত্তিকে বৈষ্ণবব্রত না করার ফলে সন্ন্যাসী, বিধবা ও বিশেষতঃ বনাশ্রমী ব্যক্তি নরকে যায় ॥ ১২ ॥

টীকা—বৈষ্ণবমিতি, স্বরূপনির্দ্দেশঃ, সর্ব্বস্যাপি কার্ত্তিকব্রতস্য বিষ্ণুপরত্বাৎ ॥ ১২ ॥

বেদৈরধীতৈঃ কিন্তস্য পুরাণপঠনৈশ্চ কিম্।
কৃতং যদি ন বিপ্রেন্দ্র কার্ত্তিকে বৈষ্ণবং ব্রতম্ ॥১৩॥

অনুবাদ—হে বিপ্রবর! কার্ত্তিকে যদি সে বৈষ্ণব ব্রত না করিল, তাহার বেদসমূহ অধ্যয়নে কি ফল? এবং পুরাণসমূহ পাঠে কি ফল? ১৩ ॥

জন্মপ্রভৃতি যৎ পুণ্যং বিধিবৎ সমুপার্জ্জিতম্।
ভস্মীভবতি তৎ সর্ব্বমকৃত্বা কার্ত্তিকব্রতম্ ॥ ১৪ ॥

অনুবাদ—কার্ত্তিক ব্রত না করায় জন্মাবধি বিধিবৎ পুণ্য উপার্জ্জনেও সে সকল পুণ্য ভস্মীভূত হয় ॥ ১৪ ॥

যদ্দত্তঞ্চ পরং জপ্তং কৃতঞ্চ সুমহত্তপঃ।
সর্ব্বং বিফলতামেতি অকৃত্বা কার্ত্তিকে ব্রতম্ ॥১৫॥

অনুবাদ—কার্ত্তিকে ব্রত না করিলে যে উৎকৃষ্ট দান, সুমহৎ তপস্যা ও জপ সকলই বিফল হয় ॥ ১৫ ॥

সপ্তজন্মার্জ্জিতং পুণ্যং বৃথা ভবতি নারদ।
অকৃত্বা কার্ত্তিকে মাসি বৈষ্ণবং ব্রতমুত্তমম্ ॥ ১৬ ॥

অনুবাদ—হে নারদ! কার্ত্তিকমাসে উত্তম বৈষ্ণব-ব্রত না করিলে সপ্তজন্মার্জ্জিত পুণ্য বৃথা হয় ॥ ১৬ ॥

পাপভূতাস্তু তে জ্ঞেয়া লোকে মর্ত্ত্যা মহামুনে।
বৈষ্ণবাখ্যং ব্রতং যৈস্তু ন কৃতং কার্ত্তিকে শুভম্ ॥১৭॥

অনুবাদ—হে মহামুনে! যাহারা কার্ত্তিকে পবিত্র বৈষ্ণবব্রত না করে ইহলোকে সেই মানবগণ পাপ-মূর্ত্তি জানিবেন ॥ ১৭ ॥

কিঞ্চ—
অকৃত্বা নিয়মং বিষ্ণোঃ কার্ত্তিকং যঃ ক্ষিপেন্নরঃ।
জন্মার্জ্জিতস্য পুণ্যস্য ফলং নাপ্নোতিনারদ ॥ ১৮ ॥

অনুবাদ—আরও—শ্রীবিষ্ণুর নিয়ম না করিয়া যে ব্যক্তি কার্ত্তিক মাস অতিবাহিত করে, হে নারদ! সে জন্মার্জ্জিত পুণ্যের ফল পায় না ॥ ১৮ ॥

কিঞ্চ—
নিয়মেন বিনা চৈব যো নয়েৎ কার্ত্তিকং মুনে।
চাতুর্ম্মাস্যং তথা চৈব ব্রহ্মহা স কুলাধমঃ ॥ ১৯ ॥

অনুবাদ—আরও—হে মুনে! নিয়মব্যতীত যে কার্ত্তিকমাস যাপন করে এবং চাতুর্ম্মাস্য ব্রত না করে, সে কুলাধম ব্রহ্মঘাতী ॥ ১৯ ॥

টীকা—তথা চাতুর্ম্মাস্যমিতি চাতুর্ম্মাস্যব্রতস্যাপি নিত্যত্বং দর্শয়িত্বা দৃষ্টান্তত্বেনাত্রোদাহৃতমিতি। এবমগ্রেঽপি ॥ ১৯ ॥

কিঞ্চ—
পিণ্ডদানং পিতৃণাঞ্চ পিতৃপক্ষে ন বৈ কৃতম্।
ব্রতং ন কার্ত্তিকে মাসি শ্রাবণ্যামৃষিতর্পণম্ ॥ ২০ ॥

চৈত্রে নান্দোলিতো বিষ্ণুর্মাঘস্নানং ন সজ্জলে।
ন কৃতামর্দ্দকী পুষ্যে শ্রাবণে রৌহিণ্যাষ্টমী ॥ ২১॥
সঙ্গমে ন কৃতা যেন দ্বাদশী শ্রবণান্বিতা।
কুত্র যাস্যতি তে মূঢ়া নাহং বেদ্মি কলিপ্রিয় ॥ ২২॥

অনুবাদ—আরও—হে শ্রীনারদ! যে বা যাহারা পিতৃপক্ষে পিতৃগণের পিণ্ডদান না করে, কার্ত্তিকে ব্রত না করে, শ্রাবণী পূর্ণিমাতে ঋষিতর্পণ না করে। চৈত্রমাসে বিষ্ণুর দোল না করে, পবিত্র জলে মাঘস্নান না করে। পুষ্যানক্ষত্রে আমলকীব্রত না করে, শ্রাবণে জন্মাষ্টমী না করে, শ্রবণদ্বাদশীতে সঙ্গমে স্নান না করে, সেই মূঢ়গণ কোথায় যাইবে আমি তাহা জানি না ॥ ২০-২২॥

টীকা—আমর্দ্দকী—আমর্দ্দকীব্রতম্; এবমগ্রেঽপি ॥ ২১ ॥

পাদ্মে চ শ্রীনারদশৌনকাদিমুনিগণ-সংবাদে—
মানুষঃ কর্ম্মভূমৌ যঃ কার্ত্তিকং নয়তে মুধা।
চিন্তামণিং করে প্রাপ্য ক্ষিপ্যতে কর্দ্দমাম্বুনি ॥ ২৩॥

অনুবাদ—পদ্মপুরাণে শ্রীনারদ-শৌনকাদি মুনিগণ-সংবাদে—ভারতবর্ষে যে মানব কার্ত্তিকমাস নিয়মব্যতীত অতিবাহিত করে, সে হস্তে চিন্তামণি পাইয়া কর্দ্দমজলে নিক্ষেপ করে ॥ ২৩॥

টীকা—মুধেতি নিয়মং বিনেত্যর্থঃ ॥ ২৩॥

নিয়মেন বিনা বিপ্রাঃ কার্ত্তিকং যঃ ক্ষিপেন্নরঃ।
কৃষ্ণঃ পরাঙ্মুখস্তস্য যস্মাদূর্জ্জোঽস্য বল্লভঃ ॥২৪॥

অনুবাদ—হে বিপ্রগণ! নিয়মব্যতীত যে ব্যক্তি কার্ত্তিকমাস যাপন করে, তাহার প্রতি কৃষ্ণ পরাঙমুখ, যেহেতু উর্জ্জাব্রত শ্রীকৃষ্ণের প্রিয় ॥ ২৪ ॥

অথ তত্র বিশেষেণ স্নানদানাদি-সৎকর্ম্মনিত্যতা

স্কান্দে তত্রৈব—
যৈর্ন দত্তং হুতং জপ্তং ন স্নানং ন হরের্ব্রতম্।
ন কৃতং কার্ত্তিকে পুত্র দ্বিজাস্তে বৈ নরাধমাঃ ॥২৫॥

অনুবাদ—অনন্তর কার্ত্তিকে বিশেষ স্নানদানাদি সৎকর্ম্ম নিত্যতা. স্কন্দপুরাণে কার্ত্তিকব্রতে—হে পুত্র! যাহারা কার্ত্তিকে দান, হোম, জপ, স্নান ও শ্রীহরিব্রত না করে, সেই দ্বিজগণ নরাধম ॥ ২৫ ॥

টীকা—এবং সামান্যতো ব্রতস্য নিত্যতাং লিখিত্বেদানীং দানাদিকর্ম্মবিশেষস্য লিখতি—যৈর্ন দত্তমিত্যাদি-ষড়্‌ভিঃ। স্নানমিতি পাঠে স্নপনমিত্যর্থঃ, তেনাপি পূজৈব লক্ষ্যতে। ব্রতং কৃচ্ছ্রাদি কিঞ্চিদ্ভক্ষ্যত্যাগাদি বা, কিংবা, দত্তাদিরূপমেতদ্ধরের্ব্রতং, পুত্র হে শ্রীনারদ ॥ ২৫ ॥

কিঞ্চ—
যৈর্ন দত্তং হুতং জপ্তং কার্ত্তিকে ন ব্রতং কৃতম্।
তেনাত্মা হারিতো নূনং ন প্রাপ্তং প্রার্থিতং ফলম্ ॥২৬

অনুবাদ—আরও—যাহারা কার্ত্তিকে দান, হোম, জপ ও ব্রত না করিল, সেই কারণে নিশ্চয়ই আত্মাকে বঞ্চিত করিল, প্রার্থিত ফল পাইল না ॥ ২৬ ॥

কিঞ্চ—
সম্প্রাপ্তে কার্ত্তিকে মাসি যে রতা ন জনার্দ্দনে।
তেষাং সৌরিপুরে বাসঃ পিতৃভিঃ সহ নারদ ॥২৭॥

অনুবাদ—আরও—হে নারদ! কার্ত্তিকমাস প্রাপ্ত হইয়া যাহারা জনার্দ্দনে ভক্তি না করিল, পিতৃগণের সহিত যমপুরে তাহাদের বাস হয় ॥ ২৭ ॥

টীকা—ন রতাঃ পূজাদিনা ন ভক্তাঃ, প্রীতিং ন কৃতবন্তো বা ॥ ২৭ ॥

কিঞ্চ—
কার্ত্তিকে নার্চ্চিতো যৈস্তু ভক্তিভাবেন কেশবঃ।
নরকং তে গমিষ্যন্তি যমদূতৈস্তু যন্ত্রিতাঃ ॥ ২৮ ॥

অনুবাদ—আরও—যাহারা কার্ত্তিকে ভক্তিভাবে কেশবদেবের অর্চ্চনা না করিল, তাহারা যমদূতগণ কর্ত্তৃক বন্ধন প্রাপ্ত হইয়া নরকে গমন করিবে ॥ ২৮॥

টীকা—ভক্তৌ ভাব একাগ্রতা, তেনেত্যর্থঃ ॥২৮॥

জন্মকোটিসহস্রৈস্তু মানুষ্যং প্রাপ্য দুর্ল্লভম্ ।
কার্ত্তিকে নার্চ্চিতো বিষ্ণুর্হারিতং তেন জন্ম বৈ ॥২৯॥

অনুবাদ—সহস্র কোটি জন্মের সাধনের ফলে দুর্ল্লভ মানবজন্ম প্রাপ্ত হইয়া যে কাত্তিকে শ্রীবিষ্ণুর অর্চ্চন করিল না, তাহার জন্ম বিফলে গেল ॥ ২৯ ॥

———

বিষ্ণোঃ পূজা কথা বিষ্ণোর্বৈষ্ণবানাঞ্চ দর্শনম্ ।
ন ভবেৎ কার্ত্তিকে যস্য হন্তি পুণ্যং দশাব্দিকম্ ॥৩০॥

অনুবাদ—যাহার কাত্তিকমাসে বিষ্ণুপূজা, বিষ্ণু-কথা, বৈষ্ণবগণের দর্শন না হয় তাহার দশবার্ষিক পুণ্য নষ্ট হয় ॥ ৩০ ॥

———

অথ কাত্তিকমাহাত্ম্যম্

কার্ত্তিকস্য তু মাহাত্ম্যং প্রাক্ সামান্যেন লিখ্যতে ।
ততো বিশেষতস্তত্র কর্ম্মদেশাদিভেদতঃ ॥ ৩১ ॥

অনুবাদ—অনন্তর কাত্তিক মাহাত্ম্য—কাত্তিক মাসের মাহাত্ম্য প্রথমে সাধারণভাবে লিখিত হইতেছে, অনন্তর বিশেষ ভাবে কাত্তিকে কর্ম্মভেদে, দেশভেদে মাহাত্ম্য লিখিত হইবে ॥ ৩১ ॥

টীকা—তত্র কাত্তিকে কর্ম্মাদিভেদেন যো বিশেষস্তেন, আদি-শব্দাত্তীর্থাদি ॥ ৩১ ॥

———

অথ সামান্যতঃ কাত্তিকমাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—

কার্ত্তিকস্য তু মাসস্য কোট্যংশেনাপি নার্হতি ।
সর্ব্বতীর্থেষু যৎ স্নানং সর্ব্বদানেষু যৎ ফলম্ ॥৩২॥

অনুবাদ—অনন্তর সামান্যভাবে কাত্তিকমাহাত্ম্য, স্কন্দপুরাণে কাত্তিক প্রসঙ্গে—সর্ব্বতীর্থে যে স্নান সর্ব্বদানের যে ফল, কাত্তিকমাসের কোটি অংশের একাংশেরও সমান হয় না ॥ ৩২ ॥

টীকা—কাত্তিকস্য কাত্তিককৃত্যমাহাত্ম্যস্য কোট্যংশানামেকেনাপ্যংশেন সর্ব্বতীর্থস্নানাদিফলং সমতাং নার্হতীত্যর্থঃ ॥ ৩২ ॥

———

একতঃ সর্ব্বতীর্থানি সর্ব্বে যজ্ঞাঃ সদক্ষিণাঃ ।
একতঃ পুষ্করে বাসঃ কুরুক্ষেত্রে হিমাচলে ॥ ৩৩ ॥
মেরুতুল্যসুবর্ণানি সর্ব্বদানানি চৈকতঃ ।
একতঃ কার্ত্তিকো বৎস সর্ব্বদা কেশবপ্রিয়ঃ ॥৩৪॥

অনুবাদ—একদিকে সর্ব্বতীর্থ, দক্ষিণাসহ সর্ব্বযজ্ঞ, পুষ্করে বাস, কুরুক্ষেত্রে ও হিমাচলে বাস, মেরুতুল্য সুবর্ণ দান। হে বৎস! অন্যদিকে সর্ব্বদা কেশবপ্রিয় কাত্তিক মাস ॥ ৩৩-৩৪ ॥

টীকা—সর্ব্বদা কলিকালাদাবপি ॥ ৩৪ ॥

———

যৎ কিঞ্চিৎ ক্রিয়তে পুণ্যং বিষ্ণুমুদ্দিশ্য কার্ত্তিকে ।
তদক্ষয়ং ভবেৎ সর্ব্বং সত্যোক্তং তব নারদ ॥৩৫॥

অনুবাদ—কাত্তিকে শ্রীবিষ্ণুর উদ্দেশে যে কিছু পুণ্য করা হয়। হে নারদ! তোমার নিকট সত্য বলিতেছি, তাহা সকল অক্ষয় হয় ॥ ৩৫ ॥

টীকা—সত্যোক্তং—সত্যমুক্তম্ ॥ ৩৫ ॥

———

কার্ত্তিকং খলু বৈ মাসং সর্ব্বমাসেষু চোত্তমম্ ।
পুণ্যানাং পরমং পুণ্যং পাবনানাঞ্চ পাবনম্ ॥ ৩৬ ॥

অনুবাদ—মাস সকলের মধ্যে কাত্তিকমাস নিশ্চয়ই উত্তম। পুণ্যগণ মধ্যে পরম পুণ্য, পবিত্রকারিগণ মধ্যে পরম পবিত্র ॥ ৩৬ ॥

টীকা—কাত্তিকমুত্তমং বিদ্ধীতি শেষঃ ॥ ৩৬ ॥

———

কিঞ্চ—

যথা নদীনাং বিপ্রেন্দ্র শৈলানাঞ্চৈব নারদ ।
উদধীনাঞ্চ বিপ্রর্ষে ক্ষয়ো নৈবোপপদ্যতে ॥ ৩৭ ॥
পুণ্যং কার্ত্তিকমাসে তু যৎ কিঞ্চিৎ ক্রিয়তে মুনে ।
ন তস্যাস্তি ক্ষয়ো ব্রহ্মন্ পাপস্যাপ্যেবমেব চ ॥৩৮॥

অনুবাদ—আরও—হে নারদ! হে বিপ্রেন্দ্র! যেমন নদীসমূহের, পর্ব্বতসমূহের, হে বিপ্রর্ষে! সমুদ্রসমূহের ক্ষয় জানা যায় না, তদ্রূপ হে ব্রহ্মন্! হে মুনে! কাত্তিকমাসে যে যৎ কিঞ্চিৎ পুণ্য করা যায় তাহার ক্ষয় নাই, এইরূপ পাপেরও ক্ষয় নাই ॥ ৩৭-৩৮ ॥

টীকা—পাপস্যাপ্যেবমিতি—কাত্তিকে কৃতস্য পাপস্য ক্ষয়ো নাস্তীত্যর্থঃ। অতঃ কাত্তিকে যত্নতঃ সর্ব্বথা পাপং পরিহরণীয়মিতি ভাবঃ ॥ ৩৮ ॥

ন কার্ত্তিকসমো মাসো ন কৃতেন সমং যুগম্।
ন বেদসদৃশং শাস্ত্রং ন তীর্থং গঙ্গয়া সমম্ ॥ ৩৯ ॥

অনুবাদ—কাত্তিকের সমান মাস নাই, সত্যযুগের সমান যুগ নাই, বেদের সমান শাস্ত্র নাই। গঙ্গার সমান তীর্থ নাই ॥ ৩৯ ॥

কার্ত্তিকঃ প্রবরো মাসো বৈষ্ণবানাং প্রিয়ঃ সদা।
কার্ত্তিকং সকলং বস্তু ভক্ত্যা সেবেত বৈষ্ণবঃ।
পিতৄনুদ্ধরতে সর্ব্বান্ নরকস্থান্ মহামুনে ॥ ৪০ ॥

অনুবাদ—সর্ব্বদা বৈষ্ণবগণের প্রিয় কাত্তিক শ্রেষ্ঠ মাস। কাত্তিকে উৎপন্ন সকলবস্তু বৈষ্ণব ভক্তিপূর্ব্বক সেবা করেন, হে মহামুনে। বৈষ্ণবনরকস্থ সকল পিতৃগণকে উদ্ধার করেন ॥ ৪০ ॥

পাদ্মে চ তত্রৈব—
দ্বাদশস্বপি মাসেষু কার্ত্তিকঃ কৃষ্ণবল্লভঃ।
তস্মিন্ সম্পূজিতো বিষ্ণুরল্পকৈরপ্যুপায়নৈঃ।
দদাতি বৈষ্ণবং লোকমিত্যেবং নিশ্চিতং ময়া ॥৪১॥

অনুবাদ—পদ্মপুরাণেও কাত্তিকমাহাত্ম্যে—দ্বাদশ মাসমধ্যে কাত্তিকমাস শ্রীকৃষ্ণ প্রিয়। তাহাতে অল্প উপায়ন দ্বারা সম্যক্ পূজিত হইয়া বিষ্ণুলোকে দান করেন, এইরূপ আমি নিশ্চয় করিয়াছি ॥ ৪১ ॥

টীকা—তত্র শ্রীনারদশৌনকাদিসংবাদ এব; উপায়নৈঃ—উপচারৈঃ ॥ ৪১ ॥

যথা দামোদরো ভক্তবৎসলো বিদিতো জনৈঃ।
তস্যায়ন্তাদৃশো মাসঃ স্বল্পমপ্যুরুকারকঃ ॥ ৪২ ॥

অনুবাদ—যেমন দামোদর ভক্তবৎসল সর্ব্বজন বিদিত, তাহার এই দামোদর মাস সেইরূপ ভক্তবৎসল স্বল্প সেবাকেও বহু করিয়া লন ॥ ৪২ ॥

দুর্ল্লভো মানুষো দেহো দেহিনাং ক্ষণভঙ্গুরঃ।
তত্রাপি দুর্ল্লভঃ কালঃ কার্ত্তিকো হরিবল্লভঃ ॥৪৩॥

অনুবাদ—দেহধারীগণের মধ্যে মনুষ্যদেহ দুর্ল্লভ ও ক্ষণভঙ্গুর, তাহার মধ্যেও দুর্ল্লভ কাল শ্রীহরিপ্রিয় কাত্তিক মাস ॥ ৪৩ ॥

দীপেনাপি হি যত্রাসৌ প্রীয়তে হরিরীশ্বরঃ।
সুগতিঞ্চ দদাত্যেব পরদীপপ্রবোধনাৎ ॥ ৪৪ ॥

অনুবাদ—কাত্তিকে দীপদান দ্বারা এই পরমেশ্বর শ্রীহরি প্রীত হন, পরদত্ত দীপ প্রবোধন ফলেও শ্রীহরি সুগতি দান করেন ॥ ৪৪ ॥

অথ তত্র ব্রতমাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—
ব্রতানামিহ সর্ব্বেষামেকজন্মানুগং ফলম্।
কার্ত্তিকে তু ব্রতস্যোক্তং ফলং জন্মশতানুগম্ ॥৪৫॥

অনুবাদ—স্কন্দপুরাণে কাত্তিক মাহাত্ম্যে—এই জগতে ব্রতসমূহের ফল মাত্র এক জন্ম অনুগমন করে, কিন্তু কাত্তিকে ব্রতের ফল শতজন্ম অনুগমন করে ॥ ৪৫ ॥

টীকা—ব্রতং কাত্তিককৃত্যনিয়মস্তস্য যৎ ফলং কাত্তিকব্রতোৎপন্নং পুণ্যং তজ্জন্মশতান্যনুগচ্ছতীত্যর্থঃ। পাঠান্তরে তু তথৈবার্থঃ ॥ ৪৫ ॥

অক্রূরতীর্থে বিপ্রেন্দ্র কার্ত্তিক্যাং সমুপোষ্য চ।
স্নাত্বা যৎ ফলমাপ্নোতি তচ্ছ্রুত্বা বৈষ্ণবং ব্রতম্ ॥৪৬॥

অনুবাদ—হে বিপ্রেন্দ্র। কাত্তিক ব্রতে মথুরায় অক্রূর তীর্থে সম্পূর্ণ উপবাস করিয়া ও স্নান করিয়া যে ফল প্রাপ্ত হয়, বৈষ্ণবব্রত অর্থাৎ কাত্তিকব্রতের নিয়ম শ্রবণ করিয়াও সেই ফল প্রাপ্ত হয় ॥ ৪৬ ॥

টীকা—বৈষ্ণবং ব্রতং কাত্তিকনিয়মং শ্রুত্বাপি তদাপ্নোতি ॥ ৪৬ ॥

বারাণস্যাং কুরুক্ষেত্রে নৈমিষে পুষ্করেঽর্ব্বুদে।
গত্বা যৎ ফলমাপ্নোতি ব্রতং কৃত্বা তু কার্ত্তিকে ॥৪৭॥

অনুবাদ—বারাণসীতে, কুরুক্ষেত্রে, নৈমিষারণ্যে, পুষ্করে ও অর্ব্বুদতীর্থে গমন করিয়া যে ফল লাভ হয়, কার্ত্তিকে ব্রত করিয়া সেই ফল লাভ হয় ॥ ৪৭ ॥

———

অনিষ্ট্বা চ সদা যজ্ঞৈর্ন কৃত্বা পিতৃভিঃ স্বধাম্।
ব্রতেন কার্ত্তিকে মাসি বৈষ্ণবন্তু পদং ব্রজেৎ ॥ ৪৮ ॥

অনুবাদ—সর্ব্বদা যজ্ঞসমূহ দ্বারা যজন না করিয়াও পিতৃগণের শ্রাদ্ধ না করিয়াও কার্ত্তিকমাসে ব্রতদ্বারা বিষ্ণুধাম গমন করে ॥ ৪৮ ॥

টীকা—পিতৃভিঃ পিতৃভ্যঃ, যদ্যকরণাদিনা পাতিত্যং সূচিতং, তথাপি কার্ত্তিকব্রতেন বৈষ্ণবং পদং যাতি ॥ ৪৮ ॥

———

প্রবৃত্তানাঞ্চ ভক্ষ্যাণাং কার্ত্তিকে নিয়মে কৃতে।
অবশ্যং কৃষ্ণরূপত্বং প্রাপ্যতে মুক্তিদং শুভম্ ॥ ৪৯ ॥

অনুবাদ—নিত্য ভোক্ষ্যদ্রব্যসমূহের মধ্যে কার্ত্তিকে কিঞ্চিৎ নিয়ম করিয়া সঙ্কোচ করিলে নিশ্চয়ই পবিত্র কৃষ্ণসারূপ্য রূপ মুক্তি প্রাপ্ত হয় ॥ ৪৯ ॥

টীকা—প্রবৃত্তানাং নিত্যং ভক্ষ্যমাণানামিত্যর্থঃ, নিয়মে সঙ্কোচে কিঞ্চিত্ত্যাগে কৃতে সতীত্যর্থঃ। কৃষ্ণরূপত্বং কৃষ্ণসারূপ্যং, মুক্তিদং সংসারদুঃখমোচনং, শুভং পরমমঙ্গলং সুখঘনমিত্যর্থঃ। তত্রৈব শ্রীরুক্মাঙ্গদ-মোহিনীসংবাদে তু মুক্তিসাধকমিতি পাঠে মুক্তিঃ সাধিকা যস্য তৎ। যদ্বা, অকারপ্রশ্লেষেণ অমুক্তিঃ কৃষ্ণে ন ত্যাগস্তৎসাধকম্ ॥ ৪৯ ॥

———

কিঞ্চ—
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রো বা মুনিসত্তম।
বিযোনিং ন ব্রজত্যেব ব্রতং কৃত্বা তু কার্ত্তিকে ॥৫০॥

অনুবাদ—আরও—হে মুনিসত্তম! কার্ত্তিকে ব্রত করিলে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্র পাপার্জ্জিত কুজন্ম প্রাপ্ত হয় না ॥ ৫০ ॥

টীকা—বিযোনিং কুজন্ম পাপৈরর্জ্জিতৈরপি ন প্রাপ্নোতি ॥ ৫০ ॥

———

কিঞ্চ—
কার্ত্তিকে মুনিশার্দ্দূল স্বশক্ত্যা বৈষ্ণবং ব্রতম্।
যঃ করোতি যথোক্তন্তু মুক্তিস্তস্য করে স্থিতা ॥৫১॥

অনুবাদ—আরও—হে মুনি শার্দ্দূল! কার্ত্তিকে নিজশক্তি অনুসারে বিষ্ণুব্রত শাস্ত্রবিধিমত যিনি করেন, সংসার-মুক্তি তাঁহার হস্তগত ॥ ৫১ ॥

———

সুপুণ্যে কার্ত্তিকে মাসি দেবর্ষিপিতৃসেবিতে।
ক্রিয়মাণে ব্রতে নৃণাং স্বল্পেঽপি স্যান্মহাফলম্ ॥ ৫২ ॥

অনুবাদ—সুপবিত্র কার্ত্তিকমাসে দেব, ঋষি ও পিতৃগণ সেবিত ব্রত করিলে পর অতি অল্পেও মানবগণের মহাফল লাভ হয় ॥ ৫২ ॥

———

অথ তত্র কর্ম্মবিশেষমাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—
দানং দত্তং হুতং জপ্তং তপশ্চৈব তথা কৃতম্।
তদক্ষয়ং ফলং প্রোক্তং কার্ত্তিকে চ দ্বিজোত্তম ॥৫৩॥

অনুবাদ—অনন্তর কার্ত্তিকে কর্ম্মবিশেষ মাহাত্ম্য, স্কন্দপুরাণে ঐ প্রসঙ্গে—হে দ্বিজোত্তম! কার্ত্তিকে অন্নাদি দান, হোম, তপস্যা, জপ যাহা কিছু করিলে তাহা অক্ষয় ফলপ্রদ বলিয়া কথিত ॥ ৫৩ ॥

টীকা—দীয়ত ইতি দানমন্নাদি ॥ ৫৩ ॥

———

কিঞ্চ—
যৎ কিঞ্চিৎ কার্ত্তিকে দত্তং বিষ্ণুমুদ্দিশ্য মানবৈঃ।
তদক্ষয়ং লভ্যতে বৈ অন্নদানং বিশেষতঃ ॥ ৫৪ ॥

অনুবাদ—আরও—মানবগণ কর্ত্তৃক কার্ত্তিকে বিষ্ণুর উদ্দেশ্যে যাহা কিছু প্রদত্ত হয় তাহাই অক্ষয় ফল হয়, বিশেষতঃ অন্নদান ॥ ৫৪ ॥

———

কিঞ্চ—

যস্তু সংবৎসরং পূর্ণমগ্নিহোত্রমুপাসতে।
কার্ত্তিকে স্বস্তিকং কৃত্বা সমমেতন্ন সংশয়ঃ ॥ ৫৫ ॥

অনুবাদ—আরও—যিনি এক সম্বৎসর পূর্ণ নিত্য হোম অনুষ্ঠান করেন, কার্ত্তিকে যিনি স্বস্তিক রচনা করিয়া থাকেন তিনিও তৎসম ফল পান ইহাতে সংশয় নাই ॥ ৫৫ ॥

টীকা—যশ্চ কার্ত্তিকে স্বস্তিকং কৃত্বা স্থিতঃ; কুর্য্যাদিতি বা পাঠঃ ॥ ৫৫ ॥

কার্ত্তিকে যা করোত্যেবং কেশবালয়মণ্ডলম্।
স্বর্গস্থা শোভতে সা তু কপোতী পক্ষিণী যথা ॥৫৬॥

অনুবাদ—যে মানবী কার্ত্তিকে শ্রীভগবন্মন্দিরে মণ্ডল রচনা অর্থাৎ আলিপনা দেন, তিনি স্বর্গস্থিতা হইয়া কপোতী পক্ষিণীর ন্যায় শোভিতা হন ॥ ৫৬ ॥

যঃ করোতি নরো নিত্যং কার্ত্তিকে পত্রভোজনম্।
ন স দুর্গতিমাপ্নোতি যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ॥ ৫৭ ॥

অনুবাদ—যে মানব কার্ত্তিকে নিত্য পত্রে ভোজন করেন, তিনি কল্পকাল দুর্গতি পান না ॥ ৫৭ ॥

জন্মপ্রভৃতি যৎ পাপং মানবৈশ্চ কৃতং ভবেৎ।
তৎ সর্ব্বং নাশমাপ্নোতি ব্রহ্মপত্রেষু ভোজনাৎ ॥৫৮॥

অনুবাদ—মানবগণ সারা জন্মার্জ্জিত পাপসমূহ কার্ত্তিকে পলাশ পত্রে ভোজন দ্বারা নাশ করিতে পারে ॥ ৫৮ ॥

টীকা—ব্রহ্ম পলাশবৃক্ষস্তস্য পত্রেষু ॥ ৫৮ ॥

সর্ব্বকামফলং তস্য সর্ব্বতীর্থফলং লভেৎ।
ন বাপি নরকং পশ্যেদ্ব্রহ্মপত্রেষু ভোজনাৎ ॥ ৫৯ ॥

অনুবাদ—কার্ত্তিকে পলাশ পত্রে ভোজন দ্বারা মানব সর্ব্বকামফল ও সর্ব্বতীর্থ ফল লাভ করে এবং নরক দর্শন করে না ॥ ৫৯ ॥

ব্রহ্ম চৈষ স্মৃতঃ সাক্ষাৎ পলাশঃ সর্ব্বকামদঃ।
মধ্যমং বর্জ্জিতং পত্রং শূদ্রস্য মুনিসত্তম।
ভুঙ্ক্তে নরকমাপ্নোতি যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ॥ ৬০ ॥

অনুবাদ—হে মুনিসত্তম! সর্ব্বকামপ্রদ পলাশ বৃক্ষ সাক্ষাৎ ব্রহ্মার অবতার, শূদ্রের পক্ষে মধ্যম পত্র বর্জ্জন কর্ত্তব্য, তাহাতে ভোজন করিলে শূদ্র কল্পকাল নরকবাসী হয় ॥ ৬০ ॥

তিলদানং নদীস্নানং সৎকথা সাধুসেবনম্।
ভোজনং ব্রহ্মপত্রেষু কার্ত্তিকে মুক্তিদায়কম্ ॥ ৬১॥

অনুবাদ—কার্ত্তিকে তিলদান, নদীতে স্নান, সৎ-কথা শ্রবণ, সাধুসেবন, পলাশ পত্রে ভোজন সংসার মুক্তিপ্রদ ॥ ৬১ ॥

জাগরং কার্ত্তিকে মাসি যঃ করোত্যরুণোদয়ে।
দামোদরাগ্রে বিপ্রেন্দ্র গোসহস্র-ফলং লভেৎ ॥ ৬২ ॥

অনুবাদ—কার্ত্তিকমাসে অরুণোদয়ে যে মানব দামোদরের অগ্রে জাগরণ করে, হে বিপ্রেন্দ্র! তিনি সহস্র গাভীদানের ফল লাভ করেন ॥ ৬২ ॥

জাগরং পশ্চিমে যামে যঃ করোতি মহামুনে।
কার্ত্তিকে সন্নিধৌ বিষ্ণোস্তৎপদং করসংস্থিতম্ ॥৬৩

অনুবাদ—হে মহামুনে! কার্ত্তিকে রাত্রির শেষ প্রহরে শ্রীবিষ্ণুর নিকটে যিনি জাগরণ করেন, ভগ-বদ্ধাম লাভ তাহার করতল গত ॥ ৬৩ ॥

টীকা—পশ্চিমে অন্ত্যে তস্য বিষ্ণোঃ পদং, তস্য করসংস্থিতম্ ॥ ৬৩ ॥

সাধুসেবা গবাং গ্রাসঃ কথা বিষ্ণোস্তথার্চ্চনম্।
জাগরঃ পশ্চিমে যামে দুর্ল্লভঃ কার্ত্তিকে কলৌ ॥৬৪॥

অনুবাদ—কলিযুগে কার্ত্তিকমাসে সাধুসেবা, গোগ্রাস দান, শ্রীবিষ্ণুর কথা শ্রবণ ও অর্চ্চন, রাত্রি-শেষ প্রহরে জাগরণ দুর্ল্লভ ॥ ৬৪ ॥

টীকা—দুর্ল্লভঃ মহাভাগ্যেনৈব সিধ্যতীত্যর্থঃ ॥৬৪

কিঞ্চ—

জলধেনুসহস্রঞ্চ বৃষসংস্থে দিবাকরে।
তোয়ং দত্ত্বা যদাপ্নোতি স্নানং কৃত্বা তু কার্ত্তিকে॥৬৫॥

অনুবাদ—আরও—জ্যৈষ্ঠমাসে সহস্র জলধেনু দান এবং জলদান করিয়া যে ফল লাভ হয়, কার্ত্তিকে প্রাতঃস্নান করিয়াই সেই প্রাপ্ত ফল হওয়া যায়॥৬৫॥

সন্নিহত্যাং কুরুক্ষেত্রে রাহুগ্রস্তে দিবাকরে।
সূর্য্যবারেণ যৎ স্নানং তদেকাহেন কার্ত্তিকে॥ ৬৬॥

অনুবাদ—কুরুক্ষেত্রে রবিবারে সূর্য্যগ্রহণে সন্নিহত্যা নামক হ্রদে যে স্নান ফল, কার্ত্তিকে একদিন স্নানে সেই ফল॥ ৬৬॥

টীকা—সন্নিহত্যা নাম হ্রদস্তাং প্রাপ্যেত্যর্থঃ॥৬৬॥

পিতৃনুদ্দিশ্য যদ্দত্তং কার্ত্তিকে কৃষ্ণবল্লভে।
অম্বোদকং মুনিশ্রেষ্ঠ অক্ষয়ং জায়তে নৃণাম্॥ ৬৭॥

অনুবাদ—হে মুনিশ্রেষ্ঠ! কৃষ্ণপ্রিয় কার্ত্তিকমাসে পিতৃগণের উদ্দেশ্যে অন্নজল যাহাই দান করিবে তাহাই অক্ষয় হয়॥ ৬৭॥

কিঞ্চ—

গীতশাস্ত্রবিনোদেন কার্ত্তিকং যো নয়েন্নরঃ।
ন তস্য পুনরাবৃত্তির্ময়া দৃষ্টা কলিপ্রিয়॥ ৬৮॥

অনুবাদ—আরও—যে মানব কার্ত্তিকমাস গীতাশাস্ত্রাভ্যাস দ্বারা যাপন করে, হে শ্রীনারদ! তাহার সংসারে পুনরাগমন দেখি না॥ ৬৮॥

কিঞ্চ—

প্রদক্ষিণঞ্চ যঃ কুর্য্যাৎ কার্ত্তিকে বিষ্ণুসদ্মনি।
পদে পদেঽশ্বমেধস্য ফলভোগী ভবেন্নরঃ॥ ৬৯॥

অনুবাদ—আরও—যে মানব কার্ত্তিকে শ্রীবিষ্ণুমন্দির প্রদক্ষিণ করে, সে পদে পদে অশ্বমেধ যজ্ঞের ফলভাগী হয়॥ ৬৯॥

গীতং বাদ্যঞ্চ নৃত্যঞ্চ কার্ত্তিকে পুরতো হরেঃ।
যঃ করোতি নরো ভক্ত্যা লভতে চাক্ষয়ং পদম্॥৭০॥

অনুবাদ—যে মানব কার্ত্তিকে শ্রীহরির সম্মুখে নৃত্য, গীত, বাদ্য ভক্তিসহ করে, সে অক্ষয়পদ বিষ্ণুধাম প্রাপ্ত হয়॥ ৭০॥

হরের্নাম-সহস্রাখ্যং গজেন্দ্রস্য চ মোক্ষণম্।
কার্ত্তিকে পঠতে যস্তু পুনর্জন্ম ন বিন্দতে॥ ৭১॥

অনুবাদ—কার্ত্তিকে যে মানব শ্রীহরির সহস্রনামস্তোত্র এবং গজেন্দ্রমোক্ষণ পাঠ করে, তাহার সংসারে পুনর্জন্ম লাভ হয় না॥ ৭১॥

কার্ত্তিকে পশ্চিমে যামে স্তবং গানং করোতি যঃ।
বসতে শ্বেতদ্বীপে তু পিতৃভিঃ সহ নারদ॥ ৭২॥

অনুবাদ—কার্ত্তিকে শেষ রাত্রিতে যে মানব স্তবপাঠ ও গান করে, হে নারদ তিনি পিতৃগণসহ শ্বেতদ্বীপবাসী হন॥ ৭২॥

নৈবেদ্যদানেন তু হরেঃ কার্ত্তিকে যবসংখ্যয়া।
যুগানি বসতে স্বর্গে তাবন্তি মুনিসত্তম॥ ৭৩॥

অনুবাদ—কার্ত্তিকে শ্রীহরির নৈবেদ্য দান ফলে, হে মুনিসত্তম! তিনি যব সংখ্যায় ততযুগ স্বর্গে বাস করেন॥ ৭৩॥

টীকা—যবমাত্রসংখ্যয়া যাবন্তি নৈবেদ্যানি, তাবন্তি যুগানি। সিক্থেতি পাঠেঽপি তথৈবার্থঃ॥ ৭৩॥

অগুরুন্তু সকর্পূরং যো দহেৎ কেশবাগ্রতঃ।
কার্ত্তিকে তু মুনিশ্রেষ্ঠ যুগান্তে ন পুনর্ভবঃ॥ ৭৪॥

অনুবাদ—যিনি কার্ত্তিকে কর্পূরসহ অগুরু, চন্দন, ধূপ কেশবের অগ্রে দান করেন, হে মুনি শ্রেষ্ঠ! তাহার যুগান্তে পুনর্জন্ম হয় না॥ ৭৪॥

টীকা—যুগান্তেঽপি সতি॥ ৭৪॥

কিঞ্চ—

নিয়মেন কথাং বিষ্ণোর্যে শৃণ্বন্তি চ ভাবিতাঃ।
শ্লোকার্দ্ধং শ্লোকপাদং বা কার্ত্তিকে গোশতং ফলম্ ॥৭৫

অনুবাদ—আরও—যাঁহারা কার্ত্তিকে নিয়মপূর্ব্বক ভক্তিভরে শ্রীহরিকথা শ্রবণ করেন, শ্লোকার্দ্ধ বা শ্লোক-পাদ হইলেও তাঁহারা শতগাভীদান ফল পান ॥ ৭৫ ॥

টীকা—ভাবিতা ভাবযুক্তাঃ, তেষাং গোশতদান-ফলং স্যাৎ ॥ ৭৫ ॥

সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য কার্ত্তিকে কেশবাগ্রতঃ।
শাস্ত্রাবতরণং পুণ্যং শ্রোতব্যঞ্চ মহামুনে ॥ ৭৬ ॥

অনুবাদ—হে মহামুনে! কার্ত্তিকে সর্ব্বধর্ম্ম পরিত্যাগ করিয়া ভগবৎসম্মুখে পবিত্র শাস্ত্রব্যাখ্যা শ্রবণ কর্ত্তব্য ॥ ৭৬ ॥

টীকা—বিশেষতঃ কার্ত্তিকে সদ্ভিঃ সহ ভগবৎ-কথামাহাত্ম্যমাহ—সর্ব্বেতি পঞ্চভিঃ ॥ ৭৬ ॥

শ্রেয়সা লোভবুদ্ধ্যা বা যঃ করোতি হরেঃ কথাম্।
কার্ত্তিকে মুনিশার্দ্দূল কুলানাং তারয়েচ্ছতম্ ॥ ৭৭ ॥

অনুবাদ—হে মুনিশার্দ্দূল! কার্ত্তিকে মঙ্গলার্থ বা লোভ বুদ্ধিতে যিনি হরিকথা কীর্ত্তন করেন, তিনি শতকুল উদ্ধার করেন ॥ ৭৭ ॥

নিত্যং শাস্ত্রবিনোদেন কার্ত্তিকং যঃ ক্ষিপেন্নরঃ।
নির্দ্দহেৎ সর্ব্বপাপানি যজ্ঞাযুতফলং লভেৎ ॥ ৭৮ ॥

অনুবাদ—যিনি কার্ত্তিকে নিত্য শাস্ত্রচর্চ্চায় যাপন করেন তিনি সর্ব্বপাপ নিঃশেষে দগ্ধ করিয়া অযুত যজ্ঞের ফল লাভ করেন ॥ ৭৮ ॥

ন তথা তুষ্যতে দানৈর্ন যজ্ঞৈর্গোগজাদিকৈঃ।
যথা শাস্ত্রকথালাপৈঃ কার্ত্তিকে মধুসূদনঃ ॥ ৭৯ ॥

অনুবাদ—কার্ত্তিকে শ্রীমধুসূদন শাস্ত্রকথা আলাপ দ্বারা যেমন তুষ্ট হন, দানসমূহ, যজ্ঞসমূহ, গো-দান, হস্তিদানাদি দ্বারা তাদৃশ তুষ্ট হন না ॥ ৭৯ ॥

কার্ত্তিকে মুনিশার্দ্দূল যঃ শৃণোতি হরেঃ কথাম্।
স নিস্তরতি দুর্গাণি জন্মকোটিশতানি চ ॥ ৮০ ॥

অনুবাদ—হে মুনিশ্রেষ্ঠ! কার্ত্তিকে যিনি হরি-কথা শ্রবণ করেন, তিনি কোটি শতজন্মের আপদ সমূহ হইতে নিস্তার পান ॥ ৮০ ॥

টীকা—দুর্গাণি—আপদঃ ॥ ৮০ ॥

যঃ পঠেৎ প্রযতো নিত্যং শ্লোকং ভাগবতং মুনে।
অষ্টাদশপুরাণানাং কার্ত্তিকে ফলমাপ্নুয়াৎ ॥ ৮১ ॥

অনুবাদ—হে মুনে! যিনি কার্ত্তিকে যত্নসহ নিত্য শ্রীমদ্ভাগবতের একটি শ্লোকও পাঠ করেন, তিনি অষ্টাদশপুরাণ পাঠের ফল পান ॥ ৮১ ॥

টীকা—ভাগবতং ভগবৎপরং ভাগবতীয়ং বেত্যর্থঃ ॥ ৮১ ॥

কিঞ্চ—

সর্ব্বান্ ধর্ম্মান্ পরিত্যজ্য ইষ্টাপূর্ত্তাদিকান্নরঃ।
কার্ত্তিকে পরয়া ভক্ত্যা বৈষ্ণবৈঃ সহ সংবসেৎ ॥৮২॥

অনুবাদ—আরও—মানব ইষ্ট অর্থাৎ যজ্ঞাদি, পূর্ত্ত কূপ জলাশয় খননাদি সর্ব্বধর্ম্ম পরিত্যাগ করিয়া কার্ত্তিকে পরম ভক্তিপূর্ব্বক বৈষ্ণবসহ বাস করিবেন ॥ ৮২ ॥

টীকা—অতএব বিশেষতঃ সৎসঙ্গ-মাহাত্ম্যমাহ—সর্ব্বানিতি ॥ ৮২ ॥

পাদ্মে চ তত্রৈব—

কার্ত্তিকে ভূমিশায়ী যো ব্রহ্মচারী হবিষ্যভুক্।
পলাশপত্রং ভুঞ্জানো দামোদরমথার্চ্চয়েৎ ॥ ৮৩ ॥
স সর্ব্বপাতকং হিত্বা বৈকুণ্ঠে হরিসন্নিধৌ।
মোদতে বিষ্ণুসদৃশো ভজনানন্দনির্বৃতঃ ॥ ৮৪ ॥

অনুবাদ—পদ্মপুরাণেও কার্ত্তিকব্রত-প্রসঙ্গে—কার্ত্তিকে যিনি ব্রহ্মচারী, ভূমিশায়ী, হবিষ্যভোজী, পলাশ পত্রে ভোজনকারী, শ্রীদামোদরের অর্চ্চন করেন, তিনি সর্ব্বপাতক মুক্ত হইয়া শ্রীবৈকুণ্ঠধামে শ্রীহরির

নিকট ভজনানন্দে পরিপূর্ণ বিষ্ণু সদৃশ আনন্দভোগ করেন ॥ ৮৩-৮৪ ॥

টীকা—বিষ্ণুসদৃশঃ সারূপ্যাদিপ্রাপ্তেঃ ॥ ৮৪ ॥

কিঞ্চ—

কার্ত্তিকং সকলং মাসং প্রাতঃস্নায়ী জিতেন্দ্রিয়ঃ।
জপন্ হবিষ্যভুগ্‌দান্তঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৮৫ ॥

অনুবাদ—আরও—পরিপূর্ণ কার্ত্তিকমাসে প্রাতঃ-স্নানকারী, জিতেন্দ্রিয়, জপকারী, হবিষ্যভোজী ও বহি-রিন্দ্রিয় সংযমকারী সর্ব্বপাপ হইতে মুক্ত হয় ॥৮৫॥

টীকা—দান্তঃ জিতক্রোধাদিঃ। শান্ত ইতি বা পাঠঃ ॥ ৮৫ ॥

কার্ত্তিকন্তু নরো মাসং যঃ কুর্য্যাদেকভোজনম্।
শূরশ্চ বহুবীর্য্যশ্চ কীর্ত্তিমাংশ্চ স জায়তে ॥ ৮৬ ॥

অনুবাদ—পূর্ণ কার্ত্তিকমাসে যে মানব একবার ভোজন করে, তিনি বীর, বহুতেজস্বী ও কীর্ত্তিমান হয় ॥ ৮৬ ॥

টীকা—শূরঃ—সর্ব্বশক্তিমান্; বহুবীর্য্যঃ—মহা-পরাক্রমঃ ॥ ৮৬ ॥

কিঞ্চ—

পলাশপত্রভোজী চ কার্ত্তিকে পুরুষো নরঃ।
নিষ্পাপঃ স্যাত্তু নৈবেদ্যং হরের্ভুক্ত্বা বিমুচ্যতে।
মধ্যস্থমৈশ্বরং পত্রং বর্জ্জয়েদ্‌ব্রাহ্মণেতরঃ ॥ ৮৭ ॥

অনুবাদ—আরও—যে মানব কার্ত্তিকে পলাশ পত্রে ভোজন করেন, তিনি পাপশূন্য হন, আর শ্রীহরির প্রসাদ নৈবেদ্য ভোজন করিয়া সংসার মুক্ত হন। ব্রাহ্মণ ব্যতীত অন্যে পলাশ পত্রের মধ্যপত্র বর্জ্জন করিবেন ॥ ৮৭ ॥

কিঞ্চ—

অপরাধসহস্রাণি পাতকানি মহান্ত্যপি।
ক্ষমতেঽস্য হরির্দ্দেবঃ পূজিতঃ কার্ত্তিকে প্রভুঃ ॥৮৮॥

অনুবাদ—আরও—কার্ত্তিকে প্রভু শ্রীহরিদেব পূজিত হইয়া পূজকের সহস্র অপরাধ ও মহামহা পাতকসমূহ ক্ষমা করেন ॥ ৮৮ ॥

নৈবেদ্যং পায়সং বিষ্ণোঃ প্রিয়ং খণ্ডং ঘৃতান্বিতম্।
বিভজ্য তচ্চ ভুঞ্জানো যজ্ঞসাম্যং দিনে দিনে ॥৮৯॥

অনুবাদ—শ্রীবিষ্ণুর প্রিয় মিছরি ও ঘৃতযুক্ত পায়স নৈবেদ্য প্রসাদ ভক্তগণের সহ বিভাগ করিয়া ভোজন-কারী প্রতিদিন যজ্ঞসম ফল প্রাপ্ত হন ॥ ৮৯ ॥

টীকা—যজ্ঞসাম্যং যজ্ঞসমফলং লভত ইতি শেষঃ ॥ ৮৯ ॥

তত্রৈব শ্রীকৃষ্ণসত্যা-সংবাদে—

স্নানং জাগরণং দীপং তুলসীবনপালনম্।
কার্ত্তিকে যে প্রকুর্ব্বন্তি তে নরা বিষ্ণুমূর্ত্তয়ঃ ॥ ৯০ ॥

অনুবাদ—ঐ পুরাণে শ্রীকৃষ্ণ-সত্যা-সংবাদে—কার্ত্তিকে যে সকল মানব স্নান, নিশিজাগরণ, দীপদান, তুলসীবন পালন করেন, তাহারা শ্রীবিষ্ণুর সারূপ্য লাভ করেন ॥ ৯০ ॥

টীকা—স্নানং জাগরণং নিত্যং রাত্র্যন্ত্যযাম-বিষয়কম্। বিষ্ণুমূর্ত্তয়ো বিষ্ণুসারূপ্যং প্রাপ্নুবন্তী-ত্যর্থঃ ॥ ৯০ ॥

ইত্থং দিনত্রয়মপি কার্ত্তিকে যে প্রকুর্ব্বতে।
দেবানামপি তে বন্দ্যাঃ কিং যৈরাজন্ম তৎ কৃতম্ ? ৯১ ॥

অনুবাদ—এইভাবে কার্ত্তিকে তিনদিনও যাঁহারা সেবা করেন, তাঁহারা দেবগণেরও বন্দনীয়, আর যাঁহারা আজন্ম ঐ সেবা করেন, তাঁহাদের আর কি বলিব ॥ ৯১ ॥

তত্রৈব কার্ত্তিকব্রতাঙ্গানি

হরিজাগরণং প্রাতঃ-স্নানং তুলসিসেবনম্।
উদ্‌যাপনং দীপদানং ব্রতান্যেতানি কার্ত্তিকে ॥ ৯২ ॥

অনুবাদ—ঐ পুরাণে কাত্তিকব্রত অঙ্গসমূহ—রাত্রিশেষে হরি জাগরণ, প্রাতঃস্নান, তুলসিবন সেবন, দীপদান, শেষে উদ্‌যাপন উৎসব, কাত্তিকে এই সকল ব্রত ॥ ৯২ ॥

পঞ্চভির্ব্রতকৈরেভিঃ সম্পূর্ণং কার্ত্তিকে ব্রতী।
ফলমাপ্নোতি তৎ প্রোক্তং ভুক্তিমুক্তিফলপ্রদম্ ॥৯৩॥

অনুবাদ—সম্পূর্ণ কাত্তিকমাসে ব্রতকারী পাঁচটি ব্রত অঙ্গ পালন দ্বারা ভুক্তি মুক্তি ফল প্রাপ্ত হন ॥৯৩

বিষ্ণোঃ শিবস্য বা কুর্য্যাদালয়ে হরিজাগরম্।
কুর্য্যাদশ্বত্থমূলে বা তুলসীনাং বনেষু চ ॥ ৯৪ ॥

অনুবাদ—কাত্তিকে হরি জাগরণ বিষ্ণুমন্দিরে বা শিবালয়ে বা অশ্বত্থমূলে বা তুলসীবনে করিবে ॥৯৪॥

আপদ্‌গতো যদাপ্যম্ভো ন লভেৎ সবনায় সঃ।
ব্যাধিতো বা পুনঃ কুর্য্যাদ্বিষ্ণোর্নামাপমার্জ্জনম্ ॥৯৫

অনুবাদ—কার্ত্তিক-ব্রতী বিপদাপন্ন হইয়া স্নানের জন্য যখন জল না পাইবেন, অথবা ব্যাধিবশতঃ স্নানে অসমর্থ হইলে শ্রীবিষ্ণুর নামদ্বারা মন্ত্রস্নান করিবেন ॥ ৯৫ ॥

উদ্‌যাপনং বিধিং কর্ত্তুমশক্তো যো ব্রতে স্থিতঃ।
ব্রাহ্মণান্ ভোজয়েচ্ছক্ত্যা ব্রতসম্পূর্ণহেতবে ॥ ৯৬ ॥

অনুবাদ—ব্রতকারী হইয়া যিনি উদ্‌যাপন বিধি করিতে অসমর্থ, তিনি ব্রত সংপূর্ত্তির জন্য যথাশক্তি ব্রাহ্মণগণকে ভক্তিপূর্ব্বক ভোজন করাইবেন ॥ ৯৬ ॥

অশক্তো দীপদানস্য পরদীপান্ প্রবোধয়েৎ।
তেষাং বা রক্ষণং কুর্য্যাদ্‌বাতাদিভ্যঃ প্রযত্নতঃ ॥৯৭॥

অনুবাদ—কাত্তিকে দীপদানে অসমর্থ হইলে পরের প্রদত্ত দীপকে উদ্দীপিত করিবে অথবা যত্নসহকারে বাতাসাদি হইতে পর দীপকে রক্ষা করিবে ॥৯৭

অভাবে তুলসীনাঞ্চ পূজয়েদ্বৈষ্ণবং দ্বিজম্।
সর্ব্বাভাবে ব্রতী কুর্য্যাদ্‌ব্রাহ্মণানাং গবামপি।
সেবাং বা বোধিবটয়োর্ব্রতসম্পূর্ণহেতবে ॥ ৯৮ ॥

অনুবাদ—তুলসী সেবার অভাবে বৈষ্ণব দ্বিজকে পূজা করিবেন, ব্রতী এ সকলের অভাবে ব্রত সম্পূর্ণের জন্য ব্রাহ্মণগণের, গাভীগণের বা অশ্বত্থ ও বটবৃক্ষের সেবা করিবে ॥ ৯৮ ॥

অথ তত্র দীপদানমাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—
কল্পকোটিসহস্রাণি পাতকানি বহূন্যপি।
নিমেষার্দ্ধেন দীপস্য বিলয়ং যান্তি কাত্তিকে ॥ ৯৯ ॥

অনুবাদ—অনন্তর কাত্তিকে দীপদান মাহাত্ম্য, স্কন্দপুরাণে কাত্তিক মাহাত্ম্যে—কাত্তিকে নিমেষার্দ্ধকাল দীপদান ফলে সহস্রকোটিকল্প অর্জ্জিত বহু-পাতক বিলয় যায় ॥ ৯৯ ॥

টীকা—কল্পকোটিসহস্রাণি ব্যাপ্য যানি পাতকানি। কৃত্বা ইতি পাঠে স্থিতানীতি শেষঃ। বহূনি মহান্ত্যপি বিবিধান্যপীতি বা ॥ ৯৯ ॥

কিঞ্চ—
শৃণু দীপস্য মাহাত্ম্যং কাত্তিকে কেশবপ্রিয়ম্।
দীপদানেন বিপ্রেন্দ্র ন পুনর্জায়তে ভুবি ॥ ১০০ ॥

অনুবাদ—আরও—হে বিপ্রেন্দ্র! কার্ত্তিকে কেশবপ্রিয় দীপদানের মাহাত্ম্য শ্রবণ কর, দীপদান দ্বারা পৃথিবীতে আর পুনর্জন্ম হয় না ॥ ১০০ ॥

রবিগ্রহে কুরুক্ষেত্রে নর্ম্মদায়াং শশিগ্রহে।
তৎ ফলং কোটিগুণিতং দীপদানেন কাত্তিকে ॥১০১॥

অনুবাদ—কুরুক্ষেত্রে সূর্য্যগ্রহণে, চন্দ্রগ্রহণে, নর্ম্মদাতে যে ফল, কার্ত্তিকে দীপদানে তাহার কোটিগুণ ফল হয় ॥ ১০১ ॥

টীকা—কুরুক্ষেত্রাদৌ বিষয়ে রবিগ্রহণাদৌ দানাদিনা যৎ ফলম্ ॥ ১০১ ॥

ঘৃতেন দীপকো যস্য তিলতৈলেন বা পুনঃ।
জ্বলতে মুনিশার্দ্দূল অশ্বমেধেন তস্য কিম্ ? ১০২ ॥

অনুবাদ—কার্ত্তিকে যাহার দীপ, ঘৃত বা তিল তৈল দ্বারা প্রজ্জ্বলিত হয়। হে মুনিবর তাহার অশ্বমেধ যজ্ঞে কি ফল ? ১০২ ॥

———

মন্ত্রহীনং ক্রিয়াহীনং শৌচহীনং জনার্দ্দনে।
সর্ব্বং সম্পূর্ণতাং যাতি কার্ত্তিকে দীপদানতঃ ॥১০৩॥

অনুবাদ—কার্ত্তিকে জনার্দ্দনে দীপদান ফলে মন্ত্রহীন, ক্রিয়াহীন, শৌচ হীন সকলই সম্পূর্ণতা প্রাপ্ত হয় ॥ ১০৩ ॥

টীকা—মন্ত্রহীনং জনার্দ্দনে যৎ কর্ম্ম তৎ, যদ্বা, জনার্দ্দনে দীপদানত ইতি সম্বন্ধঃ ॥ ১০৩ ॥

———

তেনেষ্টং ক্রতুভিঃ সর্ব্বৈঃ কৃতং তীর্থাবগাহনম্।
দীপদানং কৃতং যেন কার্ত্তিকে কেশবাগ্রতঃ ॥১০৪॥

অনুবাদ—কার্ত্তিকে কেশবের অগ্রে যিনি দীপ দান করেন, তাহার সর্ব্বযজ্ঞ দ্বারা যজন ও সর্ব্বতীর্থে স্নান হয় ॥ ১০৪ ॥

———

তাবদ্গর্জ্জন্তি পুণ্যানি স্বর্গে মর্ত্ত্যে রসাতলে।
যাবন্ন জ্বলতে জ্যোতিঃ কার্ত্তিকে কেশবাগ্রতঃ ॥১০৫॥

অনুবাদ—কার্ত্তিকে কেশবের অগ্রে যে পর্য্যন্ত দীপজ্যোতি প্রজ্জ্বলিত না হয়, সে পর্য্যন্ত পুণ্যসমূহ স্বর্গে, মর্ত্ত্যে ও রসাতলে গর্জ্জন করে ॥ ১০৫ ॥

টীকা—জ্যোতিঃ—দীপঃ ॥ ১০৫ ॥

———

শ্রূয়তে চাপি পিতৃভির্গাথা গীতা পুরা দ্বিজ।
ভবিষ্যতি কুলেঽস্মাকং পিতৃভক্তঃ সুতো ভুবি ॥১০৬
কার্ত্তিকে দীপদানেন যস্তোষয়তি কেশবম্।
মুক্তিং প্রাপ্স্যামহে নূনং প্রসাদাচ্চক্রপানিনঃ ॥১০৭॥

অনুবাদ—হে দ্বিজ! পুরাকালীয় পিতৃগণগাথা কীর্ত্তিত হইতে শুনা যায় আমাদের কুলে পৃথিবীতে পিতৃভক্ত পুত্র জন্মগ্রহণ করিবে, যে পুত্র কার্ত্তিকে কেশবকে দীপদান দ্বারা প্রসন্ন করিবে এবং চক্রপানির প্রসাদে আমরা নিশ্চয়ই মুক্তি পাইব ॥ ১০৬-১০৭ ॥

———

কিঞ্চ—
মেরুমন্দরমাত্রাণি কৃত্বা পাপান্যশেষতঃ।
দহতে নাত্র সন্দেহো দীপদানাত্তু কার্ত্তিকে ॥ ১০৮ ॥

অনুবাদ—আরও—মেরু ও মন্দর পর্ব্বত সদৃশ অশেষ পাপসমূহ করিলেও কার্ত্তিকে দীপদান প্রভাবে সর্ব্বপাপ দগ্ধ হয় ইহাতে সন্দেহ নাই ॥ ১০৮ ॥

———

গৃহে বায়তনে বাপি দীপং দদ্যাচ্চ কার্ত্তিকে।
পুরতো বাসুদেবস্য মহাফলবিধায়িনঃ ॥ ১০৯ ॥

অনুবাদ—কার্ত্তিকে বাসুদেবের সম্মুখে গৃহে বা আয়তনে দীপদানে মহাফল বৈকুণ্ঠলোক প্রাপ্তি বিহিত হয় ॥ ১০৯ ॥

টীকা—আয়তনে দেবালয়ে, বাসুদেবস্য পুরতো দীপং দদ্যাৎ। মহাফলং বৈকুণ্ঠলোকপ্রাপ্তিলক্ষণং তদ্বিধায়িন ইতি দীপদানমাহাত্ম্যং সূচিতম্ ॥ ১০৯ ॥

———

স জাতো মানুষে লোকে স ধন্যঃ স চ কীর্ত্তিমান্।
প্রদত্তঃ কার্ত্তিকে মাসি দীপো বৈ মধুহাগ্রতঃ ॥১১০॥

অনুবাদ—যিনি কার্ত্তিকমাসে মধুসূদনের অগ্রে দীপদান করিয়াছেন, তিনিই মনুষ্যলোকে জন্ম সার্থক করিয়াছেন। তিনি ধন্য, তিনিই কীর্ত্তিমান ॥ ১১০ ॥

———

নিমিষার্দ্ধার্দ্ধমাত্রেণ দীপদানেন কার্ত্তিকে।
ন তৎ ক্রতুশতৈঃ প্রাপ্যং ফলং তীর্থশতৈরপি ॥১১১॥

অনুবাদ—কার্ত্তিকে অতি অল্পকাল মাত্র দীপদানের যে ফল, তাহা যজ্ঞশত দ্বারা বা তীর্থশত স্নান দ্বারা প্রাপ্য নহে ॥ ১১১ ॥

টীকা—নিমিষার্দ্ধার্দ্ধমাত্রেণ যৎ স্যাৎ ॥ ১১১ ॥

———

সর্ব্বানুষ্ঠানহীনোঽপি সর্ব্বপাপরতোঽপি সন্।
পূয়তে নাত্র সন্দেহো দীপং দত্ত্বা তু কার্ত্তিকে ॥১১২॥

অনুবাদ—সর্ব্ববিধ অনুষ্ঠান হীন, আর সর্ব্বপাপরত হইলেও কার্ত্তিকে দীপদান প্রভাবে পবিত্র হয়, ইহাতে সন্দেহ নাই ॥ ১১২ ॥

তন্নাস্তি পাতকং কিঞ্চিত্ত্রিষু লোকেষু নারদ।
যন্ন শোধয়তে দীপঃ কার্ত্তিকে কেশবাগ্রতঃ ॥১১৩॥

অনুবাদ—হে নারদ! ত্রিভুবনে এমন কোন পাতক নাই, যাহা কার্ত্তিকে শ্রীকেশবদেবের অগ্রে দীপদান শোধন করিতে পারে না ॥ ১১৩ ॥

পুরতো বাসুদেবস্য দীপং দত্ত্বা তু কার্ত্তিকে।
প্রাপ্নোতি শাশ্বতং স্থানং সর্ব্ববাধাবিবর্জ্জিতম্ ॥১১৪॥

অনুবাদ—কার্ত্তিকে শ্রীবাসুদেবের অগ্রে দীপ দান করিয়া সর্ব্ববাধা বিবর্জ্জিত নিত্যধাম প্রাপ্ত হয় ॥১১৪

যঃ কুর্য্যাৎ কার্ত্তিকে মাসি কর্পূরেণ তু দীপকম্।
দ্বাদশ্যাঞ্চ বিশেষেণ তস্য পুণ্যং বদামি তে ॥১১৫॥
কুলে তস্য প্রসূতা যে যে ভবিষ্যন্তি নারদ।
সমতীতাশ্চ যে কেচিদ্যেষাং সংখ্যা ন বিদ্যতে ॥১১৬
ক্রীড়িত্বা সুচিরং কালং দেবলোকে যদৃচ্ছয়া।
তে সর্ব্বে মুক্তিমায়ান্তি প্রসাদাচ্চক্রপাণিনঃ ॥ ১১৭॥

অনুবাদ—যিনি কার্ত্তিকমাসে কর্পূর দ্বারা দীপ প্রজ্জ্বালিত করে, বিশেষতঃ দ্বাদশীতে তাহার পুণ্য তোমাকে বলিতেছি। হে নারদ! তাহার কুলে যাহারা জন্মিয়াছে এবং যাহারা জন্মাইবে, আর যাহারা বহু অতীতে, যাহাদের সংখ্যা নাই। তাহারা চক্রপাণি শ্রীকৃষ্ণের প্রসাদে দেবলোকে ইচ্ছামত সুদীর্ঘকাল ক্রীড়া করিয়া সকলে মুক্তিলাভ করে ॥ ১১৭ ॥

কিঞ্চ—
দ্যূতব্যাজেন বিপ্রেন্দ্র কার্ত্তিকে কেশবালয়ম্।
দ্যোতয়েদ্যো মহাভাগ পুনাত্যাসপ্তমং কুলম্ ॥১১৮॥

অনুবাদ—আরও—হে বিপেন্দ্র! দ্যূতক্রীড়াচ্ছলে কার্ত্তিকে শ্রীহরিমন্দির যে ব্যক্তি আলোকিত করে, হে মহাভাগ! সে তাহার সপ্তপুরুষ পর্য্যন্ত কুলকে পবিত্র করে ॥ ১১৮ ॥

কার্ত্তিকে দীপদানন্তু কুর্য্যাদ্যো বৈষ্ণবালয়ে।
ধনং পুত্রো যশঃ কীর্ত্তির্ভবেত্তস্য চ সর্ব্বদা ॥ ১১৯॥

অনুবাদ—কার্ত্তিকে বৈষ্ণবগৃহে যে মানব দীপ দান করে, তাহারও সর্ব্বদা ধন, পুত্র, যশঃ, কীর্ত্তি হয় ॥ ১১৯ ॥

যথা চ মথনাদ্বহ্নিঃ সর্ব্বকাষ্ঠেষু দৃশ্যতে।
তথা চ দৃশ্যতে ধর্ম্মো দীপদানে ন সংশয়ঃ ॥ ১২০॥

অনুবাদ—যেমন মন্থন দ্বারা সর্ব্বকাষ্ঠে অগ্নি দৃষ্ট হন, সেইরূপ দীপ দান প্রভাবে ধর্ম্ম সর্ব্বত্র দৃশ্য হন, ইহাতে সংশয় নাই ॥ ১২০ ॥

টীকা—ইদানীং মাহাত্ম্যদ্বারৈব নিত্যতামভিপ্রেতি—যথেতি ত্রিভিঃ। সর্ব্বকাষ্ঠেষু স্থিতোঽপি বহ্নির্যথা মথনাদেব দৃশ্যতে, প্রকটো ভবতি, তথা সর্ব্বকর্ম্মষু স্থিতোঽপি ধর্ম্মো দীপদানে সত্যেব দৃশ্যতে, নান্যথা, অত্র চ সংশয়ো নাস্তি; অতো দীপদানং বিনা সর্ব্বধর্ম্মো বিফলঃ স্যাদিত্যর্থঃ ॥ ১২০ ॥

কিঞ্চ—
নির্দ্ধনেনাপি বিপ্রেন্দ্র কৃত্বা বৈ চাত্মবিক্রয়ম্।
কর্ত্তব্যং দীপদানন্তু যাবৎ কার্ত্তিক-পূর্ণিমা ॥ ১২১ ॥

অনুবাদ—আরও—হে বিপ্রেন্দ্র! নির্দ্ধন ব্যক্তিও আত্মবিক্রয় করিয়া কার্ত্তিক পূর্ণিমা যাবৎ দীপদান কর্ত্তব্য ॥ ১২১ ॥

টীকা—আত্মবিক্রয়ং কৃত্বা বেতনাদিকং কৃত্বাপি ॥ ১২১ ॥

বৈষ্ণবো ন স মন্তব্যঃ সম্প্রাপ্তে কার্ত্তিকে মুনে।
যো ন যচ্ছতি মূঢ়াত্মা দীপং কেশবসদ্মনি ॥ ১২২ ॥

অনুবাদ—হে মুনে! কার্ত্তিকে বিষ্ণুমন্দিরে যে মূঢ়ব্যক্তি দীপ দান না করে সে বৈষ্ণব মধ্যে স্বীকৃত নহে ॥ ১২২ ॥

টীকা—বৈষ্ণবানাং চৈতদাবশ্যকমিত্যাহ—বৈষ্ণব ইতি ॥ ১২২ ॥

নারদীয়ে শ্রীরুক্মাঙ্গদমোহিনীসংবাদে—

একতঃ সর্ব্বদানানি দীপদানানি চৈকতঃ ।
কার্ত্তিকে ন সমং প্রোক্তং দীপদো
হ্যধিকঃ স্মৃতঃ ॥ ১২৩ ॥

অনুবাদ—নারদীয়পুরাণে শ্রীরুক্মাঙ্গদ-মোহিনী-সংবাদে—তোলযন্ত্রে একদিকে সর্ব্ববিধ দান, অন্য দিকে কার্ত্তিকে দীপ দান উভয়কে সমান বলা হয় নাই, দীপ প্রদাতা অধিক পুণ্যবান ॥ ১২৩ ॥

টীকা—এতৎ কর্ম্মদ্বয়ং সমং ন প্রোক্তং ব্রহ্মাদিভিঃ ॥ ১২৩ ॥

পাদ্মে চ তত্রৈব—

কার্ত্তিকেঽখণ্ডদীপং যো দদাতি হরিসন্নিধৌ ।
দিব্যকান্তি-বিমানাগ্রে রমতে স হরেঃ পুরে ॥১২৪॥

অনুবাদ—পদ্মপুরাণেও ঐ প্রসঙ্গে—কার্ত্তিকে শ্রীহরিমন্দিরে যিনি অখণ্ড দীপ দান করেন, তিনি শ্রীহরিধামে দিব্যজ্যোতিঃ শ্রেষ্ঠ বিমানে ক্রীড়া করেন ॥ ১২৪ ॥

টীকা—অখণ্ডদীপো রাত্রিং দিনমবিচ্ছেদেন যো জ্বলতি তম্ ॥ ১২৪ ॥

অথ তত্র পরদীপপ্রবোধন-মাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—

পিতৃপক্ষেঽন্নদানেন জ্যৈষ্ঠাষাঢ়ে চ বারিণা ।
কার্ত্তিকে তৎ ফলং পুংসাং পরদীপপ্রবোধনাৎ ॥১২৫

অনুবাদ—কার্ত্তিকে পরদীপ প্রবোধন মাহাত্ম্য, স্কান্দে ঐ প্রসঙ্গে—পিতৃপক্ষে অন্নদান দ্বারা, গ্রীষ্মকালে জলদান দ্বারা যে ফল, কার্ত্তিকে পরদীপ উদ্দীপিত করিলে মানবগণের সেই ফল লাভ হয় ॥১২৫

টীকা—অস্তু তাবদ্দীপদানমাহাত্ম্যং, কার্ত্তিকে পরদীপপ্রবোধনেনাপি কৃতার্থতা স্যাদিত্যাহ—পিতৃপক্ষ ইতি পঞ্চভিঃ ॥ ১২৫ ॥

বোধনাৎ পরদীপস্য বৈষ্ণবানাঞ্চ সেবনাৎ ।
কার্ত্তিকে ফলমাপ্নোতি রাজসূয়াশ্বমেধয়োঃ ॥ ১২৬ ॥

অনুবাদ—কার্ত্তিকে পরদীপ উদ্দীপিত ও বৈষ্ণবগণের সেবন দ্বারা রাজসূয় ও অশ্বমেধ যজ্ঞের ফল পাওয়া যায় ॥ ১২৬ ॥

দীয়মানন্তু যে দীপং বোধয়ন্তি হরের্গৃহে ।
পরেণ নৃপশার্দ্দূল নিস্তীর্ণা যমযাতনা ॥ ১২৭ ॥

অনুবাদ—শ্রীহরির গৃহে অন্যের প্রদত্ত দীপকে যাহারা উজ্জ্বল করে, হে মহারাজ! তাহারা যমযাতনা হইতে নিস্তার লাভ করে ॥ ১২৭ ॥

টীকা—পরেণ দীয়মানম্ ॥ ১২৭ ॥

ন তদ্ভবতি বিপ্রেন্দ্র ইষ্টৈরপি মহামখৈঃ ।
কার্ত্তিকে যৎ ফলং প্রোক্তং পরদীপপ্রবোধনাৎ ॥১২৮

অনুবাদ—হে বিপ্রেন্দ্র! মহাযজ্ঞসমূহ দ্বারা যজন করিলেও সেই ফল হয় না, কার্ত্তিকে পরদীপ প্রবোধনে যে ফল উক্ত আছে ॥ ১২৮ ॥

একাদশ্যাং পরৈর্দ্দত্তং দীপং প্রজ্বাল্য মূষিকা ।
মানুষ্যং দুর্ল্লভং প্রাপ্য পরাং গতিমবাপ সা ॥১২৯॥

অনুবাদ—মূষিকা একাদশীতে পর প্রদত্ত দীপকে উজ্জ্বল করিয়া দুর্ল্লভ মনুষ্য জন্ম প্রাপ্ত হইয়া সে পরাগতি প্রাপ্ত হয় ॥ ১২৯ ॥

টীকা—তৎফলং সাক্ষাদ্দৃষ্টমেবাস্তীত্যাহ—একাদশ্যামিতি অয়মিতিহাসশ্চ পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে প্রসিদ্ধ এব ॥ ১২৯ ॥

অথ শিখরদীপমাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—

**যদা যদা ভাসয়তে দীপকঃ কলসোপরি ।
তদা তদা মুনিশ্রেষ্ঠ দ্রবতে পাপসঞ্চয়ঃ ॥ ১৩০ ॥**

অনুবাদ—অথ শিখর দীপ মাহাত্ম্য, স্কন্দপুরাণে ঐ প্রসঙ্গে—শ্রীমন্দিরের কলসের উপরে যখন যখন দীপ উজ্জ্বল হয়, হে মুনিশ্রেষ্ঠ ! তখন তখন পাপ-রাশি দ্রবীভূত হয় ॥ ১৩০ ॥

টীকা—কলসো যঃ প্রাসাদোপরি বর্ত্ততে, তস্যোপরি ভাসয়তে, দিশঃ প্রকাশয়তি স্বার্থে বা ইন্ ভাসত ইত্যর্থঃ ॥ ১৩০ ॥

**যো দদাতি দ্বিজাতিভ্যো মহীমুদধিমেখলাম্ ।
হরেঃ শিখরদীপস্য কলাং নার্হতি ষোড়শীম্ ॥১৩১॥**

অনুবাদ—যে মানব ব্রাহ্মণগণকে সমুদ্রবেষ্টিত পৃথিবী দান করে, তাহার ফল শ্রীহরি মন্দিরের চূড়ায় প্রদত্ত দীপ দানের এক কলার সমানও নহে ॥ ১৩১

টীকা—কলাম্ অংশং নার্হতি, তৎসদৃশমপি ফলং নাপ্নোতীত্যর্থঃ । এবমগ্রেঽপি ॥ ২৩১ ॥

**যো দদাতি গবাং কোটিং সবৎসাং ক্ষীরসংযুতাম্ ।
হরেঃ শিখরদীপস্য কলাং নার্হতি ষোড়শীম্ ॥১৩২॥**

অনুবাদ—যে ব্যক্তি সবৎসা দুগ্ধবতী কোটি ধেনু দান করে, তাহার ফল শ্রীহরি মন্দিরের চূড়ায় প্রদত্ত দীপের ফলের এক কলার সমান নহে ॥ ১৩২ ॥

**সর্ব্বস্বদানং কুরুতে বৈষ্ণবানাং মহামুনে ।
কেশবোপরি দীপস্য কলাং নার্হতি ষোড়শীম্ ॥১৩৩**

অনুবাদ—হে মহামুনে ! বৈষ্ণবগণের উদ্দেশ্যে সর্ব্বস্ব দান করিয়া যে ফল, শ্রীহরিমন্দিরের উপরে প্রদত্ত দীপদানের এক কলার সমান নহে ॥ ১৩৩ ॥

টীকা—বৈষ্ণবানাং বৈষ্ণবেভ্যঃ ॥ ১৩৩ ॥

কিঞ্চ—

**যঃ করোতি পরং দীপং মূল্যেনাপি মহামুনে ।
শিখরোপরি মধ্যে চ কুলানাং তারয়েচ্ছতম্ ॥১৩৪॥**

অনুবাদ—আরও—হে মহামুনে ! শ্রীহরিমন্দিরের শিখরের উপরে ও মধ্যে প্রদত্ত পরদীপ যিনি মূল্য দ্বারা ক্রয় করিয়াছেন, তিনি নিজ শতকুল উদ্ধার করেন ॥ ১৩৪ ॥

**বিমানং জোতিষা দীপ্তং যে নিরীক্ষন্তি কার্ত্তিকে ।
কেশবস্য মহাভক্ত্যা কুলে তেষাং ন নারকী ॥১৩৫॥**

অনুবাদ—কার্ত্তিকে শ্রীকেশবদেবের আলোকদীপ্ত উচ্চতর প্রাসাদ মহাভক্তিসহ যাহারা দর্শন করেন, তাহাদের কুলে কেহ নরকবাসী হয় না ॥ ১৩৫ ॥

টীকা—অস্তু তাবচ্ছিখরদীপস্য দানমাহাত্ম্যং, তদ্দর্শনাদপি কৃতার্থতা স্যাদিত্যাহ—বিমানমিতি । কেশবস্য বিমানং বিমানবদাকাশগমুচ্চতরং প্রাসাদমিত্যর্থঃ ॥ ১৩৫ ॥

**দিবি দেবা নিরীক্ষন্তে বিষ্ণুদীপপ্রদং নরম্ ।
কদা ভবিষ্যত্যস্মাকং সঙ্গমঃ পুণ্যকর্ম্মণা ॥ ১৩৬ ॥**

অনুবাদ—বিষ্ণুদীপ প্রদানকারীকে স্বর্গে দেবগণ নিরীক্ষণ করিতে থাকেন যে, কখন এই পুণ্য কর্ম্ম দীপদানকারী ভক্তসহ আমাদের মিলন হইবে ॥১৩৬

টীকা—অতএব দিবি স্থিতা নিরীক্ষন্তে । পুণ্যকর্ম্মণা দীপদানেন নরেণ সহ ॥ ১৩৬ ॥

**কার্ত্তিকে কার্ত্তিকীং যাবৎ প্রাসাদোপরি দীপকম্ ।
যো দদাতি মুনিশ্রেষ্ঠ তস্যেন্দ্রত্বং ন দুর্ল্লভম্ ॥১৩৭॥**

অনুবাদ—হে মুনিশ্রেষ্ঠ ! কার্ত্তিকে পূর্ণিমা পর্য্যন্ত শ্রীহরিমন্দিরের উপরে যিনি দীপদান করেন, তাহার পক্ষে ইন্দ্রপদ দুর্ল্লভ নহে ॥ ১৩৭ ॥

অথ তত্র দীপমালামাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—

**দীপপঙ্‌ক্তেশ্চ রচনাং সবাহ্যাভ্যন্তরে হরেঃ ।
বিষ্ণোর্বিমানে কুরুতে স নরঃ শঙ্খচক্রধৃক্ ॥ ১৩৮ ॥**

অনুবাদ—অনন্তর মন্দিরোপরি দীপমালা মাহাত্ম্যে স্কন্দপুরাণে কার্ত্তিক-মাহাত্ম্য প্রসঙ্গে—শ্রীহরিমন্দিরের বাহিরে ও অভ্যন্তরে দীপমালা যিনি রচনা করেন, তিনি শ্রীবিষ্ণুর পার্ষদ ॥ ১৩৮ ॥

টীকা—সবাহ্যাভ্যন্তরে বিমানস্য বহিরন্তশ্চেত্যর্থঃ। শঙ্খচক্রধৃক্ সারূপ্যং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ১৩৮ ॥

দীপপঙ্‌ক্তেশ্চ রচনাং কুরুতে কেশবালয়ে।
তস্যান্বয়ে প্রসূতানাং লক্ষাণাং নরকং ন হি॥১৩৯॥

অনুবাদ—যিনি শ্রীহরিমন্দিরে দীপমালা রচনা করেন, তাহার বংশে উদ্ভুত লক্ষপুরুষের নরক গমন হয় না ॥ ১৩৯ ॥

বিষ্ণোর্বিমানং দীপাঢ্যং সবাহ্যাভ্যন্তরে মুনে।
দীপোদ্যতকরৈ মার্গে তেন প্রাপ্তং পরং পদম্॥১৪০॥

অনুবাদ—হে মুনে! শ্রীবিষ্ণুমন্দিরের বাহির ভিতর যিনি দীপযুক্ত করেন, তাঁহার পরমধাম গমন কালে পথে দেবগণ দীপ হস্তে অপেক্ষা করিতে থাকে ॥ ১৪০ ॥

টীকা—দীপাঢ্যং যেন কৃতমিতি শেষঃ ॥ ১৪০ ॥

ভবিষ্যে চ—
যঃ কুর্য্যাৎ কার্ত্তিকে মাসি শোভনাং দীপমালিকাম্।
প্রবোধে চৈব দ্বাদশ্যামেকাদশ্যাং বিশেষতঃ ॥১৪১॥
সূর্য্যাযুতপ্রকাশস্তু তেজসা ভাসয়ন্ দিশঃ।
তেজোরাশি-বিমানস্থো জগদুদ্দ্যোতয়ংস্ত্বিষা ॥ ১৪২ ॥
যাবৎ প্রদীপসংখ্যা তু ঘৃতেনাপূর্য্য বোধিতা।
তাবদ্বর্ষসহস্রানি বিষ্ণুলোকে মহীয়তে ॥ ১৪৩ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণেও—যিনি কার্ত্তিকমাসে বিশেষত উত্থান একাদশী ও দ্বাদশীতে অতি সুন্দর দীপমালিকা রচনা করেন, তিনি দশ সহস্র সূর্য্যতেজ সদৃশ জ্যোতিদ্বারা দশদিক্ আলোকিত করিয়া জ্যোতির্ম্ময় বিমানে জগৎ আলোকিত করিয়া বিষ্ণুলোকে গমন করেন এবং যত সংখ্যা প্রদীপ ঘৃতপূর্ণ করিয়া শ্রীভগবানের জাগরণ করেন, তত সহস্রবর্ষ শ্রীবিষ্ণুলোকে বিরাজ করেন ॥ ১৪৩ ॥

টীকা—বোধিতা প্রজ্বালিতা, বোধিতানাং প্রদীপানাং যাবতী সংখ্যা ইত্যর্থঃ ॥ ১৪৩ ॥

অথ আকাশদীপমাহাত্ম্যম্

পাদ্মে তত্রৈব—
উচ্চৈঃ প্রদীপমাকাশে যো দদ্যাৎ কার্ত্তিকে নরঃ।
সর্ব্বং কুলং সমুদ্ধৃত্য বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ ॥১৪৪॥

অনুবাদ—অনন্তর আকাশদীপ মাহাত্ম্য, পদ্মপুরাণে কার্ত্তিক-প্রসঙ্গে—যে মানব কার্ত্তিকে উচ্চ আকাশে প্রদীপ দান করেন, তিনি সর্ব্বকুল উদ্ধার করিয়া বিষ্ণুলোক প্রাপ্ত হন ॥ ১৪৪ ॥

বিষ্ণুকেশবমুদ্দিশ্য দীপং দদ্যাত্তু কার্ত্তিকে।
আকাশস্থং জলস্থঞ্চ শৃণুতাস্যাপি যৎ ফলম্ ॥১৪৫॥

অনুবাদ—যে মানব কার্ত্তিকে শ্রীবিষ্ণুর উদ্দেশ্যে আকাশে ও জলে দীপ দান করেন, তাহার যে ফল তাহা শ্রবণ করুন ॥ ১৪৫ ॥

অনুবাদ—অথ বলিরাজ পূজা প্রকরণ, পদ্মপুরাণে ঐ প্রসঙ্গে—মহাত্মা দৈত্যরাজ বলি মিথ্যাবাক্যের ভয়ে ভীত হইয়া ইনি শ্রীবামনদেবকে যে ভাবে দেহ পর্য্যন্ত অর্পণ করিয়াছেন। শ্রীবামনদেবও কঠোর ভাব প্রকাশ করিয়া বলিকে বন্ধন করিয়াছেন ॥ ২৫৯ ॥

বধ্বানীতোঽথ পাতালং বিমনাঃ খিন্নমানসঃ।
নাভ্যসূয়দ্ধরিং দৈত্যস্ত্যক্ত্বাহংমমতে সুধীঃ।
তদোবাচ হরিঃ প্রীতস্তস্মৈ দৈত্যায় ভাগকৃৎ ॥ ২৬০

অনুবাদ—অনন্তর বন্ধন করিয়া পাতালে আনিবার কালে সুধী দৈত্যরাজ বিমনা ও খেদযুক্তচিত্ত হইয়াও শ্রীহরিকে দোষ প্রদান করেন নাই, কারণ দেহে ও দেহিক বস্তুতে অহং মমতা ভাবশূন্য ছিলেন। তখন শ্রীহরি তাহার প্রতি প্রীত হইয়া বলিয়াছিলেন দৈত্যরাজ বলি যজ্ঞভাগ প্রাপ্ত হইবেন ॥ ২৬০ ॥

অশ্রোত্রিয়ে দত্তমমন্ত্রকং হুতং
জপ্তং তথা ব্যগ্রধিয়া জনেন যৎ।
তথোর্জশুক্লপ্রতিপদ্দিনে ন তু
ত্বামর্চ্চয়েত্তৎসুকৃতং তবাস্তু ॥ ২৬১ ॥

অনুবাদ—আরও বলিয়াছিলেন—যে সকল ব্যক্তি অবেদজ্ঞকে দান করে, মন্ত্রহীন হোম করে, ব্যগ্রচিত্তে জপ করে, আর কার্ত্তিক শুক্লা প্রতিপদ্‌দিনে তোমাকে অর্চ্চন করে না তাহাদের সুকৃতপুণ্য তোমার প্রাপ্য হউক ॥ ২৬১ ॥

টীকা—যস্ত্বাং নার্চ্চয়েত্তস্য যাবৎ সুকৃতং, তৎ সর্ব্বং তবাস্তু ॥ ২৬১ ॥

ইতি তস্মৈ বরো দত্তো হরিণা দিতিজায় চ।
ততোঽবশ্যং প্রপূজ্যোঽসৌ বলিরাজদিনে মুদা।
কৃষ্ণসান্নিধ্যতশ্চাপি পূজনীয়ঃ প্রযত্নতঃ ॥ ২৬২ ॥

অনুবাদ—এইভাবে শ্রীহরি দৈত্যরাজ বলিকে বর প্রদান করায় ঐ দিনে অবশ্য বলিরাজ সানন্দে পূজনীয়, আর শ্রীকৃষ্ণ বলরামের সান্নিধ্য লাভ করায়ও যত্নসহ বলিরাজ পূজনীয় ॥ ২৬২ ॥

টীকা—এবং শ্রীভগবদাজ্ঞয়াবশ্যং পূজ্য এব, কৃষ্ণসমীপবর্তিত্বাচ্চাবশ্যং ভক্ত্যা পূজ্য ইত্যাহ—কৃষ্ণেতি ॥ ২৬২ ॥

অথ বলিপূজাবিধিঃ

স্কান্দে তত্রৈব—

গৃহস্য মধ্যে শালায়াং বিশালায়াং ততোঽর্চ্চয়েৎ ।
ভ্রাতৃমাতৃজনৈঃ সার্দ্ধং সন্তুষ্টো বন্ধুভিস্তথা ॥ ২৬৩ ॥
কমলৈঃ কুমুদৈঃ পুষ্পৈঃ কহ্লারৈ রক্তকোৎপলৈঃ ।
গন্ধপুষ্পাদিনৈবেদ্যৈরক্ষতৈর্গুড়পূপকৈঃ ॥ ২৬৪ ॥

অনুবাদ—অনন্তর বলিরাজ পূজাবিধি, স্কন্দপুরাণে ঐ প্রসঙ্গে—গৃহমধ্যে বিস্তৃত স্থানে ভ্রাতৃগণ, মাতৃগণ ও বন্ধু-বান্ধবগণ সহ মিলিত হইয়া পদ্ম, কুমুদ, কহলার, রক্তপদ্ম সহ, গন্ধপুষ্পাদি নৈবেদ্যসমূহ দ্বারা, অক্ষত ও গুড়পিষ্টকাদি দ্বারা সন্তুষ্ট চিত্তে বলি মহারাজের অর্চ্চন করিবে ॥ ২৬৩-২৬৪ ॥

টীকা—শালায়াং আয়তনবিশেষে, যদ্বা, শালায়াং গৃহে, তত্র গৃহমধ্য এবেত্যর্থঃ। সন্তুষ্টঃ—হর্ষযুক্তঃ সন্ ॥ ২৬৩ ॥

টীকা—কহলারৈঃ—সৌগন্ধকৈঃ ॥ ২৬৪ ॥

অথ তত্র পূজামন্ত্রঃ

বলিরাজং নমস্তুভ্যং বিরোচনসুত প্রভো ।
ভবিষ্যেন্দ্র সুরারাতে পূজেয়ং প্রতিগৃহ্যতাম্ ॥ ২৬৫ ॥

অনুবাদ—অনন্তর ঐ পূজামন্ত্র—হে বলি মহারাজ! আপনাকে নমস্কার, হে বিরোচন পুত্র। হে প্রভো! হে ভবিষ্যমন্বন্তরে দেবরাজ! হে দেবশত্রু! এই পূজা গ্রহণ করুন ॥ ২৬৫ ॥

দীপোৎসবৈর্জনিতসর্ব্বজন-প্রমোদৈঃ
কুর্ব্বন্তি যে সুমতয়ো বলিরাজপূজাম্ ।
দানোপভোগসুখবৃদ্ধিশতাকুলানাং
নূনং প্রয়াতি সকলং প্রমুদৈব বর্ষম্ ॥ ২৬৬ ॥

অনুবাদ—যে সকল সুবুদ্ধিমান ব্যক্তি দীপাবলি উৎসবে জাত সর্ব্বজন মিলিত আনন্দের সহিত বলি-মহারাজের পূজা করেন, বহুজন মিলিত দান উপ-ভোগ সুখসমৃদ্ধি নিশ্চয়ই তাহাদের পূর্ণানন্দে সারা বৎসর অতিবাহিত হয় ॥ ২৬৬ ॥

অথ যমদ্বিতীয়াকৃত্যম্

স্কান্দে পাদ্মে চ—

ঊর্জ্জে শুক্লদ্বিতীয়ায়াং মধ্যাহ্নে যমমর্চ্চয়েৎ ।
স্নানং কৃত্বা ভানুজায়াং যমলোকং ন পশ্যতি ॥ ২৬৭ ॥

অনুবাদ—অনন্তর যম দ্বিতীয়াকৃত্য, স্কন্দপুরাণে ও পদ্মপুরাণে—কার্ত্তিকে শুক্লপক্ষে দ্বিতীয়া তিথিতে মধ্যাহ্নে যমরাজের পূজা করিবে এবং যমুনাতে স্নান করিলে যমলোক দর্শন হয় না ॥ ২৬৭ ॥

টীকা—ভানুজায়াং—শ্রীযমুনায়াম্ ॥ ২৬৭ ॥

কিঞ্চ—

তস্যাং নিজগৃহে বিপ্র ন ভোক্তব্যং ততো বুধৈঃ ।
স্নেহেন ভগিনীহস্তাদ্ভোক্তব্যং পুষ্টিবর্দ্ধনম্ ॥ ২৬৮ ॥

অনুবাদ—আরও—হে বিপ্র! বুদ্ধিমান্ ব্যক্তি ঐ দিন নিজ গৃহে ভোজন করিবে না, স্নেহযুক্ত হইয়া পুষ্টি বর্দ্ধন নিমিত্ত ভগিনী হস্ত হইতে ভোজন কর্ত্তব্য ॥ ২৬৮ ॥

টীকা—তচ্চ পুষ্টিং বর্দ্ধয়তীত্যর্থঃ ॥ ২৬৮ ॥

দানানি চ প্রদেয়ানি ভগিনীভ্যো বিধানতঃ ।
সর্ব্বা ভগিন্যঃ সম্পূজ্যা অভাবে প্রতিপন্নজাঃ ॥ ২৬৯ ॥

অনুবাদ—শাস্ত্রবিধানানুসারে ভগিনীগণকে নানা-বস্ত্র দান করিবে, ভগিনীগণকে পূজা করিবে, সম্মান করিবে। নিজ ভগ্নি অভাবে বৈমাত্রেয় ভগিণীগণকে পূজা করিবে ॥ ২৬৯ ॥

টীকা—প্রতিপন্নজাঃ—বৈমাত্রেয়াঃ ॥ ২৬৯ ॥

কিঞ্চ—

যস্যাং তিথৌ যমুনয়া যমরাজদেবঃ
সম্ভোজিতস্ত্বতিশয়স্বসৃসৌহৃদেন।
তস্যাং স্বসুঃ করতলাদিহ যো ভুনক্তি
প্রাপ্নোতি বিত্তসুভগং ধনমুত্তমং সঃ ॥ ২৭০ ॥

অনুবাদ—আরও—যে তিথিতে যমুনা কর্ত্তৃক যমরাজদেব অতিশয় ভগিনী স্নেহহেতু পূর্ণ ভোজন প্রাপ্ত হইয়াছিলেন, সেই তিথিতে ভগিনীহস্ত হইতে যে মানব ইহলোকে ভোজন করেন, তিনি বিত্ত, সৌভাগ্য ও উত্তম ধন প্রাপ্ত হন ॥ ২৭০ ॥

টীকা—বিত্তসুভগং শোভনৈশ্বর্য্যম্, উত্তমং ধনং ধর্ম্মলক্ষণম্; 'ধর্ম্ম ইষ্টং ধনং পুংসাম্' (১৯।৩৯) ইত্যেকাদশস্কন্ধোক্তেঃ ॥ ২৭০ ॥

অথ শুক্লাষ্টমীকৃত্যম্

পাদ্মে তত্রৈব, কূর্ম্মপুরাণে চ—

শুক্লাষ্টমী কার্ত্তিকে তু স্মৃতা গোপাষ্টমী বুধৈঃ।
তদ্দিনে বাসুদেবোঽভূদ্‌গোপঃ পূর্ব্বন্তু বৎসপঃ ॥২৭১

অনুবাদ—অনন্তর শুক্লাষ্টমী কৃত্য, পদ্মপুরাণে ঐ প্রসঙ্গে এবং কূর্ম্মপুরাণেও—পণ্ডিতগণ কর্ত্তৃক কার্ত্তিকমাসে শুক্লাষ্টমী গোপাষ্টমী নামে প্রতিবর্ষ স্মরণীয় হয়। ঐ দিনে শ্রীকৃষ্ণ শ্রীবৃন্দাবনে গোপালন আরম্ভ করিয়া গোপ হইয়াছিলেন। তৎপূর্ব্বে বৎস পালক ছিলেন ॥ ২৭১ ॥

টীকা—যতঃ পূর্ব্বং বৎসপঃ সন্ তদ্দিনমারভ্য গোপোঽভূৎ ॥ ২৭১ ॥

তত্র কুর্য্যাদ্‌গবাং পূজাং গোগ্রাসং গো-প্রদক্ষিণম্।
গবানুগমনং কার্য্যং সর্ব্বান্ কামানভীপ্সতা ॥ ২৭২॥

অনুবাদ—সর্ব্ববিধ মনোবাসনা লাভেচ্ছুর পক্ষে ঐ তিথিতে গাভীগণের পূজা, গোগ্রাস দান, গোপ্রদক্ষিণ এবং গোগণের পশ্চাৎগমন কর্ত্তব্য ॥ ২৭২ ॥

টীকা—গবামনুগমনম্ ॥ ২৭২ ॥

অথ প্রবোধনীকৃত্যম্

শয়ন্যামিব কৃত্বাস্যাং ক্ষীরাম্ভোধিমহোৎসবম্।
প্রবোধ্য কৃষ্ণং সম্পূজ্য বিধিনারোহয়েদ্রথম্ ॥ ২৭৩॥

অনুবাদ—অনন্তর প্রবোধনীকৃত্য—কার্ত্তিক শুক্লা একাদশীতে অর্থাৎ উত্থান একাদশীতে শয়ন একাদশীর ন্যায় ক্ষীরাব্ধি মহোৎসব করিয়া শ্রীকৃষ্ণের শয়ন বিগ্রহকে জাগাইয়া পূজা করিয়া যথাবিধি রথে আরোহণ করাইবে ॥ ২৭৩ ॥

টীকা—অস্যাং—প্রবোধন্যাম্ ॥ ২৭৩ ॥

অথ প্রবোধনীকৃত্য-নিত্যতা

স্কান্দে তত্রৈব—

জন্মপ্রভৃতি যৎ পুণ্যং নরেণোপার্জ্জিতং ভুবি।
বৃথা ভবতি তৎ সর্ব্বং ন কৃত্বা বোধবাসরম্ ॥২৭৪॥

অনুবাদ—অনন্তর প্রবোধনীকৃত্য নিত্যতা, স্কন্দপুরাণে ঐ প্রসঙ্গে—এই জগতে যে মানব জন্ম হইতে যে সকল পুণ্য উপার্জ্জন করিয়াছেন, সে সকলই নিষ্ফল হয়, যদি শ্রীভগবানের জাগরণ দিনে উৎসব পালন না করেন ॥ ২৭৪ ॥

টীকা—বোধবাসরং প্রবোধন্যুক্তকৃত্যমিত্যর্থঃ, এবং রথযাত্রাদেনিত্যত্বমায়াতম্ ॥ ২৭৪ ॥

অথ প্রবোধনীমাহাত্ম্যম্

তত্রৈব—

প্রবোধন্যাশ্চ মাহাত্ম্যং পাপঘ্নং পুণ্যবর্দ্ধনম্।
মুক্তিদং কৃতবুদ্ধীনাং শৃণু ত্বং মুনিসত্তম ॥ ২৭৫ ॥

অনুবাদ—অনন্তর প্রবোধনী মাহাত্ম্য স্কন্দপুরাণেই—হে মুনি সত্তম! আপনি প্রবোধিনীর মাহাত্ম্য শ্রবণ করুন—পাপহারী, পুণ্যবর্দ্ধন এবং শ্রদ্ধালু মানবগণের মুক্তিপ্রদ ॥ ২৭৫ ॥

তাবদ্‌গর্জ্জতি বিপ্রেন্দ্র গঙ্গা ভাগীরথী ক্ষিতৌ।
যাবন্নায়াতি পাপঘ্নী কার্ত্তিকে হরিবোধনী ॥ ২৭৬ ॥

অনুবাদ—হে বিপ্রবর! এই ধরাতলে ভাগী-

রথী গঙ্গা সেই পর্য্যন্ত প্রশংসিত হন, যে পর্য্যন্ত কাত্তিকে পাপহারিণী তিথি আগমন না করেন ॥২৭৬

তাবদ্গর্জ্জন্তি তীর্থানি আসমুদ্রসরাংসি চ।
যাবৎ প্রবোধনী বিষ্ণোস্তিথির্নায়াতি কাত্তিকে ॥ ২৭৭ ॥

অনুবাদ—সেই পর্য্যন্ত তীর্থসমূহ এবং সমুদ্র হইতে আরম্ভ করিয়া পুণ্যজলা সরোবর সমূহ প্রশংসিত হয়, যে পর্য্যন্ত কাত্তিকে শ্রীবিষ্ণুর জাগরণী তিথি আগমন না করেন ॥ ২৭৭ ॥

বাজপেয়সহস্রাণি অশ্বমেধশতানি চ।
একেনৈবোপবাসেন প্রবোধন্যা লভেন্নরঃ ॥ ২৭৮ ॥

অনুবাদ—মানব একটিমাত্র প্রবোধনী একাদশীর উপবাস দ্বারা সহস্র বাজপেয় যজ্ঞ ও শত অশ্বমেধ যজ্ঞের ফল প্রাপ্ত হয় ॥ ২৭৮ ॥

দুর্ল্লভং চৈব দুষ্প্রাপং ত্রৈলোক্যে সচরাচরে।
তদপি প্রার্থিতং বিপ্র দদাতি হরিবোধনী ॥ ২৭৯ ॥

অনুবাদ—হে বিপ্র! ত্রিলোকে চরাচর প্রাণিগণের দুর্ল্লভ ও দুষ্প্রাপ্য বস্তুও শ্রীহরিবোধনী প্রার্থিত হইয়া প্রদান করেন ॥ ২৭৯ ॥

টীকা—দুর্ল্লভং দুঃখেন প্রাপ্যং, দুষ্প্রাপঞ্চ ; অপ্রাপ্যং যৎ তদপি প্রার্থিতং সৎ ॥ ২৭৯ ॥

ঐশ্বর্য্যং সন্ততিং পূজাং রাজ্যঞ্চ সুখসম্পদঃ।
দদাত্যুপোষিতা বিপ্র হেলয়া হরিবোধনী ॥ ২৮০ ॥

অনুবাদ—হে বিপ্র! শ্রীহরিবোধনী উপোষিতা হইয়া অনায়াসে ঐশ্বর্য্য, সন্তান, পূজা, সুখ, সম্পদ দান করেন ॥ ২৮০ ॥

টীকা—সন্ততিং—পুত্রাদীন্ ॥ ২৮০ ॥

মেরুমন্দরতুল্যানি পাপান্যত্যূর্জ্জিতান্যপি।
একেনৈবোপবাসেন দহতে হরিবোধনী ॥ ২৮১ ॥

অনুবাদ—একটি মাত্র শ্রীহরিবোধনী উপবাস দ্বারা মেরু-মন্দর পর্ব্বত তুল্য বৃহৎপাপসমূহও দগ্ধ করেন ॥ ২৮১ ॥

টীকা—দহতে দহতি ॥ ২৮১॥

পৃথিব্যাং যানি দানানি দত্ত্বা যৎ ফলমাপ্নুতে।
একেনৈবোপবাসেন দদাতি হরিবোধনী ॥ ২৮২ ॥

অনুবাদ—একটি মাত্র শ্রীহরিবোধনী উপবাস দ্বারা মানব পৃথিবীতে যতপ্রকার দান আছে, তাহার দানের ফল ভোগ করে ॥ ২৮২ ॥

কিঞ্চ—
জাতঃ স এব সুকৃতী কুলং তেনৈব পাবিতম্।
কার্ত্তিকে মুনিশার্দ্দূল কৃতা যেন প্রবোধনী ॥ ২৮৩ ॥

অনুবাদ—আরও—হে মুনিবর! যিনি কাত্তিকে প্রবোধনী ব্রত করেন তিনিই সুকৃতী জন্মা এবং তাহা দ্বারাই কুল পবিত্র করেন ॥ ২৮৩ ॥

যানি কানি চ তীর্থানি ত্রৈলোক্যে সম্ভবন্তি চ।
তানি তস্য গৃহে সম্যগ্ যঃ করোতি প্রবোধনীম্ ॥ ২৮৪ ॥

অনুবাদ—ত্রিলোকে যে সকল তীর্থ আছে, যিনি প্রবোধনী ব্রত করেন তাহার গৃহে তীর্থ সকল সম্পূর্ণ থাকেন ॥ ২৮৪ ॥

সর্ব্বকৃত্যং পরিত্যজ্য তুষ্ট্যর্থং চক্রপাণিনঃ।
উপোষ্যৈকাদশী সম্যক্ কার্ত্তিকে হরিবোধনী ॥ ২৮৫

অনুবাদ—অন্য কৃত্যসমূহ পরিত্যাগ করিয়া শ্রীচক্রপাণির তুষ্টির জন্য কার্ত্তিকে শ্রীহরিবোধনী একাদশী ব্রত করিবে ॥ ২৮৫ ॥

কিন্তস্য বহুভিঃ কৃত্যৈঃ পরলোকপ্রদের্মুনে।
সকৃচ্চোপোষিতা যেন কাত্তিকে হরিবোধনী ॥২৮৬॥

অনুবাদ—হে মুনে। পরলোকে পুণ্যপ্রদ বহু কৃত্য করিয়া কি প্রয়োজন, যিনি কার্ত্তিকে শ্রীহরিবোধনী একবার উপবাস করিয়াছেন ॥ ২৮৬ ॥

টীকা—পরলোকপ্রদৈরিতি তেষাং সংসারদুঃখাবহত্বমুক্তম্ ॥ ২৮৬ ॥

স জ্ঞানী স হি যোগী চ স তপস্বী জিতেন্দ্রিয়ঃ।
স্বর্গমোক্ষৌ চ তস্যাস্তামুপাস্তে হরিবোধনীম্ ॥২৮৭॥

অনুবাদ—যিনি শ্রীহরিবোধনী উপবাস করেন, তিনি জ্ঞানী, তিনিই যোগী, তিনি তপস্বী, তিনি জিতেন্দ্রিয়, তাঁহার জন্য স্বর্গ ও মোক্ষ উভয়ই প্রাপ্য আছে ॥ ২৮৭ ॥

টীকা—আস্তাম্—আসাতাং ভবত ইত্যর্থঃ ॥২৮৭

বিষ্ণোঃ প্রিয়তরা হ্যেষা ধর্ম্মসারস্য দায়িনী।
ইমাং সকৃদুপোষ্যৈব মুক্তিভাগী ভবেন্নরঃ ॥ ২৮৮ ॥

অনুবাদ—এই শ্রীহরিবোধনী শ্রীবিষ্ণুর প্রিয়তরা, ধর্ম্মসার প্রদায়িনী, ইহাকে একবার উপবাস করিয়াই মানব মুক্তিভাগী হয় ॥ ২৮৮ ॥

প্রবোধনীমুপোষ্যৈব ন গর্ভে বিশতে নরঃ।
সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য তস্মাৎ কুর্ব্বীত নারদ ॥২৮৯

অনুবাদ—হে নারদ। প্রবোধনী উপবাস করিয়াই মানব, আর মাতৃগর্ভে প্রবেশ করে না, অতএব সর্ব্ববিধ ধর্ম্ম পরিত্যাগ করিয়া প্রবোধিনী উপবাস কর্ত্তব্য ॥ ২৮৯ ॥

স্নানং দানং তপো হোমঃ সমুদ্দিশ্য জনার্দ্দনম্।
নরৈর্যৎ ক্রিয়তে বিপ্র প্রবোধন্যাং তদক্ষয়ম্ ॥২৯০॥

অনুবাদ—এই প্রবোধনীতে মানবগণ স্নান, দান, তপঃ, হোম যাহা কিছু শ্রীজনার্দ্দনের উদ্দেশ্যে করেন, হে বিপ্র! তাহা সকলই অক্ষয় ফল প্রদ হয় ॥ ২৯০ ॥

টীকা—প্রবোধনীত্যাদি-শব্দেন সামান্যেন তত্র সর্ব্বেষামেব কৃত্যানাং মাহাত্ম্যমুক্তেদানীং বিশেষতস্তানি নির্দ্দিশন্নাহ—স্নানমিতি ॥ ২৮৯-২৯০ ॥

মহাব্রতমিদং পুত্র মহাপাপৌঘনাশনম্।
প্রবোধবাসরং বিষ্ণোর্বিধিবৎ সমুপোষয়েৎ ॥২৯১॥

অনুবাদ—হে পুত্র! ইহা মহাব্রত, মহাপাপসমূহ নাশন, শ্রীবিষ্ণুর প্রবোধ হরিবাসর যথাবিধি সম্পূর্ণ উপবাস করাইবে ॥ ২৯১ ॥

ব্রতেনানেন দেবেশং পরিতোষ্য জনার্দ্দনম্।
বিরাজয়ন্ দিশো দীপ্ত্যা প্রয়াতি ভুবনং হরেঃ ॥২৯২

অনুবাদ—দেবদেব শ্রীজনার্দ্দনকে এই ব্রতদ্বারা পরিতুষ্ট করিয়া দশদিক উজ্জ্বল করিয়া ইহলোকে বিরাজ করেন এবং শেষে শ্রীহরিধামে গমন করেন ॥ ২৯২ ॥

পাদ্মে চ তত্রৈব—

দুগ্ধাব্ধিভোগিশয়নে ভগবাননন্তো
যস্মিন্ দিনে স্বপিতি চাথ বিবুধ্যতে চ।
তস্মিন্ননন্যমনসামুপবাসভাজাং
কামং দদাত্যভিমতাং গরুড়াঙ্কশায়ী ॥২৯৩॥

অনুবাদ—পদ্মপুরাণেও ঐ প্রসঙ্গে—ক্ষীরাব্ধিতে শেষ নাগ শয্যায় ভগবান্ শ্রীঅনন্ত যে দিনে শয়ন ও জাগরণ করেন, গরুড়পৃষ্ঠশায়ী শ্রীভগবান্ সেই দিনে একচিত্তে উপবাসকারীগণের বাঞ্ছিত ফল দান করেন ॥ ২৯৩ ॥

টীকা—দুগ্ধাব্ধৌ যদ্ভোগিশয়নং শেষপর্য্যঙ্কস্তস্মিন্, এতচ্চ তদ্দিনে ক্ষীরাব্ধিকল্পনাভিপ্রায়েণ সাক্ষাদ্বা, তদানীং তত্রৈব শয়নাদিতি ॥ ২৯৩ ॥

বারাহে চ—

উপবাসাসমর্থানাং সদৈব পৃথুলোচনে।
একা সা দ্বাদশী পুণ্যা সমুপোষ্যা প্রবোধনী ॥২৯৪॥

অনুবাদ—বরাহপুরাণেও—হে স্থূললোচন ভূদেবি!

উপবাস সমূহে অসমর্থ ব্যক্তিগণের পক্ষে একটি মাত্র পুণ্য প্রদা প্রবোধনী দ্বাদশী সম্পূর্ণ কর্ত্তব্যা ॥ ২৯৪ ॥

তস্যামারাধ্য বিশ্বেশং জগতামীশ্বরেশ্বরম্ ।
প্রাপ্নোতি সকলং তদ্ধি দ্বাদশদ্বাদশীব্রতম্ ॥ ২৯৫ ॥

অনুবাদ—ঐ তিথিতে বিশ্বেশ্বর জগদীশ্বরগণের ও ঈশ্বর শ্রীকৃষ্ণকে আরাধনা করিয়া দ্বাদশীব্রতের ফল সকল প্রাপ্ত হয় ॥ ২৯৫ ॥

উত্তরাঙ্গারকযুতা যদি সা ভবতি প্রিয়ে ।
তদা সা মহতী পুণ্যা কোটি-কোটি-গুণোত্তরা ॥২৯৬

অনুবাদ—হে প্রিয়ে ! উত্থান একাদশীতে উত্তর ভাদ্রপদ নক্ষত্র ও মঙ্গলবার যুক্ত হইলে, তখন তাহা মহাপুণ্য প্রদা ও কোটি কোটি গুণে শ্রেষ্ঠা হয় ॥২৯৬॥

টীকা—উত্তরা উত্তরভাদ্রপদনক্ষত্রম্, অঙ্গারকো ভৌমবারঃ, তাভ্যাং যুক্তা সা প্রবোধনী যদি ভবেৎ ॥ ২৯৬ ॥

শয়নে বোধনে চৈব কোটিদানেন সুন্দরি ।
উপোষ্যৈব বিধানেন যান্তি মন্ময়তাং নরাঃ ॥ ২৯৭ ॥

অনুবাদ—হে সুন্দরি ভূদেবি ! মানবগণ শ্রীভগবানের শয়ন, উত্থান ও পার্শ্বপরিবর্ত্তনে শাস্ত্রবিধি অনুসারে উপবাস দ্বারাই আমার সান্নিধ্য লাভ করে ॥ ২৯৭ ॥

একাদশী সোমযুতা কার্ত্তিকে মাসি ভাবিনি ।
উত্তরাভাদ্রসংযোগে অনন্তা সা প্রকীর্ত্তিতা ॥ ২৯৮ ॥

অনুবাদ—হে ভাবিনি ! কার্ত্তিকমাসে একাদশী সোমবার ও উত্তর ভাদ্রপদ নক্ষত্র সংযুক্তা হইলে উহা 'অনন্তা' নামে পরিকীর্ত্তিতা হয় ॥ ২৯৮ ॥

টীকা—সোমবারযুতাপি পরমমহাপুণ্যেত্যাহ—একাদশীতি ॥ ২৯৮ ॥

তস্যাং যৎ ক্রিয়তে ভদ্রে সর্ব্বমানন্ত্যমশ্নুতে ।
অনন্তপুণ্যফলদা তেনানন্তা স্মৃতা ফলে ॥ ২৯৯ ॥

অনুবাদ—হে ভদ্রে ! ঐ একাদশীতে যাহা কিছু করা হয়, সেই সকলই অনন্ত পুণ্য ফলপ্রদ হয়, এই কারণে 'অনন্তা' নামে প্রসিদ্ধা ॥ ২৯৯ ॥

তত্রৈব শ্রীযমনারদ-সংবাদে—
অন্যচ্চ তে প্রবক্ষ্যামি গুহ্যাদ্‌গুহ্যতরং মুনে ।
কার্ত্তিকেঽমলপক্ষে তু সাক্ষাদেকাদশী স্মৃতা ।
ভক্তিপ্রদা হরেঃ সা তু নাম্না খ্যাতা প্রবোধনী ॥৩০০

অনুবাদ—বরাহপুরাণে শ্রীযম-নারদ-সংবাদে—হে নারদ ! তোমার নিকট অন্য একটি গোপনীয় হইতেও গোপনীয় বিষয় বলিব, কার্ত্তিকে শুক্লপক্ষে কিন্তু সাক্ষাৎ 'একাদশী' নামে প্রসিদ্ধা, শ্রীহরি ভক্তি-প্রদা, তাহার আর একটি নাম—'প্রবোধনী' ॥৩০০॥

টীকা—সাক্ষাদ্ধরের্ভক্তিপ্রদা ॥ ৩০০ ॥

যা সা বিষ্ণোঃ পরা মূর্ত্তিরব্যক্তানেকরূপিণী ।
সা ক্ষিপ্তা মানুষে লোকে দ্বাদশী মুনিপুঙ্গব ॥ ৩০১ ॥

অনুবাদ—হে মুনিশ্রেষ্ঠ ! শ্রীবিষ্ণুর যে 'পরা' অর্থাৎ স্বরূপ শক্তির মূর্ত্তি তাহা প্রাকৃত নয়নের অগোচরা হইয়াও অনেক রূপধারিণী, ঐ স্বরূপ-শক্তিকে একাদশী ও দ্বাদশী নাম দিয়া শ্রীভগবান্ মনুষ্যলোকে ভক্তি প্রদানের জন্য প্রেরণ করিয়াছেন ॥ ৩০১ ॥

টীকা—তৎসেবয়া চ সাক্ষাদ্ধরিসেবৈব সম্পদ্যতে ইত্যাশয়েনাহ,—যা সেতি, দ্বাদশীরূপেণ ক্ষিপ্তা ন্যস্তা ॥ ৩০১ ॥

অথ শ্রীমথুরায়াং বিশেষতো মাহাত্ম্যম্

পাদ্মে তত্রৈব—
তাবদ্‌গর্জ্জন্তি তীর্থানি বাজিমেধাদয়ো মখাঃ ।
মথুরায়াং প্রিয়া বিষ্ণোর্যাবন্নায়াতি বোধনী ॥ ৩০২॥

অনুবাদ—অনন্তর শ্রীমথুরামণ্ডলে প্রবোধনীর বিশেষ মাহাত্ম্য, পদ্মপুরাণে ঐ প্রসঙ্গে—তীর্থসমূহের মহিমা এবং অশ্বমেধাদি যজ্ঞ সমূহের মহিমা সেই-

কাল পর্য্যন্তই প্রশংসনীয়, যে কাল পর্য্যন্ত মথুরাতে শ্রীবিষ্ণুপ্রিয়া প্রবোধিনী একাদশী আগমন না করেন ॥ ৩০২ ॥

সংসারদাবতপ্তানাং কামসৌখ্যে পিপাসিনাম্ ।
শ্রীকৃষ্ণপাদপদ্মস্য সান্নিধ্যং শীতলং গৃহম্ ॥ ৩০৩ ॥
ভবপান্থজনানাং বৈ প্রাপিকেয়ং প্রবোধনী ।
কথং ন সেব্যতে মূঢ় মথুরায়াং কিমন্যতঃ ? ৩০৪।।

অনুবাদ—সংসার দাবানলের ত্রিতাপ জ্বালায় উত্তপ্ত এবং ইন্দ্রিয় সুখে পিপাসিত ব্যক্তিগণের পক্ষে শ্রীকৃষ্ণ পাদপদ্মের সান্নিধ্যলাভ রূপ শীতল ত্রিতাপহর গৃহই প্রয়োজন। সংসার মরুভূমির পথে ভ্রমণকারী জনগণের পক্ষে নিশ্চয়ই শ্রীকৃষ্ণচরণ কমলের সান্নিধ্য প্রাপিকা এই প্রবোধনী। অতএব হে মূঢ় মন! অন্যতীর্থে কি প্রয়োজন ? শ্রীকৃষ্ণ গৃহ মথুরামণ্ডলে প্রবোধনী একাদশীর সেবা কেন করিতেছ না, প্রবোধনী সেবা দ্বারাই সাক্ষাৎ শ্রীকৃষ্ণ সেবাই সম্পাদিত হয় ॥ ৩০৩-৩০৪ ॥

টীকা—শ্রীকৃষ্ণপাদপদ্মসান্নিধ্যরূপং শীতলং ত্রিতাপহরং গৃহম্ ॥ ৩০৩ ॥

টীকা—ভবপান্থজনানাং সংসারমার্গভ্রমণপরিশ্রান্তজনান্ প্রতি প্রাপিকা প্রাপয়েদিত্যর্থঃ ; অন্যতঃ তীর্থান্তরেণ কর্ম্মান্তরেণ চ কিং প্রয়োজনম্ ? শ্রীমথুরায়াং তৎসেবনে সত্যসতি চ ইত্যর্থঃ ॥ ৩০৪ ॥

অথ বিশেষতঃ প্রবোধন্যাং শ্রীভগবৎপূজাদিমাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব প্রবোধনীমাহাত্ম্যে—
যেঽর্চ্চয়ন্তি নরাস্তস্যাং ভক্ত্যা দেবন্তু মাধবম্ ।
সমুপোষ্য প্রমুচ্যন্তে পাপৈস্তে সমুপার্জ্জিতৈঃ ॥ ৩০৫॥

অনুবাদ—অনন্তর বিশেষত প্রবোধনীতে শ্রীভগবৎ পূজাদি মাহাত্ম্য, স্কন্দপুরাণে প্রবোধনী মাহাত্ম্যে—প্রবোধনী একাদশীতে ভক্তিপূর্ব্বক যে সকল মানব শ্রীমাধবদেবকে অর্চ্চন করেন এবং উপবাস করেন, তাহারা আজন্ম সঞ্চিত পাপরাশি হইতে প্রকৃষ্ট মুক্ত হন ॥ ৩০৫ ॥

টীকা—তত্র চ বিশেষতো ভগবতঃ পূজাং কীর্ত্তনঞ্চ কুর্য্যাদিত্যুপদিশন্নাদৌ পূজামাহাত্ম্যমাহ—যে ইতি ত্রিভিঃ ॥ ৩০৫ ॥

বাল্যে যচ্চার্জ্জিতং বৎস যৌবনে বার্দ্ধকে চ যৎ ।
সপ্তজন্মকৃতং পাপং স্বল্পং বা যদি বা বহু ॥ ৩০৬ ॥
শুষ্কার্দ্রং মুনিশার্দ্দূল সুগুহ্যমপি নারদ ।
তৎ ক্ষালয়তি গোবিন্দস্তিথৌ তস্যাং সুপূজিতঃ ॥৩০৭

অনুবাদ—হে বৎস ! বাল্য বয়সে, যৌবনে, বার্দ্ধক্যে যে সকল পাপ সঞ্চিত, সপ্তজন্মকৃত পাপ, স্বল্প বা বহু, শুষ্ক—বহুকালকৃত, আর্দ্র—সম্প্রতিকৃত, হে মুনিবর নারদ ! অতি গোপনীয় পাপও, সেই সকল শ্রীগোবিন্দ ঐ সুবোধনী তিথিতে উত্তমভাবে পূজিত হইয়া ক্ষালন করিয়া দেন ॥ ৩০৬-৩০৭ ॥

টীকা—শুষ্কং—চিরকৃতম্, আর্দ্রঞ্চ—সাম্প্রতিকম্ ॥ ৩০৭ ॥

কিঞ্চ—
প্রবোধবাসরে বিষ্ণোঃ কুরুতে চ হরেঃ কথাম্ ।
সপ্তদ্বীপাবনীদানে যৎ ফলং তদ্ভবেন্মুনে ॥ ৩০৮ ॥

অনুবাদ—আরও—হে মুনে শ্রীনারদ ! যিনি শ্রীবিষ্ণুর প্রবোধিনী শ্রীহরিবাসরে শ্রীহরি কথা শ্রবণ কীর্ত্তন করেন, সপ্তদ্বীপা বসুন্ধরা দানের ফল তিনি প্রাপ্ত হন ॥ ৩০৮ ॥

টীকা—কীর্ত্তনমাহাত্ম্যমাহ—প্রবোধেতি। কথমিত্যুপলক্ষণং সর্ব্বকীর্ত্তনপ্রকারস্য ॥ ৩০৮ ॥

বারাহে চ—
কৌমুদস্য তু মাসস্য যা সিতা দ্বাদশী ভবেৎ ।
অর্চ্চয়েদ্‌যস্তু মাং তত্র তস্য পুণ্যফলং শৃণু ॥ ৩০৯ ॥
যাবল্লোকা হি বর্ত্তন্তে যাবত্ত্বঞ্চৈব মাধবি ।
মদ্ভক্তো জায়তে তাবদন্যভক্তো ন জায়তে ॥ ৩১০॥

অনুবাদ—বরাহপুরাণে—কার্ত্তিকমাসের যে শুক্লা দ্বাদশী হয়, তাহাতে আমাকে যিনি অর্চ্চন করেন, তাহার পুণ্য ফল শ্রবণ কর—হে, মাধবী ! এই

ব্রহ্মাণ্ডে যে কাল পর্য্যন্ত এই সমস্ত লোক থাকিবে এবং যে কাল পর্য্যন্ত পৃথিবী তুমিও থাকিবে, সেই কাল পর্য্যন্ত ঐ অর্চ্চনকারী আমার একান্তভক্ত হইয়া জন্মিবে, সেই কাল পর্য্যন্ত অন্য ভক্ত হইবে না ॥৩১০

টীকা —অন্যস্য ভক্তো ন জায়তে, স স্যাদিতি একান্তিতাং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৩১০ ॥

অথ প্রবোধকালনির্ণয়ঃ

ভবিষ্যে—

আ-ভা-কা-সিতপক্ষেষু মৈত্রশ্রবণরেবতী।
আদিমধ্যাবসানেষু প্রস্বাপাবর্ত্তনাদিকম্ ॥ ৩১১ ॥

অনুবাদ—অনন্তর প্রবোধকাল নির্ণয়, ভবিষ্যপুরাণে—আষাঢ়, ভাদ্র ও কার্ত্তিক—এই মাস ত্রয়ের শুক্লপক্ষের দ্বাদশীতে অনুরাধা, শ্রবণা ও রেবতী নক্ষত্রের ক্রমে আদ্য মধ্য ও শেষপাদে ক্রমে শ্রীহরির শয়ন, পার্শ্ব পরিবর্ত্তন ও উত্থান হয় ॥ ৩১১ ॥

টীকা—আ-ভা-কেতি সঙ্কেতেন আষাঢ়-ভাদ্র-কার্ত্তিকমাসান্তেষাং সিতপক্ষেষু শুক্লাদ্বাদশীষু অনুরাধা-শ্রবণা-রেবতীনক্ষত্রাণামাদ্যমধ্যান্তপাদেষু শয়ন-পার্শ্ব-পরিবর্ত্তনোত্থানানি ক্রমেণ ভবন্তীত্যর্থঃ ॥ ৩১১ ॥

পাদ্মে—

পৌষ্ণশেষো যদানাহ্নি মৈত্রাদ্যমপি নো নিশি।
দ্বাদশ্যামপি তৎ কুর্য্যাদুত্থানং শয়নং হরে ॥ ৩১২ ॥

অনুবাদ—পদ্মপুরাণে—ঐ ঐ যোগের অভাবেও দ্বাদশী মধ্যেই উত্থানাদি করিবে—রেবতীনক্ষত্রের শেষপাদ যদি দিন মধ্যে না পাওয়া যায় এবং অনুরাধা নক্ষত্রের আদ্যপাদ রাত্রিতে না পাওয়া যায়, তখন কেবল দ্বাদশীতেও শ্রীহরির উত্থান ও শয়ন করাইবে ॥ ৩১২ ॥

টীকা—তত্তদ্‌যোগাভাবে চ দ্বাদশ্যামেবোত্থানাদিকং কুর্য্যাদিতি লিখতি—পৌষ্ণেতি, পৌষ্ণং রেবতী, তস্য শেষোহন্ত্যপাদো যদি দিনমধ্যে ন স্যাৎ, মৈত্রাদ্যমপি অনুরাধাদ্যপাদো নিশি ন স্যাৎ, তদা কেবলায়ামপি দ্বাদশ্যাং হরেরুত্থানাদিকং কুর্য্যাৎ ॥ ৩১২ ॥

নিশি স্বাপো দিবোত্থানং সন্ধ্যায়াং পরিবর্ত্তনম্।
অন্যত্র পাদযোগেহপি দ্বাদশ্যামেব কারয়েৎ ॥ ৩১৩॥

অনুবাদ—রাত্রিতে শ্রীহরির শয়ন, দিবাভাগে উত্থান এবং সন্ধ্যাকালে পার্শ্বপরিবর্ত্তন, অন্যত্র ইহাদের পাদযোগ থাকিলেও দ্বাদশী মধ্যেই করাইবে ॥৩১৩॥

টীকা—পাদযোগে ততোহন্যত্রাপি পাদযোগাভাবেহপি দ্বাদশ্যামেব কারয়েৎ ॥ ৩১৩ ॥

বারাহে চ—

অপাদনিয়মস্তত্র স্বাপো বা পরিবর্ত্তনে।
পাদযোগো যদা ন স্যাদৃক্ষেণাপি তদা ভবেৎ ॥৩১৪॥

অনুবাদ—বরাহপুরাণেও—শয়ন বা পরিবর্ত্তনে পাদযোগ নিয়ম স্থির থাকে না। পাদযোগ যখন থাকে না, তখন নক্ষত্র যোগ থাকিলেই শয়নাদি করাইবে, এই পর্য্যন্ত সাধারণ বিধি ॥ ৩১৪ ॥

টীকা—অপাদনিয়মঃ পাদযোগনিয়মো নাস্তীত্যর্থঃ ॥ ৩১৪ ॥

কিঞ্চ স্কান্দে—

রেবত্যন্তো যদা রাত্রৌ দ্বাদশ্যা চ সমন্বিতঃ।
তদা বিবুধ্যতে বিষ্ণুর্দিনান্তে প্রাপ্য রেবতীম্ ॥ ৩১৫॥

অনুবাদ—আরও স্কন্দপুরাণে—বিশেষ বিধি দ্বাদশী সংযুক্ত হইয়া রেবতীর অন্ত্যপাদ যখন রাত্রিতে থাকিবে, তখন শ্রীবিষ্ণু দিনান্তে অপরাহ্ণে রেবতী থাকিতে জাগরণ করিবেন ॥ ৩১৫ ॥

টীকা—এবং সামান্যেন শয়নাদিকালত্রিকং নির্ণীয়েদানীং বিশেষতঃ প্রবোধনকালং লিখতি—রেবতীতি দ্বাভ্যাম্। দ্বাদশ্যা সমন্বিতঃ সহিতো রেবত্যন্তপাদো যদা রাত্রৌ ভবেৎ, তদা দিনান্তে অপরাহ্নে। তথা চোক্তম্—রেবত্যন্তো যদা রাত্রৌ গতঃ পাদান্তরেহপি চ। অপরাহ্নে তদা বিষ্ণুর্যোগনিদ্রাং বিমুঞ্চ ইতি ॥ ৩১৫ ॥

রেবত্যাদিরথান্তো বা দ্বাদশ্যা চ বিনা ভবেৎ।
উভয়োরপ্যভাবে তু সন্ধ্যায়াঞ্চ মহোৎসবঃ ॥ ৩১৬ ॥

অনুবাদ—রেবতী নক্ষত্রের আদি পাদ বা অন্ত্য পাদ দ্বাদশীযুক্ত না হয়, এইভাবে উভয়ের অভাবে অর্থাৎ দ্বাদশীর সহিত কিছু মাত্রও রেবতীর যোগ না থাকে, তখন সন্ধ্যাকালেই প্রবোধন (উত্থান) মহোৎসব হইবে ॥ ৩১৬ ॥

টীকা—তদভাবে চ সন্ধ্যায়াং প্রবোধয়েদিত্যাহ—রেবত্যাদেরিতি। রেবত্যা আদি আদ্যপাদঃ, অন্তো বা অন্ত্যপাদঃ দ্বাদশ্যা বিনা ভবেৎ; এবমুভয়োরপ্যভাবে সতি যদি দ্বাদশ্যাং কথঞ্চিদ্রেবত্যা যোগো ন স্যাদিত্যর্থঃ, তদা সন্ধ্যায়ামেব প্রবোধনমহোৎসবঃ স্যাৎ। তচ্চোক্তমন্যত্রাপি—'রেবত্যন্তো যদা রাত্রৌ দ্বাদশ্যা চ বিনা ভবেৎ। উভয়োরপ্যভাবে স্যাৎ সন্ধ্যায়ান্তু মহোৎসবঃ' ॥ ইতি ॥ ৩১৬ ॥

বারাহে চ—

দ্বাদশ্যাং সন্ধিসময়ে নক্ষত্রাণামসম্ভবে।
আ-ভা-কা-সিতপক্ষে তু শয়নাবর্ত্তনাদিকম্ ॥ ৩১৭॥

অনুবাদ—বরাহপুরাণেও—আষাঢ় ভাদ্র ও কার্ত্তিকের শুক্লপক্ষে যে দ্বাদশী, তাহাতে ঐ ঐ নক্ষত্রের সর্ব্বথা অভাবে সন্ধাকালে শয়ন পার্শ্বপরিবর্ত্তনাদি করাইবে ॥ ৩১৭ ॥

টীকা—এতদেববরাহপুরাণবচনেন সম্বাদয়তি—দ্বাদশ্যামিতি। আষাঢ়-ভাদ্র-কার্ত্তিকানাং সিতপক্ষেষু যা দ্বাদশী, তস্যাং নক্ষত্রাণাং মৈত্রাদিনামসম্ভবে সর্ব্বথা অভাবে সতি সন্ধিসময়ে সন্ধ্যায়াং শয়নাদিকং স্যাৎ। এতদুক্তং ভবতি—ভগবচ্ছয়নাদৌ আষাঢ়াদীনাং শুক্লদ্বাদশী-ক্রমেণানুরাধাদীনামাদ্য-মধ্যান্ত্য-পাদযুক্তা রাত্রি সন্ধ্যাদিনা যুক্তা চ সতী পরমপ্রশস্তা। যদা চ তত্র তত্র পাদযোগো ন লভ্যেত, তদা দ্বাদশী-নক্ষত্রযোগো আদরণীয়ঃ। পাদযোগে চ তত্রায়ং বিধি-বিশেষঃ। দিবা রেবতীদ্বাদশ্যোর্যোগে তত্র চ রাত্রিগামিনি নক্ষত্রশেষ সতি দিনান্তে প্রবোধনং দিবোত্থানমিত্যাদ্যুক্তেঃ। যদা চ রেবতীদ্বাদশ্যোর্যোগো ন স্যাত্তদা সন্ধ্যায়ামেব প্রবোধনং, সন্ধ্যায়ান্তু মহোৎসব ইত্যাদ্যুক্তেঃ ॥ ৩১৭ ॥

অতএব পুষ্করপুরাণে—

যস্য যস্য তু দেবস্য যন্নক্ষত্রং তিথিশ্চ যা।
তস্য দেবস্য তস্মিংশ্চ শয়নাবর্ত্তনাদিকম্ ॥ ৩১৮ ॥

অনুবাদ—অতএব পুষ্করপুরাণে—যে যে দেবের যে নক্ষত্র ও যে তিথি নির্দ্দিষ্ট আছে। সেই দেবের সেই নক্ষত্র ও সেই তিথিতে শয়ন ও পার্শ্বপরিবর্ত্তনাদি অর্থাৎ শ্রীবিষ্ণুর দ্বাদশী তিথিতেই শয়নাদি উৎসব কর্ত্তব্য। একাদশীতে উপবাস থাকিয়া দ্বাদশীতেই উত্থান উৎসব ॥ ৩১৮ ॥

টীকা—এবং দ্বাদশ্যামেব প্রবোধনং নির্ণীতং, তত্র চ—'কার্ত্তিকে শুক্লপক্ষস্য একাদশ্যাং সমাহিতঃ। মন্ত্রেণ চৈব রাজেন্দ্র দেবমুত্থাপয়েদ্দ্বিজঃ।' ইত্যাদিভির্ভবিষ্যোত্তরাদিবচনৈঃ সহ বিরোধমাসঙ্ক্য পরিহরতি—যস্যেতি। অতো বিষ্ণুতিথৌ দ্বাদশ্যামেব উত্থানং ভবেদিত্যর্থঃ। ইত্থম্ 'ইয়ন্তু দ্বাদশী দেব'ইতি, 'প্রাপ্তা তবেয়ং দ্বাদশী কৌমুদ্যাখ্যে'তি মন্ত্রলিঙ্গানুগৃহীতত্বাৎ শিষ্টাচারদর্শনাচ্চ সর্ব্বদা দ্বাদশ্যামেব প্রবোধনং সিদ্ধম্। যচ্চ ভবিষ্যোত্তরাদৌ একাদশ্যামুত্থাপয়েৎ' ইত্যাদ্যুক্তং, তচ্চ একাদশীদ্বাদশ্যোরভেদাপেক্ষয়া উপবাসাদ্যভিপ্রায়েণ চেতি জ্ঞেয়ম্। যদি বৈকাদশীদিন এবোপবাসঃ স্যাত্তর্হি তস্মিন্নুপবাসাদিনা সমাহিতত্বং প্রবোধনঞ্চ দ্বাদশ্যামেবেতি বোদ্ধব্যম্। অতএবোক্তম্ 'একাদশ্যাং সমাহিতং' ইত্যেষা দিক্॥৩১৮

অথ ভগবৎপ্রবোধনবিধিঃ

শয়ন্যামিব নিষ্পাদ্য মহাপূজাং জলাশয়ে।
কৃষ্ণং নীত্বাথ সঙ্কল্পং কৃত্বা তঞ্চ প্রবোধয়েৎ ॥৩১৯॥

অনুবাদ—অনন্তর শ্রীভগবৎ প্রবোধন বিধি—শয়নী মহোৎসবের ন্যায় মহাপূজা সম্পাদন করিয়া শ্রীকৃষ্ণকে জলাশয়ে লইয়া গিয়া অনন্তর সঙ্কল্প করিয়া তাঁহাকে জাগরিত করিবে ॥ ৩১৯ ॥

টীকা—শয়ন্যামিবেতি—তত্র লিখিতপ্রকারানুসারেণাত্রাপি পূজাদিকং কার্য্যমিত্যর্থঃ; 'জলাশয়ে নীত্বা' ইত্যাদিকং বিশেষলিখনায় অনুস্মরণমাত্রম্ ॥ ৩১৯ ॥

অথ তত্র মন্ত্রাঃ

ব্রহ্মেন্দ্ররুদ্রাগ্নি-কুবেরসূর্য্য-
সোমাদিভির্বন্দিতপাদপদ্ম।
বুধ্যস্ব দেবেশ জগন্নিবাস
মন্ত্রপ্রভাবেণ সুখেন দেব ॥ ৩২০ ॥

অনুবাদ—অনন্তর প্রবোধন মন্ত্রসমূহ—হে দেবেশ! ব্রহ্মা, ইন্দ্র, রুদ্র, অগ্নি, কুবের, সূর্য্য, চন্দ্রাদি দেবগণ কর্ত্তৃক আপনার শ্রীচরণকমল বন্দিত হইতেছে। হে জগন্নিবাস! হে দেব! আপনি মন্ত্র প্রভাবে সুখে জাগরিত হউন্ ॥ ৩২০ ॥

ইয়ন্তু দ্বাদশী দেব প্রবোধার্থং বিনির্ম্মিতা।
ত্বয়ৈব সর্ব্বলোকানাং হিতার্থং শেষশায়িনা ॥ ৩২১॥

অনুবাদ—হে দেব! আপনি এই দ্বাদশী নিজ জাগরণের জন্য এবং সর্ব্বলোকের হিতের জন্য শেষ শায়ী নির্ম্মাণ করিয়াছেন ॥ ৩২১ ॥

উত্তিষ্ঠোত্তিষ্ঠ গোবিন্দ ত্যজ নিদ্রাং
জগৎপতে ॥ ৩২২ ॥

অনুবাদ—হে গোবিন্দ! আপনি উত্থিত হউন, উত্থিত হউন, হে জগৎপতে নিদ্রা ত্যাগ করুন ॥৩২২

ত্বয়ি সুপ্তে জগন্নাথে জগৎ সুপ্তং ভবেদিদম্।
উত্থিতে চেষ্টতে সর্ব্বমুত্তিষ্ঠোত্তিষ্ঠ মাধব ॥
ইতি ॥ ৩২৩ ॥

অনুবাদ—আপনি জগন্নাথ, আপনি নিদ্রিত থাকিলে এই জগৎ নিদ্রিত থাকিবে এবং আপনি উত্থিত হইলে সকলেই সচেষ্ট হয়, হে মাধব উত্থিত হউন, উত্থিত হউন ॥ ৩২৩ ॥

বারাহে চ—

ব্রহ্মেন্দ্ররুদ্রৈরবিতর্ক্যভাবো
ভবানৃষিবন্দিতবন্দিতাঙ্ঘ্রিঃ।
প্রাপ্তা তবেয়ং দ্বাদশী কৌমুদাখ্যা
জাগৃষ্ব জাগৃষ্ব চ লোকনাথ ॥ ৩২৪ ॥

অনুবাদ—বরাহপুরাণেও—ব্রহ্মা, ইন্দ্র, রুদ্র প্রভৃতি কর্ত্তৃক অচিন্ত্য স্বরূপ আপনি ঋষিগণের বন্দিত একান্তি ভক্তগণ কর্ত্তৃক বন্দিত শ্রীচরণ। আপনার প্রীতিকরী এই 'কৌমুদা' নাম্নী দ্বাদশী সমাগতা, হে লোকনাথ আপনি জাগরিত হউন, জাগরিত হউন ॥ ৩২৪ ॥

টীকা—বন্দনীয়েতি পাঠে ব্রহ্মাদিভির্বন্দিতা একান্তভক্তাস্তৈর্বন্দনীয়েতি। ঋষির্মন্ত্রদ্রষ্টা ॥৩২৪॥

মেঘা গতা নির্ম্মলপূর্ণচন্দ্রঃ
শারদ্যপুষ্পাণি চ লোকনাথ।
অহং দদানীতি চ ভক্তিহেতো-
র্জাগৃষ্ব জাগৃষ্ব চ লোকনাথ ॥ ৩২৫ ॥

অনুবাদ—হে লোকনাথ! মেঘগণ অপসারিত হইয়াছে, নির্ম্মল পূর্ণচন্দ্র উদিত হইয়াছে, শরৎ-কালীন পুষ্পসমূহ প্রস্ফুটিত হইয়াছে। ভক্তি-লাভার্থে আমি শারদীয় পুষ্পসমূহ দান করিতেছি, হে লোকনাথ জাগরিত হউন ॥ ৩২৫ ॥

শ্রুতিশ্চ—
ইদং বিষ্ণুর্বিচক্রমে, ত্রেধা নিদধে পদং, সমূঢ়মস্য পাংশুলে ॥ ইত্যাদি ॥ ৩২৬ ॥

অনুবাদ—অতঃপর ঋগ্‌বেদীয় বিষ্ণুসূক্ত পঠনীয় —ইদং বিষ্ণুবিচক্রমে ইত্যাদি ॥ ৩২৬ ॥

ততস্তস্মাৎ সমুত্থাপ্য কৃষ্ণং ঘণ্টাদিনিস্বনৈঃ।
তীরে সুখং নিবেশ্যাথ প্রার্থয়েত্তদনুগ্রহম্ ॥ ৩২৭ ॥

অনুবাদ—অনন্তর ঘণ্টাদি বাদ্যসহ শ্রীকৃষ্ণকে শয্যা হইতে উঠাইয়া নদীতীরে সুখে উপবেশন করা-ইয়া তাঁহার অনুগ্রহ প্রার্থনা করিবে ॥ ৩২৭॥

অথ তত্র প্রার্থনামন্ত্রঃ

তথা হি তৃতীয়স্কন্ধে শ্রীব্রহ্মস্তুতৌ (৯।২৫)—
সোঽসাবদভ্রকরুণো ভগবান্ বিবৃদ্ধ
প্রেমস্মিতেন নয়নাম্বুরুহং বিজৃম্ভন্।

উত্থায় বিশ্ববিজয়ায় চ নো বিষাদম্,
মাধ্ব্যা গিরাপনয়তাৎ পুরুষঃ পুরাণঃ ॥
ইতি ॥ ৩২৮ ॥

অনুবাদ—অনন্তর প্রার্থনামন্ত্র, শ্রীমদ্ভাগবত তৃতীয় স্কন্ধে শ্রীব্রহ্মস্তুতিতে (৩।৯।২৫)- তিনি এই মহা-দয়ালু, অতএব উচ্ছলিত প্রীতিতে মৃদুহাস্য যুক্ত বিষ্ফারিত নয়নকমল শ্রীভগবান্ নিজভক্তি প্রচার দ্বারা বিশ্ব বিজয়ী, বিশ্ববশীকারী, জগদানন্দ প্রকাশ নিমিত্ত আপনি পুরাণ পুরুষ মধুবর্ষী বাক্যদ্বারা ভক্ত আমাদের বিষাদ বিদূরিত করুন ॥ ৩২৮ ॥

টীকা—অদভ্রকরুণঃ মহাদয়ালুঃ অতঃ বিবৃদ্ধ-প্রেম্না যৎ স্মিতং তেন, বিজৃম্ভন্ বিজৃম্ভয়ন্ উন্মীলয়ন্, বিশ্বস্য বিজয়ায় উদ্ভবায়, যদ্বা, নিজভক্তিপ্রচারণেন বিশ্ববশীকরণায়, যদ্বা, জগন্মহোৎসবায় ; চ-শব্দাদ্বি-শেষতোঽনুগ্রহায় চেতি। নোঽস্মাকং ভক্তানাং বিষাদং প্রলয়াৎ চিরবাগমৃতপানাভাবতো বা শোক-দুঃখং মাধব্যা মধুরয়া গিরা অপনয়তাৎ। শ্লোকশ্চায়ং শিষ্টাচারানুসারেণাত্র লিখিতঃ, কিন্ত্বন্যোঽপি যথেষ্টং পঠনীয়ঃ ॥ ৩২৮ ॥

ততঃ পুষ্পাঞ্জলিং দত্ত্বা সংস্থাপ্য বিধিবৎ প্রভুম্।
নীরাজ্য ন্যাসপূর্ব্বঞ্চ বস্ত্রাদীনি সমর্পয়েৎ ॥ ৩২৯ ॥

অনুবাদ—অনন্তর পুষ্পাঞ্জলি দান করিয়া প্রভুকে যথাবিধি স্থাপন পূর্ব্বক আরতি করিয়া অঙ্গ ন্যাসা-দির পর নববস্ত্রাদি সমর্পণ করিবেন ॥ ৩২৯ ॥

তথা চ ব্রাহ্মে—
একাদশ্যাস্তু শুক্লায়াং কার্ত্তিকে মাসি কেশবম্।
প্রসুপ্তং বোধয়েদ্রাত্রৌ শ্রদ্ধাভক্তিসমন্বিতঃ ॥ ৩৩০ ॥

অনুবাদ—ঐ রূপই ব্রহ্মপুরাণে—কার্ত্তিকমাসে শুক্লা দ্বাদশীতে অপরাহ্নে শ্রদ্ধা-ভক্তি যুক্ত হইয়া প্রসুপ্ত শ্রীকেশবদেবকে জাগরিত করিবে ॥ ৩৩০ ॥

টীকা—একাদশ্যামিতি পূর্ব্বং লিখিতাভিপ্রায়মেব। রাত্রাবিতি পাঠে চ দিনান্তাদ্যভিপ্রায়েণ রাত্রি-শব্দঃ। শ্রদ্ধা বিশ্বাসঃ, ভক্তিঃ প্রীতিস্তাভ্যাং সমন্বিতঃ ॥৩৩০॥

নৃত্যৈর্গীতৈস্তথা বাদ্যৈর্ঋগ্‌যজুঃসামমঙ্গলৈঃ।
বীণাপণবশব্দৈশ্চ পুরাণশ্রবণেন চ ॥ ৩৩১ ॥
বাসুদেবকথাভিশ্চ স্তোত্রৈরন্যৈশ্চ বৈষ্ণবৈঃ।
সুভাষিতৈরিন্দ্রজালৈর্ভূমিশোভাভিরেব চ ॥ ৩৩২ ॥
পুষ্পৈর্ধূপৈশ্চ নৈবেদ্যৈর্দীপবৃক্ষৈঃ সুশোভনৈঃ।
হোমৈর্ভক্ষ্যৈরপূপৈশ্চ ফলৈঃ শাকৈশ্চ
পায়সৈঃ ॥ ৩৩৩ ॥
ইক্ষোর্বিকারৈর্মধুনা দ্রাক্ষা-ক্ষৌদ্রৈঃ সদাড়িমৈঃ।
কুচেরকস্য মঞ্জর্য্যা মালত্যা নবনেন চ।
হৃদ্যাভ্যাং শ্বেতরক্তাভ্যাং চন্দনাভ্যাঞ্চ সর্ব্বদা ॥৩৩৩
কুঙ্কুমালক্তকাভ্যাঞ্চ রক্তসূত্রৈঃ সকুঙ্কুমৈঃ।
তথা নানাবিধৈঃ পুষ্পৈর্দ্রব্যৈর্বীরক্রয়াহৃতৈঃ ॥ ৩৩৫

অনুবাদ—নৃত্য, গীত, বাদ্য, সুমঙ্গল বেদধ্বনি, বীণাদি শব্দসহ পুরাণপাঠ শ্রবণ, শ্রীকৃষ্ণ কথা কীর্ত্তন, শ্রবণ, বিষ্ণু মহিমাযুক্ত বিভিন্ন স্তোত্র পাঠ, সুভাষিত শ্লোকাবলি কীর্ত্তন, ইন্দ্রজাল প্রদর্শন, ভূমিতল শোভা, গন্ধ, পুষ্প, ধূপ, দীপগাছা সমূহ দ্বারা সুশোভিত, বিবিধ নৈবেদ্য প্রদান, হোম, বিবিধ ভক্ষ্য সামগ্রী, পিষ্টক, পায়স, ফল, শাকাদি ব্যঞ্জন, ইক্ষুরসের বিবিধ মিষ্টান্ন, মধুনা, দ্রাক্ষা, দাড়িম্ব, কৃষ্ণতুলসীমঞ্জরী, মালতীপুষ্প, নবনপুষ্প, মনোরমশ্বেতরক্ত চন্দন দ্বারা ও সর্ব্বদা কুঙ্কুম, আলতা, কুঙ্কুম দ্বারা রঞ্জিত সূত্র সেইরূপ উচ্চমূল্যে ক্রীত ও আহৃত নানাবিধ পুষ্প ও দ্রব্যসমূহ দ্বারা শ্রীকৃষ্ণের জাগরণ মহোৎসব করিবে ॥ ৩৩১-৩৩৫ ॥

টীকা—ঋগাদি—মঙ্গলশব্দৈঃ ॥ ৩৩১ ॥

টীকা—ভূমিশোভাভিঃ—স্বস্তিকরচনাদিভিঃ ॥৩৩২

টীকা—কুচেরকঃ কৃষ্ণতুলসী, পর্ণাস ইতি কেচিৎ। নবনং পুষ্পবিশেষঃ ॥ ৩৩৪ ॥

টীকা—বীরক্রয়ো নাম বিক্রেতুরুপন্যস্তমূল্য-প্রদানেন ক্রয়স্তেনাহৃতৈঃ ॥ ৩৩৫ ॥

এবমেব প্রায়ঃ পাদ্মে চ তথা স্কান্দে চ—
বহুপুষ্পৈর্বহুফলৈঃ কর্পূরাগুরুকুঙ্কুমৈঃ।
হরেঃ পূজা বিধাতব্যা কার্ত্তিকে বোধবাসরে
ইতিঃ ॥ ৩৩৬ ॥

অনুবাদ—প্রায় এইরূপই পদ্মপুরাণে ও স্কন্দ-

পুরাণে—বহুপুষ্প দ্বারা, বহুফল দ্বারা, কর্পূর অগুরু কুঙ্কুম দ্বারা কার্ত্তিকে উত্থান দিনে শ্রীহরির পূজা বিধান করিবে ॥ ৩৩৬ ॥

টীকা—ইত্থং ব্রহ্মপুরাণাদ্যুক্তপ্রকারেণ, স্বস্য ব্রতানি চাতুর্ম্মাস্যাদি-বিহিতানি ॥ ৩৩৬ ॥

ইত্থং কৃত্বা মহাপূজাং মহানীরাজনং তথা ।
স্বব্রতান্যর্পয়েৎ কৃষ্ণে সপুষ্পাক্ষতবারিণা ॥ ৩৩৭ ॥

অনুবাদ—এই ভাবে মহাপূজা ও মহানীরাজন করিয়া নিজ চাতুর্ম্মাস্যাদি ব্রতসমূহ পুষ্প, আতপচাউল ও জলসহ শ্রীকৃষ্ণচরণে অর্পণ করিবেন ॥ ৩৩৭ ॥

বেদস্তুত্যাদিনা স্তুত্বা স্বস্ত্যস্ত্বিত্যাদিনা প্রভুম্ ।
সংপ্রার্থ্য গীতবাদ্যাদিঘোষৈরারোহয়েদ্রথম্ ॥ ৩৩৮॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবতোক্ত (১০।৮৭ অ) বেদ স্তুতিদ্বারা এবং প্রহলাদকৃত 'স্বস্তি অস্তু' ইত্যাদি স্তব-দ্বারা প্রভুকে প্রার্থনা জানাইয়া গীতবাদ্যাদি ধ্বনিসহ প্রভুকে রথে আরোহণ করাইবেন ॥ ৩৩৮ ॥

টীকা—'স্বস্ত্যস্তু বিশ্বস্য মনঃ প্রসীদতাম্' ইত্যা-দিনা প্রভুং সংপ্রার্থ্য ॥ ৩৩৮ ॥

তথা চ ভবিষ্যোত্তরে শ্রীকৃষ্ণযুধিষ্ঠিরসংবাদে—
মহাতূর্য্যরবৈ রাত্রৌ ভ্রাময়েৎ স্যন্দনে স্থিতম্ ।
উত্থিতং দেবদেবেশং নগরে পার্থিবঃ স্বয়ম্ ।
দীপোদ্দ্যোতকরে মার্গে নৃত্যগীতসমাকুলে ॥ ৩৩৯ ॥

অনুবাদ—ঐরূপ ভবিষ্যোত্তরে শ্রীকৃষ্ণ যুধিষ্ঠির সংবাদে—মহা মহা তুরী ভেরী বাদ্য সহ রাত্রিতে রথারূঢ় প্রভুকে নগর ভ্রমণ করাইবে। রাজা স্বয়ং জাগরিত দেবদেবেশ্বর প্রভুকে নগরের পথে পথে উচ্চ দীপ হস্তে নৃত্য, গীত, বাদ্যসহ রথে ভ্রমণ করাইবেন ॥ ৩৩৯ ॥

অথ রথযাত্রামাহাত্ম্যম্

ভবিষ্যোত্তরে তত্রৈব—
যং যং দামোদরঃ পশ্যেদুত্থিতো ধরণীধরঃ ।
তং তং প্রদেশং রাজেন্দ্র সর্ব্বং স্বর্গায় কল্পয়েৎ ॥৩৪০

অনুবাদ—অনন্তর রথযাত্রা মাহাত্ম্য, ভবিষ্যোত্তরে ঐ প্রসঙ্গে—হে রাজেন্দ্র! ধরণীধর দামোদর উত্থান দ্বাদশীতে জাগরণ করিয়া যে যে বস্তুকে ও প্রদেশকে দর্শন করিবেন, সেই সেই প্রদেশসমূহ স্বর্গতুল্য পরি-গণিত হয় ॥ ৩৪০ ॥

কিঞ্চ—
যাবৎ পদানি কৃষ্ণস্য রথস্যাকর্ষণং নরঃ ॥
করোতি ক্রতুভিস্তানি তুল্যানি নরনায়ক ॥ ৩৪১ ॥

অনুবাদ—আরও—হে নরনায়ক! মানব শ্রীকৃষ্ণের রথ আকর্ষণ করিয়া যত পদ গমন করে, ঐ সকল পদক্ষেপ স্থান যজ্ঞভূমি তুল্য হয় ॥ ৩৪১ ॥

রথস্থং যে নিরীক্ষন্তে কৌতুকেনাপি কেশবম্ ।
দেবতানাং গণাঃ সর্ব্বে ভবন্তি শ্বপচাদয়ঃ ॥ ৩৪২ ॥

অনুবাদ—যাহারা কৌতুকবশতঃ ও কেশবদেবকে রথস্থিত দর্শন করে, তাহারা চণ্ডালাদি হইলেও সকলে দেবতাদেরগণে পরিগণিত হয় ॥ ৩৪২ ॥

টীকা—তে শ্বপচাদয়োঽপি দেবগণা ভবন্তি ॥৩৪২॥

স্ত্রিয়োঽপি মুক্তিমায়ান্তি রথযাত্রাপরায়ণাঃ ।
পিতৃ-মাতৃ-ভর্ত্তৃকুলং নয়ন্তি হরিমন্দিরম্ ॥ ৩৪৩ ॥

অনুবাদ—নারীগণও রথযাত্রায় যোগদান করিলে মুক্তিলাভ করিয়া পিতৃকুল, মাতৃকুল ও স্বামীরকুলকে শ্রীহরিধামে লইয়া যায় ॥ ৩৪৩ ॥

কুর্ব্বন্তি নর্ত্তকীরূপং রথাগ্রে কৌতুকান্বিতম্ ।
অপ্সরোভিঃ সহ ক্রীড়াং কুর্ব্বন্তীন্দ্রাশ্চতুর্দ্দশ ॥৩৪৪॥

অনুবাদ—কৌতুকবশতঃ রথাগ্রে যাহারা নর্ত্তকী-রূপ ধারণ করে, তাহারা স্বর্গে অপ্সরাগণ সহ কল্প-কাল ক্রীড়া করে ॥ ৩৪৪ ॥

টীকা—নর্ত্তক্যা ইব রূপং বেশং কুর্ব্বন্তি ॥৩৪৪॥

যে রথাগ্রে প্রকুর্ব্বন্তি গীতবাদ্যাদি মানবাঃ।
দেবলোকাৎ পরিভ্রষ্টা জায়ন্তে মণ্ডলেশ্বরাঃ ॥৩৪৫॥

অনুবাদ—যে সকলমানব রথাগ্রে গীত, বাদ্যাদি করে, দেবলোক ভোগান্তে পৃথিবীতে মণ্ডলেশ্বর হয় ॥ ৩৪৫ ॥

টীকা—দেবলোকাৎ পরিভ্রষ্টা ইতি—প্রাক্ দেবলোকে যথেষ্টং ভোগান্ ভুক্ত্বা ততঃ পরিভ্রষ্টাঃ সন্তঃ ইত্যর্থঃ ॥ ৩৪৫ ॥

মৌল্যেন স্যন্দনস্যাগ্রে গায়মানাশ্চ গায়কাঃ।
বাদকৈঃ সহ রাজেন্দ্র প্রয়ান্তি হরিমন্দিরম্ ॥ ৩৪৬॥

অনুবাদ—হে রাজেন্দ্র! বেতন গ্রহণ করিয়া রথাগ্রে গায়মান গায়কগণ বাদকগণ সহ, শ্রীহরিধামে গমন করে ॥ ৩৪৬ ॥

টীকা—মৌল্যেন বেতনেনাপি গৃহীতেন ॥৩৪৬॥

রথোৎসবে মুকুন্দস্য যেষাং হর্ষোঽপি জায়তে।
তেষাং ন নারকী পীড়া যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ॥ ৩৪৭ ॥

অনুবাদ—শ্রীমুকুন্দের রথোৎসবে যাহাদের অনুমোদন বা উৎসাহ জনিত আনন্দও হয়, তাহাদের কল্পকাল নরক যন্ত্রণা হয় না ॥ ৩৪৭ ॥

টীকা—অস্তু তাবদ্রথযাত্রা-নিষ্পাদনং, তত্রোৎসাহাদিনাপি মহাফলং স্যাদিত্যাহ—রথেতি ত্রিভিঃ। হর্ষোঽনুমোদনমুৎসাহে বা ॥ ৩৪৭ ॥

রথোৎসবস্য মাহাত্ম্যং কলৌ বিতনুতে হি যঃ।
পুণ্যবুদ্ধ্যা বিশেষেণ লোভেনাপ্যথবা নরঃ ॥ ৩৪৮ ॥
সপ্তদ্বীপসমুদ্রান্তা রত্নধান্য-সমন্বিতা।
সশৈলবনপুষ্পাঢ্যা তেন দত্তা মহী ভবেৎ॥ ৩৪৯ ॥

অনুবাদ—রথযাত্রা উৎসবের মহিমা যিনি কলিযুগে বিস্তার করেন, পুণ্যবুদ্ধি জ্ঞানে, অথবা বিশেষ কোন লোভ বশতঃ ঐ মানব সপ্তদ্বীপ সমন্বিতা সমুদ্রান্ত রত্ন, ধান্য সমন্বিতা, পর্ব্বত সহ বনপুষ্প যুক্তা পৃথিবী দানের ফল প্রাপ্ত হন ॥ ৩৪৮-৩৪৯ ॥

অন্যত্র চ—

বোধনী জাগরাধারা কাৰ্ত্তিকে শুক্লপক্ষতঃ।
রথস্থো যত্র ভগবাংস্তুষ্টো যচ্ছতি বাঞ্ছিতম্ ॥৩৫০

অনুবাদ—অন্যত্রও—কাৰ্ত্তিকে শুক্লপক্ষে বোধনী দ্বাদশী জাগরণ সহ উৎসবে রথস্থিত ভগবান্ তুষ্ট হইয়া বাঞ্ছিত ফল দান করেন ॥ ৩৫০ ॥

টীকা—যত্র—যস্যাং বোধন্যাম্ ॥ ৩৫০ ॥

ভজন্তে যে রথারূঢ়ং দেবং সর্ব্বেশ্বরেশ্বরম্।
তেষাং যাত্রাকৃতাং নৃণাং কামানিষ্টান্ প্রযচ্ছতি ॥ ৩৫১ ॥

অনুবাদ—যে সকল মানব রথস্থিত সর্ব্বেশ্বরেশ্বর ভগবানকে সেবা করে, সেই সকল মানবের যাত্রার উদ্দেশ্যে কৃত কাম্য ফলসমূহ ভগবান প্রদান করেন ॥ ৩৫১ ॥

শ্রীকৃষ্ণরথশোভাং যে প্রকুর্ব্বন্তি প্রহর্ষিতাঃ।
তেষাং মনোরথাবাপ্তিং যচ্ছতে পুরুষোত্তমঃ ॥৩৫২॥

অনুবাদ—যে সকল মানব উৎসাহ যুক্ত হইয়া শ্রীকৃষ্ণের রথের শোভা বৃদ্ধি করে পুরুষোত্তম শ্রীকৃষ্ণ তাহাদের মনের অভিলষিত বস্তু দান করে ॥ ৩৫২॥

টীকা—মনোরথাবাপ্তিং—বাঞ্ছিতফলম্ ॥৩৫২॥

শ্রীকৃষ্ণরথসংশোভাং যঃ করোতি স্বশক্তিতঃ।
বাঞ্ছিতং তস্য যচ্ছন্তি নিত্যং সূর্য্যাদয়ো গ্রহাঃ ॥ ৩৫৩ ॥

অনুবাদ—যে মানব নিজ সামর্থ্য অনুসারে শ্রীকৃষ্ণ-রথের সম্পূর্ণ শোভা বৃদ্ধি করে, সূর্য্যাদি-গ্রহগণ নিত্য তাহার বাঞ্ছিত পূরণ করেন ॥ ৩৫৩ ॥

কৃষ্ণস্য রথশোভাং যঃ পতাকাদি-সমন্বিতাম্।
করোতি বরনারীণাং ভোক্তা মন্বন্তরাণি ষট্ ॥৩৫৪

অনুবাদ—যিনি পতাকাদিযুক্ত করিয়া শ্রীকৃষ্ণের রথশোভা বৃদ্ধি করেন, তিনি ছয় মন্বন্তর যাবৎ উত্তমা নারীদিগের ভোক্তা হন ॥ ৩৫৪ ॥

কৃষ্ণস্য রথশোভাং যে প্রকুর্ব্বন্তি প্রহর্ষিতাঃ।
পদে পদে তথা পুত্র তেষাং পুণ্যং প্রয়াগজম্ ॥৩৫৫॥

অনুবাদ—যে সকল মানব উৎসাহযুক্ত হইয়া শ্রীকৃষ্ণের রথ শোভা বৃদ্ধি করেন, হে পুত্র! পদে পদে তাহাদের প্রয়াগ তীর্থ ভ্রমণ জাত পুণ্য হয় ॥ ৩৫৫ ॥

———

রথযাত্রাস্থিতে কৃষ্ণে জয়েতি প্রবদন্তি যে।
জয়েতি চ পুনর্যে বৈ শৃণু পুণ্যং বদাম্যহম্ ॥ ৩৫৬॥

অনুবাদ—শ্রীকৃষ্ণের রথারোহণকালে যাঁহারা জয় জয় শব্দ উচ্চারণ পুনঃ পুনঃ করেন, তাঁহাদের পুণ্য বলিতেছি শ্রবণ কর ॥ ৩৫৬ ॥

———

গঙ্গাদ্বারে প্রয়াগে চ গঙ্গা-সাগরসঙ্গমে।
বারাণস্যাদি-তীর্থেষু দেবানাঞ্চৈব দর্শনে ॥ ৩৫৭ ॥
যৎ ফলং কবিভিঃ প্রোক্তং কার্ৎস্ন্যেন চ নরেশ্বর।
জয়-শব্দে কৃতে বিষ্ণৌ রথস্থে তৎ ফলং
স্মৃতম্ ॥ ৩৫৮ ॥

অনুবাদ—গঙ্গাদ্বারে অর্থাৎ হরিদ্বারে, প্রয়াগে, গঙ্গাসাগর সঙ্গমে, বারাণসী আদি তীর্থে স্নান ও দেবগণের দর্শনে যে ফল শাস্ত্রকারগণ পরিপূর্ণরূপে বলিয়াছেন, হে মহারাজ! শ্রীবিষ্ণুর রথে অবস্থান কালে 'জয়'-শব্দ উচ্চারণ করিলে সেই ফল জানিবেন ॥ ৩৫৭-৩৫৮ ॥

———

রথস্থিতো নরৈর্যৈস্তু পূজিতো ধরণীধরঃ।
যথালাভোপপন্নৈশ্চ পুষ্পৈর্ভক্ত্যা সমর্চ্চিতঃ।
দদাতি বাঞ্ছিতান্ কামানন্তে চ পরমং পদম্ ॥৩৫৯

অনুবাদ—রথস্থিত ধরণীধর শ্রীবিষ্ণুকে যে সকল মানব পূজা করেন এবং অনায়াস লভ্য পুষ্পসমূহ দ্বারা ভক্তিভাবে পূজা করেন, শ্রীবিষ্ণু তাঁহাদের বাঞ্ছিত বস্তুসমূহ প্রদান করেন এবং অন্তে পরমধাম প্রদান করেন ॥ ৩৫৯ ॥

———

মঙ্গলং যে প্রকুর্ব্বন্তি ধূপদীপাংস্তথা স্তবম্।
নৈবেদ্যং বস্তুপূজাঞ্চ ভক্ত্যা নীরাজনং হরেঃ ॥৩৬০॥
রথারূঢ়স্য কৃষ্ণস্য সংপ্রাপ্তে হরিবাসরে।
ফলং ন তন্ময়া জ্ঞাতং জানাতি যদি কেশবঃ ॥৩৬১

অনুবাদ—যাহারা জয় জয় ধ্বনি উচ্চারণ দ্বারা মঙ্গলাচরণ করেন, ধূপ, দীপ আদি দান, স্তবপাঠ, নৈবেদ্য, বস্তু বিশেষ অর্পণ দ্বারা পূজা, ভক্তিসহ শ্রীহরির আরতি করেন, হরিবাসর দ্বাদশীতে রথারূঢ় শ্রীকৃষ্ণের, তাহার ফল আমি জানি না, শ্রীকেশব জানিতে পারেন ॥ ৩৬০-৩৬১ ॥

টীকা—মঙ্গলং জয়তীত্যাদিকরূপং, বস্তুবিশেষার্পণেন পূজাম্ ॥ ৩৬০ ॥

টীকা—যদীতি সংশয়শ্চানন্ত্যাভিপ্রায়েণ ॥৩৬১॥

———

ব্রহ্মস্বহারী গোঘ্নশ্চ ভ্রূণহা ব্রহ্মনিন্দকঃ।
মহাপাতকযুক্তোঽপি ব্রহ্মহা গুরুতল্পগঃ ॥ ৩৬২ ॥
মদ্যপঃ সর্ব্বপাপোঽপি কলিকালেন মোহিতঃ।
রথাগ্রতঃ পদৈকেন মুচ্যতে সর্ব্বপাতকৈঃ ॥ ৩৬৩ ॥

অনুবাদ—ব্রাহ্মণের সম্পদ অপহারী, গোহত্যাকারী, ভ্রূণহা, ব্রহ্মনিন্দক, মহাপাতকযুক্ত, ব্রহ্মহত্যাকারী, গুরুদারগামী, মদ্যপায়ী, কলিকালমুগ্ধ, সর্ব্ববিধ পাপযুক্ত ব্যক্তিও রথের সম্মুখে পদমাত্র গমন করিলে সর্ব্ববিধ পাপ হইতে মুক্ত হয় ॥৩৬২-৩৬৩॥

টীকা—সর্ব্বাণি পাপানি যস্মিন্ সোঽপি ॥৩৬৩॥

———

কিঞ্চান্যত্র—
রথারূঢ়ে মহাবিষ্ণৌ যে কুর্ব্বন্তি জয়স্বনম্।
পূজাঞ্চাখিলপাপেভ্যো মুক্তা যান্তি
হরেঃ পদম্ ॥ ৩৬৪ ॥

অনুবাদ—আরও অন্যত্র—মহাবিষ্ণু রথারোহণ করিলে যাহারা জয় জয় ধ্বনি ও পূজা করেন, তাহারা সর্ব্ববিধ পাপ হইতে মুক্ত হইয়া শ্রীহরির ধামে গমন করেন ॥ ৩৬৪ ॥

টীকা—পূজাঞ্চ কুর্ব্বন্তি ॥ ৩৬৪ ॥

———

কিঞ্চ—

রথস্যাকর্ষণং পূর্ব্বং কুরুতে দৈত্যনায়কঃ।
ততঃ সুরা সিদ্ধসংঘা যক্ষগন্ধর্ব্বমানবাঃ ॥ ইতি ॥ ॥ ৩৬৫ ॥

অনুবাদ—আরও—পুরাকালে দৈত্যরাজ প্রহলাদ রথ আকর্ষণ করেন। তৎপরে দেবগণ, গন্ধর্ব্বগণ মানবগণ রথ আকর্ষণ করেন ॥ ৩৬৫ ॥

টীকা—ন চায়ং রথো মনুষ্যমাত্রশক্ত্যা চলতি, কিন্তু ভগবদ্ভক্তানাং মহতামেবেত্যাশয়েনাহ—রথস্যেতি। দৈত্যনায়কঃ—শ্রীপ্রহলাদঃ ॥ ৩৬৫ ॥

ইত্থঞ্চ রথযাত্রায়া বিধির্ব্যক্তঃ স্বতোঽভবৎ।
তথাপি কশ্চিত্তত্রান্যো বিশেষোঽপি বিতন্যতে ॥ ৩৬৬ ॥

অনুবাদ—এইভাবে রথযাত্রার বিধি স্বাভাবিক ভাবে প্রকাশিত হইল তথাপি তন্মধ্যে অন্য কোন কোন বিশেষ বিধিও আছে তাহা বিস্তার করা হইতেছে ॥ ৩৬৬ ॥

টীকা—ইত্থং—মাহাত্ম্যলিখনদ্বারেত্যর্থঃ। স্বত এব ব্যক্তঃ প্রকটোঽভবৎ, অতস্তদ্বিস্তারণেনালমিত্যর্থঃ। বিশেষ আশীর্বাক্যকীর্ত্তনাদিঃ ॥ ৩৬৬ ॥

অথ রথযাত্রাবিধিঃ

শ্রীকৃষ্ণে তু রথারূঢ়ে জয়-জয়-ধ্বনিম্।
নিষ্পাদ্য চ মহাপূজামাশীর্বাক্যানি কীর্ত্তয়েৎ ॥৩৬৭॥

অনুবাদ—অনন্তর রথযাত্রা বিধি—শ্রীকৃষ্ণ রথে আরোহণ করিলে জয় জয় ধ্বনি করিয়া মহাপূজা সম্পাদনের পর আশীর্বাক্যসমূহ কীর্ত্তন করিবেন ॥ ৩৬৭ ॥

টীকা—বিশেষমেব লিখন্ তৎ পূর্ব্বকৃত্যমনুস্মারয়তি—শ্রীকৃষ্ণে ত্বিতি ॥ ৩৬৭ ॥

তথা চ বিষ্ণুধর্ম্মে—

বক্তুং নীলোৎপলরুচি-লসৎ-কুণ্ডলাভ্যাং প্রমৃষ্টং
চন্দ্রাকারং রচিততিলকং চন্দনেনাক্ষতৈশ্চ।
গত্যা লীলাং জনসুখকরীং প্রেক্ষণেনামৃতৌঘং
পদ্মাবাসাং সততমুরসা ধারয়ন্ পাতু বিষ্ণুঃ ॥৩৬৮॥

অনুবাদ—ঐরূপই বিষ্ণুধর্ম্মে উক্ত হইয়াছে—যাঁহার বদনমণ্ডল নীলপদ্মের ন্যায় শ্যামল এবং দোলায়মান কুণ্ডলদ্বয়ের আভাসে উজ্জ্বল, চন্দন ও অক্ষত সমূহের দ্বারা রচিত চন্দ্রাকার তিলক, রথযাত্রা গমনভঙ্গী জনসুখকরী, দর্শন দ্বারা অমৃত বর্ষণকারী, সর্ব্বদা বক্ষে লক্ষ্মীদেবীর নিবাস, এই প্রকার শ্রীবিষ্ণু জগৎবাসীকে রক্ষা বা পালন করুন ॥ ৩৬৮ ॥

টীকা—চন্দ্রাকারং পূর্ণেন্দুমণ্ডলসদৃশাকৃতি বক্তুং ধারয়ন্ প্রকটয়ন্; বক্তুমেব বিশিনষ্টি নীলেত্যাদি-প্রথমার্দ্ধেন। নীলোৎপলস্যেব রুচিঃ শ্যামকান্তির্যস্মিন্, লসদ্ভ্যাং গণ্ডয়োঃ ক্রীড়দ্ভ্যাং শোভমানাভ্যাং বা কুণ্ডলাভ্যাং প্রমৃষ্টং পরমোজ্জলম্; লসদিত্যস্য পূর্ব্বেণৈব বা সম্বন্ধঃ। চন্দনেনাক্ষতৈশ্চ রচিতং ভালে নির্ম্মিতং তিলকং যস্মিন্। পুনর্বিষ্ণুং বিশিনষ্টি—গত্যা রথযাত্রয়া জনসুখকরীং সর্ব্বলোকানন্দবহাং লীলাং কৌতুকবিশেষং ধারয়ন্; কিঞ্চ, প্রেক্ষণেন কৃপাবলোকেন অমৃতৌঘং সুধাপূরং ধারয়ন্; কিঞ্চ, উরসা পদ্মবাসাং লক্ষ্মীং ধারয়ন্ সততং পাতু জগদিতি শেষঃ; ব ইত্যুত্তরশ্লোকস্থস্য বা সম্বন্ধঃ ॥৩৬৮॥

যুক্তঃ শৈব্যাদি-বাহৈর্মধুরতররণৎ-কিঙ্কিণীজালমালৈ
রত্নৌঘৈর্মৌক্তিকানামবিরতমণিভিঃ সংভৃতৈশ্চৈব হারৈঃ।
হৈমৈঃ কুম্ভৈঃ পতাকাশিবতররুচিভির্ভূষিতং কেতুমুখ্যৈ-
শ্ছত্রৈর্ব্রহ্মেশবন্দ্যো দুরিতহরহরেঃ পাতু জৈত্রো রথো বঃ ॥৩৬৯ ॥

অনুবাদ—শ্রীহরির রথখানি শৈব্য, সুগ্রীব, মেঘপুষ্প ও বলাহক নামক অশ্বচতুষ্টয় যোজিত, মধুরতর শব্দায়মান কিঙ্কিণী জাল মণ্ডিত, রত্নমালা, মুক্তামালা ও মণিমালাসমূহ দ্বারা গ্রথিত হারসমূহ দ্বারা সমলঙ্কৃত, স্বর্ণকুম্ভ সমূহ দ্বারা এবং উত্তম দীপ্তিশালী পতাকা শ্রেণী ও ছত্র দ্বারা ভূষিত, ব্রহ্মামহেশাদি বন্দিত, পাপনাশন শ্রীহরির জয়শীল রথ তোমাদিগকে পালন করুন ॥ ৩৬৯ ॥

টীকা—শৈব্যঃ আদি-শব্দেন সুগ্রীবমেঘপুষ্পবলাহকাঃ, এতৎসংজ্ঞকৈর্বাহৈরশ্বৈ-শ্চতুর্ভির্যুক্তঃ, এবম-

স্যাপি রথস্য ভগবদারূঢ়ত্বাত্তন্নিত্যরথসাদৃশ্যমভি-প্রেতম্। কথম্ভূতৈর্ব্বাহৈঃ ? মধুরতরং যথা স্যাত্তথা রণন্তীনাং শব্দায়মানানাং, যদ্বা, মধুরাণাঞ্চ পরম-সুন্দরীণাং রণন্তীনাঞ্চ কিঙ্কিণীনাং জালস্য মালা যেষু তৈঃ। পুনঃ কথম্ভূতৈঃ ? অবিরতা নিরন্তরা মণয়ো যেষু তৈর্মৌক্তিকানাং হারৈঃ রত্নৌঘৈশ্চান্যৈঃ সম্ভৃতৈঃ পরিপূর্ণৈঃ; যদ্বা, রথস্যৈব বিশেষণম্। ততশ্চ মণয়ো মৌক্তিকগুণকানি যথা জপমালাদিমণয়ঃ; মৌক্তিকানামবিরতৈর্মণিভিঃ রত্নৌঘৈশ্চ সম্ভৃতৈর্গ্র-থিতৈর্হারৈর্ভূষিতঃ ইত্যন্বয়ঃ। পতাকানাং শিবত-রাভিঃ পরমোত্তমাভিঃ রুচিভির্দীপ্তিভিঃ ছত্রৈশ্চ ভূষিতাঃ, দুরিতহরস্য হরেঃ জৈত্রঃ জয়শীলঃ ॥৩৬৯॥

———

মোদন্তাং সুজনা হ্যনিন্দিতধিয়ঃ ধ্বস্তাখিলোপদ্রবাঃ
স্বস্থাঃ সুস্থিরবুদ্ধয়ঃ প্রতিহতামিত্রা রমন্তাং সুখম্।
রে দৈত্যা গিরিগহ্বরাণি গহনান্যাশু ব্রজধ্বং ভয়াদ্
দৈত্যারির্ভগবানয়ং যদুপতির্যানং সমারোহতি ॥৩৭০

অনুবাদ—প্রশংসিতবুদ্ধি সজ্জনগণ আনন্দিত হউন, উপদ্রব সকল নিবারিত হইল, ধীরবুদ্ধি মানবগণ স্বস্তিলাভ করিল, দমিতশত্রু জনগণ সুখে ক্রীড়া করুন, রে দৈত্যগণ গিরিগুহাসমূহে বা গহন-বনে শীঘ্র ভয়ে পলায়ন কর, দৈত্যনিসূদন ভগবান্ এই যদুপতি শ্রীকৃষ্ণ রথে আরোহণ করিতেছেন ॥ ৩৭০ ॥

———

পলায়ধ্বং পলায়ধ্বং রে রে দিতিজদানবাঃ।
সংরক্ষণায় লোকানাং রথারূঢ়ো নৃকেশরী ॥
ইতি ॥ ৩৭১ ॥

অনুবাদ—অরে অরে দিতিপুত্র দানবগণ পলায়ন কর, লোকসমূহের সম্যক্ পালন জন্য নরহরি শ্রীকৃষ্ণ রথে আরোহণ করিয়াছেন ॥ ৩৭১ ॥

———

ততো বিচিত্রগদ্যানি পঠিত্বাথ মহাপ্রভোঃ।
মহাপ্রসাদমালাঞ্চ স্বীকুর্য্যাৎ পরয়া মুদা ॥ ৩৭২ ॥

অনুবাদ—অনন্তর বিচিত্র গদ্যছন্দে রচিত বিরুদ কাব্যসমূহ পাঠ করিয়া পরমানন্দে মহাপ্রভুর মহা-প্রসাদ ও প্রসাদী মালা ধারণ করিবেন ॥ ৩৭২ ॥

———

অথ তন্মাহাত্ম্যম্

ভক্ত্যা গৃহ্ণাতি যো মালাং বৈষ্ণবীং মঙ্গলাশ্রয়াম্।
ন তেষাং দুর্ল্লভং কিঞ্চিদিহ লোকে পরত্র চ ॥৩৭৩॥

অনুবাদ—অনন্তর প্রসাদী মালা চন্দনাদির মাহাত্ম্য—শ্রীবিষ্ণুর প্রসাদী অখিল মঙ্গলাধার মালা যিনি ভক্তিসহ গ্রহণ করেন, ইহ পরলোকে তাহাদের দুর্ল্লভ বস্তু কিছুই থাকে না ॥ ৩৭৩ ॥

———

তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন সর্ব্বকামসমৃদ্ধয়ে।
মালামেতাং প্রগৃহ্ণীয়াৎ সৌখ্যমোক্ষপ্রদায়িনীম্ ॥
ইতি ॥ ৩৭৪ ॥

অনুবাদ—অতএব উদ্যমের সহিত সর্ব্ববিধ বাসনা সিদ্ধির জন্য সুখ ও মোক্ষপ্রদায়িনী প্রভুর প্রসাদী এই মালা যত্নসহ গ্রহণ করিবে ॥ ৩৭৪ ॥

———

সঞ্চিন্ত্যাকৃষ্যমাণঞ্চ শ্রীপ্রহলাদাদিভী রথম্।
আকর্ষয়েদ্রাজপূর্য্যাং ভ্রাময়েদ্বৈষ্ণবৈঃ সমম্ ॥৩৭৫॥

অনুবাদ—শ্রীপ্রহলাদাদি মহাজনগণ রথ আক-র্ষণ করিতেছেন—এইরূপ ভাবনা লইয়া বৈষ্ণববৃন্দ সহ রাজপুরীতে রথ আকর্ষণ ও ভ্রমণ করাইবেন ॥ ৩৭৫ ॥

টীকা—রথঞ্চ তং শ্রীপ্রহলাদাদিভিরাকৃষ্যমাণং সঞ্চিন্ত্য পরিভাব্য স্বয়ং ভ্রাময়েৎ। প্রেরয়ন্নিতি পাঠে পশ্চাচ্চালয়ন্ ॥ ৩৭৫ ॥

———

তথা চ ভবিষ্যোত্তর তত্রৈব—
নৃত্যমানৈর্ভাগবতৈর্গীতবাদিত্রনিস্বনৈঃ।
ভ্রাময়েৎ স্যন্দনং বিষ্ণোঃ পুরমধ্যে সমন্ততঃ ॥৩৭৬॥

অনুবাদ—ঐরূপই ভবিষ্যোত্তরে ঐ প্রসঙ্গে—গীত, বাদ্যধ্বনি সহ নৃত্যরত ভাগবতগণ সহ শ্রীবিষ্ণুর রথ পুর মধ্যে চতুর্দ্দিকে ভ্রমণ করাইবে ॥ ৩৭৬ ॥

টীকা—নৃত্যমানৈর্নৃত্যদ্ভির্ভাগবতৈর্ভগবদ্ভক্তৈঃ সহ ॥ ৩৭৬ ॥

কিঞ্চ—

প্রবোধবাসরে প্রাপ্তে কার্ত্তিকে পাণ্ডুনন্দন।
দেবালয়েষু সর্ব্বেষু পুরমধ্যে সমন্ততঃ।
ভ্রাময়েত্তূর্য্যনির্ঘোষৈ রথস্থং ধরণীধরম্ ॥ ৩৭৭ ॥

অনুবাদ—আরও—হে পাণ্ডুনন্দন! কার্ত্তিকে উত্থান দ্বাদশীতে সকল দেবালয়ে পুরমধ্যে চতুর্দ্দিকে তুরীভেরী বাদ্যসহ শ্রীভগবানের রথ ভ্রমণ করাইবে ॥ ৩৭৭ ॥

রথাগমে মুকুন্দস্য পুরশোভান্তু কারয়েৎ।
সর্ব্বতো রমণীয়ন্তু পতাকৈরুপশোভিতম্ ॥৩৭৮॥
তোরণৈর্বহুভির্যুক্তং রম্ভাস্তম্ভৈঃ সুশোভিতম্।
স্থানে স্থানে মহীপাল কর্ত্তব্যাং পুণ্যসংযুতম্।
বিচিত্ররথশোভা চ কর্ত্তব্যা ভাবিতৈর্নরৈঃ ॥
ইতি ॥ ৩৭৯ ॥

অনুবাদ—শ্রীমুকুন্দের রথ আসিবেন জানিয়া পুরীর শোভা বৃদ্ধি করিবে, মনোরম পতাকাসমূহ দ্বারা উত্তম শোভা বিশিষ্ট, বহু তোরণ দ্বারযুক্ত, রম্ভাবৃক্ষ কদলীস্তম্ভ সমূহ দ্বারা সুশোভিত, হে মহীপাল! স্থানে স্থানে মঙ্গলতম বিচিত্র রথশোভাও সুচিন্তিত মানবগণ দ্বারা কর্ত্তব্যা ॥ ৩৭৮-৩৭৯ ॥

টীকা—রথস্যাগমে যত্র যত্র রথো যাতি তত্র তত্রৈবেত্যর্থঃ। এবং পুরোশোভাকর্ম্মণস্তাৎকালিকত্বমুক্তং, পূর্ব্বমপি সর্ব্বমহাযাত্রাসাধারণ্যাৎ কার্য্যমেবেতি জ্ঞেয়ম্। পুরোশোভামেব বিবৃত্যাহ—সর্ব্বত ইতি সার্দ্ধেন। রমণীয়ং পুরমিতি শেষঃ ॥ ৩৭৮ ॥

টীকা—পুণ্যসংযুতঃ—মঙ্গলতমম্। ভাবিতৈঃ—ভাবযুক্তৈঃ সদ্ভির্বিচিত্রা রথশোভা চ স্থানে স্থানে কর্ত্তব্যা ॥ ৩৭৯ ॥

রথেন গচ্ছন্ ভগবাননুগম্যোঽখিলৈর্জনৈঃ।
স্বস্বগেহাগ্রতশ্চার্চ্চ্যোঽন্যথা দোষো মহান্ ভবেৎ ॥ ৩৮০ ॥

অনুবাদ—সমগ্র মানবকুলের পক্ষে রথারূঢ় শ্রীভগবানের অনুগমন কর্ত্তব্য এবং নিজ নিজ গৃহের অগ্রে অর্চ্চনা কর্ত্তব্য, তাহা না করিলে মহাদোষ হইবে ॥ ৩৮০ ॥

টীকা—অখিলৈরাত্মারামাদিভিরপি স্বস্বগেহাগ্রতঃ নিজনিজালয়াগ্রতঃ প্রাপ্তঃ সন্ অর্চ্চ্যঃ পূজ্যঃ। অন্যথা—অনুগমনার্চ্চনে ন কৃতে সতীত্যর্থঃ ॥ ৩৮০ ॥

অথ রথানুগমনাদিনিত্যতা

তত্রৈব—

রথেন সহ গচ্ছন্তি পার্শ্বতঃ পৃষ্ঠতোঽগ্রতঃ।
বিষ্ণুনৈব সমাঃ সর্ব্বে ভবন্তি শ্বপচাদয়ঃ ॥ ৩৮১ ॥

অনুবাদ—অনন্তর রথানুগমনাদি নিত্যতা, ঐ বিষ্ণুধর্ম্মে—যাঁহারা শ্রীভগবানের রথের সহিত গমন করেন, অথবা পার্শ্বে, পশ্চাতে বা অগ্রে গমন করেন, তাহারা চণ্ডালাদি হইলেও সকলে বিষ্ণুসহ বা মহাবিপ্র সম হয় ॥ ৩৮১ ॥

টীকা—অকরণে প্রত্যবায়দ্বারা নিত্যত্বং লিখিতুমাদৌ করণেন পরমগুণং লিখতি—রথেনেতি। মহাবিপ্রেতি পাঠে মহাবিপ্রাঃ জ্ঞাননিষ্ঠা মুনয়স্তৈঃ সমাস্তুল্যাঃ। যদ্যপি মহাব্রাহ্মণ-শব্দেন চাণ্ডালোঽভিধীয়তে, তথাপি বিপ্রশব্দ প্রয়োগাত্তৎপরিহারো জ্ঞেয়ঃ ॥ ৩৮১ ॥

রথস্থং যে ন গচ্ছন্তি ভ্রমমাণং জনার্দ্দনম্।
বিপ্রাধ্যয়নসম্পন্না ভবন্তি শ্বপচাধমাঃ ॥ ৩৮২ ॥

অনুবাদ—রথারোহণে ভ্রমমাণ জনার্দ্দনের যাহারা অনুগমন না করেন শাস্ত্রাধ্যয়নযুক্ত বিপ্র হইলেও শ্বপচাধম ॥ ৩৮২ ॥

টীকা—অধ্যয়নসম্পন্নাঃ অধীতশাস্ত্রা অপি বিপ্রাঃ। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥ ৩৮২ ॥

কিঞ্চ—

যেষাং গৃহাগ্রতো যাতি রথস্থো মধুসূদনঃ।
পূজা তৈস্তৈঃ প্রকর্ত্তব্যা বিত্তশাঠ্যবিবর্জ্জিতৈঃ ॥ ৩৮৩

অনুবাদ—আরও—রথস্থিত শ্রীমধুসূদন যাহাদের গৃহের অগ্রে যান, বিত্তশাঠ্য বর্জ্জিত হইয়া তাহাদের পক্ষে শ্রীভগবানের পূজা কর্ত্তব্য ॥ ৩৮৩ ॥

টীকা—পশ্যন্তীতি পাঠে দর্শনস্যাপি নিত্যত্বং জ্ঞেয়ম্। ততশ্চানুগমনস্য নিত্যত্বং নানুব্রজতীতি শ্লোকাদবগন্তব্যম্ ॥ ৩৮৩ ॥

অনর্চ্চিতো যদা যাতি গৃহাদ্‌যস্য মহীধরঃ।
পিতরস্তস্য বিমুখা বর্ষাণাং দশ পঞ্চ চ ॥ ৩৮৪ ॥

অনুবাদ—যাহার গৃহের সম্মুখ হইতে মহীধর ভগবান্ অর্চ্চনা না পাইয়া যান, তাহার পিতৃগণ পঞ্চদশ বর্ষ বিমুখ থাকেন ॥ ৩৮৪ ॥

যঃ পুনঃ কুরুতে পূজাং গৃহায়াতে তু মাধবে।
বসতে শ্বেতদ্বীপে তু যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ॥ ৩৮৫ ॥

অনুবাদ—আর যিনি শ্রীমাধব গৃহে আসিলে পূজা করেন, তিনি কল্পকাল শ্বেতদ্বীপে ভগবদ্‌ধামে বাস করেন ॥ ৩৮৫ ॥

টীকা—স চ কেবলমকরণপ্রত্যবায়পরিহারার্থমেব পূজা কার্য্যা, কিন্তু তয়া মহাফলঞ্চ স্যাদিত্যাহ—য ইতি ॥ ৩৮৫ ॥

অন্যত্র চ—
নানুব্রজতি যো মোহাদ্‌ব্রজন্তং পরমেশ্বরম্।
জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাপি স ভবেদ্‌ব্রহ্মরাক্ষসঃ ॥ ৩৮৬ ॥

অনুবাদ—অন্যত্রও—যিনি মোহবশতঃ পরমেশ্বরের গমনকালে অনুগমন না করেন, জ্ঞানরূপ অগ্নিদ্বারা তিনি সর্ব্বকর্ম্ম দগ্ধ করিলেও অপরাধ ফলে ব্রহ্মরাক্ষস হন ॥ ৩৮৬ ॥

টীকা—জ্ঞানাগ্নিনা দগ্ধানি কর্ম্মাণি যস্য জীবন্মুক্তস্য সোঽপি ভগবদ্বিষয়কমহাপরাধবলেন পরমদুষ্কর্ম্মোৎপত্তেস্তদ্ভোগার্থং দুর্জ্জন্ম লভত ইত্যর্থঃ ॥ ৩৮৬ ॥

অথ স্বমন্দিরং নীত্বা পূর্ব্ববৎ পূজয়েৎ প্রভুম্।
রাত্রৌ জাগরণং কুর্য্যাদ্বিধিবদ্বৈষ্ণবৈঃ সমম্ ॥ ৩৮৭॥

অনুবাদ—অনন্তর প্রভুকে নিজ মন্দিরে লইয়া গিয়া পূর্ব্ববৎ পূজা করিবেন এবং রাত্রিতে বৈষ্ণববৃন্দসহ যথাবিধি জাগরণ করিবেন ॥ ৩৮৭ ॥

টীকা—পূর্ব্ববদিতি শয়ন্যাদৌ যথালিখিতং তদ্বদিত্যর্থঃ। বিধিবদ্‌যথাবিধীত্যর্থঃ। রথযাত্রারাত্রৌ জাগরণমুন্মীলনীত্যাদিনা দ্বাদশ্যামুপবাসবৎ। অন্যথা পূর্ব্বস্মিন্নুপবাসদিনে জাগরণং পারণাদিনে উত্থানানন্তরং রথযাত্রেতি জ্ঞেয়ম্ ॥ ৩৮৭ ॥

অথ প্রবোধনীজাগরণমাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—
পূর্ব্বজন্মসহস্রেষু পাপং যৎ সমুপার্জ্জিতম্।
জাগরণে প্রবোধন্যাং দহতে তুলরাশিবৎ ॥ ৩৮৮ ॥

অনুবাদ—অনন্তর প্রবোধিনী জাগরণ মাহাত্ম্য, স্কন্দপুরাণে ঐ প্রসঙ্গে—পূর্ব্ব পূর্ব্ব সহস্র জন্মার্জ্জিত যে সকল পাপ, তাহা প্রবোধিনীতে জাগরণ ফলে তুলারাশির ন্যায় দগ্ধ হয় ॥ ৩৮৮ ॥

টীকা—তত্র জাগরণতঃ প্রথমং পাপক্ষয়মাহ—পূর্ব্বেতি ত্রিভিঃ ॥ ৩৮৮ ॥

কৃত্বাপি পাতকং ঘোরং ব্রহ্মহত্যাদিকং নরঃ।
কৃত্বা জাগরণং বিষ্ণোর্ধূতপাপো ভবেন্মুনে ॥ ৩৮৯ ॥

অনুবাদ—হে মুনে! মানব ব্রহ্মহত্যাদি ঘোর পাপ করিয়াও প্রবোধনীতে বিষ্ণু জাগরণ করিয়া পাপমুক্ত হয় ॥ ৩৮৯ ॥

কর্ম্মণা মনসা বাচা পাপং যৎ সমুপার্জ্জিতম্।
ক্ষালয়েত্তচ্চ গোবিন্দঃ প্রবোধন্যাস্তু জাগরে ॥ ৩৯০ ॥

অনুবাদ—মানব কায় মনোবাক্যে যে সকল পাপ সঞ্চিত করিয়াছে, তৎ সমুদয় গোবিন্দের প্রবোধিনীতে জাগরন করিলে প্রক্ষালিত হয় ॥ ৩৯০ ॥

দুষ্প্রাপং যৎ ফলং বিপ্রৈরশ্বমেধাদিভির্মখৈঃ।
প্রাপ্যতে তৎ সুখেনৈব প্রবোধন্যাস্তু জাগরে ॥ ৩৯১ ॥

অনুবাদ—বিপ্রগণ কর্তৃক অশ্বমেধাদি যজ্ঞসমূহ দ্বারা যাহা দুষ্প্রাপ্য, সেই ফল অনায়াসে প্রবোধনীতে জাগরণে পাওয়া যায় ॥ ৩৯১ ॥

টীকা—যজ্ঞ তীর্থদানাদিতোঽপ্যাধিক্যমাহ—দুষ্প্রাপমিতি ত্রিভিঃ ॥ ৩৯১ ॥

আপ্লুত্য সর্ব্বতীর্থানি দত্ত্বা চ কাঞ্চনং মহীম্ ।
ন তৎ ফলমবাপ্নোতি যৎ কৃত্বা জাগরং হরেঃ ॥৩৯২

অনুবাদ—শ্রীহরির প্রবোধিনী জাগরণে যে ফল পাওয়া যায়, সে ফল সর্ব্বতীর্থে স্নান, স্বর্ণদান, ভূমিদান করিয়াও পাওয়া যায় না ॥ ৩৯২ ॥

চন্দ্রসূর্য্যোপরাগে তু যৎ ফলং পরীকীর্ত্তিতম্ ।
তৎ সহস্রগুণং পুণ্যং প্রবোধন্যান্তু জাগরে ॥ ৩৯৩ ॥

অনুবাদ—চন্দ্র, সূর্য্য গ্রহণে যে ফল কীর্ত্তিত আছে, তাহার সহস্রগুণ পুণ্য প্রবোধিনীতে জাগরণে প্রাপ্ত হওয়া যায় ॥ ৩৯৩ ॥

স্নানং দানং তপো হোমঃ স্বাধ্যায়শ্চার্চ্চনং হরেঃ ।
তৎ সর্ব্বং কোটিগুণিতং প্রবোধন্যান্তু জাগরে ॥৩৯৪

অনুবাদ—স্নান, দান, তপস্যা, হোম, নিত্য বেদপাঠ, শ্রীহরির অর্চ্চন ফলসমূহ কোটি গুণিত হয়, প্রবোধনীতে জাগরণে ॥ ৩৯৪ ॥

টীকা—কিঞ্চ স্নানমিতি ॥ ৩৯৪ ॥

সমতীতং ভবিষ্যঞ্চ বর্ত্তমানং কুলাযুতম্ ।
বিষ্ণুলোকং নয়ত্যাশু জাগরণে প্রবোধনী ॥ ৩৯৫ ॥

অনুবাদ—প্রবোধনীতে জাগরণে অতীত, ভবিষ্য ও বর্ত্তমান দশসহস্র কুলকে বিষ্ণুলোকে শীঘ্র লইয়া যায় ॥ ৩৯৫ ॥

টীকা—সর্ব্বকুলসমেতস্য শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপকত্বঞ্চাহ—সমতীতমিতি ত্রিভিঃ ॥ ৩৯৫ ॥

চলন্তি পিতরো হৃষ্টা বিষ্ণুলোকমলঙ্কৃতাঃ ।
বিমুক্তা নারকৈর্দুঃখৈঃ কর্ত্তুঃ কৃষ্ণপ্রজাগরম্ ॥৩৯৬॥

অনুবাদ—প্রবোধনীতে শ্রীকৃষ্ণ প্রজাগরণকারীর পিতৃগণ নরক দুঃখ মুক্ত হইয়া হৃষ্ট চিত্তে অলঙ্কৃত হইয়া বিষ্ণুলোকে গমন করেন ॥ ৩৯৬ ॥

টীকা—কৃষ্ণস্য জাগরণং কর্ত্তুঃ, যঃ করোতি তস্য যে পিতরস্তে ইত্যর্থঃ ॥ ৩৯৬ ॥

ভার্য্যাপক্ষে তু যে জাতা মাতৃতঃ পিতৃতস্তথা ।
তারয়েন্নাত্র সন্দেহঃ প্রবোধন্যান্তু জাগরঃ ॥ ৩৯৭ ॥

অনুবাদ—ভার্য্যা পক্ষে মাতৃকুলে বা পিতৃকুলে যাহারা জন্মগ্রহণ করিয়াছেন, প্রবোধনীতে জাগরণ তাহাদের উদ্ধার করেন ইহাতে সন্দেহ নাই ॥ ৩৯৭ ॥

কিঞ্চ—

ফলৈর্নানাবিধৈর্দ্রব্যৈঃ প্রবোধন্যান্তু জাগরে ।
শঙ্খে তোয়ং সমাদায় অর্ঘ্যং দদ্যাজ্জনার্দ্দনে ॥৩৯৮॥

অনুবাদ—আরও—প্রবোধনীতে জাগরণে নানাবিধ ফল ও দ্রব্যসহ শঙ্খে জল লইয়া শ্রীজনার্দ্দনে অর্ঘ্যদান করিবেন ॥ ৩৯৮ ॥

টীকা—জাগরে অর্ঘ্যদানমাহাত্ম্যং লিখতি—ফলৈরিতি দ্বাভ্যাম্ ॥ ৩৯৮ ॥

যৎ ফলং সর্ব্বদানেষু সর্ব্বতীর্থেষু যৎ ফলম্ ।
তৎ সর্ব্বং কোটিগুণিতং দত্ত্বার্ঘ্যং বোধবাসরে ॥৩৯৯

অনুবাদ—সর্ব্ববিধ দানে ও সর্ব্বতীর্থে স্নানে যে ফল সেই সকলই কোটিগুণ হয় জাগরণ দিনে অর্ঘ্যদান করিলে ॥ ৩৯৯ ॥

পাদ্মে চ তত্রৈব—

অন্যত্রাপি প্রিয়া বিষ্ণোর্জাগরে স্যাৎ প্রবোধনী ।
কিং পুনর্মথুরায়াং সা ততো বৈ জন্মসদ্মনি ॥ ৪০০॥

অনুবাদ—পদ্মপুরাণেও ঐ প্রসঙ্গে—অন্য যে কোন স্থানে ও প্রবোধনীতে জাগরণ শ্রীবিষ্ণুর প্রিয়, আর মথুরাতে শ্রীকৃষ্ণ জন্মস্থানে যে তদপেক্ষা অধিক প্রিয় তাহা আর কি বলিব ॥ ৪০০ ॥

টীকা—অন্যত্র—মথুরাব্যতিরিক্তস্থানেঽপি ॥৪০০॥

একৈবৈকাদশী কৃষ্ণজন্মগেহে কৃতা নরৈঃ।
ততোঽধিকং ন কর্ত্তব্যং লোকে কিঞ্চ
ন বিদ্যতে ॥ ৪০১ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণ জন্ম গৃহে একটি একাদশীর উপবাস মানবগণ করিলে, তাহার অধিক করার প্রয়োজন হয় না এই জগতে ॥ ৪০১ ॥

রাত্রৌ জাগরণং তত্র প্রীত্যা কুর্ব্বন্তি যে নরাঃ।
সংসারমোহস্বপ্নান্তে সদা জাগ্রতি জাগ্রতি ॥ ৪০২ ॥

অনুবাদ—মথুরাতে রাত্রি জাগরণ প্রীতিসহকারে যে সকল মানব করে, সংসার মোহ অজ্ঞান রূপ স্বপ্নের অন্তে অর্থাৎ নাশে মানব সর্ব্বদা জাগরিত থাকিতে পারে ॥ ৪০২ ॥

টীকা—সংসারে যো মোহং অজ্ঞানং, স এব স্বপ্নস্তস্য অন্তে নাশে নিমিত্তে। সদা জাগ্রতি সংসার-মোহস্তস্য কদাচিদপি ন তিষ্ঠেদিত্যর্থঃ। বীপ্সা নিশ্চয়ার্থা ॥ ৪০২ ॥

কিঞ্চ তত্রৈব শ্রীরাধিকোপাখ্যানান্তে—
প্রবোধনীজাগরপুণ্যবৈভবাৎ
প্রসন্ন ঈশো বিধিবাক্যসত্যকৃৎ।
চকার রাসোৎসবনর্ত্তনং সহ
বৃন্দাবনেঽন্যাভিরপীহ রাধয়া ॥ ৪০৩ ॥

অনুবাদ—আরও পদ্মপুরাণে শ্রীরাধিকোপাখ্যা-নান্তে—কার্ত্তিকে প্রবোধনী জাগরণ পুণ্যফলে প্রসন্ন ব্রহ্মবাক্য সত্যকারী পরমেশ্বর শ্রীকৃষ্ণ বৃন্দাবনে অন্যান্য গোপী ও শ্রীরাধিকাসহ শ্রীরাসোৎসব নৃত্য করিয়াছিলেন ॥ ৪০৩ ॥

টীকা—বিধিবাক্যম্—'সর্ব্বাসু গোপীষু মধ্যে অহং শ্রীকৃষ্ণস্য পরমপ্রেয়সী ভবামি' ইতি স্বর্গে চন্দ্রকান্তিনামাপ্সরসঃ প্রার্থনয়া তথাস্তু' ইতি ব্রহ্মা যদাহ, তৎ সত্যং করোতীতি সঃ। এতচ্চ পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে সবিস্তরং বর্ত্তত এব। তত্র যদ্যপি ভগবতী শ্রীরাধা স্বতএব তস্য নিত্যপরমপ্রেয়সী, তথাপি বিধিবাক্যসত্যতার্থং কৃতমিত্যন্যজনের্ষা-পরিহারার্থমুক্তমিতি দিক্। রাধয়া সহ, অন্যাভিরপি গোপীভিঃ সহ ॥ ৪০৩ ॥

সা নৃত্যমানাদ্ভুতগোপরূপিণা
কৃষ্ণেন জন্মান্তরবাঞ্ছিতেন।
রাধা মহাপ্রেমজবাকুলেন্দ্রিয়া
নিন্যেঽন্যলোকং কথয়া কৃতার্থতাম্ ॥৪০৪

অনুবাদ—জন্মান্তর বাঞ্ছিত অপ্রাকৃত গোপরূপ-ধারী শ্রীকৃষ্ণের সহিত নৃত্যরতা সেই মহাপ্রেমবেগে আকুলেন্দ্রিয়া শ্রীরাধিকা নিজ চরিত কথা দ্বারা অন্য লোককে কৃতার্থ অর্থাৎ শ্রীহরির প্রিয়জন করিয়া-ছিলেন ॥ ৪০৪ ॥

টীকা—অন্যলোকং পরমপি জনং সর্ব্বং কথয়া নিজচরিত্রাদিবার্ত্তয়া কৃতার্থতাং শ্রীকৃষ্ণপ্রিয়তমতাং নিন্যে। তত্র হেতুঃ—মহান্ প্রেম্ণো জবঃ বেগস্তেনা-কুলানীন্দ্রিয়াণি যস্যাঃ সাঃ। অতস্তদ্বার্ত্তাশ্রবণমাত্রে-ণৈব স্বতঃ প্রেমভরোৎপত্তেরিত্যর্থঃ ॥ ৪০৪ ॥

তস্মাৎ প্রবোধনীং কৃত্বা রাত্রৌ কৃত্বা চ জাগরম্।
সুপ্তোত্থিতং হরিং দৃষ্ট্বা কা ভীঃ সংসারজা
দ্বিজাঃ ? ৪০৫

অনুবাদ—অতএব প্রবোধনী দ্বাদশী পালন করিয়া এবং রাত্রিতে জাগরণ করিয়া সুপ্তোত্থিত শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া, হে দ্বিজগণ সংসার জাত ভয় কোথায় ? ৪০৫ ॥

মথুরায়াস্তু কিং বাচ্যং জাগরে হরিসন্নিধৌ।
কার্ত্তিকে বোধনীং প্রাপ্য ততঃ শ্রেয়ঃ
পরং ন হি ॥ ৪০৬ ॥

অনুবাদ—মথুরায় শ্রীহরি সন্নিধানে জাগরণের মহিমা আর কি বলিব, কার্ত্তিকে প্রবোধনী প্রাপ্ত হইলে তাহা হইতে পরম মঙ্গল নাই ॥ ৪০৬ ॥

মথুরায়াং প্রবোধন্যাং কৃতজাগরণস্য হি।
ক্ষণার্দ্ধাদন্যতো বৈশ্যোঽমোচয়দ্ব্রহ্মরাক্ষসম্ ॥৪০৭॥

অনুবাদ—মথুরাতে প্রবোধনীতে জাগরণকারী সুধন নামক বৈশ্যাই জাগরণের ক্ষণার্দ্ধ ফল দান দ্বারা ব্রহ্মরাক্ষসকে মুক্ত করিয়াছিলেন ॥ ৪০৭ ॥

গৌতমীয়ে—

আরভ্যানামিকামূলাৎ পরিবর্ত্তেত বৈ ক্রমাৎ।
তর্জ্জনী-মধ্যপর্য্যন্তং জপেদষ্টসু পর্ব্বসু ॥ ১২১ ॥

অনুবাদ—গৌতমীয়তন্ত্রে—পুন অনামিকার মূলপর্ব্ব হইতে আরম্ভ করিয়া পরিবর্ত্তন ক্রমে তর্জ্জনীর মধ্য পর্ব্ব পর্য্যন্ত আটটি পর্ব্বে জপ করিবে। সুতরাং (১০০+৮=১০৮) অষ্টোত্তর শত সংখ্যা জপ সিদ্ধ হইবে ॥ ১২১ ॥

অঙ্গুলীর্ন বিযুঞ্জীত কিঞ্চিৎ সঙ্কোচয়েত্তলম্।
অঙ্গুলীনাং বিয়োগে তু ছিদ্রেষু স্রবতে জপঃ ॥ ১২২॥

অনুবাদ—অঙ্গুলীগুলি বিযুক্ত হইবে না, তলদেশ কিঞ্চিৎ সঙ্কোচ করিয়া জপ করিবে, অঙ্গুলিগুলির বিচ্ছেদ হইলে ঐ ছিদ্রদ্বারা জপের ফল বাহির হইয়া যাইবে ॥ ১২২ ॥

টীকা—আরভ্যানামিকা মধ্যাদিত্যত্র মতান্তরমারভ্যানামিকামূলাদিতি ॥ ১২২ ॥

কিঞ্চ—

অথ মালায়া নিয়মান্তরম্

তর্জ্জন্যা ন স্পৃশেৎ সূত্রং কম্পয়েন্ন বিধূনয়েৎ।
অঙ্গুষ্ঠপর্ব্বমধ্যস্থং পরিবর্ত্তং সমাচরেৎ ॥ ১২৩ ॥

অনুবাদ—অনন্তর মালার অন্য নিয়ম—আধা-

রীতে (ঝোলা মধ্যে) মালা জপকালে তর্জ্জনী অঙ্গুলি মালাকে স্পর্শ করিবে না, মালা কম্পিত বা ঝাকি দিবে না, অঙ্গুষ্ঠ অঙ্গুলি পর্ব্ব মধ্যে রাখিয়া পরিবর্ত্তন করিবে ॥ ১২৩ ॥

টীকা—সূত্রমিতি মালামিত্যর্থঃ। ন কম্পয়েৎ, নো বিধুনয়েচ্চ ন প্রক্ষিপেৎ ॥ ১২৩ ॥

———

কিঞ্চ—

ন স্পৃশেৎ বামহস্তেন করভ্রষ্টাং ন কারয়েৎ ॥১২৪

অনুবাদ—আরও—জপকালে বামহস্ত দ্বারা স্পর্শ করিবে না এবং করভ্রষ্ট করিবে না ॥ ১২৪ ॥

———

অশুচির্ন স্পৃশেদেনাং করভ্রষ্টাং ন কারয়েৎ।
অঙ্গুষ্ঠস্থামক্ষমালাং চালয়েন্মধ্যমাগ্রতঃ ॥ ১২৫ ॥

অনুবাদ—আরও—এই মালাকে যেন অশুচি স্পর্শ না করে, করভ্রষ্ট করিবে না, অঙ্গুষ্ঠস্থিত অক্ষমালাকে মধ্যমার অগ্রভাগ দ্বারা চালনা করিবে ॥ ১২৫ ॥

———

তর্জ্জন্যা ন স্পৃশেৎ সোঽয়ং মুক্তিদো গণনক্রমাৎ।
ভুক্তৌ মুক্তৌ তথাকৃষ্টৌ মধ্যমায়াং
জপেৎ সুধীঃ ॥ ১২৬ ॥

অনুবাদ—তর্জ্জনীদ্বারা মালা স্পর্শ করিবে না, এইভাবে গণনাক্রমে জপ মুক্তিপ্রদ হয়, সুধীব্যক্তি ভুক্তি, মুক্তি ও বশীকরণে মালা মধ্যমাঙ্গুলির মধ্য পর্ব্বে রাখিয়া জপ করিবেন ॥ ১২৬ ॥

———

অঙ্গুষ্ঠানামিকাভ্যান্তু জপেদুত্তমকর্ম্মণি।
তর্জ্জন্যঙ্গুষ্ঠসংযোগাদ্বিদ্বেষোচ্চাটনে জপেৎ।
কনিষ্ঠাঙ্গুষ্ঠ-সংযোজাজ্জপেন্মারণকর্ম্মণি ॥ ১২৭ ॥

অনুবাদ—অঙ্গুষ্ঠ ও অনামিকা অঙ্গুলি দ্বারা জপ শান্তি স্বস্ত্যয়নাদি উত্তম কর্ম্মে করিবেন। তর্জ্জনী ও অঙ্গুষ্ঠ সংযোগে জপ বিদ্বেষ ও উচ্চাটন কর্ম্মে করিবে। কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠ সংযোগে জপ শত্রুমারণ কর্ম্মে করিবে ॥ ১২৭ ॥

টীকা—উত্তমকর্ম্মণি শান্তি-স্বস্ত্যয়নাদৌ, বিদ্বেষে উচ্চাটনে চ ॥ ১২৭ ॥

———

কুত্রচিচ্চ—

অঙ্গুষ্ঠং মোক্ষদং বিদ্যাত্তর্জ্জনীং শত্রুনাশিনীম্।
মধ্যমা ধনসিদ্ধ্যৈ স্যাচ্ছান্তিকর্ম্মণ্যনামিকা।
কনিষ্ঠাকর্ষণে জ্ঞেয়া জপকর্ম্মণি সিদ্ধিদা ॥ ১২৮ ॥

অনুবাদ—কোথাও—অঙ্গুষ্ঠ অঙ্গুলি মোক্ষপ্রদ জানিবে, তর্জ্জনী শত্রুনাশিনী, মধ্যমা ধনসিদ্ধি নিমিত্ত হয়, শান্তিকর্ম্মে অনামিকা, কনিষ্ঠা, আকর্ষণে ও জপ কর্ম্মে সিদ্ধিপ্রদা জানিবে ॥ ১২৮ ॥

টীকা—তত্রৈব মতান্তরং লিখতি—অঙ্গুষ্ঠমিতি। আকর্ষণে আকৃষ্টিকর্ম্মণি ॥ ১২৮ ॥

———

অথ জপে গুণাঃ

মন্ত্রার্ণবে—

মনং সংহরণং শৌচং মৌনং মন্ত্রার্থচিন্তনম্।
অব্যগ্রত্বমনির্ব্বেদো জপসম্পত্তিহেতবঃ ॥ ১২৯ ॥

অনুবাদ—অনন্তর জপে গুণসমূহ, মন্ত্রার্ণবে—মনঃসংযম, শৌচ, মৌন, মন্ত্রের অর্থ চিন্তন, অচঞ্চল, জপে আগ্রহ—এই গুণগুলি জপ ফল প্রাপ্তির সাধন ॥ ১২৯ ॥

টীকা—মনসঃ সংহরণং বিষয়েভ্যঃ প্রত্যাহারঃ ॥ ১২৯ ॥

———

অন্যত্র চ—

জপান্যকালে মালান্তু পূজয়িত্বা সুগোপয়েৎ।
গুরুং প্রকাশয়েদ্বিদ্বান্ মন্ত্রং নৈব প্রকাশয়েৎ ॥১৩০॥

অনুবাদ—অন্যত্রও—জপ ব্যতীত অন্য সময় মালাকে পূজা করিয়া সুগোপনে রাখিবে, বিদ্বান্ ব্যক্তি শ্রীগুরুদেবকে প্রকাশ করিবে, কিন্তু মন্ত্রকে কখনও প্রকাশ করিবে না ॥ ১৩০ ॥

টীকা—জপাদন্যস্মিন্ কালে, গুরুমপি প্রকাশয়েৎ ॥ ১৩০ ॥

———

অক্ষমালাঞ্চ মুদ্রাঞ্চ গুরোরপি ন দর্শয়েৎ।
ভূত-রাক্ষসঃ-বেতালাঃ সিদ্ধ-গন্ধর্ব্ব-চারণাঃ।
হরন্তি প্রকটং যস্মাত্তস্মাদ্‌গুপ্তং জপেৎ সুধীঃ ॥ ১৩১ ॥

অনুবাদ—অক্ষমালা ও মুদ্রা শ্রীগুরুদেবকেও দেখাইবে না, যেহেতু ভূত, রাক্ষস, বেতাল, সিদ্ধ গন্ধর্ব্ব চারণ ইঁহারা প্রত্যক্ষভাবে জপ ফল হরণ করে, অতএব সুধী ব্যক্তি গোপনে জপ করিবেন ॥ ১৩১ ॥

টীকা—গুরোর্গুরুং প্রত্যপি ॥ ১৩১ ॥

অথ জপে দোষাঃ

নারদপঞ্চরাত্রে—

অপবিত্রকরো নগ্নঃ শিরসি প্রাবৃতোঽপি বা।
প্রলপন্ বা জপেদ্‌যাবত্তাবন্নিষ্ফলমুচ্যতে ॥ ১৩২ ॥

অনুবাদ—অনন্তর জপে দোষসমূহ,—শ্রীনারদ-পঞ্চরাত্রে—অপবিত্র হস্তে জপ, নগ্ন, আবৃত মস্তক, কথা বলিতে বলিতে জপ যে পর্য্যন্ত করিবে, সেই পর্য্যন্ত জপ নিষ্ফল হয় ॥ ১৩২ ॥

টীকা—অপবিত্রঃ কুশহীনঃ করো যস্য সঃ ॥১৩২

কিঞ্চ—

বদন্ন গচ্ছন্ন স্বপন্নান্যৎ কিমপি সংস্মরন্।
ন ক্ষুজ্জৃম্ভণ-হিক্কাদি-বিকলীকৃত-মানসঃ।
মন্ত্রসিদ্ধিমবাপ্নোতি তস্মাদ্‌যত্নপরো ভবেৎ ॥ ১৩৩ ॥

অনুবাদ—আরও—কথা বলিতে বলিতে, গমনকালে, শয়ন অবস্থায়, অন্য কিছু স্মরণকালে, হাঁচি, হাইতোলা, হিক্কাদি দ্বারা, বিকল মনে জপ দ্বারা মন্ত্রসিদ্ধি হয় না, অতএব সাধক দোষত্যাগে যত্নপর হইবে ॥ ১৩৩ ॥

কিঞ্চ—

স্ত্রী-শূদ্রাভ্যাং ন ভাষেত রাত্রৌ জপপরো ন চ ॥ ১৩৪ ॥

অনুবাদ—আরও—স্ত্রীলোক এবং শূদ্রের সহিত ভাষণ করিবে না, রাত্রিতে জপ করিবে না ॥ ১৩৪ ॥

ব্যাসস্মৃতৌ—

অঙ্গুল্যগ্রেষু যজ্জপ্তং যজ্জপ্তং মেরুলঙ্ঘনে।
অসংখ্যাতঞ্চ যজ্জপ্তং তৎ সর্ব্বং নিষ্ফলং ভবেৎ ॥ ১৩৫ ॥

অনুবাদ—ব্যাসস্মৃতিতে—অঙ্গুলির অগ্রভাগে যে জপ এবং মেরুলঙ্ঘনে যে জপ, সংখ্যারহিত যে জপ করা হয়, সেই সকল নিষ্ফল হয় ॥ ১৩৫ ॥

বৈশম্পায়নসংহিতায়াম্—

নৈকবাসা জপেন্মন্ত্রং বহুবস্ত্রাকুলো ন চ।
উপর্য্যধো বহির্বস্ত্রে পুরশ্চরণকৃৎ ত্যজেৎ ॥ ১৩৬ ॥

অনুবাদ—বৈশম্পায়ন সংহিতাতে—একবস্ত্র পরিধান করিয়া মন্ত্রজপ করিবে না, বহুবস্ত্রে আকুল হইবে না, পরিধেয় ও উত্তরীয় ব্যতীত বস্ত্রদ্বয় পুরশ্চরণকারী ত্যাগ করিবে ॥ ১৩৬ ॥

টীকা—উপরি অধশ্চ যে বহির্বস্ত্রে পরিধানোত্তরীয়ব্যতিরিক্তং বস্ত্রদ্বয়ং তে ত্যজেৎ ॥ ১৩৬ ॥

অতএব মন্ত্রার্ণবে—

উষ্ণীষী কঞ্চুকী নগ্নো মুক্তকেশো গলাবৃতঃ।
অপবিত্রকরোঽশুদ্ধঃ প্রলপন্ন জপেৎ ক্বচিৎ ॥ ১৩৭ ॥

অনুবাদ—অতএব মন্ত্রার্ণবে—মস্তকে পাগড়ী, গায়ে জামা, নগ্ন, মুক্তকেশ, গলাবৃত, অপবিত্র কর, অশুদ্ধ, প্রলাপ করিতে করিতে কখনও জপ করিবে না ॥ ১৩৭ ॥

টীকা—গলে আবৃতঃ বস্ত্রাদি প্রাবৃতঃ, অশুদ্ধঃ শৌচাদিরহিতঃ ॥ ১৩৭ ॥

অপ্রাবৃতকরো ভূত্বা শিরসি প্রাবৃতোঽপি চ।
চিন্তাব্যাকুলচিত্তো বা ক্রুদ্ধো ভ্রান্তঃ ক্ষুধান্বিতঃ ॥ ১৩৮ ॥

অনাশনঃ শয়ানো বা গচ্ছন্নুত্থিত এব বা ।
রথ্যায়ামশিবে স্থানে ন জপেত্তিমিরান্তরে ॥ ১৩৯ ॥

অনুবাদ—হস্ত আবৃত না করিয়া, মস্তক আবৃত করিয়া, চিন্তাব্যাকুল চিত্ত বা ক্রুদ্ধ, ভ্রান্ত, ক্ষুধাযুক্ত, অভোজন, শয়ন অবস্থায়, গমনকালে, দাঁড়াইয়া বা পথে অমঙ্গল স্থানে শ্মশানাদিতে অন্ধকার মধ্যে জপ করিবে না ॥ ১৩৮-১৩৯ ॥

টীকা—অশিবে অমঙ্গলে স্থানে শ্মশানাদৌ ; যচ্চ প্রেতভূম্যাদিকমিতি স্থাননিয়মে লিখিতং, তচ্চ তামসানাং দুষ্কামবিশেষাপেক্ষয়া। তিমিরস্য অন্ধকারস্য অন্তরে মধ্যে ॥ ১৩৯ ॥

উপানদ্গূঢ়পাদো বা যানশয্যাগতস্তথা ।
প্রসার্য্য ন জপেৎ পাদাবুৎকটাসন এব বা ॥ ১৪০ ॥

অনুবাদ—পাদুকা আবৃত পদে বা যান আরোহণে, শয্যাগত, সেইরূপ পাদ প্রসারণ করিয়া অথবা উৎকট আসনে বসিয়া জপ করিবে না ॥ ১৪০ ॥

টীকা—যানগতঃ শয্যাগতো বা ॥ ১৪০ ॥

যাজ্ঞবল্ক্য-সংহিতায়াম্—

ন চংক্রমন্ন চ হসন্ন পার্শ্বমবলোকয়ন্ ।
নাপাশ্রিতো ন জল্পংশ্চ ন প্রাবৃতশিরাস্তথা ॥ ১৪১ ॥
ন পদা পদমাক্রম্য ন চৈব হি তথা করৌ ।
ন চাসমাহিতমনা ন চ সংশয়ানো জপেৎ ॥ ১৪২ ॥

অনুবাদ—যাজ্ঞবল্ক্য সংহিতাতে—ভ্রমণ করিতে করিতে, হাসিতে হাসিতে, পার্শ্বে দৃষ্টি রাখিয়া, নিরাশ্রয়ে, কথা বলিতে বলিতে, আবৃত মস্তকে, পদদ্বারা পদ আক্রমণ করিয়া, হস্তদ্বারা হস্ত আক্রমণ করিয়া, অসংযত মনে, সংশয় চিত্তে জপ করিবে না ॥ ১৪১-১৪২ ॥

টীকা—চংক্রমন্ ইতস্ততো ভ্রমন্, অপাশ্রিতঃ কিঞ্চিদবষ্টম্ভবান্ সন্ ॥ ১৪১ ॥

টীকা—ন চ করৌ আক্রম্য, সংশয়ানঃ সংশয়ং কুর্ব্বন্ ॥ ১৪২ ॥

ধ্যায়েত মনসা মন্ত্রং জিহ্বোষ্ঠৌ ন তু চালয়েৎ ।
ন কম্পয়েচ্ছিরো গ্রীবাং দন্তান্নৈব প্রকাশয়েৎ ॥ ১৪৩ ॥

অনুবাদ—মনে মনে মন্ত্রকে ধ্যান করিবে, জিহ্বা এবং ওষ্ঠদ্বয় চালিত করিবে না, মস্তক ও গ্রীবা কম্পিত করিবে না, দন্তসমূহ প্রকাশ করিবে না ॥১৪৩

টীকা—গ্রীবাঞ্চ ন কম্পয়েৎ ॥ ১৪৩ ॥

যক্ষ-রাক্ষস-ভূতানি সিদ্ধবিদ্যাধরা গণাঃ ।
হরন্তি প্রসভং যস্মাত্তস্মাদ্গুপ্তং সমাচরেৎ ॥ ১৪৪ ॥

অনুবাদ—যক্ষ, রাক্ষস, ভূতসমূহ, সিদ্ধ-বিদ্যাধরগণ যেহেতু বলপূর্ব্বক জপ ফল হরণ করে, সেই হেতু গোপনে জপ করিবে ॥ ১৪৪ ॥

টীকা—এবং সর্ব্বথা জপং নৈব প্রকাশয়েদিত্যভিপ্রেতং, তত্র হেতুমাহ—যক্ষেতি ॥ ১৪৪ ॥

স্ত্রী-শূদ্র-পতিতাংশ্চৈব রাসভঞ্চ রজস্বলাম্ ।
জপকালে ন ভাষেত ব্রতহোমাদিকেষু চ ॥ ১৪৫ ॥

অনুবাদ—জপ, ব্রত, হোমাদিকালে স্ত্রী, শূদ্র, পতিত গর্দ্দভ ও রজঃস্বলার সহিত ভাষণ করিবে না ॥১৪৫॥

ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে চ—

ন চ্ছায়ামাক্রমেদ্বিদ্বান্ বিভীতক-করঞ্জয়োঃ ।
ন দদ্যাৎ কস্যচিৎ কিঞ্চিন্ন গৃহ্ণীয়াজ্জপান্তরে ॥১৪৬

অনুবাদ—ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রেও—বিদ্বান্ ব্যক্তি জপমধ্যে বহেড়া ও করঞ্জ বৃক্ষের ছায়া মাড়াইবে না, কাহাকেও কিছু দান করিবে না, কাহারও কিছু লইবে না ॥ ১৪৬ ॥

অথ দোষপ্রায়শ্চিত্তানি

তত্রৈব—

তুষ্ণীমাসীত সংজল্পংশ্চাণ্ডালপতিতাদিকান্ ।
দৃষ্ট্বাতান্ বার্য্যুপস্পৃশ্যাভাষ্য-স্নাত্বা পুনর্জপেৎ ।
আচম্য প্রযতো নিত্যং জপেদশুচিদর্শনে ॥ ১৪৭ ॥

অনুবাদ—অনন্তর দোষ প্রায়শ্চিত্ত সমূহ, ত্রৈলোক্য সম্মোহন তন্ত্রে—মৌন থাকিবে, পরস্পর আলাপরত চণ্ডাল পতিতাদিকে দেখিলে আচমন করিবে, সম্ভাষণ হইলে স্নান করিয়া পুনরায় জপ করিবে, অপবিত্র মলমূত্রাদি দর্শনে আচমন করিয়া সংযত চিত্তে নিত্য জপ করিবে ॥ ১৪৭ ॥

টীকা—আভাষ্য সম্ভাষ্য, অশুচীনাং মলমূত্রাদীনাং দর্শনে সতি ॥ ১৪৭ ॥

কিঞ্চ—

যদি বা যমলোপঃ স্যাজ্জপাদিষু কথঞ্চন ।
ব্যাহরেদ্বৈষ্ণবং মন্ত্রং স্মরেদ্বা বিষ্ণুমব্যয়ম্ ॥ ১৪৮ ॥

অনুবাদ—আরও—যদি বা জপ বিষয়ক নিয়ম কোন প্রকারে ভঙ্গ হয়, তাহা হইলে অন্য বিষ্ণু নামাত্মক মন্ত্র কীর্ত্তন অথবা অব্যয় বিষ্ণুকে স্মরণ করিবে ॥ ১৪৮ ॥

টীকা—যমঃ জপবিষয়কনিয়মস্তস্য লোপো ভঙ্গঃ বাগ্‌যমেতি পাঠে মৌনলোপঃ, মন্ত্রং নামাত্মকং বিষ্ণু-মন্ত্রান্তরং বা ॥ ১৪৮ ॥

মন্ত্রার্ণবে—

পতিতানামন্ত্যজানাং দর্শনে ভাষণে শ্রুতে ।
ক্ষুতেঽধোবায়ুগমনে জৃম্ভণে জপমুৎসৃজেৎ ॥ ১৪৯ ॥
প্রাপ্তাবাচম্য চৈতেষাং প্রাণায়ামং ষড়ঙ্গকম্ ।
কৃত্বা সম্যগ্ জপেচ্ছেষং যদ্বা সূর্য্যাদিদর্শনম্ ॥১৫০॥

অনুবাদ—মন্ত্রার্ণবে—পতিত ও অন্ত্যজদিগের দর্শনে, ভাষণে বা ভাষণ শ্রবণে, হাঁচিতে, অধোবায়ু নিঃসরণে, হাই তুলিলে জপ বন্ধ রাখিবে এবং আচমন করিয়া প্রাণায়াম ষড়ঙ্গন্যাস করিয়া অথবা সূর্য্য দর্শন করিয়া পবিত্র হইয়া অবশিষ্ট জপ সমাপণ করিবে ॥ ১৪৯-১৫০ ॥

টীকা—ভাষণে সম্ভাষণে, শ্রুতে চ শ্রবণে সতি, যদ্বা, ভাষণে চ বচনে শ্রুতে সতি । অশুভ ইতি পাঠে দর্শনাদীনাং সর্ব্বেষামেব বিশেষণম্, উৎসৃজে-দিত্যত্র হেতুত্বেন ॥ ১৪৯ ॥

টীকা—এতেষাং পতিতান্ত্যজদর্শনাদীনাং প্রাপ্তৌ সত্যাং, প্রাণায়ামং ষড়ঙ্গন্যাসঞ্চ কৃত্বা ॥ ১৫০ ॥

মার্জ্জারং কুক্কুটং ক্রৌঞ্চং শ্বানং শূদ্রং খরং কপিম্ ।
দৃষ্ট্বাচম্যাচরেৎ কর্ম্ম স্পৃষ্ট্বা স্নানং বিধীয়তে ॥১৫১

অনুবাদ—বিড়াল, মোরগ, বক, কুকুর, শূদ্র, গর্দ্দভ, বানর—ইহাদিগকে দেখিলে আচমন করিয়া জপকর্ম্ম করিবে, স্পর্শ করিলে স্নান কর্ত্তব্য ॥ ১৫১ ॥

টীকা—কর্ম্ম জপলক্ষণম্ ॥ ১৫১ ॥

নারদপঞ্চরাত্রে চ—

সকৃদুচ্চারিতে শব্দে প্রণবং সমুদীরয়েৎ ।
প্রোক্তে চাচম্য বাণ্যাপি প্রাণায়ামং
সকৃচ্চরেৎ ॥ ১৫২ ॥

অনুবাদ—নারদ-পঞ্চরাত্রেও—একবার অন্য শব্দ উচ্চারণ করিলে প্রণব কীর্ত্তন করিবে । কথা বলিলে আচমন করিয়া একবার প্রাণায়াম করিবে ॥ ১৫২ ॥

বহুপ্রলাপে চাচম্য ন্যস্যাঙ্গানি ততো জপেৎ ।
ক্ষুতেঽপ্যেবং তথাস্পৃশ্যস্থানানাং
স্পর্শনে ভবেৎ ॥ ১৫৩ ॥

অনুবাদ—বহু প্রলাপ করিলে আচমন ও অঙ্গ-ন্যাস করিয়া জপ করিবে, হাঁচিতেও ঐরূপ, আর অস্পৃশ্য স্থানসমূহের স্পর্শনেও ঐরূপ করিয়া জপ করিবে ॥ ১৫৩ ॥

কিঞ্চান্যত্র—

জীর্ণে সূত্রে পুনঃ সূত্রং গ্রথয়িত্বা শতং জপেৎ ।
প্রমাদাৎ পতিতে হস্তাচ্ছতমষ্টোত্তরং জপেৎ ।
তাবন্নিষিদ্ধসংস্পর্শে ক্ষালয়িত্বা যথোদিতম্ ॥ ১৫৪ ॥

অনুবাদ—আরও অন্যত্র—সূত্র জীর্ণ হইলে পুন-রায় নূতন সূত্রে গাঁথিয়া শতবার জপ করিবে, হস্ত হইতে অন্যমনস্কহেতু মালা পতিত হইলে একশত আটবার জপ করিবে, নিষিদ্ধ বস্তুমাত্রস্পর্শে মালাকে প্রক্ষালন করিয়া পূর্ব্বে যাহা উক্ত হইয়াছে, তাহা করিয়া জপ করিবে ॥ ১৫৪ ॥

টীকা—তাবদষ্টোত্তরশতং যথোদিতমিতি পূর্ব্ব-লিখিতমন্ত্র-পঞ্চগব্যাদিনা প্রক্ষাল্যেত্যর্থঃ ॥ ১৫৪ ॥

অথ জপভেদাঃ তল্লক্ষণাদি চ

নারসিংহে—

ত্রিবিধো জপযজ্ঞঃ স্যাৎ তস্য ভেদান্নিবোধত।
বাচিকশ্চ উপাংশুশ্চ মানসশ্চ ত্রিধা মতঃ।
ত্রয়াণাং জপযজ্ঞানাং শ্রেয়ান্ স্যাদুত্তরোত্তরঃ ॥১৫৫॥

অনুবাদ—অনন্তর জপভেদ ও তাহার লক্ষণসমূহ, নৃসিংহপুরাণে—জপযজ্ঞ ত্রিবিধ হয়, তাহার ভেদসমূহ জান—বাচিক জপ, উপাংশু জপ ও মানস জপ ত্রিবিধ স্বীকৃত, ত্রিবিধ জপ যজ্ঞমধ্যে পর পর শ্রেষ্ঠ ॥ ১৫৫ ॥

যদুচ্চনীচস্বরিতৈঃ স্পষ্টশব্দবদক্ষরৈঃ।
মন্ত্রমুচ্চারয়েদ্ব্যক্তং জপযজ্ঞঃ স বাচিকঃ ॥ ১৫৬ ॥

অনুবাদ—যাহা উচ্চ নীচ ও স্বরিত স্বরযোগে স্পষ্ট শব্দযুক্ত অক্ষর সমূহের সহিত স্পষ্টভাবে মন্ত্রকে উচ্চারণ করা হইলে ঐ জপযজ্ঞ বাচিক ॥১৫৬

টীকা—উচ্চনীচস্বরিতৈঃ উচ্চেন নীচেন স্বরিতেন বা উদাত্তানুদাত্তস্বরিতসংজ্ঞৈঃ স্বরৈরিত্যর্থঃ। স্বরেণ যুক্তৈঃ স্পষ্টশব্দবদ্ভিরক্ষরৈঃ, অতএব ব্যক্তং মন্ত্রমুচ্চারয়েদ্‌যৎ ॥ ১৫৬ ॥

শনৈরুচ্চারয়েন্মন্ত্রমীষদোষ্ঠৌ প্রচালয়েৎ।
কিঞ্চিচ্ছব্দং স্বয়ং বিদ্যাদুপাংশুঃ স জপঃ স্মৃতঃ
॥ ১৫৭ ॥

অনুবাদ—ধীরে ধীরে মন্ত্র উচ্চারণ করিয়া ঈষৎভাবে ওষ্ঠদ্বয় চালনা করিয়া কিঞ্চিৎশব্দ স্বয়ং শ্রবণ করা যায়, তাহাই উপাংশু জপ জানিবে ॥ ১৫৭ ॥

টীকা—স্বয়মেব বিদ্যাৎ জানীয়াৎ শৃণুয়াদিত্যর্থঃ ॥ ১৫৭ ॥

ধিয়া যদক্ষরশ্রেণ্যা বর্ণাদ্বর্ণং পদাৎ পদম্।
শব্দার্থচিন্তনাভ্যাসঃ স উক্তো মানসো জপঃ ॥১৫৮॥

অনুবাদ—বুদ্ধিদ্বারা যাহার অক্ষরশ্রেণী বর্ণ হইতে অন্যবর্ণ, পদ হইতে অন্যপদ এবং শব্দের অর্থ চিন্তন অভ্যাস তাহাই মানস জপ নামে উক্ত ॥ ১৫৮ ॥

টীকা—বর্ণাদেকস্মাৎ ক্রমেণান্যবর্ণং ব্যাপ্য, এবং পদাৎ পদং ব্যাপ্য, ইত্থং শব্দস্য অর্থস্য চ যচ্চিন্তনমনুসন্ধানং, তস্য অভ্যাসঃ পুনঃপুনরাবৃত্তিঃ ॥ ১৫৮ ॥

তত্র চ যাজ্ঞবল্ক্যঃ—

উপাংশুজপযুক্তস্য তস্মাচ্ছতগুণো ভবেৎ।
সহস্রো মানসঃ প্রোক্তো যস্মাদ্ধ্যানসমো হি সঃ ॥১৫৯

অনুবাদ—উক্ত বিষয়ে যাজ্ঞবল্ক্য—বাচিক জপ যজ্ঞ হইতে উপাংশু জপ শতগুণ অধিক ফল হয়, এবং মানসজপ সহস্রগুণ ফলপ্রদ যেহেতু উহা ধ্যান সম ॥ ১৫৯ ॥

টীকা—উপাংশুজপযুক্তস্য জপঃ শতগুণঃ স্যাদ্বাচিকাজ্জপাচ্ছতগুণো ভবেদিত্যর্থঃ ॥ ১৫৯ ॥

মন্ত্রার্ণবে—

পশুভাবে স্থিতা মন্ত্রাঃ কেবলং বর্ণরূপিণঃ।
সৌষুম্ণাধ্বন্যুচ্চরিতাঃ প্রভুত্বং প্রাপ্নুবন্তি হি ॥১৬০॥

অনুবাদ—মন্ত্রার্ণবে—মন্ত্রসমূহ কেবল বর্ণরূপী পশুভাবে স্থিত, সামর্থ্যহীন, সুষুম্না-নামক নাড়ীপথে উচ্চারিত হইয়া মন্ত্রসমূহ সামর্থ্য প্রকাশ করে ॥১৬০॥

টীকা—সৌষুম্নে সুষুম্নাখ্য-নাড়ীসম্বন্ধিনি অধ্বনি ছিদ্রমার্গে উচ্চারিতাঃ সন্তঃ, প্রভুত্বং সামর্থ্যম্ ॥১৬০॥

ন দোষো মানসে জপ্যে সর্ব্বদেশেঽপি সর্ব্বদা।
জপনিষ্ঠো দ্বিজশ্রেষ্ঠাঃ সর্ব্বযজ্ঞফলং লভেৎ ॥১৬১॥

অনুবাদ—মানসজপে দেশ কালের বাধা নাই, সর্ব্বদেশে ও সর্ব্বকালে মানসজপে দোষ নাই, হে দ্বিজশ্রেষ্ঠগণ! মানস জপনিষ্ঠ সর্ব্বযজ্ঞ ফল লাভ করেন ॥ ১৬১ ॥

টীকা—অতএব মানসো জপঃ পরমোত্তম ইত্যাহ—ন দোষ ইতি। দ্বিজশ্রেষ্ঠা ইতি তত্রত্যবিপ্রাণাং সম্বোধনম্। দ্বিজশ্রেষ্ঠ ইত্যেকবচনান্তপাঠোঽপি ক্বচিৎ ॥ ১৬১ ॥

অশুচির্ব্বা শুচির্বাপি গচ্ছংস্তিষ্ঠন্ স্বপন্নপি।
মন্ত্রৈকশরণো বিদ্বান্ মনসৈব সদাভ্যসেৎ ॥১৬২॥

অনুবাদ—একমাত্র মন্ত্রাশ্রিত বিদ্বান ব্যক্তি অশুচি বা শুচি অবস্থায় গমনকালে, অবস্থান কালে, শয়নকালে ও মনে মনেই সর্ব্বদা অভ্যাস করিবেন ।।১৬২

টীকা—মন্ত্রৈকশরণ ইত্যনেন পুরশ্চরণাদিপরন্ত যথোক্তদেশকালাদাবেবাভ্যসেদিত্যভিপ্রেতম্ ॥ ১৬২ ॥

কিঞ্চান্যত্র—

মানসঃ সিদ্ধিকামৈস্তু পুষ্টিকামৈরুপাংশুকঃ ।
বাচিকো মারণোচ্চাটে প্রশস্তো জপ ঈরিতঃ ।।১৬৩

অনুবাদ—আরও অন্যত্র—সিদ্ধিকামীগণ মানস জপ, পুষ্টিকামীগণ উপাংশু জপ, শত্রুমারণ ও উচ্চাটনে বাচিক জপ প্রশস্ত বলিয়া কীর্ত্তিত ॥ ১৬৩ ॥

অথ জপমাহাত্ম্যম্

যাজ্ঞবল্ক্যসংহিতায়াম্—

পাকযজ্ঞাশ্চ চত্বারো বিধিযজ্ঞসমন্বিতাঃ
সর্ব্বে তে জপযজ্ঞস্য কলাং নার্হন্তি ষোড়শীম্ ।।১৬৪

অনুবাদ—অনন্তর জপ মাহাত্ম্য, যাজ্ঞবল্ক্য সংহিতাতে—জ্যোতিষ্টোমাদি বিধিযজ্ঞ সমন্বিত চতুর্ব্বিধ পাকযজ্ঞ, ঐ সকল জপযজ্ঞের ষোড়শ ভাগের একভাগেরও সমান নহে ॥ ১৬৪ ॥

টীকা—পাকযজ্ঞা ব্রহ্মযজ্ঞব্যতিরিক্তা দেবযজ্ঞাদয়ঃ, বিধিযজ্ঞাঃ জ্যোতিষ্টোমাদয় ॥ ১৬৪ ॥

পদ্মনাভীয়ে—

যাবন্তঃ কর্ম্মযজ্ঞাশ্চ প্রদীপ্তানি তপাংসি চ ।
সর্ব্বে তে জপযজ্ঞস্য কলাং নার্হন্তি ষোড়শীম্ ।।১৬৫

অনুবাদ—পদ্মনাভীয়ে—যে সকল কর্ম্ম যজ্ঞ এবং প্রদীপ্ত তপস্যা সমূহ, ঐ সকল জপযজ্ঞের ষোড়শভাগের এক ভাগের সমান নহে ।। ১৬৫ ।।

জপেন দেবতা নিত্যং স্তূয়মানা প্রসীদতি ।
প্রসন্না বিপুলান্ ভোগান্ দদ্যান্মুক্তিঞ্চ শাশ্বতীম্ ।।১৬৬

অনুবাদ—জপদ্বারা দেবতা নিত্য আরাধিত হইয়া প্রসন্ন হন, প্রসন্ন হইয়া বিপুল ভোগ ও শ্রীবৈকুণ্ঠ লোকপ্রাপ্তিরূপ শাশ্বতী মুক্তি দান করেন ॥ ১৬৬ ॥

টীকা—শাশ্বতীং মুক্তিং, শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপ্তিলক্ষণম্ ॥ ১৬৬ ॥

তত্র জপপ্রকারবিশেষেণ ফলবিশেষাঃ

ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে শ্রীমহাদেবোমাসংবাদে—

অথেদানীং প্রবক্ষ্যামি মন্ত্রজপ্যবিধিং প্রিয়ে ।
কেবলং জপমাত্রেণ যস্য সিধ্যন্তি সিদ্ধয়ঃ ।।১৬৭।।

অনুবাদ—তন্মধ্যে জপ প্রকার বিশেষে ফল বিশেষ, ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে শ্রীমহাদেব-উমা-সংবাদে—অনন্তর এখন হে প্রিয়ে মন্ত্রজপবিধি বলিব, যাহার কেবল জপমাত্রই সিদ্ধিসমূহ ফলপ্রদহয় ॥ ১৬৭ ॥

টীকা—কেবলং পূজাদিকং বিনাপীত্যর্থ ॥ ১৬৭॥

শ্রীবীজপুটিতং মন্ত্রং যদি জপ্যেত মন্ত্রবিৎ ।
কমলা তদ্বশে তিষ্ঠেদ্‌যথা কৃষ্ণে রমেত সা ।।১৬৮।।

অনুবাদ—মন্ত্রবিৎ সাধক শ্রী-বীজপুটিত মন্ত্র যদি জপ করে, কমলা সর্ব্বসম্পত্তি সহ তাহার প্রতিপ্রসন্ন হইয়া থাকেন যেমন শ্রীকৃষ্ণে লক্ষ্মীদেবী অনুরক্তা ।। ১৬৮ ।।

টীকা—কমলা—সর্ব্বসম্পত্তিরিত্যর্থঃ ॥ ১৬৮ ॥

কামেন পুটিতং মন্ত্রং প্রজপেদ্‌যদি ভামিনি ।
মোহয়ত্যেব সকলং জগদেব ন সংশয়ঃ ॥ ১৬৯ ॥

অনুবাদ—হে ভামিনি ! কামবীজ সহ পুটিত মন্ত্রকে যদি কেহ জপ করে, তাহা হইলে সে সমগ্র জগৎকে মোহিত করে, ইহাতে সংশয় নাই ॥ ১৬৯ ॥

টীকা—কামেন—তদ্বীজেন ॥ ১৬৯ ॥

মায়াবীজেন পুটিতং যদি জপেন্মহামনুম্ ।
অষ্টৈশ্বর্য্যানি সম্ভূয় তস্য পাদে গতানি বৈ ।।১৭০।।

অনুবাদ—মায়াবীজ দ্বারা পুটিত মহামন্ত্রকে যদি

কেহ জপ করে, অষ্টবিধ ঐশ্বর্য্য মিলিত হইয়া তাহার অনুগত হয় ॥ ১৭০ ॥

বাগ্ভবেনাপি পুটিতং যদি জপ্যেৎ সমাহিতঃ।
বেদবেদাঙ্গপারজ্ঞঃ সর্ব্বজ্ঞো ভবতি ধ্রুবম্ ॥ ১৭১ ॥

অনুবাদ—বাগ্‌বীজ (ঐং) দ্বারা পুটিত মন্ত্র সমাহিত চিত্তে জপ করিলে নিশ্চয়ই বেদবেদাঙ্গ পারদর্শী ও সর্ব্বজ্ঞ হয় ॥ ১৭১ ॥

টীকা—বাগ্‌ভবেন—সরস্বতীবীজেন ॥ ১৭১ ॥

ধ্রুবেণ পুটিতং মন্ত্রং যদি জপ্যেন্মহেশ্বরি।
বীজং কূটঞ্চ বিচ্ছিদ্য মুক্তিভাগী ভবেন্নরঃ ॥১৭২॥

অনুবাদ—হে মহেশ্বরি! প্রণব দ্বারা পুটিত মন্ত্র যদি জপ করে, মানব বীজ ও কূট রূপ অবিদ্যা গ্রন্থি ভেদ করিয়া মুক্তি ভাগী হয় ॥ ১৭২ ॥

টীকা—ধ্রুবেণ প্রণবেন, বীজরূপং কূটরূপঞ্চ কর্ম্ম বিচ্ছিদ্র্য নিরস্য ॥ ১৭২ ॥

ইদানীং শৃণু দেবি ত্বং কেবলস্য মনোর্বিধিম্।
দশকৃত্বো জপেন্মন্ত্রমাপৎ-কল্পেন মুচ্যতে ॥ ১৭৩ ॥

অনুবাদ—হে দেবি এক্ষণে তুমি কেবল মন্ত্রের বিধি শ্রবণ কর, মন্ত্রকে দশবার জপ করিলে আপৎ-কল্পে মুক্ত হয় ॥ ১৭৩ ॥

টীকা—আপৎকল্পেন—সর্ব্বোপদ্রবেণ ॥ ১৭৩ ॥

বিংশত্যা জপমাত্রেণ রক্ষয়েন্মন্ত্র এব হি।
শতজপ্তেন মন্ত্রেণ দিনপাপৈঃ প্রমুচ্যতে ॥ ১৭৪ ॥

অনুবাদ—বিশবার কেবল জপ করিলে মন্ত্রই রক্ষা করেন, শতবার জপ করিলে দিনকৃত পাপসমূহ হইতে মুক্ত হয় ॥ ১৭৪ ॥

টীকা—বিংশত্যা বিংশতিবারানিত্যর্থঃ। মন্ত্র এব রক্ষয়েদিতি দ্বারপালযামিকাদি ব্যতিরেকেণাপি তস্য সর্ব্বত্র দুষ্টাদিভ্যো রক্ষা স্যাদিত্যর্থঃ ॥ ১৭৪ ॥

সহস্রজপ্তেন তথা মুচ্যতে মহতৈনসা।
অযুতস্য জপেনৈব মহাপাতকনাশনম্ ॥ ১৭৫ ॥

অনুবাদ—সহস্রবার মন্ত্র জপ করিলে মহা পাপ হইতে মুক্ত হয়, অযুতবার জপ দ্বারাই মহাপাতক নাশ হয় ॥ ১৭৫ ॥

অথ লক্ষজপান্মন্ত্রী দেববন্মোদতে দিবি।
কোটিজপ্তেন মন্ত্রেণ মুক্তিভাগী ভবেন্নরঃ ॥ ১৭৬ ॥

অনুবাদ—অনন্তর মন্ত্র সাধক লক্ষবার জপ দ্বারা স্বর্গে দেববৎ আনন্দিত হয়, কোটি জপ দ্বারা মানব মন্ত্রের সহিত মুক্তিভাগী হয় ॥ ১৭৬ ॥

অহর্নিশং জপেদ্‌যস্তু মন্ত্রী নিয়তমানসঃ।
স পশ্যতি ন সন্দেহো গোপবেশধরং হরিম্ ॥১৭৭॥

অনুবাদ—যে মন্ত্রসাধক সংযতচিত্তে দিবারাত্র মন্ত্রজপ করেন, তিনি গোপবেশধারী শ্রীহরিকে দর্শন করেন, ইহাতে সন্দেহ নাই ॥ ১৭৭ ॥

অথবা যানি মন্ত্রস্য পদানি কথিতানি তে।
তেষামন্যতমং জপ্যাদ্‌যত্র বৈ রোচতে মনঃ ॥১৭৮॥

অনুবাদ—অথবা মন্ত্রের যে সকল পদ কথিত আছে, তাহাদের মধ্যে যে কোন পদ রুচি অনুসারে জপ করা যায় ॥ ১৭৮ ॥

টীকা—তেষাং মধ্যে যত্র যস্মিন্ পদে মনো রোচতে, তদন্যতমমেকং পদং জপেৎ ॥ ১৭৮ ॥

বীজং জপ্ত্বা বিশালাক্ষি ভৌমৈশ্বর্য্যেণ যুজ্যতে।
দ্বিতীয়েন সুখাস্বাদং কুরুতে মন্ত্রিসত্তমঃ ॥ ১৭৯ ॥

অনুবাদ—হে বিশালাক্ষি! বীজ জপ করিলে পার্থিব ঐশ্বর্য্য লাভ হয়, দ্বিতীয় পদ জপ দ্বারা মন্ত্রিসত্তম সাধক স্বর্গ সুখ অস্বাদন করে ॥ ১৭৯ ॥

টীকা—সুখাস্বাদং—স্বর্গভোগম্ ॥ ১৭৯ ॥

জ্ঞানবান্ স্যাৎ তৃতীয়েন তুরীয়েণ জগদ্গুরুঃ।
ভবেৎ পঞ্চমজপ্যেন মুক্তিভাগী ন সংশয়ঃ ॥১৮০॥

অনুবাদ—তৃতীয় পদ জপ দ্বারা জ্ঞানবান্ হয়, চতুর্থপদ জপ দ্বারা জগদ্গুরু হয়। পঞ্চম পদ জপ-দ্বারা মুক্তিভাগী হয়, ইহাতে সংশয় নাই ॥ ১৮০ ॥

টীকা—তুরীয়েণ—চতুর্থেন, জগদ্গুরুঃ—সর্ব্ব-শাস্ত্রার্থতত্ত্বোপদেষ্টা ॥ ১৮০ ॥

অজ্ঞানী চ জপেদ্বাপি নিজরুচ্যনুসারতঃ।
প্রথমং জ্ঞানসিদ্ধিন্তু দ্বিতীয়ং ত্বণিমাদিকম্ ॥১৮১॥

অনুবাদ—অজ্ঞানীও নিজরুচি অনুসারে জপ করিতে পারে। প্রথম পদজপ দ্বারা জ্ঞানসিদ্ধি দান করে। দ্বিতীয় পদজপ করিলে অণিমাদি সিদ্ধিলাভ হয় ॥ ১৮১ ॥

টীকা—প্রথমং জ্ঞানসিদ্ধিং প্রযচ্ছতীত্যুত্তরেণান্বয়ঃ। এবমগ্রেঽপি ॥ ১৮১ ॥

তৃতীয়ং সর্ব্বসৌখ্যঞ্চ চতুর্থ্যং দেবতাত্মতাম্।
পঞ্চমং বৈষ্ণবং লোকং ষষ্ঠং মুক্তিং প্রযচ্ছতি ॥১৮২

অনুবাদ—তৃতীয় পদ জপে সর্ব্ববিধ সুখ, চতুর্থ পদ জপদ্বারা দেবতাত্মতা—শ্রীকৃষ্ণসারূপ্য তদেক চিত্ততা দান করে। পঞ্চম পদ বৈষ্ণবলোক দান করে। ষষ্ঠপদ মুক্তি দান করে ॥ ১৮২ ॥

টীকা—দেবতাত্মতাং শ্রীকৃষ্ণসারূপ্যং তদেকচিত্ততাং বা ॥ ১৮২ ॥

অথ জপবিধিঃ

গুরুং সম্পূজ্য বিপ্রাংশ্চ সন্তর্প্যান্নরসাদিভিঃ।
আরভেত জপং কালে মঙ্গলেঽনুজ্ঞয়া গুরোঃ ॥১৮৩

অনুবাদ—অথ জপবিধি—শ্রীগুরুদেবকে সর্ব্ব-ভাবে পূজা করিয়া বিপ্রগণকে অন্নরসাদিদ্বারা তৃপ্ত করিয়া শ্রীগুরুদেবের আদেশ লইয়া শুভসময়ে জপ আরম্ভ করিবে ॥ ১৮৩ ॥

টীকা—পুরশ্চরণকর্ম্মারম্ভে প্রথমং শ্রীগুরুপূজা ব্রাহ্মণভোজনাদিকঞ্চ লিখতি—গুরুমিতি। মঙ্গলে শুভে কালে গুরোরনুজ্ঞয়া জপমারভেৎ। তথা চোক্তম্—'বিপ্রান্ সন্তর্পয়েদন্নভোজনাচ্ছাদনাদিভিঃ। বহুভি-র্বস্ত্রভূষাভিঃ সম্পূজ্য গুরুমাত্মনঃ। আরভেত জপং পশ্চাত্তদনুজ্ঞা-পুরঃসরম্' ইতি ॥ ১৮৩ ॥

প্রাতঃস্নানাদিকং কৃত্বা দত্ত্বা চার্ঘ্যং বিবস্বতে।
আচম্য জপসঙ্কল্পং বিদধীত যথাবিধি ॥ ১৮৪ ॥

অনুবাদ—প্রাতঃস্নানাদি করিয়া সূর্যার্ঘ্য দান করিয়া আচমন পূর্ব্বক যথাবিধি জপ সঙ্কল্প করিবে ॥ ১৮৪ ॥

টীকা—তত্র নিত্যকৃত্যং লিখতি—প্রাতরিতি পঞ্চভিঃ। যথাবিধীত্যস্য পূর্ব্বেণাপি সর্ব্বেণ সম্বন্ধঃ। তত্র সঙ্কল্পবিধিশ্চায়ম্—'আদ্যাষ্টাদশাক্ষরসংমোহন-মন্ত্রস্য সিদ্ধিকাম ইয়ৎসংখ্য-জপ-তদ্দশাংশামুক-দ্রব্যার্ক-হোম-তদ্দশাংশা-মুক-তর্পণ-তদ্দশাংশাভিষেক-তদ্দশাংশব্রাহ্মণভোজনাত্মকপুরশ্চরণং করিষ্যে ইতি ॥ ১৮৪ ॥

বিধায় বিধিনা পূর্ব্বং লিখিতেনার্চ্চনং প্রভোঃ।
আত্মার্পণান্তং শক্ত্যাথ জপং পূজাঙ্গমাচরেৎ ॥১৮৫॥

অনুবাদ—পূর্ব্বলিখিত বিধি অনুসারে ইষ্টদেবের অর্চ্চনা করিয়া আত্মসমর্পণ পর্য্যন্ত, অনন্তর যথাশক্তি পূজাঙ্গজপ করিবে ॥ ১৮৫ ॥

টীকা—পূর্ব্বং নিত্যকৃত্যলিখনে লিখিতেন বিধিনা প্রভোঃ শ্রীকৃষ্ণদেবস্যার্চ্চনম্ আত্মার্পণান্তং বিধায় পূজায়া অঙ্গভূতং জপমাচরেৎ স্বমন্ত্রং জপেৎ, শক্ত্যা যথাশক্তীত্যর্থঃ; ততশ্চ শক্তৌ সত্যামষ্টোত্তরসহস্র-মন্যথাষ্টোত্তরশতম্; তথা শক্তৌ সপ্তাবরণসহিতস্য অন্যথাবরণসহিতস্য কেবলস্য ধ্যানমাত্রেণ বেত্যা-দিকমূহ্যম্। এতচ্চাগ্রে স্পষ্টং ভাবি ॥ ১৮৫ ॥

সমর্প্য তঞ্চ দত্ত্বার্ঘ্যং কৃত্বা পুষ্পাঞ্জলিং পুনঃ।
স্তুত্বা কৃষ্ণং প্রণম্যাথ প্রাশ্নীয়াচ্চরণামৃতম্ ॥ ১৮৬ ॥

অনুবাদ—ঐ জপ সমর্পণ করিয়া অর্ঘ্য দানান্তে

পুনঃ পুষ্পাঞ্জলি শ্রীকৃষ্ণকে দিয়া স্তব ও প্রণাম করিয়া অনন্তর শ্রীচরণামৃত পান করিবে ॥ ১৮৬ ॥

টীকা—তঞ্চ—জপম্ ॥ ১৮৬ ॥

ক্ষমস্বেতি বদন্ প্রার্থ্য চেদুদ্বাস্যং হৃদম্বুজে।
উদ্বাস্য বিধিবন্মানসোপচারৈর্যজেৎ পুনঃ ॥ ১৮৭ ॥

অনুবাদ—ক্ষমস্ব—এই বলিয়া প্রার্থনা করিয়া হৃদয়পদ্মে স্থাপন পূর্ব্বক যথাবিধি মানস উপচার সমূহদ্বারা পুনরায় পূজা করিবে ॥ ১৮৭ ॥

টীকা—উদ্বাস্যং উদ্বাসনযোগ্যং চেদ্ যদি স্যাত্তদা ক্ষমস্বেতি বদন্, প্রার্থ্য 'স্বস্থানমলঙ্কুরু' ইত্যভ্যর্থ্য হৃদম্বুজে উদ্বাস্যম্; বিধিবদিত্যস্য পূর্ব্বেণ পরেণাপি সম্বন্ধঃ। তত্রোদ্বাসনবিধিশ্চায়ম্—উদ্বাসনমুদ্রয়োদ্বাস্য দক্ষিণনাসাপুটকণ্ঠমার্গেণ হৃৎকমলে নিধায়াঙ্কুশমুদ্রয়া নিরোধয়েদিত্যাদিকমানসোপচারপূজাবিধিশ্চ পূর্ব্বং সংক্ষেপেণ লিখিত এবাস্তি। স চ যথাশক্তি স্বরুচ্য-নুসারেণৈব সর্ব্বত্র জ্ঞেয়ঃ। পুনরিতি—পুরশ্চরণার্থং পুনঃ পূজনং জ্ঞেয়ম্। শক্তৌ সত্যাং কিঞ্চিদ্বহিঃ পূজনমপি কেচিদিচ্ছন্তি ॥ ১৮৭ ॥

কৃষ্ণে সমর্প্য চাত্মানমৃষ্যাদিন্যাসপূর্ব্বকম্।
নিজং মন্ত্রং জপেদ্ভক্ত্যা সম্প্রদায়ানুসারতঃ ॥১৮৮॥

অনুবাদ—শ্রীকৃষ্ণে আত্মসমর্পণ করিয়া ঋষ্যাদি ন্যাসপূর্ব্বক নিজমন্ত্র ভক্তিসহ সম্প্রদায়ানুসারে জপ করিবে ॥ ১৮৮ ॥

টীকা—কৃষ্ণে চাত্মানং সমর্প্যেতি দানবিশেষো দর্শিতঃ। সম্প্রদায়ানুসারত ইতি—জপসংখ্যানিয়মা-দিভেদেন বহুবিধঃ পুরশ্চরণবিধিঃ স্যাত্তত্র যথাস্বগুরু-সম্প্রদায়মেব মন্ত্রং জপেদিত্যর্থঃ ॥ ১৮৮॥

অগ্নিপুরাণে—

দর্ভহস্তস্তথাসীনো দর্ভেষূদকপাণিনা।
প্রাঙ্মুখোদ্বর্ত্তয়েন্মালাং সহস্রং শতমেব বা ॥১৮৯॥

অনুবাদ—অগ্নিপুরাণে—কুশহস্তে যথারীতি কুশা-সনে উপবেশন করিয়া পূর্ব্বমুখে জলহস্তে মালাকে সহস্র বার বা শতবার পরিবর্ত্তন করিবে ॥ ১৮৯ ॥

টীকা—দর্ভেষু আসীনঃ প্রাঙ্মুখঃ সন্, উদক-যুক্তপাণিনা মালামুদ্বর্ত্তয়েৎ পরিবর্ত্তয়েৎ। বিসর্গ-লোপেঽপি সন্ধিরার্ষঃ। সহস্রং বারান্, অশক্তৌ চ শতং বা, এতচ্চ পূজাঙ্গনিত্যজপাভিপ্রায়েণোক্তম্। দর্ভহস্তত্বাদিকঞ্চ সমানমেবেত্যত্র লিখিতম্ ॥ ১৮৯ ॥

মন্ত্রদেব-প্রকাশিন্যাম্—

সূর্য্যস্যাগ্রে গুরোরিন্দোর্দীপস্য চ জলস্য চ।
বিপ্রাণাঞ্চ গবাঞ্চৈব সন্নিধৌ সম্মুখে জপেৎ ॥১৯০॥

অনুবাদ—মন্ত্রদেব প্রকাশিনীতে—সূর্য্যদেবের অগ্রে, শ্রীগুরুদেবের অগ্রে, চন্দ্রের, দীপের, জলের, বিপ্রগণের, গাভীগণের নিকটে ও সম্মুখে রাখিয়া জপ করিবে ॥ ১৯০ ॥

নারদপঞ্চরাত্রে চ—

শনৈঃ শনৈঃ সুবিস্পষ্টং ন দ্রুতং ন বিলম্বিতম্।
ন ন্যূনং নাধিকং বাপি জপং কুর্য্যাদ্দিনে দিনে ॥১৯১

অনুবাদ—শ্রীনারদপঞ্চরাত্রেও—ধীরে ধীরে সুস্পষ্ট ভাবে, দ্রুত নহে বা বিলম্বিত নহে, কম সংখ্যা নহে, অধিক সংখ্যা নহে, প্রতিদিন জপ করিবে ॥ ১৯১ ॥

কিঞ্চ—

সম্পূজ্যাথ জপং কুর্য্যাদ্ যাবদ্বৈ প্রহরদ্বয়ম্।
তদূর্দ্ধে পূর্ব্ববৎ স্নাত্বা বিশেষেণ বিধানবিৎ ॥ ১৯২ ॥
ন্যাসাবসানমখিলং সর্ব্বং কুর্য্যাৎ পুরোদিতম্।
পূজাগ্নিহোমপর্য্যন্তং ততশ্চ জপমাচরেৎ ॥ ১৯৩ ॥

অনুবাদ—আরও—ইষ্টদেবের পূজা করিয়া পরে স্নান করিয়া দ্বিপ্রহর পর্য্যন্ত জপ করিবে, তাহার পর পূর্ব্ববৎ বিশেষ বিধানে স্নান করিয়া ন্যাস পর্য্যন্ত পূর্ব্বোক্ত সর্ব্ব কার্য্য করিবে, পূজা অগ্নিতে হোম পর্য্যন্ত, তৎপরে জপ করিবে ॥ ১৯২-১৯৩ ॥

টীকা—অথ—স্নানানন্তরম্ ॥ ১৯২ ॥

যাবদ্দিনাবসানন্তু ভূয়ঃ স্নায়াত্ততো দ্বিজ।
উপাস্য বিধিবৎ সন্ধ্যাং দেবেশং পূজয়েৎ পুনঃ ॥১৯৪

অনুবাদ—হে দ্বিজ ! দিন অবসান পর্য্যন্ত জপ করিয়া পুনরায় স্নান করিবে, যথাবিধি সন্ধ্যা উপাসনা করিয়া ইষ্টদেবকে পুনরায় পূজা করিবে ॥ ১৯৪ ॥

বিসর্জ্য ভোজনং কুর্য্যাৎ সততং তারকোদয়ে ।
ভুক্ত্বা শয়ীত শয়নে মৃৎস্নিগ্ধে বাথ ভূতলে ॥১৯৫॥

অনুবাদ—মালাজপ বিসর্জ্জন করিয়া সর্ব্বদা তারকা উদিত হইলে ভোজন করিবে। ভোজনান্তে শয্যায় শয়ন করিবে, স্নিগ্ধ মাটিতে বা ভূতলে ॥১৯৫॥

টীকা—বিসর্জ্য দেবম্ ॥ ১৯৫ ॥

অর্দ্ধরাত্রে সমুত্থায় পাদশৌচং চরেদ্দ্বিজ ।
আচম্য দেবং সংস্মৃত্য শীঘ্রং সম্পূজ্য পূর্ব্ববৎ ।
জপং কুর্য্যাদ্‌যথাশক্তি অর্পয়েচ্চ তথেশ্বরে ॥ ১৯৬ ॥

অনুবাদ—হে দ্বিজ। অর্দ্ধরাত্রে উঠিয়া পাদ প্রক্ষালন পূর্ব্বক আচমন করিয়া ইষ্টদেবের স্মরণ করিয়া পূর্ব্ববৎ শীঘ্র পূজা করিয়া, যথাশক্তি জপ করিবে, এবং ঈশ্বরে জপ সমর্পণ করিবে ॥ ১৯৬ ॥

টীকা—প্রাতঃকালমারভ্য মধ্যাহ্নপর্য্যন্তং জপং কুর্য্যাদিত্যগ্রোক্তং, নারদপঞ্চরাত্রে চ শ্রীভগবতোক্তম্—মধ্যাহ্নাৎ পরতো ন হি ইত্যাদি ভেদো মন্ত্রভেদেন শক্ত্যাদিভেদেন বা দ্রষ্টব্যঃ ॥ ১৯৬ ॥

অন্যত্র চ—
নৈরন্তর্য্যবিধিঃ প্রোক্তস্তদ্দিনং নাতিলঙ্ঘয়েৎ ।
দিবসাতিক্রমাত্তেষাং সিদ্ধিরোধঃ প্রজায়তে ॥১৯৭।

অনুবাদ—অন্যত্রও—নিরন্তর এই বিধি বলা হইল প্রতিদিন কৃত্য, মধ্যে দিন লঙ্ঘন (ফাঁক) দিবে না, মধ্যে দিন অতিক্রম করিলে সিদ্ধিতে বাধা উপস্থিত হইবে ॥ ১৯৭ ॥

কিঞ্চ—
অনন্যমানসঃ প্রাতঃকালান্মধ্যন্দিনাবধি ॥
ইতি ॥ ১৯৮ ॥

অনুবাদ—আরও—অন্যচিন্তা না করিয়া প্রাতঃকাল হইতে মধ্যাহ্ন পর্য্যন্ত জপ করিবে ॥ ১৯৮ ॥

অতঃ কুর্য্যাজ্জপং নিত্যং শক্ত্যা নিয়তসংখ্যয়া ।
সংখ্যাপূর্ত্তৌ চ কুর্ব্বীত প্রাণায়ামং পুনঃ কৃতী ॥১৯৯

অনুবাদ—অতএব যথাশক্তি নিত্য নির্দ্ধারিত সংখ্যায় জপ করিবে। সাধক সংখ্যা পূর্ণ হইলে পুনরায় প্রাণায়াম করিবে ॥ ১৯৯ ॥

টীকা—শক্ত্যা যথাশক্তি, যা নিয়তা নিত্য-নিয়মিতা জপসংখ্যা, তয়ৈব নিত্যং জপং কুর্য্যাৎ, 'ন ন্যূনং নাধিকং বাপি জপং কুর্য্যাদ্দিনে দিনে' ইত্যাদুক্তেঃ। সংখ্যায়া স্তস্যাঃ পূর্ত্তৌ চ সমাপ্তৌ সত্যাম্ ॥ ১৯৯ ॥

অথ হোমনিয়মঃ

নারদপঞ্চরাত্রে—
জপস্য তু দশাংশেন হোমঃ কার্য্যো দিনে দিনে ।
অথবা লক্ষপর্য্যন্তং হোমঃ কার্য্যো বিপশ্চিতা ॥
ইতি ॥ ২০০ ॥

অনুবাদ—অথ হোম নিয়ম, নারদপঞ্চরাত্রে—জপের দশাংশ হোম প্রতিদিন করণীয়, অথবা, লক্ষপর্য্যন্ত হোম করণীয় অভিজ্ঞ ব্যক্তি কর্ত্তৃক ॥ ২০০ ॥

টীকা—লক্ষসংখ্যায়াং পূর্ণায়ামেকৈকলক্ষজপে সম্পূর্ণে সতি, এতচ্চ ফলবিশেষার্থ-লক্ষচতুষ্টয়াদি-জপাভিপ্রায়েণ ॥ ২০০ ॥

হোমে চ কুণ্ডনির্ম্মাণাদিকস্য লিখিতো বিধিঃ ।
পূর্ব্বং দীক্ষাবিধাবত্র বিশেষং কোঽপি লিখ্যতে ॥২০১

অনুবাদ—হোমে কুণ্ড নির্ম্মাণাদির বিধি পূর্ব্বে দীক্ষাবিধি প্রসঙ্গে লিখিত আছে, এস্থলে বিশেষ কোন কোন বিধি লিখিত হইতেছে ॥ ২০১ ॥

টীকা—পূর্ব্বং দীক্ষাবিধৌ লিখিতঃ ; অত্র চ পুরশ্চরণবিধৌ কোঽপি বিশেষো লিখ্যতে ॥ ২০১ ॥

কুর্য্যাদ্রক্তাম্বুজৈর্হোমং গুড়াজ্যমধুসংপ্লুতৈঃ ।
তদলাভে পায়সেন সিতাসর্পির্যুতেন হি ॥ ২০২ ॥

অনুবাদ—রক্তপদ্ম সমূহদ্বারা হোম করিবে, গুড়, ঘৃত, মধুতে ডুবাইয়া, তাহার অভাবে পায়স দ্বারা শর্করা, ঘৃত যুক্ত করিয়া ॥ ২০২ ॥

টীকা—তদেব লিখতি—কুর্য্যাদিতি ; তদলাভে রক্তাম্বুজাদ্যপ্রাপ্তৌ সত্যাম্ ॥ ২০২ ॥

হোমাশক্তৌ জপং হোমসংখ্যায়াস্তু চতুর্গুণম্ ।
ষড়্গুণং চাষ্টগুণিতং ক্রমাৎ কুর্য্যাদ্দ্বিজাস্ত্রয়ঃ ॥২০৩

অনুবাদ—হোম করিতে অশক্ত হইলে হোম-সংখ্যার ব্রাহ্মণ চতুর্গুণ, ক্ষত্রিয় ষড়্গুণ, বৈশ্য অষ্ট-গুণ জপ করিবেন ॥ ২০৩ ॥

টীকা—মুখ্যকল্পাশক্তৌ গৌণকল্পং লিখতি—হোমাশক্তাবিতি । ত্রয়ো দ্বিজা-বিপ্র-ক্ষত্রিয়-বৈশ্যাঃ । ক্রমাৎ হোমসংখ্যায়াঃ—হোমস্য যাবতী সংখ্যা লিখিতা জপদশমাংশরূপা, তস্যাশ্চতুর্গুণং জপং বিপ্রঃ, ষড়্গুণং ক্ষত্রিয়ং, অষ্টগুণং বৈশ্যঃ কুর্য্যাদিত্যর্থঃ । তথা চোক্তম্—'হোমাশক্তৌ জপং কুর্য্যাৎ হোমসংখ্যা চতুর্গুণম্ । ষড়্গুণঞ্চাষ্টগুণিতং যথাসংখ্যং দ্বিজা-তয় ॥' ইতি ॥ ২০৩ ॥

কেচিচ্চাহুঃ—
হোমকর্ম্মণ্যশক্তানাং বিপ্রাণাং দ্বিগুণো জপঃ ।
ইতরেষান্তু বর্ণানাং ত্রিগুণাদিবিধীয়তে ॥ ২০৪ ॥

অনুবাদ—কেহ কেহ বলেন—হোমকর্ম্মে অশক্ত গণের মধ্যে বিপ্রগণের দ্বিগুণ জপ, ক্ষত্রিয়ের তিনগুণ জপ, বৈশ্যের চতুর্গুণ জপবিধি ॥ ২০৪ ॥

টীকা—ইতরেষাং ক্ষত্রিয়-বৈশ্য-শূদ্রাণাং ত্রিগুণাদিঃ ক্ষত্রিয়স্য ত্রিগুণঃ, বৈশ্যস্য চতুর্গুণঃ, শূদ্রস্য পঞ্চগুণ ইত্যর্থঃ ॥ ২০৪ ॥

অথ জপসংখ্যানিয়মঃ

সহোমশ্চ ত্রিবর্ণানাং তুল্য এব জপঃ স্মৃতঃ ।
জপো যো হোমরহিতস্তেষাং তদ্যোষিতাং হি সঃ ॥ ২০৫ ॥

অনুবাদ—অথ জপসংখ্যা নিয়ম, হোম সহিত ত্রিবর্ণের সমান জপ বিধি । হোমে অক্ষম ত্রিবর্ণ ব্যক্তিগণের ও তাহাদের স্ত্রীগণের জপ তত তত গুণ কর্ত্তব্য অর্থাৎ ব্রাহ্মণ স্ত্রীর চতুর্গুণ, ক্ষত্রিয়স্ত্রীর ষড়্-গুণ, এবং বৈশ্য স্ত্রীর অষ্টগুণ করার বিধি ॥ ২০৫ ॥

টীকা—এবং হোমাসমর্থস্য বর্ণত্রয়স্য হোমপরি-বর্ত্তকৃত্যং জপভেদং লিখিত্বেদানীং হোমসমর্থস্য তত্র-য়স্য জপঃ সমান এবেতি জপনিয়মং লিখতি—সহোম-শ্চেতি । ত্রিবর্ণানাং বিপ্র-ক্ষত্রিয়-বৈশ্যানাং, তৎস্ত্রীণাঞ্চ জপনিয়মং লিখতি—জপ ইতি, তেষাং ত্রিবর্ণানাং হোমরহিতো যো জপঃ চতুর্গুণাদিরূপঃ স তদ্যো-ষিতামপি । বিপ্রস্ত্রীণাং বিপ্রতশ্চতুর্গুণো জপস্তথা ক্ষত্রিয়স্ত্রীণাং ষড়্গুণো, বৈশ্যস্ত্রীণাঞ্চাষ্টগুণ ইতি । তথা চ ক্রমদীপিকায়াম্—'অশক্তানাং হোমে নিগম-রসনাগেন্দ্রগুণিতো, জপঃ কার্য্যো বেতি দ্বিজ নৃপবিশা-মাহুরপরে সহোমশ্চেদেষাং সম ইহ জপো হোম-রহিতো, য উক্তো বর্ণানাং ন খলু বিহিতস্তচ্চলদৃশাম্।' ইতি । অস্যার্থঃ—হোমে অসমর্থানাং বিপ্রক্ষত্রিয়-বৈশ্যানাং যথাসংখ্যং নিগমা বেদাশ্চত্বারঃ, রসাঃ, ষট্, নাগেন্দ্রা অষ্টৌ, এতৈর্গুণিতো জপ কার্য্যঃ । ত্বর্থে বা-শব্দঃ । অপর ইতি—'হোমকর্ম্মণ্যশক্তানাম্' ইত্যাদি-লিখিতমতান্তরাপেক্ষয়োক্তম্ । অন্যৎ সুগমমে-বেতি ॥ ২০৫ ॥

স্বামিস্ত্রিয়া জপো যশ্চ শূদ্রস্য বিহিতঃ স হি ।
এবমষ্টাদশার্ণস্তু মন্ত্রো জপ্যোঽযুতদ্বয়ম্ ॥ ২০৬ ॥

অনুবাদ—শূদ্রের জপ নিয়ম—স্বামীর বা গুরু-দেবের স্ত্রীর যে জপ সেই জপই শূদ্রের পক্ষে আচার্য্য-গণ বিহিত করিয়াছেন । এইভাবে অষ্টাদশাক্ষর মন্ত্র দুই অযুত অর্থাৎ বিশ সহস্র সংখ্যা জপ কর্ত্তব্য ॥ ২০৬ ॥

টীকা—শূদ্রস্য জপনিয়মং লিখতি—স্বামীতি, স্বামী ভর্ত্তা গুরুর্বা, তস্য স্ত্রিয়া যো জপঃ স এব শূদ্রস্য বিহিত আচার্য্যৈঃ । তথা চ ক্রমদীপিকায়াম—'যং বর্ণামাশ্রিতো যঃ শূদ্রঃ স চ তদ্বর্ণবিহিতম্ । বিদধীত জপং বিধিবচ্ছ্রদ্ধাবান্ ভক্তিপরো নম্রতনুঃ ॥' ইতি । এবং বর্ণাদিভেদেন জপসংখ্যাভেদং লিখিত্বেদানীং পৌরশ্চরনিকমূলমন্ত্রজপ-নিয়মং লিখতি—এবমিতি ।

লিখিতসংখ্যাভেদেন—অযুতদ্বয়ং বিংশতি-সহস্রাণি। তথা চ ক্রমদীপিকায়াম্—'প্রজপেদযুতচতুষ্কং দশাক্ষরং মনুবরং ক্রমশঃ। অষ্টাদশাক্ষরঞ্চেদযুতদ্বয়মিত্যুদীরিতা সংখ্যা॥' ইতি॥ অত্র চ ক্রমশ ইতি তত্রোক্তেষ্বদ্রিশৃঙ্গাদ্যষ্টস্থানেষু ক্রমাজ্জপেদিত্যর্থঃ। তত্র চ প্রতিস্থানমযুতদ্বয়ং জপেদিতি ন মন্তব্যং, কিন্তু তত্র তত্রাদ্রিশৃঙ্গাদিক্রমেণ তথা জপ্তব্যং, যথা সর্ব্বত্র কৃতেন তজ্জপেনাযুতদ্বয়সংখ্যা স্যাৎ, অন্যথাষ্টস্থানেষু প্রত্যেকমযুতদ্বয়জপেন ষোড়শাযুতজপঃ স্যাৎ, স চ সারদাদি মূলগ্রন্থোক্তেন বিরুধ্যত ইতি দিক্॥ ২০৬॥

তথা চ সারদায়াম্—

মন্ত্রমেনং যথান্যায়মযুতদ্বিতয়ঃ পঠেৎ।
জুহুয়াদরুণাম্ভোজৈস্তদ্দশাংশং সমাহিতঃ॥ ২০৭॥

অনুবাদ—সেইরূপই সারদাতিলকগ্রন্থে—এই অষ্টাদশাক্ষর মন্ত্র যথাবিধি দুই অযুত জপ করিবে, তাহার দশাংশ সংযতচিত্তে অরুণবর্ণ পদ্মসমূহ দ্বারা হোম করিবে॥ ২০৭॥

টীকা—অতএব সারদাদ্যুক্তং লিখতি—মন্ত্রমিতি সার্দ্ধেন॥ ২০৭॥

প্রপঞ্চসারেঽপি—

জপঃ স্যাদসমর্থস্য অযুতদ্বিতয়াবধিঃ॥ ইতি॥২০৮

অনুবাদ—প্রপঞ্চসারেও—অসমর্থপক্ষে বিশসহস্র পর্য্যন্ত জপ করিবে॥ ২০৮॥

শ্রীমৎসনৎকুমারাদি-প্রোক্তস্য ত্বনুসারতঃ।
মন্ত্রং ফলবিশেষায় জপেল্লক্ষচতুষ্টয়ম্॥ ২০৯॥

অনুবাদ—শ্রীমৎসনৎকুমারাদির উক্তি অনুসারে মন্ত্রের ফলবিশেষের জন্য চারিলক্ষ জপ কর্ত্তব্য॥২০৯॥

টীকা—এবং মহামন্ত্রবরস্যাস্যাযুতদ্বয়েনৈব পুরশ্চরণ-সিদ্ধির্ভবেদেব, তথাপি ফলবিশেষার্থমধিকাধিকমপি জপেদিতি লিখতি—শ্রীমদিত্যাদিনা পঞ্চকমিত্যন্তেন। মন্ত্রমষ্টাদশাক্ষরম্॥ ২০৯॥

তথা চ সনৎকুমারকল্পে—

উক্তং লক্ষং কৃতযুগে ত্রেতায়াং তু দ্বয়ং স্মৃতম্।
লক্ষত্রয়ং দ্বাপরে চ চতুর্লক্ষং কলৌ যুগে॥ ২১০॥

অনুবাদ—সেইরূপ সনৎকুমার কল্পে—সত্যযুগে একলক্ষ জপ বিধি, ত্রেতাতে দুইলক্ষ, দ্বাপরে তিনলক্ষ, এবং কলিযুগে চারিলক্ষ॥ ২১০॥

ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে চ—

বেদলক্ষং জপেন্মনুম্॥ ইতি॥ ২১১॥

অনুবাদ—ত্রৈলোক্য-সম্মোহন-তন্ত্রেও—মন্ত্র চারিলক্ষ জপ কর্ত্তব্য॥ ২১১॥

অতএবোক্তম্—

যস্মিংশ্চ নিগদেনৈব জপসংখ্যা বিধীয়তে।
তত্র সর্ব্বত্র মন্ত্রাণাং সংখ্যাবৃদ্ধির্যুগক্রমাৎ॥ ২১২॥

অনুবাদ—অতএব বলা হইয়াছে—যে যুগে সাক্ষাৎ উক্তিদ্বারা জপসংখ্যা বিহিত হইয়াছে সেই-যুগে সর্ব্বত্র মন্ত্র সমূহের সংখ্যাবৃদ্ধি যুগের ক্রমানুসারে হইবে॥ ২১২॥

টীকা—নিগদেন—সাক্ষাদুক্ত্যা, এতচ্চ সর্ব্বযুগে ক্রমেণৈব জ্ঞেয়ম্॥ ২১২॥

কল্পোক্তৈব কৃতে সংখ্যা ত্রেতায়াং দ্বিগুণা স্মৃতা।
দ্বাপরে ত্রিগুণা জ্ঞেয়া কলৌ সংখ্যা চতুর্গুণা॥ ইতি॥ ২১৩॥

অনুবাদ—শাস্ত্রে সত্যযুগে যে সংখ্যা উক্ত হইয়াছে, ত্রেতাতে দ্বিগুণ হইবে, দ্বাপরে তিনগুণ হইবে, কলিতে চতুর্গুণ হইবে॥ ২১৩॥

সদ্যঃ ফলবিশেষার্থং জপেদ্বা লক্ষপঞ্চকম্।
হোমং কুর্য্যাত্তদ্দশাংশং বিধিনা লিখিতেন হি॥২১৪॥

অনুবাদ—সদ্য ফলবিশেষ-লাভার্থে পঞ্চলক্ষ জপ করণীয় এবং হোম জপের দশাংশ লিখিত বিধি অনুসারে॥ ২১৪॥

টীকা—সদ্যোঽচিরাদেব ফলবিশেষসিদ্ধ্যর্থম্। বা-শব্দো লক্ষচতুষ্টয়াপেক্ষয়া, বিকল্পে লক্ষপঞ্চকং জপেৎ। তস্য লক্ষচতুষ্টয়স্য লক্ষপঞ্চকস্যাপি দশানামং শানামেকমংশং লিখিতেন 'কুর্য্যাদ্রক্তাম্বুজৈঃ' ইত্যাদি-বিধিনৈব কুর্য্যাৎ। তত্র লক্ষচতুষ্টয়ে চত্বারিংশৎ-সহস্রাণি লক্ষপঞ্চকে চার্ধলক্ষম্' ইতি। তথা চ ক্রমদীপিকায়াম্—'যুগলশুষিরবর্ণং চেন্মনুং পঞ্চলক্ষং, প্রজপতু জুহুয়াচ্চ প্রোক্তক্লিপ্তার্ধলক্ষম্' ইতি। অস্যার্থঃ—যুগলশুষিরবর্ণং অষ্টাদশাক্ষরং মন্ত্রং যদি জপেৎ, তদা লক্ষপঞ্চকং জপতু। পূর্ব্বোক্তবিধিনা অর্দ্ধলক্ষং জুহুয়াচ্চ, হোমস্য জপদশাংশকত্বাদিতি ॥ ২১৪ ॥

———

কেচিচ্চ পূর্ব্বসেবাখ্যং শুদ্ধ্যর্থং তজ্জপং পুরঃ।
অযুতদ্বয়মন্তে চ মন্যন্তে লক্ষপঞ্চকম্ ॥ ২১৫ ॥

অনুবাদ—কেহ কেহ পূর্ব্বসেবা নামে শুদ্ধির নিমিত্ত সেই জপ অগ্রে দুই অযুত এবং অন্তেও পঞ্চলক্ষ মনে করেন ॥ ২১৫ ॥

টীকা—তত্রৈব সদ্যঃ ফলবিশেষাপেক্ষয়া মতান্তরং লিখতি—কেচিচ্চেতি। অযুতদ্বয়ং লিখিতম্, তস্য বাষ্টাদশাক্ষরমন্ত্রস্য জপং শুদ্ধ্যর্থং মন্ত্রাদিশুদ্ধয়ে পুনঃ পুরশ্চরণাদৌ মন্যন্তে; অতঃ পূর্ব্বসেবেত্যাখ্যা যস্য তম্। অন্তে চ তৎসমাপ্তৌ লক্ষপঞ্চকং মন্যন্তে। তথা চ ক্রমদীপিকায়াম্—'এবঞ্চৈষামশক্তৌ গদিতমিহ মায়া পূর্ব্বসেবাবিধানম্'; কিঞ্চ—'নির্বৃত্তেঽস্মিন্ পুনশ্চ প্রজপতু বিধিবৎ সিদ্ধয়ে সাধকেশঃ' ইত্যাদি। অস্যার্থঃ—অশক্তৌ পূর্ব্বোক্তাদিশৃঙ্গাদ্যষ্টস্থানগমনাসামর্থ্যে তথা তত্র তত্র ক্রমেণোক্ত-শাকাদ্যষ্টাহারাসামর্থ্যেচৈষামদ্রিশৃঙ্গাদ্যষ্টস্থানানাং মধ্যে একং স্থানং, তথা শাকাদ্যষ্টবিধাহারেষ্বেকমাহারমাশ্রিত্য জপং কুর্য্যাৎ। অনেন চ প্রকারেণ ইহ গ্রন্থে প্রকারবিশেষেণ বা পূর্ব্বসেবাভিধানং পুরশ্চরণকর্ম্ম। যদ্বা, পূর্ব্বসেবেতি নামবিধানং ময়োক্তম্; 'অস্মিন্ পূর্ব্বসেবাখ্যকর্ম্মণি নিবৃত্তে সমাপ্তে সতি সিদ্ধয়ে বিশিষ্টফলসিদ্ধ্যর্থং পুনঃ প্রজপতু, পুরশ্চরণ-জপবিশেষং করোতু। তচ্চ যুগলশুষিরবর্ণমিত্যাদি-বক্ষ্যমাণং লিখিতমেবেতি ॥ ২১৫ ॥

———

অন্তে মহোৎসবং কুর্ব্বন্ কৃষ্ণং ভক্ত্যার্চ্চয়েন্মহৎ।
গুরুং সন্তোষয়েদ্বিপ্রান্ ভোজয়েৎ প্রীণয়েৎ পরান্ ॥ ২১৬ ॥

অনুবাদ—অন্তে মহোৎসব করিয়া ভক্তিভরে শ্রীকৃষ্ণের মহাপূজা করিবে এবং শ্রীগুরুদেবকে সন্তুষ্ট করিবে, বিপ্রগণকে ভোজন করাইবে, সাধারণ দান অন্ধ, দুঃখিত জনকে তৃপ্তি করাইবে ॥ ২১৬ ॥

টীকা—এবং পুরশ্চরণে সম্পূর্ণে চ কৃত্যং লিখতি—অন্ত ইতি। যথালিখিত জপসমাপ্তৌ সত্যাম্, মহদ্যথা স্যাত্তথা, পরান্ দুঃখিতান্ দীনান্, তে চাগ্রে লেখ্যাশ্চ দীনান্ধেত্যাদিনা ॥ ২১৬ ॥

———

পুরশ্চরণমেবং হি সিধ্যেদিতি মতং বুধৈঃ।
তথাপি কুর্য্যাৎ পূর্ব্বেষাং সম্মতং তর্পণাদিকম্ ॥২১৭

অনুবাদ—অভিজ্ঞগণের মতে ইহা দ্বারাই পুরশ্চরণ সিদ্ধ হয়, তথাপি প্রাচীন সম্মত তর্পণাদিও করণীয় ॥ ২১৭ ॥

টীকা—এবং তর্পণাদিনিয়মং বিনাপি কেবলহোমসহিতেন হোমাশক্তৌ চ চতুর্গুণাদিনা জপেনৈব পুরশ্চরণসিদ্ধিঃ স্যাদিতি কেষাঞ্চিৎ প্রামাণিকানামাচার্য্যাণাং মতমঙ্গীকৃত্য বহুলসাধুকুলসম্মততর্পণাদিনিয়মঞ্চ লিখতি—পুর ইতি। এবং লিখিতপ্রকারেণৈব, পূর্ব্বেষাং পুরাতনানাং সাধুজনানান্ ॥ ২১৭ ॥

———

অথ তর্পণাদি

ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে—

অখণ্ডৈররুণাম্ভোজৈর্মধুরাক্তৈর্দশাংশতঃ।
পায়সেন ঘৃতাক্তেন তিলৈরারণ্যকৈশ্চ বা ॥ ২১৮ ॥
জুহুয়াত্তদ্দশাংশেন তর্পয়েচ্ছুদ্ধবারিণা।
বিপ্রাংশ্চ ভোজয়েৎ পশ্চাদ্গুরুং সন্তোষয়েত্ততঃ ॥২১৯

অনুবাদ—অনন্তর তর্পণাদি, ত্রৈলোক্য-সম্মোহনতন্ত্রে—মধু ও ঘৃত মাখন অখণ্ড অরুণবর্ণ পদ্মসমূহ দ্বারা জপের দশাংশ হোম, অথবা—বন্য তিলসমূহ পায়স ও ঘৃতযুক্ত করিয়া হোম করিবে, তাহার দশাংশ শুদ্ধ জল দ্বারা তর্পণ করিবে, পরে বিপ্রগণ-

কেও ভোজন করাইবে, পরে শ্রীগুরুদেবকে সন্তুষ্ট করিবে ॥ ২১৮-২১৯ ॥

অন্যত্র চ—

হোমাদ্দশাংশতঃ কুর্য্যাত্তর্পণং দেবতামুখে ।
তর্পণস্য দশাংশেন মার্জয়েদাত্মমূর্দ্ধনি ।
মার্জ্জনস্য দশাংশেন কুর্য্যাদ্‌ব্রাহ্মণভোজনম্ ॥২২০॥

অনুবাদ—অন্যত্রও—হোমের দশাংশ দেবতামুখে তর্পণ করিবে। তর্পণের দশাংশ নিজ মস্তকে মার্জ্জন করিবে, মার্জ্জনের দশাংশ ব্রাহ্মণ ভোজন ॥ ২২০ ॥

অথ তত্র তর্পণম্

তর্পয়েচ্চ বিধানেন শ্রীকৃষ্ণং শুদ্ধবারিণা ।
পুষ্পাক্ষতাদিযুক্তেন জলে সংজপ্য পূর্ব্ববৎ ॥ ২২১ ॥

অনুবাদ—অনন্তর তন্মধ্যে তর্পণ—শ্রীকৃষ্ণকে শুদ্ধজল দ্বারা বিধিমত তর্পণ করিবে, পুষ্প অক্ষতাদি যুক্ত জলে প্রাতঃস্নানে লিখিত পূর্ব্ববৎ সম্যক্ পূজা করিয়া তর্পণ করিবে ॥ ২২১ ॥

টীকা—পূর্ব্ববদিতি, পূর্ব্বং প্রাতস্নানে যথা লিখিতং তথেত্যর্থঃ ॥ ২২১ ॥

অথ মার্জ্জনম্

তোয়ৈরঞ্জলিনা শুদ্ধৈরভিষিঞ্চেৎ স্বমূর্দ্ধনি ।
দশাংশং দেবতাবুদ্ধ্যা তর্পণস্য ততঃ পরম্ ॥২২২॥

অনুবাদ—অথ মার্জ্জন—দেবতা বুদ্ধি দ্বারা অর্থাৎ নিজ ইষ্টদেবে নিজ আত্মাকে সমর্পণ করিয়া অঞ্জলি, অঞ্জলি শুদ্ধ জল দ্বারা (তর্পণের পর) দশাংশ নিজ-মস্তকে মার্জ্জন করিবে ॥ ২২২ ॥

টীকা—দেবতাবুদ্ধ্যেতি, নিজেষ্টদেবে স্বাত্মানং সমর্প্যেত্যর্থঃ ॥ ২২২ ॥

অথ ব্রাহ্মণভোজনম্

পাদ্যার্ঘ্যৈরর্চ্চয়েদিষ্টবেদবুদ্ধ্যা হি ভূসুরান্ ।
ভক্ষ্যৈর্নানা-রসোপেতৈর্ভোজয়েদ্ভক্তিভাবিতঃ ॥২২৩॥

অনুবাদ—অনন্তর ব্রাহ্মণ ভোজন—ইষ্টদেব বুদ্ধিতে ব্রাহ্মণগণকে পাদ্য, অর্ঘ্য দ্বারা অর্চ্চন করিয়া নানারসযুক্ত ভক্ষ্য দ্রব্য দ্বারা ভক্তিভাবে ভোজন করাইবে ॥ ২২৩ ॥

কিঞ্চ—

এবং প্রতিদিনং কুর্য্যাদ্‌যাবৎ সংখ্যা প্রপূর্য্যতে ।
তদন্তে মহতীং পূজাং কুর্য্যাদ্‌বিপ্রাংশ্চ তোষয়েৎ ॥২২৪
গন্ধমাল্যাম্বরৈশ্চৈব ভক্ষ্যভোজ্যৈঃ সদক্ষিণৈঃ ।
দীনান্ধকৃপণানাথান্‌প্রীণয়েদ্ভোজনাদিনা ॥ ২২৫ ॥

অনুবাদ—আরও—এইভাবে প্রতিদিন করিবে যে পর্য্যন্ত সংখ্যাপূরণ না হয়, তৎপরে মহাপূজা করিবে এবং গন্ধমালা, বস্ত্র, ভক্ষ্য, ভোজ্য ও দক্ষিণাসহ বিপ্রগণকে সন্তুষ্ট করিবে। দীন, অন্ধ, কৃপণ অনাথগণকে ভোজনাদি দ্বারা তৃপ্তি করাইবে ॥ ২২৪-২২৫॥

টীকা—এবং তর্পণাদিকং হোমবত্তাবৎ প্রতিদিনং কুর্য্যাৎ, যাবজ্জপোক্তসংখ্যাপূর্ত্তির্ভবতি। তদন্তে সংখ্যা-পূর্ত্তৌ চ সত্যাম্ ॥ ২২৪ ॥

গো-ভূ-হিরণ্য-বস্ত্রাদৈঃ সম্পূজ্য গুরুমাত্মনঃ ।
মিষ্টান্নং বন্ধুভিঃ সার্দ্ধং ভুঞ্জীতোৎসাহপূর্ব্বকম্ ॥২২৬

অনুবাদ—নিজ শ্রীগুরুদেবকে গাভী, ভূমি, স্বর্ণ, বস্ত্রাদি দ্বারা সম্যক্ পূজা করিয়া উৎসাহ পূর্ব্বক বন্ধুগণের সহিত মিষ্টান্ন ভোজন করিবে ॥ ২২৬ ॥

কেচিজ্জপাদ্দশাংশং হি মন্যন্তে তর্পণং বুধাঃ ।
অপেক্ষ্যোঽন্যো বিশেষোঽত্র জ্ঞেয়োঽন্যগ্রন্থতঃ স চ ॥২২৭

অনুবাদ—পূর্ব্বে হোমের দশাংশ তর্পণ লিখিত হইয়াছে, অধুনা মতান্তর লিখিতেছেন কেহ কেহ পণ্ডিতগণ জপের দশাংশ তর্পণ মনে করেন। পুরশ্চরণ সম্বন্ধে অন্য বিশেষ কিছু অপেক্ষা থাকিলে অন্য গ্রন্থ সারদাতিলক ও পঞ্চ রাত্রাদি হইতে জানিয়া লইবে ॥ ২২৭ ॥

টীকা—হোমদশাংশং তর্পণং লিখিতং, তত্র মতান্তরং লিখতি—কেচিদিতি। ননু পুরশ্চরণকর্ত্তুঃ

সন্ধ্যাদিসময়ে কতমঃ কৃত্যবিশেষঃ ? ইত্যপেক্ষয়াং লিখতি—অপেক্ষ্য ইতি। অত্র পুরশ্চরণজপাদিবিধৌ যোঽন্যো বিশেষঃ কশ্চিদপেক্ষ্যঃ স্যাৎ, স চান্যগ্রন্থতঃ সারদাতিলকাদিপঞ্চরাত্রাদিশাস্ত্রেভ্যোঽপি জ্ঞেয়ঃ। অত্র চ গ্রন্থবিস্তরভয়ান্ন বিস্তার্য্য লিখিত ইতি ভাবঃ ॥২২৭॥

অথ তত্র রিক্তপূরণম্

উক্তঞ্চ—

যদ্যদঙ্গং বিহীয়েত তৎসংখ্যা-দ্বিগুণো জপঃ।
সাঙ্গতাসিদ্ধ্যৈ কর্ত্তব্যস্তচ্চাশক্ত্যা ন ভক্তিতঃ ॥২২৮॥

অনুবাদ—অনন্তর পুরশ্চরণে রিক্তপূরণ, বলা হইয়াছে—যে যে অঙ্গ অর্থাৎ তর্পণাদি অসমর্থতা-বশতঃ হীন হইলে পুরশ্চরণের সম্পূর্ণতা সিদ্ধির নিমিত্ত সেই সংখ্যার দ্বিগুণ জপ কর্ত্তব্য, প্রযত্ন সহ সাঙ্গ কর্ত্তব্য ॥ ২২৮ ॥

টীকা—অঙ্গং তর্পণাদি, তস্য অঙ্গস্য সংখ্যায়া দ্বিগুণঃ সাঙ্গস্য পুরশ্চরণস্য সিদ্ধ্যর্থং জপঃ কর্ত্তব্যঃ। তচ্চ দ্বিগুণজপকরণং তত্র তত্রাশক্ত্যৈব, ন চ ভক্তিতঃ। ভক্ত্যা চ প্রযত্নতঃ সর্ব্বমনুষ্ঠেয়মেবেত্যর্থঃ। শক্তিত ইতি পাঠেঽপি শক্তৌ সত্যাং মুখ্যকল্পতর্পণাদিপরি-ত্যাগেন গৌণকল্পে প্রবৃত্তেরগ্রে দোষোক্ত্যা প্রযত্নতো মুখ্যকল্পেন সাঙ্গং কুর্য্যাদেবেত্যর্থঃ ॥ ২২৮ ॥

সর্ব্বথা ভোজয়েদ্বিপ্রান্ ক্ষতসাঙ্গত্বহেতবে।
বিপ্রারাধনমাত্রেণ ব্যঙ্গং সাঙ্গত্বমাপ্নুয়াৎ ॥ ২২৯ ॥

অনুবাদ—অঙ্গহানি হইলে অঙ্গপূর্ত্তির জন্য সর্ব্ব-প্রকারে শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ ভোজন করাইবে। বিপ্র আরা-ধনামাত্রই অঙ্গহানি পূর্ণতা লাভ করিবে ॥ ২২৯ ॥

টীকা—ননু রিক্তনিবারণার্থং জপশক্ত্যাদৌ কিং কার্য্যম্ ? তত্রাহ—সর্ব্বথেতি ব্যঙ্গসাঙ্গতার্থং সদ্যঃ ফলবিশেষসিদ্ধ্যর্থমেবেত্যাদিসর্ব্বপ্রকারেণ। বিশে-ষতশ্চ ক্ষতস্য ব্যঙ্গস্য সাঙ্গত্বহেতবে ; যদ্বা, সর্ব্বথেতি ভক্ষ্যভোজ্যাদি-নানাপ্রকারেণেত্যর্থঃ ॥ ২২৯ ॥

অন্যত্র চ—

যদ্যদঙ্গং বিহীয়েত জপস্তদ্দ্বিগুণো মতঃ।
তাবৎ পুষ্প প্রদানং বা তাবতী বা নমস্ক্রিয়া ॥২৩০॥

অনুবাদ—অন্যত্রও—যে যে অঙ্গহীন হইবে সেই অঙ্গ সংখ্যার দ্বিগুণ জপ, অথবা সেই সংখ্যা পুষ্প প্রদান বা তত সংখ্যা দণ্ডবৎ প্রণাম ॥ ২৩০ ॥

টীকা—তত্রাপ্যশক্তৌ লিখতি—যদ্যদিতি। নম-স্ক্রিয়া—প্রণামঃ ॥ ২৩০ ॥

অথ সংক্ষিপ্ত-পুরশ্চরণম্

তদুক্তম্—

পূজাং বিস্তরতঃ কর্ত্তুং যো ন শক্নোতি সাধকঃ।
স বিনাঙ্গেন্দ্রবজ্রাদৈঃ পূজয়েদিষ্টদেবতাম্ ॥ ২৩১ ॥

অনুবাদ—অনন্তর সংক্ষিপ্ত পুরশ্চরণ, তাহা উক্ত হইয়াছে—যে সাধক পুরশ্চরণ বিধিমত মহাপূজা করিতে অসমর্থ তিনি অঙ্গাদি অবয়ব ব্যতীত নিজ ইষ্টদেবকেই পূজা করিবে ॥ ২৩১ ॥

টীকা—অঙ্গাদ্যাবয়বৈর্বিনা নিজেষ্টদেবমাত্রং পূজয়েৎ ॥ ২৩১ ॥

অথবা দেবতামাত্রং ধ্যাত্বা সম্যক্ প্রপূজয়েৎ।
অথবা মানসীং কুর্য্যাৎ পূজামাত্মার্পণাবধি ॥ ২৩২ ॥

অনুবাদ—অথবা কেবল নিজ ইষ্টদেবকেই ধ্যান করিয়া সম্পূর্ণ পূজা করিবে, অথবা আত্মসমর্পণ পর্য্যন্ত মানসী পূজা করিবে ॥ ২৩২ ॥

টীকা—দেবতামাত্রং কেবলনিজেষ্টদেবমেব ধ্যাত্বা, ন তু তত্তদুপাচরসমর্পণাদ্যুক্ত-তত্তদ্ধ্যানং কৃত্বা ॥ ২৩২ ॥

অথবা কেবলাং পূজাং বাহ্যাং কুর্য্যাদ্বিচক্ষণঃ।
সম্পূজ্যৈবং জপং কুর্য্যান্ন মন্ত্রং কেবলং জপেৎ ॥২৩৩

অনুবাদ—অথবা কেবল বাহ্য পূজা বিচক্ষণ সাধক করিবেন। সম্যক্ভাবে পূজা করিবে, কেবল মন্ত্রজপ করিবে না ॥ ২৩৩ ॥

টীকা—কেবলাং — মানসিকপূজা - ব্যতিরিক্তাম্ ॥ ২৩৩ ॥

পূর্ব্বপূর্ব্বস্য চাশক্তাবুত্তরোত্তরমাচরেৎ ।
প্রভুঃ প্রথমকল্পস্য যোঽনুকল্পেন বর্ত্তয়েৎ ।
ন সাম্পরায়িকং তস্য দুর্ম্মতের্জায়তে ফলম্ ॥২৩৪॥

অনুবাদ—পূর্ব্ব পূর্ব্ব বিধিতে অশক্ত হইলে পর পর বিধি আচরণ করিবে। প্রথম কল্প (বিধিতে) সমর্থ হইয়া যে ব্যক্তি অনুকল্প (পশ্চাৎবিধি) আচরণ করে সেই দুর্ম্মতির পারলৌকিক ফল নিষ্পন্ন হয় না ॥ ২৩৪ ॥

টীকা—প্রথমকল্পস্য মুখ্যপক্ষস্য প্রভুস্তত্র সমর্থশ্চেৎ, অনুকল্পেন, গৌণপক্ষেণ বর্ত্তয়েৎ কর্ম্ম কুর্য্যাৎ; সাম্পরায়িকং—পারলৌকিকম্ ॥ ২৩৪ ॥

———

অথবান্যপ্রকারেণ পুরশ্চরণমিষ্যতে ।
গ্রহণেঽর্কস্য চেন্দোর্বা শুচিঃ পূর্ব্বমুপোষিতঃ ॥২৩৫॥
নদ্যাং সমুদ্রগামিন্যাং নাভিমাত্রোদকে স্থিতঃ ।
গ্রহণাদি-বিমুক্ত্যন্তং জপেন্মন্ত্রং সমাহিতঃ ॥ ২৩৬ ॥

অনুবাদ—অথবা অন্য প্রকারে পুরশ্চরণ ইচ্ছা করিলে, সূর্য্যগ্রহণে বা চন্দ্র গ্রহণে পবিত্র ভাবে পূর্ব্ব হইতে উপবাস করিয়া সমুদ্রগামিনী নদীর নাভি পর্য্যন্ত জলে দাঁড়াইয়া গ্রহণ আরম্ভ হইতে মোক্ষ পর্য্যন্ত সংযত চিত্তে ইষ্টমন্ত্র জপ করিবে ॥ ২৩৫-২৩৬ ॥

টীকা—পূর্ব্বমুপোষিতঃ, গ্রহণপূর্ব্বদিনে কৃতোপবাসঃ সন্ ॥ ২৩৫ ॥

———

অনন্তরং দশাংশেন ক্রমাদ্ধোমাদিকং চরেৎ ।
তদন্তে মহতী পূজাং কুর্য্যাদ্‌ব্রাহ্মণভোজনম্ ॥২৩৭॥

অনুবাদ—তৎপরে গৃহে আসিয়া দশাংশ ক্রমে হোমাদি করিবে, তৎপরে মহাপূজা করিয়া ব্রাহ্মণ ভোজন করাইবে ॥ ২৩৭ ॥

———

ততো মন্ত্রপ্রসিদ্ধ্যর্থং গুরুং সম্পূজ্য তোষয়েৎ ।
এবঞ্চ মন্ত্রসিদ্ধিঃ স্যাদ্ দেবতা চ প্রসীদতি ॥২৩৮॥

অনুবাদ—অনন্তর মন্ত্রসিদ্ধির নিমিত্ত শ্রীগুরুদেবকে সম্যক্ পূজা করিয়া তুষ্ট করিবে। এইভাবেও মন্ত্রসিদ্ধি হয় এবং দেবতাও প্রসন্ন হন ॥ ২৩৮ ॥

———

অথবান্যপ্রকারোঽয়ং পৌরশ্চরণিকে বিধৌ ।
চন্দ্রসূর্য্যোপরাগে তু স্নাত্বা প্রযতমানসঃ ॥ ২৩৯ ॥
স্পর্শাদিমুক্তিপর্য্যন্তং জপেন্মন্ত্রং সমাহিতঃ ।
সর্ব্বং পূর্ব্ববদেবাথ কুর্য্যাদ্ধোমাদিকং কৃতী ॥২৪০॥

অনুবাদ—অথবা অন্য প্রকার পুরশ্চরণ বিধিতে চন্দ্র গ্রহণে বা সূর্য্য গ্রহণে স্নান করিয়া সংযত চিত্তে গ্রহণ স্পর্শ হইতে মোক্ষ পর্য্যন্ত মন্ত্র সমাহিত চিত্তে জপ করিবে। পূর্ব্ববৎ সকল অঙ্গ হোমাদি সাধক করিবেন ॥ ২৩৯-২৪০ ॥

টীকা—অথবান্যপ্রকারোঽয়মিত্যত্র সমুদ্রগামিনদীজলান্তঃস্থিতি-ব্যতিরেকেণ, সংক্ষেপে পূর্ব্বতো বিশেষঃ ॥ ২৩৯ ॥

টীকা—স্পর্শাৎ গ্রাসমারভ্য ॥ ২৪০ ॥

———

অথবা দেবতারূপং গুরুং ধ্যাত্বা প্রতোষয়েৎ ।
তস্য চ্ছায়ানুসারী স্যাদ্ভক্তিযুক্তেন চেতসা ॥২৪১॥

অনুবাদ—অথবা—শ্রীগুরুদেবকে ইষ্টদেবতারূপ ধ্যান করিয়া প্রকৃষ্টরূপে তুষ্ট করিবে, ভক্তিযুক্ত চিত্ত দ্বারা তাহার ছায়ার ন্যায় অনুসরণ করিবে ॥ ২৪১॥

টীকা—কেবল-শ্রীগুরুপ্রসাদেনৈব পুরশ্চরণসিদ্ধিঃ স্যাদিতি প্রকারান্তরমাহ—অথবেতি ত্রিভিঃ ॥ ২৪১ ॥

———

গুরুমূলমিদং সর্ব্বং তস্মান্নিত্যং গুরুং ভজেৎ ।
পুরশ্চরণহীনোঽপি মন্ত্রী সিধ্যেন্ন সংশয়ঃ ॥২৪২॥

অনুবাদ—এই পুরশ্চরণাদি সকলই গুরুমূলক, অতএব নিত্য শ্রীগুরুদেবের ভজন করিবে, মন্ত্রসাধক পুরশ্চরণহীন হইলেও শ্রীগুরুসেবা দ্বারা সিদ্ধিলাভ করিবেন ইহাতে সংশয় নাই ॥ ২৪২ ॥

———

তথা চোক্তম্—
যথা সিদ্ধরসস্পর্শাত্তাম্রং ভবতি কাঞ্চনম্ ।
সন্নিধানাদ্‌গুরোরেবং শিষ্যো বিষ্ণুময়ো ভবেৎ ॥২৪৩

অনুবাদ—ঐ বিষয়ে উক্তি আছে—সিদ্ধরসস্পর্শে তাম্র যেমন স্বর্ণ হয়, সেইরূপ শ্রীগুরুদেবের সান্নিধ্য-বশতঃ শিষ্য বিষ্ণুময় হইবে ॥ ২৪৩ ॥

অথ তত্রৈব প্রকারান্তরম্

গৌতমীয়ে—

গবানুগমনং কার্য্যং গোগ্রাসং গোপ্রদক্ষিণম্ ।
নিত্যং তাসু প্রসন্নাসু গোপালোঽপি প্রসীদতি ॥২৪৪॥

অনুবাদ—অনন্তর ঐ বিষয়ে অন্য প্রকার, গৌতমীয় তন্ত্রে—গাভীর পশ্চাৎ গমন করিবে, গোগ্রাস দান করিবে, গো-প্রদক্ষিণ করিবে, নিত্য গাভীগণ প্রসন্ন থাকিলে শ্রীগোপালদেবও প্রসন্ন হন ॥ ২৪৪ ॥

অথ সিদ্ধমন্ত্রস্য লক্ষণম্

উক্তঞ্চ বৌধায়নেন—

সিদ্ধস্য ত্রীণি চিহ্নানি দাতা ভোক্তাপ্যযাচকঃ ।
সিদ্ধমন্ত্রস্য তন্ত্রোক্তাঃ প্রবর্ত্তন্তেঽত্র সিদ্ধয়ঃ ॥২৪৫॥

অনুবাদ—অনন্তর সিদ্ধ মন্ত্রের লক্ষণ, বৌধায়ন কর্ত্তৃক উক্ত হইয়াছে—সিদ্ধ মন্ত্রের তিনটি চিহ্ন—দাতা ভোক্তা হইয়াও কাহারও নিকট কিছু প্রার্থনা করেন না, সিদ্ধমন্ত্রের তন্ত্রোক্ত সিদ্ধিসমূহ সর্ব্বজ্ঞতাদি তাহার হয়, এইলোকে এই দেহে ॥ ২৪৫ ॥

টীকা—দাতা ভোক্তাপি সন্ অযাচকঃ কমপি ন যাচত ইত্যর্থঃ। ন চৈতন্মাত্রমেব, কিন্তু সর্ব্বজ্ঞত্বাদি-সিদ্ধয়োঽপি তস্য স্যুরিত্যাহ—সিদ্ধেতি। অত্র অস্মিন্নেব লোকে দেহে বা ॥ ২৪৫ ॥

নারদপঞ্চরাত্রে চ শ্রীভগবতা—

মন্ত্রারাধনসক্তস্য প্রথমং বৎসরত্রয়ম্ ।
জায়ন্তে বহবো বিঘ্না নিয়মস্তস্য নারদ ॥ ২৪৬ ॥

অনুবাদ—শ্রীনারদপঞ্চরাত্রেও শ্রীভগবৎ উক্তি—হে নারদ! মন্ত্র আরাধনরত সাধকের প্রথম তিন বৎসর, তাহার নিয়মে বহুবিধ বিঘ্ন উপস্থিত হয় ॥ ২৪৬ ॥

নোদ্বেগং সাধকো যাতি কর্ম্মণা মনসা যদি ।
তৃতীয়াদ্বৎসরাদূর্দ্ধং রাজানশ্চ মহীভৃতঃ ॥২৪৭॥
প্রার্থয়ন্তেঽনুরোধেন গর্ব্বিতা অপি মানিনঃ ।
প্রসাদঃ ক্রিয়তাং নাথ মমোদ্ধরণকারণম্ ॥২৪৮॥

অনুবাদ—সাধক যদি ঐ বিঘ্নদ্বারা কায়-মনে উদ্বেগ প্রাপ্ত না হয়, তৃতীয় বৎসরের পর পৃথিবীপতি রাজগণও গর্ব্বিত ও মানী থাকিলেও সাধকের নিকট প্রার্থনা করে 'হে প্রভু! কৃপা করুন, আমার উদ্ধারের পথ বলুন' ॥ ২৪৭-২৪৮ ॥

টীকা—অনুরোধেন আনুকূল্যেনৈব প্রার্থয়ন্তে ॥ ২৪৮ ॥

প্রজ্বলন্তং প্রপশ্যন্তি তেজসা বিভবেন চ ।
অতস্তে মুনিশার্দ্দূল নিষ্ঠুরং বক্তুমক্ষমাঃ ॥২৪৯॥

অনুবাদ—হে মুনিশ্রেষ্ঠ! সিদ্ধপুরুষকে তেজ ও বৈভব দ্বারা জলন্ত অগ্নির ন্যায় তেজস্বী দেখেন, অতএব রাজগণ তাঁহাকে নিষ্ঠুর বাক্য বলিতে পারেন না ॥ ২৪৯ ॥

নবমাদ্বৎসরাদূর্দ্ধং নানাশ্চর্য্যাণি পশ্যতি ।
আত্মানন্দপ্রদান্যাশু প্রত্যক্ষেণ বহিস্তথা ॥ ২৫০ ॥

অনুবাদ—সিদ্ধমন্ত্র পুরুষ নবম বৎসরের পর নানাবিধ আশ্চর্য্য দর্শন করেন, আত্মানন্দপ্রদ এবং শীঘ্র বাহিরে প্রত্যক্ষ ভাবেও ঐরূপ আশ্চর্য্য দর্শন করেন ॥ ২৫০ ॥

কিঞ্চ—

বলেন পরিপূর্ণশ্চ তেজসা ভাস্করোপমঃ ।
পূর্ণেন্দুসদৃশঃ কান্ত্যা গমনে বিহগোপমঃ ॥২৫১॥
স্বল্পাশনেঽপ্যকৃশতা বহুনা ন চ খিদ্যতে ।
বিণ্মূত্রয়োরথাল্পত্বং ভবেন্নিদ্রাজয়স্তথা ॥ ২৫২ ॥

অনুবাদ—আরও—মন্ত্রসিদ্ধ ব্যক্তি বলদ্বারা পরিপূর্ণ বলীয়ান্, তেজদ্বারা সূর্য্যসদৃশ, কান্তিতে পূর্ণ-চন্দ্রসদৃশ, গমনে পক্ষীর ন্যায়, স্বল্পাহারেও কৃশ হন

না, বহু আহার করিয়া কষ্ট পান না, বিষ্ঠা মূত্র অল্প এবং নিদ্রাজয়ী হন ॥ ২৫১-২৫২ ॥

টীকা—বহুনা অশনেন ॥ ২৫২ ॥

জপধ্যানরতো মৌনী ন খেদমধিগচ্ছতি।
বিনা ভোজনপানাভ্যাং পক্ষমাসাদিকং মুনে ॥২৫৩॥

অনুবাদ—হে মুনে! জপ ও ধ্যানরত, মৌনী, একপক্ষ বা একমাস ভোজন পান না করিয়াও দুঃখ পান না ॥ ২৫৩ ॥

ইত্যেবমাদিভিশ্চিহ্নৈর্মহাবিস্ময়কারিভিঃ।
প্রবৃত্তৈঃ সংপ্রবোদ্ধব্যং প্রসন্নো মন্ত্ররাড়িতি ॥২৫৪॥

অনুবাদ—মহাবিস্ময়কারী উপস্থিত এই সকল চিহ্ন দ্বারা বিশেষ ভাবে জানিবেন মন্ত্ররাজ প্রসন্ন হইয়াছেন ॥ ২৫৪ ॥

মন্ত্রপ্রসাদজনিতং লিঙ্গঞ্চ ন গুরোর্বিনা।
প্রকাশনীয়ং বিপ্রেন্দ্র কস্যচিৎ সিদ্ধিমিচ্ছতা ॥২৫৫॥

অনুবাদ—হে বিপ্রেন্দ্র! সিদ্ধিকামী মন্ত্রসাধক মন্ত্রপ্রসন্নতা জনিত চিহ্নসমূহ শ্রীগুরুদেব ব্যতীত অন্য কাহারও নিকট প্রকাশ করিবেন না ॥ ২৫৫ ॥

টীকা—লিঙ্গং—চিহ্নম্ ॥ ২৫৫ ॥

অথ সিদ্ধমন্ত্রকৃত্যম্

তচ্চোক্তম্—

সিদ্ধমন্ত্রোঽপি নিত্যং হি ত্রিসন্ধ্যং কৃষ্ণমর্চ্চয়েৎ।
নিয়মেনৈকসন্ধ্যং বা জপেদষ্টোত্তরং শতম্ ॥২৫৬॥

অনুবাদ—অনন্তর সিদ্ধমন্ত্র ব্যক্তির করণীয়, তাহাও উক্ত হইয়াছে—মন্ত্রসিদ্ধ হইলেও নিত্য ত্রিসন্ধ্যা শ্রীকৃষ্ণকে অর্চ্চন করিবেন। অথবা নিয়মপূর্ব্বক এক সন্ধ্যা এবং মন্ত্র অষ্টোত্তরশতবার জপ করিবেন ॥ ২৫৬ ॥

টীকা—একসন্ধ্যং বা অর্চ্চয়েৎ, তত্র চাষ্টোত্তরশতবারান্ নিজমন্ত্রং জপেদিত্যর্থঃ ॥ ২৫৬ ॥

অথাসিদ্ধসাধনোপায়াঃ

তে চোক্তাঃ—

অনুষ্ঠিতো যথান্যায়ং যদি মন্ত্রো ন সিধ্যতি।
পুনস্তাবৎ প্রজপ্তব্যস্ততঃ সিদ্ধো ভবেৎ ধ্রুবম্ ॥২৫৭

অনুবাদ—অনন্তর অসিদ্ধমন্ত্রের সাধনের উপায়, তাহাও উক্ত হইয়াছে—যথাবিধি অনুষ্ঠিত হইয়াও যদি মন্ত্রসিদ্ধ না হন, পুনরায় ঐ পর্য্যন্ত জপ কর্ত্তব্য, তৎপরে নিশ্চয়ই সিদ্ধি হইবে ॥ ২৫৭ ॥

পুনঃ সোঽনুষ্ঠিতো মন্ত্রো যদি সিদ্ধো ন জায়তে।
উপায়াস্তত্র কর্ত্তব্যাঃ সপ্ত শঙ্করভাষিতাঃ ॥২৫৮॥

অনুবাদ—পুনরায় অনুষ্ঠানের পর যদি মন্ত্র সিদ্ধ না হন, তখন শ্রীশঙ্কর মহাদেবের উক্ত সপ্তবিধ উপায় পালন কর্ত্তব্য ॥ ২৫৮ ॥

টীকা—শঙ্করভাষিতাঃ, তচ্চ সর্ব্বং শঙ্করেণোদিতমিতি যাবৎ ॥ ২৫৮ ॥

রুদ্রেণ দহনান্তং যে কথিতা মন্ত্রসিদ্ধয়ে।
সপ্তোপায়া বুধৈর্জ্ঞেয়াস্তেঽন্যমন্ত্রেষু সিদ্ধিদাঃ ॥২৫৯॥

অনুবাদ—শ্রীমহাদেব দহনান্ত যে সকল মন্ত্রসিদ্ধি বিষয়ে উপায় বলিয়াছেন অভিজ্ঞ ব্যক্তিগণ ঐ সপ্তবিধ উপায় অন্যমন্ত্র বিষয়ে সিদ্ধিপ্রদ জানিবেন ॥২৫৯

টীকা—দহনান্তমিতি প্লাবণমারভ্য দহনাবধি উপায়ং কুর্য্যাৎ ॥ ২৫৯ ॥

শ্রীমদ্‌গোপালমন্ত্রোঽয়ং নৈব কিঞ্চিদপেক্ষতে।
হৃন্মাত্রস্পৃক্ ফলত্যেব স্পৃষ্টো হি দহনো যথা ॥২৬০

অনুবাদ—এই শ্রীমৎগোপালমন্ত্র অন্য কিছু সাধনের অপেক্ষা করেন না, অগ্নি যেমন স্পর্শমাত্রই দগ্ধ করে, সেইরূপ এইমন্ত্র হৃদয়কে স্পর্শমাত্রই ফলধারণ করেন ॥ ২৬০ ॥

টীকা—তে চোপায়া মন্ত্রান্তরেষ্বেব, ন ত্বস্মিন্ মোহনাখ্যাষ্টাদশাক্ষরমন্ত্র ইতি লিখতি—শ্রীমদিতি। কিঞ্চিৎ সংস্কারাদিকম্, কিন্তু হৃন্মাত্রং স্পৃশতীতি তথা সন্নপি ফলত্যেব। তত্র দৃষ্টান্তত্বেনার্থান্তর-

মুপন্যস্যতি—স্পৃষ্টো হীতি। যথাকথঞ্চিৎ স্পর্শমাত্রেণ দহনো দহেদেব, তদ্বদুক্তেস্তথাত্বাদিতি ভাবঃ; এতচ্চ পূর্ব্বং মাহাত্ম্যলিখনে ব্যক্তীভূতমেবাস্তি ॥২৬০

অথ যন্ত্রম্

সনৎকুমারকল্পে—

অর্চ্চনার্থে মুনে বক্ষ্যে যন্ত্রং শ্রীকরমুত্তমম্।
স্বগৃহে বা বনে বাথ বিষ্ণোরায়তনেঽথবা ॥২৬১॥
স্থানমেকান্তমাশ্রিত্য শোধয়েদ্গোময়াম্ভসা।
তত্র সংস্থাপয়েৎ পীঠং ক্ষালিতং শুদ্ধবারিণা ॥২৬২

অনুবাদ—অনন্তর যন্ত্র, সনৎকুমার কল্পে—হে মুনে! অর্চ্চনের জন্য উত্তম সম্পৎপ্রদ যন্ত্র বলিব নিজ গৃহে বা বনে বা শ্রীবিষ্ণুমন্দিরে নির্জ্জন স্থান পাইয়া গোময় জলদ্বারা শোধন করিবে, সেই স্থানে শুদ্ধ জল দ্বারা প্রক্ষালিত পীঠ সংস্থাপন করিবে ॥ ২৬১-২৬২ ॥

টীকা—'শালগ্রামে মনৌ যন্ত্রে' ইত্যাদিনা পূর্ব্বং পূজাস্থানেষু যন্ত্রমুল্লিখিতম্। তন্মন্ত্রং যন্ত্র আলিখ্যেত্যাদিনা সাধ্যসাধনোপায়েষু চ যন্ত্রমুদিষ্টম্। অতোঽপেক্ষিতং যন্ত্রস্য লক্ষণং লিখন্ কেবলমন্ত্রধারণমাত্রেণৈব সর্ব্বসিদ্ধিঃ স্যাদিত্যক্তেন তদ্ধারণমাহাত্ম্যঞ্চ প্রমাণয়ন্ লিখতি—অর্চ্চনার্থ ইত্যাদিনা যাবৎসমাপ্তি। মুনে—হে শ্রীনারদ! শ্রীকরং—বিভূতিসম্পাদকম্ ॥ ২৬১ ॥

টীকা—একান্তং—নির্জ্জনম্ ॥ ২৬২ ॥

বিলিখ্য গন্ধপঙ্কেন লিখেদষ্টদলাম্বুজম্।
কর্ণিকায়াং লিখেদ্বহ্নিপুটিতং মণ্ডলদ্বয়ম্ ॥২৬৩॥

অনুবাদ—চন্দন পঙ্কদ্বারা অষ্টদল পদ্ম লিখিবে, তাহার কর্ণিকারে ষট্কোণ, বহ্নিবীজ পুটিত দুইটি মণ্ডল রচনা করিবে ॥ ২৬৩ ॥

টীকা—বহ্নিপুটিতং মণ্ডলদ্বয়ং ষট্কোণমিত্যর্থঃ, অগ্রে ষট্কোণেষ্বিত্যুক্তেঃ। তথা চ ক্রমদীপিকায়াম্—'কর্ণিকায়াস্তু ষট্কোণং সুসাধ্যং তত্র তন্মনুম্' ইতি। কামং কামবীজং, শিষ্টৈঃ—অবশিষ্টৈঃ সপ্তদশভির্বর্ণৈঃ। তথা চ ক্রমদীপিকায়াম্—'শিষ্টৈস্তু সপ্তদশভিরক্ষরৈর্বেষ্টয়েৎ স্মরম্' ইতি ॥ ২৬৩ ॥

তস্য মধ্যে লিখেদ্বীজং সাধ্যাখ্যং কামসংযুতম্।
ততঃ শিষ্টৈর্মনোর্বর্ণৈস্তং কামং বেষ্টয়েৎ সুধীঃ ॥ ২৬৪ ॥

অনুবাদ—তাহার মধ্যে সাধ্য নামক বীজ কামবীজ যুক্ত করিয়া লিখিবে, অনন্তর সুধী ব্যক্তি অবশিষ্ট সপ্তদশ মন্ত্রবর্ণ সমূহ দ্বারা কামবীজকে বেষ্টন করিবে ॥ ২৬৪ ॥

শ্রিয়ং ষট্কোণকোণেষু ঐন্দ্রনৈর্ঋতবায়ুষু।
আলিখ্য চ লিখেন্মায়াং বহ্নিবারুণশূলিষু ॥২৬৫॥

অনুবাদ—শ্রীবীজ ষট্কোণ যন্ত্রের পূর্ব্ব নৈর্ঋত ও বায়ুকোণে লিখিয়া মায়াবীজ, অগ্নি, বরুণ ও ঈশান কোণে লিখিবে ॥ ২৬৫ ॥

টীকা—ষট্কোণস্য তস্য কোণেষু ঐন্দ্রাদিষু শ্রিয়ং লক্ষ্মীবীজমালিখ্য বহ্ন্যাদিকোণেষু ত্রিষু মায়াং ভুবনেশ্বরীবীজং লিখেৎ। তথা চ ক্রমদীপিকায়াম্—'প্রাগ্রক্ষোঽনিলকোণেষু শ্রিয়ং শিষ্টেষু সদ্মসু' ইতি ॥ ২৬৫ ॥

মন্ত্রং ষড়ক্ষরং তত্র বিলিখেৎ ষট্সু সন্ধিষু।
অক্ষরৈঃ কামগায়ত্র্যা বেষ্টয়েৎ কেশরং সুধীঃ ॥২৬৬

অনুবাদ—ষড়ক্ষর কৃষ্ণমন্ত্র ষট্সন্ধিতে লিখিবে। কামগায়ত্রীর অক্ষর সমূহ দ্বারা সুধী ব্যক্তি কেশর বেষ্টন করিবে ॥ ২৬৬ ॥

কর্ণোচ্ছ্রায়স্ত্র্যঙ্গুলঃ স্যাদ্বিস্তারেণ তু নারদ ॥ অষ্টাঙ্গুলোঽথ পরিধিস্ত্রিগুণঃ পরিকীর্ত্তিতঃ। কণ্ঠাবধি স্থিতং বক্ষো যাবৎ স্যাদবধির্মুনে ॥ উন্নতত্বেন বিহিতং সদৈব দ্বাদশাঙ্গুলম্। দ্বিগুণং তচ্চ বিস্তারাদ্‌দ্ব্যঙ্গুলং স্তনমণ্ডলম্। এতয়োশ্চুচুকং কার্য্যমষ্টমাংসাং স্বকাঙ্গুলম্। পরস্পরং স্যাৎ স্তনয়োরন্তরং দ্বাদশাঙ্গুলম্ ॥ অষ্টাঙ্গুলৌ স্মৃতাবংসৌ বিস্তারেণ মহামতে। প্রোন্নতত্বেন কুর্য্যাচ্চ হস্তমূলাৎ ষড়ঙ্গুলম্। উচ্ছ্রায়েণ তু নাভ্যন্তং কুর্য্যাদ্বৈ দ্বাদশাঙ্গুলম্। কুর্য্যাৎ প্রদক্ষিণাবর্ত্ত-নাভিং মেঢ্রাবধি দ্বিজ ॥ উচ্ছ্রায়েণ চ সম্পাদ্যং সুসমং দ্বাদশাঙ্গুলম্। নাভেরধস্তাদুদরং সম্পাদ্যং চতুরঙ্গুলম্ ॥ শেষঃ স্যাৎ কটিভূভাগো বিস্তারেণোদরং মুনে। দ্বিসপ্তাঙ্গুলমানং স্যাৎ পরিধিস্ত্রিগুণঃ স্মৃতঃ। কুর্য্যাৎ প্রজননং বিপ্র উচ্ছ্রায়েণ ষড়ঙ্গুলম্। ত্রিগুণঃ পরিমাণেন পরিধিস্তু কটেঃ স্মৃতঃ। ত্রিষড়ঙ্গুলবিস্তীর্ণং কটিমানমুদাহৃতম্ ॥ ষড়্‌বিংশদঙ্গুলা বিপ্র পরিধেস্তু কটিঃস্মৃতা। উর্ব্বোশ্চ জঘনং বিপ্র উচ্ছ্রায়েণ ষড়ঙ্গুলম্ ॥ দ্ব্যঙ্গুলেন চ বিস্তীর্ণৌ বৃষণৌ চতুরঙ্গুলৌ। ত্রিচতুষ্কলসংপূর্ণৌ উরুদণ্ডৌ ততো দ্বিজ ॥ উচ্ছ্রায়েণ চ কর্ত্তব্যং চতুর্বিংশাঙ্গুলং মুনে। পৃথুমূলৌ ক্রমক্ষামৌ সংলগ্নৌ গজপাণিবৎ। বিস্তারেণ তু কুর্ব্বীত উরুমূলং ষড়ঙ্গুলম্ ॥ ষট্‌ত্রিংশদঙ্গুলং নাভাবুরুমধ্যং নবাঙ্গুলম্। উর্ব্বোরপ্যবসানে তু বেষ্টনং ত্বেকবিংশতিঃ ॥ ত্র্যঙ্গুলং মুনিশার্দ্দূল পরিতো জানুমণ্ডলম্। বিস্তারমুন্নতিঞ্চাপি জানোরপ্যধুনা শৃণু ॥ দ্বির্দ্বাদশেনাঙ্গুলেন জানো বিস্তার উচ্যতে। ষড়ঙ্গুলেন বিস্তীর্ণঃ জঙ্ঘামূলং প্রকীর্ত্তিতম্ ॥ জঙ্ঘামধ্যে তথা নাভাবষ্টাবপ্যথবিংশতিঃ। জঙ্ঘাবসানে বিস্তারো জ্ঞেয়ঃ পঞ্চাঙ্গুলো মুনে ॥ তমেব ত্রিগুণীকৃত্য তস্যৈব পরিধির্ভবেৎ। গুল্‌ফাদধস্ত্র্যঙ্গুলঃ স্যাৎ পাদোচ্ছ্রায়স্তু নারদ। পার্ষ্ণ্যোশ্চ পৃষ্ঠতো যাবদঙ্গুষ্ঠাগ্রং দ্বিজোত্তম ॥ পাদস্য তাবদ্দৈর্ঘ্যং স্যাদঙ্গুলানাং দ্বিসপ্তকম্। ষড়ঙ্গুলেন বিততং কূর্ম্মপৃষ্ঠোন্নতং ক্রমাৎ ॥ চতুর্ভিরঙ্গুলৈর্দীর্ঘমঙ্গুষ্ঠং পরিকীর্ত্তিতম্। ত্রিগুণং বেষ্টনং তস্য দৈর্ঘ্যাত্তস্য দশাধিকা ॥ পাদপ্রদেশিনী কার্য্যা তৎসমীপস্থিতাঙ্গুলিঃ অঙ্গুষ্ঠস্য সমা কার্য্যা পাদন্যূনা ত্বনামিকা। অনামিকায়াঃ পাদেন হীনা পাদকনীয়সী। ত্র্যংশেন বিদ্ধি সর্ব্বাসাং পর্ব্বমানং তু নারদ ॥ পর্ব্বার্দ্ধেন নখাঃ কার্য্যা অর্দ্ধেন্দুসদৃশাঃ শুভাঃ। ষট্‌ত্রিংশদঙ্গুলং বিপ্র স্কন্ধাৎ পৃষ্ঠসমাবধৌ ॥ গোমুখং বা ক্রমান্নিম্নং যাবদঙ্গুলবিংশতিঃ। মধ্যপ্রদেশাদ্বিততং পৃষ্ঠবংশোন্নতক্রমাৎ। সুশুভং প্রবিভক্তঞ্চ বিভক্তঞ্চ তথা মুনে। সুমিলিতং মৎস্যযুগ্মং ক্ষামং পঞ্চাঙ্গুলং মতম্ ॥ সুবর্ত্তুলৌ স্ফীতৌ কার্য্যৌ বিস্তারাৎ ষোড়শাঙ্গুলৌ। সুবিভক্তৌ চ পীনৌ চ করিকুম্ভোপমৌ স্মৃতৌ ॥ অধস্তাৎ স্কন্ধশিখরাদ্বাহুঃ স্যাৎ ষোড়শাঙ্গুলঃ। অথো বিংশাঙ্গুলং বিদ্ধি উপবাহুং দ্বিজোত্তম ॥ মণিবন্ধপ্রদেশস্তু তত্র ত্র্যঙ্গুল উচ্যতে। মধ্যমাঙ্গুলিপর্য্যন্তং মণিবন্ধাবসানতঃ ॥ দ্বাদশাঙ্গুলমানস্তু স্কন্ধঃ স্যাৎ পরিবর্ত্তুলঃ। চতুরঙ্গুলবিস্তীর্ণঃ পরিধিস্ত্রিগুণো মতঃ ॥ মূলতশ্চোপবাহ্বর্যে পঞ্চাঙ্গুল উদাহৃতঃ। ত্রিগুণশ্চ তদুন্নাহস্তং ক্রমাৎ ক্ষাময়েচ্ছনৈঃ ॥ গোপুচ্ছসদৃশং কৃত্বা যথা স্যাৎ কলয়া মুনে। মণিবন্ধ প্রদেশাদ্ধি বিস্তরেণাথ বেষ্টনাৎ। তথাঙ্গুলপ্রমাণেন পাণের্মানমতঃ শৃণু ॥ মুনে অঙ্গুলমানান্তং বিদ্ধি সপ্তাঙ্গুলং সদা। পঞ্চাঙ্গুলপ্রমাণেন ত্রিকাদ্বিস্তার উচ্যতে ॥ নিম্নং করতলং কুর্য্যাৎ শুভরেখাবিভূষিতম্। তত্র মধ্যাঙ্গুলিং বিপ্র বিদ্ধি পঞ্চাঙ্গুলং সদা ॥ তস্যা অপ্যঙ্গুলিঃ পার্শ্বে ঊনা অর্দ্ধাঙ্গুলেন বৈ। তৎ-পঞ্চমাংশহীনা চ নিত্যং কার্য্যা কনীয়সী। সার্দ্ধদ্ব্যঙ্গুলমঙ্গুষ্ঠং দ্বিপর্ব্ব পরিকীর্ত্তিতম্। ত্রিপর্ব্বান্যাশ্চাঙ্গুলয়ঃ পর্ব্বার্দ্ধেন নখাঃ স্মৃতাঃ ॥ গোপুচ্ছসদৃশঃ কার্য্যা অঙ্গুল্যোঽঙ্গুলধীমতা। পাদহীনাঃ কনীয়স্যাঃ সপাদাশ্চাঙ্গুলৌ ক্রমাৎ ॥ স্বপ্রমাণস্য বিস্তারাত্রিগুণং বিদ্ধি বেষ্টনম্। কূর্ম্মপৃষ্ঠনখাঃ সর্ব্বে অগ্রতশ্চার্দ্ধচন্দ্রবৎ ॥ কেশৈরলকজাতস্তু পরীমাণৈর্দ্বাদশবিস্তীর্ণমায়াতঞ্চ মুখম্। নগ্নাজিতা তু চতুর্দ্দশাঙ্গুল-দৈর্ঘ্যেণ বিস্তারিতং কথিতম্ ॥ নাসাললাটোপরি শোভনম্। ললাটোর্ধ্বাঙ্গুলিচ্ছাদি কুর্য্যাৎ ত্রিবলিসংযুতম্ ॥' বারাহ্যাঞ্চ—'স্বৈরঙ্গুলপরীমাণৈর্দ্বাদশবিস্তীর্ণমায়তঞ্চ মুখম্। নগ্নজিতা তু চতুর্দ্দশাঙ্গুলদৈর্ঘ্যেণ বিস্তারিতং কথিতম্ ॥ ললাট-চিবুক-গ্রীবাশ্চতুরঙ্গুলাস্তথা কর্ণৌ ॥ দ্বে দেহঙ্গুলে চ হনুকে চিবুকং চ দ্ব্যঙ্গুলং প্রসৃতম্ ॥ অষ্টাঙ্গুলং ললাটঞ্চ বিস্তারাদ্দ্ব্যঙ্গুলৌ পরৌ। শঙ্খৌ চতুরঙ্গুলৌ চ শঙ্খৌ কর্ণৌ চ দ্ব্যঙ্গুলং পৃথুলৌ ॥ কর্ণোপান্তঃ কার্য্যোঽর্দ্ধপঞ্চমে ভ্রূসমেন সূত্রেণ। কর্ণস্রোতঃ

সুকুমারকঞ্চ নয়নপ্রবন্ধসমম্ ॥ চতুরঙ্গুলং বশিষ্টং কথয়তি নেত্রান্তকর্ণয়োর্বিবরম্ । অধরোঽঙ্গুলপ্রমাণস্তস্যার্দ্ধেনোত্তরৌষ্ঠশ্চ ॥ অর্দ্ধাঙ্গুলা তু গুল্ফা বক্তুঞ্চ চতুরঙ্গুলায়তং কার্য্যম্ । বিপুলন্তু সার্দ্ধমঙ্গুলমধ্যাত্তং দ্ব্যঙ্গুলং ব্যাপ্তম্ ॥ ত্র্যঙ্গুলতুঙ্গৌ নাসাপুটৌ নাসাপুটাগ্রতো জ্ঞেয়ৌ । সা দ্ব্যঙ্গুলমুচ্ছ্রায়া চতুরঙ্গুলমন্তরং চাক্ষ্ণোঃ । দ্ব্যঙ্গুলমিতোঽক্ষিকোষো দ্বে নেত্রে তত্রিভাগিকা তারা । দৃক্তারা পঞ্চাংশো নেত্রবিকাশোঽঙ্গুলং ভবতি । পর্য্যন্তাৎ পর্য্যন্তা দশ ভ্রুবোঽর্দ্ধাঙ্গুলা ভ্রুবোর্লেখা । ভ্রূমধ্যে দ্ব্যঙ্গুলকং ভ্রূদৈর্ঘ্যেণাঙ্গুলচতুষ্কঞ্চ । কার্য্যা তু কেশরেখা ভ্রূমধ্যবন্ধসমাঙ্গুলার্দ্ধবিস্তীর্ণা । নেত্রান্তে করবীরকমুপন্যসেদঙ্গুলপ্রমিতম্ । দ্বাত্রিংশৎ-পরিণাহাচ্চতুর্দ্দশায়ামতোঽঙ্গুলানি শিরঃ । দ্বাদশ তু চিত্রকর্ম্মণি দৃশ্যন্তে বিংশতিরদৃশ্যা । আস্যাং সকেশনিচয়ং ষোড়শ দৈর্ঘ্যেণ নগ্নজিৎপ্রোক্তাঃ । গ্রীবা দশ বিস্তীর্ণা পরিণাহাদ্বিংশতিঃ সৈকা । কণ্ঠাদ্দ্বাদশ হৃদয়ান্নাভিশ্চ তৎপ্রমাণেন । নাভের্মধ্যান্মেঢ্রান্তরঞ্চ তত্তুল্যমেবোক্তম্ । উরূ চাঙ্গুলমানৈশ্চতুর্যুক্তা বিংশতিস্তথা জঙ্ঘে । জানু-কপিত্থে চতুরঙ্গুলে চ পাদৌ তত্তুল্যৌ । দ্বাদশ দীর্ঘৌ ষষ্ঠ্যা পৃথুতয়া চ পাদৌ ত্রিকলায়তাঙ্গুষ্ঠৌ । পঞ্চাঙ্গুল-পরিণাহৌ প্রদেশিনী ত্র্যঙ্গুলং দৈর্ঘ্যম্ । অষ্টাংশাষ্টাংশোনাঃ শেষাঙ্গুল্যাঃ ক্রমেণ কর্ত্তব্যাঃ । স্বাদ্ব্যঙ্গুলসমুচ্ছ্রায়ং চতুর্থভাগমঙ্গুলমুৎসেধোঽঙ্গুষ্ঠকস্যোক্তঃ । অঙ্গুষ্ঠ-নখঃ কথিতশ্চতুর্ভাগোনমঙ্গুলন্তজ্জ্ঞৈঃ । শেষনখানামর্দ্ধাঙ্গুলক্রমাৎ কিঞ্চিদূনঞ্চ । জঙ্ঘাগ্রে পরিণাহশ্চতুর্দ্দশোক্তস্তু বিস্তারাৎ পঞ্চ । মধ্যে চ সপ্ত বিপুলাঃ পরিণাহাত্রিগুণিতাঃ সপ্ত । অষ্টৌ তু জানুমধ্যে বৈপুল্যং ত্র্যষ্টকং তু পরিণাহঃ । বিপুলা চতুর্দ্দশোরুমধ্যে দ্বিগুণস্তু তৎ-পরিধিঃ । কটিরষ্টাদশ বিপুলা চত্বারিংশচ্চতুর্যুতা পরিধৌ । অঙ্গুলমেকং নাভির্বেধেন তথা প্রমাণেন । চত্বারিংশদ্দ্বিযুতা নাভিমধ্যেন মধ্যপরিণাহঃ । স্তনয়োঃ ষোড়শ চান্তরমূর্দ্ধ্বং কক্ষে ষড়ঙ্গুলকে । অষ্টাবংসৌ দ্বাদশ বাহূ কার্য্যৌ তথা প্রবাহূ চ । বাহূ ষড়্বিস্তীর্ণৌ প্রতিবাহূ দ্ব্যঙ্গুলচতুষ্কৌ । ষোড়শবাহূমূলে পরিণাহো দ্বাদশাগ্রহস্তে চ । বিস্তারেণ করতলং ষড়ঙ্গুলং সপ্ত দৈর্ঘ্যেণ ॥ পঞ্চাঙ্গুলানি মধ্যপ্রদেশিনী মধ্যপর্ব্ব-দলহীনা । অনয়া তুল্যা চানামিকা কনিষ্ঠা তু পর্ব্বোনা । পর্ব্বদ্বয়মঙ্গুষ্ঠঃ শেষাঙ্গুল্যস্ত্রিপর্ব্বিকা জ্ঞেয়াঃ । নখপরিমাণং কার্য্যং সর্ব্বাসাং পর্ব্বণোঽর্দ্ধেন । দেশানুরূপভূষণ-বেশালঙ্কার-মূর্ত্তিভিঃ কার্য্যা । প্রতিমা লক্ষণযুক্তা সংবিহিতা বৃদ্ধিদা ভবতি ॥' ইতি । অতঃপরং সুগমম্ ॥১০৩॥

ইতি শ্রীহরিভক্তিবিলাসে টীকায়ামষ্টাদশবিলাসঃ ॥

অথ মৃন্ময়ীনাং শ্রীমূর্ত্তীনাং বিশেষঃ

শ্রীহয়শীর্ষীয়ে প্রতিমাপ্রসঙ্গে—

মৃত্তিকা বর্ণ-পূর্ব্বেণ গৃহ্ণীয়ুঃ সর্ব্ববর্ণিনঃ ।
নদীতীরেঽথবা ক্ষেত্রে পুণ্যস্থানেঽথবা পুনঃ ॥১০৪॥

অনুবাদ—অনন্তর মৃণ্ময়ী মূর্ত্তিসমূহের বিশেষ, শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে প্রতিমা প্রসঙ্গে—ব্রাহ্মণাদি সর্ব্ববর্ণের ব্যক্তিগণ নদীতীরে, পুণ্যক্ষেত্রে অথবা পুণ্যস্থানে রমৃত্তিকা গ্রহণ করিবেন ॥ ১০৪ ॥

পাষাণ-কর্করালোহ-চূর্ণানি সমভাগতঃ ।
মৃত্তিকায়াং প্রযোজ্যাথ কষায়েণ প্রপীড়য়েৎ ॥১০৫॥
খাদিরেণার্জ্জুনেনাথ সর্জ-শ্রীবেষ্টকুঙ্কুমৈঃ ।
কৌটজৈরায়সৈঃ স্নেহৈর্দধিক্ষীরঘৃতাদিভিঃ ॥১০৬॥
আলোড্য মৃত্তিকাং তৈস্তৈঃ স্থানে স্থাপ্য পুনঃ পুনঃ ।
মাসং পর্য্যুষিতং কৃত্বা প্রতিমাং পরিকল্পয়েৎ ॥১০৭॥

অনুবাদ—অনন্তর তাহাতে পাষাণ চূর্ণ ও লৌহচূর্ণ সমভাগে মিশ্রিত করিয়া খদির ও অর্জ্জুন কষায় দ্বারা উত্তমরূপে পেষণ করিয়া তৎপরে ধূনা (শাল আঠা) শ্রীবেষ্ট (তাপিণ) কুঙ্কুম, কুড়চীর আঠা, লৌহ, স্নেহদ্রব্য—দধি, দুগ্ধ, ঘৃতাদির সহিত মৃত্তিকা পুনঃ পুনঃ আলোড়ন পূর্ব্বক যথাস্থানে রাখিয়া একমাস যাবৎ পর্য্যুসিত করিয়া পরে প্রতিমা নির্ম্মাণ করিবে ॥ ১০৫-১০৭ ॥

স্থাপয়েৎ প্রতিমাশূলং রত্নন্যাসস্য চোপরি ।
শূলঞ্চ খাদিরাদীনাং যজ্ঞীয়ানাং প্রকল্পয়েৎ ॥১০৮॥

অনুবাদ—রত্নন্যাসের উপরে প্রতিমার শূল স্থাপন

করিবে। শূলটি খদিরাদি যজ্ঞীয় কাষ্ঠ দ্বারা নিৰ্ম্মিত হইবে ॥ ১০৮ ॥

বিংশোত্তরশতং শূলং কুর্য্যাদ্বা পঞ্চবিংশতিঃ।
প্রতিমাঙ্গুলমানেন কৃত্বা সংস্থাপয়েদ্‌বুধঃ ॥ ১০৯ ॥

অনুবাদ—অভিজ্ঞ ব্যক্তি একশত বিশটি বা পঞ্চ বিংশতি শূল করিবেন, প্রতিমার অঙ্গুল পরিমাণে শূল করিয়া সংস্থাপন করিবেন ॥ ১০৯ ॥

চতুর্দ্দশাঙ্গুলং প্রোক্তং সপাদং দলমেব বা।
সপ্তবিংশতি চাধস্তান্নাভ্যূর্দ্ধ্বোহর্দ্ধাঙ্গুলং মুখম্ ॥১১০
পঞ্চবিংশাঙ্গুলৌ চোরূসার্দ্ধত্রিকলমস্তকম্।
উরূ স্মৃতে সমে জঙ্ঘে পাদোচ্ছ্রায়ং সুসম্মিতম্ ॥ ১১১ ॥

অনুবাদ—চরণের সহিত তলভাগ চতুর্দ্দশাঙ্গুল, নাভির উর্দ্ধ ও অধঃ সপ্তবিংশ অঙ্গুল, মুখ অর্দ্ধাঙ্গুল, উরুদ্বয় পঞ্চবিংশ অঙ্গুল, মস্তক সার্দ্ধ ত্রিকল, উরুদ্বয়ের সমান জঙ্ঘাদ্বয়, পাদদ্বয়ের উচ্চতার সমান পঞ্চবিংশাঙ্গুল ॥ ১১০-১১১ ॥

নেত্রদ্বয়ং সমুদ্দিষ্টমর্দ্ধাঙ্গুলসমন্বিতম্।
দ্বিগোলোকা ভবেদ্‌গ্রীবা চার্দ্ধাঙ্গুলসমন্বিতা ॥১১২।
ভাগস্য বৃদ্ধিং বক্ষ্যামি পঞ্চবিংশাংশকে তথা।
অর্দ্ধার্ধমঙ্গুলং দদ্যাৎ হৃদয়াদিষু ভাগশঃ ॥ ১১৩ ॥

অনুবাদ—নেত্রদ্বয় অর্দ্ধাঙ্গুল, গ্রীবা দ্বিগোলোকা অর্দ্ধাঙ্গুল বিশিষ্ট ভাগের বৃদ্ধি বলিব এবং পঞ্চবিংশাংশক, অর্দ্ধ অর্দ্ধ অঙ্গুল হৃদয়াদির ভাগে ভাগে দিবে ॥ ১১৩ ॥

পঞ্চবিংশাঙ্গুলং বক্ষো বিস্তারেণ প্রকীর্ত্তিতম্।
কটিবিস্তারতঃ কার্য্যা ষোড়শাষ্টাদশাঙ্গুলা ॥১১৪॥

অনুবাদ—পঞ্চ বিংশ অঙ্গুল বক্ষ বিস্তার কীর্ত্তিত হইয়াছে। কটি বিস্তার ষোড়শ অষ্টাদশাঙ্গুল ॥১১৪॥

পঞ্চবিংশাঙ্গুলো বাহূ আয়ামেন প্রকীর্ত্তিতৌ।
তথা সপ্তদশ প্রোক্তাবায়ামেন প্রবাহুকৌ ॥ ১১৫ ॥

অনুবাদ—পঞ্চবিংশ অঙ্গুল বাহুদ্বয়ের আয়াম, সেইরূপ প্রবাহুদ্বয় সপ্তদশ অঙ্গুল আয়াম ॥ ১১৫ ॥

মণিবন্ধঃ কলায়ামস্তস্মাত্তং প্রতিমস্তকম্।
আয়ামো মধ্যমায়াস্তু ষড়ঙ্গুল ইতি স্মৃতঃ ॥১১৬॥

অনুবাদ—মণিবন্ধ এক কলা আয়াম, মধ্যমা অঙ্গুলির বিস্তার ষড়ঙ্গুল এইরূপ কথিত ॥ ১১৬ ॥

এতৎ সংক্ষেপতঃ প্রোক্তং দশতালস্য লক্ষণম্।
প্রতিমায়াশ্চতুর্থেন কূর্ম্মার্চা পরিকীর্ত্তিতা।
তত্রিভাগেন তৎপীঠং কুর্য্যাৎ সিদ্ধ্যর্থমুত্তমম্ ॥১১৭॥

অনুবাদ—ইহাই সংক্ষেপে দশতালের লক্ষণ বলা হইল। মূল প্রতিমার চতুর্থাংশ কূর্ম্ম প্রতিমা পরিকীর্ত্তিত। তাহার ত্রিভাগ দ্বারা কূর্ম্মপীঠ করিবে উত্তম জপ সিদ্ধির নিমিত্ত ॥ ১১৭ ॥

অথ শ্রীমূর্ত্তিবিশেষেণ পরিমাণবিশেষাদিঃ

মাৎস্যে—

অতঃপরং প্রবক্ষ্যামি দেবাকারান্ বিশেষতঃ।
দশতালঃ স্মৃতো রামো বলির্বৈরোচনিস্তথা ॥১১৮॥
বরাহো নরসিংহশ্চ সপ্ততালস্তু বামনঃ।
মৎস্যকূর্ম্মৌ তু নির্দ্দিষ্টৌ যথাশোভং স্বয়ম্ভুবা ॥১১৯

অনুবাদ—অনন্তর শ্রীমূর্ত্তি বিশেষে পরিমাণ বিশেষাদি, মৎস্যপুরাণে—অতঃপর বিশেষ দেবাকার সমূহ বলিব—রাম, বিরোচন পুত্র বলি, সেইরূপ বরাহ, নরসিংহ মূর্ত্তি দশতাল, বামনদেব সপ্ততাল, মৎস্য, কূর্ম্ম, ব্রহ্মা কর্ত্তৃক নির্দ্দিষ্ট যেমন শোভিত হয় সেইরূপ ॥ ১১৮-১১৯ ॥

অথ বরাহমূর্ত্তিঃ

কিঞ্চ—

মহাবরাহং বক্ষ্যামি পদ্মহস্তং গদাধরম্।
তীক্ষ্ণদংষ্ট্রাগ্রঘোরাস্যং মেদিনীং বামকূর্পরে ॥১২০॥

অনুবাদ—অথ বরাহমূর্ত্তি, আরও—মহাবরাহের আকার বলিব—পদ্মহস্ত গদাধর তীক্ষ্ণদন্ত, উগ্র ঘোর বদন, বাম কনুইতে পৃথিবী দেবী ॥ ১২০ ॥

দংষ্ট্রাগ্রেণোদ্ধৃতাং দীপ্তাং ধরণীমুৎপলান্বিতাম্ ।
বিস্ময়োৎফুল্লনয়নামুপরিষ্টাৎ প্রকল্পয়েৎ ॥১২১॥

অনুবাদ—উজ্জ্বল পদ্মহস্তা ধরণীকে দন্তের অগ্রভাগ দ্বারা উদ্ধৃতকারী, বিস্ময়ে বিস্ফারিত নয়না ধরণীকে উর্দ্ধভাগে নির্ম্মাণ করিবে ॥ ১২১ ॥

দক্ষিণং কটিসংস্থঞ্চ করং তস্য প্রকল্পয়েৎ ।
কূর্ম্মোপরি তথা পাদমেকং নাগেন্দ্রমূর্দ্ধনি ।
সংস্তূয়মানং লোকেশৈঃ সমন্তাৎ পরিকল্পয়েৎ ॥১২২

অনুবাদ—তাহার দক্ষিণ হস্ত কটিতে স্থিত নির্ম্মাণ করিবে। একচরণ কূর্ম্মের উপর, অন্য চরণ নাগরাজ অনন্তের মস্তকে, চতুর্দ্দিকে লোকপালগণ কর্ত্তৃক স্তূয়মান মূর্ত্তি নির্ম্মাণ করিবে ॥ ১২২ ॥

অথ নরসিংহমূর্ত্তিঃ

নারসিংহন্তু কুর্ব্বীত ভুজাষ্টকসমন্বিতম্ ।
রৌদ্রং সিংহাননং তদ্বদ্বিদারিতমুখেক্ষণম্ ॥১২৩॥

অনুবাদ—অনন্তর নরসিংহ মূর্ত্তি—নরসিংহ মূর্ত্তি অষ্টভুজ যুক্ত নির্ম্মাণ করিবে, ক্রোধমূর্ত্তি, সিংহমুখ, সিংহের ন্যায় বিদারিত মুখ ও নয়ন ॥ ১২৩ ॥

স্তব্ধপীনসটাকীর্ণং দারয়ন্তং দিতেঃ সুতম্ ।
বিনির্গতান্ত্রজালঞ্চ দানবং পরিকল্পয়েৎ ॥ ১২৪ ॥

অনুবাদ—উচ্চস্থল বিকীর্ণ জটা কেশর, দিতিপুত্র হিরণ্যকশিপুকে বিদারণ করিতেছেন, বিনির্গত অন্ত্রসমূহ, দানবকে এই ভাবে নির্ম্মাণ করিবে ॥ ১২৪ ॥

বমন্তং রুধিরোদ্গারং ভ্রুকুটীবদনেক্ষণম্ ।
যুধ্যমানং চ কুর্ব্বীত কুচিৎ করণবন্ধনৈঃ ॥১২৫॥

পরিশ্রান্তেন দৈত্যেন তর্জ্জ্যমানং মুহুর্ম্মুহুঃ ।
দৈত্যান্ প্রদর্শয়েত্তত্র খড়্গখেটকধারিণঃ ।
স্তূয়মানং তথা বিষ্ণুং দর্শয়েদমরাধিপৈঃ ॥ ১২৬ ॥

অনুবাদ—দানব হিরণ্যকশিপু রক্ত বমন ও উদ্গার করিতেছে, ভ্রূ-ভঙ্গী বদন দৃষ্টি যুদ্ধরত এইরূপ নির্ম্মাণ করিবে, কোথাও অঙ্গবন্ধনহেতু পরিশ্রান্ত দৈত্য মুহুর্ম্মুহু তর্জ্জনরত। সেস্থানে অন্য দৈত্যসমূহকে খড়্গ চর্ম্মধারী দেখাইবে, শ্রীনৃসিংহদেবকে স্তবরত দেবাধিপতিগণকেও দেখাইবে ॥ ১২৫-১২৬ ॥

অথ ত্রিবিক্রমমূর্ত্তিঃ

তথা ত্রিবিক্রমং বক্ষ্যে ব্রহ্মাণ্ডাক্রমণোল্বণম্ ।
পাদপার্শ্বে তথা বাহুমুপরিষ্টাৎ প্রকল্পয়েৎ ॥১২৭॥

অনুবাদ—অনন্তর ত্রিবিক্রমমূর্ত্তি—সেইরূপ ত্রিবিক্রম মূর্ত্তির কথা বলিব—ব্রহ্মাণ্ড আক্রমণোদ্যত, পাদপার্শ্বে লম্বমান বাহু উর্দ্ধভাগেও রচনা করিবে ॥ ১২৭ ॥

অধস্তাদ্বামনং তদ্বৎ কল্পয়েৎ সকমণ্ডলুম্ ।
দক্ষিণে ছাত্রকাং দদ্যাৎ মুখং দীনং প্রদর্শয়েৎ ॥১২৮

অনুবাদ—সেইরূপ নিম্নদেশে বামনদেব নির্ম্মাণ করিবে, বাম হস্তে কমণ্ডলু, দক্ষিণ হস্তে ছত্র, মুখে দীনভাব প্রদর্শন করাইবে ॥ ১২৮ ॥

ভৃঙ্গারধারিণং তদ্বদ্বলিং তস্য চ পার্শ্বতঃ ।
বন্ধনং চাস্য কুর্ব্বন্তং গরুড়ং তস্য দর্শয়েৎ ॥১২৯॥

অনুবাদ—সেইরূপ পার্শ্বে ভৃঙ্গারধারী বলিমহারাজ, তাহাকে বন্ধনরত গরুড়কে তাহার পার্শ্বে দেখাইবে ॥ ১২৯ ॥

অথ মৎস্যমূর্ত্তি কূর্ম্মমূর্ত্তিশ্চ

মৎস্যরূপং তথা মাৎস্যং কৌর্ম্মং কূর্ম্মাকৃতিং ন্যসেৎ ।
এবংরূপঃ স ভগবান্ কার্য্যো নারায়ণো হরিঃ ॥১৩০

অনুবাদ—অনন্তর মৎস্যমূর্ত্তি কূর্ম্মমূর্ত্তি—মৎস্যের ন্যায় মৎস্য মূর্ত্তি, কূর্ম্মাকৃতি কূর্ম্মমূর্ত্তি স্থাপন করিবে, এইরূপ শ্রীভগবান্ নারায়ণ হরিমূর্ত্তি করণীয় ॥ ১৩০

অথ মহাবিষ্ণুমূর্ত্তিঃ

বিষ্ণুধর্ম্মোত্তরে—

দেবদেবং তথা বিষ্ণুং কারয়েদ্‌গরুড়স্থিতম্ ।
কৌস্তুভোদ্ভাসিতোরস্কং সর্ব্বাভরণধারিণম্ ॥ ১৩১॥
সজলাম্বুদ-সচ্ছায়ং পীতদিব্যাম্বরং তথা ।
মুখাশ্চ কার্য্যাশ্চত্বারো বাহবো দ্বিগুণাস্তথা ॥ ১৩২॥

অনুবাদ—অনন্তর মহাবিষ্ণু মূর্ত্তি, বিষ্ণুধর্ম্মোত্তরে—সেইরূপ গরুড়ের স্কন্ধে স্থিত দেবদেব বিষ্ণুকে নির্ম্মাণ করাইবে, কৌস্তুভমণি দ্বারা আলোকিত বক্ষদেশ, সর্ব্ববিধ আভরণধারী, নবঘনশ্যামবর্ণ, পীতবর্ণের দিব্যবস্ত্র, চতুর্ম্মুখ অষ্টবাহু কর্ত্তব্য ॥১৩১-১৩২

সৌম্যেন্দুবদনং পূর্ব্বং নারসিংহন্তু দক্ষিণম্ ।
কপিলং পশ্চিমং বক্ত্রং তথা বারাহমুত্তরম্ ॥ ১৩৩

অনুবাদ—ইহাঁর সৌম্যমূর্ত্তি চন্দ্রবদন, পূর্ব্বমুখ, দক্ষিণমুখ, নরসিংহ কপিলদেব সদৃশ পশ্চিমমুখ, উত্তরমুখ বরাহদেব সদৃশ কর্ত্তব্য ॥ ১৩৩ ॥

তস্য দক্ষিণহস্তেষু বাণার্কমুষলারয়ঃ ।
চর্ম্মশঙ্খধরাবিন্দুচাপে চ বনমালিনঃ ।
কার্য্যানি বিষ্ণুধর্ম্মোক্ত্যা বামহস্তেষ্বনুক্রমাৎ ॥
ইতি ॥ ১৩৪ ॥

অনুবাদ—মহাবিষ্ণুর দক্ষিণ হস্তসমূহে বাণ, সূর্য্য, মুষল ও চক্র এবং বামে চর্ম্ম, শঙ্খ, ইন্দু, চাপ ও বনমালাধারী কর্ত্তব্য বিষ্ণুধর্ম্ম পুরাণোক্ত বিধি অনুসারে ॥ ১৩৪ ॥

অথলোকপালবিষ্ণুমূর্ত্তিঃ

কিঞ্চ—

একবক্ত্রো দ্বিবাহুশ্চ গদাচক্রধরঃ প্রভুঃ ॥ ১৩৫ ॥

অনুবাদ—অনন্তর লোকপাল বিষ্ণুমূর্ত্তি, আরও—একবদন, দুই ভুজ, গদা ও চক্রধর প্রভু লোক পাল বিষ্ণু ॥ ১৩৫ ॥

অথ বাসুদেবমূর্ত্তিঃ

কিঞ্চ—

একবক্ত্রশ্চতুর্বাহুঃ সৌম্যরূপী সুদর্শনঃ ।
সলিলাধ্মাতমেঘাভঃ সর্ব্বাভরণভূষিতঃ ॥ ১৩৬ ॥

অনুবাদ—অনন্তর বাসুদেব মূর্ত্তি, আরও—একবদন, চতুর্ভুজ, সৌম্যমূর্ত্তি, সুন্দর দর্শন, নবঘন শ্যামবর্ণ, সর্ব্ববিধ অলঙ্কার দ্বারা ভূষিত ॥ ১৩৬ ॥

কণ্ঠেন শুভদেশেন কম্বুতুল্যেন রাজতা ।
বরাভরণযুক্তেন কুণ্ডলোত্তমভূষিতঃ ॥ ১৩৭ ॥

অনুবাদ—মঙ্গলময় কম্বুকণ্ঠ রূপে বিরাজিত, উত্তম আভরণযুক্ত কর্ণে উত্তম কুণ্ডলদ্বয় ভূষিত ॥ ১৩৭ ॥

অঙ্গদী বদ্ধকেয়ূরো বনমালাবিভূষিতঃ ।
উরসা কৌস্তুভং বিভ্রৎ কিরীটং শিরসা তথা ॥১৩৮॥

অনুবাদ—বাহুদ্বয়ে অঙ্গদ বদ্ধ কেয়ুর, বক্ষে বনমালা বিভূষিত । কণ্ঠে কৌস্তুভ মণিধারী, মস্তকে স্বর্ণমুকুট ॥ ১৩৮ ॥

শিরঃপদ্মস্তথৈবাস্য কর্ত্তব্যশ্চারুকর্ণিকঃ ।
পুষ্টাশ্লিষ্টায়তভুজস্তনুতাম্রনখাঙ্গুলিঃ ॥ ১৩৯ ॥

অনুবাদ—ইহাঁর মস্তকোপরি সুন্দর কর্ণিকা বিশিষ্ট পদ্ম নির্ম্মাণ কর্ত্তব্য । পুষ্ট ও আশ্লিষ্ট দীর্ঘ চতুর্ভুজ, অঙ্গুলি ও নখ তাম্রবর্ণ ॥ ১৩৯ ॥

মধ্যেন ত্রিবলীভঙ্গশোভিতেন সুচারুণা ।
স্ত্রীরূপধারিণী কার্য্যা ক্ষৌণী তৎপদমধ্যগা ॥১৪০॥

অনুবাদ—মধ্যদেশে ত্রিবলীভঙ্গ শোভিত সুচারু

স্ত্রীরূপধারিণী পৃথিবী দেবী তাঁহার পদ মধ্যদেশে নির্ম্মাণ কর্ত্তব্য ॥ ১৪০ ॥

তৎকরস্থাঙ্ঘ্রিযুগলো দেবঃ কার্য্যো জনার্দ্দনঃ।
সুচারুপদবিন্যাসঃ কিঞ্চিন্নিক্রান্তদক্ষিণঃ ॥ ১৪১ ॥

অনুবাদ—ভূদেবীর করদ্বয়ে ধৃত জনার্দ্দনদেবের চরণযুগল এইরূপ নির্ম্মাণ কর্ত্তব্য। সুন্দর পদবিন্যাস, দক্ষিণ চরণ কিঞ্চিৎ অগ্রসর ॥ ১৪১ ॥

অনুদৃশ্যা মহী কার্য্যা দেবদর্শনবিস্মিতা।
দেবশ্চ কটিবাসেন কার্য্যো জান্ববলম্বিনা ॥ ১৪২ ॥

অনুবাদ—অনুরূপা ভূদেবী দেবদর্শন বিস্মিতা করণীয়া, প্রভুর কটিবাস (হাঁটু) জানু পর্য্যন্ত কর্ত্তব্য ॥ ১৪২ ॥

বনমালা চ কর্ত্তব্যা দেবজান্ববলম্বিনী।
যজ্ঞোপবীতং কর্ত্তব্যং নাভিদেশমুপাগতম্ ॥ ১৪৩ ॥

অনুবাদ—বনমালাও প্রভুর জানু পর্য্যন্ত লম্বিনী কর্ত্তব্যা, যজ্ঞোপবীত নাভিদেশ পর্য্যন্ত কর্ত্তব্য ॥১৪৩॥

উৎফুল্লকমলং পাণৌ কুর্য্যাদ্দেবস্য দক্ষিণে।
বামপাণিগতং শেষং শঙ্খাকারং তু কারয়েৎ ॥১৪৪

অনুবাদ—প্রভুর দক্ষিণ হস্তে প্রফুল্ল কমল ধারণ করাইবে, বামহস্তে শঙ্খাকৃতি শেষদেব স্থাপন করাইবে ॥ ১৪৪ ॥

দক্ষিণে তু গদা দেবী তনুমধ্যা সুলোচনা।
স্ত্রীরূপধারিণী মুগ্ধা সর্ব্বাভরণভূষিতা ॥ ১৪৫ ॥
পশ্যন্তী দেবদেবেশং কার্য্যা চামরধারিণী।
কার্য্যং তন্মূর্দ্ধ্নি বিন্যস্তং দেবহস্তং তু দক্ষিণম্ ॥১৪৬

অনুবাদ—দক্ষিণ পার্শ্বে গদাদেবী মধ্যদেশে কৃশ, সুলোচনা, স্ত্রীরূপ ধারিণী, মুগ্ধা, সর্ব্ববিধ অলঙ্কার ভূষিতা, দেবদেব প্রভুকে দর্শনকারিণী চামর ধারণী কর্ত্তব্য। তাঁহার মস্তকে প্রভুর দক্ষিণ হস্ত বিন্যস্ত, এইরূপ নির্ম্মাণ কর্ত্তব্য ॥ ১৪৫-১৪৬ ॥

বামভাগগতশ্চক্রঃ কার্য্যো লম্বোদরস্তথা।
সর্ব্বাভরণসংযুক্তো বৃত্তবিস্ফারিতেক্ষণঃ ॥ ১৪৭ ॥

অনুবাদ—প্রভুর বামভাগে চক্র মূর্ত্তি কর্ত্তব্য—লম্বোদর, সর্ব্ব অলঙ্কারযুক্ত বৃত্তাকার বিস্ফারিত দৃষ্টি ॥ ১৪৭ ॥

কর্ত্তব্যশ্চামরকরো দেববীক্ষণতৎপরঃ।
কার্য্যো দেবকরো বামো বিন্যস্তস্তস্য মূর্দ্ধনি ॥১৪৮॥

অনুবাদ—ভগবদ্ দর্শনরত চামরহস্ত, তাহার মস্তকে প্রভুর বামকর বিন্যস্ত এইরূপ মূর্ত্তি নির্ম্মাণ কর্ত্তব্য ॥ ১৪৮ ॥

অথ সঙ্কর্ষণমূর্ত্তিঃ

বাসুদেবস্বরূপেণ কার্য্যঃ সঙ্কর্ষণঃ প্রভুঃ।
স তু শুক্লবপুঃ কার্য্যো নীলবাসা যদূত্তমঃ ॥ ১৪৯ ॥

অনুবাদ—অনন্তর সঙ্কর্ষণ মূর্ত্তি—বাসুদেবের ন্যায় সঙ্কর্ষণ প্রভুর মূর্ত্তি নির্ম্মাণ কর্ত্তব্য, তিনি কিন্তু শুক্লবর্ণ, নীলবসন যদুশ্রেষ্ঠ বলদেব ॥ ১৪৯ ॥

গদাস্থানে তু মুষলং চক্রস্থানে তু লাঙ্গলম্।
কর্ত্তব্যৌ তনুমধ্যৌ তৌ নৃরূপৌ রূপসংস্থিতৌ ॥১৫০

অনুবাদ—গদাস্থলে মুষল, চক্রস্থানে লাঙ্গল, নর-লীল বাসুদেব ও সঙ্কর্ষণ মধ্যমাকৃতি বিগ্রহ নির্ম্মাণ কর্ত্তব্য ॥ ১৫০ ॥

অথ প্রদ্যুম্নমূর্ত্তিঃ

বাসুদেবস্বরূপেণ প্রদ্যুম্নশ্চ তথা ভবেৎ।
স তু দূর্ব্বাঙ্কুরশ্যামঃ শ্বেতবাসা বিধীয়তে ॥ ১৫১॥

অনুবাদ—অনন্তর প্রদ্যুম্ন মূর্ত্তি—বাসুদেবের ন্যায়

প্রদ্যুম্নও ঐরূপ হইবেন, তিনি কিন্তু দূর্ব্বাঙ্কুর শ্যামবর্ণ শ্বেতবসনধারী ॥ ১৫১ ॥

চক্রস্থানে ভবেচ্চাপং গদাস্থানে তথা শরঃ।
তথাবিধৌ তু কর্ত্তব্যো যথা মুষললাঙ্গলৌ ॥ ১৫২ ॥

অনুবাদ—বাসুদেবের চক্রস্থানে চাপ হইবে, গদাস্থানে শর, যেমন সঙ্কর্ষণের মুষল লাঙ্গল, সেইরূপ ধনুক ও শর কর্ত্তব্য ॥ ১৫২ ॥

অথ অনিরুদ্ধমূর্ত্তিঃ

এতদেব তথা রূপমনিরুদ্ধস্য কারয়েৎ।
পদ্মপত্রাভ-বপুষো রক্তাম্বরধরস্য তু ॥ ১৫৩ ॥
চক্রস্থানে ভবেচ্চর্ম্ম গদাস্থানেঽসিরেব চ।
চর্ম্ম স্যাচ্চক্ররূপেণ প্রাংশুঃ খড়্গো বিধীয়তে ॥১৫৪

অনুবাদ—অথ অনিরুদ্ধ মূর্ত্তি—এই অনিরুদ্ধের রূপ পূর্ব্ববৎ করাইবেন, পদ্ম পত্রের ন্যায় শরীরের বর্ণ, রক্তবর্ণ বসন, বাসুদেবের চক্রস্থানে চর্ম্ম হইবে, গদাস্থানে অসি। চর্ম্ম চক্রের ন্যায় হইবে, গদা স্থানে খড়্গের বিধান ॥ ১৫৩-১৫৪ ॥

অথ চক্রাদীনাং বিবিধমূর্ত্তীনাঞ্চ স্বরূপনির্ণয়ঃ

চক্রাদীনাং স্বরূপাণি কিঞ্চিৎ পূর্ব্বং প্রদর্শয়েৎ।
রম্যাণ্যায়ুধরূপাণি চক্রাদীন্যেব যাদব ॥ ১৫৫ ॥
বামপার্শ্বগতাঃ কার্য্যা দেবানাং প্রবরা ধ্বজাঃ।
সুপতাকাযুতা রাজন্ যষ্টিস্থাস্তে যথোচিতম্ ॥১৫৬

অনুবাদ—অনন্তর চক্রাদি ও বিবিধ মূর্ত্তির স্বরূপ নির্ণয়, চক্রাদির স্বরূপ সমূহ কিঞ্চিৎ পূর্ব্বে প্রদর্শিত হইতেছে—হে যাদব! চক্রাদি মনোরম আয়ুধে রূপ সমূহ যথা—দেবগণের শ্রেষ্ঠ ধ্বজা সুন্দর পতাকাযুক্ত করিয়া, হে রাজন্! যষ্টির সঙ্গে বামপার্শ্বে স্থাপন করিবেন ॥ ১৫৫-১৫৬ ॥

কিঞ্চ—

হংসো মৎস্যস্তথা কূর্ম্মঃ কার্য্যাস্তদ্রূপধারিণঃ।
শৃঙ্গী মৎস্যস্তু কর্ত্তব্যো দেবদেবো জনার্দ্দনঃ ॥১৫৭॥
ঐশ্বর্য্যমনিরুদ্ধস্তু বরাহো ভগবান্ হরিঃ।
ঐশ্বর্য্যশক্ত্যা দংষ্ট্রাগ্রসমুদ্ধৃতবসুন্ধরঃ ॥ ১৫৮ ॥

অনুবাদ—আরও—হংস, মৎস্য ও কূর্ম্ম মূর্ত্তিকে তদ্রূপী করিয়া স্থাপন করিবে। মৎস্য কিন্তু শৃঙ্গধারী দেবদেব জনার্দ্দন অনিরুদ্ধ ঐশ্বর্য্য মূর্ত্তি, বরাহ ভগবান্ হরি ঐশ্বর্য্য শক্তি সহ দন্তাগ্রে বসুন্ধরাকে উদ্ধৃত করিতেছেন ঐরূপ মূর্ত্তি করিবেন ॥ ১৫৮ ॥

নৃবরাহোঽথবা কার্য্যঃ শেষোপরি গতঃ প্রভুঃ।
শেষশ্চতুর্ভুজঃ কার্য্যশ্চারুরত্নফণান্বিতঃ ॥ ১৫৯ ॥

অনুবাদ—অথবা নৃবরাহ রূপ প্রভু শেষ নাগের উপর কর্ত্তব্য, শেষদেবকে সুন্দর রত্ন ফণাযুক্ত চতুর্ভুজ রূপ করিবেন ॥ ১৫৯ ॥

আশ্চর্য্যোৎফুল্লনয়নো দেববীক্ষণতৎপরঃ।
কর্ত্তব্যৌ সীরমুষলৌ করয়োস্তস্য যাদব ॥ ১৬০ ॥

অনুবাদ—আশ্চর্য্যে উৎফুল্ল নয়ন প্রভুকে দর্শন, তৎপর, হে যাদব! তাঁহার করদ্বয়ে লাঙ্গল ও মুষল ধারণ করাইবেন ॥ ১৬০ ॥

সর্পভোগশ্চ কর্ত্তব্যস্তথৈব রচিতাঙ্গুলিঃ।
আলীঢ়স্থানসংস্থানস্তৎপৃষ্ঠে ভগবান্ ভবেৎ ॥ ১৬১ ॥

অনুবাদ—সেইরূপ সর্পফণাও কর্ত্তব্য, সেইরূপ করযোড়ে অবস্থিত জিহ্বা লেহনরত, তার পৃষ্ঠে বরাহ ভগবান্ অবস্থিত ॥ ১৬১ ॥

মূর্ত্তিমন্তমনৈশ্বর্য্যং হিরণ্যাক্ষং বিদুর্বুধাঃ।
ঐশ্বর্য্যেণাবিশেষেণ স নিরস্তোঽরিমর্দ্দনঃ ॥ ১৬২ ॥

অনুবাদ—বুধগণ হিরণ্যাক্ষকে মূর্ত্তিমান্ ঐশ্বর্য্য হীন জানিবেন। শত্রুমর্দ্দনকারী হিরণ্যাক্ষ সাধারণ ঐশ্বর্য্যবান্ হইলেও বরাহদেব কর্ত্তৃক নিরস্ত হইয়াছে ॥ ১৬২ ॥

নৃবরাহোঽথবা কার্য্যো ধ্যানে কপিলবৎ স্থিতঃ।
দ্বিভুজস্ত্বথবা কার্য্যঃ পিণ্ডনির্বপণোদ্যতঃ ॥ ১৬৩ ॥

অনুবাদ—অথবা নৃবরাহকে কপিলবৎ ধ্যানে অবস্থিত রূপে নির্ম্মাণ করিবেন, অথবা পিণ্ড দানরত দ্বিভুজ মূর্ত্তি কর্ত্তব্য ॥ ১৬৩ ॥

সমগ্র-ক্রোড়রূপো বা বহুদানবমধ্যগঃ।
নৃবরাহো বরাহো বা কর্ত্তব্যঃ ক্ষ্মাবিদারণঃ ॥১৬৪॥

অনুবাদ—অথবা সমগ্র বরাহরূপ, বহু দানব-মধ্যস্থ, নৃবরাহ বা বরাহমূর্ত্তি পৃথিবী বিদারণরত নির্ম্মাণ করিবেন ॥ ১৬৪ ॥

জ্ঞানবদ্ভিঃ স এবোক্তো জ্ঞানং পরমবর্দ্ধনঃ।
পীনস্কন্ধ-কটি-গ্রীবঃ কৃশমধ্যঃ কৃশোদরঃ ॥ ১৬৫ ॥
সিংহাননো নৃদেহশ্চ নীলবাসাঃ প্রভান্বিতঃ।
আলীঢ়স্থানসংস্থানঃ সর্ব্বাভরণভূষিতঃ ॥ ১৬৬ ॥

অনুবাদ—জ্ঞানবান্‌গণ শ্রীনৃসিংহ ভগবান্‌কে এই-রূপ বলিয়া থাকেন, তিনি জ্ঞান স্বরূপ ও জ্ঞান বর্দ্ধন, তিনি স্থূল-স্কন্ধ, স্থূল কটি ও স্থূল গ্রীবা, কৃশমধ্য ও কৃশোদর, তিনি সিংহবদন, নরদেহ, নীলবসন, জ্যোতিবিশিষ্ট, আলীঢ়স্থ, সর্ব্বআভরণ ভূষিত ॥১৬৬

জ্বালামালাকুলমুখো জ্বলৎ কেশরমণ্ডলঃ।
হিরণ্যকশিপোর্বক্ষঃ পাটয়ন্নখরৈঃ খরৈঃ ॥ ১৬৭ ॥

অনুবাদ—অগ্নিশিখা বেষ্টিত মুখমণ্ডল, প্রজ্বলিত কেশরমণ্ডল, ব্যাপ্তমুখ হিরণ্যকশিপুর বক্ষ খর নখ-শ্রেণী দ্বারা বিদারণ শীল ॥ ১৬৭ ॥

নীলোৎপলাভঃ কর্ত্তব্যো দেবজানুগতস্তথা।
হিরণ্যকশিপুর্দৈত্যাস্তমজ্ঞানং বিদুর্বুধাঃ ॥ ১৬৮ ॥

অনুবাদ—শ্রীনৃসিংহদেবের জানুতে স্থিত হিরণ্য-কশিপুকে নীলপদ্মবর্ণ কর্ত্তব্য। হিরণ্যকশিপুকে বুধগণ অজ্ঞান মূর্ত্তি স্বরূপ জানেন ॥ ১৬৮ ॥

অথ বামনমূর্ত্তিঃ

কর্ত্তব্যো বামনো দেবঃ সঙ্কটে ভক্তিভাবিতৈঃ।
পীনগাত্রশ্চ কর্ত্তব্যো দণ্ডী চাধ্যয়নোদ্যতঃ।
দূর্ব্বাশ্যামস্তু কর্ত্তব্যঃ কৃষ্ণাজিনধরস্তথা ॥ ১৬৯ ॥

অনুবাদ—অনন্তর বামন মূর্ত্তি নির্ম্মাণ করিবেন, স্থূলকায় দণ্ডধারী অধ্যয়নে উদ্যত দূর্ব্বাদলশ্যাম-বর্ণ, কৃষ্ণমৃগচর্ম্ম উত্তরীয়রূপে ধারণকারী মূর্ত্তি নির্ম্মাণ করিবে ॥ ১৬৯ ॥

অথ ত্রিবিক্রমমূর্ত্তিঃ

সজলাম্বুদসঙ্কাশস্তথা কার্য্যস্ত্রিবিক্রমঃ।
দণ্ডপাশধরঃ কার্য্যঃ শঙ্খচক্রগদাধরঃ ॥ ১৭০ ॥
শঙ্খচক্রগদাপদ্মাঃ কার্য্যাস্তস্য স্বরূপিণঃ।
নির্দ্দেহাস্তে ন কর্ত্তব্যাঃ শেষঃ কার্য্যশ্চ পূর্ব্ববৎ।
একোর্দ্ধ্ববদনঃ কার্য্যো দেবো বিস্ফারিতেক্ষণঃ ॥১৭১

অনুবাদ—অনন্তর ত্রিবিক্রম মূর্ত্তি—ত্রিবিক্রম ভগবানকে নবনীরদ শ্যামবর্ণ, দণ্ড ও পাশধারী শঙ্খ, চক্র, গদা ও পদ্মধর, একক না করিয়া পূর্ব্ববৎ শেষদেব মূর্ত্তিও করিবেন, একফণ উর্দ্ধবদন প্রভুর দর্শনে বিস্ফারিত নয়ন ॥ ১৭০-১৭১ ॥

অথ ভৃগুরামমূর্ত্তিঃ

কার্য্যস্তু ভার্গবো রামো জটামণ্ডলদুর্দৃশঃ।
হস্তেঽস্য পরশুঃ কার্য্যঃ কৃষ্ণাজিনধরস্য তু ॥১৭২॥

অনুবাদ—অনন্তর ভৃগুরাম মূর্ত্তি—ভার্গব রাম মূর্ত্তি কর্ত্তব্য, মস্তকে জটামণ্ডলবেষ্টিত ভয়ঙ্কর দর্শন, ইহার হস্তে কুঠার অস্ত্র, কৃষ্ণ মৃগচর্ম্মধারী ॥ ১৭২ ॥

অথ দাশরথিমূর্ত্তিঃ

রামো দাশরথিঃ কার্য্যো রাজলক্ষণলক্ষিতঃ।
ভরতো লক্ষ্মণশ্চৈব শত্রুঘ্নশ্চ মহাশয়ঃ।
তথৈব সর্ব্বে কর্ত্তব্যাঃ কিন্তু মৌলিবিবর্জ্জিতাঃ ॥১৭৩

অনুবাদ—অনন্তর দাশরথি রামমূর্ত্তি—মহারাজ

লক্ষণে লক্ষিত দাশরথি রামমূর্ত্তি কর্ত্তব্য, সঙ্গে ভরত, লক্ষ্মণ ও শত্রুঘ্ন মহাশয়, ঐরূপ সকলকে কর্ত্তব্য, কিন্তু মুকুট বিবর্জ্জিত ॥ ১৭৩ ॥

অথ কৃষ্ণমূর্ত্তিঃ

কৃষ্ণশ্চক্রধরঃ কার্য্যো নীলোৎপলদলচ্ছবিঃ।
ইন্দীবরধরা কার্য্যা তস্য সাক্ষাচ্চ রুক্মিণী ॥১৭৪॥

অনুবাদ—অনন্তর শ্রীকৃষ্ণমূর্ত্তি—শ্রীকৃষ্ণ চক্রধারী মূর্ত্তি করণীয় নীলপদ্মদলের ন্যায় বর্ণ, আর সাক্ষাৎ মহালক্ষ্মী রুক্মিণীদেবী নীলপদ্মধারিণী তার পার্শ্বে কর্ত্তব্য ॥ ১৭৪ ॥

অথ বলদেবমূর্ত্তিঃ

সীর-পাণির্বলঃ কার্য্যো মুষলী চৈককুণ্ডলী।
শ্বেতোঽতিনীলবসনো মদাঘূর্ণিতলোচনঃ ॥ ১৭৫ ॥

অনুবাদ—অনন্তর শ্রীবলদেবমূর্ত্তি—শ্রীবলদেব মূর্ত্তি লাঙ্গল ও মুষল হস্তে এক কর্ণে এককুণ্ডল ধারী শ্বেতবর্ণ। অতিনীলবসন মত্তবেশে ঘূর্ণিত লোচন ॥১৭৫

অথ প্রদ্যুম্নমূর্ত্তিঃ

চাপবাণধরঃ কার্য্যঃ প্রদ্যুম্নশ্চ সুদর্শনঃ।
রাজন্ দূর্ব্বাদলশ্যামঃ শ্বেতবাসা মদোৎকটঃ ॥১৭৬॥

অনুবাদ—অনন্তর প্রদ্যুম্নমূর্ত্তি—উত্তম সুন্দর দর্শন প্রদ্যুম্ন ধনুর্বাণধারী, হে রাজন্! প্রদ্যুম্ন দূর্ব্বাদলশ্যাম-বর্ণ, শ্বেতবসনধারী ও মদোৎকট ॥ ১৭৬ ॥

অথ কামদেবমূর্ত্তিঃ

কামদেবস্তু কর্ত্তব্যো রূপেণাপ্রতিমো ভুবি।
অষ্টবাহুঃ স কর্ত্তব্যঃ শঙ্খপদ্মবিভূষণঃ ॥ ১৭৭ ॥
চাপবাণধরশ্চৈব মদাকুঞ্চিতলোচনঃ।
রতিঃ প্রীতিস্তথা শক্তির্মন্দশক্তিস্তথোজ্জ্বলা ॥ ১৭৮ ॥
চতস্রস্তস্য কর্ত্তব্যাঃ পত্ন্যোঃ রূপমনোহরাঃ।
চত্বারশ্চ করাস্তস্য কার্য্যা ভার্য্যাস্তনোপগাঃ।
কেতুশ্চ মকরঃ কার্য্য পঞ্চবাণমুখো মহান্ ॥ ১৭৯ ॥

অনুবাদ—অনন্তর কামদেবমূর্ত্তি—এই ভূমণ্ডলে যাহার রূপের তুলনা নাই, এবম্প্রকার কামদেব মূর্ত্তি কর্ত্তব্য। অষ্টবাহু, শঙ্খ, পদ্ম, বিভূষণ, পুষ্প, ধনুর্বাণ-ধারী, মত্ত, আকুঞ্চিত নয়ন, পার্শ্বে রতিদেবী ও প্রীতি-দেবী শক্তি, মৃদুশক্তি ও উজ্জ্বলা নাম্নী, তাহার চারিটি পত্নী রূপ মনোহরা, কামদেব চতুর্ভুজ, তার ভার্য্যাগণ স্তন পর্য্যন্ত উচ্চ, পতাকা মকর চিহ্নিত, সম্মুখে পঞ্চ-বাণ ॥ ১৭৭-১৭৯ ॥

অথ অনিরুদ্ধমূর্ত্তিঃ শাম্বমূর্ত্তিশ্চ

কর্ত্তব্যশ্চানিরুদ্ধোঽপি খড়্গচর্ম্মধরঃ প্রভুঃ।
শাম্বঃ কার্য্যো মহাহস্তস্বরূপোঽসাবশেষতঃ।
শাম্বানিরুদ্ধৌ কর্ত্তব্যৌ পদ্মাভৌ রক্তবাসসৌ ॥১৮০॥

অনুবাদ—অনন্তর অনিরুদ্ধ মূর্ত্তি ও শাম্বমূর্ত্তি—অনিরুদ্ধ মূর্ত্তিও খড়্গ চর্ম্মধারী প্রভু, শাম্বমূর্ত্তি মহা-বাহু অশেষ রূপলাবণ্যবান্, শাম্ব ও অনিরুদ্ধ উভয়েই পদ্মবর্ণ রক্তবসনধারী ॥ ১৮০ ॥

অথ গোপালমূর্ত্তিঃ

গোপালপ্রতিমাং কুর্য্যাৎ বেণুবাদনতৎপরাম্।
বর্হাপীড়াং ঘনশ্যামাং দ্বিভুজামূর্দ্ধ্ব সংস্থিতাম্ ॥১৮১

অনুবাদ—অনন্তর শ্রীগোপালমূর্ত্তি — বেণুবাদন তৎপর শ্রীগোপাল প্রতিমা করিবেন, ময়ূরপুচ্ছ মুকুট নবঘনশ্যামবর্ণ দ্বিভূজ বেণুধারী ॥ ১৮১ ॥

অথ বুদ্ধমূর্ত্তিঃ

কাষায়বস্ত্রসংবীতঃ স্কন্ধসংসক্তচীবরঃ।
পদ্মাসনস্থো দ্বিভুজো ধ্যায়ী বুদ্ধঃ প্রকীর্ত্তিতঃ ॥১৮২

অনুবাদ—অনন্তর বুদ্ধমূর্ত্তি—কাষায় গৈরিক বস্ত্র পরিহিত, স্কন্ধে চীরবস্ত্রধারী পদ্মাসন স্থিত দ্বিভুজ ধ্যানরত বুদ্ধমূর্ত্তি বিখ্যাত ॥ ১৮২ ॥

অথ নর-নারায়ণমূর্ত্তিঃ

দূর্ব্বাশ্যামো নরঃ কার্য্যো দ্বিভুজশ্চ মহাভুজঃ।
নারায়ণশ্চতুর্বাহুর্নীলোৎপলদলচ্ছবিঃ ॥ ১৮৩ ॥

অনুবাদ—অনন্তর নর-নারায়ণমূর্ত্তি—সুদীর্ঘ দ্বিভুজ দুর্ব্বাদলশ্যামবর্ণ নরমূর্ত্তি কর্ত্তব্য, চতুর্ভুজ নারায়ণ নীলপদ্মপত্র বর্ণ করণীয় ॥ ১৮৩ ॥

তয়োর্মধ্যে তু বদরী কার্য্যা ফলবিভূষণা।
নরনারায়ণৌ দেবাবক্ষমালাধরাবুভৌ ॥ ১৮৪॥

অনুবাদ—উভয়ের মধ্যবর্ত্তী ফলপূর্ণা বদরী বৃক্ষ নির্ম্মাণ কর্ত্তব্য, নর-নারায়ণদেব উভয়েই অক্ষমালা-ধারী ॥ ১৮৪ ॥

অষ্টচক্রে স্থিতৌ জালে ভূতযুক্তে মনোরমে।
কৃষ্ণাজিনধরৌ দান্তৌ জটামণ্ডলধারিণৌ ॥ ১৮৫ ॥

অনুবাদ—মনোরম ভূতযুক্ত অষ্টচক্র জালে অব-স্থিত কৃষ্ণাজিন ধর, দান্ত ও জটামণ্ডলধারী ॥ ১৮৫ ॥

অথ বিবিধমূর্ত্তিভেদাঃ

পাদেন চৈকেন রথস্থিতেন
পাদেন চৈকেন চ জানুগেন।
কার্য্যো হরিশ্চাত্র নরেণ তুল্যঃ
কৃষ্ণোঽপি নারায়ণতুল্যমূর্ত্তিঃ ॥ ১৮৬ ॥

অনুবাদ—অনন্তর বিবিধ মূর্ত্তিভেদ সমূহ—শ্রীহরির মূর্ত্তি একচরণ রথে স্থিত, অন্য চরণ জানুতে ধৃত নরঋষি তুল্য। কৃষ্ণমূর্ত্তি নারায়ণ তুল্য ॥১৮৬॥

মূর্ত্তিমৎ-পৃথিবীহস্তন্যস্তপাদঃ সিতচ্ছবিঃ।
নীলাম্বরধরঃ কার্য্যো দেবো হয়শিরোধরঃ ॥১৮৭॥

অনুবাদ—মূর্ত্তীমতী ভূদেবীর হস্তে চরণদ্বয় বিন্যস্ত, শ্বেতবর্ণ, নীলাম্বরধারী হয়শীর্ষ মূর্ত্তি করণীয় ॥১৮৭॥

বিদ্ধি সঙ্কর্ষণাংশেন দেবং হয়শিরোধরম্।
কর্ত্তব্যোঽষ্টভুজো দেবস্তৎকরেষু চতুর্ষু চ ॥ ১৮৮ ॥
শঙ্খচক্রগদাপদ্মান্ সাকারান্ দর্শয়েদ্ বুধঃ।
চত্বারশ্চ করাঃ কার্য্যা দেবানাং দেহধারিণাম্।
দেবেন মূর্দ্ধি বিন্যস্তাঃ সর্ব্বাভরণভূষিতাঃ ॥ ১৮৯ ॥

অনুবাদ—সঙ্কর্ষণাংশ হয়শীর্ষদেব অষ্টভুজ কর্ত্তব্য, তাহার চারিহস্তে শঙ্খ, চক্র, গদা, পদ্ম, অভিজ্ঞ ব্যক্তি সাকার অস্ত্রসমূহ দর্শন করাইবে। আর চারিহস্ত দেহধারী দেবগণের মস্তকে বিন্যস্ত ও সর্ব্ব আভরণ ভূষিত ॥ ১৮৯ ॥

প্রদ্যুম্নং বিদ্ধি বৈরাগ্যং কাপিলীং তনুমাশ্রিতম্।
মধ্যে উরুকরঃ কার্য্যস্তস্যোৎসঙ্গগতঃ পরঃ।
দোর্যুগং চাপরং তস্য শঙ্খচক্রধরং ভবেৎ ॥ ১৯০ ॥

অনুবাদ—প্রদ্যুম্নকে কপিলদেবের ন্যায় বৈরাগ্য মূর্ত্তিধারী জানিবে। চারিভুজের মধ্যে একহস্ত উরু-দেশে স্থাপিত অন্য হস্ত ক্রোড়ে স্থাপিত, অন্য দুইভুজ শঙ্খ ও চক্রধর হইবে ॥ ১৯০ ॥

পদ্মাসনোপবিষ্টশ্চ ধ্যানসম্মীলিতেক্ষণঃ।
কর্ম্মণ্যঃ কপিলো দেবো জটামণ্ডলদুর্দৃশঃ ॥ ১৯১ ॥

অনুবাদ—কপিলদেব পদ্মাসনে উপবিষ্ট ধ্যানাব-স্থিত হেতু মুদ্রিত নয়ন, জটামণ্ডল ভূষিত দুর্দর্শনীয় ॥ ১৯১ ॥

বায়ুসংরোধপীনাঙ্গঃ পদ্মাঙ্কচরণদ্বয়ঃ।
মৃগাজিনধরো রাজন্ শুভযজ্ঞোপবীতবান্।
বিভুর্মন্ত্রমহাপদ্মকর্ণিকামধ্যমাস্থিতঃ ॥ ১৯২ ॥

অনুবাদ—প্রাণবায়ুরুদ্ধহেতু স্থূলশরীর, চরণদ্বয় পদ্ম চিহ্নিত, মৃগচর্ম্মধর, হে রাজন্! শুভ যজ্ঞোপ-বীতধারী, বিভু মন্ত্রযুক্ত মহাপদ্ম কর্ণিকারের মধ্যে অবস্থিত ॥ ১৯২ ॥

বৈরাগ্যভাবেন মহানুভাবো
ধ্যানে স্থিতঃ স্বং পরমং পদং তৎ।
ধ্যায়ংস্তথা বৈ ভুবনস্য গোপ্তা
সাঙ্খ্যপ্রবক্তা পুরুষঃ পুরাণঃ ॥ ১৯৩ ॥

অনুবাদ—বৈরাগ্যভাব হেতু মহা প্রভাবশালী, নিজ পরমপদ ধ্যানরত, ঐরূপ ধ্যান দ্বারা ভুবন

রক্ষাকারী সাংখ্যদর্শন প্রবক্তা আদি বিদ্বান্ পুরাণ পুরুষ ॥ ১৯৩ ॥

শ্যামবর্ণস্তনুবাসাঃ পিঙ্গলাক্ষো জটাধরঃ ।
সুমন্তুর্জৈমিনিঃ পৈলো বৈশম্পায়ন এব চ ।
তস্য শিষ্যাশ্চ কর্ত্তব্যাশ্চত্বারঃ পারিপার্শ্বিকাঃ ॥১৯৪॥

অনুবাদ—শ্রীব্যাসদেবের শিষ্য চতুষ্টয়—শ্যামবর্ণ সূক্ষ্ম বসন পিঙ্গল নয়ন জটাধারী, সুমন্তু, জৈমিনি, পৈল ও বৈশম্পায়ন। ইহাদের শিষ্য ও পার্ষদগণ চারমূর্ত্তি কর্ত্তব্য ॥ ১৯৪ ॥

গৌরস্তু কার্য্যো বাল্মীকির্জটামণ্ডলদুর্দৃশঃ ।
তপস্যাভিরতঃ শান্তো ন কৃশো ন চ পীবরঃ ॥১৯৫॥

অনুবাদ—বাল্মীকিমুনি গৌরবর্ণ জটামণ্ডল বেষ্টিত দুর্দর্শনায়, তপস্যারত, শান্ত, অতি কৃশ নয়, অতিস্থূল নয় ॥ ১৯৫ ॥

বাল্মীকিরূপং সকলং দত্তাত্রেয়স্য কারয়েৎ ।
জলমধ্যগতঃ কার্য্যঃ শেষঃ পন্নগদর্শনঃ ।
ফণাপুঞ্জমহারত্নদুর্নিরীক্ষ্যশিরোধরঃ ॥ ১৯৬ ॥

অনুবাদ—দত্তাত্রেয় মুনির রূপ বাল্মীকির তুল্য করাইবেন। নাগরাজ শেষদেব মূর্ত্তি জলমধ্যে কর্ত্তব্য ফণাপুঞ্জসমূহে মহারত্ন সমূহের জ্যোতিতে দুর্দর্শনীয় মস্তক ॥ ১৯৬ ॥

দেবদেবস্তু কর্ত্তব্যঃ শেষভোগাঙ্কসংস্থিতঃ ।
একো ভুজোঽস্য কর্ত্তব্যস্তত্র জানৌ প্রসারিতঃ ॥ ১৯৭
কর্ত্তব্যো নাভিদেশে তু সদা তস্য পরঃ করঃ ।
তথৈবান্যকরঃ কার্য্যো দেবস্য সুশিরোধরঃ ॥১৯৮॥

অনুবাদ—শেষশয্যায় অবস্থিত দেবদেবকে নির্ম্মাণ কর্ত্তব্য, ইহার এক ভুজ জানুতে প্রসারিত কর্ত্তব্য। অন্যহস্ত তাহার নাভিদেশে সর্ব্বদা অবস্থিত কর্ত্তব্য। সেইরূপ অন্য হস্ত দেবদেবের মস্তকের নিম্নে উপাধান ॥ ১৯৭-১৯৮ ॥

সন্তানমঞ্জরীধারী তথৈবাস্য পরো ভবেৎ ।
নাভীসরসি সম্ভূতে কমলে তস্য যাদব ॥ ১৯৯ ॥
সর্ব্বপৃথ্বীময়ে দেবঃ প্রাগ্বৎ কার্য্যঃ পিতামহঃ ।
নাললগ্নৌ চ কর্ত্তব্যৌ পদ্মস্য মধুকৈটভৌ ॥ ২০০ ॥

অনুবাদ—অন্য হস্তে সন্তান কল্পতরুর মঞ্জরী ধারণ করিয়াছেন, হে যাদব! তাহার নাভি সরোবর জাত কমলের বৃন্তে চতুর্দশ ভুবন, তদুর্দ্ধে কমলে ব্রহ্মা, পদ্মনাল লগ্ন মধুকৈটভদৈত্য ॥ ১৯৯-২০০ ॥

নৃরূপধারীণি ভুজঙ্গমধ্যে
কার্য্যাণ্যথাস্ত্রাণি তথা সমীপে ॥ ২০১ ॥

অনুবাদ—নররূপধারী ভুজঙ্গ মধ্যে ও পার্শ্বে অস্ত্রসমূহ নির্ম্মাণ কর্ত্তব্য ॥ ২০১ ॥

তার্ক্ষ্যো মরকতপ্রখ্যঃ কৌশিকাকারনাসিকঃ ।
চতুর্ভুজশ্চ কর্ত্তব্যো বৃত্তনেত্রমুখস্তথা ॥ ২০২ ॥
গ্রীবোরুজানুচরণ-পক্ষদ্বয়বিভূষিতঃ ।
প্রভাসংস্থানসৌবর্ণকলাপেন বিরাজিতঃ ॥ ২০৩ ॥
ছত্রঞ্চ পূর্ণকুম্ভঞ্চ করয়োস্তস্য কারয়েৎ ।
করদ্বয়ঞ্চ কর্ত্তব্যং তথা বিরচিতাঞ্জলি ॥ ২০৪ ॥

অনুবাদ—মরকত কান্তি গরুড়মূর্ত্তি, শুক্লপক্ষির (পেচক) ন্যায় নাসিকা, চতুর্ভুজ, গোলাকার চক্ষু ও মুখ, গ্রীবা উরু, জানু, চরণ, পক্ষদ্বয় বিভূষিত, জ্যোতির্ম্ময় সুবর্ণ পক্ষ সহ বিরাজিত, তাহার দুই হস্তে ছত্র ও পূর্ণকুম্ভ অন্য দুই হস্ত অঞ্জলি বদ্ধ ॥ ২০২-২০৪ ॥

যদাস্য ভগবান্ পৃষ্ঠে ছত্রকুম্ভধরৌ করৌ ।
ন কর্ত্তব্যৌ তু কর্ত্তব্যৌ দেবপাদধরাবুভৌ ॥ ২০৫ ॥
কিঞ্চিল্লম্বোদরঃ কার্য্যঃ সর্ব্বাভরণভূষিতঃ ॥ ২০৬ ॥

অনুবাদ—যখন ইহার পৃষ্ঠে শ্রীভগবান্ অবস্থান করিবেন, তখন উর্দ্ধ্ করদ্বয়ে ছত্র কুম্ভ না দিয়া ঐ দুই হস্তে শ্রীভগবৎ পদদ্বয় ধারণ করাইবে। কিঞ্চিৎ লম্বোদর ও সর্ব্ব আভরণ ভূষিত মূর্ত্তি কর্ত্তব্য ॥২০৫-২০৬ ॥

অথ লক্ষ্মীনারায়ণমূর্ত্তিঃ

বিশ্বকর্ম্মশাস্ত্রে চ—

লক্ষ্মীনারায়ণৌ কার্য্যৌ সংযুতৌ দিব্যরূপিণৌ।
দক্ষিণস্থা বিভোর্মূর্ত্তির্লক্ষ্মীমূর্ত্তিস্তু বামগা ॥ ২০৭ ॥

অনুবাদ—অনন্তর লক্ষ্মীনারায়ণ মূর্ত্তি, বিশ্বকর্ম্ম শাস্ত্রে—দিব্যরূপ সংযুক্ত লক্ষ্মীনারায়ণ মূর্ত্তি কর্ত্তব্য, দক্ষিণে অবস্থিত শ্রীনারায়ণ মূর্ত্তি, বামে লক্ষ্মী মূর্ত্তি ॥ ২০৭ ॥

দক্ষিণঃ কণ্ঠলগ্নোঽস্যা বামহস্তসরোজধৃক্।
বিভোর্বামকরো লক্ষ্ম্যাঃ কুক্ষিভাগে স্থিতঃ সদা ॥২০৮

অনুবাদ—লক্ষ্মীমূর্ত্তির দক্ষিণ হস্ত নারায়ণের কণ্ঠলগ্ন, বাম হস্তে পদ্ম, নারায়ণের বামকর লক্ষ্মীর কুক্ষিভাগে সর্ব্বদা অবস্থিত ॥ ২০৮ ॥

সর্ব্বাবয়বসম্পূর্ণা সর্ব্বালঙ্কারভূষিতা।
সুষ্ঠুনেত্রকপোলাস্য-রূপযৌবনসংযুতা ॥ ২০৯ ॥
সিদ্ধিঃ কার্য্যা সমীপস্থা চামরগ্রাহিণী শুভা।
কর্ত্তব্যং বামনং সর্ব্বং দেবাধোভাগগং সদা ॥২১০॥

অনুবাদ—সর্ব্ব অবয়ব সম্পূর্ণা, সব অলঙ্কার ভূষিতা, সুন্দর নয়ন, কপোল, মুখ, রূপযৌবনযুক্তা সমীপে অবস্থিতা চামরধারিণী শুভদা সিদ্ধিদেবী মূর্ত্তি কর্ত্তব্যা, প্রভুর অধোভাগস্থ মূর্ত্তি সমূহ সর্ব্বদা খর্ব্বা-কর্ত্তব্য ॥ ১০৯-১১০ ॥

শঙ্খচক্রধরৌ তস্য দ্বৌ কার্য্যৌ পুরুষৌ পুরঃ।
বামনৌ হারকেয়ুর-কিরীটমণিভূষিতৌ ॥ ২১১ ॥

অনুবাদ—শ্রীভগবানের সম্মুখে শঙ্খ, চক্রধারী দুইটি পুরুষ বিগ্রহ নির্ম্মাণ কর্ত্তব্য, ঐ মূর্ত্তিদ্বয় খর্ব্বা-কৃতি এবং হার, অঙ্গদ, মুকুট, মণিভূষিত ॥ ২১১॥

উপাসকৌ সমীপস্থৌ প্রভোর্ব্রহ্মশিবাত্মকৌ।
রসনাং যোগপট্টঞ্চ শিখামঞ্জলিমাস্থিতৌ ॥ ২১২ ॥

অনুবাদ—প্রভুর সমীপেস্থিত ব্রহ্মা, শিব উপাসক-দ্বয় রসনা যোগপট্ট শিখা ও অঞ্জলিবদ্ধভাবে অবস্থিত থাকিবেন ॥ ২১২ ॥

অথ যোগস্বামিমূর্ত্তিঃ

পদ্মাসনসমাসীনঃ কিঞ্চিন্মীলিতলোচনঃ।
ঘ্রাণাগ্রে দত্তদৃষ্টিশ্চ শ্বেতপদ্মোপরি স্থিতঃ ॥ ২১৩ ॥

অনুবাদ—অনন্তর যোগ স্বামিমূর্ত্তি—পদ্মাসনে সমাসীন কিঞ্চিৎ নিমিলিত লোচন, নাসাগ্রে দত্ত দৃষ্টি, শ্বেতপদ্মের উপরিস্থিত ॥ ২১৩ ॥

বামদক্ষিণগৌ হস্তাবুভাবুৎসঙ্গভাগগৌ।
তৎকরদ্বয়পার্শ্বস্থে পঙ্কেরুহমহাগদে ॥ ২১৪ ॥
ঊর্দ্ধ্বে করদ্বয়ে চাস্য শঙ্খশ্চাপি সুদর্শনম্।
যোগস্বামী স বিজ্ঞেয়ঃ পূজ্যো মোদার্থযোগিভিঃ ॥২১৫

অনুবাদ—বাম ও দক্ষিণ পার্শ্বগত হস্তদ্বয় ক্রোড়-দেশে রক্ষিত। ঐ করদ্বয় পার্শ্বেস্থিত পদ্ম ও মহা-গদা ইহার ঊর্দ্ধ্বকরদ্বয়ে শঙ্খ ও সুদর্শন চক্র। তিনিই যোগস্বামী জানিবে, যোগিগণ কর্ত্তৃক আনন্দ লাভার্থে পূজনীয় ॥ ২১৪-২১৫ ॥

অথ দশাবতারাণাং মূর্ত্তয়ঃ, তত্র মৎস্যাবতারমূর্ত্তিঃ

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে—

অতঃপরং প্রবক্ষ্যামি মৎস্যাদীনান্তু লক্ষণম্।
ষট্ত্রিংশদঙ্গুলায়ামং তদর্ধেন তু বিস্তৃতম্ ॥ ২১৬ ॥

অনুবাদ—অথ দশাবতার সমূহের মূর্ত্তি তন্মধ্যে মৎস্যাবতার মূর্ত্তি, শ্রীহয়শীর্ষ পঞ্চরাত্রে—অতঃপর মৎস্যাদি অবতার সমূহের লক্ষণ বলিব। ছত্রিশ আঙ্গুল দীর্ঘ, তদর্দ্ধ বিস্তৃত ॥ ২১৬ ॥

দৈর্ঘ্যাষ্টমাংশসংযুক্তং পুচ্ছবক্ত্রং তু কারয়েৎ।
রোহিতং বিস্তৃতাস্যন্তু দ্বাদশাঙ্গুলমানতঃ।
কলেবরং পৃষ্ঠরোমন্তু পুচ্ছার্দ্ধং ক্রোড়গং তথা ॥২১৭॥

রক্ষাকারী সাংখ্যদর্শন প্রবক্তা আদি বিদ্বান্ পুরাণ পুরুষ ॥ ১৯৩ ॥

শ্যামবর্ণস্তনুবাসাঃ পিঙ্গলাক্ষো জটাধরঃ।
সুমন্তুর্জৈমিনিঃ পৈলো বৈশম্পায়ন এব চ।
তস্য শিষ্যাশ্চ কর্ত্তব্যাশ্চত্বারঃ পারিপার্শ্বিকাঃ ॥১৯৪॥

অনুবাদ—শ্রীব্যাসদেবের শিষ্য চতুষ্টয়—শ্যামবর্ণ সূক্ষ্ম বসন পিঙ্গল নয়ন জটাধারী, সুমন্তু, জৈমিনি, পৈল ও বৈশম্পায়ন। ইহাদের শিষ্য ও পার্ষদগণ চারমূর্ত্তি কর্ত্তব্য ॥ ১৯৪ ॥

গৌরস্তু কার্য্যো বাল্মীকির্জটামণ্ডলদুর্দৃশঃ।
তপস্যাভিরতঃ শান্তো ন কৃশো ন চ পীবরঃ ॥১৯৫॥

অনুবাদ—বাল্মীকিমুনি গৌরবর্ণ জটামণ্ডল বেষ্টিত দুর্দর্শনায়, তপস্যারত, শান্ত, অতি কৃশ নয়, অতিস্থূল নয় ॥ ১৯৫ ॥

বাল্মীকিরূপং সকলং দত্তাত্রেয়স্য কারয়েৎ।
জলমধ্যগতঃ কার্য্যঃ শেষঃ পন্নগদর্শনঃ।
ফণাপুঞ্জমহারত্নদুর্নিরীক্ষ্যশিরোধরঃ ॥ ১৯৬ ॥

অনুবাদ—দত্তাত্রেয় মুনির রূপ বাল্মীকির তুল্য করাইবেন। নাগরাজ শেষদেব মূর্ত্তি জলমধ্যে কর্ত্তব্য ফণাপুঞ্জসমূহে মহারত্ন সমূহের জ্যোতিতে দুর্দর্শনীয় মস্তক ॥ ১৯৬ ॥

দেবদেবস্তু কর্ত্তব্যঃ শেষভোগাঙ্কসংস্থিতঃ।
একো ভুজোঽস্য কর্ত্তব্যস্তত্র জানৌ প্রসারিতঃ ॥ ১৯৭
কর্ত্তব্যো নাভিদেশে তু সদা তস্য পরঃ করঃ।
তথৈবান্যকরঃ কার্য্যো দেবস্য সুশিরোধরঃ ॥১৯৮॥

অনুবাদ—শেষশয্যায় অবস্থিত দেবদেবকে নির্ম্মাণ কর্ত্তব্য, ইহার এক ভুজ জানুতে প্রসারিত কর্ত্তব্য। অন্যহস্ত তাহার নাভিদেশে সর্ব্বদা অবস্থিত কর্ত্তব্য। সেইরূপ অন্য হস্ত দেবদেবের মস্তকের নিম্নে উপাধান ॥ ১৯৭-১৯৮ ॥

সন্তানমঞ্জরীধারী তথৈবাস্য পরো ভবেৎ।
নাভীসরসি সম্ভূতে কমলে তস্য যাদব ॥ ১৯৯ ॥
সর্ব্বপৃথ্বীময়ে দেবঃ প্রাগ্বৎ কার্য্যঃ পিতামহঃ।
নাললগ্নৌ চ কর্ত্তব্যৌ পদ্মস্য মধুকৈটভৌ ॥ ২০০ ॥

অনুবাদ—অন্য হস্তে সন্তান কল্পতরুর মঞ্জরী ধারণ করিয়াছেন, হে যাদব! তাহার নাভি সরোবর জাত কমলের বৃন্তে চতুর্দশ ভুবন, তদুর্দ্ধে কমলে ব্রহ্মা, পদ্মনাল লগ্ন মধুকৈটভদৈত্য ॥ ১৯৯-২০০ ॥

নৃরূপধারীণি ভুজঙ্গমধ্যে
কার্য্যাণ্যথাস্ত্রাণি তথা সমীপে ॥ ২০১ ॥

অনুবাদ—নররূপধারী ভুজঙ্গ মধ্যে ও পার্শ্বে অস্ত্রসমূহ নির্ম্মাণ কর্ত্তব্য ॥ ২০১ ॥

তার্ক্ষ্যো মরকতপ্রখ্যঃ কৌশিকাকারনাসিকঃ।
চতুর্ভুজশ্চ কর্ত্তব্যো বৃত্তনেত্রমুখস্তথা ॥ ২০২ ॥
গ্রীবোরুজানুচরণ-পক্ষদ্বয়বিভূষিতঃ।
প্রভাসংস্থানসৌবর্ণকলাপেন বিরাজিতঃ ॥ ২০৩ ॥
ছত্রঞ্চ পূর্ণকুম্ভঞ্চ করয়োস্তস্য কারয়েৎ।
করদ্বয়ঞ্চ কর্ত্তব্যং তথা বিরচিতাঞ্জলি ॥ ২০৪ ॥

অনুবাদ—মরকত কান্তি গরুড়মূর্ত্তি, শুকপক্ষির (পেচক) ন্যায় নাসিকা, চতুর্ভুজ, গোলাকার চক্ষু ও মুখ, গ্রীবা উরু, জানু, চরণ, পক্ষদ্বয় বিভূষিত, জ্যোতির্ম্ময় সুবর্ণ পক্ষ সহ বিরাজিত, তাহার দুই হস্তে ছত্র ও পূর্ণকুম্ভ অন্য দুই হস্ত অঞ্জলি বদ্ধ ॥ ২০২-২০৪ ॥

যদাস্য ভগবান্ পৃষ্ঠে ছত্রকুম্ভধরৌ করৌ।
ন কর্ত্তব্যৌ তু কর্ত্তব্যৌ দেবপাদধরাবুভৌ ॥ ২০৫ ॥
কিঞ্চিল্লম্বোদরঃ কার্য্যঃ সর্ব্বাভরণভূষিতঃ ॥ ২০৬ ॥

অনুবাদ—যখন ইহার পৃষ্ঠে শ্রীভগবান্ অবস্থান করিবেন, তখন উর্দ্ধ করদ্বয়ে ছত্র কুম্ভ না দিয়া ঐ দুই হস্তে শ্রীভগবৎ পদদ্বয় ধারণ করাইবে। কিঞ্চিৎ লম্বোদর ও সর্ব্ব আভরণ ভূষিত মূর্ত্তি কর্ত্তব্য ॥২০৫-২০৬ ॥

অথ লক্ষ্মীনারায়ণমূর্ত্তিঃ

বিশ্বকর্ম্মশাস্ত্রে চ—
লক্ষ্মীনারায়ণৌ কার্য্যৌ সংযুক্তৌ দিব্যরূপিণৌ।
দক্ষিণস্থা বিভোমূর্ত্তির্লক্ষ্মীমূর্ত্তিস্তু বামগা ॥ ২০৭ ॥

অনুবাদ—অনন্তর লক্ষ্মীনারায়ণ মূর্ত্তি, বিশ্বকর্ম্ম শাস্ত্রে—দিব্যরূপ সংযুক্ত লক্ষ্মীনারায়ণ মূর্ত্তি কর্ত্তব্য, দক্ষিণে অবস্থিত শ্রীনারায়ণ মূর্ত্তি, বামে লক্ষ্মী মূর্ত্তি ॥ ২০৭ ॥

দক্ষিণঃ কণ্ঠলগ্নোঽস্য বামহস্তসরোজধৃক্।
বিভোর্বামকরো লক্ষ্ম্যাঃ কুক্ষিভাগে স্থিতঃ সদা ॥২০৮

অনুবাদ—লক্ষ্মীমূর্ত্তির দক্ষিণ হস্ত নারায়ণের কণ্ঠলগ্ন, বাম হস্তে পদ্ম, নারায়ণের বামকর লক্ষ্মীর কুক্ষিভাগে সর্ব্বদা অবস্থিত ॥ ২০৮ ॥

সর্ব্বাবয়বসম্পূর্ণা সর্ব্বালঙ্কারভূষিতা।
সুষ্ঠুনেত্রকপোলাস্য-রূপযৌবনসংযুতা ॥ ২০৯ ॥
সিদ্ধিঃ কার্য্যা সমীপস্থা চামরগ্রাহিণী শুভা।
কর্ত্তব্যং বামনং সর্ব্বং দেবাধোভাগগং সদা ॥২১০॥

অনুবাদ—সর্ব্ব অবয়ব সম্পূর্ণা, সব অলঙ্কার ভূষিতা, সুন্দর নয়ন, কপোল, মুখ, রূপযৌবনযুক্তা সমীপে অবস্থিতা চামরধারিণী শুভদা সিদ্ধিদেবী মূর্ত্তি কর্ত্তব্যা, প্রভুর অধোভাগস্থ মূর্ত্তি সমূহ সর্ব্বদা খর্ব্বা-কর্ত্তব্য ॥ ১০৯-১১০ ॥

শঙ্খচক্রধরৌ তস্য দ্বৌ কার্য্যৌ পুরুষৌ পুরঃ।
বামনৌ হারকেয়ূর-কিরীটমণিভূষিতৌ ॥ ২১১ ॥

অনুবাদ—শ্রীভগবানের সম্মুখে শঙ্খ, চক্রধারী দুইটি পুরুষ বিগ্রহ নির্ম্মাণ কর্ত্তব্য, ঐ মূর্ত্তিদ্বয় খর্ব্বাকৃতি এবং হার, অঙ্গদ, মুকুট, মণিভূষিত ॥ ২১১॥

উপাসকৌ সমীপস্থৌ প্রভোর্ব্রহ্মশিবাখ্যকৌ।
রসনাং যোগপট্টঞ্চ শিখামঞ্জলিমাস্থিতৌ ॥ ২১২ ॥

অনুবাদ—প্রভুর সমীপেস্থিত ব্রহ্মা, শিব উপাসকদ্বয় রসনা যোগপট্ট শিখা ও অঞ্জলিবদ্ধভাবে অবস্থিত থাকিবেন ॥ ২১২ ॥

অথ যোগস্বামিমূর্ত্তিঃ

পদ্মাসনসমাসীনঃ কিঞ্চিন্মীলিতলোচনঃ।
ঘ্রাণাগ্রে দত্তদৃষ্টিশ্চ শ্বেতপদ্মোপরি স্থিতঃ ॥ ২১৩ ॥

অনুবাদ—অনন্তর যোগ স্বামিমূর্ত্তি—পদ্মাসনে সমাসীন কিঞ্চিৎ নিমিলিত লোচন, নাসাগ্রে দত্ত দৃষ্টি, শ্বেতপদ্মের উপরিস্থিত ॥ ২১৩ ॥

বামদক্ষিণগৌ হস্তাবুভাবুৎসঙ্গভাগগৌ।
তৎকরদ্বয়পার্শ্বস্থে পঙ্কেরুহমহাগদে ॥ ২১৪ ॥
ঊর্দ্ধ্বে করদ্বয়ে চাস্য শঙ্খশ্চাপি সুদর্শনম্।
যোগস্বামী স বিজ্ঞেয়ঃ পূজ্যো মোদার্থযোগিভিঃ ॥২১৫

অনুবাদ—বাম ও দক্ষিণ পার্শ্বগত হস্তদ্বয় ক্রোড়-দেশে রক্ষিত। ঐ করদ্বয় পার্শ্বেস্থিত পদ্ম ও মহা-গদা ইহার উর্দ্ধ্বকরদ্বয়ে শঙ্খ ও সুদর্শন চক্র। তিনিই যোগস্বামী জানিবে, যোগিগণ কর্ত্তৃক আনন্দ লাভার্থে পূজনীয় ॥ ২১৪-২১৫ ॥

অথ দশাবতারাণাং মূর্ত্তয়ঃ, তত্র মৎস্যাবতারমূর্ত্তিঃ

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে—
অতঃপরং প্রবক্ষ্যামি মৎস্যাদীনান্তু লক্ষণম্।
ষট্‌ত্রিংশদঙ্গুলায়ামং তদর্দ্ধেন তু বিস্তৃতম্ ॥ ২১৬ ॥

অনুবাদ—অথ দশাবতার সমূহের মূর্ত্তি তন্মধ্যে মৎস্যাবতার মূর্ত্তি, শ্রীহয়শীর্ষ পঞ্চরাত্রে—অতঃপর মৎস্যাদি অবতার সমূহের লক্ষণ বলিব। ছত্রিশ আঙ্গুল দীর্ঘ, তদর্দ্ধ বিস্তৃত ॥ ২১৬ ॥

দৈর্ঘ্যাষ্টমাংশসংযুক্তং পুচ্ছবক্ত্রং তু কারয়েৎ।
রোহিতং বিবৃতাস্যন্তু দ্বাদশাঙ্গুলমানতঃ।
কলেকং পৃষ্ঠরোমন্তু পুচ্ছার্দ্ধং ক্রোড়গং তথা ॥২১৭॥

অনুবাদ—দৈর্ঘ্যের অষ্টমাভাগযুক্ত পুচ্ছ ও মুখ কর্ত্তব্য। রোহিতবর্ণ মৎস্য মুখ বিবৃত দ্বাদশাঙ্গুল পরিমাণ, এক কল পৃষ্ঠরোম পুচ্ছার্দ্ধ ক্রোড়গত ॥২১৭

কৃতস্যৈবংবিধস্যেহ রোহিতস্য মুখোদ্গতম্।
নারায়ণন্তু কুর্ব্বীত আগুল্ফং তন্মুখোদ্গতম্ ॥২১৮

অনুবাদ—এই প্রকারে কৃত রোহিত মৎস্যের মুখ হইতে উত্থিত নারায়ণ মূর্ত্তি করিবে, গুল্ফ পর্য্যন্ত মৎস্য মুখ মধ্যে থাকিবে ॥ ২১৮ ॥

এবং নৃমৎস্যং মৎস্যং বা স্থাপয়েদ্যস্তু মানবঃ।
সর্ব্বজ্ঞত্বং ভবেত্তস্য সর্ব্বাপন্মুক্তিরেব চ ॥ ২১৯ ॥

অনুবাদ—এইরূপ নৃমৎস্য বা মৎস্য মূর্ত্তি যে মানব স্থাপন করে, তাহার সর্ব্বজ্ঞতা লাভ হয় এবং আপদ মুক্তি হয় ॥ ২১৯ ॥

অথ কূর্ম্মমূর্ত্তিলক্ষণম্

দৈর্ঘ্যাত্রিতালসংযুক্তং তদর্দ্ধং পরিমণ্ডলম্।
চতুশ্চরণসংশ্লিষ্টং চতুরঙ্গুলমাত্রয়া ॥ ২২০ ॥

অনুবাদ—অনন্তর কূর্ম্মমূর্ত্তি লক্ষণ—দৈর্ঘ্য ত্রিতাল সংযুক্ত, তার অর্দ্ধ পরিমণ্ডল (তাল—অঙ্গুষ্ঠা ও মধ্যমাঙ্গুলির পরিমাণ)। কূর্ম্মমূর্ত্তির চারিচরণ, প্রতিচরণে চারিটি অঙ্গুল ॥ ২২০ ॥

কপালদ্বয়মধ্যে তু গোবিন্দং তু সমুদ্গতম্।
কৃত্বা বা গুল্ফপর্য্যন্তমুদ্গচ্ছন্তং সুরোত্তমম্ ॥২২১॥

অনুবাদ—কপালদ্বয় মধ্যে গোবিন্দ উত্থিত, সুরোত্তম শ্রীগোবিন্দ গুল্ফ পর্য্যন্ত উর্দ্ধে উত্থিত ॥ ২২১ ॥

নৃকূর্ম্মং কারয়িত্বৈনং কূর্ম্মং বা স্থাপয়ীত যঃ।
স্ববংশোদ্ধারণং তস্য জায়তে মুক্তিরেব চ ॥ ২২২ ॥

অনুবাদ—নৃকূর্ম্ম বা কূর্ম্ম মূর্ত্তি করাইয়া যে মানব স্থাপন করেন, তাহার স্ববংশ উদ্ধার এবং মুক্তি লাভ হয় ॥ ২২২ ॥

অথ বরাহমূর্ত্তিলক্ষণম্

বক্ত্রং কলাষ্টকায়ামাং শ্রোত্রমস্য দ্বিগোলকম্।
হনূ সপ্তাঙ্গুলে তস্য সৃকৃণী দ্ব্যঙ্গুলে মতে ॥ ২২৩ ॥

অনুবাদ—অনন্তর বরাহমূর্ত্তি লক্ষণ—হে দ্বিজ। বরাহমূর্ত্তির মুখ অষ্টকলা আয়াম, কর্ণ দুই গোলক, হনূ সপ্ত অঙ্গুল, সৃকৃণীদ্বয় দুই অঙ্গুল ॥ ২২৩ ॥

সপ্তাঙ্গুলং মুখং প্রোক্তং রদৌ সার্দ্ধকলৌ দ্বিজ।
নাসারন্ধ্রং ভবেন্নেত্রং যবহীনেঽক্ষিণী মতে ॥২২৪॥

অনুবাদ—সপ্ত অঙ্গুল মুখ, দন্তদ্বয় দেড়কল, নাসারন্ধ্র তিন যব, নয়নদ্বয় দুই যব ॥ ২২৪ ॥

কিঞ্চিদ্বক্ত্রে স্মিতে শ্রোত্রে দ্বিগোলকসমায়তে।
চতুষ্কলং কর্ণমধ্যং তদর্দ্ধেন তদুচ্ছ্রিতম্ ॥ ২২৫ ॥
বস্বঙ্গুলা ভবেদ্গ্রীবা নেত্রৈকং চোন্নতা তু সা।
শেষং নৃসিংহবৎ কার্য্যং বরাহস্য তু বিগ্রহম্ ॥২২৬

অনুবাদ—মুখ ঈষৎ হাস্যযুক্ত, কর্ণদ্বয়, দুই গোলক সম ও আয়ত, কর্ণমধ্য চারিকল, উচ্চতা তদর্দ্ধ, অষ্ট অঙ্গুলা গ্রীবা, উচ্চতা এক নেত্র, বরাহ বিগ্রহের শেষ অঙ্গ নৃসিংহবৎ কর্ত্তব্য ॥ ২২৫-২২৬ ॥

শেষাহিবিধৃতং পাদং বাহুনা ধারয়ন্ ধরাম্।
শঙ্খং বামে তথা পদ্মং গদাচক্রে তু দক্ষিণে ॥২২৭॥

অনুবাদ—শেষনাগের মস্তকে একপদ ধৃত, বাম দ্বারা পৃথিবীকে ধারণ করিয়াছেন, বাম হস্তদ্বয়ে শঙ্খ ও পদ্ম এবং দক্ষিণ হস্তদ্বয়ে গদা ও চক্র ॥ ২২৭ ॥

এবং নরবরাহঞ্চ কৃত্বা যং স্থাপয়েন্নরঃ।
ভবোদধিসমুত্তারং রাজ্যঞ্চ হতকণ্টকম্।
প্রাপ্নুয়ান্নাত্র সন্দেহো হ্যমুত্রেহৈব বা ভুবি ॥ ২২৮ ॥

অনুবাদ—এইরূপে নৃবরাহ নির্ম্মাণ করিয়া যে মানব স্থাপন করে, ভব সমুদ্র হইতে উত্তীর্ণ নিষ্কণ্টক রাজ্য ইহলোকে এই জগতে বা পরলোকে প্রাপ্ত হয়, ইহাতে সন্দেহ নাই ॥ ২২৮ ॥

অথ নৃসিংহমূর্ত্তিলক্ষণম্

তির্য্যঙ্ নৃসিংহদেবস্য তথা বিপুলমাননম্।
বর্ত্তুলেঽস্য তথা নেত্রে স্কন্ধৌ তালমিতৌ শুভৌ ॥২২৯

অনুবাদ—অনন্তর নৃসিংহমূর্ত্তি লক্ষণ—শ্রীনৃসিংহদেবের বদনটেরা ও বিপুল আয়তন, নয়নদ্বয় গোলাকার স্কন্ধদ্বয় তালপরিমিত ও শুভ ॥ ২২৯ ॥

ব্যাকুঞ্চিতে ভ্রুবৌ বক্ত্রং বিবৃতং চোগ্রদংষ্ট্রকম্।
লেলিহানা তথা জিহ্বা সমুদ্গতশটং শিরঃ ॥২৩০॥

অনুবাদ—ভ্রূদ্বয় কুঞ্চিত, বদন বিবৃত, উগ্রদন্ত লেলিহান জিহ্বা উত্থিত শটা মস্তক ॥ ২৩০ ॥

দংষ্ট্রে দ্ব্যঙ্গুলনির্য্যাতে বক্রাগ্রে তু সিতে তথা।
ত্রিকলাভ্যধিকং বক্ষঃ পঞ্চনেত্রাধিকা কটিঃ ॥২৩১॥

অনুবাদ—দন্তদ্বয় দুই অঙ্গুল বহির্গত, অগ্রভাগ বক্র এবং শ্বেতবর্ণ। বক্ষদেশ তিলকলার অধিক, কটিদেশ পঞ্চনেত্রের অধিকা ॥ ২৩১ ॥

দ্বিকলাভ্যধিকৌ চোরূ জানূ চাপি কলাধিকৌ।
জঙ্ঘে সার্দ্ধকলে মধ্যে বিস্তৃতাগ্রে বিভাগতঃ ॥২৩২॥

অনুবাদ—উরুদ্বয় দুইকলার অধিক, জানুদ্বয় এককলার অধিক। জঙ্ঘাদ্বয় দেড়কলা, মধ্যে বিস্তৃত, অগ্রে বিভক্ত ॥ ২৩২ ॥

উদ্ধ্বৌ কিঞ্চিৎ স্মৃতৌ পাদৌ বাহুমূলে কলাধিকে।
কিঞ্চিৎ কিঞ্চিৎ তথা হীনৌ পর্য্যন্তে চোপবাহুকৌ।
বপুরিত্থং নৃসিংহস্য কুর্য্যাদ্দেশিকসত্তমঃ ॥ ২৩৩ ॥

অনুবাদ—পাদদ্বয় কিঞ্চিৎ উর্দ্ধ্ব, বাহুমূলদ্বয় এক কলার অধিক, উপবাহুদ্বয় কিঞ্চিৎ কিঞ্চিৎ কম, এইরূপ নৃসিংহদেবের শরীর আচার্য্য সত্তম করিবেন ॥২৩৩

জান্বংশে তস্য সংস্থাপ্য বিদারিতমহাসুরম্।
ভূষিতং বৈজয়ন্ত্যা তু মালয়া শ্রীসমন্বিতম্ ॥২৩৪॥

অনুবাদ—তাঁহার জানু অংশে বক্ষ বিদারিত মহাঅসুর হিরণ্য কশিপু সংস্থাপন কর্ত্তব্য। বৈজয়ন্তী মালাদ্বারা ভূষিত এবং শ্রীলক্ষ্মী সমন্বিত বিগ্রহ কর্ত্তব্য ॥ ২৩৪ ॥

খড়্গচক্রধরং দেবং নৃসিংহং কারয়েদ্বুধঃ।
স্থাপয়েৎ পাপনাশায় জয়ায় নরকেশরিম্ ॥ ২৩৫ ॥

অনুবাদ—অভিজ্ঞ ব্যক্তি খড়্গ চক্রধর নৃসিংহদেব মূর্ত্তি করাইবেন এবং পাপ নাশনের জন্য ও বিজয় লাভের জন্য স্থাপন করিবেন ॥ ২৩৫ ॥

অথ বামনমূর্ত্তিলক্ষণম্

ভুজং ত্রিগোলকায়ামং বক্ষো বিস্তারশোভিতম্।
পানিপাদং তুরীয়াংশং প্রবৃদ্ধশিরসং তথা ॥ ২৩৬ ॥

অনুবাদ—অনন্তর শ্রীবামনমূর্ত্তি লক্ষণ—বামনমূর্ত্তির ভুজ ত্রিগোলক আয়াম, বক্ষ বিস্তীর্ণ ও শোভিত, হস্তপদ চতুর্থাংশ, শিরোদেশ বৃহৎ ॥ ২৩৬॥

উর্ব্বঙ্ঘ্রিদ্বিতয়ায়ামবিহীনমুখযুগ্মকম্।
কটিস্ফিক্‌পার্শ্বনাভীষু তদ্বদ্ধং বামনং বুধঃ।
কৃত্বা সংস্থাপয়েদ্দেবং মোহনার্থায় সর্ব্বথা ॥২৩৭॥

অনুবাদ—উরু, চরণদ্বয়, আয়াম হীন, কটিদেশ, পশ্চাদ্ভাগ, পার্শ্ব ও নাভি স্থূল, অভিজ্ঞ ব্যক্তি এইরূপ বামনমূর্ত্তি নির্ম্মাণ করিয়া সর্ব্বথা মোহনের জন্য স্থাপন করিবেন ॥ ২৩৭ ॥

অথ জামদগ্ন্যমূর্ত্তিলক্ষণম্

জামদগ্ন্যন্তু কুর্ব্বীত জটামুকুটমণ্ডিতম্।
চতুর্ব্বাহুং মহাভাগং সর্ব্বক্ষত্রান্তকং বিভুম্ ॥২৩৮॥

দক্ষিণে পরশুং হস্তে বামে দদ্যাত্তথা ধনুঃ ।
খড়্গং দক্ষিণহস্তে তু বামহস্তে তু খেটকম্ ॥২৩৯॥
কুঠারহস্তং দ্বিভুজং কুর্য্যাদ্বা রেণুকাসুতম্ ।
কৃত্বৈবং জামদগ্ন্যন্তু স্থাপয়েদ্যস্তু মানবঃ ।
স বিত্তং প্রাপ্নুয়াৎ শীঘ্রং কামাংশ্চ মনসেপ্সিতান্ ॥ ২৪০ ॥

অনুবাদ—অনন্তর জামদগ্ন্যমূর্ত্তি লক্ষণ—জামদগ্ন্যমূর্ত্তি জটামুকুট মণ্ডিত করিবেন। মহাভাগ, বিভু, চতুর্বাহু, সর্ব্বক্ষত্রিয়ের অন্তকারী, দক্ষিণহস্তে পরশু (কুঠার) বামহস্তে ধনুক, দক্ষিণহস্তে খড়্গ, বামহস্তে চর্ম্ম। অথবা—কুঠার হস্ত মূর্ত্তিকে দ্বিভুজ করিবেন, রেণুকাসুত জামদগ্ন্যকে এইরূপ মূর্ত্তি করিয়া যে মানব স্থাপন করিবে, তিনি শীঘ্র বিত্তলাভ করিবেন এবং মনোবাঞ্ছিত কাম্যফল সমূহও প্রাপ্ত হইবেন ॥ ২৩৮-২৪০ ॥

অথ রামমূর্ত্তিলক্ষণম্

কুর্য্যাদ্দাশরথিং রামং সপ্ততালং চতুর্ভুজম্ ।
শরকার্ম্মুকহস্তং তু শঙ্খচক্রধরং শুভম্ ॥ ২৪১ ॥

অনুবাদ—অনন্তর রামমূর্ত্তি লক্ষণ—দাশরথি রামচন্দ্র মূর্ত্তিকে সপ্ততাল উচ্চ ও চতুর্ভুজ করিবেন, ধনুর্বাণ হস্ত ও শঙ্খচক্রধর মঙ্গলময় মূর্ত্তি স্থাপন করিবেন ॥ ২৪১ ॥

দক্ষিণোর্দ্ধ্বং ভবেচ্চক্রং বামোর্দ্ধ্বং শঙ্খমেব চ ।
দক্ষিণাধো ভবেদ্বাণো বামাধো ধনুরেব চ ।
দ্বিভুজং শরহস্তং বা রামং কুর্য্যাৎ সকার্ম্মুকম্ ॥২৪২

অনুবাদ—দক্ষিণ ভাগে ঊর্ধ্বে চক্র, বাম ভাগে ঊর্ধ্বদেশে শঙ্খ, দক্ষিণ ভাগে নীচে বাণ, বামভাগে নীচে ধনুক। অথবা—দ্বিভুজ ধনুর্বাণ হস্ত রামচন্দ্র মূর্ত্তি করিবেন ॥ ২৪২ ॥

কৃত্বৈবং রাঘবং রামং সর্ব্বলক্ষণসংযুতম্ ॥
ক্রূরশত্রুবিনাশায় স্থাপয়েৎ সর্ব্বকামদম্ ॥ ২৪৩ ॥

অনুবাদ—এইরূপ সর্ব্ব লক্ষণ সংযুক্ত রঘুপতি রামমূর্ত্তি ক্রূর শত্রুবিনাশের জন্য ও সর্ব্বকাম লাভের জন্য স্থাপন করিবেন ॥ ২৪৩ ॥

অথ বলরামমূর্ত্তিলক্ষণম্

তৃতীয়ং তু যথা রামং চতুর্বাহুং শৃণুষ্ব মে ।
বামোর্দ্ধ্বং লাঙ্গলং দদ্যাদধঃ শঙ্খং সুশোভনম্ ।
গদাং কৃপাণং বা দদ্যাৎ সংস্থানে শক্তিচক্রয়োঃ ॥২৪৪

অনুবাদ—অনন্তর বলরামমূর্ত্তি লক্ষণ—তৃতীয় চতুর্ভুজ বলরাম মূর্ত্তি লক্ষণ আমা হইতে শ্রবণ কর, বাম উর্ধ্ব হস্তে লাঙ্গল এবং নিম্নহস্তে সুশোভন শঙ্খ দিবে, দক্ষিণে গদা অথবা খড়্গ দিবে শক্তি চক্র স্থানে ॥ ২৪৪ ॥

কৃত্বৈবং বলদেবং তু যো নরঃ স্থাপয়েৎ প্রভুম্ ।
পুত্রং দদাতি তস্যাথ বিপক্ষাংশ্চ জয়ত্যসৌ ॥২৪৫॥

অনুবাদ—এইরূপে বলদেব প্রভুকে যে মানব নির্ম্মাণ পূর্ব্বক স্থাপন করে, তাহার পুত্র লাভ হয় এবং বিপক্ষ সমূহ দলন হয় ॥ ২৪৫ ॥

অথ বুদ্ধলক্ষণম্

দশতালং তথা বুদ্ধং পদ্মাসনগতং হরিম্ ।
প্রলম্বশ্রবণং কুর্য্যাচ্চীবরালঙ্কৃতং তথা ॥ ২৪৬ ॥

অনুবাদ—অনন্তর বুদ্ধ লক্ষণ—বুদ্ধদেবকে পদ্মাসনস্থিত দশতাল উচ্চ করিবে, প্রলম্ব কর্ণ ও চীরবস্ত্র অলঙ্কৃত করিবে ॥ ২৪৬ ॥

মণিনাভং সমাধিস্থং পদ্মাস্যং পদ্মলোচনম্ ।
সমাধিস্থোত্তানপাণিং যোগদৃষ্টিসমন্বিতম্ ।
স্থাপয়েদ্রূপকামস্তু পিতেব জগতঃ স্থিতম্ ॥ ২৪৭ ॥

অনুবাদ—মণিনাভ সমাধিস্থ পদ্মবদন, পদ্মলোচন, সমাধিস্থ উত্তান হস্ত যোগদৃষ্টি যুক্ত, রূপকামী ব্যক্তি জগৎপিতার ন্যায় স্থাপন করিবে ॥ ২৪৭ ॥

অথ কল্কিলক্ষণম্

কল্কিনং তু চতুর্ব্বাহুং বদ্ধতূণং ধনুর্দ্ধরম্।
শঙ্খচক্রধরং কুর্য্যাত্তথা খড়্গধরং প্রভুম্ ॥ ২৪৮ ॥
দ্বিভুজং বা হয়ারূঢ়ং খড়্গপাণিং সুরেশ্বরম্।
কল্কিনং স্থাপয়িত্বৈবং শক্রস্থানং লভেন্নরঃ ॥২৪৯॥

অনুবাদ—অনন্তর কল্কি লক্ষণ—চতুর্ভুজ বদ্ধ-তূণ ধনুকধারী শঙ্খ, চক্রধর ও খড়্গধর প্রভুকে স্থাপন করিবে। অথবা দ্বিভুজ অশ্বারোহী খড়্গপাণি সুরেশ্বর এইরূপ কল্কিমূর্ত্তিকে স্থাপন করিয়া মানব শক্ররাজ্য লাভ করে ॥ ২৪৮-২৪৯ ॥

অথ নবব্যূহ-প্রতিমালক্ষণম্

কিঞ্চ—
আদিমূর্ত্তির্বাসুদেবঃ পূর্ব্বমেবোদিতো ময়া।
দক্ষিণোর্দ্ধে গদা যস্য বামোর্দ্ধেচক্রমুজ্জ্বলম্।
ব্রহ্মেশৌ পার্শ্বগৌ নিত্যং শেষমন্যচ্চ পূর্ব্ববৎ ॥২৫০

অনুবাদ—অনন্তর নবব্যূহ প্রতিমা লক্ষণ, আরও —নবব্যূহের আদি মূর্ত্তি বাসুদেব পূর্ব্বেই উক্ত হই-য়াছেন, যাঁহার দক্ষিণ উর্দ্ধ হস্তে গদা, বাম উর্দ্ধে উজ্জল চক্র, ব্রহ্মা ও শিব নিত্যপার্ষদ শেষ দেব ॥ ২৫০ ॥

দ্বিতীয়ো বাসুদেবোঽয়ং দ্বাপরাদৌ স উচ্যতে।
দ্বিভুজো বাথ কর্ত্তব্যো বামে শঙ্খধরঃ প্রভুঃ।
বরদো দক্ষিণেনাথ বাসুদেবো দ্বিধোদিতঃ ॥ ২৫১ ॥

অনুবাদ—দ্বিতীয় বাসুদেব ইনি দ্বাপরের আদিতে উক্ত হইয়াছেন দ্বিভুজ। অথবা বামে শঙ্খধারী প্রভু, দক্ষিণ হস্তে বরদ, এইভাবে বাসুদেব দ্বিবিধ ॥ ২৫১ ॥

বলদেবশ্চতুর্ব্বাহুঃ কুণ্ডলৈকবিভূষিতঃ।
লাঙ্গলী মুষলী দেবো গদাপদ্মধরো বিভুঃ।
শঙ্খচক্রগদাপানিঃ কর্ত্তব্যো বরদোঽথবা ॥ ২৫২ ॥

অনুবাদ—বলদেব চতুর্ভুজ, এক কুণ্ডল বিভূষিত লাঙ্গল, গদা, পদ্মধর বলদেব প্রভু। অথবা—শঙ্খ, চক্র, গদা ও বরদ করিবেন ॥ ২৫২ ॥

প্রদ্যুম্নস্তু চতুর্ব্বাহুঃ শঙ্খচক্রধরঃ শুভঃ।
চক্রং দক্ষিণহস্তে চ বামহস্তে ধনুস্তথা ॥ ২৫৩ ॥

অনুবাদ—প্রদ্যুম্ন চতুর্ভুজ শঙ্খ, চক্রধর মঙ্গলময়, চক্র দক্ষিণ হস্তে, বামহস্তে ধনুক ॥ ২৫৩ ॥

শঙ্খঞ্চ দক্ষিণে দদ্যাদ্‌গদাং বামে প্রদর্শয়েৎ।
প্রদ্যুম্নং কারয়েদ্দেবং সর্ব্বলক্ষণসংযুতম্ ॥ ২৫৪ ॥

অনুবাদ—শঙ্খ দক্ষিণে দিবে, গদা বামে দর্শন করাইবে, এইরূপ সর্ব্বলক্ষণ যুক্ত প্রদ্যুম্নদেব করাইবে ॥ ২৫৪ ॥

স্ত্রিয়ৌ চৈবাস্য কর্ত্তব্যে খড়্গচর্ম্মধরে শুভে।
রতিপ্রীত্যোর্মধ্যগতং কম্বুগ্রীবং সকার্ম্মুকম্।
দ্বিভুজং শরহস্তং বা প্রদ্যুম্নং কারয়েদ্‌বুধঃ ॥২৫৫॥

অনুবাদ—ইহার দুই স্ত্রী খড়্গ চর্ম্মধারিণী এবং মঙ্গলদায়িনী রতিদেবী ও প্রীতিদেবীর মধ্যে কম্বুগ্রীব ধনুকসহ দ্বিভুজ শরহস্ত প্রদ্যুম্ন অভিজ্ঞ ব্যক্তি করা-ইবে ॥ ২৫৫ ॥

অনিরুদ্ধঃ কম্বুগ্রীবশ্চতুর্ব্বাহুঃ প্রভূষিতঃ।
দক্ষিণেঽস্য গদা দেয়া চক্রশঙ্খৌ তু বামতঃ।
দক্ষিণে চ তথা পদ্মমনিরুদ্ধস্য দাপয়েৎ ॥ ২৫৬ ॥

অনুবাদ—অনিরুদ্ধ কম্বুগ্রীব চতুর্ভুজ বিভূষিত, ইহার দক্ষিণে গদা দিবে, বামে শঙ্খ, চক্র, দক্ষিণে অন্য হস্তে পদ্ম প্রদান করিবে ॥ ২৫৬ ॥

নারায়ণশ্চতুর্ব্বাহুঃ কার্য্যস্তল্লক্ষণং ময়া।
মূর্ত্তিদ্বাদশকে সর্ব্বং কীর্ত্তিতং ব্রহ্মণঃ শৃণু ॥ ২৫৭ ॥

অনুবাদ—নারায়ণ চতুর্ভুজ করণীয়, তাহার লক্ষণ দ্বাদশ মূর্ত্তি মধ্যে সকল বলা হইয়াছে। ব্রহ্মার লক্ষণ শ্রবণ কর ॥ ২৫৭ ॥

চতুর্ম্মুখশ্চতুর্বাহুর্বৃহজ্জঠরমণ্ডলঃ ।
উর্দ্ধমূর্দ্ধজটাজূটঃ সধূমঃ সমেখলঃ ।। ২৫৮ ।।

অনুবাদ—চতুর্ম্মুখ, চতুর্বাহু, বৃহৎ উদর, উপরে জটাজূট, ধূমসহ, মেখলাসহ ।। ২৫৮ ।।

শোভনং দক্ষিণে হস্তে দদ্যাদস্যাক্ষসূত্রকম্ ।
স্রুবঞ্চ দক্ষিণে দদ্যাদ্বামহস্তে তু কুণ্ডিকাম্ ।।২৫৯।।

অনুবাদ—ইহার দক্ষিণ হস্তে শোভন অক্ষসূত্র দিবে, অন্য দক্ষিণ হস্তে স্রুব দিবে, বামহস্তে কুণ্ডিকা (কমণ্ডলু) ।। ২৫৯ ।।

আজ্যস্থালীং কুশোপেতং বামহস্তে নিযোজয়েৎ ।
শঙ্খচক্রগদাপাণিঃ কার্য্যো বাথ চতুর্ম্মুখঃ ।। ২৬০ ।।

অনুবাদ—আজ্যস্থালী (ঘৃতপাত্র) কুশযুক্ত বাম-হস্তে প্রদান করিবে, অথবা—চতুর্ম্মুখ ব্রহ্মা শঙ্খ, চক্র, গদা হস্ত করিবে ।। ২৬০ ।।

সরস্বতী চ সাবিত্রী বামদক্ষিণসংস্থিতে ।
কর্ত্তব্যা মুনয়ো বাথ পরিবার্য্য ব্যবস্থিতাঃ ।। ২৬১ ।।

অনুবাদ—ইহার বামে সরস্বতী, দক্ষিণে সাবিত্রী স্থাপন করিবে, অথবা মুনিগণ পরিকর রূপে স্থাপিত করিবে ।। ২৬১ ।।

বিনিবিষ্টং সদা ব্রহ্মা কার্য্যো হ্যন্যস্ততোঽন্যথা ।
নৃসিংহবৎ স্বমাত্রা তু কিঞ্চিদভ্যধিকঃ স্মৃতঃ ।।২৬২

অনুবাদ—নবব্যূহ ব্যতীত অন্য ব্রহ্মা সর্ব্বদা ধ্যানাবিষ্ট কর্ত্তব্য, পরিমাণে নৃসিংহবৎ কিঞ্চিৎ অধিক জানিবে ।। ২৬২ ।।

বিষ্ণুরষ্টভুজঃ কার্য্যশ্চতুর্বাহুরথাপি বা ।
বৈনতেয়গতঃ সৌম্যঃ সংদষ্টৌষ্ঠপুটোঽপি বা ।।২৬৩

অনুবাদ—বিষ্ণু অষ্টভুজ করণীয় অথবা চতুর্ভুজ, গরুড় পৃষ্ঠস্থিত সৌম্য মূর্ত্তি, অথবা দন্তদ্বারা নিজ ওষ্ঠকে দংশন করিতেছেন ।। ২৬৩ ।।

খড়্গং গদাং শরং দদ্যাদ্দক্ষিণে বরদোঽপরঃ ।
কার্ম্মুকং খেটকং চক্রং শঙ্খং বামেঽস্য দাপয়েৎ ।। ২৬৪ ।।

অনুবাদ—অষ্টভুজ বিষ্ণুর দক্ষিণ ভাগে হস্তে খড়্গ, গদা, শর ও বরদ, বাম হস্ত সমূহে ধনুক, চর্ম্ম, চক্র, শঙ্খ ধারণ করাইবে ।। ২৬৪ ।।

চতুর্ভুজে গদা দেয়া দক্ষিণে বরদোঽবরঃ ।
বামে শঙ্খঞ্চ চক্রঞ্চ বিষ্ণুরেবংবিধো মতঃ ।। ২৬৫ ।।

অনুবাদ—চতুর্ভুজ বিষ্ণুর দক্ষিণে গদা ও বরদ, বামে শঙ্খ, চক্র—এই প্রকার স্বীকৃত ।। ২৬৫ ।।

নরসিংহশ্চতুর্বাহুঃ শঙ্খচক্রগদাধরঃ ।
শঙ্খচক্রধরো বাপি বিদারিতমহাসুরঃ ।। ২৬৬ ।।

অনুবাদ—নরসিংহ মূর্ত্তি চতুর্ভুজ শঙ্খ, চক্র, গদা-ধর, অথবা শঙ্খ, চক্রধর এবং মহাসুর হিরণ্য কশি-পুর বক্ষবিদারণকারী ।। ২৬৬ ।।

চতুর্বাহুর্বরাহস্তু শেষঃ পাণিপদে ধৃতঃ ।
ধারয়ন্ বাহুনা পৃথ্বীং বামেন কমলামথ ।। ২৬৭ ।।

অনুবাদ—চতুর্ভুজ বরাহদেব, হস্তে ও পদে শেষ দেব ধৃত বামবাহু দ্বারা পৃথিবীকে ধারণ করিয়া দক্ষিণ বাহুতে কমলা ।। ২৬৭ ।।

পাদলগ্না ধরা কার্য্যা যদা লক্ষ্মীর্ভুজস্থিতা ।
বরাহং কারয়েদ্দেবং শঙ্খচক্রগদাধরম্ ।। ২৬৮ ।।

অনুবাদ—যখন লক্ষ্মী বাহুস্থিতা, তখন পৃথিবী পাদলগ্না কর্ত্তব্যা, বরাহদেবকে শঙ্খ, চক্র, গদাধর করাইবে ।। ২৬৮ ।।

সপ্ততালৌ প্রশস্যেতে বরাহনরকেশরী।
নবতালাবভ্যধিকৌ পুরস্তাৎ কথিতৌ তব ॥২৬৯॥

অনুবাদ—বরাহদেব ও নরসিংহ সপ্ততাল উচ্চ প্রশস্ত, তোমাকে পূর্ব্বে নবতালের অধিক বলিয়াছি ॥ ২৬৯ ॥

অথ পুরুষোত্তমমূর্ত্তিলক্ষণম্

কিঞ্চ—
অষ্টবাহুং বুধঃ কুর্য্যাদ্দেবং ত্রৈলোক্যমোহনম্।
গরুড়াসনগং দেবং প্রথমে বয়সি স্থিতম্ ॥ ২৭০ ॥

অনুবাদ—অনন্তর পুরুষোত্তম মূর্ত্তি লক্ষণ, আরও—ত্রৈলোক্যমোহন পুরুষোত্তমদেবকে অভিজ্ঞ ব্যক্তি অষ্ট বাহু করিবে। গরুড়াসনস্থিত নবযৌবনান্বিত করিবে ॥ ২৭০ ॥

চক্রং খড়্গঞ্চ মুষলং সাঙ্কুশং দক্ষিণে ন্যসেৎ।
শঙ্খং শার্ঙ্গং গদাং পাশং বামহস্তেষু বিন্যসেৎ।
লক্ষ্মীসরস্বতী কার্য্যে পদ্মবীণাসমন্বিতে ॥ ২৭১ ॥

অনুবাদ— দক্ষিণভাগে চতুর্ভুজে চক্র, খড়্গ, মুষল অঙ্কুশ স্থাপিত করিবে, বামভাগে শঙ্খ শার্ঙ্গধনু, গদা, পাশ বিন্যাস করিবে, পদ্মহস্তা লক্ষ্মী ও বীণাধারিণী সরস্বতী মূর্ত্তিদ্বয় দক্ষিণে ও বামে স্থাপিত করিবে ॥ ২৭১ ॥

কিঞ্চ প্রতিষ্ঠাপ্রসঙ্গে—
অষ্টবাহুঃ পূর্ব্বমেব কথিতঃ পুরুষোত্তমঃ।
চতুর্বাহুং দ্বিবাহুঞ্চ সংক্ষেপাৎ কথয়ামি তে ॥২৭২॥

অনুবাদ—আরও প্রতিষ্ঠা প্রসঙ্গে—অষ্টবাহু পুরুষোত্তম পূর্ব্বেই বলা হইয়াছে, চতুর্বাহু ও দ্বিবাহু পুরুষোত্তম তোমাকে সংক্ষেপে বলিব ॥ ২৭২ ॥

দক্ষিণং শান্তিদং হস্তং কুর্য্যাদন্য দয়ান্বিতম্।
বামোর্দ্ধ্বং কারয়েচ্চক্রং পাঞ্চজন্যং তথা হ্যধঃ ॥২৭৩

অনুবাদ—চতুর্ভূজ পুরুষোত্তমের দক্ষিণ উর্দ্ধবাহু শান্তিপ্রদ, নিম্নবাহুদয়ান্বিত, বাম উর্দ্ধবাহু চক্র ও অধঃবাহু পাঞ্চজন্য শঙ্খযুক্ত করিবে ॥ ২৭৩ ॥

শ্রীপুষ্টিসহিতং কুর্য্যাৎ চতুর্বাহুং সুরোত্তমম্।
প্রাসাদে স্থাপয়েন্নিত্যং গৃহে বা মণ্ডপেঽপি বা ॥২৭৪

অনুবাদ—শ্রীদেবী ও পুষ্টিদেবী সহিত চতুর্বাহু পুরুষোত্তম নির্ম্মাণ করিবে এবং তাঁহাকে প্রাসাদে গৃহে বা মণ্ডপে নিত্যসেবায় স্থাপন করিবে ॥ ২৭৪ ॥

অথ দ্বিবাহুং তং দেবং কুর্য্যাচ্ছেদদ্বয়েন তু।
একং শান্তিকরং হস্তমপরং চক্রভূষিতম্।
শ্রীসরস্বতীসংযুক্তমেকমাল্লতনে ন্যসেৎ ॥ ২৭৫ ॥

অনুবাদ—অনন্তর দ্বিভুজ পুরুষোত্তমদেব দ্বিবিধ করিবে। এক শান্তিপ্রদ হস্ত, অন্যটি চক্র বিভূষিত হস্ত, শ্রীদেবী ও সরস্বতী দেবী সহ একই গৃহে স্থাপন করিবে ॥ ২৭৫ ॥

গদাচক্রধরং বাপি দ্বিভুজং পুরুষোত্তমম্।
সীরপানি-সমোপেতমেকানংশান্বিতং বিভুম্।
চতুরস্রায়তে ধাম্নি স্থাপয়েৎ সর্ব্বকামদম্ ॥ ২৭৬ ॥

অনুবাদ—অথবা গদা ও চক্রধর দ্বিভুজ পুরুষোত্তম, লাঙ্গল হস্ত, বলদেব সহ, মধ্যে একানংশা (সুভদ্রা) সমন্বিত প্রভুকে চতুষ্কোণ স্থানে বা গৃহে স্থাপন করিবে, ইনি সর্ব্বকামপ্রদ ॥ ২৭৬ ॥

অতসীপুষ্পসঙ্কাশং পীনবক্ষঃস্থলোরসম্।
লাবণ্যাম্বুজতোয়েন সিঞ্চন্তমিব সর্ব্বতঃ ॥ ২৭৭ ॥

অনুবাদ—অতসীপুষ্প সদৃশ নীলবর্ণ, বক্ষস্থল ও উরু স্থূল, সর্ব্বদিকে লাবণ্য পদ্মজল যেন সিঞ্চন করিতেছেন ॥ ২৭৭ ॥

ত্রৈলোক্যে যস্য রূপেণ ন ভূতো ন ভবিষ্যতি।
তং দেবং কারয়েৎ সৌম্যং পুরুষোত্তমমুত্তমম্ ॥২৭৮

অনুবাদ—ত্রৈলোক্যে যাহার রূপের সাম্য হয় নাই ও হইবে না, সেই সৌম্য-মূর্ত্তি উত্তম পুরুষোত্তম দেবকে নির্ম্মাণ করাইবে ॥ ২৭৮ ॥

বলদেবং দ্বিদোর্দণ্ডং মদবিভ্রান্তলোচনম্ ।
লাঙ্গলাসক্তপাণিন্তু মুষলোদ্যতদক্ষিণম্ ॥ ২৭৯ ॥

অনুবাদ—দ্বিভুজ বলদেবকে মদঘূর্ণিতলোচন, লাঙ্গলযুক্ত বামহস্তে দক্ষিণ হস্তে উন্নত মুষল নির্ম্মাণ করিবে ॥ ২৭৯ ॥

কুর্য্যাদ্বা তস্য বাহ্বোস্তু শঙ্খচক্রৌ সুশোভনৌ ।
শরচাপধরৌ বাপি বরশান্তিপ্রদৌ তথা ॥ ২৮০ ॥

অনুবাদ—অথবা বলদেবের বাহুদ্বয়ে শঙ্খ, চক্র সুশোভিত করিবে, অথবা ধনুর্বাণ ও বর-শান্তি প্রদ করাইবে ॥ ২৮০ ॥

কার্য্যৌ ভুজৌ মহাভাগ বলদেবস্য সত্তম ।
ভোগান্ পঞ্চাথবা সপ্ত কুর্য্যাদস্য ত্বনন্তবৎ ॥ ২৮১॥

অনুবাদ—হে সত্তম মহাভাগ ! বলদেবের পঞ্চ অথবা সপ্ত ফণা অনন্তদেবের ন্যায় করিবে ॥ ২৮১ ॥

একানংশাং তয়োর্মধ্যে কারয়েৎ সৌম্যরূপিণীম্ ।
বরদাং পদ্মহস্তাং বা দক্ষিণেন ভুজেন তু ॥ ২৮২ ॥

অনুবাদ—পুরুষোত্তম ও বলদেবের মধ্যে সৌম্য রূপধারিণী একানংশার (সুভদ্রা) মূর্ত্তি করাইবে, বরদা অথবা দক্ষিণ হস্তে পদ্মধারণ করাইবে ॥ ২৮২ ॥

শ্রোনিস্থ-বামহস্তাং তু কুর্য্যাত্তদ্রাং সুরেশ্বরীম্ ।
এবং তে দ্বিভুজো বিষ্ণুঃ কথিতঃ সর্ব্বকামদঃ ॥২৮৩

অনুবাদ—সুরেশ্বরী ভদ্রাকে শ্রোনিস্থ বামহস্তা-রূপে নির্ম্মাণ করাইবে, এইভাবে তোমাকে দ্বিভুজ সর্ব্বকামদ বিষ্ণু মূর্ত্তি বলা হইল ॥ ২৮৩ ॥

বলদেবেন সহিতো ভদ্রয়া চ সমন্বিতঃ ।
দেবস্য দক্ষিণে পার্শ্বে সুভদ্রাং বিনিবেশয়েৎ ।
ততঃ পরে মদাক্রান্তলোচনং স্থাপয়েদ্বলম্ ॥ ২৮৪ ॥

অনুবাদ—এই মূর্ত্তি বলদেবের ও সুভদ্রার সমন্বিত করিতে হয়। পুরুষোত্তম শ্রীজগন্নাথের দক্ষিণ পার্শ্বে সুভদ্রাকে বিন্যাস করিবে, তৎপরে মদাক্রান্ত-লোচন বলদেবকে স্থাপন করিবে ॥ ২৮৪ ॥

অথ বিশ্বরূপলক্ষণম্

কিঞ্চ—

বিংশদ্বাহুং বিশ্বরূপং কুর্য্যাত্তল্লক্ষণং শৃণু ।
চক্রং খড়্গঞ্চ মুষলমঙ্কুশং পাট্টিশং তথা ॥ ২৮৫ ॥
মুদ্‌গরঞ্চ তথা পাশং শক্তিং শূলং শরং তথা ।
দক্ষিণেষু প্রদদ্যাদ্বৈ বামেষু শৃণু সাম্প্রতম্ ॥ ২৮৬ ॥
শঙ্খং শার্ঙ্গং গদাং পাশং তোমরং লাঙ্গলং তথা ।
পরশুং ছুরিকাং দণ্ডং চর্ম্ম-প্রক্ষেপণং তথা ॥ ২৮৭ ॥

অনুবাদ—অনন্তর বিশ্বরূপ লক্ষণ, আরও—বিংশবাহু বিশ্বরূপ মূর্ত্তি করিবে তাহার লক্ষণ শ্রবণ কর, দক্ষিণ হস্ত সমূহে চক্র, খড়্গ, মুষল, অঙ্কুশ, পট্টিশ মুদ্‌গর, পাশ, শক্তি, শূল ও শর প্রদান করিবে। বাম দশ ভুজে সম্প্রতি শ্রবণ কর—শঙ্খ, শার্ঙ্গধনু, গদা, পাশ, তোমর, লাঙ্গল, পরশু, ছুরিকা, দণ্ড ও চর্ম্ম প্রদান করিবে ॥ ২৮৫-২৮৭ ॥

নৃসিংহোক্তং পরং মানং বিশ্বরূপস্য কীর্ত্তিতম্ ।
চতুর্ম্মুখং দক্ষিণেঽস্য ত্রিনেত্রং বামতো ন্যসেৎ ।
স্তুবন্তো মুনয়ঃ কার্য্যা বিদ্রবন্তো নিশাচরাঃ ॥২৮৮॥

অনুবাদ—নৃসিংহদেবের যে পরিমাণ বিশ্বরূপেরও সেই পরিমাণ। ইহার দক্ষিণে চতুর্ম্মুখ ব্রহ্মা ও বাম-ভাগে ত্রিনয়ন মহাদেবকে স্থাপন করিবে। স্তবকারী মুনিগণ ও ভয়ে পলায়ন শীল রাক্ষসগণকে পার্শ্বে স্থাপন করিবে ॥ ২৮৮ ॥

অথ জলশায়িমূর্ত্তিলক্ষণম্

বামপার্শ্বেন শয়িতং কারয়েজ্জলশায়িনম্ ।
শেষপর্য্যঙ্কগং দেবং চতুর্বাহুং জনার্দ্দনম্ ॥ ২৮৯ ॥

অনুবাদ—অনন্তর জলশায়ি-মূর্ত্তি-লক্ষণ—বাম পার্শ্বে শায়িত জলশায়ি মূর্ত্তিকে শেষ পালঙ্কে চতুর্বাহু জনার্দ্দনদেব মূর্ত্তিকে নির্ম্মাণ করাইবে ॥ ২৮৯ ॥

শ্রিয়া ধৃতৈকচরণং সর্ব্বালঙ্কারভূষিতম্ ।
দেবীভির্বিমলাদ্যাভিঃ সেব্যমানমিতস্ততঃ ।
নাভ্যুত্থপদ্মজারূঢ়পিতামহসমন্বিতম্ ॥ ২৯০ ॥

অনুবাদ—লক্ষ্মীদেবী কর্ত্তৃক ধৃত সর্ব্বালঙ্কার-ভূষিত একচরণ সেবিত, বিমলাদি অষ্ট শক্তি কর্ত্তৃক ইতস্তত সেব্যমান, নাভি হইতে উত্থিত পদ্মাসনারূঢ় লোকপিতামহ ব্রহ্মা সমন্বিত ॥ ২৯০ ॥

অথ লক্ষ্মীমূর্ত্তিলক্ষণম্

কিঞ্চ—

অষ্টতালা তু কর্ত্তব্যা দেবী লক্ষ্মীঃ সুরেশ্বরী ।
তৎক্রমং সৌরকাণ্ডে তু কথয়িষ্যে তবানঘ ॥ ২৯১ ॥

অনুবাদ—অনন্তর লক্ষ্মীমূর্ত্তি লক্ষণ, আরও—হে অনঘ ! তোমার নিকট সৌরকাণ্ডে লক্ষ্মীমূর্ত্তির লক্ষণ বলিব—সুরেশ্বরী লক্ষ্মীদেবী অষ্টতাল পরিমিতা কর্ত্তব্যা ॥ ২৯১ ॥

নবতালিকক্ষেত্রাং তু কথ্যমানামিতঃ শৃণু ।
ভ্রুবৌ যবাধিকে কার্য্যে যবহীনা তু নাসিকা ॥২৯২॥

অনুবাদ—এক্ষণে নবতালিকা মূর্ত্তির কথা বলি-শ্রবণ কর, ভ্রূদ্বয় এক যবের অধিক করণীয়, নাসিকা যবহীনা কর্ত্তব্য ॥ ২৯২ ॥

গোলোকেনাধিকং বক্ত্রং মূর্দ্ধ তির্য্যগ্বিবর্জ্জিতম্ ।
আয়তে নয়নে কার্য্যে ত্রিভাগোনৈর্যবৈস্ত্রিভিঃ ॥২৯৩॥

অনুবাদ—মুখ একগোলোকের অধিক, মুখ উর্দ্ধ বা টেরা হইবে না, নয়নদ্বয় ত্রিভাগ কম্ তিন যব আয়ত কর্ত্তব্য ॥ ২৯৩ ॥

তদর্দ্ধেন তু বৈপুল্যং নেত্রয়োঃ পরিকল্পয়েৎ ।
কর্ণপাশোঽধিকঃ কার্য্যঃ সৃকণ্যা সমসূত্রতঃ ॥২৯৪॥

অনুবাদ—নয়নদ্বয়ের বৈপুল্য তাহার অর্দ্ধেক পরিকল্পনা করিবে। কর্ণপাশ সৃকণীর সমসূত্র হইতে অধিক কর্ত্তব্য ॥ ২৯৪ ॥

নম্রং কলাবিহীনং তু কুর্য্যাদংসদ্বয়ং সদা ।
গ্রীবা সার্দ্ধকলা কার্য্যা তদ্বিস্তারোপশোভিতা ॥২৯৫॥

অনুবাদ—অংসদ্বয় (স্কন্ধদ্বয়) সর্ব্বদা নম্র ও কলাহীন করিবে, গ্রীবাদেশ সার্দ্ধকলা (দেড়কলা) কর্ত্তব্যা, তাহার বিস্তার শোভার অনুরূপ ॥ ২৯৫ ॥

নেত্রে বিনা তু বিস্তারে উরূ জানু চ পিণ্ডিকে ।
অঙ্ঘ্রি পৃষ্ঠে স্ফিচে কট্যাং যথাযোগ্যং
প্রকল্পয়েৎ ॥ ২৯৬ ॥

অনুবাদ—নয়নদ্বয় ব্যতীত বিস্তারে উরুদ্বয়, জানুদ্বয়, পিণ্ডিকা, চরণদ্বয়, পৃষ্ঠ, স্ফিচ ও কটিদেশ যথাযোগ্য কল্পনা করিবে ॥ ২৯৬ ॥

সপ্তাংশোনাস্তথাঙ্গুল্যো দৈর্ঘ্যং বিষ্কম্ভনাহতম্ ।
নেত্রৈকবর্জ্জিতায়ামা জঙ্ঘোরূ চ তথা কটিঃ ॥২৯৭॥

অনুবাদ—অঙ্গুলিসমূহ সপ্তাংশ হইতে কম, দৈর্ঘ্য যথাযথ, জঙ্ঘা, উরু ও কটিদেশ একনেত্রকম বিস্তার ॥ ২৯৭ ॥

মধ্যং পার্শ্বং ন তদ্বৃত্তং ঘনপীনং কুচদ্বয়ম্ ।
তালমাত্রৌ স্তনৌ কার্য্যৌ কটিঃ সার্দ্ধকলাধিকা ।
শেষমন্যদ্যথোদ্দিষ্টং লক্ষ্মীশ্চেয়ং প্রকীর্ত্তিতা ॥ ২৯৮

অনুবাদ—মধ্যদেশ ও পার্শ্ব গোলাকার নহে, কুচদ্বয় ঘন ও স্থূল। স্তনদ্বয় একতাল পরিমিত কর্ত্তব্য, কটি সার্দ্ধকলার অধিক, অন্য অঙ্গ সমূহ যেমন উল্লেখ আছে তদ্রূপ কর্ত্তব্য, এই লক্ষ্মী মূর্ত্তির কথা বলা হইল ॥ ২৯৮ ॥

সর্ব্বাভরণসম্পন্না মধ্যে ক্ষামা স্তনোন্নতা ।
শ্রোণীতটসুবিস্তীর্ণা কার্য্যা দেবী সুরেশ্বরী ॥ ২৯৯ ॥

অনুবাদ—সর্ব্ববিধ অলঙ্কার যুক্তা, মধ্যদেশ ক্ষীণ, উন্নত স্তনদ্বয়, শ্রোণীদেশ সুবিস্তীর্ণা সুরেশ্বরী লক্ষ্মীদেবী মূর্ত্তি কর্ত্তব্যা ॥ ২৯৯ ॥

———

দ্বিভুজা কম্বুগ্রীবা চ বিশালাক্ষী সুলক্ষণা ।
স্তনৌ সমুন্নতৌ কার্য্যৌ কঞ্চুকেনাবগুণ্ঠিতৌ ॥৩০০॥

অনুবাদ—দ্বিভুজা, কম্বুকণ্ঠী, বিশালাক্ষী ও সুলক্ষণা, স্তনদ্বয় উত্তম উন্নত ও কঞ্চুক দ্বারা আবৃত কর্ত্তব্য ॥ ৩০০ ॥

———

নাগহস্তোপমৌ বাহূ উরূ রম্ভাসমৌ শুভৌ ।
নানারত্নোজ্জ্বলং পট্টং দেব্যাঃ শিরসি দাপয়েৎ ॥৩০১

অনুবাদ—বাহুদ্বয় সর্পদেহবৎ, উরুদ্বয় মঙ্গল উল্টা কদলীবৃক্ষসম, নানারত্নে উজ্জ্বল পট্টবস্ত্র দেবীর মস্তকে অর্পণ করিবে ॥ ৩০১ ॥

———

নানারত্নোজ্জ্বলা দেব্যা মেখলা শ্রোণিসংযুতা ।
যুক্তা দিব্যেন হারেণ কেয়ূর-মুকুটোজ্জ্বলা ॥ ৩০২ ॥

অনুবাদ—নানারত্নে উজ্জ্বল দেবীর মেখলা শ্রোণী-দেশ সংযুক্তা, দিব্যহার যুক্তা বক্ষদেশ, বায়ুতে স্বর্ণ, অঙ্গদ, উজ্জ্বল স্বর্ণ মুকুট ॥ ৩০২ ॥

———

পদ্মাসনা প্রকর্ত্তব্যা পদ্ম শ্রীফলপাণিকা ।
দক্ষিণে পুণ্ডরীকন্তু বামহস্তে তু শ্রীফলম্ ॥ ৩০৩ ॥

অনুবাদ—পদ্মাসনে উপবিষ্টা ও হস্তে পদ্মপুষ্প এবং শ্রীফল শোভিতা, দক্ষিণ হস্তে শ্বেতপদ্ম, বামহস্তে শ্রীফল ॥ ৩০৩ ॥

———

স্থিতা বা ত্রিবলীভঙ্গশোভিতা চ প্রশস্যতে ।
স্ত্রিয়ৌ পার্শ্বদ্বয়ে কার্য্যে শুভে চামরহস্তিকে ॥৩০৪॥

অনুবাদ—অথবা দণ্ডায়মানা ত্রিবলি ভঙ্গ শোভিতা কটি প্রশস্তা । পার্শ্বদ্বয়ে চামর হস্তে শুভ শ্রীমূর্ত্তিদ্বয় শোভিতা ॥ ৩০৪ ॥

———

ভৃঙ্গারহস্তৌ দ্বৌ নাগৌ স্নপয়ন্তৌ শ্রিয়ং স্থিতৌ ।
শ্রীরিয়ং লক্ষণোপেতা স্থাপিতা সর্ব্বকামদা ॥৩০৫॥

অনুবাদ—ভৃঙ্গার হস্তে হস্তিদ্বয় লক্ষ্মীদেবীকে স্নান করাইতেছে, এইরূপ লক্ষণ যুক্তা লক্ষ্মীমূর্ত্তি স্থাপিত হইলে সর্ব্বকামপ্রদা হন ॥ ৩০৫ ॥

———

অথ গরুড়মূর্ত্তিলক্ষণম্

খগেশস্য প্রবক্ষ্যামি তব রূপং সুশোভনম্ ।
নরতুল্যং ভবেদ্‌গাত্রং নাসিকা চঞ্চুকান্বিতা ॥৩০৬॥

অনুবাদ—অনন্তর গরুড়মূর্ত্তি লক্ষণ—পক্ষিরাজ গরুড়ের সুশোভন রূপ তোমার নিকট বলিব, মনুষ্য-তুল্য শরীর হইবে, নাসিকা পক্ষির চঞ্চুযুক্ত ॥ ৩০৬॥

———

ষড়ঙ্গুলোচ্ছ্রায়া সম্যক্ চঞ্চুরূপেণ কল্পিতা ।
মস্তকে সুন্দরং কেশং নেত্রে চৈবাস্য বর্ত্তুলে ॥৩০৭॥

অনুবাদ—ষড়ঙ্গুল উচ্চ সম্পূর্ণ চঞ্চুরূপে কল্পিতা, মস্তকে সুন্দর কেশ, নেত্রদ্বয় গোলাকৃতি ॥ ৩০৭ ॥

———

আয়তৌ দ্বিভুজৌ চাস্য পক্ষৌ কার্য্যৌ সুশোভনৌ ।
স্কন্ধপ্রদেশ-সংলগ্ন-জলদগ্নি-সমপ্রভৌ ॥ ৩০৮ ॥

অনুবাদ—ইহার দ্বিভুজ আয়ত, পক্ষদ্বয় সুশোভন কর্ত্তব্য, স্কন্ধপ্রদেশ সংলগ্ন, প্রজ্বলিত অগ্নির ন্যায় প্রভাবিশিষ্ট ॥ ৩০৮ ॥

———

পাদয়োর্নখরাঃ কার্য্যাঃ সর্পমণ্ডলমণ্ডিতাঃ ।
নূপুরৌ তস্য দ্বৌ নাগৌ কেয়ূরৌ
পদ্মকম্বলৌ ॥ ৩০৯ ॥

অনুবাদ—পদদ্বয়ে নখসমূহ কর্ত্তব্য, ঐ নখে সর্প কুণ্ডলি শোভিত । দুইটি সর্প নূপুর, বাহুতে স্বর্ণ অঙ্গদরূপে পদ্ম ও কম্বল সর্পদ্বয় ॥ ৩০৯ ॥

———

কটিদেশেঽস্য কুলিকঃ পরিধানস্য বেষ্টনঃ ।
বৃশ্চিকৈঃ কর্ণিকা কার্য্যা গরুড়স্য মহাত্মনঃ ॥৩১০॥

অনুবাদ—কটিদেশে কুলিকসর্প পরিধেয়বস্ত্রকে বেষ্টন করিয়াছে। বৃশ্চিক দ্বারা কর্ণ কুণ্ডল মহাত্মা গরুড়ের কর্ত্তব্য ॥ ৩১০ ॥

দেবস্য পুরতঃ স্থাপ্যো যষ্ট্যাং বা মণ্ডপেঽথবা।
প্রাসাদস্য প্রমাণেন কার্য্যো গরুড়মণ্ডপঃ ।
যষ্ট্যাঃ সমুচ্ছ্রয়ঃ কার্য্যঃ প্রাসাদায়া-
মতোঽর্দ্ধতঃ ॥ ৩১১ ॥

অনুবাদ—শ্রীভগবানের সম্মুখে গরুড়মূর্ত্তি স্থাপন করিবে, অথবা দণ্ডের উপর, অথবা নাট্যমণ্ডপে, প্রাসাদের পরিমাণে উচ্চ গরুড়মণ্ডপ কর্ত্তব্য, স্তম্ভোপরি প্রাসাদের উচ্চতার অর্দ্ধ পরিমাণে উচ্চ কর্ত্তব্য ॥ ৩১১ ॥

কিঞ্চ—
সর্ব্বাষামেব দেবানাং বিষ্ণূক্তং মানমুচ্যতে ।
দেবীনামপি সর্ব্বাসাং লক্ষ্ম্যুক্তং মানমুচ্যতে ।
কিঙ্করাদ্যাশ্চ কর্ত্তব্যাঃ সপ্তসংস্থানসংযুতাঃ ॥ ৩১২ ॥

অনুবাদ—আরও—সকুল দেবগণের পরিমাণ বিষ্ণু বিষয়ে উক্ত পরিমাণ সম। দেবী সকলেরও পরিমাণ লক্ষ্মী বিষয়ে উক্ত পরিমাণবৎ। সেবকগণের পরিমাণ সপ্ত সংস্থান সংযুক্ত ॥ ৩১২ ॥

অথ শ্রীমূর্ত্ত্যঙ্গাধিক্যাদি-দোষাঃ

মাৎস্যে—
নাধিকাঙ্গী ন হীনাঙ্গী কর্ত্তব্যা দেবতা কৃচিৎ ।
স্বামিনং ঘাতয়ত্যূনা করালবদনা তথা ॥ ৩১৩ ॥

অনুবাদ—অনন্তর শ্রীমূর্ত্তির অঙ্গ আধিক্যাদি দোষ, মৎস্যপুরাণে—দেবতা মূর্ত্তি কখনও অধিকাঙ্গী বা হীনাঙ্গী কর্ত্তব্য নহে। হীনাঙ্গী গৃহস্বামীকে যাতনা প্রদান করে এবং করাল বদনাও সেইরূপ ॥ ৩১৩ ॥

অধিকা শিল্পিনং হন্যাৎ কৃশা চৈবার্থনাশিনী ।
কৃশোদরী তু দুর্ভিক্ষং নির্মাংসা ধননাশিনী ॥ ৩১৪॥

অনুবাদ—অধিকাঙ্গী শিল্পীকে বধ করিবে, কৃশা অর্থ নাশিনী হইবে। কৃশোদরী দুর্ভিক্ষ আনয়ন করে, মাংসহীনা ধননাশিনী হয় ॥ ৩১৪ ॥

বক্রনাসা তু দুঃখায় সংক্ষিপ্তাঙ্গী ভয়ঙ্করী ।
চিপিটা দুঃখ-শোকায় অনেত্রা নেত্রানাশিনী ॥ ৩১৫ ॥

অনুবাদ—বক্রনাসা দুঃখের কারণ, সংক্ষিপ্তাঙ্গী ভয়ঙ্করী, চেপ্টা দুঃখ শোকপ্রদা, নেত্রহীনা নেত্রনাশিনী ॥ ৩১৫ ॥

দুঃখদা হীনবক্ত্রা তু পানিপাদকৃশা তথা ।
হীনাংশা হীনজঙ্ঘা চ ভ্রমোন্মাদকরী নৃণাম্ ॥৩১৬॥

অনুবাদ—বক্ত্রহীনা দুঃখপ্রদা, পাণিপাদ কৃশাও তদ্রূপ, স্কন্ধহীনা ও হীনজঙ্ঘা মানবগণের ভ্রম ও উন্মাদকরী ॥ ৩১৬ ॥

শুষ্কবক্ত্রা তু রাজানং কটিহীনা চ যা ভবেৎ ।
পানিপাদবিহীনায়াং জায়তে নরকো মহান্ ॥ ৩১৭॥

অনুবাদ—শুষ্কবক্ত্রা ও কটিহীনা রাজাকে বিনাশ করে, হস্তপদ বিহীন মূর্ত্তি হইলে মহানরকে যায় ॥ ৩১৭ ॥

জঙ্ঘাহীনা তু যা স্বর্চ্চা শত্রুকল্যাণকারিণী ।
পুত্রমিত্রবিনাশায় হীনা বক্ষঃস্থলে তু যা ।
সংপূর্ণাবয়বা যা তু আয়ুর্লক্ষ্মীপ্রদা সদা ॥ ৩১৮ ॥

অনুবাদ—জঙ্ঘাহীনা মূর্ত্তি শত্রুর কল্যাণদায়িনী, বক্ষোহীন মূর্ত্তি পুত্রমিত্র বিনাশিনী হয়, যে সম্পূর্ণাঙ্গযুক্তা তাহা আয়ু ও লক্ষ্মীপ্রদা হয় ॥ ৩১৮ ॥

বারাহ্যাম্—
নৃপভয়মত্যঙ্গায়াং হীনাঙ্গায়ামকল্পতা কর্ত্তুঃ ।
শাতোদর্য্যাং ক্ষুদ্ভয়মর্থবিনাশঃ কৃশাঙ্গায়াম্ ।
মরণং তু ক্ষতায়াং শস্ত্র-নিপাতেন
নির্দ্দিশেৎ কর্ত্তুঃ ॥ ৩১৯ ॥

অনুবাদ—বরাহপুরাণে—প্রতিমা অধিকাঙ্গী হইলে রাজভয়, হীনাঙ্গী হইলে কর্ত্তার হীনাবস্থা, কৃশোদরী ক্ষুধা ও ভয়, কৃশাঙ্গা অর্থ বিনাশিনী, শস্ত্র পতনদ্বারা ক্ষত হইলে কর্ত্তার মরণ নির্দ্দেশ করে ॥ ৩১৯ ॥

বামে বিনতা পত্নীং দক্ষিণবিনতা হিনস্ত্যায়ুঃ ।
অন্ধত্বমূর্দ্ধদৃষ্ট্যাং করোতি চিন্তামধোমুখী দৃষ্টিঃ ॥ ৩২০ ॥

অনুবাদ—বামে নতা পত্নীকে নাশকরে, দক্ষিণে নতা আয়ুহীন করে, উর্দ্ধ দৃষ্টিতে অন্ধতা করে, অধোমুখী দৃষ্টি আনয়ন করে ॥ ৩২০ ॥

কিঞ্চ শ্রীপ্রহলাদোক্তো পুরাণোদ্ধারেঽপি—
সুরার্চ্চাং লক্ষণৈর্হীনাং যস্তু পূজয়তে নর ।
তস্যান্নং নাভিগৃহ্ণন্তি তস্মাত্তাং পরিবর্জ্জয়েৎ ॥৩২১

অনুবাদ—আরও—শ্রীপ্রহলাদোক্ত পুরাণোদ্ধারেও—যে মানব লক্ষণ বিহীন দেবমূর্ত্তি পূজা করে, তাহার অন্ন দেবগণ গ্রহণ করেন না, সুতরাং ঐ মূর্ত্তি পরিবর্জ্জন করিবে ॥ ৩২১ ॥

অথ দ্রব্যভেদেন শ্রীমূর্ত্তিভেদঃ

মাৎস্যে—
চিত্রজা চৈব লেপ্যা চ শস্ত্রোৎকীর্ণা চ পাকজা ।
পটে কুড্যে চ পাত্রে চ চিত্রজা প্রতিমা স্মৃতা ॥৩২২॥

অনুবাদ—অনন্তর দ্রব্যভেদে শ্রীমূর্ত্তিভেদ, মৎস্য-পুরাণে—চতুর্ব্বিধা মূর্ত্তি—চিত্রজা, লেপ্যা, শাস্ত্রোৎকীর্ণা ও পাকজা। পটে, প্রাচীরে ও পাত্রে চিত্রিত করিলে সেই প্রতিমাকেই চিত্রজা বলা হয় ॥ ৩২২ ॥

লেপ্যা তু পার্থিবী জ্ঞেয়া লোহজা পাকজা মতা ।
শৈলজা বৃক্ষজা চৈব শস্ত্রোৎকীর্ণা চ কীর্ত্তিতা ॥ ৩২৩ ॥

অনুবাদ—লেপ্যা মৃন্ময়ী জানিবে, লৌহজা পাকজা স্বীকৃতা, শৈলজা ও বৃক্ষজাকে শস্ত্রোৎকীর্ণা বলা হয় ॥ ৩২৩ ॥

চতুর্দ্ধা দ্রব্যভেদেন প্রতিমা পরিকীর্ত্তিতা ॥ ৩২৪ ॥

অনুবাদ—দ্রব্যভেদে চতুর্ব্বিধা প্রতিমা পরিকীর্ত্তিতা হয় ॥ ৩২৪ ॥

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে—
মৃন্ময়ী দারুঘটিতা লোহজা রত্নজা তথা ।
শৈলজা গন্ধজা চৈব কৌসুমী সপ্তমী স্মৃতা ॥ ৩২৫॥

অনুবাদ—শ্রীহয়শীর্ষ পঞ্চরাত্রে—মৃন্ময়ী, দারু-ঘটিতা, লৌহজা, রত্নজা, শৈলজা, গন্ধজা, কৌসুমী—সপ্তবিধ প্রতিমা জানিবে ॥ ৩২৫ ॥

কৌসুমী রত্নজা চৈব মৃন্ময়ী প্রতিমা হিতা ।
তৎকালপূজিতাশ্চৈতাঃ সর্ব্বকামফলপ্রদাঃ ॥ ৩২৬ ॥

অনুবাদ—কৌসুমী, রত্নজা, মৃন্ময়ী প্রতিমা মঙ্গল-প্রদা, সেইকালে পূজিতা এই সকল মূর্ত্তি সর্ব্বকাম ফলপ্রদা ॥ ৩২৬ ॥

কিঞ্চ—
ভাগ্যদা শৈলজা স্যাচ্চ স্বর্ণজা পুষ্টিদা ভবেৎ ।
সুখপ্রদা স্যান্মণিজা রাজতী কীর্ত্তিদা ভবেৎ ॥ ৩২৭॥

অনুবাদ—আরও—শৈলজা প্রতিমা ভাগ্যদা, স্বর্ণজা পুষ্টি প্রদা হয়। মণিজা সুখপ্রদা, রৌপ্যজা কীর্ত্তিপ্রদা ॥ ৩২৭ ॥

তাম্রজা ধনদা প্রোক্তা শ্রীপ্রদা বৃক্ষজা মতা ।
কৌসুমী সুখদা প্রোক্তা গন্ধজা ভোগদা মতা ॥৩২৮॥

অনুবাদ—তাম্রজা ধনপ্রদা, বৃক্ষজা শ্রীপ্রদা, কৌসুমী সুখদা, গন্ধজা ভোগপ্রদা ॥ ৩২৮ ॥

প্রত্যগ্রস্থাপিতা বাপি মৃন্ময়ী সর্ব্বসিদ্ধিদা ॥ ৩২৯ ॥

অনুবাদ—মৃন্ময়ী নূতন স্থাপিতা হইলে সর্ব্বসিদ্ধি প্রদা ॥ ৩২৯ ॥

———

কিঞ্চ তত্রৈব চিত্রজা-প্রতিষ্ঠা-প্রসঙ্গে—

যাবন্তি বিষ্ণুরূপাণি সুরূপাণীহ লেখয়েৎ ।
তাবদ্‌যুগ-সহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে ॥ ৩৩০ ॥

অনুবাদ—আরও হয়শীর্ষপঞ্চরাত্রে চিত্রজা প্রতিষ্ঠা প্রসঙ্গে—যতগুলি বিষ্ণুপ্রতিমা সুন্দরভাবে ইহলোকে লিখিবে তত সহস্রযুগ বিষ্ণুলোকে বিরাজ করিবে ॥ ৩৩০ ॥

———

লেপ্যে চিত্রে হরির্নিত্যং সন্নিধানমুপৈতি হি ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন লেপ্যচিত্রগতং যজেৎ ॥ ৩৩১ ॥

অনুবাদ—চিত্রলেখা ও মৃন্ময়ী মূর্ত্তিতে শ্রীহরি নিত্য বিরাজ করেন। অতএব সর্ব্ববিধ প্রযত্নসহ মৃন্ময়ী ও চিত্র প্রতিমা যজন করিবে ॥ ৩৩১ ॥

———

কান্তিভূষণভাবাদ্যাশ্চিত্রে যস্মাৎ স্ফুটং স্থিতাঃ ।
অত সান্নিধ্যমায়াতি চিত্রজাসু জনার্দ্দনঃ ।
তস্মাচ্চিত্রার্চ্চনে পুণ্যং স্মৃতং শতগুণং বুধৈঃ ॥৩৩২

অনুবাদ—দেহকান্তি ভূষণ ও ভাবাদি যেহেতু চিত্রে পরিস্ফুট থাকে অতএব চিত্রজা প্রতিমা সমূহে জনার্দ্দন সান্নিধ্য প্রাপ্ত হন। সেইহেতু অভিজ্ঞগণ চিত্রপট অর্চ্চনে শতগুণ পুণ্য স্মরণ করেন ॥ ৩৩২ ॥

———

চিত্রস্থং পুণ্ডরীকাক্ষং সবিলাসং সবিভ্রমম্ ।
দৃষ্ট্বা বিমুচ্যতে পাপৈর্জন্মকোটি-সুসঞ্চিতৈঃ ॥৩৩৩॥

অনুবাদ—চিত্রমধ্যে পুণ্ডরীকাক্ষ শ্রীভগবানকে বিলাস বিভ্রম সহ দর্শন করিয়া কোটি জন্ম সুসঞ্চিত পাপসমূহ হইতে হয় ॥ ৩৩৩ ॥

———

তস্মাচ্ছুভার্থিভির্ধীরৈর্মহাপুণ্য-জিগীষয়া ।
পটস্থঃ পূজনীয়স্তু দেবো নারায়ণঃ প্রভুঃ ॥
ইতি ॥ ৩৩৪ ॥

অনুবাদ—অতএব পণ্ডিত শুভপ্রার্থীগণ মহাপুণ্য লাভেচ্ছায় প্রভু নারায়ণ দেবকে চিত্রপটস্থ পূজা করিবেন ॥ ৩৩৪ ॥

———

অথ শিলাগ্রহণম্

ত্রিকূটাদ্রিষু গৃহ্ণীয়াৎ কিংবা শ্রীপর্ব্বতাদিষু ।
শিলাং ভূমিগতাং বাথ জ্ঞাত্বা তল্লক্ষণং বুধঃ ॥৩৩৫

অনুবাদ—অনন্তর শিলাগ্রহণ—ত্রিকূট পর্ব্বতাদি হইতে অথবা শ্রীশৈলাদি হইলে শিলা অথবা ভূমিগত উত্তম লক্ষণ জানিয়া অভিজ্ঞ ব্যক্তি শিলা গ্রহণ করিবেন ॥ ৩৩৫ ॥

———

তথা চ তত্রৈব—

সুবারে সুতিথৌ যোগে ঋক্ষে সুকরণান্বিতে ।
আপূর্য্যমাণপক্ষে তু সুগ্রহে চোত্তরায়ণে ॥ ৩৩৬ ॥
যজমানানুকূলে তু প্রতিমার্থং ব্রজেদ্‌গুরুঃ ।
শ্বেতবস্ত্রপরীধানঃ শ্বেতচন্দনচর্চ্চিতঃ ॥ ৩৩৭ ॥
শ্বেতপুষ্পকৃতাপীড়ঃ শিল্পিভিঃ সহিতো গুরুঃ ।
নিপুণৈঃ শিল্পিভিঃ সার্দ্ধং সহায়ৈর্বলবত্তরৈঃ ॥ ৩৩৮॥

অনুবাদ—সেইরূপই উক্তগ্রন্থে—শুভবারে, শুভতিথিতে, শুভযোগে, শুভনক্ষত্রে, উত্তমকরণে, শুক্লপক্ষে, উত্তমগ্রহে এবং উত্তরায়ণে যজমানের হিতার্থে শ্বেতবস্ত্র পরিধান করিয়া, শ্বেতচন্দন চর্চ্চিত হইয়া, শ্বেতপুষ্পে রচিত মুকুট পরিধান করিয়া সুনিপুণ শিল্পিগণের ও উত্তম বলবান সহায়কারীগণের সহিত শ্রীগুরুদেব প্রতিমার নিমিত্ত যাত্রা করিবেন ॥ ৩৩৬-৩৩৮ ॥

———

নৃসিংহং পূজ্য বিজ্ঞাপ্য পূজ্য টঙ্কাদিকং ততঃ ।
ধ্যাত্বা হরিং হবিঃ প্রাশ্য মন্ত্রাঙ্গন্যস্তবিগ্রহঃ ॥ ৩৩৯ ॥
ব্রাহ্মণান্ বাচয়িত্বা তু ভক্ত্যা মঙ্গলদর্শনম্ ।
দধিদূর্ব্বাং রোচনাং বা আদর্শং কুসুমং সিতম্ ।
ফলঞ্চ পূর্ণকুম্ভঞ্চ বন্দয়িত্বা বনং ব্রজেৎ ॥ ৩৪০ ॥

অনুবাদ—শ্রীনৃসিংহদেবকে অর্চ্চন করতঃ প্রার্থনা জানাইয়া, তৎপরে কুঠারাদিকে পূজা করিয়া শ্রী-

হরিকে ধ্যান পূর্ব্বক ঘৃত পান করিয়া নিজ অঙ্গে মন্ত্রাঙ্গ ন্যাস করিয়া ব্রাহ্মণগণকে স্বস্তি বাচন করাইয়া ভক্তি পূর্ব্বক দধি, দূর্ব্বা, গোরোচনা, দর্পণ শ্বেতপুষ্পাদি মঙ্গল দর্শন করিয়া ফল ও পূর্ণকুম্ভকে বন্দনা করিয়া বনে গমন করিবেন ॥ ৩৩৯-৩৪০ ॥

দিব্যান্তরীক্ষভৌমানি নিমিত্তান্যুপলক্ষয়েৎ ॥ ৩৪১ ॥
যায়াচ্ছুভনিমিত্তেষু বিপরীতে নিবর্ত্তয়েৎ ।
ত্রিরাচম্য ততঃ প্রাণান্ ধ্যায়েৎ সিংহতনুং হরিম্ ॥ ৩৪২ ॥

অনুবাদ—দিব্য আন্তরীক্ষ্য ও ভৌম নিমিত্ত সমূহের দিকে গুরুদেব দৃষ্টিপাত করিবেন, যদি শুভ নিমিত্ত দর্শন হয় তবে বনে গমন করিবেন, তদ্বিপরীত নিমিত্ত দর্শন হইলে নিবৃত্ত থাকিবেন, তিনবার আচমন পূর্ব্বক প্রাণায়াম করিয়া নৃসিংহ বিগ্রহ শ্রীহরিকে ধ্যান করিবে ॥ ৩৪১-৩৪২ ॥

পুনশ্চাষ্টোত্তরং জপ্ত্বা পাতালমুষলং জপেৎ ।
গীতবাদ্যরবোদ্ঘুষ্টা যাত্রা স্যাৎ সিদ্ধিদা নৃণাম্ ॥ ৩৪৩ ॥

অনুবাদ—পুনরায় অষ্টবার জপ করিয়া পাতাল-মূষল মন্ত্র জপ করিবেন, উচ্চরবে গীতবাদ্য ঘোষণা সহ যাত্রা মানবগণের সিদ্ধিপ্রদা হয় ॥ ৩৪৩ ॥

লক্ষ্মীং ধ্যায়ন্ বনং যায়াৎ সহায়ৈঃ শিল্পিভিঃ সহ ।
শঙ্খকাহলশব্দৈশ্চ পুণ্যাহজয়মিশ্রিতৈঃ ॥ ৩৪৪ ॥
ঋগ্ যজুঃসামসঙ্ঘৈশ্চ ধ্যায়ন্ সিংহং বনং ব্রজেৎ ।
প্রাচীং দিশমথোদীচীমৈশানীং বা ব্রজেদ্গুরুঃ ॥ ৩৪৫ ॥

অনুবাদ—লক্ষ্মীদেবীকে ধ্যান করিতে করিতে বনে সহায় ও শিল্পিগণ সহ যাত্রা করিবেন, শঙ্খ, কাহল শব্দসহ পুণ্যাহবাচন জয়ধ্বনি সহ ঋক্-যজুঃ সামবেদ ধ্বনি সহ নৃসিংহদেবকে ধ্যান করিতে করিতে বনে গমন করিবে। পূর্ব্বদিকে, উত্তরদিকে বা ঈশান কোণে গুরুদেব গমন করিবেন ॥৩৪৪-৩৪৫

ভূধরাদ্যাস্তু যে পূর্ব্বং সংস্থানাঃ কথিতা ময়া ।
তত্র গত্বা সমীপে তু কৃতরক্ষো বনং বিশেৎ ॥৩৪৬॥

অনুবাদ—আমি যে সকল পর্ব্বতাদি সংস্থান পূর্ব্বে বলিয়াছি, সেখানে নিকটে গিয়া রক্ষা কবচ ধারণ বা পাঠ করিয়া বনে প্রবেশ করিবে ॥ ৩৪৬ ॥

প্রবিশেত্তত্র যত্নেন শিল্পিভিঃ সহিতো গুরুঃ ।
নিরূপয়েৎ সমন্তাত্তু বৃক্ষং বাপ্যথ বা শিলাম্ ॥৩৪৭॥

অনুবাদ—সেস্থানে যত্নপূর্ব্বক শিল্পিগণ সহ গুরু চতুর্দ্দিকে বৃক্ষ বা শিলা নিরূপণ করিবেন ॥ ৩৪৭ ॥

লক্ষণেন তু মন্ত্রজ্ঞো যৎ পূর্ব্বং কথিতং ময়া ।
একবর্ণাং শিলাং দৃষ্ট্বা বাহ্যদোষবিবর্জ্জিতাম্ ॥৩৪৮
চতুর্দিক্ষু সমং কৃত্বা ভূমিভাগং বিশোধয়েৎ ।
প্লাব্য তোয়েন পূতেন গোময়েন বিলেপয়েৎ ॥ ৩৪৯॥

অনুবাদ—লক্ষণ অনুসারে মন্ত্রবিৎ গুরু পূর্ব্বে যাহা আমি বলিয়াছি সেইরূপ একবর্ণা শিলা বাহ্য-দোষ বিবর্জিত দর্শন করিয়া চতুর্দ্দিকে সমান করিয়া ভূমিভাগকে শোধন করিবে। পবিত্র জলদ্বারা ধৌত করিয়া গোময় লেপন করিবেন ॥ ৩৪৮-৩৪৯ ॥

তত্রৈব মণ্ডপং কৃত্বা বাসুদেবং ততো জপেৎ ।
পতাকৈস্তোরণৈশ্চিত্রৈর্মণ্ডপং তং বিভূষয়েৎ ॥ ৩৫০॥

অনুবাদ—সেখানেই মণ্ডপ করিয়া বাসুদেব মন্ত্র জপ করিবে, পতাকাসমূহ দ্বারা তোরণ দ্বার নির্ম্মাণ করিয়া বিচিত্র মণ্ডপে বিভূষিত করিবে ॥ ৩৫০ ॥

পূজয়েদথ দিগ্দেবান্ ভূতক্রূরবলিং হরেৎ ।
মাষং হরিদ্রাচূর্ণঞ্চ দধি-শক্তুসমন্বিতম্ ॥ ৩৫১ ॥
সলাজমাষভক্তঞ্চ দদ্যাৎ ক্রূরবলিং বুধঃ ।
বিষ্ণুং পূজ্য বিধানেন ক্রমশস্তান্ প্রপূজয়েৎ ॥৩৫২॥

অনুবাদ—অনন্তর দিক্ দেবগণকে পূজা করিয়া ক্রূর ভূতগণকে বলি উপহার দিবে, যথা—মাষ, হরিদ্রাচূর্ণ, দধি, ছাতু সমন্বিত, খই সহ মাষকলাইর

অন্ন এই সকল অভিজ্ঞ ব্যক্তি ক্রূরবলি প্রদান করিবে এবং যথাবিধি বিষ্ণুপূজা করিয়া ক্রমশ দিগ্‌দেবতা-গণকে পূজা করিবে ॥ ৩৫১-৩৫২ ॥

বায়ব্যামস্ত্রমন্ত্রেণ গন্ধপুষ্পৈঃ প্রপূজয়েৎ।
বহ্নিং প্রজ্বাল্য বিধিনা মন্ত্রান্ সন্তর্প্য পূজয়েৎ ॥ ৩৫৩ ॥

অনুবাদ—বায়ুকোণে অস্ত্রমন্ত্র দ্বারা গন্ধ পুষ্পসহ পূজা করিবে, যথাবিধি অগ্নি প্রজ্বালিত করিয়া মন্ত্র সকলকে তর্পণ করিয়া পূজা করিবে ॥ ৩৫৩ ॥

হুত্বা যথোক্তবিধিনা শান্তিতোয়ং সমারভেৎ।
শান্তিতোয়ং ততো গৃহ্য অস্ত্রেণ প্রোক্ষয়েচ্ছিলাম্ ॥ ৩৫৪ ॥

অনুবাদ—যথাবিধি হোম করিয়া শান্তিজল প্রস্তুত করিবে, শান্তিজল গ্রহণ করিয়া অস্ত্রমন্ত্র দ্বারা শিলাকে প্রোক্ষণ করিবে ॥ ৩৫৪ ॥

দর্ভৈরুল্লেখয়েৎ পশ্চাদস্ত্রমন্ত্রেণ তাং শিলাম্।
মন্ত্রৈরালভ্য তাং যত্নাৎ শুক্লবস্ত্রেণ বেষ্টয়েৎ ॥ ৩৫৫

অনুবাদ—অস্ত্রমন্ত্র দ্বারা ঐ শিলাকে কুশ দ্বারা লেখন পূর্ব্বক মন্ত্র সমূহ দ্বারা আলভন করিয়া যত্ন-সহকারে শুক্লবস্ত্র দ্বারা বেষ্টন করিবে ॥ ৩৫৫ ॥

রক্ষাং কৃত্বা নৃসিংহেন দর্ভৈরাচ্ছাদ্য পূজয়েৎ।
গন্ধৈঃ পুষ্পৈশ্চ নৈবেদ্যধূপৈঃ সম্পূজ্য তাং শিলাম্ ॥ ৩৫৬ ॥

অনুবাদ—নৃসিংহ মন্ত্র দ্বারা রক্ষা করিয়া কুশ-দ্বারা আচ্ছাদন করিয়া পূজা করিবে। গন্ধ, পুষ্প, ধূপ, নৈবেদ্য দ্বারা ঐ শিলাকে পূজা করিবে ॥ ৩৫৬॥

ততস্তু মূলমন্ত্রেণ আজ্যমষ্টোত্তরং হুনেৎ।
ততঃ পূর্ণাহুতিং দদ্যাৎ মন্ত্ররাজেন বৈ গুরুঃ ॥ ৩৫৭

অনুবাদ—অনন্তর গুরুদেব মূলমন্ত্র দ্বারা অষ্টোত্তর-শত ঘৃত হোম করিবেন। তৎপরে মন্ত্ররাজ দ্বারা পূর্ণাহুতি দিবেন ॥ ৩৫৭ ॥

এবং সন্তর্প্য সম্পূজ্য বিজ্ঞাপ্য চ বলিং হরেৎ।
গন্ধৈঃ পুষ্পৈস্তথা ধূপৈর্দদ্যাদ্ভূতবলিং বুধঃ ॥ ৩৫৮ ॥

অনুবাদ—এইভাবে সন্তর্পণ পূজন বিজ্ঞাপন করিয়া নৈবেদ্য উপহার দিবে। অভিজ্ঞব্যক্তি গন্ধ, পুষ্প ও ধূপদ্বারা ভূতবলি দিবে ॥ ৩৫৮ ॥

অত্র যেঽবস্থিতাঃ সত্ত্বা যাতুধানাশ্চ গুহ্যকাঃ।
সিদ্ধাদয়ো বা যে চান্যে তাং সম্পূজ্য ক্ষমাপয়েৎ ॥ ৩৫৯ ॥

অনুবাদ—এইস্থানে যে সকল প্রাণি রাক্ষস, গুহ্যক, সিদ্ধ প্রভৃতি অথবা অন্যে যাহারা বাস করে তাহা-দিগকে পূজা করিয়া ক্ষমা প্রার্থনা করিবে ॥ ৩৫৯ ॥

অথ ক্ষমাপণম্

বিষ্ণুবিম্বার্থমস্মাকং যাত্রৈষা কেশবাজ্ঞয়া।
বিষ্ণ্বর্থং যদ্ভবেৎ কার্য্যং যুষ্মাকমপি তদ্ভবেৎ ॥৩৬০

অনুবাদ—অনন্তর ক্ষমাপণ—বিষ্ণু প্রতিমার জন্য শ্রীকেশবের আদেশে আমাদের এই যাত্রা। বিষ্ণুর জন্য যে কার্য্য হইবে আপনাদেরও তাহাই হইবে॥ ৩৬০॥

অনেন বলিদানেন প্রীতা ভবথ সর্ব্বথা।
ক্ষেমেণ গচ্ছতান্যত্র মুক্ত্বা স্থানমিদং পুনঃ ॥ ৩৬১॥

অনুবাদ—এই পূজা উপহার দ্বারা সর্ব্বথা প্রীত হউন, এই স্থান ছাড়িয়া মঙ্গলমত অন্যত্র গমন করুন ॥ ৩৬১ ॥

এবং প্রবোধিতাঃ সত্ত্বাঃ পরিতুষ্টা যথাসুখম্।
আচম্য সংবিশ্য ততঃ কৃতরক্ষাপুরঃসরঃ ॥ ৩৬২ ॥
চরুং প্রাশ্য নিরাহারঃ শিল্পিভিঃ সহ দেশিকঃ।
হরিং বিজ্ঞাপ্য বিধিবদ্দেবীং চ কমলোদ্ভবাম্ ॥৩৬৩

পশ্চিমে দর্ভশয্যায়াং বসেত্তাং রজনীং গুরুঃ।
নিরাহার স্থিতো ভূত্বা প্রাণায়ামারম্ভকং
জপন্ ॥ ৩৬৪ ॥

অনুবাদ—এইভাবে প্রাণিগণকে প্রবোধ দিয়া যথাযথ সুখে পরিতুষ্ট হইয়া আচমন পূর্ব্বক সংবেষ্টিত হইয়া রক্ষাবন্ধন পূর্ব্বক চরু কিঞ্চিৎ ভোজন করিয়া শিল্পিগণের সহিত আচার্য্য উপবাস পূর্ব্বক শ্রীহরিকে জানাইয়া যথাবিধি লক্ষ্মীদেবীকেও জানাইয়া পশ্চিম দিকে কুশশয্যায় ঐ রাত্রি বাস করিবে। আচার্য্য উপবাস থাকিয়া প্রাণায়াম পূর্ব্বক জপ করিয়া রাত্রিবাস করিবেন ॥ ৩৬২-৩৬৪ ॥

অথ তত্র মন্ত্রঃ

ওঁ নমঃ সর্ব্বলোকপিত্রে বিষ্ণবে প্রভবিষ্ণবে।
বিশ্বায় বিশ্বরূপায় স্বর্গাধিপতয়ে নমঃ ॥ ৩৬৫ ॥

অনুবাদ—অনন্তর তদ্বিষয়ে মন্ত্র—ওঁ নমঃ সর্ব্বলোকপিতা, বিষ্ণু, প্রভবিষ্ণু, বিশ্বস্বরূপ, বিশ্বরূপ, স্বর্গাধিপতি তোমাকে প্রণাম ॥ ৩৬৫ ॥

আগচ্ছ দেবদেবেশ প্রপন্নোঽস্মি তবান্তিকম্।
স্বপ্নে সর্ব্বাণি কার্য্যাণি হৃদিস্থিতানি যানি মে।
ওঁ হ্রীং ফট্ বিষ্ণবে স্বাহা ॥ ৩৬৬ ॥

অনুবাদ—হে দেবদেবেশ্বর আগমন করুন তোমার নিকট শরণাপন্ন হইয়াছি। স্বপ্নে হৃদয় মধ্যে অবস্থিত আমার যে সকল কার্য্য ওঁ হ্রীং ফট্ বিষ্ণবে স্বাহা মন্ত্রে নিবেদন করিলাম ॥ ৩৬৬ ॥

যদা স পশ্যতে বৃক্ষং জ্বলন্তং ধূমবর্জ্জিতম্।
ফলিতং পুষ্পিতং চৈব তদা সিদ্ধির্ন দূরতঃ ॥ ৩৬৭ ॥

অনুবাদ—যখন আচার্য্য বৃক্ষকে ধূমবর্জ্জিত ও জ্বলন্ত, ফলযুক্ত ও পুষ্পযুক্ত দেখিতেছেন, তখন জানিবেন সিদ্ধি সমাগত ॥ ৩৬৭ ॥

প্রজ্বলন্তীং শিলাং পশ্যেচ্ছ্রিয়া বাধিষ্ঠিতাং শিলাম্।
ব্রহ্মণাধিষ্ঠিতাং বাপি সা তদা সর্ব্বকামদা ॥৩৬৮॥

অনুবাদ—যখন শিলাকে প্রজ্বলিত অথবা লক্ষ্মী কর্ত্তৃক অধিষ্ঠিত বা ব্রহ্মা কর্ত্তৃক অধিষ্ঠিত দেখিবেন ঐ শিলা তখন সর্ব্বকাম প্রদা ॥ ৩৬৮ ॥

শ্রিয়া জুষ্টং প্রজ্বলন্তমথ পশ্যতি পর্ব্বতম্।
ততঃ প্রবৃদ্ধশিখরং কাঞ্চনদ্রুমমণ্ডিতম্ ॥ ৩৬৯ ॥
যুতং সর্ব্বোদ্ভবৈর্বৃক্ষৈঃ ফলপুষ্পসমন্বিতৈঃ।
এবম্ভূতেষু দৃষ্টেষু স্বপ্নে অর্চ্চা সুশোভনা ॥ ৩৭০ ॥

অনুবাদ—পর্ব্বত লক্ষ্মীকর্ত্তৃক অধিষ্ঠিত প্রজ্বলিত, আচার্য্য যখন দেখিবেন তৎপরে পর্ব্বত শিখর বৃদ্ধি পাইতেছে, সুবর্ণ বৃক্ষ মণ্ডিত, সর্ব্বকালোদ্ভব ফল, পুষ্প সমন্বিত বৃক্ষ সমূহ যুক্ত স্বপ্নে এইরূপ দর্শন করিলে অর্চ্চা বিগ্রহ সুশোভনা হইবে ॥ ৩৬৯-৩৭০ ॥

অপরেঽহনি সংপ্রাপ্তে কৃতরক্ষঃ কৃতাহ্নিকঃ।
শস্ত্রাণি বিধিবৎ পূজ্য শিলাং পূজ্য বিধানতঃ ॥৩৭১॥
অর্ঘ্যং দত্ত্বা শিলায়াস্তু শস্ত্রমন্ত্রেণ পূজয়েৎ।
মন্ত্রয়িত্বা স্বমন্ত্রেণ প্রজ্বলন্তং বিভাবয়েৎ ॥ ৩৭২ ॥

অনুবাদ—পরদিন আগত হইলে রক্ষাবন্ধন ও আহ্নিক করিয়া শস্ত্রসমূহকে বিধিবৎ পূজা করিয়া যথাবিধি শিলাকেও পূজা করিয়া শিলাতে অর্ঘ্য অর্পণ করতঃ শস্ত্রমন্ত্রে পূজা করিবেন, নিজমন্ত্রে মন্ত্রিত করিয়া শিলা প্রজ্বলিত ভাবনা করিবেন ॥ ৩৭১-৩৭২

মধ্বাজ্যাক্তমুখং কৃত্বা আত্মানং চিন্তয়েদ্ধরিম্।
শিল্পিনং বিশ্বকর্ম্মাণং ধ্যাত্বোদক্-
প্রাঙ্মুখোঽপি বা ॥ ৩৭৩ ॥
শস্ত্রং বিষ্ণ্বাত্মকং ধ্যাত্বা প্রদদ্যাচ্ছিল্পিনে গুরুঃ।
মুখং পৃষ্ঠং সলাঙ্গুলং শিল্পিনে দর্শয়েদ্গুরুঃ ॥ ৩৭৪ ॥

অনুবাদ—উক্ত শিলার মুখ মধু ও ঘৃত সিক্ত করিয়া আত্মাকে হরিরূপে চিন্তা করিবে, শিল্পিকে বিশ্বকর্ম্মা রূপে ধ্যান করিয়া উত্তর বা পূর্ব্বমুখে শস্ত্রকে বিষ্ণুরূপে ধ্যান করিয়া গুরুদেব শিল্পিকে প্রদান করিবেন এবং গুরুদেব প্রতিমার মুখ, পৃষ্ঠ ও পদদেশ শিল্পিকে দেখাইবেন ॥ ৩৭৩-৩৭৪ ॥

শুক্ল-গন্ধানুলিপ্তাঙ্গঃ শুক্লপুষ্পাদ্যলঙ্কৃতঃ ।
উদঙ্মুখঃ প্রাঙ্মুখো বা স্থপতিঃ সংযতঃ শুচিঃ ॥৩৭৫
ধ্যাত্বাত্মদেবতাং শিল্পী টঙ্কহস্তো জিতেন্দ্রিয়ঃ ।
যথেষ্টং শাতয়েৎ পশ্চাদ্‌যচ্ছিলাং তচ্ছৃণুষ্ব
মে ॥ ৩৭৬ ॥

অনুবাদ—শ্বেতচন্দনলিপ্তাঙ্গ শুক্লপুষ্পাদি মালা দ্বারা অলঙ্কৃত উত্তর মুখ বা পূর্ব্ব মুখ হইয়া শিল্পি সংযত চিত্ত ও পবিত্র হইয়া আত্মদেবতাকে ধ্যান করিয়া পাষাণভেদী টঙ্ক হস্তে করিয়া জিতেন্দ্রিয় শিল্পি যথেচ্ছ শিলাকে খোদিত করিবে, পরে তাহা আমার নিকট শ্রবণ করুন ॥ ৩৭৫-৩৭৬ ॥

উদক্‌শিরাং প্রাক্‌শিরাং বা তথৈবেশানদিগ্‌গতাম্ ।
উর্দ্ধ্ভাগং ভবেৎ পৃষ্ঠমধোভাগং ভবেন্মুখম্ ॥৩৭৭॥

অনুবাদ—উত্তরশিরা, পূর্ব্বশিরা বা ঈশান কোণ স্থিত শিলার উর্ধ্বভাগ পৃষ্ঠ হইবে অধোভাগ মুখ হইবে ॥ ৩৭৭ ॥

কিঞ্চিন্ন্যনাধিকাং কৃত্বা কল্পয়েৎ প্রতিমাশিলাম্ ।
কিঞ্চিন্ন্যনাধিকা ত্যাজ্যা বিবিধা যা চ পিণ্ডিকা ।
ছেদয়িত্বা সমুদ্ধৃত্য চতুরস্রাং তু কারয়েৎ ॥ ৩৭৮ ॥

অনুবাদ—শিলাকে প্রতিমার পরিমাণের কিঞ্চিৎ অধিক রাখিয়া মুখাদি কল্পনা করিবে, পিণ্ডিকাদি বিবিধ অবয়ব কিঞ্চিৎ অধিক পরিমাণ রাখিয়া অবশিষ্টাংশ ত্যাগ করিয়া ছেদন করিয়া শিলাকে উঠাইয়া চতুষ্কোণ করাইবে ॥ ৩৭৮ ॥

অনেনৈব বিধানেন পরীক্ষ্য গুণদোষতঃ ।
বৃক্ষং যত্নেন গৃহ্ণীয়াৎ বিধিজ্ঞো
দেশিকোত্তমঃ ॥ ৩৭৯ ॥

অনুবাদ—এই বিধানানুসারে গুণদোষ পরীক্ষা করিয়া বিধিজ্ঞ উত্তম আচার্য্য বৃক্ষকেও যত্নপূর্ব্বক গ্রহণ করিবেন ॥ ৩৭৯ ॥

সমানীয় রথং শ্রেষ্ঠং সুশীলৈর্বৃষভৈর্যুতম্ ।
রথে স্থাপ্য শিলাং যত্নাচ্ছাদয়িত্বা তু বাসসা ।
হরিং ধ্যাত্বা স্মরন্মন্ত্রমর্ঘ্যং দদ্যাত্ততো গুরুঃ ॥৩৮০॥

অনুবাদ—উত্তম রথ আনাইয়া সুশীল বৃষভগণকে যুক্ত করিয়া রথে শিলা স্থাপন করিয়া বস্ত্রদ্বারা যত্নপূর্ব্বক আচ্ছাদন করিয়া শ্রীহরিকে ধ্যান করিয়া মন্ত্র স্মরণ পূর্ব্বক অনন্তর শ্রীগুরুদেব অর্ঘ্যদান করিবেন ॥ ৩৮০ ॥

আনীয়মানে তু রথে রথাঙ্গপরিচালকৈঃ ।
বৃষভে বা সমুৎপন্নে হ্যনিমিত্তে চ সাধকঃ ॥ ৩৮১ ॥
বৈষ্ণবাগ্নৌ নৃসিংহেন তিলৈর্ঘৃতবিমিশ্রিতৈঃ ।
হুত্বা চাষ্টশতং সম্যক্ তদ্দোষেণ বিমুচ্যতে ॥৩৮২॥

অনুবাদ—রথাঙ্গ পরিচালকগণ কর্ত্তৃক বা বৃষভ দ্বারা রথে আনয়ন কালে কোন দুর্ঘটনা বা অমঙ্গল ঘটিলে সাধক বৈষ্ণবাগ্নিতে নৃসিংহ মন্ত্রে ঘৃত মিশ্রিত তিল দ্বারা একশতঅষ্ট হোম করিলে সম্পূর্ণ ঐ দোষ হইতে মুক্ত হয় ॥ ৩৮১-৩৮২ ॥

আনীয় শঙ্খনির্ঘোষৈর্গীতমঙ্গলনিস্বনৈঃ ।
প্রাসাদস্যোত্তরে ভাগে কৃত্বা কর্ম্মকুটীং গুরুঃ ॥৩৮৩॥
শিলাং সংস্থাপ্য তস্মিংস্তু অর্চ্চয়িত্বা বলিং হরেৎ ।
ততঃ প্রবর্ত্তয়েৎ কর্ম্ম বিদ্বান্ বিজ্ঞৈস্তু শিল্পিভিঃ ॥৩৮৪

অনুবাদ—শঙ্খধ্বনি ও গীত মঙ্গলধ্বনি সহ শিলা আনয়ন পূর্ব্বক প্রাসাদের উত্তর ভাগে কর্ম্মকুটীর করিয়া শ্রীগুরুদেব শিলাকে স্থাপন পূর্ব্বক ঐস্থানে অর্চ্চন ও পূজোপহার প্রদান করিবেন, অনন্তর বিদ্বান্ শ্রীগুরুদেব অভিজ্ঞ শিল্পিগণ দ্বারা নির্ম্মাণ কার্য্য আরম্ভ করিবেন ॥ ৩৮৩-৩৮৪ ॥

কিঞ্চ—
যথোক্তায়াং দিশায়াং তু ন লভ্যেত যদা শিলা ।
তদা বিদিক্‌স্থিতা গ্রাহ্যা বিধিনা যেন
তচ্ছৃণু ॥ ৩৮৫ ॥

অনুবাদ—আরও—পূর্ব্বোক্ত নির্দ্দেশমত ঐদিকে

যদি শিলা না পাওয়া যায়, তখন যে বিধিদ্বারা অন্য দিক্‌স্থিতা শিলা গ্রহণীয়া তাহা শ্রবণ কর ॥ ৩৮৫ ॥

সমানীয় শিলাং সম্যক্ পূর্ব্বোক্তলক্ষণৈর্যুতাম্ ।
প্রাসাদস্যোত্তরে ভাগে খাত্বা ভূমিং বিধানবিৎ ॥ ৩৮৬ ॥
শিলাং সংস্থাপ্য তৎখাতে মৃদা সম্পূরয়েদ্গুরুঃ ।
সমীকৃত্যাথ তাং ভূমিং মণ্ডপং তত্র কারয়েৎ ॥৩৮৭

অনুবাদ—সম্পূর্ণ পূর্ব্বোক্ত লক্ষণযুক্ত শিলা আনাইয়া প্রাসাদের উত্তরভাগে বিধিজ্ঞ ব্যক্তি ভূমিতে খাত করিয়া ঐ খাতে শিলা স্থাপন পূর্ব্বক শ্রীগুরুদেব মৃত্তিকা দ্বারা ঐ খাত পূরণ করাইবেন, ঐ ভূমি সমান করিয়া উহার উপর মণ্ডপ নির্ম্মাণ করাইবেন ॥ ৩৮৬-৩৮৭ ॥

পতাকাধ্বজপত্রাদ্যৈর্ভূষয়ীত সমন্ততঃ ।
তোরণৈঃ কদলীস্তম্ভৈর্বিতানেন চ ভূষয়েৎ ॥ ৩৮৮ ॥

অনুবাদ—পতাকাধ্বজ পত্রাদি দ্বারা চতুর্দ্দিক বিভূষিত করিবেন, তোরণ দ্বার কদলীস্তম্ভ ও চাঁদোয়া দ্বারাও বিভূষিত করিবেন ॥ ৩৮৮ ॥

প্রাচ্যাং তু ভদ্রকং লিখ্য তত্র বিষ্ণুং যজেদ্গুরুঃ ।
প্রবালমুক্তাফলকৈর্হেমপুষ্পৈঃ সমুজ্জ্বলৈঃ ॥ ৩৮৯ ॥

অনুবাদ—পূর্ব্বদিকে সর্ব্বতো ভদ্রমণ্ডল অঙ্কন করিয়া ঐস্থানে শ্রীগুরুদেব প্রবাল, মুক্তাফল ও সমুজ্জ্বল সুবর্ণ পুষ্প সমূহ দ্বারা শ্রীবিষ্ণুকে অর্চ্চন করিবেন, ॥ ৩৮৯ ॥

পূর্ব্বোক্তং সকলং বাপি বিধানং সমুপাচরেৎ ।
ভূতক্রূরবলিং দদ্যাৎ পূর্ব্বোক্তবিধিনৈব তু ॥ ৩৯০॥

অনুবাদ—অথবা পূর্ব্বোক্ত বিধান সকল সম্পূর্ণ আচরণ করিবেন, পূর্ব্বোক্ত বিধি দ্বারাই ক্রূর ভূতবলি অর্থাৎ বিরুদ্ধ প্রাণিগণের সন্তোষের জন্য শাস্ত্রোক্ত পূজোপহার তাহাদিগকে প্রদান করিবেন ॥ ৩৯০ ॥

প্রতীচ্যাং পূর্ব্ববিধিনা হোমং কুর্য্যাদ্যথোদিতম্ ।
দিগ্দোষপরিশুদ্ধ্যর্থং বিশেষাদ্ধোমমাচরেৎ ॥ ৩৯১॥

অনুবাদ—পশ্চিমদিকে পূর্ব্বোক্ত বিধিবৎ হোম করিবেন, দিক্‌দোষ পরিশুদ্ধির জন্য বিশেষতঃ হোম করিবেন ॥ ৩৯১ ॥

পাতালনরসিংহেন সহস্রং বৈষ্ণবানলে ।
দিগ্দেবানামথাঙ্গানাং হুত্বা পূর্ণাং যজেদ্গুরুঃ ॥৩৯২

অনুবাদ—বৈষ্ণবাগ্নিতে পাতাল নরসিংহ মন্ত্রে সহস্র হোম করিয়া দিক্ দেবতাগণের হোম ও অঙ্গ-হোম শেষে শ্রীগুরুদেব পূর্ণাহুতি দান করিবেন ॥৩৯২

তর্পিতে মন্ত্ররাজে তু দিগ্দোষৈর্মুচ্যতে শিলা ।
ততঃ পূর্ব্বোক্তবিধিনা কৃত্বা পূজাদিকং গুরুঃ ॥৩৯৩
পূর্ব্বোক্তেন বিধানেন শিরঃপৃষ্ঠাদি কল্পয়েৎ ।
মন্ত্রোদকেন সংপ্রোক্ষ্য শিলাং তাং প্রোক্ষয়েদ্গুরুঃ ॥ ৩৯৪ ॥

অনুবাদ—মন্ত্ররাজ তৃপ্তিলাভ করিলে শিলা দিক্-দোষ হইতে মুক্তহন, তৎপরে শ্রীগুরুদেব পূর্ব্বোক্ত বিধি অনুসারে পূজাদি করিয়া পূর্ব্বোক্ত বিধিবৎ প্রতিমার মস্তক ও পৃষ্ঠাদি কল্পনা করিবেন, মন্ত্রপূত জলদ্বারা ঐ শিলাকে প্রোক্ষণ করিয়া শ্রীগুরুদেব পুন-রায় শিলাকে স্নান করাইবেন ॥ ৩৯৩-৩৯৪ ॥

দিগ্দোষপ্রশমনার্থং গৃষ্টিং ভব্যাং স্বলঙ্কৃতাম্ ।
সুবর্ণশৃঙ্গসংযুক্তাং কাংস্যদোহাং পয়স্বিনীম্ ।
তাম্রপৃষ্ঠীং সোপবীতাং দদ্যাদ্রৌপ্যখুরাং গুরোঃ ॥ ৩৯৫ ॥

অনুবাদ—দিক্ দোষ প্রশমনের জন্য প্রথম প্রসবা সুলক্ষণা, সু অলঙ্কৃতা, সুবর্ণ শৃঙ্গযুক্তা, দোহনের কাংস্য পাত্রসহ, দুগ্ধবতী, তাম্রপৃষ্ঠী, রৌপ্যাবদ্ধ খুরা গাভী উপবীত সহ শ্রীগুরুদেবকে দান করিবে ॥ ৩৯৫ ॥

তোষয়ীত গুরুং যত্নাৎ বস্ত্রালঙ্করণাদিভিঃ ।
শিল্পিনং তোষয়েদ্যত্নাদ্বস্ত্রালঙ্কারচন্দনৈঃ ॥ ৩৯৬॥

আচার্য্যে তোষিতে বিষ্ণুস্তোষিতঃ স্যান্ন
সংশয়ঃ ॥ ৩৯৭ ॥

অনুবাদ—বস্ত্র, অলঙ্কারাদি দ্বারা শ্রীগুরুদেবকে যত্নপূর্ব্বক সন্তুষ্ট করিবে। বস্ত্র, অলঙ্কার, চন্দনাদি দ্বারা শিল্পিকে যত্নপূর্ব্বক তুষ্ট করিবেন। আচার্য্য সন্তুষ্ট হইলে বিষ্ণু সন্তুষ্ট হন, ইহাতে সংশয় নাই ॥ ৩৯৬-৩৯৭ ॥

শিল্পিনং তোষয়েদেবং বিশ্বকর্ম্মাথ পূজিতঃ।
ততঃ কর্ম্মানি যুঞ্জীত সর্ব্বকামপ্রদো ভবেৎ ॥৩৯৮॥

অনুবাদ—শিল্পিকে এইভাবে তুষ্ট করিলে বিশ্বকর্ম্মাও পূজিত হন, অনন্তর প্রতিমা নির্ম্মাণ কার্য্য আরম্ভ করিলে সর্ব্ববিধ মনোবাসনা পূর্ণ হইবে ॥ ৩৯৮ ॥

অথ শিলালক্ষণম্

তত্রৈব—
ক্ষারাম্লসেবিতা যা চ নদীতীরসমুদ্ভবা।
পুরমধ্যে স্থিতা যা চ তথা পিতৃবনে স্থিতা ॥ ৩৯৯ ॥
চতুষ্পথে স্থিতা যা চ মৃচ্ছিলা পকৃণে চ যা।
উষরে চ তথা মধ্যে বাল্মীকে বাপি যা স্থিতা ॥৪০০

অনুবাদ—ঐ শাস্ত্রেই—বর্জ্জনীয় শিলার লক্ষণ বলিতেছেন—ক্ষার বা অম্ল সংযুক্তা, নদীতীর সমুৎপন্না, পুরমধ্যে, শ্মশানে বা চতুষ্পথে স্থিতা, মেটে পাথর, উষর ভূমিতে বা উই টিপিতে স্থিতা ॥ ৩৯৯-৪০০ ॥

সূর্য্যরশ্মিপ্রতপ্তা যা যা চ দগ্ধা দবাগ্নিনা।
অন্যকর্ম্মোপযুক্তা যা অন্যদেবার্থনির্ম্মিতা ॥ ৪০১ ॥
ক্রব্যাদাদ্যৈরুপহতা বর্জ্জ্যা যত্নেন বৈ শিলা।
যেন কেনচিদানীতা বর্জ্জনীয়া তথা শিলা ॥ ৪০২ ॥

অনুবাদ—সূর্য্য রশ্মিতে প্রতপ্তা, দাবাগ্নি দগ্ধা, অন্য কর্ম্মে উপযুক্তা, অন্যদেবের জন্য নির্ম্মিতা, মাংসাশী জীব কর্ত্তৃক দুষ্টা ঐ সকল শিলা যত্নপূর্ব্বক বর্জ্জন করিবে, সেইরূপ যে কেহ দ্বারা আনীতা শিলা বর্জ্জনীয়া ॥ ৪০১-৪০২ ॥

পুণ্যসেতুদ্ভবা গ্রাহ্যা পুণ্যতীর্থোদ্ভবা তু যা।
নদীপর্ব্বতসংলগ্না বৃক্ষচ্ছায়াদ্যনাবৃতা ॥ ৪০৩ ॥
নিমগ্না ভূতলে যা চ যাঽস্পৃষ্টা সূর্য্যরশ্মিভিঃ।
অন্তর্জলোষিতা নদ্যামেকবর্ণা মনোরমা ॥ ৪০৪ ॥

অনুবাদ—পুণ্য সেতূদ্ভবা, পুণ্যতীর্থোদ্ভবা শিলা গ্রহনীয়া, নদী-পর্ব্বত সংলগ্না, বৃক্ষচ্ছায়াদি দ্বারা অনাবৃতা, ভূমিতে নিমগ্না, যাহা সূর্য্যরশ্মি দ্বারা অস্পৃষ্ট, নদীর জলমধ্যে স্থিতা, একবর্ণা মনোরমা শিলা গ্রাহ্যা ॥ ৪০৩-৪০৪ ॥

পাণ্ডুরা চারুণা পীতা কৃষ্ণা শস্তা চ বর্ণিনাম্।
ন যদা লভ্যতে সম্যক্ বর্ণিনাং বর্ণতঃ শিলা ॥৪০৫॥

অনুবাদ—পাণ্ডুর অর্থাৎ শুক্লপীত বর্ণা, অরুণ বর্ণা, পীতবর্ণা ও কৃষ্ণবর্ণা শিলা ক্রমান্বয়ে ব্রাহ্মণাদি চতুর্বর্ণের মানবগণের মধ্যে প্রশস্তা ॥ ৪০৫ ॥

বর্ণস্যাপাদনে তত্র জুহুয়াৎ সিংহবিদ্যয়া।
কৃতে বর্ণস্য জননে তস্য বর্ণস্য সা শুভা ॥ ৪০৬ ॥

অনুবাদ—যখন ব্রাহ্মণাদি বর্ণীগণের বর্ণ অনুরূপ শিলা না পাওয়া যায়, তখন বর্ণ সম্পাদন জন্য নৃসিংহ মন্ত্র দ্বারা সেই শিলাতে হোম করিবে। বর্ণ উৎপাদনে হোমের পর শিলাতে যে বর্ণ উৎপন্ন হইবে সেই বর্ণের মানবের পক্ষে তাহা মঙ্গলপ্রদা ॥ ৪০৬ ॥

শ্রেষ্ঠবর্ণা সুবর্ণা চ রেখা সর্ব্বস্য শস্যতে।
অপরস্য তু বর্ণস্য শ্রেষ্ঠস্য ন প্রশস্যতে ॥ ৪০৭ ॥

অনুবাদ—শ্রেষ্ঠ বর্ণা সুবর্ণ রেখা শিলা সকলের পক্ষে প্রশস্তা, অন্য বর্ণের শিলা ব্রাহ্মণের পক্ষে প্রশস্ত নহে ॥ ৪০৭ ॥

বর্ণিনামিহ সর্ব্বেষাং কৃষ্ণরেখা বিধীয়তে।
শিলানামিহ সর্ব্বাসাং শুক্লরেখা প্রশস্যতে ॥ ৪০৮ ॥

অনুবাদ—এস্থলে সকল বর্ণী মানবের পক্ষে কৃষ্ণরেখা বিহিত আছে। সকল শিলার মধ্যে শুক্লরেখা প্রশস্ত ॥ ৪০৮ ॥

রেখাণামিহ সর্ব্বাসাং ব্যত্যয়ে হোমমাচরেৎ।
পাতালনরসিংহেন সহস্রং দেশিকোত্তমঃ।
তপিতে মন্ত্ররাজে তু ততঃ সা শুভদা নৃণাম্ ॥ ৪০৯॥

অনুবাদ—রেখা সকলের ব্যতিক্রম ঘটিলে উত্তম আচার্য্য পাতাল-নরসিংহ মন্ত্র দ্বারা সহস্র হোম করিবেন। মন্ত্ররাজ তৃপ্ত হইলে তখন ঐ শিলা মানবগণের শুভপ্রদা হয় ॥ ৪০৯ ॥

বিপরীতে তু বিমলে বিন্দুকে হীরকে তথা।
ইমমেব বিধিং কুর্য্যাদন্যস্মিন্নপি গর্হিতে ॥ ৪১০ ॥

অনুবাদ—সেইরূপ বিমল হীরকে বিপরীত বিন্দু হইলে পূর্ব্বোক্ত বিধি অনুসারে হোম করিবে, অন্য কোন নিন্দনীয় হইলেও এই বিধি ॥ ৪১০ ॥

যুবা মধ্যা ভবেদ্‌গ্রাহ্যা বালা বৃদ্ধা চ গর্হিতা ॥৪১১॥

অনুবাদ—যুবা ও মধ্যা শিলা গ্রহণীয়া, বালা ও বৃদ্ধা শিলা নিন্দনীয়া ॥ ৪১১ ॥

সুগন্ধা নিবিড়া স্নিগ্ধা তথা গম্ভীরনিস্বনা।
শীতলা যা চ তেজাঢ্যা যুবেতি প্রোচ্যতে
শিলা ॥ ৪১২ ॥

অনুবাদ—যে শিলা সুগন্ধা, নিবিড় স্নিগ্ধা ও গম্ভীর শব্দ যুক্তা, শীতলা ও তেজযুক্তা, তাহাই যুবা বলিয়া কথিতা ॥ ৪১২ ॥

তদ্রূপা প্রোচ্যতে মধ্যা কিন্তু সা কঠিনা ভবেৎ।
অতিমৃদ্বী ভবেদ্বালা বৃদ্ধাতিকঠিনা মতা ॥ ৪১৩ ॥

অনুবাদ—মধ্যা শিলা ঐরূপই কিন্তু তাহা পূর্ব্বাপেক্ষা কঠিনা হইবে, অতিশয় মৃদুশিলা বালা হইবে, অতিশয় কঠিনা বৃদ্ধা ॥ ৪১৩ ॥

টঙ্কাঘাতা মতা বালা বৃদ্ধা লোকক্ষয়ঙ্করী।
স্ত্রীপুংনপুংসকঞ্চৈব লক্ষণেনৈব লক্ষয়েৎ ॥ ৪১৪ ॥

অনুবাদ—বালা শিলা অতি মৃদুহেতু টঙ্কের আঘাতে অধিক ক্ষত হয়, বৃদ্ধা শিলা লোকক্ষয়কারিণী। স্ত্রী, পুরুষ ও নপুংসক শিলা লক্ষণভেদে চিহ্নিত করিবে ॥ ৪১৪ ॥

উৎপাট্যমানে দৃশ্যেত তিন্দুকালাতবৎ জ্বলন্।
স্ফুলিঙ্গঃ শ্রূয়তে নাদঃ কাংস্যঘণ্টানিনাদবৎ।
মূলে মধ্যে তথাগ্রে চ পুংলিঙ্গেতি তু সা স্মৃতা ॥৪১৫

অনুবাদ—শিলা উৎপাটন কালে তিন্দুক অর্থাৎ গাব ফলের অলাতচক্রবৎ জ্বলিতে থাকে, অগ্নিস্ফুলিঙ্গ বাহির হয় এবং কাঁসার ঘণ্টাধ্বনির ন্যায় শব্দ শুনা যায়, মূলে, মধ্যে ও অগ্রে একই রূপ লক্ষণ, ঐ শিলা পুংলিঙ্গ ॥ ৪১৫ ॥

তদেব লক্ষণং যদ্বন্মন্দমন্দং প্রতীয়তে
স্ত্রীলিঙ্গেতি তদা সা চ ভিন্নকাংস্যধ্বনিস্তু যা ॥৪১৬॥

অনুবাদ—ঐরূপ লক্ষণ যখন মন্দমন্দ প্রতীত হয় কিন্তু ধ্বনি যাহার ভাঙ্গা কাঁসার ধ্বনির ন্যায়, তখনই তাহা স্ত্রীলিঙ্গ শিলা ॥ ৪১৬ ॥

নপুংসকেতি সা জ্ঞেয়া ন যত্রৈতদ্দ্বয়ং ভবেৎ ॥ ৪১৭॥

অনুবাদ—ঐ দ্বিবিধ লক্ষণই যাহাতে নাই তাহাই নপুংসক শিলা জানিবে ॥ ৪১৭ ॥

পুংলিঙ্গৈঃ প্রতিমা কার্য্যা স্ত্রীলিঙ্গৈঃ পাদপীঠিকা।
পিণ্ডিকার্থং তু সা গ্রাহ্যা দৃষ্টা যা
ষণ্ডলক্ষণা ॥ ৪১৮ ॥

অনুবাদ—পুংলিঙ্গ শিলাদ্বারা প্রতিমা কর্ত্তব্যা, স্ত্রীলিঙ্গ শিলা দ্বারা পাদপীঠিকা নির্ম্মাণ করিবে, নপুংসক শিলা পিণ্ডিকা নির্ম্মাণ নিমিত্ত গ্রহণ কর্ত্তব্যা ॥ ৪১৮ ॥

লিঙ্গানাং তু বিপর্য্যাসে পূর্ব্বোক্তং হোমমাচরেৎ।
ছেদনে ভেদনে বাপি শিলাগর্ভঃ সমীক্ষ্যতে ॥ ৪১৯ ॥

অনুবাদ—লিঙ্গ বিপরীত ঘটিলে পূর্ব্বোক্ত পাতাল নরসিংহ হোম অনুষ্ঠান করিবে। ছেদন বা ভেদন কালে শিলা সগর্ভা ও নিগর্ভা পরিলক্ষিত হয় ॥৪১৯॥

দৃশ্যতে মণ্ডলং যস্যাং সগর্ভাং তাং বিনির্দ্দিশেৎ।
মণ্ডূকো মণ্ডলে তস্যা লোহিতে নাত্র
সংশয়ঃ ॥ ৪২০ ॥

অনুবাদ—যে শিলাতে গোলাকার চিহ্ন দৃষ্ট হয়, তাহাকে সগর্ভা শিলা বলিয়া নির্দ্দেশ করিবে। শিলার মণ্ডল লালবর্ণ হইলে ভেক জন্মে ইহাতে সন্দেহ নাই ॥ ৪২০ ॥

হরিদ্রাভে ভবেদ্‌গোধা কৃষ্ণসর্পস্তথা সিতে।
নিস্ত্রিংশসদৃশে তোয়ং গৃহগোধা তু কর্কশে ॥ ৪২১ ॥

অনুবাদ—মণ্ডল হরিদ্রাভবর্ণ হইলে গোসাপ জন্মে, শ্বেতবর্ণ হইলে কৃষ্ণসর্প, খড়্গবর্ণ হইলে জল, কর্কশে টিকটিকী ॥ ৪২১ ॥

আখুর্হরিদ্রাবর্ণে স্যাদরুণে সরটস্তথা।
পিঙ্গবর্ণে তু পাষাণঃ পদ্মাভে সিকতা ভবেৎ ॥ ৪২২॥
বৃশ্চিকঃ স্যাদ্বিচিত্রে তু পীতনীলে পতঙ্গকঃ।
পারাবতাভে খদ্যোতং মণ্ডলে তু বিনির্দ্দিশেৎ ॥৪২৩॥

অনুবাদ—হরিদ্রা বর্ণে ইঁদুর, অরুণ বর্ণে কৃকলাস, পিঙ্গল বর্ণে পাষাণ, পদ্মবর্ণে বালি, বিচিত্র বর্ণে বৃশ্চিক, পীত ও নীলবর্ণে পতঙ্গ, পারাবত বর্ণে জোনাকী পোকা জন্মে এইরূপ নির্দ্দেশ করিবে ॥৪২২-৪২৩ ॥

অকল্পনা তু মণ্ডূকে দৌর্ভাগ্যং গোধয়া ভবেৎ।
সর্পে বিষেণ মরণমতিবৃষ্টিস্তথা জলে ॥ ৪২৪ ॥
ধনহানিস্তু গোধায়ামাখুনানিষ্টমুদ্ভবেৎ।
অল্পায়ুষ্ট্বং তু সরটে পাষাণে বিদ্যুতা বধঃ ॥ ৪২৫ ॥
বালুকায়ামনাবৃষ্টিঃ কলহো বৃশ্চিকে ভবেৎ।
রাষ্ট্রোচ্ছিত্তিস্তু শলভে খদ্যোতে গাত্রসংক্ষয়ঃ ॥ ৪২৬॥

অনুবাদ—ভেকে অকল্পনা, গোসাপে দুর্ভাগ্য সূচিত হয়, সর্পে বিষদ্বারা মরণ, জলে অতিবৃষ্টি, টিকটিকীতে ধনহানি, ইঁদুরে অনিষ্ট, কৃকলাসে অল্পায়ু, পাষাণে বিদ্যুৎপাতে বধ, বালুকাতে অনাবৃষ্টি, বৃশ্চিকে কলহ, পতঙ্গে রাজ্য নাশ, জোনাকীতে গাত্রক্ষয় ॥ ৪২৪-৪২৬ ॥

তস্মাৎ পরীক্ষ্য যত্নেন শিলাং গৃহ্ণীত দেশিকঃ।
॥ ৪২৭ ॥

অনুবাদ—অতএব আচার্য্য যত্নপূর্ব্বক শিলা পরীক্ষা করিয়া গ্রহণ করিবেন ॥ ৪২৭ ॥

সগর্ভয়া তু শিলয়া রূপকঃ ক্রিয়তে যদি।
তদ্দেশে ম্রিয়তে রাজা যজমানোঽথ দেশিকঃ।
শিলায়ামপি বৃক্ষেষু যত্নাদ্‌গর্ভং সমীক্ষয়েৎ ॥ ৪২৮॥

অনুবাদ—পূর্ব্বোক্ত সগর্ভা শিলা দ্বারা যদি প্রতিমা নির্ম্মিত হয়, তাহা হইলে ঐ দেশে রাজা, যজমান ও আচার্য্য বিনাশ প্রাপ্ত হয়। শিলাতে ও বৃক্ষসমূহে যত্নপূর্ব্বক গর্ভ দর্শন করিয়া সম্পূর্ণ পরীক্ষা পূর্ব্বক গ্রহণীয় ॥ ৪২৮ ॥

অথ শিল্পীকৃত্যম্

মাৎস্যে—
বিবিক্তে সংবৃতে স্থানে স্থপতিঃ সংযতেন্দ্রিয়ঃ।
পূর্ব্ববৎ কালদেশজ্ঞঃ শাস্ত্রজ্ঞঃ শুক্লভূষণঃ ॥ ৪২৯ ॥
প্রযতো নিয়তাহারো দেবতাধ্যানতৎপরঃ।
যজমানানুকূল্যেন বিদ্বান্ কর্ম্ম সমাচরেৎ ॥ ৪৩০ ॥

অনুবাদ—অনন্তর শিল্পিকৃত্য, মৎস্যপুরাণে—নির্জ্জনে আবৃত স্থানে শিল্পি সংযত চিত্ত হইয়া পূর্ব্ব-

বৎ কাল ও দেশজ্ঞ, শাস্ত্রজ্ঞ, শুক্ল ভূষণ, সংযত, নিয়মিত আহার, দেবতা ধ্যান পরায়ণ, যজমানের হিতার্থে শিল্পী কুশল প্রতিমা-নির্ম্মাণ-কার্য্য আরম্ভ করিবেন ॥ ৪২৯-৪৩০ ॥

ধৃত্বা পূর্ব্বমুখং দ্রব্যমথবা চোত্তরামুখম্।
দধিদূর্বাক্ষতৈঃ পূজ্য তদারম্ভে বলিং হরেৎ ॥ ৪৩১॥

অনুবাদ—আরম্ভ সময়ে শিলা বা কাষ্ঠ পূর্ব্ব মুখে বা উত্তর মুখে ধরিয়া দধি, দুর্ব্বা ও আতপ চাউল দ্বারা পূজা করিয়া উপহার অর্পণ করিবেন ॥ ৪৩১ ॥

পূর্ব্ববৎ ব্রহ্মঘোষাদ্যৈঃ স্থাপয়েদ্দ্রব্যমাচরেৎ ॥৪৩২

অনুবাদ—পূর্ব্ববৎ বেদধ্বনি প্রভৃতি সহ শিলা স্থাপন ও কার্য্যারম্ভ করিবেন ॥ ৪৩২ ॥

শুক্লৈর্গন্ধৈশ্চ পুষ্পৈশ্চ দ্রব্যং সম্পূজ্য ভক্তিতঃ।
স্বস্তিবাচনকং কৃত্বা প্রতিমাং সংবিভাজয়েৎ ॥৪৩৩॥

অনুবাদ—শ্বেতচন্দন ও শ্বেতপুষ্প দ্বারা শিলাকে ভক্তিভাবে পূজা করিয়া স্বস্তিবাচন পূর্ব্বক প্রতিমার অঙ্গ বিভাজন করিবে ॥ ৪৩৩ ॥

অথ পিণ্ডিকালক্ষণম্

হয়শীর্ষপঞ্চরাত্রে—

অতঃপরং প্রবক্ষ্যামি পিণ্ডিকালক্ষণং তব ॥ ৪৩৪ ॥

অনুবাদ—অনন্তর পিণ্ডিকালক্ষণ, হয়শীর্ষ পঞ্চরাত্রে—অতঃপর তোমার নিকট পিণ্ডিকালক্ষণ বলিব ॥ ৪৩৪ ॥

উচ্ছ্রায়ং প্রতিমার্দ্ধঞ্চ দৈর্ঘ্যেণ প্রতিমা সমা।
চতুঃষষ্টিং পুটান্ কৃত্বা পিণ্ডিকাং তত্র কল্পয়েৎ ॥ ৪৩৫ ॥

অনুবাদ—উচ্চতা প্রতিমার অর্দ্ধ এবং দীর্ঘতায় প্রতিমার সমান। চতুঃষষ্টি পুট করিয়া সেস্থানে পিণ্ডিকা কল্পনা করিবে ॥ ৪৩৫ ॥

ত্যক্ত্বা পঙ্‌ক্তিদ্বয়ং চাধস্তদূর্দ্ধং যত্তু কোষ্ঠকম্।
সমন্তমুভয়োঃ পার্শ্বে অন্তস্থং পরিমার্জ্জয়েৎ ॥৪৩৬॥

অনুবাদ—নিম্নে দুই পঙ্‌ক্তি ত্যাগ করিয়া তাহার উপর যে কোষ্ঠ, উভয় পার্শ্বে দুই পঙ্‌ক্তি ত্যাগ করিয়া মধ্যে যে অংশ তাহা পরিমার্জ্জিত করিবে ॥ ৪৩৬ ॥

উর্দ্ধপঙ্‌ক্তিদ্বয়ং কৃত্বা অধস্তাদ্বর্ণকোষ্ঠকম্।
অন্তঃস্থং মার্জ্জয়েদ্‌যত্নাৎ পার্শ্বয়োরুভয়োঃ সমম্।
তয়োর্মধ্যগতৌ তত্র চতুষ্কৌ মার্জ্জয়েত্ততঃ ॥ ৪৩৭ ॥

অনুবাদ—উর্দ্ধে পঙ্‌ক্তিদ্বয় করিয়া নিম্নভাগে বর্ণ কোষ্ঠকে বর্জ্জনপূর্ব্বক মধ্যস্থিত কোষ্ঠকে যত্নপূর্ব্বক মার্জ্জন করিবে, উভয় পার্শ্বের সমান। উভয়ের মধ্যগত চতুষ্কদ্বয় মার্জ্জন করিবে ॥ ৪৩৭ ॥

চতুর্দ্ধা ভাজয়িত্বা তু উর্দ্ধপঙ্‌ক্তিদ্বয়ং বুধঃ।
মেখলা ভাগমাত্রং স্যাৎ খাতং তস্যার্দ্ধমানতঃ ॥৪৩৮
ভাগং ভাগং পরিত্যজ্য পার্শ্বয়োরুভয়োঃ সমম্।
দত্ত্বা চৈকং পদং বাহ্যে প্রমাণং কারয়েদ্বুধঃ ॥ ৪৩৯

অনুবাদ—অনন্তর উর্দ্ধ পঙ্‌ক্তিদ্বয়কে চতুর্দ্ধা বিভাগ করিয়া অভিজ্ঞ ব্যক্তি একভাগ মেখলা ও তাহার অর্দ্ধ পরিমাণে খাত করাইবেন। উভয় পার্শ্বে এক এক ভাগ পরিত্যাগ করিয়া বাহিরে একপদ দিয়া অভিজ্ঞ ব্যক্তি প্রমাণ করাইবেন ॥ ৪৩৮-৪৩৯॥

ত্রিভাগেন চ ভাগঃ স্যাদগ্রে স্যাত্তোয়দিগ্‌গতঃ।
নানাপ্রকারভেদেন ভদ্রেয়ং পিণ্ডিকা শুভা ॥ ৪৪০ ॥

অনুবাদ—উর্দ্ধ পঙ্‌ক্তিদ্বয়কে তিন ভাগেও ভাগ করা যায়, প্রথমতঃ পশ্চিমদিকের ভাগ করিতে হয়। শুভপ্রদা এই পিণ্ডিকা নানাপ্রকারভেদে নানা শুভ প্রদান করে ॥ ৪৪০ ॥

কিঞ্চতত্রৈবাগ্রে—

দৈর্ঘ্যেণ প্রতিমা তুল্যা তদর্দ্ধেন তু বিস্তৃতা।
উচ্ছ্রায়ামতোঽর্দ্ধেন সুবিস্তারার্দ্ধভাগতঃ ॥ ৪৪১॥

অনুবাদ—আরও ঐ গ্রন্থেই সামনে—পিণ্ডিকা-লক্ষণ যথা—পিণ্ডিকার দৈর্ঘ্য প্রতিমা পরিমিত, বিস্তারে তাহার অর্দ্ধেক উচ্চতা ইহার অর্দ্ধেক অর্থাৎ সুবিস্তারের অর্দ্ধভাগ ॥ ৪৪১ ॥

ত্রিভাগেন তু বাহুল্যং তত্ত্রিভাগেন মেখলা।
খাতং চ তৎপ্রমাণং তু কিঞ্চিদুত্তরতোন্নতম্ ॥ ৪৪২॥

অনুবাদ—বিস্তারের ত্রিভাগ করিলে উচ্চতার আধিক্য হয়, উচ্চতার ত্রিভাগ দ্বারা মেখলা এবং খাত মেখলার পরিমাণ, উত্তরে কিঞ্চিৎ উন্নত ॥ ৪৪২ ॥

বিস্তারস্য চতুর্থেন প্রমাণস্য বিনির্ণয়ঃ।
সমং মূলস্য বিস্তারমগ্রে কুর্য্যাত্তদর্দ্ধতঃ ॥ ৪৪৩ ॥

অনুবাদ—বিস্তারের চতুর্থাংশে পরিমাণ নির্ণয় কর্তব্য, মূলের বিস্তার সমান, অগ্রে তাহার অর্দ্ধেক বিস্তার ॥ ৪৪৩ ॥

বিস্তারস্য তৃতীয়েন তোয়মার্গন্তু কারয়েৎ।
পিণ্ডিকার্দ্ধেন বা তুল্যং দৈর্ঘ্যং কুশস্য কীর্ত্তিতম্ ॥৪৪৪

অনুবাদ—বিস্তারের তৃতীয় ভাগ জল নির্গম পথ করাইবে, অথবা পিণ্ডিকার অর্দ্ধেকের তুল্য কুশের দৈর্ঘ্য কীর্ত্তিত হইয়াছে ॥ ৪৪৪ ॥

কুশবাহুল্যদৈর্ঘ্যেণ জ্ঞাত্বা সূত্রং প্রকল্পয়েৎ।
উচ্ছ্রায়ং পূর্ব্ববৎ কুর্য্যাদ্ভাগশেষেণ সংখ্যয়া ॥৪৪৫॥

অনুবাদ—কুশের দীর্ঘতার বাহুল্য জানিয়া সূত্র কল্পনা করিবে। উচ্চতা পূর্ব্ববৎ ভাগশেষের সংখ্যা দ্বারা করিবে ॥ ৪৪৫ ॥

অধস্তস্য দ্বিভাগন্তু কণ্ঠং কুর্য্যাত্রিভাগকম্।
শেষা হ্যেকৈকশঃ কার্য্যাঃ প্রতিষ্ঠা নির্গতাস্তথা ॥৪৪৬

অনুবাদ—নিম্নদেশ তাহার দ্বিভাগ, কণ্ঠ ত্রিভাগ করিবে। অবশেষ ভাগগুলিকে এক এক করিয়া নির্গতা কর্ত্তব্যা ॥ ৪৪৬ ॥

ষণ্টিকা পিণ্ডিকা চেয়ং সামান্যপ্রতিমাসু চ।
প্রাসাদদ্বারমানেন প্রতিমাদ্রব্যমুচ্যতে ॥ ৪৪৭ ॥

অনুবাদ—সাধারণ প্রতিমাতেও ইহা ষণ্টিকা পিণ্ডিকা নামে প্রসিদ্ধা, প্রাসাদের দ্বারের পরিমাণ অনুসারে প্রতিমার শিলা বা দারুর পরিমাণ নির্ণয় হয় ॥ ৪৪৭ ॥

গজবালকসংযুক্তা প্রভা স্যাৎ প্রতিমাসু চ।
পিণ্ডিকাসু যথাশোভং কর্ত্তব্যা সততং হরেঃ ॥৪৪৮

অনুবাদ—প্রতিমার প্রভা গজবালক সংযুক্তা করিতে হইবে। শ্রীহরির প্রতিমায় যেরূপ পিণ্ডিকার শোভা সম্পাদন করা হয়, তদ্রূপ প্রভা করা উচিত ॥৪৪৮

মাৎস্যে—

পিণ্ডিকালক্ষণং বক্ষ্যে যথাবদনুপূর্ব্বশঃ।
পীঠোচ্ছ্রায়ং যথাবচ্চ ভাগান্ ষোড়শ কারয়েৎ ॥৪৪৯

অনুবাদ—মৎস্যপুরাণে—পিণ্ডিকা লক্ষণ বলিব, যথাযথ অনুক্রমে-পীঠের উচ্চতা যেমন থাকিবে তাহাকে ষোড়শভাগে বিভক্ত করাইবে ॥ ৪৪৯ ॥

ভূমাবেকঃ প্রতিষ্ঠঃ স্যাচ্চতুর্ভির্জগতী মতা।
বৃত্তো ভাগস্তথৈকঃ স্যাদ্বৃত্তপট্টস্তু ভাগতঃ ॥ ৪৫০ ॥

অনুবাদ—ভূমিতে একভাগ পোতা থাকিবে চারি-ভাগ জগতী, বৃত্ত সেইরূপ একভাগ হইবে, বৃত্তপট্ট একভাগ ॥ ৪৫০ ॥

ভাগৈস্ত্রিভিস্তথা কণ্ঠঃ কণ্ঠপট্টস্ত্রিভাগতঃ।
ভাগাভ্যামূর্দ্ধপট্টস্তু শেষভাগেন পট্টিকা ॥ ৪৫১ ॥

অনুবাদ—তিনভাগ দ্বারা কণ্ঠ, কণ্ঠপট্ট তিনভাগ, দুইভাগ দ্বারা উর্দ্ধপট্ট, শেষভাগ দ্বারা পট্টিকা ॥৪৫১॥

প্রবিষ্টং ভাগমেকৈকং জগতী যাবদেব তু।
নির্গমস্তু পুনস্তস্মাদ্‌যাবদ্বৈ শেষপট্টিকাঃ ॥ ৪৫২॥

অনুবাদ—জগতী পর্য্যন্ত এক এক ভাগ প্রবিষ্ট থাকিবে, অতঃপর তাহা হইতে নির্গম শেষ পট্টিকা পর্য্যন্ত ॥ ৪৫২ ॥

বারিনির্গমনার্থন্তু তত্র কার্য্যঃ প্রণালকঃ।
পীঠিকানান্তু সর্ব্বাসামেতৎ সামান্যলক্ষণম্ ॥৪৫৩॥

অনুবাদ—জল নির্গমন পথ তন্মধ্যে প্রণালী কর্ত্তব্য। ইহাই সর্ব্ববিধ পীঠিকার সামান্য লক্ষণ ॥ ৪৫৩ ॥

বিশেষাদ্দেবতাভেদাৎ শৃণুধ্বং দ্বিজসত্তমাঃ।
স্থণ্ডিলা বাথ বাপী চ যক্ষী বেদী চ মণ্ডলা ॥৪৫৪॥
পূর্ণচন্দ্রা চ বজ্রা চ পদ্মা চার্দ্ধশশীস্তথা।
ত্রিকোণা দশমী তাসাং সংস্থানঞ্চ নিবোধত ॥৪৫৫॥

অনুবাদ—বিশেষ বিশেষ দেবতাভেদে পীঠিকার-ভেদ, হে দ্বিজ সত্তমগণ শ্রবণ করুন। স্থণ্ডিলা বা বাপী ও যক্ষী, বেদী ও মণ্ডলা, পূর্ণচন্দ্রা, বজ্রা, পদ্মা, অর্দ্ধচন্দ্রা ও ত্রিকোণা—এই দশবিধা। তাহাদের সংস্থানও অবগত হউন ॥ ৪৫৪-৪৫৫ ॥

স্থণ্ডিলা চতুরস্রা তু বর্জ্জিতা মেখলাদিভিঃ।
বাপী দ্বিমেখলা জ্ঞেয়া যক্ষী চৈব ত্রিমেখলা ॥৪৫৬॥
চতুরস্রায়তা বেদী ন তাং লিঙ্গেষু যোজয়েৎ।
মণ্ডলা বর্ত্তুলা যা তু মেখলা ত্রিগুণা প্রিয়া ॥৪৫৭॥
রক্তা দ্বিমেখলা মধ্যে পূর্ণচন্দ্রা প্রকীর্ত্তিতা।
মেখলাত্রয়সংযুক্তা ষড়স্রা বজ্রিকা ভবেৎ ॥৪৫৮॥
ষোড়শাস্রা ভবেৎ পদ্মা কিঞ্চিৎ হ্রস্বা চ মূলতঃ।
তথৈব ধনুরাকারা সার্দ্ধচন্দ্রা প্রশস্যতে ॥ ৪৫৯ ॥
ত্রিশূলসদৃশী তদ্বৎ ত্রিকোণা ঊর্দ্ধতো মতা।
প্রাগুদক্‌প্রবণা তদ্বৎ প্রশস্তা লক্ষণান্বিতা ॥৪৬০॥

অনুবাদ—স্থণ্ডিলা চতুষ্কোণা মেখলাদি বর্জ্জিতা। বাপী দ্বিমেখলা জানিবে। যক্ষী ত্রিমেখলা। বেদী চতুষ্কোণা বিস্তৃতা, তাহাতে কোন মূর্ত্তি যোজনা করিবেনা। মণ্ডলা গোলাকৃতি, যাহা ত্রিগুণা মেখলা। পূর্ণচন্দ্রা মধ্যে, বাহিরে রক্তবর্ণের দ্বিমেখলা কীর্ত্তিতা। বজ্রিকা ষট্‌কোণাকৃতি মেখলাত্রয় যুক্তা হইবে। পদ্মা ষোড়শদল পদ্ম সদৃশা, মূলের দিকে কিঞ্চিৎ ছোট। সেইরূপ ধনুকের ন্যায় অর্দ্ধচন্দ্রা প্রশস্ত। ত্রিকোণা ত্রিশূল সদৃশী ঊর্দ্ধদিকে স্বীকৃতা। এই সকল পীঠিকা পূর্ব্ববৎ উত্তর দিকে কিঞ্চিৎ নত হইলে সুলক্ষণযুক্ত ও প্রশস্ত হয় ॥ ৪৫৬-৪৬০ ॥

পরিবেষাস্ত্রিভাগেন নির্দ্দেশং তত্র কারয়েৎ।
বিস্তারং তৎপ্রমাণং তু মূলে চাগ্রে তথোর্ধ্বতঃ ॥৪৬১

অনুবাদ—পরিবেষ অর্থাৎ পরিধিকে সেস্থানে ত্রিভাগে নির্দ্দেশ করাইবে এবং মূলে, অগ্রে ও উর্ধ্বে সেই অনুসারে বিস্তার করিবে ॥ ৪৬১ ।

জলমার্গস্তু কর্ত্তব্যস্ত্রিভাগেন সুশোভনঃ।
লিঙ্গস্যার্দ্ধত্রিভাগেন স্থৌল্যেন সমধিষ্ঠিতঃ ॥৪৬২॥

অনুবাদ—জল নির্গমন পথ ত্রিভাগ দ্বারা সুশোভন কর্ত্তব্য। শিবমন্দিরে লিঙ্গের অর্দ্ধ ত্রিভাগ দ্বারা স্থূলতা সম্যক্ অধিষ্ঠিত থাকিবে ॥ ৪৬২ ॥

মেখলা তু ত্রিভাগেন খাতং বৈ তৎপ্রমাণতঃ।
অথবা পাদহীনং তু শোভনং কারয়েৎ সদা ॥৪৬৩॥

অনুবাদ—মেখলা ত্রিভাগ দ্বারা খাত ঐ পরিমাণে হইবে। অথবা—একচতুর্থাংশ হীন সর্ব্বদা শোভা-যুক্ত করাইবে ॥ ৪৬৩ ॥

উত্তরস্থং প্রমাণস্তু প্রমাণাদধিকং ভবেৎ ॥ ৪৬৪ ॥

অনুবাদ—উত্তরদিক্‌স্থিত প্রণালীর পরিমাণ অন্যদিকের অপেক্ষা অধিক হইবে ॥ ৪৬৪ ॥

স্থণ্ডিলায়ামথারোগ্যং বাপ্যা ধানঞ্চ পুষ্কলম্।
গোপ্রদা তু ভবেদ্যক্ষী বেদী সম্পৎপ্রদা ভবেৎ।
মণ্ডলায়াং ভবেৎ কীর্ত্তির্বরদা পূর্ণচন্দ্রিকা ॥৪৬৫॥

আয়ুঃপ্রদা ভবেদ্বজ্রী পদ্মা সৌভাগ্যদায়িনী।
পুত্রদা ত্বর্দ্ধচন্দ্রা স্যাত্রিকোণা শত্রুনাশিনী ॥ ৪৬৬ ॥

অনুবাদ—অনন্তর বিশেষ বিশেষ পীঠিকার ফল বলা হইতেছে—স্থণ্ডিলার ফল আরোগ্য ও বাপী প্রচুর ধনধান্য-প্রদা। যক্ষী গো সম্পৎ প্রদা, বেদী সম্পৎ প্রদা হয়, মণ্ডলা কীর্ত্তিপ্রদা, পূর্ণচন্দ্রিকা বরদা, বজ্রী আয়ুঃপ্রদা, পদ্মা সৌভাগ্যদায়িনী, অর্দ্ধচন্দ্রা পুত্রদা, ত্রিকোণা শত্রুনাশিনী ॥ ৪৬৫-৪৬৬ ॥

দেবস্য যজনার্থং তু পিণ্ডিকা দশ কীর্ত্তিতাঃ।
শৈলে শৈলময়ীং পিণ্ডীং পার্থিবে পার্থিবীং তথা ॥৪৬৭
দারুজে দারুজাং কুর্য্যান্মিশ্রে মিশ্রাং তথৈব চ।
নান্যযোনিস্তু কার্য্যা বৈ সদা শুভফলেপ্সুভিঃ ॥৪৬৮

অনুবাদ—শ্রীহরির যজনের জন্য দশবিধা পিণ্ডিকা কীর্ত্তিত হইল। শৈলী প্রতিমাতে শৈলময়ী পিণ্ডী, মৃন্ময়ী প্রতিমাতে মৃন্ময়ী পিণ্ডি, সেইরূপ দারুময়ী প্রতিমাতে দারুময়ী, মিশ্র প্রতিমাতে মিশ্রাপিণ্ডি কর্ত্তব্যা, সর্ব্বদা শুভফলাকাঙ্ক্ষী বিসদৃশ পিণ্ডি করিবেন না ॥ ৪৬৭-৪৬৮ ॥

অর্চ্চায়াম-সমং দৈর্ঘ্যং লিঙ্গায়াম-সমং তথা।
যস্য দেবস্য যা পত্নী তাং পীঠে পরিকল্পয়েৎ।
এবমেব সমাখ্যাতং সমাসাৎ পীঠলক্ষণম্ ॥৪৬৯॥

অনুবাদ—পিণ্ডিকা শ্রীবিষ্ণু বিগ্রহের ও শিব লিঙ্গের সমান দীর্ঘ, যে দেবের যিনি পত্নী তাহাকে ঐ পীঠে কল্পনা করিবেন, এই প্রকার সংক্ষেপে পীঠলক্ষণ বর্ণিত হইল ॥ ৪৬৯ ॥

কিঞ্চ—
দ্বারোচ্ছ্রায়স্য যন্মানমষ্টধা তত্তু কারয়েৎ।
ভাগদ্বয়েন প্রতিমাং ত্রিভাগীকৃত্য তৎ পুনঃ।
পিণ্ডিকা ভাগতঃ কার্য্যা নাতিনীচা ন চোচ্ছ্রিতা ॥ ৪৭০ ॥

অনুবাদ—আরও—দ্বারের উচ্চতা যে পরিমাণ তাহাকে অষ্টভাগে ভাগ করিয়া দুই ভাগে প্রতিমা, তাহাকে পুনরায় তিনভাগ করিয়া একভাগে পিণ্ডিকা কর্ত্তব্যা, অতিনীচ নহে এবং অতি উচ্চ নহে ॥ ৪৭০ ॥

শ্রীনারদপঞ্চরাত্রে চ—
বিম্বমানাদ্‌যথা পীঠং কুর্য্যাদ্দেবস্য তচ্ছৃণু।
চতুরস্রঞ্চ তদ্বিধি চতুরস্রায়তং তু বা ॥ ৪৭১ ॥

অনুবাদ—শ্রীনারদ পঞ্চরাত্রেও—দেব প্রতিমার মান অনুসারে যেমন দেব পীঠ করিবে তাহা শ্রবণ কর, তাহা চতুষ্কোণ বা চতুষ্কোণ আয়ত করার বিধি ॥ ৪৭১ ॥

বিম্বোচ্ছ্রায়-সমং পীঠং পরিতশ্চৈব বিস্তৃতম্।
তদর্দ্ধেনোন্নতং কুর্য্যাদেতৎ সামান্যলক্ষণম্ ॥৪৭২॥

অনুবাদ—প্রতিমার উচ্চতার সমান পীঠ চতুর্দ্দিকে বিস্তৃত, তাহার অর্দ্ধেক উন্নত কর্ত্তব্য, ইহাই সাধারণ লক্ষণ ॥ ৪৭২ ॥

চতুরস্রস্য পীঠস্য কথিতং তু মহামুনে।
চতুরস্রায়তস্যাথ প্রমাণমবধারয় ॥ ৪৭৩ ॥

অনুবাদ—হে মহামুনে! চতুরস্র পীঠের কথা বলা হইল, চতুরস্রায়ত পীঠের লক্ষণ অনন্তর অবধারণ কর ॥ ৪৭৩ ॥

বিম্বাদ্ধীনস্তু বিস্তীর্ণং তৎ প্রমাণেন চোন্নতম্।
সমং দেবস্য দৈর্ঘ্যং বা চতুরস্রায়তং তু তৎ ॥৪৭৪॥

অনুবাদ—প্রতিমা হইতে কম বিস্তীর্ণ এবং প্রতিমা পরিমাণে উন্নত অথবা দেবের সমান দীর্ঘ, তাহাই চতুরস্রায়ত পীঠ ॥ ৪৭৪ ॥

কার্য্যং তুঙ্গালয়স্থানাং দেবতানাঃ মহামুনে।
চলানাং বেশ্মসংস্থানাৎ বিম্বানাং পীঠমন্যথা ॥৪৭৫

অনুবাদ—হে মহামুনে! উচ্চমন্দিরস্থিত দেব-

গণের চলমূর্ত্তির এবং গৃহস্থিত মূর্ত্তি সমূহের পীঠ অন্য প্রকার কর্ত্তব্য ॥ ৪৭৫ ॥

কুর্য্যাদ্বিম্বসমং দৈর্ঘ্যং স্বেন মানেন বা পুনঃ।
আপাদজানুপর্য্যন্তং বিস্তারেণোচ্ছ্রয়েণ চ ॥ ৪৭৬ ॥

অনুবাদ—প্রতিমা সমান দীর্ঘ অথবা নিজ প্রমাণে দীর্ঘ করিবে, পাদ হইতে জানু পর্য্যন্ত বিস্তার ও উচ্চতা করিবে ॥ ৪৭৬ ॥

উর্বর্দ্ধেনাথবা কুর্য্যাৎ সবিস্তারং দ্বিজোন্নতিম্।
বক্ষোঽন্তরে বা বিম্বস্য তস্যার্দ্ধেন চ বিস্তৃতম্ ॥৪৭৭

অনুবাদ—হে দ্বিজ! অথবা উরুর অর্দ্ধ পর্য্যন্ত বিস্তার ও উন্নত করিবে, প্রতিমার বক্ষোমধ্য বা তাহার অর্দ্ধেক বিস্তৃত করিবে ॥ ৪৭৭ ॥

তচ্চতুর্ভাগহীনং তু ত্রিভাগং চার্দ্ধমেব বা।
অঙ্গ ত্বং বিদ্ধি তৎ পীঠং চলবিম্বস্য সর্ব্বদা ॥৪৭৮॥

অনুবাদ—হে অঙ্গ! তাহার চতুর্থাংশ কম, ত্রিভাগ বা অর্দ্ধভাগ চল-প্রতিমার পীঠ তুমি সর্ব্বদা জান ॥ ৪৭৮ ॥

ধাতুদ্রব্যস্য চাভাবাৎ স্থিরাণামেবমেব চ।
কৃত্বা তু তদধঃ কুর্য্যাদুপপীঠং প্রমাণতঃ ॥ ৪৭৯॥

অনুবাদ—ধাতু দ্রব্যের অভাবে এবং স্থির অর্থাৎ অচল মূর্ত্তি সমূহেরই পীঠ এইরূপ করিয়া তাহার নীচে উপপীঠ পরিমাণ মত করিবে ॥ ৪৭৯ ॥

ত্রিভাগেনাথ পীঠস্য প্রমাণং মধ্যতো ভবেৎ।
তন্মানেন ততো দৈর্ঘ্যং স্বমানাদগ্রতঃ পুনঃ ॥৪৮০॥
ত্র্যংশমানেন বিস্তীর্ণং তস্যাপি ত্র্যংশমন্তরা।
নিখনেদগ্রতো মূলাৎ তৎ কুর্য্যান্মকরাননম্ ইত্যাদি ॥ ৪৮১॥

ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে শ্রীমূর্ত্তিপ্রাদুর্ভাবো নাম অষ্টাদশো বিলাসঃ।

অনুবাদ—পীঠের ত্রিভাগের সমান পরিমাণ মধ্য-ভাগে উপপীঠ হইবে, ঐ পরিমাণ দ্বারা তাহা হইতে দীর্ঘ নিজমানে অগ্রভাগে পুনঃ ত্রি-অংশ পরিমাণে বিস্তীর্ণ, তাহারও ত্রিভাগ অন্তরে অগ্রভাগে খনন করিবে মূল হইতে, তাহা মকর মুখের ন্যায় করিবে॥ ইত্যাদি ॥ ৪৮০-৪৮১ ॥

ইতি শ্রীগোপালভট্ট-বিলিখিত শ্রীভগবদ্ভক্তিবিলাসে শ্রীমূর্ত্তিপ্রাদুর্ভাব নামক অষ্টাদশ বিলাস ॥ ১৮ ॥

একোনবিংশ-বিলাসঃ

শ্রীশ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ

শ্রীচৈতন্যং প্রবিষ্টোঽস্মি শরণং সুষ্ঠু যেন হি।
আবিষ্টো যাতি দুষ্টোঽপি প্রতিষ্ঠাং সদভিষ্টুতাম্ ॥১

অনুবাদ—শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ—শ্রীশ্রী-কৃষ্ণচৈতন্যদেবের সম্পূর্ণ আশ্রয় গ্রহণ করিয়াছি। যিনি আবিষ্ট হইলে দুষ্টব্যক্তিও সাধুগণের সর্ব্বভাবে স্তবযোগ্য প্রতিষ্ঠা প্রাপ্ত হন ॥ ১ ॥

শ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ।

টীকা—জীয়াৎ চৈতন্যদেবোঽসৌ যৎপাদাব্জরসং স্পৃশন্। নিত্যং চিত্রং ফলত্যেব মনোরথমহাদ্রুমঃ। শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠাবিধিং লিখন্ তৎসুসিদ্ধয়ে পরমগুরুরূপং ভগবন্তং শরণং যাতি—শ্রীচৈতন্যমিতি। হি যস্মাদ্ যেন শ্রীচৈতন্যেন আবিষ্টঃ হৃদাক্রান্তঃ সন্ দুষ্টোঽপি জনঃ সদ্ভিরভিষ্টুতাং প্রতিষ্ঠাং যাতি। অতোঽহত্য-

যোপ্যোঽপি হৃদি তৎ-প্রেরণয়া লিখন্নহং সম্যগেতল্লি-খিতুমর্হামীতি ভাবঃ ॥ ১ ॥

অথ শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠা

প্রতিষ্ঠয়ৈব ভগবদাবির্ভাবো বিশেষতঃ।
প্রতিমাসু ততস্তাসাং প্রতিষ্ঠাং বিধিনাচরেৎ ॥ ২ ॥

অনুবাদ—অনন্তর শ্রীমূর্ত্তি প্রতিষ্ঠা—প্রতিমা সমূহে প্রতিষ্ঠা দ্বারাই বিশেষতঃ শ্রীভগবদ্ আবির্ভাব হয়, সেইহেতু প্রতিমা সমূহের প্রতিষ্ঠা শাস্ত্রবিধিসহ অনুষ্ঠান করিবে ॥ ২ ॥

টীকা—যদ্যপি শ্রীমূর্ত্ত্যাবির্ভাবেনৈব সর্ব্বলোকেষু সাক্ষাদাকারাদিস্ফূর্ত্ত্যা ভগবদাবির্ভাবো বৃত্ত এব, তথাপি বিধিনা প্রতিষ্ঠয়ৈব প্রতিমাসু বিশেষতো ভগবত আবির্ভাবঃ স্যাৎ। ততস্তস্মাদ্ধেতোস্তাসাং প্রতিমানাং শস্ত্রোক্তপ্রকারেণ প্রতিষ্ঠামাচরেদিত্যর্থঃ ॥ ২ ॥

তথা চোক্তমেকাদশস্কন্ধে শ্রীভগবতা (২৭।১৩)—
প্রতিষ্ঠা জীবমন্দিরম্ ॥ ইতি ॥ ৩ ॥

অনুবাদ—সেইরূপ শ্রীমদ্ভাগবত একাদশ স্কন্ধে শ্রীভগবান্ কর্ত্তৃক উক্ত হইয়াছে—প্রতিষ্ঠা হইলে পর জীব ও জগৎকে চেতনাদান করেন, এইহেতু পরমাত্মার এক নাম জীব, তিনি প্রতিষ্ঠিত হইলে জীবের ও প্রতিমার চৈতন্য সম্পাদিত হইবে। সুতরাং জীব যেমন পরমাত্মার মন্দিরে অধিষ্ঠান, সেইরূপ প্রতিমা (শ্রীকৃষ্ণ) আমার অধিষ্ঠান ॥ ৩ ॥

টীকা—এতদেব শ্রীভগবদ্যুক্ত্যা প্রমাণয়তি—প্রতিষ্ঠেতি। প্রতিষ্ঠায়া যদ্বা, প্রতিষ্ঠা ভবতি চেত্তহি জীবয়তি জগচ্চেতয়তীতি জীবঃ পরমাত্মাহং তস্য মন্দিরমধিষ্ঠানং ভবতি। এবং প্রতিষ্ঠায়া নিত্যত্বমভিপ্রেতম্ ॥ ৩ ॥

অথ প্রতিষ্ঠালক্ষণম্

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে—
পরমাত্মা হরের্দেবস্তচ্ছক্তিঃ শ্রীরিহোদিতা।
শ্রীর্দেবী প্রকৃতিঃ প্রোক্তা কেশবঃ পুরুষঃ স্মৃতঃ ॥৪॥

অনুবাদ—অনন্তর প্রতিষ্ঠা লক্ষণ, শ্রীহয়শীর্ষ পঞ্চরাত্রে—পরমাত্মা শ্রীহরিই আরাধ্যদেব, তাঁহার শক্তি শ্রীলক্ষ্মীদেবী প্রসিদ্ধা, শাস্ত্রে শ্রীলক্ষ্মীদেবীকে 'প্রকৃতি' বলা হইয়াছে, আর শ্রীকেশবদেব 'পুরুষ' বলিয়া স্মরণ করা হয় ॥ ৪ ॥

ন বিষ্ণুনা বিনা দেবী ন হরিঃ পদ্মজাং বিনা।
অর্চ্চামূর্ত্তিঃ স্মৃতঃ কৃষ্ণঃ পিণ্ডিকা কমলালয়া।
তয়োর্যো বিধিনা যোগঃ সা প্রতিষ্ঠা প্রকীর্ত্তিতা ॥৫॥

অনুবাদ—বিষ্ণু ব্যতীত লক্ষ্মীদেবী অধিষ্ঠান করেন না, আর লক্ষ্মীদেবী ব্যতীত শ্রীহরি অধিষ্ঠান করেন না। অর্চ্চামূর্ত্তিকে শ্রীকৃষ্ণ জানিবে, পিণ্ডিকাকে লক্ষ্মী জানিবে, এই উভয়ের যে বিধিপূর্ব্বক যোগ, তাহা প্রতিষ্ঠা রূপে কীর্ত্তিতা ॥ ৫ ॥

টীকা—পিণ্ডিকোপরি শ্রীমূর্ত্তেঃ প্রকর্ষেণ স্থিতেঃ প্রতিষ্ঠেতি নিরুক্ত্যা তল্লক্ষণমাহ—পরমাত্মেতি সার্দ্ধদ্বয়েন। অর্থবিশেষস্তু শ্রীবৈষ্ণবানাং হৃদয়গম্য এবেতি কিন্তদ্বিস্তারণশ্রমেণ ? কেবলমন্ত্রোপযুক্তমেব লেখ্যম্ ॥ ৪-৫ ॥

অথ মূর্ত্তিপ্রতিষ্ঠামাহাত্ম্যম্

মাৎস্যে ঋষয় উচুঃ—
ক্রিয়াযোগঃ কথং সিধ্যেদ্গৃহস্থাদিষু সর্ব্বদা।
জ্ঞানযোগসহস্রাদ্ধি কর্ম্মযোগো বিশিষ্যতে ॥ ৬ ॥

অনুবাদ—অনন্তর শ্রীমূর্ত্তি প্রতিষ্ঠা মাহাত্ম্য, মৎস্যপুরাণে ঋষিগণ বলিয়াছেন—গৃহস্থাদি আশ্রমে ক্রিয়াযোগ কিরূপে সিদ্ধ হইবে। সর্ব্বদা সহস্র জ্ঞানযোগ হইতে কর্ম্মযোগ অধিক বৈশিষ্ট্য ধারণ করে।.৬

শ্রীসূত উবাচ—
ক্রিয়াযোগং প্রবক্ষ্যামি দেবতার্চ্চানুকীর্ত্তনম্।
ভুক্তিমুক্তিপ্রদং যস্মান্নান্যলোকেষু বিদ্যতে ॥ ৭ ॥

অনুবাদ—শ্রীসূত বলিলেন—ক্রিয়াযোগ বলিব, দেবতার অর্চ্চন বিগ্রহের অনুকীর্ত্তন। যাহা হইতে ভুক্তি-মুক্তি-প্রদ ইহলোকে অন্য কিছুই নাই ॥ ৭ ॥

টীকা—দেবতানাং, যদ্বা, দেবতায়াঃ পরমপূজ্যস্য ভগবতোঽর্চ্চা পূজা প্রতিমা বা অনুকীর্ত্তনং চ, দ্বন্দ্বৈক্যম্, তদ্রূপং ক্রিয়াযোগং প্রবক্ষ্যামি। তত্র হেতুঃ—যস্মাদ্দেবতার্চানুকীর্ত্তনাদন্যৎ কিঞ্চিদ্ভুক্তিমুক্তিপ্রদং নাস্তি ॥ ৭ ॥

প্রতিষ্ঠায়াঃ সুরাণাঞ্চ দেবতার্চ্চানুকীর্ত্তনাৎ।
দেবযজ্ঞোৎসবাচ্চাপি বন্ধনেন বিমুচ্যতে ॥ ৮ ॥

অনুবাদ—দেবগণের প্রতিষ্ঠা, দেববিগ্রহের অনুকীর্ত্তন ও দেবযজ্ঞোৎসব দ্বারা কর্ম্মবন্ধন হইতে মানব মুক্ত হয় ॥ ৮ ॥

টীকা—সুরাণামিতি বহুত্বং শ্রীশিবাদ্যপেক্ষয়া ভগবতঃ পরমগৌরবাপেক্ষয়া বা। প্রতিষ্ঠেত্যাদি-প্রথমান্তপাঠে সৈব দেবার্চ্চানুকীর্ত্তনং, সৈব দেবযজ্ঞোৎসবশ্চ যেন দেবতার্চ্চানুকীর্ত্তনেন দেবযজ্ঞোৎসবেন চ কর্ম্মবন্ধাজ্জনো মুক্তো ভবতি ॥ ৮ ॥

বিষ্ণুধর্ম্মে—
স্থাপিতাং প্রতিমাং বিষ্ণোঃ সম্যক্ সম্পূজ্য মানবঃ।
যং যং প্রার্থয়তে কামং তং তং প্রাপ্নোত্যনুত্তমম্ ॥৯॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে—মানব শ্রীবিষ্ণুর প্রতিষ্ঠিত প্রতিমাকে সাদরে পূজা করিয়া যাহা যাহা প্রার্থনা করে, সেই সেই উত্তম ফল প্রাপ্ত হয় ॥ ৯ ॥

যথোক্তবিধিনা দেবং প্রতিষ্ঠাপ্য জনার্দ্দনম্।
অক্ষয়ং লোকমাপ্নোতি বিষ্ণোরমিততেজসঃ ॥১০॥

অনুবাদ—শাস্ত্রোক্ত বিধি অনুসারে জনার্দ্দনদেবকে প্রতিষ্ঠা করিয়া অপরিমিত শক্তি শ্রীবিষ্ণুর অক্ষয়লোক বৈকুণ্ঠধাম প্রাপ্ত হয় ॥ ১০ ॥

স্কান্দে—
যাবদ্দিনানি লোকেঽস্মিন্ স্থাপয়েৎ প্রতিমাং হরেঃ।
তাবদ্যুগসহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে ॥ ১১ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে—শ্রীহরির প্রতিমাকে ইহলোকে যত দিন স্থাপন করে, তত সহস্রযুগ বিষ্ণুধামে বিরাজিত থাকে ॥ ১১ ॥

অক্ষয়ো ভবতে তাবদ্যাবদাহূতসংপ্লবম্।
যেনার্চ্চা স্থাপিতা বিষ্ণোঃ সপ্তলোকস্য নায়ক ॥১২॥

অনুবাদ—হে সপ্তলোক নায়ক শ্রীনারদ। যে মানব কর্ত্তৃক শ্রীবিষ্ণুর অর্চ্চামূর্ত্তি স্থাপিত হয়, তাহার কীর্ত্তি এক কল্পকাল যাবৎ অক্ষয় হয় ॥ ১২ ॥

প্রতিষ্ঠা শঙ্করাদীনাং দেবানাং ব্রহ্মনন্দন।
কৃতা তেন ন সন্দেহঃ সত্যোক্তং তব নারদ ॥১৩॥

অনুবাদ—হে ব্রহ্মনন্দন নারদ! তোমার নিকট সত্য বলিলাম, শ্রীভগবদ্ বিগ্রহ প্রতিষ্ঠা দ্বারা শঙ্করাদি পরিকর দেবগণেরও প্রতিষ্ঠা ঐ ব্যক্তি দ্বারা কৃত হইল, ইহাতে সন্দেহ নাই ॥ ১৩ ॥

টীকা—বৈষ্ণবানাং বিষ্ণুপরিবারাণাং শঙ্করাদীনাং, হে সপ্তলোকস্য নায়ক, নারদ! নারদেতি বা পাঠঃ, ততশ্চ সপ্তলোকস্য বিশেষতঃ শঙ্করাদীনাং চ প্রতিষ্ঠা তেন কৃতেত্যন্বয়ঃ ॥ ১২-১৩ ॥

পিতৃণামর্য্যমাদীনাং বাসবাদিদিবৌকসাম্।
কৃতা তেন মহাপ্রতিঃ স্থাপয়িত্বা জনার্দ্দনম্ ॥ ১৪ ॥

অনুবাদ—শ্রীজনার্দ্দনমূর্ত্তি স্থাপন ফলে অর্য্যমাদি (যমাদি), পিতৃগণের ও ইন্দ্রাদি স্বর্গবাসিগণের মহাপ্রীতি তৎ-কর্ত্তৃক সাধিত হইল ॥ ১৪ ॥

যঃ স্থাপয়তি দেবর্ষে দেবং মধুনিসূদনম্।
তস্য সম্ভাষণাদেব পাপং যাতি দশাব্দিকম্ ॥১৫॥

অনুবাদ—হে দেবর্ষে! মধুসূদনদেবকে যে মানব স্থাপন করে, তাহার সম্ভাষণ ফলে দশ বৎসরের সঞ্চিত পাপ পলায়ন করে ॥ ১৫ ॥

যে নিরীক্ষন্তি নন্দন্তি প্রতিষ্ঠাং কেশবস্য হি।
তে বসন্তি হরের্লোকে যুগানামেকবিংশতিম্ ॥১৬॥

অনুবাদ—শ্রীকেশবদেবের প্রতিষ্ঠা যাহারা দর্শন করে ও আনন্দিত হয়, তাহারা শ্রীহরিধামে একবিংশতি চতুর্যুগ বাস করে ॥ ১৬ ॥

———

প্রয়াগে যৎ ফলং প্রোক্তং মাঘমাসে তু স্নানতঃ ।
গয়ায়াং পিণ্ডদানেন পিতৃপক্ষে চ নারদ ॥ ১৭ ॥
কার্ত্তিকে পুষ্করে প্রোক্তং কুরুক্ষেত্রে রবিগ্রহে ।
দ্বারকায়াং চ বৈশাখে প্রভাসে চ শশিগ্রহে ॥ ১৮ ॥
সিদ্ধেশ্বরে শিবরাত্রৌ ক্ষেত্রে চৈব তু হাটকে ।
শুক্রতীর্থে তু রেবায়াং গঙ্গাসাগরসঙ্গমে ॥ ১৯ ॥
অশ্বমেধাদিভির্যজ্ঞৈর্ব্রতৈর্দ্বাদশিসংজ্ঞকৈঃ ।
কপিলাকোটিভির্দত্তৈর্হেমভারশতৈরপি ॥ ২০ ॥
চান্দ্রায়ণৈশ্চ পারাকৈঃ কৃতৈর্যৎফলমাপ্নুয়াৎ ।
প্রতিষ্ঠাপ্য হরেরর্চ্চা পুণ্যমাপ্নোতি নারদ ॥ ২১ ॥

অনুবাদ—মাঘমাসে প্রয়াগে ত্রিবেণী সঙ্গমে স্নানের যে ফল উক্ত হইয়াছে, হে নারদ ! পিতৃপক্ষে গয়ায় পিণ্ডদানে যে ফল, কার্ত্তিকমাসে পুষ্করক্ষেত্রে স্নানের, সূর্য্যগ্রহণে কুরুক্ষেত্রে স্নানের দ্বারকায় বৈশাখে ও প্রভাসে চন্দ্রগ্রহণে স্নানের যে ফল, শিবরাত্রিতে সিদ্ধেশ্বরে ও হাটক ক্ষেত্রে, শুক্রতীর্থে, রেবানদীতে ও গঙ্গাসাগর সঙ্গমে স্নানের যে ফল, অশ্বমেধাদি যজ্ঞদ্বারা, দ্বাদশী নামক ব্রতসমূহ দ্বারা, কোটি কপিলা গাভী দান দ্বারা, শতভার সুবর্ণদান দ্বারা, চান্দ্রায়ণ ব্রতসমূহ দ্বারা এবং পারাক ব্রতসমূহ করার দ্বারা যে ফল পাওয়া যায়, হে নারদ। শ্রীহরির অর্চ্চাবিগ্রহ প্রতিষ্ঠা ফলে সেই সকল পুণ্য পাওয়া যায় ॥ ১৭-২১ ॥

———

তস্মাৎ কলিযুগে ঘোরে বিশেষেণ নরোত্তমৈঃ ।
স্থাপনীয়া হরেরর্চ্চা পিতৃণাং মুক্তিমিচ্ছতা ॥২২॥

অনুবাদ—সেইহেতু ঘোর কলিযুগে বিশেষতঃ পিতৃগণের মুক্তিকামী শ্রেষ্ঠ মানবগণ কর্ত্তৃক শ্রীহরির অর্চ্চাবিগ্রহ স্থাপন কর্ত্তব্য ॥ ২২ ॥

———

অন্যকৃতে চ প্রাসাদে প্রতিমাং স্থাপয়েত্তু যঃ।
কুলায়ুতশতৈর্যুক্তো বসতে বিষ্ণুবেশ্মনি ॥ ২৩॥

অনুবাদ—যিনি অন্যকৃত প্রাসাদে প্রতিমা স্থাপন করে, তিনি শতঅযুত কুল সহ শ্রীবিষ্ণু গৃহে বাস করে ॥ ২৩ ॥

———

স ধন্যঃ স কুলীনশ্চ পিতৃণাং ভবতে সুতঃ ॥
কারয়িত্বা হরেধিষ্ণ্যং যঃ স্থাপয়তি কেশবম্ ॥২৪॥

অনুবাদ—সেই মানব ধন্য, সেই কুলীন, সেই পিতার যথার্থ সন্তান, যে মানব শ্রীহরি বিগ্রহ নির্ম্মাণ করাইয়া কেশবদেবকে স্থাপন করে ॥ ২৪ ॥

———

হরস্য বিষ্ণোর্ভানোর্বা প্রাসাদে চাপি নারদ ।
স্থাপয়িত্বা হরেরর্চ্চা মুখ্যং পুণ্যমবাপ্নুয়াৎ ॥ ২৫ ॥

অনুবাদ—হে নারদ ! শিবপ্রাসাদে, বিষ্ণুপ্রাসাদে বা সূর্য্যমন্দিরে শ্রীহরির অর্চ্চাবিগ্রহ স্থাপন করিলে মুখ্যপুণ্য প্রাপ্ত হইবে ॥ ২৫ ॥

টীকা—মুখ্যমিতি—প্রাসাদং স্বয়ং নির্ম্মায় তত্র হরেরর্চ্চাস্থাপনেন যৎ পুণ্যং তদিত্যর্থঃ ॥ ২৫ ॥

———

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে প্রতিষ্ঠাবিধ্যন্তে—
যো বিষ্ণুং স্থাপয়েদ্দেবং সর্ব্বদেবনমস্কৃতম্ ।
স্থাপিতং তেন সর্ব্বং স্যাজ্জগৎ স্থাবরজঙ্গমম্ ॥২৬॥
অতীতান্ দশ পূর্ব্বাংশ্চ তথৈবানাগতান্ দশ ।
আত্মানং সপরীবারং বিষ্ণুলোকং নয়েন্নরঃ ॥২৭॥

অনুবাদ—শ্রীহয়শীর্ষ পঞ্চরাত্রে প্রতিষ্ঠা বিধির অন্তে—সর্ব্বদেব প্রণম্য শ্রীবিষ্ণুদেবকে যে মানব স্থাপন করে, তৎকর্ত্তৃক সমগ্র স্থাবর জঙ্গম জগৎ স্থাপিত হয় এবং অতীত পূর্ব্ব দশপুরুষ, সেইরূপ অনাগত ভবিষ্যৎ দশ পুরুষকে, আর সপরিবার নিজকে সেই মানব বিষ্ণুলোকে লইয়া যায় ॥২৬-২৭॥

———

কোটিজন্মগতং পাপং স্বল্পকং যদি বা গুরু ।
তৎ সর্ব্বং ভস্মসাৎ কুর্য্যাৎ সংস্থাপ্য মধুঘাতিনম্
॥ ২৮ ॥

অনুবাদ—কোটিজন্মগত পাপ তাহা অতি অল্প

বা গুরুই হউক শ্রীমধুসূদনকে স্থাপন ফলে সকলই ভস্মসাৎ করিবে ॥ ২৮ ॥

তথৈব ভবিষ্যে—

এবং যঃ কুরুতে রাজন্ প্রতিষ্ঠাং দেবচক্রিণঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ সর্ব্বভূষণভূষিতঃ ॥ ২৯ ॥
বিমানেন বিচিত্রেণ ত্রিসপ্তকুলজৈঃ সহ।
পূজাং সম্প্রাপ্য মহতীমিন্দ্রলোকাদিষু ক্রমাৎ।
সবান্ধবং সুখং প্রাপ্য বিষ্ণুলোকে মহীয়তে ॥৩০॥

অনুবাদ—সেইরূপ ভবিষ্যপুরাণে—হে রাজন্! এইভাবে যে মানব চক্রধারী শ্রীহরির প্রতিষ্ঠা করে, সর্ব্বপাপ বিশেষরূপে মুক্ত হইয়া সর্ব্ববিধ ভূষণে ভূষিত হইয়া বিচিত্র বিমানে ত্রিসপ্ত কুলজাতগণ সহ ইন্দ্রলোকাদিতে ক্রমে মহতী পূজা প্রাপ্ত হইয়া সবান্ধবে বিষ্ণুলোকে বৈকুণ্ঠে বিরাজ করে ॥ ২৯-৩০ ॥

নারসিংহে—

প্রতিষ্ঠাং নরসিংহস্য যঃ করোতি যথাবিধি।
নিষ্কামো নরশার্দ্দূল দেহবন্ধাৎ প্রমুচ্যতে ॥ ৩১ ॥

অনুবাদ—নৃসিংহপুরাণে—যে মানব নিষ্কামভাবে শাস্ত্রবিধিমত শ্রীনরসিংহদেবের প্রতিষ্ঠা করে, হে রাজন্! সেই ব্যক্তি দেহবন্ধন হইতে মুক্ত হয় ॥৩১॥

সকামো নরসিংহস্য পুরং প্রাপ্য চ মোদতে।
মন্বন্তরাণ্যনেকানি লব্ধসৌখ্যো বিমুচ্যতে ॥ ৩২ ॥

অনুবাদ—সকাম ব্যক্তি শ্রীনরসিংহদেবের ধাম প্রাপ্ত হইয়া আনন্দ লাভ করে, বহু মন্বন্তর সুখ লাভ করিয়া বিমুক্ত হয় ॥ ৩২ ॥

নরসিংহং প্রতিষ্ঠাপ্য যঃ পূজামাচরেন্নরঃ।
তস্য কামাঃ প্রসিধ্যন্তি পুত্রপৌত্রাদয়ো ভুবি ॥৩৩॥

অনুবাদ—যে মানব শ্রীনরসিংহদেবকে প্রতিষ্ঠা করিয়া পূজা করিতে থাকে, তাহার এই জগতে পুত্র পৌত্রাদি কাম্যফলসমূহ সিদ্ধ হয় ॥ ৩৩ ॥

বিধিবৎ স্থাপয়েদ্যস্তু কারয়িত্বা জনার্দ্দনম্।
ন জাতু নির্গমস্তস্য বিষ্ণুলোকাৎ কথঞ্চন ॥৩৪॥

অনুবাদ—যে মানব শাস্ত্রবিধি অনুসারে জনার্দ্দন বিগ্রহ নির্ম্মাণ করাইয়া স্থাপন করে, তাহার কোনরূপে বিষ্ণুলোক হইতে পতন হয় না ॥ ৩৪ ॥

গৌতমীয়ে—

গোষ্ঠে বা শৈলশৃঙ্গে বা পুণ্যারণ্যে নদীতটে।
প্রাসাদে স্থাপয়েৎ কৃষ্ণং তীর্থকোটিফলং লভেৎ ॥৩৫

অনুবাদ—গৌতমীয়তন্ত্রে—গোষ্ঠে বা পর্ব্বতশিখরে অথবা পুণ্যবনে, নদীতটে, প্রাসাদে, শ্রীকৃষ্ণ বিগ্রহ স্থাপন করিলে কোটি তীর্থের ফল লাভ করেন ॥ ৩৫ ॥

কোটিকোটি-মহাস্নানাৎ কোটিতীর্থপরিভ্রমাৎ।
তৎ ফলং লভতে ভক্ত্যা সংপ্রতিষ্ঠাপ্য কেশবম্ ॥৩৬

অনুবাদ—কোটি কোটি মহাস্নানের যে ফল, কোটি তীর্থ পরিভ্রমণের যে ফল লাভ করে, ভক্তিসহ শ্রীকেশবকে উত্তমরূপে প্রতিষ্ঠা করিয়া সেই ফল প্রাপ্ত হওয়া যায় ॥ ৩৬ ॥

সদা মন্ত্রকোটিজপাৎ যৎ ফলং পুরুষো লভেৎ।
তৎ ফলং সমবাপ্নোতি সংস্থাপ্য পুরুষোত্তমম্ ॥৩৭॥

অনুবাদ—মানব সর্ব্বদা কোটি সংখ্যা মন্ত্র জপে যে ফল লাভ করে, পুরুষোত্তম শ্রীকৃষ্ণকে সংস্থাপন করিয়া সেই ফল সম্যক্ প্রাপ্ত হয় ॥ ৩৭ ॥

কোটিযজ্ঞেন যৎ পুণ্যং পুণ্যারণ্যনিষেবনাৎ।
তৎ ফলং লভতে মর্ত্ত্যস্তদ্বৎ সংস্থাপ্য কেশবম্ ॥৩৮

অনুবাদ—কোটি যজ্ঞদ্বারা যে পুণ্য, পুণ্যারণ্যে বাসদ্বারা যে পুণ্য, যথাবিধি শ্রীকেশবকে সংস্থাপন করিয়া মানব সেই ফল লাভ করে ॥ ৩৮ ॥

যাবজ্জন্ম হরের্নামগ্রহণে যৎ ফলং লভেৎ ।
তৎ ফলং সমবাপ্নোতি সংস্থাপ্য পুরুষোত্তমম্ ॥৩৯॥

অনুবাদ—আজীবন শ্রীহরির নাম গ্রহণে যে ফল লাভ হয়, পুরুষোত্তম শ্রীকৃষ্ণকে সংস্থাপন করিয়া সেই ফল সম্পূর্ণ প্রাপ্ত হয় ॥ ৩৯ ॥

অথ প্রতিষ্ঠাকালঃ

মাৎস্যে—
চৈত্রে বা ফাল্গুনে বাপি জ্যৈষ্ঠে বা মাধবে তথা ।
মাঘে বা সর্ব্বদেবানাং প্রতিষ্ঠা শুভদা ভবেৎ ॥৪০॥

অনুবাদ—অথ প্রতিষ্ঠা কাল, মৎস্যপুরাণে—চৈত্র, ফাল্গুন, জ্যৈষ্ঠ, বৈশাখ বা মাঘে দেবগণের প্রতিষ্ঠা মঙ্গলপ্রদা হইবে ॥ ৪০ ॥

প্রাপ্য পক্ষং শুভং শুক্লমতীতে চোত্তরায়ণে ।
পঞ্চমী চ দ্বিতীয়া চ তৃতীয়া সপ্তমী তথা ॥ ৪১ ॥
দশমী পৌর্ণমাসী চ তথা শ্রেষ্ঠা ত্রয়োদশী ।
আসু প্রতিষ্ঠা বিধিবৎ কৃতা বহুফলা ভবেৎ ॥৪২॥

অনুবাদ—শুভ শুক্লপক্ষ প্রাপ্ত হইলে এবং উত্তরায়ণ সংক্রান্তি অতীত হইলে (দক্ষিণায়নে প্রতিষ্ঠা নিষেধ হেতু) দ্বিতীয়া, তৃতীয়া পঞ্চমী সপ্তমী এবং দশমী, ত্রয়োদশী ও পূর্ণিমা এই সকল তিথিতে শাস্ত্রবিধিবৎ শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করিলে বহু শুভ ফল প্রাপ্ত হইবে ॥ ৪১-৪২ ॥

টীকা—অতীতে চোত্তরায়ণ ইতি মকরসংক্রান্তৌ ব্যতীতায়ামিত্যর্থঃ। দক্ষিণায়নে প্রতিষ্ঠানিষেধাৎ ॥ ৪১ ॥

আষাঢ়ে দ্বে তথা মূলমুত্তরাত্রয়মেব চ ।
জ্যেষ্ঠাশ্রবণরোহিণ্যঃ পূর্ব্বভাদ্রপদা তথা ॥ ৪৩ ॥
হস্তাশ্বিনী রেবতী চ পুষ্যা মৃগশিরস্তথা ।
অনুরাধা তথা স্বাতী প্রতিষ্ঠাদিষু শস্যতে ॥ ৪৪ ॥

অনুবাদ—পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়া, সেইরূপ মূলা, উত্তরফল্গুনী, উত্তরভাদ্রপদ, জ্যেষ্ঠা, শ্রবণা, রোহিণী, পূর্ব্বভাদ্রপদ এবং হস্তা, অশ্বিনী, রেবতী, পুষ্যা, মৃগশিরা, সেইরূপ অনুরাধা ও স্বাতী নক্ষত্র প্রতিষ্ঠাদি কার্য্যে প্রশস্তা ॥ ৪৩-৪৪ ॥

বুধো বৃহস্পতিঃ শুক্রস্ত্রয় এতে শুভাবহাঃ ।
এভির্নিরীক্ষিতং লগ্নং নক্ষত্রঞ্চ প্রশস্যতে ॥ ৪৫ ॥

অনুবাদ—বুধ, বৃহস্পতি ও শুক্র এই তিনবার শুভপ্রদা। এই সকল সহ পরীক্ষিত লগ্ন ও নক্ষত্র প্রতিষ্ঠাকার্য্যে প্রশস্ত ॥ ৪৫ ॥

গ্রহতারাবলং লব্ধ্বা গ্রহপূজাং বিধায় চ ।
নিমিত্তং শকুনং লব্ধ্বা বর্জ্জয়িত্বাদ্ভুতাদিকম্ ॥৪৬॥
শুভে যোগে শুভে স্থানে ক্রূরগ্রহবিবর্জ্জিতে ।
লগ্নে ঋক্ষে চ কুর্ব্বীত প্রতিষ্ঠাদিকমুক্তবৎ ॥ ৪৭ ॥

অনুবাদ—গ্রহতারাবল প্রাপ্ত হইয়া গ্রহপূজা করিয়া শুভনিমিত্ত প্রাপ্ত হইয়া অদ্ভুতাদিক্ষণ বর্জ্জন করিয়া শুভযোগে শুভস্থানে ক্রূরগ্রহ বর্জ্জিত লগ্নে ও নক্ষত্রে শাস্ত্রোক্ত প্রতিষ্ঠাদি করিবে ॥ ৪৬-৪৭ ॥

টীকা—অদ্ভুতং ভূকম্পাদি, আদি-শব্দেন গ্রহণাদি ॥ ৪৬ ॥

অয়নে বিষুবে তদ্বৎ ষড়শীতিমুখে তথা ।
এতেষু স্থাপনং কার্য্যং বিধিদৃষ্টেন কর্ম্মণা ॥৪৮॥

অনুবাদ—উত্তরায়ণে বিষুব-সংক্রান্তি ও ষড়শীতি-সংক্রান্তি, এই সকলকালে শাস্ত্রবিধি দৃষ্টে কর্ম্মদ্বারা শ্রীবিগ্রহস্থাপন কর্ত্তব্য ॥ ৪৮ ॥

প্রাজাপত্যে তু শয়নং শ্বেতে তূত্থাপনং তথা ।
মুহূর্ত্তে স্থাপনং কুর্য্যাত্তথা ব্রাহ্মে বিচক্ষণঃ ॥৪৯॥

অনুবাদ—বিচক্ষণ ব্যক্তি প্রাজাপত্য রোহিণী নক্ষত্রে শয়ন, রেবতী নক্ষত্রে শ্বেতে উত্থাপন, সেইরূপ ব্রাহ্মমুহূর্ত্তে স্থাপন করিবে ॥ ৪৯ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে চ—
উত্তরাশাশ্রিতে ভানৌ শুক্লপক্ষে সুরেশ্বর।
কৃষ্ণপক্ষান্তিম-ত্র্যংশাদৃতে সুরগণার্চ্চিত।
শুক্লস্যাদ্যং পরিত্যজ্য প্রতিষ্ঠাং কারয়েদ্বুধঃ ॥৫০॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রেও—হে সুরগণার্চ্চিত! সূর্য্য উত্তরায়ণে অবস্থানকালে, হে সুরেশ্বর! শুক্লপক্ষে, কৃষ্ণপক্ষে, ত্রয়োদশী, চতুর্দ্দশী, অমাবস্যা, আদৃত এবং শুক্লপক্ষের প্রতিপদ বর্জ্জন করিয়া অভিজ্ঞ ব্যক্তি প্রতিষ্ঠা করাইবে ॥ ৫০ ॥

টীকা—ভানৌ উত্তরাশাং দিশং আশ্রিতে, উত্তরায়ণে সতীত্যর্থঃ। কৃষ্ণপক্ষেঽপি শুভযোগবাহুল্যে কারয়েৎ, কিন্তু তত্র ত্রয়োদশী-চতুর্দ্দশ্যমাবস্যা বর্জ্জয়েদিত্যাহ—কৃষ্ণেতি ॥ ৫০ ॥

মাঘে মাসি ফাল্গুনে বা চৈত্রবৈশাখয়োরপি ॥৫১॥
জ্যৈষ্ঠে মাস্যথবাষাঢ়ে সুযোগকরণান্বিতে।
প্রতিপচ্চ দ্বিতীয়া চ তৃতীয়া পঞ্চমী তথা ॥৫২॥
সপ্তমী দশমী চৈব দ্বাদশী চ ত্রয়োদশী।
অষ্টমী পৌর্ণমাসী চ প্রতিষ্ঠায়াং সুশোভনাঃ ॥৫৩॥

অনুবাদ—মাঘমাসে, ফাল্গুনে, চৈত্রে, বৈশাখে, জ্যৈষ্ঠে, আষাঢ়ে উত্তম যোগ ও করণযুক্ত, প্রতিপদ, দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী, সপ্তমী, অষ্টমী দশমী, দ্বাদশী, ত্রয়োদশী ও পূর্ণিমা প্রতিষ্ঠা কর্ম্মে সুশোভনা ॥ ৫১-৫৩ ॥

গুরুঃ সোমো শুক্রঃ প্রতিষ্ঠায়াং শুভাবহাঃ।
মেষো বৃষোঽথ মিথুনঃ কর্কটো বৃশ্চিকস্তথা ॥৫৪॥
সিংহঃ কন্যা চ সততং বিজ্ঞেয়াঃ শান্তিকারকাঃ।
উত্তরাসু তথা মূলে রৌদ্রে পুষ্যেঽথ শস্যতে ॥৫৫॥
বৈষ্ণবে চানুরাধে চ রেবত্যাং রোহিণীষু চ।
অশ্বিন্যামথ চিত্রায়াং ভরণ্যাং চ পুনর্বসৌ।
প্রতিষ্ঠাং কারয়েদ্বিদ্বান্ নক্ষত্রে মৃগশীর্ষকে ॥ ৫৬ ॥

অনুবাদ—গুরুবার, সোমবার ও শুক্রবার প্রতিষ্ঠা-কর্ম্মে শুভপ্রদা। মেষ, বৃষ, মিথুন, কর্কট, বৃশ্চিক, সিংহ ও কন্যা লগ্ন সর্ব্বদা শান্তিকারক জানিবে। উত্তরাষাঢ়া, উত্তরফল্গুনী, উত্তরভাদ্রপদ, মূলা, আর্দ্রা, পুষ্যানক্ষত্র প্রশস্তা। শ্রবণা, অনুরাধা, রেবতী, রোহিণী, অশ্বিনী, চিত্রা, ভরণী, পুনর্বসু ও মৃগশিরা নক্ষত্রে বিদ্বান্ ব্যক্তি প্রতিষ্ঠা করাইবেন ॥ ৫৪-৫৬ ॥

অয়নে বিষুবে চৈব ষড়শীতিমুখে তথা ॥ ৫৭ ॥
মিত্রং পরমমিত্রঞ্চ সম্পৎক্ষেমঞ্চ সাধকম্।
তারাপঞ্চকমেতচ্চ প্রতিষ্ঠায়াং প্রশস্যতে ॥৫৮॥

অনুবাদ—উত্তরায়ণে, বিষুব ও ষড়শীতি সংক্রান্তিতে, নবতারা মধ্যে মিত্র, পরমমিত্র, সম্পৎ, ক্ষেম ও সাধক—এই তারা পঞ্চক প্রতিষ্ঠা কার্য্যে প্রশস্ত ॥ ৫৭-৫৮ ॥

গরং বিষ্টিঞ্চ কিন্তুঘ্নং শাকুনঞ্চ চতুষ্পদম্।
বর্জ্জয়েৎ সুপ্রযত্নেন প্রতিষ্ঠায়াং সুরেশ্বর ॥ ৫৯ ॥

অনুবাদ—হে সুরেশ্বর! গর, বিষ্টি, কিন্তুঘ্ন, শাকুন, চতুষ্পদ—এই সকল করণ সুযত্নে প্রতিষ্ঠা কার্য্যে বর্জ্জন করিবেন ॥ ৫৯ ॥

বিষ্কুম্ভমতিগণ্ডঞ্চ শূলং পরিঘমেব চ।
গণ্ডং ব্যাঘাতকং চৈব বিধৃতিং বজ্রমেব চ ॥৬০॥
ব্যতীপাতং হর্ষণঞ্চ যোগানেতান্ বিবর্জ্জয়েৎ।
ন শস্তং গ্রহণে নিত্যং তথা বৈ দক্ষিণায়নে ॥৬১॥

অনুবাদ—বিষ্কুম্ভ, অতিগণ্ড, শূল, পরিঘ, গণ্ড ব্যাঘাত, বৈধৃতি, বজ্র, ব্যতীপাত ও হর্ষণযোগ বিশেষ ভাবে বর্জ্জনীয়, গ্রহণ কালে সেইরূপ দক্ষিণায়নে প্রতিষ্ঠা নিত্য বর্জ্জনীয় ॥ ৬০-৬১ ॥

লগ্নে তু সুস্থিরে কার্য্যং স্থিরাংশে সুরসত্তম।
কর্ত্তুশ্চোপচয়োপেতে মুহূর্ত্তে শোভনে দ্বিজ ॥৬২॥

অনুবাদ—হে সুরসত্তম! সুস্থির লগ্নে স্থিরাংশে প্রতিষ্ঠা করণীয়, হে দ্বিজ! কর্ত্তার উন্নতি যুক্ত শুভ মুহূর্ত্তে প্রতিষ্ঠা করণীয় ॥ ৬২ ॥

মৈত্রে বৈরাজ-সাবিত্রে শ্বেতে বা বাসবে শিবে।
অভিজিদ্রোহিণীনাঞ্চ মুহূর্ত্তে পদ্মসম্ভবে ॥ ৬৩ ॥
গান্ধর্ব্বে বা স্থাপয়ীত হরিং সুরগণার্চ্চিতম্।
আদিত্যস্য বলং লব্ধা লগ্নং শুভনিরীক্ষিতম্ ॥৬৪॥
চন্দ্রতারাবলং প্রাপ্য স্থাপয়েৎ পুরুষোত্তমম্।
সুগ্রহে চ সুনক্ষত্রে কুর্য্যাত্তত্রাধিবাসনম্ ॥ ৬৫ ॥

অনুবাদ—মৈত্র, বৈরাজ, সাবিত্র, শ্বেত, বাসব, শিব, অভিজিৎ ও রোহিণী মুহূর্ত্তে, ব্রাহ্মে বা গান্ধর্ব্ব মুহূর্ত্তে দেবগণার্চ্চিত শ্রীহরিকে স্থাপন করিবে। সূর্য্য-বল প্রাপ্ত হইয়া শুভলগ্ন দেখিয়া, চন্দ্রবল ও তারা-বল প্রাপ্ত হইয়া পুরুষোত্তম কৃষ্ণকে স্থাপন করিবে। শুভগ্রহে ও শুভনক্ষত্রে অধিবাস করিবে ॥ ৬৩-৬৫ ॥

ভবিষ্যে—
হরৌ সুপ্তে ন কর্ত্তব্যং দেবার্চ্চাস্থাপনং বুধৈঃ।
কর্ত্তব্যং তু বিবুদ্ধে তু হংসে চাপ্যুত্তরং গতে ॥৬৬॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—অভিজ্ঞগণ কর্ত্তৃক দেব বিগ্রহ স্থাপন শ্রীহরির শয়ন কালে কর্ত্তব্য নহে। শ্রীহরিজাগরণকালে এবং সূর্য্যের উত্তরায়ণে প্রতিষ্ঠা কর্ত্তব্য ॥ ৬৬ ॥

সর্ব্বকামসমৃদ্ধ্যর্থং স্থাপয়েদুত্তরায়ণে।
বর্জ্জয়েৎ সর্ব্বযত্নেন মন্ত্রবিদ্দক্ষিণায়নম্ ॥ ৬৭ ॥

অনুবাদ—সর্ব্ববিধ বাসনা লাভার্থে উত্তরায়ণে মূর্ত্তি স্থাপন করিবে, সর্ব্বপ্রযত্নে মন্ত্রবিৎ প্রতিষ্ঠাকার্য্যে দক্ষিণায়ন বর্জ্জন করিবেন ॥ ৬৭ ॥

দেবীপুরাণে—
সিংহসংস্থং গুরুং শুক্রং সর্ব্বারম্ভেষু বর্জ্জয়েৎ।
প্রারব্ধং ন চ সিধ্যেত মহাভয়করং ভবেৎ ॥৬৮॥
পুত্রভ্রাতৃকলত্রাণি হন্যাচ্ছীঘ্রং ন সংশয়ঃ।
কারকো ব্রজতে নাশং সন্তানং ক্ষীয়তেঽচিরাৎ ॥৬৯

অনুবাদ—দেবীপুরাণে—সর্ব্বকর্ম্মের আরম্ভে সিংহরাশি স্থিত গুরু ও শুক্র ঐকাল বর্জ্জন করিবে। প্রারব্ধ কার্য্য সিদ্ধ হয় না, মহাভয়ঙ্কর হয়। পুত্র, ভ্রাতা, ভার্য্যা এ সকলকে শীঘ্র বধ করিবে, ইহাতে সংশয় নাই। কর্ত্তা বিনাশ পায়, অচিরে সন্তান ক্ষয় যায় ॥ ৬৮-৬৯ ॥

দেবারামতড়াগেষু প্রপোদ্যানগৃহেষু চ।
সিংহস্থং মকরস্থং চ গুরুং যত্নেন বর্জ্জয়েৎ ॥৭০॥

অনুবাদ—দেববিগ্রহ, উদ্যান, পুষ্করিণী, প্রপা (জলছত্র), উদ্যান, গৃহ ইত্যাদি প্রতিষ্ঠারম্ভে সিংহ রাশি ও মকর রাশিগত বৃহস্পতি যত্নপূর্ব্বক বর্জ্জন করিবে ॥ ৭০ ॥

অথ প্রতিষ্ঠাস্থানম্

তত্রৈব—
সিদ্ধক্ষেত্রং সরঃ পুণ্যবনং রম্যং নদীতটম্।
প্রাসাদো নির্ম্মিতঃ শক্ত্যা মনোরমগৃহাদি চ ॥৭১॥

অনুবাদ—অনন্তর প্রতিষ্ঠা স্থান, দেবীপুরাণে—সিদ্ধক্ষেত্র, সরোবর, পুণ্যবন, রমণীয় নদীতট, সামর্থ্য অনুসারে নির্ম্মিত প্রাসাদ, মনোরম গৃহাদিও ॥ ৭১ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে—
অথ দিঙ্‌নিয়মোপেতং দেবতাস্থাপনং শুভম্।
পুরো দিশি যথা দেবাঃ স্থাপ্যাঃ শৃণু তথা মম ॥৭২

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—অনন্তর দিক্ নির্ণয় পূর্ব্বক দেবতা স্থাপন মঙ্গলপ্রদ হয়। প্রথমত যে দিকে যে দেব স্থাপনীয় তাহা আমার নিকট শ্রবণ কর ॥ ৭২ ॥

নগরগ্রামমধ্যে তু ব্রহ্মণঃ স্থানমুত্তমম্।
আখণ্ডলস্য সূর্য্যস্য পূর্ব্বেণায়তনং শুভম্ ॥ ৭৩ ॥
স্বগিদ্‌গতং কৃশানোস্তু মাতৃণাঞ্চৈব দক্ষিণে।
ভূতানামালয়স্তস্মিন্ ধর্ম্মরাজালয়ঃ শুভঃ ॥ ৭৪ ॥

অনুবাদ—নগর বা গ্রাম মধ্যে ব্রহ্মার স্থান উত্তম, ইন্দ্র ও সূর্য্যের পূর্ব্বদিকে শুভ, অগ্নিকোণে অগ্নির

স্থান, মাতৃগণের দক্ষিণে, ভূতাবাস ও ধর্ম্মরাজের গৃহ দক্ষিণে শুভ ॥ ৭৩-৭৪ ॥

চণ্ডিকায়াঃ পিতৃণাঞ্চ দৈত্যানাং নৈর্ঋতে ভবেৎ।
প্রচেতসঃ সমুদ্রস্য সিন্ধুনাং পশ্চিমে ভবেৎ ॥৭৫॥

অনুবাদ—চণ্ডিকা ও পিতৃগণের স্থানও দক্ষিণে, দৈত্যগণের নৈর্ঋতকোণে, বরুণদেবের স্থান, সমুদ্রের স্থান পশ্চিমে হইবে ॥ ৭৫ ॥

ফনিনাং চৈব বায়ব্যাং বায়োঃ স্থানন্তু তচ্ছুভম্।
যক্ষাধিপস্য স্কন্দস্য উদীচ্যাং স্থানমুচ্যতে ॥ ৭৬ ॥

অনুবাদ—সর্পগণের ও বায়ুদেবের স্থান বায়ু-কোণে, তাহা মঙ্গলপ্রদ। যক্ষপতি কুবের ও কার্ত্তিকের স্থান উত্তরে ॥ ৭৬ ॥

বিষ্ণোঃ স্থানং তু সর্ব্বত্র কালভেদেন ভিদ্যতে।
নগরাভিমুখাঃ সর্ব্বে স্থাপিতাঃ শুভদা নৃণাম্ ॥৭৭॥

অনুবাদ—শ্রীবিষ্ণুর স্থান সর্ব্বত্র কিন্তু কালভেদে ভিন্ন হয়। নগরের অভিমুখে সকল দেবমন্দির স্থাপিত হইলে মানবগণের শুভপ্রদ ॥ ৭৭ ॥

অজ্ঞানাদ্বা প্রমাদাদ্বা কৃতা যদি পরাঙ্মুখাঃ।
তদা শাস্ত্রাদিভিবিদ্বানুপায়মিমমাচরেৎ ॥ ৭৮ ॥

অনুবাদ—অজ্ঞান বা প্রমাদবশতঃ যদি বিপরীত মুখে কৃত হয় তখন বিদ্বান্ ব্যক্তি শাস্ত্রাদি সহ এই উপায় অবলম্বন করিবেন ॥ ৭৮ ॥

তদ্বর্ণভূষণোপেতং তদ্রূপায়ুধলক্ষণম্।
পুরস্যাভিমুখং ভিত্তৌ তং দেবং তত্র সংলিখেৎ ॥৭৯

অনুবাদ—সেই বর্ণ ও বস্ত্রালঙ্কারাদিযুক্ত এবং সেইরূপ অস্ত্রাদিযুক্ত মূর্ত্তি ঐ নগরের অভিমুখে ভিত্তিতে সেই দেবকে ঐ স্থানে লিখিয়া রাখিবেন ॥ ৭৯ ॥

কিঞ্চ—

দিগ্‌বিশেষেণ মে স্থানং শৃণু মে সুরসত্তম।
গ্রামমধ্যেঽথবারণ্যে নদীনাং সঙ্গমে তথা ॥ ৮০ ॥
নগরস্য সমন্তাচ্চ সর্ব্বত্রাহং প্রতিষ্ঠিতঃ।
ভুক্তিমুক্তিপ্রদং পুংসাং বিশেষং শৃণু চাপরম্ ॥৮১॥

অনুবাদ—আরও—হে সুরসত্তম! দিক্ বিশেষে আমার স্থান আমার নিকট শ্রবণ কর। গ্রাম মধ্যে, অথবা অরণ্যে, নদীসঙ্গমে, নগরের চতুর্দ্দিকে সর্ব্বত্র আমি প্রতিষ্ঠিত হইলে মানবগণের ভুক্তি-মুক্তি-প্রদ হই, আরও অন্য বিশেষ শ্রবণ কর ॥ ৮০-৮১ ॥

ঐন্দ্র্যাং প্রশস্তং বিজ্ঞেয়মাগ্নেয্যাং পরিবর্জ্জিতম্।
যাম্যাং প্রশান্তয়ে শস্তং নৈর্ঋত্যাং ভয়দং ভবেৎ ॥৮২

অনুবাদ—শ্রীবিষ্ণুমন্দির পূর্ব্বদিকে প্রশস্ত জানিবে, অগ্নিকোণ বর্জ্জন করিবে, দক্ষিণে শান্তির জন্য প্রশস্ত, নৈর্ঋতে ভয়প্রদ হয় ॥ ৮২ ॥

টীকা—কালভেদেন ভিদ্যত ইতি যদুক্তং, তদেব দর্শয়তি—ঐন্দ্র্যামিত্যাদিনা সার্দ্ধদ্বয়েন ॥ ৮২ ॥

দ্রব্যাদীনাং প্রসিদ্ধ্যর্থং বারুণ্যাং রাজ্যসিদ্ধয়ে।
বায়ব্যাং বর্জ্জয়েদ্‌যত্নাৎ কৌবের্য্যাং পুষ্টিবর্দ্ধনম্।
ঐশান্যাং যজনং শ্রেষ্ঠং সর্ব্বসম্পৎকরং নৃণাম্ ॥৮৩

অনুবাদ—পশ্চিমে দ্রব্যাদির প্রসিদ্ধির জন্য এবং রাজ্য সিদ্ধির নিমিত্ত। বায়ুকোণে যত্নপূর্ব্বক বর্জ্জন করিবে, উত্তরে পুষ্টি বর্দ্ধন, ঈশানকোণে যজন শ্রেষ্ঠ মানবগণের সর্ব্বসম্পদ বৃদ্ধি কর ॥ ৮৩ ॥

অথ প্রতিষ্ঠাধিকারী

দেবীপুরাণে—

বর্ণাশ্রমবিভাগেন দেবাঃ স্থাপ্যা হি নান্যথা ॥৮৪॥

অনুবাদ—অনন্তর প্রতিষ্ঠা অধিকারী, দেবীপুরাণে—বর্ণাশ্রম বিভাগ দ্বারা দেবগণের স্থাপন কর্ত্তব্য অন্যথা নহে ॥ ৮৪ ॥

টীকা—বর্ণাশ্রমবিভাগেনৈব দেবাঃ স্থাপ্যাঃ, কেন-

চিদ্বর্ণেন কেনাচিদাশ্রমাদিনা চ কশ্চিদ্দেবঃ স্থাপ্যঃ, ন চ সর্ব্বৈরেব সর্ব্ব ইত্যর্থঃ। শ্রীবিষ্ণুস্তু সর্ব্বৈরেব স্থাপ্য ইত্যাহ চাতুর্বর্ণৈরিতি ॥ ৮৪ ॥

কিঞ্চ—

চাতুর্বর্ণৈস্তথা বিষ্ণুঃ প্রতিষ্ঠাপ্যঃ সুখার্থিভিঃ ॥৮৫॥

অনুবাদ—আরও—বর্ণচতুষ্টয়ের মানবগণ কর্ত্তৃক সুখাভিলাষী হইয়া বিষ্ণুমূর্ত্তি স্থাপনীয়া ॥ ৮৫ ॥

অথ স্থাপকাদিলক্ষণং মূর্ত্তিপাণাঞ্চলক্ষণম্

তত্রৈব—

পঞ্চরাত্রার্থকুশলো মন্ত্রতন্ত্রাবধারকঃ।
স্থাপনে সর্ব্বদা শস্তো ব্রহ্মচারী চ শান্তিযুক্ ॥৮৬ ॥

অনুবাদ—অনন্তর স্থাপকাদি লক্ষণ ও মূর্ত্তিরক্ষক লক্ষণ, ঐ গ্রন্থে—পঞ্চরাত্রার্থ বিষয়ে নিপুণ, মন্ত্র-তন্ত্রজ্ঞ, শান্তিযুক্ত ব্রহ্মচারীই স্থাপনকার্য্যে সর্ব্বদা প্রশস্ত ॥৮৬

টীকা—তন্ত্রম্ অনুষ্ঠানপ্রকারঃ ॥ ৮৬ ॥

অন্যথা কলহোদ্বেগং কুর্য্যান্নিত্যং মহাভয়ম্।
যজমানে নৃপে রাষ্ট্রে স্থাপকে চ নিরাগমে ॥ ৮৭॥

অনুবাদ—ইহার অন্যথা হইলে কলহ, উদ্বেগ, নিত্য মহাভয় যজমানে, রাজায়, রাজ্যে ও স্থাপকে উপস্থিত হয় ॥ ৮৭ ॥

টীকা—স্থাপকে প্রতিষ্ঠাচার্য্যে, নিরাগমে শাস্ত্রানভিজ্ঞে সতি, এতচ্চ অন্যথেত্যস্য বিবরণম্। যদ্বা, যজমানাদিষু তাদৃশে স্থাপকে চ কলহাদিমহাভয়ং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৮৭ ॥

কিঞ্চ মাৎস্যে—

অতঃপরং প্রবক্ষ্যামি মূর্ত্তিপানাং তু লক্ষণম্।
স্থাপকস্য সমাসেন লক্ষণঃ শৃণুত দ্বিজাঃ ॥ ৮৮ ॥

অনুবাদ—আরও মৎস্যপুরাণে—হে দ্বিজগণ অতঃপর মূর্ত্তি রক্ষকগণের ও স্থাপকের লক্ষণ বলিব সংক্ষেপে শ্রবণ কর ॥ ৮৮ ॥

সর্ব্বাবয়বসম্পূর্ণো বেদমন্ত্রবিশারদঃ।
পুরাণবেত্তা তত্ত্বজ্ঞো দম্ভলোভবিবর্জ্জিতঃ ॥ ৮৯ ॥
কৃষ্ণসারবরে দেশে য উৎপন্নঃ শুভাকৃতিঃ।
শৌচাচারপরো নিত্যং পাষণ্ডকুলনিস্পৃহঃ ॥৯০॥
সমঃ শত্রৌ চ মিত্রে চ ব্রহ্মোপেন্দ্রহরপ্রিয়ঃ।
উহাপোহার্থতত্ত্বজ্ঞো বাস্তুশাস্ত্রস্য পারগঃ।
আচার্যস্তু ভবেন্নিত্যং সর্ব্বদোষবিবর্জ্জিতঃ ॥৯১॥

অনুবাদ—যিনি সর্ব্ব অবয়ব সম্পূর্ণ, বেদমন্ত্রবিশারদ, পুরাণশাস্ত্রবিদ তত্ত্বজ্ঞ, দম্ভ ও লোভ বর্জ্জিত হইবেন এবং কৃষ্ণসার মৃগ সম্পন্ন দেশে যাহার জন্ম, শুভ আকৃতি, নিত্য শৌচাচার পরায়ণ, পাষণ্ড সঙ্গ নিস্পৃহ, শত্রু মিত্রে সমভাব, ব্রহ্মা-বিষ্ণু-হর প্রিয়ভক্ত, শাস্ত্রার্থসংযোগ বিয়োগে নিপুণ, বাস্তুশাস্ত্রজ্ঞ আচার্য্য নিত্য সর্ব্বদোষ বিবর্জ্জিত হইবেন ॥ ৮৯-৯১ ॥

টীকা—কৃষ্ণসারো হরিণস্তেন বরে শ্রেষ্ঠে ; চারেতি পাঠে কৃষ্ণঃ কৃষ্ণসারস্তস্য চারশ্চরণং তেন বরে ॥৯০

মূর্ত্তিপাস্তদ্বিধাশ্চৈব কুলীনা ঋজবস্তথা।
দ্বাত্রিংশৎ ষোড়শাথাপি অষ্টৌ বা শ্রুতিপারগাঃ।
জ্যেষ্ঠ-মধ্য-কনিষ্ঠাস্তু মূর্ত্তিপাঃ পরিকীর্ত্তিতাঃ ॥৯২॥

অনুবাদ—মূর্ত্তি রক্ষকগণও সেইরূপই কুলীন সরলমতি, বত্রিশ, ষোড়শ অথবা অষ্টবিধ শ্রুতি পারগ জ্যেষ্ঠ, মধ্য ও কনিষ্ঠ বলিয়া পরিকীর্ত্তিত ॥৯২

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে চ—

কর্ত্তুমিচ্ছতি যঃ পুণ্যং মম মূর্ত্তিপ্রতিষ্ঠয়া।
অন্বেষণীয়স্ত্বাচার্য্যস্তেন লক্ষণসংযুতঃ ॥ ৯৩ ॥

অনুবাদ—শ্রীহয়শীর্ষ পঞ্চরাত্রেও—আমার শ্রীমূর্ত্তি প্রতিষ্ঠা দ্বারা যে মানব পুণ্য অর্জ্জন করিতে ইচ্ছুক, তৎকর্ত্তৃক লক্ষণ যুক্ত আচার্য্য অন্বেষণ কর্ত্তব্য ॥ ৯৩ ॥

সংশুদ্ধব্রহ্মযোনিস্তু প্রলয়োৎপত্তিসংস্থিতিম্।
যো বেত্তি কুলজো ধীমানাচার্য্যত্বং হি সোঽর্হতি ॥৯৪

অনুবাদ—সংশুদ্ধ ব্রহ্মকুলজাত, বিশ্বের উৎ-

পত্তি স্থিতি প্রলয়জ্ঞ সৎকুলজ বুদ্ধিমান্ ব্যক্তিই আচার্য্যপদের যোগ্য ॥ ৯৪ ॥

টীকা—কুলজঃ পিতৃমাতৃকুলদ্বয়স্য প্রলয়ং মরণম্, উৎপত্তিং জন্ম, সংস্থিতিঞ্চ জীবনং যো বেত্তি ; অন্যথা কুলচারাজ্ঞানাদিদোষপ্রসক্তেঃ ॥ ৯৪ ॥

সম্মতঃ সর্ব্ববর্ণানাং পঞ্চরাত্রবিশারদঃ।
ক্রোধলোভবিনির্ম্মুক্তো মাৎসর্য্যদোষবর্জ্জিতঃ ॥৯৫॥

অনুবাদ—সর্ব্ববর্ণের মাননীয় পঞ্চরাত্র শাস্ত্র বিশারদ, ক্রোধ, লোভহীন, মাৎসর্য্য দোষ বর্জ্জিত ॥৯৫

ক্ষয়াপস্মাররহিতঃ কুষ্ঠরোগবিবর্জ্জিতঃ।
অন্যূনানতিরিক্তাঙ্গো যুবা লক্ষণলক্ষিতঃ ॥ ৯৬ ॥

অনুবাদ—ক্ষয়রোগ ও মৃগীরোগ রহিত কুষ্ঠ-রোগ বিবর্জ্জিত। অধিক বা কম অঙ্গ দোষ বর্জ্জিত যুবা এই সকল লক্ষণ যুক্ত ॥ ৯৬ ॥

অনন্যদেবতাভক্তঃ শূদ্রান্নপরিবর্জ্জিতঃ।
ব্রাহ্মণানামলাভে তু ক্ষত্রিয়ো বৈশ্যশূদ্রয়োঃ ॥৯৭॥

অনুবাদ—একান্ত দেবভক্ত শূদ্রান্ন ভক্ষণ বর্জ্জিত, ব্রাহ্মণ মধ্যে না পাওয়া গেলে 'ক্ষত্রিয়', বৈশ্য, শূদ্র মধ্যে আচার্য্য হইবেন ॥ ৯৭ ॥

ক্ষত্রিয়াণামলাভে তু বৈশ্যঃ শূদ্রস্য কল্পিতঃ।
কদাচিদপি শূদ্রস্তু নৈবাচার্য্যত্বমর্হতি ॥ ৯৮ ॥

অনুবাদ—ক্ষত্রিয় মধ্যে অলাভে 'বৈশ্য' শূদ্রের আচার্য্য হইবেন। অদীক্ষিত কখনও আচার্য্য পদের যোগ্য নহে ॥ ৯৮ ॥

টীকা—ককারাষ্টকঞ্চ কুষ্ঠী, কুনখী, কুণ্ডঃ, কাকস্বরঃ, ক্লীবঃ, কাতরঃ, ক্রোধনঃ, কুৎসিত ইতি স্বয়মেবাভিব্যঞ্জয়িতব্যম্ ॥ ৯৮ ॥

গৃহস্থং ব্রহ্মচর্য্যস্থং ককারাষ্টকবর্জ্জিতম্।
গুরুং কুর্ব্বীত সততমুপবাসব্রতে রতম্।
ঋজুস্বভাবং মধুরস্মিতপূর্ব্বাভিভাষিণম্ ॥ ৯৯ ॥

অনুবাদ—'ক'কার অষ্টক বর্জ্জিত গৃহস্থিত হইলেও ব্রহ্মচর্য্য পালনকারীকে এবং সর্ব্বদা উপবাস ব্রত পালনকারীকে সরল স্বভাবযুক্ত ও মধুর হাস্য যুক্ত ভাষণরত ব্যক্তিকে শ্রীগুরুপদে বরণ করিবেন ॥ ৯৯ ॥

কিঞ্চ—
সর্ব্বত্র ব্যতিরিক্তন্তু আত্মানং বেত্তি যো দ্বিজঃ।
সর্ব্বলক্ষণহীনোঽপি স গুরুর্নাত্র সংশয়ঃ ॥১০০॥

অনুবাদ—আরও—যে দ্বিজ নিজকে সর্ব্বত্র নির-পেক্ষ জানেন, তিনি সর্ব্বলক্ষণ হীন হইলেও 'শ্রীগুরু'-পদবাচ্য ইহাতে সংশয় নাই ॥ ১০০ ॥

টীকা—অধুনা স্থাপকস্য লক্ষণবিশেষমাহ—সর্ব্বত্রেতি চতুর্ভিঃ। ব্যতিরিক্তং দেহাদিভিন্নং, সর্বৈরুক্তৈর্লক্ষণৈর্হীনোঽপি ॥ ১০০ ॥

অপি পাপসমাচারঃ সর্ব্বলক্ষণবর্জ্জিতঃ।
দেশিকঃ স তু বিজ্ঞেয়ঃ সংসারার্ণবতারকঃ ॥১০১॥

অনুবাদ—সর্ব্বলক্ষণ বর্জ্জিত পাপাচারযুক্ত হইলেও তিনিই আচার্য্য জানিবে, তিনি সংসার-সমুদ্র তারণ কর্ত্তা ॥ ১০১ ॥

পঞ্চরাত্রপ্রবুদ্ধস্তু সিদ্ধান্তার্থস্য তত্ত্ববিৎ।
সর্ব্বলক্ষণহীনোঽপি আচার্য্যঃ স বিশিষ্যতে ॥১০২॥

অনুবাদ—পঞ্চরাত্র শাস্ত্রজ্ঞ, সিদ্ধান্ত অর্থের তত্ত্ব-বিৎ, সর্ব্বলক্ষণ বিহীন হইলেও তিনি বিশিষ্ট আচার্য্য ॥ ১০২ ॥

টীকা—পঞ্চরাত্রে শাস্ত্রে প্রবুদ্ধঃ অভিজ্ঞঃ ॥ ১০২॥

যস্য বিষ্ণৌ পরা ভক্তির্যথা বিষ্ণৌ তথা গুরৌ।
স এব স্থাপকো জ্ঞেয়ঃ সত্যমেতদ্বদামি তে ॥১০৩॥

অনুবাদ—যাহার শ্রীবিষ্ণুতে পরাভক্তি, যেমন শ্রীবিষ্ণুতে তেমনই শ্রীগুরুতে, তিনিই বিগ্রহ প্রতিষ্ঠা-পক। তোমাকে ইহা আমি সত্য বলিতেছি ॥১০৩॥

কিঞ্চ—

যেন তন্ত্রেণ প্রারব্ধা প্রতিষ্ঠা গুরুণা ভবেৎ।
তত্তন্ত্রপারগাঃ শস্তাঃ মূর্ত্তিপাশ্ছিন্নসংশয়াঃ ॥ ১০৪ ॥

অনুবাদ—আরও—শ্রীগুরুদেব কর্ত্তৃক যে তন্ত্র-দ্বারা প্রতিষ্ঠা কার্য্য আরব্ধ হইয়াছে, সেই তন্ত্রে পারগ মূর্ত্তিরক্ষকগণই নিঃসংশয়ে প্রশস্ত হইবেন ॥ ১০৪ ॥

ষড়ঙ্গবিদুষঃ সর্ব্বে মন্ত্রব্রাহ্মণপারগাঃ।
এবম্বিধৈর্বৈষ্ণবৈস্তু প্রতিষ্ঠামারভেদ্গুরুঃ ॥ ১০৫ ॥

অনুবাদ—ষড়ঙ্গসহ বেদবিদ্বান্ সকলে বেদের মন্ত্রভাগ ও ব্রাহ্মণ ভাগে পারঙ্গত শ্রীগুরুদেব ঐরূপ বৈষ্ণববৃন্দ দ্বারা প্রতিষ্ঠা কার্য্য আরম্ভ করিবেন ॥১০৫

টীকা—মূর্ত্তিপানাং লক্ষণমাহ—যেনেতি দ্বাভ্যাম্। ষড়ঙ্গেষু বিদুষঃ বিদ্বাংসঃ, ব্রাহ্মণং বেদভাগবিশেষঃ ॥ ১০৪-১০৫ ॥

অথ স্থাপকত্বে বর্জ্জনীয়াঃ

তত্রৈব—

শৈবঃ সৌরো নৈষ্ঠিকশ্চ নগ্নঃ সঙ্করজোঽশুচিঃ।
বৃদ্ধঃ কুৎসিতমূর্ত্তির্যো মহাপাতকচিহ্নিতঃ ॥১০৬॥
কুণ্ঠী চ কুনখী শ্বিত্রী নিষ্ঠীবী ঘর্ঘরস্বরঃ।
অর্ব্বুদী গাণ্ডবী ব্যঙ্গী গর্ব্বিতো বধিরস্তথা ॥১০৭॥
তন্ত্রবিদ্বেষিকশ্চৈব পরদ্রোহরতস্তথা।
কুণ্ডঃ কাকস্বরঃ ক্লীবঃ কাতরঃ ক্রোধনস্তথা ॥১০৮
পুনর্ভূশ্চ স্বয়ম্ভূশ্চ গোলকো নাস্তিকস্তথা।
জড়োঽতিগৌরঃ খল্বাটো হীনাঙ্গঃ স্থূল এব চ ॥১০৯
অতিকৃষ্ণোঽঘৃণঃ পাপী কৃশো হ্রস্বোঽলসস্তথা।
ব্যাপন্নোঽসংস্কৃতশ্চৈব উদ্বিগ্নো দীন এব চ ॥১১০॥
ব্রতোপবাসহীনশ্চ বৃষলীপতিরেব চ।
পণ্যাঙ্গোপজীবী চ পণ্যস্ত্রী-পারদারিকঃ ॥ ১১১ ॥
আচার্য্যপুত্রকাদীনাং বিদ্বেষ্টা পরসেবকঃ।
ভোজকঃ সেবকশ্চৈব ব্যসনী পিশুনী গদী ॥১১২॥
অতিরোগী ভিষক্ চৈব সাহসী সময়চ্যুতঃ।
দ্বিজাতিগুরুদেবানাং নিন্দকঃ পাপকস্তথা ॥১১৩॥
পিঙ্গাক্ষো ধূম্রবর্ণাক্ষো বিড়ালাক্ষস্তথৈব চ।
মৎসরী গণ্ডমালী চ বকবৃত্তিরতস্তথা ॥ ১১৪ ॥
উপায়দেশহীনশ্চ কক্খটঃ কুৎসিতব্রতঃ।
নির্দ্দয়শ্চৈব নিঃসত্ত্বো নৈপুণ্যপরিবর্জ্জিতঃ।
প্রতিষ্ঠাতন্ত্রকিঞ্চিজ্‌জ্ঞোঽবেদবেদাঙ্গপারগঃ ॥ ১১৫ ॥
বর্জ্জয়ীত প্রযত্নেন সর্ব্বজ্ঞমপি নাস্তিকম্ ॥১১৬॥

অনুবাদ—অনন্তর স্থাপকত্বে বর্জ্জনীয় সমূহ, পূর্ব্বোক্ত শাস্ত্রেই—শৈব, সৌর, নৈষ্ঠিক ব্রহ্মচারী, নগ্ন, সঙ্করজাত, অশুচি, বৃদ্ধ, কুৎসিৎ মূর্ত্তি, যিনি মহা-পাতক চিহ্নিত, কুণ্ঠী, কুনখী, শ্বেতকুণ্ঠী, থুথু ফেলা স্বভাব, ঘর্ঘরস্বর, অর্ব্বুদরোগী, গণ্ডরোগী, বিকলাঙ্গ, গর্ব্বিত, বধির, তন্ত্রশাস্ত্র বিদ্বেষী, পরদ্রোহরত, কুণ্ড, কাকস্বর, ক্লীব, কাতর, ক্রোধী, পুনর্ভূ, স্বয়ম্ভূ, গোলোক নাস্তিক, জড়, অতিগৌর, টাকরোগী, হীনাঙ্গ, স্থূল, অতি কৃষ্ণবর্ণ, অদয়ালু, পাপী, কৃশ, বেটে, অলস, বিপন্ন, সংস্কারহীন, উদ্বিগ্ন, দরিদ্র, ব্রত উপবাস হীন, বেশ্যাপতি, নাট্যকার, বেশ্যাসঙ্গী, আচার্য্য পুত্রাদির বিদ্বেষী, পরসেবারত, দেবান্নভোজী, অন্নার্থে দেবসেবী পানাদি আসক্ত, খল, সদারোগী, অতিরোগী, ভিষক্ (বৈদ্য), সাহসী, নিয়মরহিত, গুরু-ব্রাহ্মণ-দেব-নিন্দক পাপিষ্ঠ, পিঙ্গলাক্ষ, ধূম্রাক্ষ, বিড়ালাক্ষ, পরশ্রীকাতর, গণ্ডমালারোগী, ভণ্ডতপস্বী, বৃত্তি ও স্বদেশচ্যুত, কঠিন হৃদয়, কুব্রতী, নির্দ্দয়, বলহীন, নিপুণতা হীন, প্রতিষ্ঠাশাস্ত্রে অল্পজ্ঞ, বেদবেদাঙ্গ অনভিজ্ঞ ইহাদিগকে স্থাপকত্বে বর্জ্জন করিবে, সর্ব্বজ্ঞ হইলেও নাস্তিক পাষণ্ডিকে যত্নসহকারে বর্জ্জন করিবে ॥১০৬-১১৬॥

টীকা—উক্তলক্ষণাচার্য্যালাভে তদন্যাবরণেঽপি শৈবাদয়োঽবশ্যং বর্জ্জ্যা ইত্যাহ—শৈব ইত্যাদিনা দেশিক ইত্যন্তেন ॥ ১০৬ ॥

টীকা—শ্বিত্রং শ্বেতকুষ্ঠং তদ্বান্, নিষ্ঠীবী নিষ্ঠী-বনশীলঃ, অর্ব্বুদং মাংসগ্রন্থিরূপো রোগবিশেষস্তদ্বান্, গাণ্ডবশ্চ গলরোগবিশেষঃ, তদ্বান্ ॥ ১০৭ ॥

টীকা—অমৃতে ভর্ত্তরি জারজঃ কুণ্ডঃ ॥ ১০৮ ॥

টীকা—পুনর্ভূঃ দ্বিরূঢ়া স্ত্রীঃ, অত্র তৎসুতো জ্ঞেয়ঃ; স্বয়ম্ভূঃ কানীনং, মৃতে ভর্ত্তরি জারজো গোলকঃ খল্বাটঃ কেশরহিত মস্তকমধ্যঃ ॥ ১০৯ ॥

টীকা—ব্যাপন্ন আপদ্‌গ্রস্তঃ ॥ ১১০ ॥

টীকা—ভোজকঃ দেবান্নভোজী, সেবকঃ অন্ন-মাত্রার্থদেবসেবাপরঃ, গদী সদা রোগযুক্তঃ ॥ ১১২ ॥

টীকা—তত্রাপ্যতিরোগী ॥ ১১৩ ॥

টীকা—উপায়ো নিজ বৃত্তিঃস্বদেশশ্চ তাভ্যাং হীনঃ, প্রতিষ্ঠাতন্ত্রস্য কিঞ্চিদেব, ন চ সামগ্র্যং জানাতীতি তথা, ন বেদবেদাঙ্গানাং পারগস্তেষামপি কিঞ্চিদেব জানাতীত্যর্থঃ ॥ ১১৫ ॥

টীকা—নাস্তিকং পাষণ্ডিনং ॥ ১১৬ ॥

পরবাক্যপ্রমাণজ্ঞো ব্রাহ্মণো বেদপারগঃ।
রঞ্জিতঃ পশুশাস্ত্রেণ নাচর্য্যেত স দেশিকঃ ॥ ১১৭॥

অনুবাদ—পরবাক্য (বিরোধিবাক্য) প্রমাণজ্ঞ এবং বেদজ্ঞ বা অবেদজ্ঞ ব্রাহ্মণ হইয়া পাষণ্ড শাস্ত্রে অনুরাগী সেই ব্যক্তি আচার্য্যের কার্য্য করিবেন না ॥ ১১৭ ॥

টীকা—পরেষাং বাক্যস্য প্রমাণানি প্রামাণ্যাপাদকানি বচনাদীনি জানাতীতি তথা। তাদৃশোঽপি বেদপারগোঽপি অধীতবেদচতুষ্টয়োঽপি পশুশাস্ত্রেণ পাষণ্ডশাস্ত্রেণ রঞ্জিতো যঃ, স আচার্য্যো ন ক্রিয়েত ; যদ্বা, পরবাক্যমেব নাপ্তবাক্যমজ্ঞতয়া প্রমাণং জানাতীতি তথা সঃ, যতঃ অবেদপারগঃ বেদার্থানভিজ্ঞঃ অনধীত বেদো বা অতঃ পশুশাস্ত্রেণ রঞ্জিতঃ। অন্যৎ সমানম্ ॥ ১১৭ ॥

যদ্যোতৈর্বর্জ্জিতৈর্বিষ্ণোঃ স্থাপনং ক্রিয়তে কৃচিৎ।
অসাধকং ভুক্তিমুক্ত্যোর্নিষ্ফলং তন্ন সংশয়ঃ ॥১১৮

অনুবাদ—যদিও সকল দোষ বর্জ্জিত কিন্তু ভুক্তি মুক্তির সাধন বর্জ্জিত ঐ ব্যক্তি বিষ্ণু-স্থাপকের কার্য্য করিলে নিষ্ফল, ইহাতে সংশয় নাই॥ ১১৮ ॥

অথ প্রতিষ্ঠাবিধ্যভিজ্ঞস্য প্রতিষ্ঠানাচরণে দোষঃ

তত্রৈব—
নাভিষেকং তু যঃ কুর্য্যাৎ প্রতিষ্ঠালোভমোহিতঃ।
স যাতি নরকং ঘোরং সহশিষ্যৈর্ন সংশয়ঃ ॥১১৯॥

অনুবাদ—অনন্তর প্রতিষ্ঠাবিধি, অভিজ্ঞব্যক্তি প্রতিষ্ঠা না করিলে দোষ ঐ শাস্ত্রেই—প্রতিষ্ঠা কর্ম্মে অধিক প্রাপ্তি বিষয়ে যে লোভ, তাহাতে মোহিত হইয়া যিনি প্রধান কার্য্য অভিষেক না করেন, তিনি শিষ্যসহ ঘোর নরক গমন করেন, ইহাতে সংশয় নাই ॥ ১১৯ ॥

টীকা—প্রতিষ্ঠা স্বয়ং পৌরোহিত্যাদিবিদ্ যথা ইত্যাদিরূপা লোকে খ্যাতিস্তস্যাং লোভঃ, যদ্বা, প্রতিষ্ঠাকর্ম্মণি অধিকপ্রাপ্তৌ যো লোভস্তেন মোহিতঃ সন্। অভিষেকপ্রধানাং প্রতিষ্ঠাং যো ন কুর্য্যাৎ ॥ ১১৯ ॥

ইদানীমচলায়াস্তু শ্রীমূর্ত্তেঃ প্রাগ্বিলিখ্যতে।
প্রতিষ্ঠাবিধিরাকৃষ্য শাস্ত্রতঃ সাধুসম্মতঃ ॥ ১২০ ॥

অনুবাদ—এক্ষণে অচলা শ্রীমূর্ত্তি প্রতিষ্ঠাবিধি সাধুসম্মত শাস্ত্র হইতে চয়নপূর্ব্বক প্রথমে লিখিত হইতেছে ॥ ১২০ ॥

টীকা—প্রতিষ্ঠা চ শ্রীমূর্ত্তেশ্চলাচলত্বভেদেন দ্বিবিধা। তত্রেদানীমচলায়াঃ প্রতিষ্ঠা বিধিবিস্তারেণ লিখ্যতে—প্রাগিতি। অচলা-প্রতিষ্ঠায়া মুখ্যত্বাৎ তস্যা বিধিজ্ঞানেন চলায়া অপি প্রায়ঃ প্রতিষ্ঠাবিধি-বিজ্ঞানাচ্চ। শাস্ত্রতঃ পুরাণাগমাদিভ্য আকৃষ্য তত্তদ্বচনানি ক্রমেণৈকত্র সংগৃহ্য সাধূনাং সম্মত ইতি সাম্প্রদায়িক-তত্তৎ-পদ্ধতিকার-শিষ্টগণসম্মত্যৈব লিখ্যত ইত্যর্থঃ ॥১২০॥

অথ স্থিরমূর্ত্তিপ্রতিষ্ঠারম্ভঃ

সুস্নাতঃ শুক্লবস্ত্রঃ সন্ কৃতকৃত্যঃ শুভক্ষণে।
তিথ্যৃক্ষদৈবতে বিঘ্নেশ্বরং মাতৃশ্চ পূজয়েৎ ॥১২১॥

অনুবাদ—অনন্তর স্থিরমূর্ত্তি প্রতিষ্ঠা আরম্ভ—পবিত্রজলে স্নান করিয়া শুক্ল বস্ত্র পরিধান পূর্ব্বক নিত্যকৃত্য সমাধান করিয়া শুভক্ষণে বিঘ্ননাশন গণেশ ও ষোড়শমাতৃকাকে পূজা করিবে ॥ ১২১ ॥

টীকা—কৃতানি নিত্যকর্ম্মাণি যেন সঃ, তিথিম্ ঋক্ষঞ্চ নক্ষত্রঞ্চ তয়োর্দেবতে। পূজনঞ্চ প্রণবাদি-নমোঽন্তৈশ্চতুর্থ্যন্তৈর্নামমন্ত্রৈরক্ষতগন্ধপুষ্পাদিদ্রব্যৈশ্চ। প্রয়োগঃ—'ওঁ গৌর্য্যৈ নমঃ' ইত্যাদি ॥ ১২১ ॥

অথ ষোড়শ মাতরঃ

গৌরী পদ্মা শচী মেধা সাবিত্রী বিজয়া জয়া।
দেবসেনা স্বধা স্বাহা মাতরো লোকমাতরঃ।
ধৃতিঃ পুষ্টিস্তুষ্টিশ্চ শান্তিঃ স্বকুলদেবতা ॥ ইতি ॥ ১২২ ॥

অনুবাদ—অনন্তর ষোড়শ মাতৃগণ—গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া, দেবসেনা, স্বধা, স্বাহা, ধৃতি, পুষ্টি, তুষ্টি, শান্তি, আত্মদেবতা, কুলদেবতা ইহারা ষোড়শ লোক মাতৃকা ॥ ১২২ ॥

অথাচার্য্যাদিবরণম্

বৃদ্ধিশ্রাদ্ধং ততঃ কৃত্বা বিধিবদ্বৃণুয়াদ্বুধঃ ।
আচার্য্যং মধুপর্কাদিদানেনাথ সমর্চ্চয়েৎ ॥ ১২৩ ॥

অনুবাদ—অনন্তর আচার্য্যাদি বরণ—প্রতিষ্ঠার অঙ্গ বৃদ্ধি শ্রাদ্ধ করিয়া অভিজ্ঞ ব্যক্তি যথাবিধি আচার্য্যকে যথাশক্তি বস্ত্র অলঙ্কারাদি দ্বারা বরণ পূর্ব্বক মধুপর্ক বা পাদ্য, অর্ঘ্যাদি অর্পণ দ্বারা পূজা করিবে ॥ ১২৩ ॥

টীকা—বৃদ্ধিশ্রাদ্ধং নান্দীশ্রাদ্ধং, তচ্চ প্রতিষ্ঠাঙ্গম্ । বিধিবদিতি অমুকগোত্রঃ অমুকসামাহম্ অমুকগোত্রমমুকনামানং ত্বাং ভগবদ্ভক্তিকামো ভগবন্মূর্ত্তিপ্রতিষ্ঠার্থমাচার্য্যত্বেন বৃণে, স চ বৃতোঽস্মীতি প্রব্রূয়াদিতি । এবমাদিবিধিযুক্তং যৎ স্যাৎ । আদি-শব্দাৎ যথাশক্তি বস্ত্রালঙ্কারাদি । অথ বরণানন্তরং মধুপর্কাদিদানেনৈব, কিংবা পাদ্যার্ঘ্যাচমনীয়াদিভিঃ সম্যগর্চ্চয়েৎ ॥ ১২৩ ॥

এবং ব্রহ্মচতুষ্কঞ্চ তথা হোতৃচতুষ্টয়ম্ ।
দ্বারজাপি-চতুষ্কঞ্চ পঞ্চমং গর্ভজাপিনম্ ॥ ১২৪ ॥
তথা মূর্ত্তিধরং চৈকং পুরাণস্তুতিপাঠকম্ ।
সর্ব্বান্ সংপূজ্য পুণ্যাহং স্বস্ত্যাদ্যৈতৈস্তু বাচয়েৎ ॥১২৫

অনুবাদ—এইরূপে ব্রহ্মচারিজন ও হোতা চারিজন, দ্বারে জপকারী চারজন মণ্ডপ মধ্যে জপকারী একজন, সেইরূপ মূর্ত্তিধারী ও একজন পুরাণ স্তুতিপাঠক—এই সকলকে পূজা করিয়া পুণ্যাহবাচন ও স্বস্তিবাচন ইহাদের দ্বারা করাইবেন ॥ ১২৪-১২৫ ॥

টীকা—এবং লিখিতপ্রকারেণ ব্রহ্মাদীংশ্চ বৃণুয়াৎ । এতৈরাচার্য্যাদিভিস্তু পুণ্যাহং স্বস্ত্যাদিকঞ্চ বাচয়েৎ ॥ ১২৪ ॥

অথ মণ্ডপাদিনির্ম্মাণম্

মিতং ষোড়শভির্হস্তৈঃ কিংবা দ্বাদশভিশ্চ তৈঃ ।
দশভির্বা প্রকুর্ব্বীত মণ্ডপং সমলঙ্কৃতম্ ॥ ১২৬ ॥
সপ্তধান্যাঙ্কুরোপেতং নদীমৃদ্বালুকাচিতম্ ।
তোরণাদিযুতং দিব্যং শঙ্খভের্য্যাদিনাদিতম্ ॥১২৭॥

অনুবাদ—অনন্তর মণ্ডপাদি নির্ম্মাণ—ষোড়শহস্ত পরিমিত বা দ্বাদশহস্ত বা দশহস্ত পরিমিত সমলঙ্কৃত মণ্ডপ করিবে, উহাতে সপ্তধান্যাঙ্কুর, নদীর মৃত্তিকা ও বালুকা ছড়াইয়া দিবে, পুষ্পমাল্য নবপল্লবাদিযুক্ত তোরণ দ্বার সজ্জিত করিবে, দিব্য শঙ্খ, ঢক্কাদি বাদ্যধ্বনি ঘোষিত হইবে ॥ ১২৬-১২৭ ॥

টীকা—কিংবেত্যাদিবিকল্পশ্চ শক্ত্যনুসারেণ প্রাসাদপ্রদেশানুসারেণ বা । তচ্চ শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রবচনতো ব্যক্তং ভাবি । যদ্যপি 'দশাষ্টহস্তং হীনং তু মধ্যং দ্বাদশষোড়শম্ । বিংশহস্তং চতুর্ব্বিংশমুত্তমস্যোদিতং দ্বিজ ॥' ইতি হয়শীর্ষপঞ্চরাত্রোক্তং, তথাপি ভবিষ্যপুরাণাদ্যনুসারেণ শিষ্টাচারতঃ সাধুপদ্ধতিকারবর্গসম্মত্যা লিখিতম্—'মিতং ষোড়শভিঃ' ইত্যাদি । এবমন্যত্রাপ্যগ্রে বোদ্ধব্যম্ । সম্যগলঙ্কৃতং পুষ্পদামবিতানপল্লবাদিভির্ভূষিতং, তদ্বিশেষশ্চ ভবিষ্যপুরাণাদিবচনতোঽগ্রে ব্যক্তো ভাবী ॥ ১২৬ ॥

তথা চ ভবিষ্যে—
প্রাসাদান্নাতিদূরে তু কুর্য্যান্মণ্ডপমগ্রতঃ ।
দশদ্বাদশহস্তং বা পরিক্ষিপ্তং সমন্ততঃ ॥ ১২৮ ॥
চতুর্ভিস্তোরণৈর্যুক্তং পুষ্পদামাভিশোভিতম্ ।
প্লক্ষোডুম্বরমশ্বত্থং বটং পূর্ব্বাদিতঃ ক্রমাৎ ॥১২৯॥
হস্তং প্রবেশয়েদ্ভূমৌ দৃশ্যং হস্তচতুষ্টয়ম্ ।
সুপলিপ্তং সুসংমৃষ্টং চতুর্দ্বারেণ সংযুতম্ ॥১৩০॥
স্থণ্ডিলস্যোপরি ক্ষিপ্তং সমন্তাদুপশোভিতম্ ।
নদীতীরমৃদা যুক্তং বালুকাভিশ্চ কারিতম্ ॥১৩১॥

অনুবাদ—ঐরূপ ভবিষ্যপুরাণেও—প্রাসাদের সন্নিকটে অগ্রভাগে দশ বা দ্বাদশ হাত পরিমিত চতুষ্কোণ মণ্ডপ নির্ম্মাণ করিবে । চতুর্দ্দিকে তোরণ দ্বার যুক্ত পুষ্পমালাদি শোভিত, পূর্ব্বাদি দিকে ক্রমে পাকুড়, যজ্ঞ ডুমুর, অশ্বত্থ, বট শাখা দ্বারা শোভিত করিবে, মধ্যে চতুর্হস্ত পরিমিত সুদৃশ্য, সুলিপ্ত, সুমার্জ্জিত চতু-

দ্বার যুক্ত স্থণ্ডিল চতুর্দ্দিকে উপশোভাযুক্ত নদী তীর-স্থিত মৃত্তিকা ও বালুকা যুক্ত হইবে ॥ ১২৮-১৩১ ॥

টীকা—স্বলিখিতার্থং প্রমাণয়ন্ ভবিষ্যপুরাণাদি-বচনানি সংগৃহ্ণাতি—প্রাসাদাদিত্যাদি। এবমগ্রেঽপি সর্ব্বত্র জ্ঞেয়ম্। অগ্রতঃ পূর্ব্বদিশি আদৌ বা সমন্ততঃ সর্ব্বতঃ পরিক্ষিপ্তম্ ॥ ১২৮ ॥

টীকা—চতুস্তোরণান্যেবাহ—প্লক্ষেতি; প্লক্ষাদিকং তদ্ভূমিমধ্যে হস্তমাত্রং প্রবেশয়েৎ। উপরি চ হস্তচতুষ্টয়ং দৃশ্যং কুর্য্যাদিত্যর্থঃ। পুনঃ প্রস্ততং মণ্ডপমেব বিশিনষ্টি—সুপলিপ্তমিতি সার্দ্ধেন। সুপলিপ্ত ইত্যাদি-সপ্তম্যন্তপাঠে চ স্থণ্ডিলস্যোপরি ইত্যস্য বিশেষণানি সপ্তম্যন্তানি ॥ ১২৯-১৩০ ॥

টীকা—ক্ষিপ্তং ন্যস্তং বিনির্ম্মিতমিত্যর্থঃ। স্থণ্ডিলেষু পরিক্ষিপ্ত ইতি বা পাঠঃ। ততশ্চ স্থণ্ডিলে কারিতমিত্যর্থঃ ॥ ১৩১ ॥

———

মাৎস্যে—

প্রাসাদস্যোত্তরে বাপি পূর্ব্বে বা মণ্ডপো ভবেৎ ॥১৩২

অনুবাদ—মৎস্যপুরাণে—প্রাসাদের উত্তরে বা পূর্ব্বে মণ্ডপ নির্ম্মিত হইবে ॥ ১৩২ ॥

———

হস্তান্ ষোড়শ কুর্ব্বীত দশ দ্বাদশ বা পুনঃ।
মধ্যে বেদিকয়া যুক্তঃ পরিক্ষিপ্তঃ সমন্ততঃ ॥১৩৩॥

অনুবাদ—ষোড়শ, দ্বাদশ বা দশ হস্ত পরিমিত মণ্ডপ করিবে, তাহার মধ্যে চতুর্দ্দিকে সম বেদিকা যুক্ত করিবে ॥ ১৩৩ ॥

———

সপ্ত পঞ্চ চতুর্বাপি করান্ কুর্ব্বীত বেদিকাম্।
চতুর্ভিস্তোরণৈর্যুক্তো মণ্ডপঃ স্যাচ্চতুর্ম্মুখঃ ॥১৩৪॥

অনুবাদ—বেদিকা সাত, পাঁচ বা চারিহস্ত পরিমিত করিবে, চারিটি তোরণ দ্বারযুক্ত চতুর্ম্মুখ মণ্ডপ হইবে ॥ ১৩৪ ॥

টীকা—চতুর্ম্মুখশ্চতুর্দ্বারঃ ॥ ১৩৪ ॥

———

প্লক্ষং দ্বারং ভবেৎ পূর্ব্বং যাম্যমৌড়ুম্বরং ভবেৎ।
পশ্চাদশ্বত্থঘটিতং নৈয়গ্রোধং তথোত্তরম্ ॥ ১৩৫ ॥

অনুবাদ—পূর্ব্বদিকে পাকুড় দ্বার, দক্ষিণে উড়ুম্বর, পশ্চিমে অশ্বত্থ, সেইরূপ উত্তরে বট দ্বার হইবে ॥১৩৫

———

ভূমৌ হস্তপ্রবিষ্টানি চতুর্হস্তানি চোচ্ছ্রয়ে।
শোভনং ভূতলং তত্র লিপ্তঞ্চ গোময়াম্ভসা।
বস্ত্রৈর্নানাবিধৈস্তদ্বৎ পুষ্পপল্লবশোভিতম্ ॥ ১৩৬ ॥

অনুবাদ—ভূমি মধ্যে একহস্ত প্রবিষ্ট, চারিহস্ত উচ্চ, শোভন ভূতল গোময় জল দ্বারা লিপ্ত, নানাবর্ণ বস্ত্রদ্বারা ও পুষ্পপল্লব দ্বারা শোভিত ॥ ১৩৬ ॥

———

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে চ—

প্রাসাদং বেষ্টয়িত্বা তু কুর্য্যাদ্‌গুপ্ততরং বুধঃ।
কৃত্বা গুপ্তং ততঃ পশ্চাদ্‌যাগমণ্ডপমারভেৎ ॥১৩৭॥

অনুবাদ—শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রেও—প্রাসাদকে বেষ্টন করিয়া অভিজ্ঞ ব্যক্তি অতি গোপনীয় করিবে, তৎ-পশ্চাৎ যাগমণ্ডপ আরম্ভ করিবে ॥ ১৩৭ ॥

———

গর্ভসূত্রং তু নিঃসার্য্য প্রাসাদস্যাগ্রতো গুরুঃ।
কৃত্বা ভূমিং তু নিঃশল্যাং মণ্ডপং সূত্রয়েত্ততঃ ॥১৩৮

অনুবাদ—শ্রীগুরুদেব প্রাসাদের সম্মুখ ভাগে গর্ভসূত্র নিঃসারণ পূর্ব্বক ভূমিকে শল্যহীন (অস্থিহীন) করিয়া মণ্ডপকে সূত্রদ্বারা পরিমিত করিবে ॥১৩৮॥

———

হীনস্তু মণ্ডপঃ কার্য্যো হীনে ত্বায়তনে সদা।
উত্তমে তূত্তমঃ কার্য্যো মধ্যমে মধ্যমস্তথা ॥১৩৯॥

অনুবাদ—অল্প আয়তনে কনিষ্ঠ মণ্ডপ করিবে, উত্তম আয়তনে উত্তম, মধ্যম আয়তনে মধ্যম মণ্ডপ করিবে ॥ ১৩৯ ॥

———

দশাষ্টহস্তং হীনং তু মধ্যং দ্বাদশ-ষোড়শম্।
বিংশহস্তং চতুর্ব্বিংশমুত্তমস্যোত্তমং দ্বিজ ॥১৪০॥

অনুবাদ—হে দ্বিজ! দশ বা অষ্টহস্ত কনিষ্ঠ

মণ্ডপ, দ্বাদশ বা ষোড়শ হস্ত মধ্যম, বিংশ বা চতুস্ত্রিংশ হস্ত উত্তম মণ্ডপ ॥ ১৪০ ॥

চতুর্হস্তাদিমানানাং প্রাসাদানাং যথাক্রমম্ ।
মণ্ডপানষ্টহস্তাদীন্ কল্পয়েদ্বেদবৃদ্ধিতঃ ॥ ১৪১ ॥

অনুবাদ—চতুর্হস্তাদিমান প্রাসাদ সমূহের যথাক্রমে মণ্ডপ সমূহকে অষ্টহস্ত কল্পনা করিবে চারি চারি হস্ত বৃদ্ধিক্রমে ॥ ১৪১ ॥

টীকা—বেদবৃদ্ধিতঃ চতুর্হস্তবৃদ্ধিক্রমেণ, অষ্টহস্তে প্রাসাদে দ্বাদশহস্তমণ্ডপং, দ্বাদশহস্তে চ ষোড়শহস্তমিত্যেবং কল্পয়েদিত্যর্থঃ ॥ ১৪১ ॥

সমবৃত্তং চতুর্দ্বারং চতুস্তোরণভূষিতম্ ।
বিচিত্রস্তম্ভবিন্যাসং রচনাচরিতং শুভম্ ।
ধূপনির্গমনোপেতং মণ্ডপং কারয়েদ্বুধঃ ॥১৪২॥

অনুবাদ—সম পরিমিত চতুর্দ্বারে চারি তোরণ ভূষিত, বিচিত্র স্তম্ভ বিন্যাস মনোরম রচনা নির্ম্মিত যজ্ঞের ধূপ নির্গমন পথযুক্ত মণ্ডপ অভিজ্ঞ ব্যক্তি দ্বারা করাইবেন ॥ ১৪২ ॥

কিঞ্চ তত্রৈব—
মণ্ডপং মণ্ডয়েদার্দ্রশাখাভিস্তু সমন্ততঃ।
বিমলেন বিতানেন পতাকাভিশ্চ ভূষয়েৎ ॥ ১৪৩ ॥

অনুবাদ—আরও ঐ গ্রন্থে—মণ্ডপকে নবপল্লব যুক্ত শাখাসমূহ দ্বারা চতুর্দ্দিক শোভিত করিবে। নির্ম্মল চাঁদোয়া ও পতাকাসমূহ দ্বারা ভূষিত করিবে ॥ ১৪৩ ॥

দর্পণৈশ্চামরৈর্ঘণ্টৈঃ স্তম্ভান্ বস্ত্রৈর্বিভূষয়েৎ ।
কলসৈর্ঘণ্টিকাভিশ্চ সাধারৈর্গণ্ডুকৈস্তথা ॥ ১৪৪ ॥
মণ্ডপং ভূষয়িত্বৈবং জাহ্নবীবালুকাং শুভাম্ ।
বাহ্যদেশেষু বিকিরেৎ পঞ্চগব্যেন প্রোক্ষয়েৎ ॥১৪৫॥

অনুবাদ—দর্পণ, চামর, ঘণ্টা, স্তম্ভ, বস্ত্রসমূহ দ্বারা ভূষিত করিবে। কলস, ঘণ্টিকা, আধার সহিত গণ্ডুক সমূহ দ্বারা মণ্ডপকে ভূষিত করিয়া পবিত্র গঙ্গা বালুকা বহির্দ্দেশে ছড়াইয়া পঞ্চগব্য দ্বারা প্রোক্ষণ করিবে ॥ ১৪৪-১৪৫ ॥

টীকা—ঘণ্টৈঃ বৃহদ্ঘণ্টাভিঃ, ঘণ্টিকাভিঃ স্বল্পঘণ্টাভিঃ ॥ ১৪৪ ॥

কিঞ্চ—
অশ্বত্থোড়ুম্বরৌ চৈব ন্যগ্রোধঃ প্লক্ষ এব চ ।
তোরণার্থেষু কথিতাঃ পূর্ব্বাদিষু যথাক্রমম্ ॥১৪৬॥

অনুবাদ—আরও—অশ্বত্থ, উড়ুম্বর বট, পাকুড় শাখা পূর্ব্বাদিক্রমে তোরণদ্বার সজ্জিত করিবে ॥১৪৬

একহস্তং খনেদ্ভূমৌ চতুর্হস্তং তথোচ্ছ্রয়ে ।
দ্বিহস্তান্তরমন্যোহন্যাং তোরণং সংপ্রকল্পয়েৎ ॥১৪৭॥

অনুবাদ—ভূমিতে একহস্ত খনন করিয়া চারিহস্ত উচ্চ করিয়া দুই হস্ত পর পর ভিন্ন ভিন্ন তোরণ দ্বার নির্ম্মাণ করিবে ॥ ১৪৭ ॥

তির্য্যক্ ফলকমানং স্যাৎ স্তম্ভানামর্দ্ধমানতঃ ।
শৈলাঃ পৃথিবীমন্ত্রেণ স্থাপ্যাঃ পূজ্যাস্তু তোরণাঃ ॥১৪৮

অনুবাদ—স্তম্ভ সমূহের অর্দ্ধ পরিমাণে টেরা টেরা ফলক বসাইবে। পৃথিবী মন্ত্রদ্বারা পর্ব্বতসমূহ স্থাপন ও তোরণ সমূহকে পূজন করিবে ॥ ১৪৮ ॥

শুক্লবস্ত্রযুগচ্ছন্নান্ দর্ভকিঞ্জল্কসংযুতান্ ।
পুষ্পমালাপরিক্ষিপ্তান্ তোরণান্ পরিকল্পয়েৎ ॥১৪৯॥

অনুবাদ—শুক্ল বস্ত্রদ্বয় দ্বারা আচ্ছাদিত, কুশ কিঞ্জল্ক সংযুক্ত পুষ্পমালা মধ্যে মধ্যে সজ্জিত তোরণ সমূহকে নির্ম্মাণ করিবে ॥ ১৪৯ ॥

বৃত্তং বা চতুরস্রং বা দ্বিষট্কাষ্ঠাঙ্গুলং তু বা ।
ষট্চতুর্বাঙ্গুলং কার্য্যং তোরণং নিব্রণং ভবেৎ ॥১৫০

অনুবাদ—গোলাকার বা চতুষ্কোণ বা দ্বাদশ

কাষ্ঠা অঙ্গুল বা চব্বিশ অঙ্গুল তোরণ নিশ্ছিদ্র হইবে ॥ ১৫০ ॥

টীকা—দ্বিষট্ দ্বাদশ, কাষ্ঠা দশ বা, বেষ্টনে অঙ্গুলানি যস্য তৎ। ষট্ চত্বারি বা অঙ্গুলানি যস্য তৎ। বা-শব্দব্যবধানেনাপি সমাসাদিকমার্ষম্। বিকল্পশ্চ পূর্ব্বোক্তমণ্ডপমানাপেক্ষয়া ॥ ১৫০ ॥

———

তোরণস্তম্ভমূলেষু কলসান্ মঙ্গলাঙ্কুরান্।
প্রদদ্যাদুপরিষ্টাত্তু কুর্য্যাচ্চক্রং সুদর্শনম্।
কলসং বর্দ্ধমানং বা বসুভাগেন কল্পয়েৎ ॥১৫১॥

অনুবাদ—তোরণের স্তম্ভমূলে কলস সমূহ মঙ্গল সপ্তধান্যাঙ্কুর দ্বারা শোভিত করিবে, উপরে সুদর্শন চক্র স্থাপন করিবে। কলস বড় বা ছোট অষ্টভাগে আটটি বসাইবে ॥ ১৫১ ॥

টীকা—উপরিষ্টাৎ তোরণোপরি, তত্তৎ প্রসঙ্গাদ্ বর্দ্ধমানং স্বল্পঘটং, বসুভাগেন তোরণস্যাষ্টমাংশেন ॥ ১৩১ ॥

———

কিঞ্চ—

নবেন চিত্রবর্ণেন বিতানং কারয়েচ্ছুভম্।
অথবা শুক্লবর্ণেন মধ্যে জলজভূষিতম্ ॥ ১৫২ ॥

অনুবাদ—আরও—নতূন বিচিত্রবর্ণের বস্ত্র দ্বারা পবিত্র চাঁদোয়া করাইবে। অথবা শ্বেতবর্ণ বস্ত্রমধ্যে পদ্ম ভূষিত চাঁদোয়া ॥ ১৫২ ॥

টীকা—বিমলেন বিতানেন ইত্যুক্তং তদেব বিশিনষ্টি—নবেনেতি সার্দ্ধদ্বাভ্যাং, বস্ত্রেণেতি শেষঃ ॥১৫২

———

উত্তমাধমমধ্যাং তু প্রমাণং চাস্য কীর্ত্ত্যতে।
মণ্ডপস্য প্রমাণন্তু জ্যেষ্ঠং তস্য বিতানকম্।
মধ্যমং বেদিকামাত্রং কনিষ্ঠং মণ্ডলস্য তু ॥১৫৩॥

অনুবাদ—উত্তম, মধ্যম, কনিষ্ঠ পরিমাণ ইহার কীর্ত্তিত হয়। মণ্ডপের পরিমাণ জ্যেষ্ঠ চন্দ্রাতপ, মধ্যম কেবল বেদীর উপর, কনিষ্ঠ মণ্ডল পরিমিত ॥ ১৫৩ ॥

———

অথ অত্র বেদ্যাদিনির্ম্মাণম্

তন্মণ্ডপস্য মধ্যে তু বেদীং হস্তোচ্ছ্রিতাং সমাম্।
পঞ্চহস্তমিতাং দিব্যাং চতুরস্রাং প্রকল্পয়েৎ ॥১৫৪॥

অনুবাদ—অনন্তর এস্থলে বেদী আদি নির্ম্মাণ—সেই মণ্ডপের মধ্যে বেদী একহস্ত উচ্চ সম চতুষ্কোণ পঞ্চহস্ত পরিমিত দিব্য সুন্দর রচনা করিবেন ॥১৫৪॥

টীকা—সমাং—পার্শ্বাদাবেকরূপাম্ ॥ ১৫৪ ॥

———

ঐশান্যাং হস্তমাত্রাঞ্চ গ্রহবেদীং সমাচরেৎ।
তথা কুণ্ডচতুষ্কঞ্চ বেদ্যাঃ প্রাচ্যাদি-দিক্ষু হি ॥১৫৫॥

অনুবাদ—ঈশাণ কোণে একহস্ত পরিমিত গ্রহবেদী রচনা করিবেন, সেইরূপ বেদীর পূর্ব্বাদি চারিদিকে চারিটি কুণ্ড রচনা করিবে ॥ ১৫৫ ॥

———

তচ্চ হস্তমিতং যোনিবক্ত্রাঢ্যং সত্রিমেখলম্।
চতুরস্রার্দ্ধশীতাংশুবর্ত্তুলাব্জাকৃতি ক্রমাৎ ॥ ১৫৬ ॥

অনুবাদ—উক্ত হোম কুণ্ডগুলি একহস্ত পরিমিত, যোনি মুখযুক্ত, ত্রিমেঘলা বেষ্টিত। পূর্ব্বদিক হইতে চতুষ্কোণ, অর্দ্ধচন্দ্র, গোলাকার ও পদ্মাকৃতি হইবে ॥ ১৫৬ ॥

টীকা—ক্রমাদিতি প্রাচ্যাং, চতুরস্রং, দক্ষিণস্যামর্দ্ধচন্দ্রাকারং, পশ্চিমায়াং বর্ত্তুলম্, উদীচ্যাঞ্চ পদ্মাকারমিত্যর্থঃ ॥ ১৫৬ ॥

———

দীক্ষাবিধৌ পুরালেখি কুণ্ডলক্ষণমত্র তু।
চতুর্দ্দিক্ষু ত্যজেদ্বেদীমঙ্গুলানি ত্রয়োদশ ॥ ১৫৭ ॥

অনুবাদ—পূর্ব্বে দীক্ষাবিধি প্রসঙ্গে কুণ্ড লক্ষণ লিখিত হইয়াছে, এখানে কিন্তু চতুর্দ্দিকে ত্রয়োদশ অঙ্গুল বেদীত্যাগ করিবে ॥ ১৫৭ ॥

টীকা—অত্র প্রতিষ্ঠাবিধৌ তু চতুর্দিক্ষু ত্রয়োদশাঙ্গুলানি বেদীং পরিত্যজেৎ, তাবৎ প্রদেশং বেদ্যাঃ পরিত্যজ্য কুণ্ডানি কুর্য্যাদিত্যর্থঃ। তথা চ মাৎস্যে —'বেদীভিত্তিং পরিত্যজ্য ত্রয়োদশভিরঙ্গুলৈঃ' ইতি ॥ ১৫৭ ॥

———

আচার্য্যকুণ্ডং কুর্য্যাচ্চ গ্রহবেদ্যাস্তু দক্ষিণে।
হস্তমাত্রাবটং তচ্চ চতুরস্রং সুলক্ষণম্ ॥ ১৫৮ ॥

অনুবাদ—আচার্য্য কুণ্ডকে গ্রহবেদীর দক্ষিণে করিবে। একহাত গর্ত্ত তাহাও চতুষ্কোণ সুলক্ষণ যুক্ত ॥ ১৫৮ ॥

তথা চ তত্রৈব—
ত্রিভাগেনার্দ্ধভাগেন কুর্য্যাদ্বেদীং সুশোভনাম্।
হস্তমাত্রোচ্ছ্রিতা কার্য্যা মধ্যে সম্যগ্ব্যবস্থিতা ॥১৫৯

অনুবাদ—সেইরূপ ঐ গ্রন্থেই—মণ্ডপের ত্রিভাগ বা অর্দ্ধভাগ দ্বারা সুশোভনা বেদী করিবে, তাহা একহাত উচ্চ এবং মণ্ডপের মধ্যস্থলে হইবে ॥ ১৫৯ ॥

টীকা—ত্রিভাগেন মণ্ডপস্য তৃতীয়াংশেন, অর্দ্ধভাগেন বা পরিমিতাম্ ॥ ১৫৯ ॥

কিঞ্চ—
চতুষ্কোণং ভবেৎ কুণ্ডং পূর্ব্বস্যাং দিশি সর্ব্বদা।
অর্দ্ধচন্দ্রং ভবেদ্যাম্যাং বারুণ্যাং বর্ত্তুলং ভবেৎ।
পদ্মাভমুত্তরে ভাগে কুণ্ডং স্যাৎ দ্বিজসত্তম ॥
ইতি ॥ ১৬০ ॥

অনুবাদ—আরও—পূর্ব্বদিকে সর্ব্বদা চতুষ্কোণ কুণ্ড হইবে। দক্ষিণে অর্দ্ধচন্দ্রাকৃতি কুণ্ড, পশ্চিমে গোলাকার কুণ্ড হইবে। উত্তরদিকে হে দ্বিজোত্তম! পদ্মাকার কুণ্ড হইবে ॥ ১৬০ ॥

অথ কুম্ভস্থাপনম্

যজমানঃ সপত্নীকঃ পুত্রপৌত্রসমন্বিতঃ।
ঋত্বিগ্‌ভিঃ সহিতঃ পশ্চাদ্দ্বারেণ প্রবিশেত্ততঃ ॥ ১৬১॥

অনুবাদ—অনন্তর কুম্ভ স্থাপন—যজমান সপত্নী পুত্র পৌত্র সমন্বিত হইয়া ঋত্বিগ্‌গণের সহিত পশ্চিম দ্বার দিয়া মণ্ডপে প্রবেশ করিবেন ॥ ১৬১ ॥

ন্যসেত্তস্য চতুর্দ্বার্ষু দ্বৌ দ্বৌ কুম্ভৌ যবোপরি।
জলপূর্ণৌ স্বর্ণগর্ভৌ পল্লবাদিযুতৌ শুভৌ ॥ ১৬২ ॥

অনুবাদ—মণ্ডপের চারিদ্বারে দুইটি দুইটি করিয়া কুম্ভ যবের উপর জলপূর্ণ স্বর্ণগর্ভ পঞ্চপল্লবাদিযুক্ত করিয়া মঙ্গলার্থে স্থাপন করিবেন ॥ ১৬২ ॥

টীকা—ন্যাসেদ্‌যজমানো গুরুর্ব্বা। তস্য—মণ্ডপস্য ॥ ১৬২ ॥

তথা চ মাৎস্যে—
কৃত্বৈবং মণ্ডপং পূর্ণং চতুর্দ্বারেষু বিন্যসেৎ।
অব্রণান্ কলসানষ্টৌ জলকাঞ্চনগর্ভিতান্ ॥১৬৩॥

অনুবাদ—সেইরূপ মৎস্যপুরাণে—এইরূপ মণ্ডপ নির্ম্মাণ পূর্ব্বক চতুর্দ্বারে ছিদ্রহীন জলপূর্ণ স্বর্ণগর্ভ অষ্টকলস বিন্যাস করিবে ॥ ১৬৩ ॥

চূতপল্লবসংচ্ছন্নান্ সিতবস্ত্রযুগান্বিতান্।
স্রক্‌চন্দনফলোপেতান্ চন্দনোদকপূরিতান্ ॥ ১৬৪ ॥

অনুবাদ—আম্রপল্লব আচ্ছাদিত শ্বেতবস্ত্রদ্বয়যুক্ত পুষ্পমালা চন্দন ফলযুক্ত চন্দনজলপূর্ণ ঘটসমূহ স্থাপন করিবেন ॥ ১৬৪ ॥

ভবিষ্যে—
অকালান্ কলসানষ্টৌ চতুর্দ্বারেষু স্থাপয়েৎ।
অন্তঃকাঞ্চনসংযুক্তান্ ফলপুষ্পৈরলঙ্কৃতান্ ॥ ১৬৫ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—কাল দাগ রহিত অষ্ট কলস চতুর্দ্বারে স্থাপন করিবে, কলস মধ্যে স্বর্ণযুক্ত ফলপুষ্প সমূহদ্বারা অলঙ্কৃত হইবে ॥ ১৬৫ ॥

টীকা—অকালান্—কৃষ্ণবর্ণেতরান্ ॥ ১৬৫ ॥

অহতৈর্যুগলৈর্বস্ত্রৈর্গ্রীবায়াং তু নিবেশিতৈঃ।
চন্দনাগুরুতোয়েন পূরয়িত্বা যথাক্রমম্ ॥ ১৬৬ ॥

অনুবাদ—অষ্ট কলসের কণ্ঠদেশে নূতন বস্ত্রদ্বয় নিবেশ করিয়া চন্দন অগুরু জলদ্বারা পূরণ করিয়া যথাক্রমে স্থাপন করিবে ॥ ১৬৬ ।

টীকা—অহতৈর্নবৈঃ ॥ ১৬৬ ॥

কিঞ্চ হয়শীর্ষপঞ্চরাত্রে—

শাতকুম্ভময়ান্ কুর্য্যাদ্রাজতান্ শুল্বজানথ।
জলাঢ়কপ্রপূরাংশ্চ লোহজান্ কারয়েদ্দৃঢ়ান্ ॥১৬৭॥
মৃন্ময়ান্ কলসান্ বাপি পক্ববিম্বোপমান্ শুভান্।
অষ্টত্রিংশাধিকশতপলপূর্ণাংস্তু মৃন্ময়ান্ ॥ ১৬৮ ॥
আরক্তান্ স্ফোটরহিতান্ কালমণ্ডলবর্জ্জিতান্।
আহৃত্য কলসান্ বস্ত্রপূততোয়েন পূরয়েৎ।
সহিরণ্যান্ বস্ত্রযুগ্মবদ্ধকণ্ঠান্নিবেশয়েৎ ॥ ১৬৯ ॥

অনুবাদ—আরও হয়শীর্ষ পঞ্চরাত্রে—স্বর্ণময়, রৌপ্যময়, তাম্রময়, লৌহময়, দৃঢ়, মৃন্ময়, পক্ব বিম্বফল সদৃশবর্ণ, মঙ্গল ঘটসমূহ, এক আঢ়ক জলপূর্ণ, অষ্টত্রিংশ অধিক শতপল জলপূর্ণ মৃন্ময় ঈষৎ রক্তবর্ণ ছিদ্ররহিত, কালদাগ বর্জ্জিত কলস সমূহ সংগ্রহ করিয়া বস্ত্রপূত জলদ্বারা পূরণ করিবে এবং স্বর্ণগর্ভ, বস্ত্রদ্বয় বদ্ধকণ্ঠ কলস সমূহকে সন্নিবেশ করিবে ॥ ১৬৭-১৬৯ ॥

টীকা—অথেতি বিকল্পে। শুল্বজান্, তাম্রময়ান্, স্ফোটরহিতান্, নিশ্চিদ্রান্, কালেন শ্যামেন মণ্ডলেন বিন্দুনা আবর্ত্তেন বা বর্জ্জিতান্ ॥ ১৬৭-১৬৯ ॥

অথ স্নানমণ্ডপাদিনির্ম্মাণম্

কুর্য্যাদুত্তরতস্তস্মাদধিবাসনমণ্ডপাৎ।
চতুর্হস্তং চতুর্দ্বারকোণং স্নপনমণ্ডপম্ ॥ ১৭০ ॥

অনুবাদ—অনন্তর স্নানমণ্ডপাদি নির্ম্মাণ—পূর্ব্বোক্ত অধিবাসন মণ্ডপের উত্তরদিকে চতুর্হস্ত চতুর্দ্বার চতুষ্কোণ স্নানমণ্ডপ নির্ম্মাণ করিবে ॥ ১৭০ ॥

টীকা—চত্বারি দ্বারাণি কোণাশ্চ যস্য তম্ ॥১৭০॥

তত্রেষ্টকাভিঃ পক্বাভিঃ দ্বিত্রিহস্তাঞ্চ বেদিকাম্।
বিদধ্যাদ্ভূতলং বাথ সকলং বালুকাময়ম্ ॥১৭১॥

অনুবাদ—ঐ মণ্ডপে পক্ব ইষ্টক সমূহদ্বারা দুই বা তিনহস্ত বেদিকা করিবে অথবা সম্পূর্ণ ভূতল বালুকাময় করিবে ॥ ১৭১ ॥

টীকা—অথবা স্নানমণ্ডপস্য ভূতলং সকলমেব বালুকাময়ং বিদধ্যাৎ। যদ্যপি ভবিষ্য-মৎস্যপুরাণয়োর্ধ্বজপতকাধিরোহণানন্তরমেব স্নানমণ্ডপনির্ম্মাণমেব লিখিতং, তথাপি হয়শীর্ষপঞ্চরাত্রোক্তানুসারেণ নির্ম্মাণপ্রসঙ্গেঽস্মিন্ লিখিতম্ ॥ ১৭১ ॥

তথা চ ভবিষ্যে—

এবং সুশোভনং কৃত্বা মণ্ডপং তু সুতোরণম্।
তস্যোত্তরপার্শ্বে চ কর্ত্তব্যঃ স্নানমণ্ডপঃ।
সুশোভনং তু কর্ত্তব্যং স্থণ্ডিলং বালুকাময়ম্ ॥১৭২॥

অনুবাদ—এইরূপ ভবিষ্যপুরাণে—পূর্ব্বোক্ত সুশোভন সুতোরণযুক্ত মণ্ডপ করিয়া তাহারই উত্তর পার্শ্বে স্নানমণ্ডপ কর্ত্তব্য, ভূতল সুশোভন বালুকাময় কর্ত্তব্য ॥ ১৭২ ॥

মাৎস্যে—

এবং সতোরণং কৃত্বা অধিবাসনমণ্ডপম্।
তস্যাপ্যুত্তরতঃ কুর্য্যাৎ স্নানমণ্ডপমুত্তমম্।
তদর্দ্ধেন ত্রিভাগেন চতুর্ভাগেন বা পুনঃ ॥ ১৭৩ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—তোরণদ্বার সহ অধিবাসনমণ্ডপ করিয়া তাহারও উত্তর পার্শ্বে উত্তম স্নানমণ্ডপ করিবে, পূর্ব্বোক্ত অধিবাসন মণ্ডপের অর্দ্ধেক ত্রিভাগ বা চতুর্ভাগ পরিমিত ॥ ১৭৩ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে—

স্নানার্থং কলসার্থঞ্চ স্নানদ্রব্যার্থমেব চ।
জলনির্গমনোপেতমর্দ্ধেন স্নানমণ্ডপম্ ॥ ১৭৪ ॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—স্নানের জন্য কলসসজ্জিত রাখার জন্য এবং স্নানদ্রব্য সজ্জিত রাখার জন্য জল নির্গমন পথযুক্ত অর্দ্ধ পরিমিত স্নানমণ্ডপ করিবে ॥ ১৭৪ ॥

টীকা—তস্য অধিবাস মণ্ডপস্য অর্দ্ধেন তৃতীয়েন ভাগেন বা চতুর্থেন বা পরিমিতম্। স্নানার্থমেকং, স্নানকলসার্থং চৈকং স্নানদ্রব্যার্থং চৈকমেবং মণ্ডপত্রয়ং কুর্য্যাৎ, তদেব বিবিচ্যাহ—জলেতি সার্দ্ধেন ॥ ১৭৪ ॥

ঐশান্যাং কলসার্থঞ্চ তস্মাদ্দক্ষিণগোচরে।
পূর্ব্বস্যাং মণ্ডপং কুর্য্যাদ্যাগদ্রব্যার্থমায়তম্
ইতি ॥ ১৭৫ ॥

অনুবাদ—উহার ঈশান কোণে কলস স্থাপন জন্য, তাহার দক্ষিণে পূর্ব্বদিকে যাগদ্রব্য রক্ষার জন্য বিস্তৃত স্থান রাখিবে ॥ ১৭৫ ॥

টীকা—স্নানদ্রব্যমেব যাগদ্রব্যং, স্নানস্যৈবাত্র, প্রাধান্যাৎ ॥ ১৭৫ ॥

অথ ধ্বজপতাকাস্থাপনম্

অথ বাদ্যাদিভিদিব্যৈর্বিচিত্রৈর্মঙ্গলস্বনৈঃ ।
কৃত্বা মহোৎসবং ন্যাস্যেৎ পতাকা
বিধিবদ্‌গুরুঃ ॥ ১৭৬ ॥

অনুবাদ—অনন্তর ধ্বজ পতাকা স্থাপন—অনন্তর উত্তম বাদ্যাদিসহ বিচিত্র মঙ্গলময় ধ্বনি সহ মহা-আনন্দ উৎসব করিয়া শ্রীগুরুদেব বিধিবৎ পতাকা স্থাপন করিবেন ॥ ১৭৬ ॥

অথ তদ্বিশেষঃ

ভবিষ্যে—
পূর্ব্বেণেন্দ্রায়ুধাকারামাগ্নেয্যামগ্নিসন্নিভাম্ ।
কৃষ্ণাঞ্চৈব তু যাম্যায়াং নৈর্ঋত্যাং তু
তথৈব চ ॥ ১৭৭ ॥
ইন্দ্রগোপনিভাকারাং বারুণ্যাং চৈব দাপয়েৎ ।
শিরীষপুষ্পপ্রতিমাং বায়ব্যাং বিনিবেশয়েৎ ।
কৌবের্য্যাং পীতবর্ণাং তু ঐশান্যাং পাণ্ডুরা
ভবেৎ ॥ ১৭৮ ॥

অনুবাদ—অনন্তর তাহার বিশেষ বিধি, ভবিষ্য-পুরাণে—পূর্ব্বাদিক্রমে অষ্টদিকে—পূর্ব্বদিকে ইন্দ্র-ধনুর ন্যায়, অগ্নিকোণে অগ্নিবর্ণ, দক্ষিণে কৃষ্ণবর্ণ, নৈর্ঋতে সেইরূপ। পশ্চিমে রক্তবর্ণ, বায়ুকোণে শিরীষ পুষ্পসদৃশ, উত্তরে পীতবর্ণ, ঈশাণে পাণ্ডুর বর্ণ পতাকা হইবে ॥ ১৭৭-১৭৮ ॥

মাৎস্যে—
ধ্বজাদিরোপণং কার্য্যং মণ্ডপস্য সমন্ততঃ ।
ধ্বজাংশ্চ লোকপালানাং সর্ব্বদিক্ষু নিবেশয়েৎ ।
পতাকা জলদাকারা মধ্যে স্যান্মণ্ডপস্য তু ॥ ১৭৯ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—মণ্ডপের সর্ব্বদিকে ধ্বজাদি রোপণ কর্ত্তব্য। লোকপালগণের ধ্বজা সর্ব্ব-দিকে সন্নিবেশ করিবে। মণ্ডপের মধ্যে পতাকা মেঘবর্ণ হইবে ॥ ১৭৯ ॥

টীকা—মৎস্যপুরাণে ধ্বজপতাকয়োরভেদাভি-প্রায়েণ ধ্বজাভিরোপণমিত্যাদ্যুক্ত্বা পশ্চাৎ পতাকা জলদাকারেত্যুক্তম্। তত্তদ্বিশেষশ্চ হয়শীর্ষপঞ্চরাত্রতো ব্যক্তো ভাবী ॥ ১৭৯ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে—
পঞ্চহস্তপ্রমাণং তু ধ্বজং কুর্য্যাদ্বিচক্ষণঃ ।
বৈপুল্যং চাস্য কুর্ব্বীত ষোড়শাঙ্গুলসংমিতম্ ।
সপ্তহস্তোচ্ছ্রিতং চাস্য দণ্ডং কুর্য্যাৎ সুরোত্তম ॥১৮০

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—হে সুরোত্তম! বিচক্ষণ ব্যক্তি পঞ্চহস্ত পরিমাণ ধ্বজা করিবে। ইহার প্রশস্ত ষোড়শ অঙ্গুল পরিমিত দণ্ড সপ্তহস্ত উচ্চ করিবে ॥ ১৮০ ॥

সপ্তহস্তাস্ততো দীর্ঘা বিস্তৃতা দ্বাদশাঙ্গুলাঃ ।
দ্বিপঞ্চহস্তদণ্ডেষু পতাকাস্তু নিবেশয়েৎ ॥ ১৮১ ॥

অনুবাদ—সপ্তহস্ত দীর্ঘ, বিস্তৃত দ্বাদশ অঙ্গুল। দশহস্ত দণ্ডে পতাকা সন্নিবেশ করিবে ॥ ১৮১ ॥

টীকা—দ্বিপঞ্চ দশ, যদ্বা, দ্বৌ পঞ্চ চেত্যেবং সপ্ত তাবদ্ধস্তপ্রমাণদণ্ডেষু, এবং পতাকায়া ধ্বজদণ্ডসাম্য-মুক্তং স্যাৎ ॥ ১৮১ ॥

বাহ্যদেশে মণ্ডপস্য তোরণাভ্যন্তরে তথা ।
অষ্টৌ ধ্বজাঃ স্থাপনীয়াঃ পূর্ব্বাদিক্রমযোগতঃ ॥১৮২

অনুবাদ—মণ্ডপের বাহিরে ও তোরণদ্বারের অভ্যন্তরে পূর্ব্বাদিক্রমে অষ্ট ধ্বজা স্থাপন কর্ত্তব্য ॥ ১৮২ ॥

অরুণোঽগ্নিনিভশ্চৈব কৃষ্ণঃ শুক্লোঽথ পীতকঃ ।
রক্তবর্ণস্তথা শ্বেতঃ সর্ব্ববর্ণস্তথৈব চ ॥ ১৮৩ ॥

অনুবাদ—অরুণ বর্ণ, অগ্নিবর্ণ, কৃষ্ণ, শুক্ল, পীত, রক্ত, শ্বেত এবং সর্ব্ববর্ণ যুক্ত পতাকা নিবেশ কর্ত্তব্য ॥ ১৮৩ ॥

অথ ধ্বজাদ্যর্পণং লোকপালপূজাবিধিশ্চ

হয়শীর্ষপঞ্চরাত্রে—

কুমুদঃ কুমুদাখশ্চ্য পুণ্ডরীকোঽথ বামনঃ।
শঙ্কুকর্ণঃ সর্ব্বনেত্রঃ সুমুখঃ সুপ্রতিষ্ঠিতঃ।
ইত্যেতে বিষ্ণুলোকস্য দিক্‌পালগণনায়কাঃ ॥১৮৪॥

অনুবাদ—অনন্তর ধ্বজাদি অর্পণ ও লোকপাল পূজাবিধি, হয়শীর্ষ পঞ্চরাত্রে—কুমুদ, কুমুদাখ্য, পুণ্ডরীক, বামন, শঙ্কুকর্ণ, সর্ব্বনেত্র, সুমুখ সুপ্রতিষ্ঠিত—ইহারা বিষ্ণুলোকে দিকপালগণ নায়ক ॥ ১৮৪ ॥

টীকা—'ন্যসেৎ পতাকা বিধিবদ্‌গুরুঃ' ইতি লিখিতম্; তদেবাভিব্যঞ্জয়তি—কুমুদ ইত্যাদিনা ॥ ১৮৪ ॥

কোটিসংখ্যগণৈর্যুক্তা পূজনীয়া যথাদিশি ॥ ১৮৫ ॥

অনুবাদ—ইহাদের গণে কোটি সংখ্যা দিকপাল আছেন, ঐ ঐ দিকে ইহাদের পূজা কর্ত্তব্যা ॥ ১৮৫ ॥

টীকা—যথা দিশীতি পূর্ব্বাদ্যষ্টদিক্ষু ক্রমেণ কুমুদাদয়োঽষ্ট পূজনীয়া ইত্যর্থঃ ॥ ১৮৫ ॥

মাৎস্যে—

গন্ধপুষ্পাদিকং কুর্য্যাৎ স্বৈঃ স্বৈর্মন্ত্রৈরনুক্রমাৎ।
বলিঞ্চ লোকপালেভ্যঃ স্বস্বমন্ত্রৈর্নিবেদয়েৎ।
ঊর্দ্ধে তু ব্রহ্মণে দেয়মধস্তাচ্ছেষবাসুকেঃ ॥ ১৮৬ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—দিকপালগণের নিজ নিজ মন্ত্রে ক্রমানুসারে গন্ধ-পুষ্পাদি দ্বারা পূজা ও উপহার নিজ নিজ মন্ত্রে নিবেদন করিবে। ঊর্দ্ধে ব্রহ্মাকে, নিম্নে শেষ দেব ও বাসুকিকে পূজা দিবে ॥ ১৮৬ ॥

টীকা—বাসুকেরনন্তস্য, শেষবাসুকেরিতি পাঠেঽপি অর্থস্ত স এব ॥ ১৮৬ ॥

সংহিতায়াস্তু যে মন্ত্রাস্তদ্দৈবত্যাঃ শ্রুতৌ স্মৃতাঃ।
তৈঃ পূজা লোকপালানাং কর্ত্তব্যা হি সমন্ততঃ ॥১৮৭

অনুবাদ—সংহিতাতে যে সকল মন্ত্র উল্লিখিত আছে, শ্রুতিতেও ঐ দেবতার উদ্দেশ্যে স্মৃত হইয়াছে, ঐ সকল মন্ত্রদ্বারাই লোকপালগণের পূজা সর্ব্বদিকে কর্ত্তব্যা ॥ ১৮৭ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে—

ওঁ আয়াহীন্দ্র মহারাজাধিরাজ বজ্রহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ, পূর্ব্বদ্বারমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ ত্রাতারমিন্দ্রমিত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥ ১৮৮ ॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—ওঁ আয়াহি ইন্দ্র ইত্যাদি মন্ত্রে ইন্দ্রকে আবাহন পূর্ব্বক ওঁ ত্রাতারমিন্দ্রং এইমন্ত্রে অর্ঘ্যদান করিয়া গন্ধ-পুষ্পাদিদ্বারা অর্চ্চন করিবে ॥ ১৮৮ ॥

ওঁ আয়াহি চিত্রভানো মহারাজাধিরাজ শক্তিহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ, আগ্নেয়ীং দিশং রক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ অগ্নির্মূর্দ্ধা দিব ইত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥ ১৮৯ ॥

অনুবাদ—ওঁ আয়াহি চিত্রভানো—এইমন্ত্রে অগ্নিকে আবাহন করিয়া ওঁ অগ্নি মূর্দ্ধা দিব এইমন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধ পুষ্পাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ১৮৯ ॥

ওঁ আয়াহি যম মহারাজাধিরাজ দণ্ডহস্ত স্ববলবাহনাবৃত রক্তাস্তায়তলোচন ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ, দক্ষিণদ্বারমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ বৈবস্বতং সংযমনমিত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥ ১৯০ ॥

অনুবাদ—ওঁ আয়াহি যম ইত্যাদি মন্ত্রে যমরাজকে আবাহন করিয়া ওঁ বৈবস্বতং ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ১৯০ ॥

ওঁ আয়াহি নৈর্ঋত মহারাজাধিরাজ স্ববলবাহনাবৃত খড়্গহস্ত মহাবল ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ,

নৈর্ঋতীং দিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ এষ তে নৈর্ঋতে ইত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চয়েৎ ॥১৯১॥

অনুবাদ—ওঁ আয়াহি নৈর্ঋত এইমন্ত্রে আবাহন করিয়া ওঁ এষতে, নৈর্ঋতে ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ১৯১ ॥

ওঁ আয়াহি বরুণ মহারাজাধিরাজ পাশহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ, পশ্চিমদ্বারমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ উরু হি রাজা বরুণশ্চকারেত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥ ১৯২ ॥

অনুবাদ—ওঁ আয়াহি বরুণ—এই মন্ত্রে আবাহন করিয়া ওঁ উরু হি রাজা ইত্যাদি মন্ত্রে অর্ঘ্যদান করিয়া গন্ধাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ১৯২ ॥

ওঁ আয়াহি পবন মহারাজাধিরাজ ধ্বজহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ, বায়বীং দিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ বাত আ বাতু ভেষজমিত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥ ১৯৩ ॥

অনুবাদ—ওঁ আয়াহি পবন—ইত্যাদি মন্ত্রে আবাহন করিয়া ওঁ বাত ইত্যাদি মন্ত্রে অর্ঘ্যদান করিয়া গন্ধাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ১৯৩ ॥

ওঁ আয়াহি সোম মহারাজাধিরাজ শঙ্খহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ, উত্তরদ্বারমভিরক্ষেত্যাবাহ্য, ওঁ সোমং রাজানমিত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥ ১৯৪ ॥

অনুবাদ—ওঁ আয়াহি সোম—ইত্যাদি মন্ত্রে আবাহন করিয়া ওঁ সোমং রাজানং এইমন্ত্রে অর্ঘ্যদান করিয়া গন্ধাদি দ্বারা পূজা করিবে ॥ ১৯৪ ॥

ওঁ আয়াহীশান মহারাজাধিরাজ শূলহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ, ঐশানীং দিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ ঈশানায় নমস্যেত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥ ১৯৫ ॥

অনুবাদ—ওঁ আয়াহি ঈশান ইত্যাদি মন্ত্রে আবাহন পূর্ব্বক ওঁ ঈশানায় নমঃ এইমন্ত্রে অর্ঘ্যদান করিয়া গন্ধাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ১৯৫ ॥

ওঁ আয়াহি চতুর্ম্মুখ সর্ব্বলোকাধিপতে স্রুক্স্রুবহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ, ঊর্দ্ধাং দিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ হিরণ্যগর্ভঃ সমবর্ত্ততাগ্র ইত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥১৯৬॥

অনুবাদ—ওঁ আয়াহি চতুর্ম্মুখ ইত্যাদি মন্ত্রে আবাহন করিয়া ওঁ হিরণ্য গর্ভঃ ইত্যাদি মন্ত্রে অর্ঘ্যদান করিয়া গন্ধাদি দ্বারা পূজা করিবে ॥ ১৯৬ ॥

ওঁ আয়াহি অনন্ত মহারাজাধিরাজ স্ববলবাহনাবৃত লাঙ্গলহস্ত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ, অধোদিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ নমোঽস্তু সর্পেভ্যঃ ইত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥ ১৯৭ ॥

অনুবাদ—ওঁ আয়াহি অনন্ত ইত্যাদি মন্ত্রে আবাহন করিয়া ওঁ নমোঽস্তু ইত্যাদি মন্ত্রে অর্ঘ্যদান করিয়া গন্ধাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ১৯৭ ॥

অথ প্রতিষ্ঠাকর্ম্মারম্ভঃ

দ্রব্যাণি সর্ব্বাণ্যাহৃত্য কৃত্বা কৃষ্ণার্চ্চনাদিকম্ ।
বেদ্যামালিখ্য চক্রাদি শয্যাদি রচয়েত্ততঃ ॥ ১৯৮ ॥

অনুবাদ—অনন্তর প্রতিষ্ঠাকর্ম্ম আরম্ভ—সর্ব্ববিধ দ্রব্য আহরণ পূর্ব্বক শ্রীকৃষ্ণের অর্চ্চনাদি করিয়া বেদীতে চক্রাদি লিখিয়া তৎপরে শয্যাদি রচনা করিবে ॥ ১৯৮ ॥

টীকা—দ্রব্যাণি পূজোপকরণাদীনি, বেদ্যাম্ অধিবাসনমণ্ডপান্তর্নির্ম্মিতায়াম্ । আদি-শব্দের্গৃহীতমগ্রে ব্যক্তং ভবিষ্যতি ॥ ১৯৮ ॥

তথা চ তত্রৈব—

পাষণ্ডান্ নাস্তিকান্ সর্ব্বান্ দেবব্রাহ্মণদূষকান্ ।
দীক্ষাবহিষ্কৃতান্ সর্ব্বান্ হেতুবাদরতাংস্তথা ।
নিবার্য্য প্রারভেৎ কর্ম্ম বৈষ্ণবৈর্দীক্ষিতৈঃ সহ ॥১৯৯॥

অনুবাদ—ঐরূপ ঐ গ্রন্থেই—পাষণ্ড, নাস্তিক, দেবাব্রহ্মণনিন্দুক, দীক্ষাহীন হেতুবাদরত তার্কিকগণকে নিবারণ পূর্ব্বক দীক্ষিত বৈষ্ণবগণ সহ প্রতিষ্ঠাকর্ম্ম আরম্ভ করিবেন ॥ ১৯৯ ॥

আহৃত্য সর্ব্বদ্রব্যাণি স্রুক্স্রুবং বিষ্টরাণি চ ।
যজ্ঞপাত্রাণি সর্ব্বাণি জ্ঞাপ্য যত্নেন দেশিকঃ ॥ ২০০ ॥
শ্বেতবস্ত্রপরীধানঃ সোষ্ণীষশ্চন্দনোক্ষিতঃ ।
অঙ্গুলীয়কহস্তশ্চ সর্ব্বালঙ্কারভূষিতঃ ॥ ২০১ ॥
আত্মানং বিষ্ণুবৎ পূজ্য গন্ধপুষ্পাদিভির্গুরুঃ ।
ধ্যাত্বা দেবং বিষ্ণুরূপং মন্ত্রাত্মকমথো শুচিঃ ॥২০২॥
হরিং প্রণম্য বিজ্ঞাপ্য মূর্ত্তিপানপি পূজয়েৎ ।
সিতৈঃ পুষ্পৈর্বস্ত্রযুগ্মৈরঙ্গুলীয়ৈরথাঙ্গদৈঃ ॥ ২০৩ ॥

অনুবাদ—সর্ব্বদ্রব্য আহরণ পূর্ব্বক স্রুক্স্রুব বিষ্টরসমূহ ও যজ্ঞপাত্রসমূহ জানাইয়া যত্নপূর্ব্বক আচার্য্য শ্বেতবস্ত্র পরিধান করিয়া মস্তকে পাগড়ী, চন্দন ছিটাইয়া অঙ্গুরী হস্তে, সর্ব্ব অলঙ্কারে ভূষিত হইয়া আত্মাকে বিষ্ণুবৎ গন্ধ-পুষ্পাদি দ্বারা পূজা করিয়া শ্রীগুরুদেব মন্ত্রাত্মক বিষ্ণুরূপদেবকে ধ্যান করিয়া অনন্তর শুচি হইয়া শ্রীহরিকে প্রণাম ও বিজ্ঞাপন করিয়া শ্বেতপুষ্প, বস্ত্রদ্বয়, অঙ্গুরী ও অঙ্গদাদি দ্বারা অলঙ্কৃত মূর্ত্তিপগণকেও পূজা করিবেন ॥ ২০০-২০৩॥

নিপুণৈঃ শিল্পিভিঃ সার্দ্ধং ততঃ কর্ম্ম সমাচরেৎ ।
পঞ্চগব্যেন সংস্কৃত্য শোধ্য কুম্ভান্ বিচক্ষণঃ ।
স্থাপয়েন্মূর্ত্তিপান্ পশ্চাৎ কুম্ভে কুম্ভে তু দেশিকঃ ॥২০৪

অনুবাদ—তৎপরে নিপুণ শিল্পিবৃন্দের সহিত প্রতিষ্ঠা কর্ম্মে প্রবৃত্ত হইবেন, বিচক্ষণ আচার্য্য পঞ্চগব্য দ্বারা কুম্ভসমূহকে সংস্কার ও শোধন করিয়া পরে প্রতি কুম্ভে মূর্ত্তিপগণকে স্থাপন করিবেন ॥ ২০৪ ॥

কিঞ্চ—
ব্রীহীনাহৃত্য দেবেশং বাসুদেবেন চার্চ্চয়েৎ ।
ক্ষিপেচ্চ নারসিংহেন পাতালমুষলেন তু ॥ ২০৫ ॥
সিদ্ধার্থকান্ ক্ষিপেদ্ধ্যায়ন্ সিংহমন্ত্রেণ মন্ত্রয়েৎ ।
রক্ষোঘ্নান্ পঞ্চগব্যেন প্রোক্ষয়েদ্ভূমিমাদরাৎ ॥২০৬॥

অনুবাদ—আরও—ব্রীহি আহরণ করিয়া ইষ্টদেবকে দ্বাদশাক্ষর বাসুদেব মন্ত্রের দ্বারা অর্চ্চন করিবে। নারসিংহ মন্ত্রে অশুভ ক্ষেপণ, পাতালমুষল মন্ত্রে শ্বেতসরিষা ক্ষেপণ, ধ্যানযোগে নৃসিংহ মন্ত্রদ্বারা রক্ষোঘ্নগণকে মন্ত্রণ, পঞ্চগব্য দ্বারা সাদরে ভূমিতলকে প্রোক্ষণ করিবেন ॥ ২০৫-২০৬ ॥

টীকা—বাসুদেবেনেত্যাদয়ো মন্ত্রাঃ ॥ ২০৫-২০৬॥

ততস্তাম্রময়ং কুম্ভং মৃন্ময়ং বা নবং দৃঢ়ম্ ।
জলপূর্ণং স্থাপয়িত্বা সরঙ্গকরকাযুতম্ ।
ঐশান্যামর্চ্চয়েত্তস্মিন্ সাঙ্গং গন্ধাদিনা হরিম্ ॥২০৭॥

অনুবাদ—অনন্তর তাম্রময় কুম্ভ অথবা নূতন দৃঢ় মৃন্ময় কুম্ভে সরঙ্গ করকাযুক্ত জলপূর্ণ করিয়া ঈশান কোণে ঐ কুম্ভে অঙ্গদেবগণ সহ শ্রীহরিকে গন্ধাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ২০৭॥

অস্ত্রমন্ত্রেণ করকাং শতবারাংস্তমর্চয়েৎ ।
তদ্ধারাচ্ছিন্নয়া সিঞ্চেন্মণ্ডপং তং প্রদক্ষিণম্ ॥২০৮॥

অনুবাদ—সুদর্শনশাস্ত্র মন্ত্রদ্বারা শতবার করকাকে অর্চ্চন করিয়া ঐ কুম্ভের অছিন্ন জলধারা দ্বারা প্রদক্ষিণ ক্রমে অধিবাসার্থ নির্ম্মিত মণ্ডপকে সিঞ্চন করিবে ॥ ২০৮ ॥

টীকা—তম্ অধিবাসার্থনির্ম্মিতং মণ্ডপম্ ॥২০৮॥

কুম্ভং তং পৃষ্ঠতো নীত্বা কুম্ভমন্ত্রেণ দেশিকঃ ।
ব্রীহীন্ সংস্কৃত্য সর্ব্বাংস্তু কুম্ভং তত্রোপরি ন্যসেৎ
॥ ২০৯ ॥

অনুবাদ—ঐ কুম্ভকে পশ্চাদ্ভাগে লইয়া আচার্য্য কুম্ভমন্ত্রে ব্রীহিসমূহকে সংস্কার করিয়া তাহার উপর স্থাপন করিবে ॥ ২০৯ ॥

পুনঃ সম্পূজয়েদ্বিষ্ণুং কলসেষু সমাহিতঃ ।
বস্ত্রযুগ্মেন কলসমেকেন করকাং বুধঃ ।
ছাদয়িত্বা ততো গুহ্য করণীং মণ্ডলীং নয়েৎ ॥২১০॥

অনুবাদ—পুনরায় ধ্যানযোগে অভিজ্ঞ ব্যক্তি কলস সমূহে শ্রীবিষ্ণুর অর্চ্চন করিবে, বস্ত্রদ্বয় দ্বারা কলসকে, একটি বস্ত্রদ্বারা করকাকে আচ্ছাদন করিয়া লইয়া কার্য্যস্থান মণ্ডলীতে যাইবেন ॥ ২১০ ॥

চতুরস্রং চতুর্দ্দ্বারং চক্রাব্জং ষোড়শারকম্ ।
পঞ্চবর্ণেন চূর্ণেন দ্বাদশারমথাপি বা ॥ ২১১ ॥
বেদ্যামেবং লিখিত্বা চ মণ্ডপে পূর্ব্বদক্ষিণে ।
চতুর্হস্তং চতুষ্কোণং মধ্যে পঙ্কজভূষিতম্ ।
চতুর্দ্বারং তু চূর্ণেন স্বস্তিকং মণ্ডলং লিখেৎ ॥২১২॥

অনুবাদ—সমচতুষ্কোণ চতুর্দ্দ্বার মধ্যে ষোড়শ-দলপদ্ম বাহিরে ষোড়শার চক্র অথবা দ্বাদশার চক্র পঞ্চবর্ণ চূর্ণ দ্বারা বেদীমধ্যে লিখিয়া মণ্ডপে পূর্ব্ব দক্ষিণে চতুর্হস্ত চতুষ্কোণ মধ্যে পদ্ম চিহ্নিত, চতুর্দ্বারে চূর্ণদ্বারা স্বস্তিক মণ্ডল লিখিবে ।। ২১১-২১২ ।।

টীকা—চক্রাব্জসংজ্ঞং মণ্ডপম্, তচ্চ ষোড়শারং দ্বাদশারং বা চক্রমষ্টদলপদ্মগর্ভং তদ্বহিশ্চতুরস্রঞ্চতুর্দ্বারং লিখেদিতি জ্ঞেয়ম্ ॥ ২১১ ॥

তস্যোর্দ্ধে ন্যস্য পর্য্যঙ্কং কুশান্ সংস্তারয়েত্ততঃ ।
যোগে যোগেতি মন্ত্রেণ গন্ধতোয়েন প্রোক্ষয়েৎ ॥২১৩

অনুবাদ—তাহার উপর পালঙ্ক রাখিয়া কুশসমূহ বিছাইয়া দিবে । অনন্তর 'যোগে যোগে' এই মন্ত্র-দ্বারা চন্দন জল দ্বারা ছিটা দিবে ।। ২১৩ ।।

তূলিকাং বিন্যসেত্তত্র দিব্যপট্টাংশুকান্বিতাম্ ।
উপাধানদ্বয়ং কৃত্বা পার্শ্বে গেণ্ডুকমেব চ ।
কপোলধারণং কৃত্বা কুর্য্যাদূর্দ্ধং বিতানকম্ ॥২১৪॥

অনুবাদ—পালঙ্কের উপর উত্তম পাটের তোষক পাতিয়া বালিশ দুইটি দিয়া পার্শ্বে খেলার বল ও গণ্ড-দেশ ধারণ বালিশ দিয়া উপরে চাঁদোয়া দিবে ॥২১৪॥

পুষ্পমালাপরিক্ষিপ্তং মুক্তাহারোপশোভিতম্ ।
কুর্য্যাৎ পুষ্পগৃহং হৃদ্যং মলয়াগুরুধূপিতম্ ॥২১৫॥

অনুবাদ—মধ্যে মধ্যে পুষ্পমালা, মুক্তাহার দ্বারা পরিশোভিত মনোরম পুষ্প গৃহ করিয়া মলয়চন্দন, অগুরু, ধূপ দ্বারা বাসিত করিবে ॥ ২১৫ ॥

বিদ্যাধিপাস্তু সংপূজ্যাঃ শক্ত্যা দিক্ষু বিদিক্ষু চ ।
বিষ্ণুর্মধুনিহা চৈব তথৈব চ ত্রিবিক্রমঃ ॥
বামনশ্চাপি দিক্ষ্বেতে পূর্ব্বাদ্যাসু ব্যবস্থিতাঃ ॥২১৬॥

অনুবাদ—সমর্থ হইলে চতুর্দ্দিকে ও চতুষ্কোণে বিদ্যাধর ও বিদ্যাধরীগণকে পূজা করিবে। বিষ্ণু, মধু-সূদন, ত্রিবিক্রম, বামনদেবকে ক্রমে পূর্ব্বাদি দিকে স্থাপন করিবে ॥ ২১৬ ॥

শ্রীধরঃ শ্রীহৃষীকেশঃ পদ্মনাভস্তথৈব চ ।
দামোদরশ্চ সম্পূজ্য আগ্নেয়াদিব্যবস্থিতাঃ ॥ ২১৭ ॥

অনুবাদ—শ্রীধর, শ্রীহৃষীকেশ, পদ্মনাভ, দামোদর—ক্রমে অগ্নিকোণাদি চতুষ্কোণে স্থাপন ও পূজন করিবেন ।। ২১৭ ।।

এবমর্চ্য ততঃ পশ্চাদৈশান্যাং স্নানমণ্ডপে ।
চতুঃস্তম্ভযুতে রম্যে তন্মধ্যে বেদিকা শুভা ॥২১৮॥
চতুরস্রা চতুর্দ্দিক্ষু জলনির্গমনান্বিতা ।
ক্ষীরিবৃক্ষোদ্ভবং পীঠং মধ্যে তত্র নিবেশয়েৎ ॥২১৯॥

অনুবাদ—এইভাবে অর্চ্চন করিয়া তৎপরে ঈশান কোণে স্নানমণ্ডপে চতুস্তম্ভ যুক্ত মনোরম সমচতুষ্কোণ চতুর্দ্দিকে জল নির্গম পথ যুক্ত বেদিকা মধ্যে পবিত্র ক্ষীরিবৃক্ষ কাষ্ঠনির্ম্মিত পীঠ তার মধ্যে সন্নিবেশ করিবে ॥ ২১৯ ॥

টীকা—তস্য স্নানমণ্ডপস্য মধ্যে যা বেদিকাস্তি, তত্র তস্যাং পীঠং নিবেশয়েৎ ॥ ২১৮-২১৯ ॥

অথ কলসাধিবাসনম্

তত্রৈব—

স্নানদ্রব্যাণি সর্ব্বাণি সমানীয় বিচক্ষণঃ ।
নিক্ষিপ্য স্নানকুম্ভেষু কুম্ভাংস্তানধিবাসয়েৎ ॥২২০॥

অনুবাদ—অনন্তর কলসাধিবাসন, উক্ত গ্রন্থেই—বিচক্ষণ ব্যক্তি স্নানদ্রব্য সকল আনয়ন করিয়া স্নান-কুণ্ডে নিক্ষেপ করিয়া ঐ কুণ্ডগুলিকে অধিবাসিত করিবেন ॥ ২২০ ॥

টীকা—কলসাধিবাসনাদিকং মৎস্যভবিষ্যানুক্ত-মপি ভগবতা শ্রীহয়শীর্ষেণোক্তত্বাদুপযুক্ততয়া তত্র লিখ্যতে—স্নানেত্যাদিনা। 'শান্তকুম্ভময়ান্' ইত্যাদিনা কুম্ভলক্ষণং চোক্তমেবাস্তি সিদ্ধদ্রব্যাণি চাগ্রে স্বয়মেব বক্তব্যানি বটোড়ুম্বরে ন্যসেদিত্যাদিনা ॥ ২২০ ॥

———

রত্নানি চ চতুর্দ্দিক্ষু সিদ্ধদ্রব্যান্বিতাঃ শুভাঃ।
কলসাঃ স্থাপনীয়াস্তু অভিষেকার্থমাদরাৎ ॥২২১॥

অনুবাদ—চতুর্দ্দিকে রত্নগর্ভ সিদ্ধদ্রব্য যুক্ত মঙ্গল-কলসসমূহ অভিষেকের জন্য সাদরে স্থাপন কর্ত্তব্য ॥ ২২১ ॥

———

বটোড়ুম্বর কাশ্বত্থ-চম্পকাশোক-শ্রীদ্রুমান্।
পলাশার্জ্জুনপ্লক্ষাংশ্চ কদম্ববকুলাম্রজান্।
পল্লবাংস্তু সমানীয় পূর্ব্বকুম্ভে বিনিক্ষিপেৎ ॥২২২॥

অনুবাদ—পূর্ব্বকুম্ভে—বট, উড়ুম্বর, অশ্বত্থ, চম্পক, অশোক, বিল্ব, পলাশ, অর্জ্জুন, পাকুড়, কদম্ব, বকুল ও আম্রজাত পল্লবসমূহ আনিয়া নিক্ষেপ করিবে ॥ ২২২ ॥

———

পদ্মকং রোচনাং দূর্ব্বাং দর্ভপিঞ্জলমেব চ।
জাতিপুষ্পং কুন্দপুষ্পং চন্দনং রক্তচন্দনম্।
তমালং তগরঞ্চৈব বঞ্জুলং দক্ষিণে ন্যসেৎ ॥২২৩॥

অনুবাদ—দক্ষিণ কুম্ভে—পদ্মক, রোচনা দুর্ব্বা, কুশগুচ্ছ, জাতিপুষ্প, কুন্দপুষ্প, চন্দন, রক্তচন্দন, তমাল, তগর ও বেত শাখা বিন্যাস করিবে ॥২২৩॥

———

সুবর্ণং রজতং চৈব কূলদ্বয়মৃদং তথা।
নদ্যাঃ সমুদ্রগামিন্যা বিশেষাজ্জাহ্নবীজলম্।
গোময়ঞ্চ যবান্ শালীন্ তিলাংশ্চৈব পরে ন্যসেৎ ॥২২৪

অনুবাদ—পশ্চিমকুম্ভে—সুবর্ণ, রৌপ্য, নদীর উভয়কূলের মৃত্তিকা, সমুদ্রগামিনী গঙ্গাজল, গোময়, যব, শালীধান্য তিল নিক্ষেপ করিবে ॥ ২২৪ ॥

টীকা—পরে পশ্চিমকুম্ভে ॥ ২২৪ ॥

———

বিষ্ণুপর্ণাং শ্যামলতাং ভৃঙ্গরাজং শতাবরীম্।
গুড়ূচীং সহদেবীঞ্চ বিন্যসেচ্চ মহৌষধীঃ ॥২২৫॥

অনুবাদ—উত্তর কুম্ভে—অপরাজিতা, শ্যামালতা, ভৃঙ্গরাজ, শতমূল, গুলঞ্চ, সহদেবী ও মহৌষধ বিন্যাস করিবে ॥ ২২৫ ॥

টীকা—বিষ্ণুপর্ণ্যাদ্যাশ্চোত্তরে ন্যসেদিতি জ্ঞেয়ম্ ॥ ২২৫ ॥

———

ফলান্যুদকযুক্তানি আগ্নেয্যাং বিন্যসেদ্ঘটে।
পঞ্চগব্যন্তু নৈর্ঋত্যাং কুম্ভে কৃত্বাভিমন্ত্রিতম্ ॥২২৬॥

অনুবাদ—অগ্নিকোণে—জলযুক্ত ফল, ডাব, আম্র-রস ঘটে ইত্যাদি দিবে। নৈর্ঋত কোণে—মন্ত্রপূত পঞ্চগব্য ঘটে দিবে ॥ ২২৬ ॥

টীকা—ফলানি বদরাদীণি আম্ররসাদীনি বা ॥২২৬

———

বটাশ্বত্থপলাশানাং বিল্বস্যোড়ুম্বরস্য চ।
কষায়োদকসংযুক্তং বায়ব্যাং কলসং ন্যসেৎ ॥২২৭

অনুবাদ—বায়ুকোণে—বট, অশ্বত্থ, পলাশ, বিল্ব, উড়ুম্বর বাকছালের কষায় জল কলসে দিবে ॥২২৭॥

———

কুমারীমমৃতাঞ্চৈব শতমূলীং শতাবরীম্।
সহদেবীং বচাং সিংহীং বলাং ব্রাহ্মীং সুলক্ষণাম্।
ঐশান্যামপরে কুম্ভে মঙ্গলাখ্যে নিবেশয়েৎ ॥২২৮॥

অনুবাদ—ঈশান কোণে—মঙ্গল কলসে ঘৃতকুমারী, গুলঞ্চ, শতমূলী, শতাবরী, সহদেবী, বচ, বাসক, বলা ও সুলক্ষণা ব্রাহ্মী দিবে ॥ ২২৮ ॥

———

বল্মীকমৃত্তিকাং সপ্তস্থানোত্থামপরে ন্যসেৎ।
জাহ্নবীবালুকাতোয়ং বিন্যসেদপরে ঘটে ॥২২৯॥

বরাহ-বৃষনাগেন্দ্র-বিষাণোদ্ধৃতমৃত্তিকাম্ ।
কুলদ্বয়মৃদং নদ্যাং বিন্যাসেদপরে ঘটে ॥ ২৩০ ॥
মৃত্তিকাং পদ্মমূলস্য কুশস্যাপ্যপরে ঘটে ।
তীর্থপর্ব্বতমৃত্তিস্তু যুক্তমপ্যপরে ঘটে ॥ ২৩১ ॥
নাগকেশরপুষ্পঞ্চ কাশ্মীরমপরে ঘটে ।
চন্দনাগুরুকর্পূরৈঃ পূরিতং চাপরং ন্যসেৎ ॥২৩২॥

অনুবাদ—অন্য নবঘটে (১) সপ্তস্থানে জাত বল্মীকমৃত্তিকা বিন্যাস করিবে। (২) জাহ্নবী-বালুকা যুক্ত জল, (৩) বরাহা বৃষ, নাগেন্দ্র কর্ত্তৃক শৃঙ্গোত্তলিত মৃত্তিকা, নদীকূলদ্বয়ের মৃত্তিকা (৪) পদ্মমূল মৃত্তিকা, কুশমূল মৃত্তিকা। (৫) তীর্থ মৃত্তিকা, পর্ব্বত মৃত্তিকা। (৬) নাগকেশর পুষ্প, কুঙ্কুম অন্য ঘটে। (৭) চন্দন, অগুরু ও কর্পূর অন্য ঘটে ॥ ২২৯-২৩২ ॥

বৈদূর্য্যং বিদ্রুমং মুক্তাং স্ফাটিকং বজ্রমেব চ ।
এতান্যেকত্র নিক্ষিপ্ত্য স্থাপয়েদ্দেবসত্তম ॥ ২৩৩ ॥

অনুবাদ—(৮) হে দেবসত্তম। বৈদূর্য্যমণি, বিদ্রুম, মুক্তা, স্ফাটিক ও হীরক—এই সকল একঘটে, স্থাপন করিবেন ॥ ২৩৩ ॥

টীকা—একত্র একস্মিন্ ঘটে ॥ ২৩৩ ॥

নদীনদতড়াগানাং সলিলৈরপরং ন্যসেৎ ।
একাশীতিপদে চান্যান্ মণ্ডপে কলসান্ন্যসেৎ ॥২৩৪

অনুবাদ—(৯) নদীজল, নদজল, পদ্ম পুষ্করিণী জল অন্য ঘটে দিবে। মণ্ডলমধ্যে একাশীতি পদে অন্য কলসগুলি স্থাপন করিবে ॥ ২৩৪ ॥

পূরিতান্ গন্ধতোয়েন ধান্যাস্তাংস্তাংস্তু মন্ত্রয়েৎ ।
শ্রীসূক্তেন সমস্তেন সর্ব্বানেব সকৃৎ সকৃৎ ॥২৩৫॥

অনুবাদ—ধান্যের উপর স্থাপিত অন্য ১০৮ ঘট চন্দন, গঙ্গোদকে পূর্ণ করিয়া শ্রীসূক্ত দ্বারা মিলিতভাবে এক একবার মন্ত্রিত করিবে ॥ ২৩৫ ॥

অথার্ঘ্যদ্রব্যাদিস্থাপনম্

তত্রৈব—

কলসানধিবাস্যৈবমর্ঘ্যাদীন্ বিনিবেশয়েৎ ॥ ২৩৬ ॥

অনুবাদ—অনন্তর অর্ঘ্য দ্রব্যাদি স্থাপন, উক্ত গ্রন্থেই—পূর্ব্বোক্ত যথাবিধি কলসসমূহ বিন্যাসের পর অর্ঘ্যাদি পাত্র যথাস্থানে বিন্যাস করিবেন ॥ ২৩৬ ॥

যবং সিদ্ধার্থকং গন্ধং কুশাগ্রং চাক্ষতঃ তথা ।
তিলান্ ফলং তথা পুষ্পমর্ঘ্যার্থং পূর্ব্বতোন্যসেৎ ॥২৩৭

অনুবাদ—অর্ঘ্যপাত্রে—যব, শ্বেতসরিষা, চন্দন-ঘষা, কুশাগ্র, আতপতণ্ডুল, তিল, ফল ও পুষ্প অর্ঘ্য-দানের জন্য পূর্ব্বভাগে বিন্যাস করিবে ॥ ২৩৭ ॥

পদ্মং শ্যামলতাং দূর্ব্বাং বিষ্ণুপর্ণীং তথা কুশান্ ।
পাদ্যার্থং দক্ষিণে ভাগে স্থাপয়েদ্দেশিকোত্তমঃ ।।২৩৮

অনুবাদ—পাদ্য পাত্রে—পদ্ম, শ্যামলতা, দূর্ব্বা, অপরাজিতা, কুশ এই সকল দ্রব্য উত্তম আচার্য্য দক্ষিণভাগে স্থাপন করিবেন ॥ ২৩৮ ॥

স্থাপয়েৎ পশ্চিমে ভাগে মধুপর্কং সুসংস্কৃতম্ ।
কঙ্কোলকং লবঙ্গঞ্চ তথা জাতীফলং শুভম্ ।
উত্তরে স্থাপয়েদ্ভাগে দ্রব্যমাচমনায় তু ॥ ২৩৯ ॥

অনুবাদ—মধুপর্ক পাত্র পশ্চিমভাগে উত্তমরূপে আবৃত করিয়া রাখিবেন। আচমন পাত্রে—কঙ্কোল, লবঙ্গ, পবিত্র জায়ফল, আচমন দ্রব্য উত্তরভাগে স্থাপন করিবেন ॥ ২৩৯ ॥

আগ্নেয্যাং স্থাপয়েৎ পাত্রং পূর্ণং দূর্ব্বাক্ষতৈর্বুধঃ ।
নীরাজনার্থং দেবেশ দেবদেবস্য সর্ব্বদা ॥ ২৪০ ॥

অনুবাদ—নীরাজন পাত্র—হে দেবেশ। দেব-দেবের নীরাজনের জন্য সর্ব্বদা দূর্ব্বা ও অক্ষত দ্বারা পূর্ণপাত্র অভিজ্ঞ ব্যক্তি অগ্নিকোণে স্থাপন করিবেন ॥ ২৪০ ॥

নৈঋর্ত্যামুদকং গন্ধযুক্তং স্নানায় বিন্যসেৎ।
উদ্বর্ত্তনায় বায়ব্যাং গন্ধপিণ্টং নিবেশয়েৎ ॥২৪১॥

অনুবাদ—নৈঋর্ত কোণে গন্ধ চন্দনযুক্ত জল স্নানের জন্য স্থাপন করিবেন। উদ্বর্ত্তনের জন্য গন্ধ-বাটা বায়ু কোণে স্থাপন করিবেন ॥ ২৪১ ॥

ন্যসেদামলকং পাত্রে মুরামাংসীযুতং শুভম্।
সহদেবীং সদাভদ্রাং কুশাগ্রাং রজনীং তথা ॥২৪২॥

অনুবাদ—আবাটা—একটি পাত্রে আমলকী, মুরা, মাংসী, জটামাংসী, সহদেবী, সদাভদ্রা, কুশাগ্র ও হরিদ্রা রাখিবেন ॥ ২৪২ ॥

ঐশান্যাং বিন্যসেৎ পাত্রে শিরীষং সূর্য্যবর্ণিনীম্।
নির্ম্মঞ্ছনায় দেবস্য স্থাপকঃ সুসমাহিতঃ ॥২৪৩॥

অনুবাদ—ঈশান কোণে—শ্রীবিগ্রহের নিমঞ্ছনের জন্য একপাত্রে সূর্য্যবর্ণী, শিরীষ পুষ্প ঈশান কোণে স্থাপক সাবধানে বিন্যাস করিবেন ॥ ২৪৩ ॥

অষ্টৌ দিক্ষু ন্যসেদ্বিদ্বান্ লৌহযষ্টিপ্রদীপকান্ ॥২৪৪

অনুবাদ—বিদ্বান্ ব্যক্তি অষ্টদিকে সদাঁড় প্রদীপ সমূহ বিন্যাস করিবেন ॥ ২৪৪ ॥

শঙ্খং চক্রঞ্চ শ্রীবৎসং কৌস্তুভং পঙ্কজাদিকম্।
হেমাদিপাত্রে কৃত্বাথ গোময়েনাথ বা পুনঃ ॥২৪৫॥

অনুবাদ—শঙ্খ, চক্র, শ্রীবৎস, কৌস্তুভ, পদ্ম আদিকে স্বর্ণপাত্রে বা অন্য পাত্রে গোময়লিপ্ত স্থানে রাখিবে ॥ ২৪৫ ॥

নীরাজনায় দেবস্য তথা বৈ পুষ্পজাতয়ঃ।
স্থাপনীয়াস্তথা চান্যে মাঙ্গল্যাঃ স্নানচোদিতাঃ ॥২৪৬॥

অনুবাদ—শ্রীবিগ্রহের নীরাজনের জন্য পুষ্পসমূহ এবং স্নান-প্রসঙ্গে অন্যান্য মঙ্গলদ্রব্যসমূহ যথাস্থানে স্থাপন করিবে ॥ ২৪৬ ॥

অথ শ্রীমূর্ত্তেঃ স্নানমণ্ডপে প্রবেশনম্

শিল্পিশালাং ততো গত্বা গীতবাদ্যাদিনিস্বনৈঃ।
আনয়েদ্ভগবন্মূর্ত্তিং সহ পিণ্ডিকয়া ততঃ ॥ ২৪৭ ॥

অনুবাদ—অনন্তর শ্রীবিগ্রহের স্নান মণ্ডপে প্রবেশ—অনন্তর গীতবাদ্যাদি ধ্বনিসহ শিল্পিশালায় গিয়া পিণ্ডিকার সহিত ভগবানের শ্রীমূর্ত্তিকে আনয়ন করিবে ॥ ২৪৭ ॥

টীকা—ততঃ শিল্পিশালাতঃ শ্রীমূর্ত্তি পিণ্ডকাসহিতা-মানয়েৎ ॥ ২৪৭ ॥

অথ বিংশতিকুম্ভাদ্ভিঃ স্নানমণ্ডপতো বহিঃ।
স্নাপয়িত্বা পরীক্ষেত শ্রীমূর্ত্তিং তাং বিচক্ষণঃ ॥২৪৮॥

অনুবাদ—অনন্তর স্নানমণ্ডপের বাহিরে বিংশ কুম্ভজল দ্বারা স্নান করাইয়া ঐ শ্রীমূর্ত্তিকে বিচক্ষণ ব্যক্তি পরীক্ষা করিবেন ॥ ২৪৮ ॥

টীকা—বিংশতিকুম্ভজলেন স্নানমণ্ডপাদ্বহিঃ স্নাপয়িত্বেতি কেষাঞ্চিৎ সতাং মতং লিখিতম্ ॥ ২৪৮ ॥

অথবা শিল্পিশালায়াং স্নাপয়িত্বা যথাবিধি।
প্রবেশয়েৎ পিণ্ডিকায়াং তাং বিপ্রৈঃ স্নানমণ্ডপম্ ॥২৪৯

অনুবাদ—অথবা শিল্পিশালাতেই যথাবিধি স্নান করাইয়া ঐ মূর্ত্তিকে পিণ্ডিকা সহ ব্রাহ্মণগণ দ্বারা স্নান মণ্ডপে প্রবেশ করাইবেন ॥ ২৪৯ ॥

টীকা—শ্রীহয়শীর্ষভগবন্মতং—লিখতি অথবেতি। তচ্চাগ্রে তদ্বচনতো ব্যক্তং ভাবি, বিপ্রৈঃ কৃত্বা তাং ভগবন্মূর্ত্তিং পিণ্ডিকাসহিতাং স্নানমণ্ডপং প্রবেশয়েৎ ॥২৪৯॥

তথা চ ভবিষ্যে—

আচার্য্যো মূর্ত্তিপৈশ্চৈব ঋত্বিগ্‌ভিঃ সহ সংযুতৈঃ।
বিষ্ণুব্রতধরৈঃ শান্তৈঃ বিষ্ণুশাস্ত্রানুরঞ্জিতৈঃ ॥২৫০॥
অলোলুপৈরহীনাঙ্গৈরার্য্যদেশসমুদ্ভবৈঃ।
বিষ্ণুভক্তিপরৈর্ধীরৈর্বিপ্রৈর্ভাগবতৈঃ সহ ॥ ২৫১ ॥
দ্বাত্রিংশদ্ভিঃ ষোড়শভিঃ অষ্টাভিস্তু ক্রমেণ তু।
আনয়িত্বা তু দেবেশং স্থাপয়েৎ স্নানমণ্ডপে ॥২৫২॥

অনুবাদ—ঐরূপ ভবিষ্যপুরাণে—আচার্য্য মূর্ত্তি-রক্ষকগণ সহ, ঋত্বিকগণ সহ মিলিত হইয়া বিষ্ণুব্রত-ধর, শান্ত, বিষ্ণুশাস্ত্রে অনুরক্ত, নির্লোভী, অহীনাঙ্গ, আর্য্য দেশজাত বিষ্ণুভক্তি পরায়ণ, ধীর, বেদজ্ঞ ভক্ত-বৃন্দসহ ক্রমে বত্রিশ, ষোড়শ, অষ্টজন বলবান ব্যক্তি সহ শ্রীবিষ্ণুকে স্নানমণ্ডপে আনাইয়া স্থাপন করিবেন ॥ ২৫০-২৫২ ॥

টীকা—অষ্টাভিস্ত্বিত্যত্র তু-শব্দো বার্থে। ততশ্চ বিকল্পো মুখ্যকল্পাশক্তাবল্পসংখ্যব্রাহ্মণবরণানুসারেণ শ্রীমূর্ত্ত্যনুসারেণ বা জ্ঞেয়ঃ। ক্রমেণানীয়, ন তু হঠা-দেকদৈব বেগেনেত্যর্থঃ ॥ ২৫২ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে—

অত্র সংজ্বালয়েদ্বহ্নিং বৈষ্ণবং বিধিনা গুরুঃ।
ঐশান্যাং গুরুকুণ্ডে তু প্রাঙ্মুখোদঙ্মুখোঽপি বা ॥২৫৩

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—অভিজ্ঞ শ্রীগুরুদেব ঈশান কোণে গুরুকুণ্ডে পূর্ব্ব বা উত্তর মুখে বসিয়া বিধিবৎ বৈষ্ণবাগ্নি প্রজ্বালিত করিবেন ॥ ২৫৩ ॥

টীকা—বৈষ্ণবং মণ্ডপং মধ্যে শয্যায়াং শ্রীবিষ্ণু-লক্ষ্ম্যোঃ সঙ্গমাদ্রেতোরূপোঽগ্নিরুদ্ভূত ইতি ভাবনয়া জনিতো যস্তং, এতদ্বিশেষশ্চ দীক্ষাবিধৌ পূর্ব্বং লিখি-তোঽস্তি। প্রাঙ্মুখো উদঙ্মুখো বা, বিসগলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥ ২৫৩ ॥

তত্রৈব হোমযেদ্বিষ্ণুং গায়ত্র্যা ঘৃতমাদরাৎ।
অষ্টোত্তরশতং হুত্বা সম্পাতবিধিনা সুধীঃ ॥২৫৪॥

অনুবাদ—ঐ কুণ্ডে শ্রীবিষ্ণুর উদ্দেশ্যে গায়ত্রীমন্ত্রে সাম্পাতবিধি অনুসারে সাদরে অষ্টোত্তরশত ঘৃত আহুতি দিবেন ॥ ২৫৪ ॥

সম্পাতাজ্যেন কলসান্ প্রোক্ষ্য দেশিকসত্তমঃ।
লিপ্তায়াং কারুশালায়ামুপতিষ্ঠেত সংযতঃ ॥২৫৫॥

অনুবাদ—আচার্য্য সত্তম ঘৃত সম্পাত দ্বারা কলস সকল প্রোক্ষণ করিয়া গোময়দ্বারা লিপ্ত শিল্পিশালাতে সংযত হইয়া অবস্থান করিবেন ॥ ২৫৫ ॥

টীকা—কারুঃ—শিল্পীঃ ॥ ২৫৫ ॥

ব্রাহ্মণৈর্বৈষ্ণবৈঃ সার্দ্ধং মূর্ত্তিপৈঃ শিল্পিভিঃ সহ।
মহতা ব্রাহ্মঘোষেণ সহায়ৈর্বলবত্তরৈঃ ॥ ২৫৬ ॥
কাহলশঙ্খশব্দৈশ্চ ভেরীমুরজনিস্বনৈঃ।
বীণাবেণুস্বনৈর্হৃদ্যাদিব্যযন্ত্রস্বনৈস্তথা।
আচার্য্যঃ প্রাঙ্মুখো ভূত্বা কুর্য্যাৎ কৌতুকবন্ধনম্ ॥২৫৭

অনুবাদ—ব্রাহ্মণ, বৈষ্ণবগণের সহিত মূর্ত্তিরক্ষক ও শিল্পিগণ সহ এবং অতিশয় বলবান্ সহায়কারী-গণকে লইয়া মহাবেদধ্বনি সহ কাহল, শঙ্খ, ভেরী, মুরজ, বীণা, বেণুধ্বনি এবং হৃদয়গ্রাহী উত্তম যন্ত্রধ্বনি সহ আচার্য্য পূর্ব্বমুখ হইয়া কৌতুক মঙ্গলরক্ষা সূত্র বন্ধন করিবেন ॥ ২৫৬-২৫৭ ॥

টীকা—কৌতুকং—মঙ্গলসূত্রম্ ॥ ২৫৭ ॥

বৈষ্ণবে সিপিবিষ্টেতি গৌরসিদ্ধার্থকেন তু।
ঊর্ণাময়েন সূত্রেণ নিম্বদূর্ব্বান্বিতেন চ।
দুকূলবস্ত্রৈর্বদ্ধা তু দক্ষিণে বধ্নীয়াৎ করে ॥ ২৫৮ ॥
দেশিকস্যাপি কর্ত্তব্যং করে কৌতুকবন্ধনম্ ॥২৫৯॥

অনুবাদ—'বৈষ্ণবে সিপিবিষ্ট' এইমন্ত্রে শ্বেত-সর্ষপ, নিম্ব, দূর্ব্বাযুক্ত পট্টবস্ত্রে ঊর্ণাময় সূত্রে বাঁধিয়া দক্ষিণ হস্তে বাঁধিবেন। আচার্য্যের হস্তেও কৌতুক বন্ধন কর্ত্তব্য ॥ ২৫৮-২৫৯ ॥

ততো বিকল্প্য দেবাস্ত্রং তণ্ডুলৈঃ পঞ্চরঙ্গকৈঃ।
তন্মধ্যে প্রতিমাং স্থাপ্য স্নাপ্য চৈব যথাবিধি ॥২৬০॥
বস্ত্রযুগ্মেন সংছাদ্য পূজ্য গন্ধাদিনা তু তাম্।
চামরৈস্তালবৃন্তৈশ্চ বীজয়েন্মঙ্গলান্বিতাম্ ॥ ২৬১ ॥
এরকায়াং নিবেশ্যাথ প্রতিমাং সংস্তবেত্ততঃ ॥২৬২॥

অনুবাদ—অনন্তর তণ্ডুল ও পঞ্চরঙ্গের গুঁড়ি দ্বারা সুদর্শনাস্ত্র রচনা করিয়া তাহার উপর প্রতিমাকে স্থাপন পূর্ব্বক যথাবিধি স্নান করাইয়া বস্ত্রদ্বয় দ্বারা আচ্ছাদন পূর্ব্বক গন্ধ পুষ্পাদি দ্বারা প্রতিমাকে পূজা করিয়া পবিত্র মঙ্গলযুক্ত চামর ও তালবৃন্তের পাখা দ্বারা ব্যজন করিবে এবং এরকা (হোগলা) তৃণের শয্যার উপর প্রতিমাকে রাখিয়া স্তব করিবেন ॥২৬০-২৬২ ॥

টীকা—দেবাস্ত্রং চক্রং, বিকল্প্য বিরচয্য ॥ ২৬০ ॥

টীকা—মঙ্গলানি দধিদূর্ব্বাদীনি তৈরন্বিতাং, তানি নিবেদ্যত্যর্থঃ। তথা চ মাৎস্যে—'মঙ্গলানি নিবেদ্যানি' ইত্যাদি তচ্চাগ্রে মাঙ্গল্যে লেখম্। মঙ্গলান্বিতমিতি ক্লীবৈকবচনান্তপাঠোঽপি, ততশ্চ ক্রিয়াবিশেষণম্, অর্থশ্চ স এব॥ ২৬১॥

টীকা—এরকা তৃণবিশেষঃ, তন্ময়াস্তরণে শ্রীমূর্ত্তিং স্থাপয়িত্বা সম্যক্ স্তবেৎ স্তবীত ॥ ২৬২ ॥

অথ তত্র স্তবঃ

নমস্তেঽর্চ্চে সুরেশানি প্রণীতে বিশ্বকর্ম্মণা।
প্রভাবিতাশেষজগদ্ধাত্রি তুভ্যং নমো নমঃ ॥ ২৬৩ ॥

অনুবাদ—অনন্তর প্রতিমা স্তব—হে অর্চ্চে! হে সুরেশানি! বিশ্বকর্ম্মা কর্ত্তৃক নির্ম্মিতে! আপনাকে প্রণাম। অখিল জগৎকে প্রভাবিত করিয়াছেন, হে জগদ্ধাত্রি! আপনাকে পুনঃ পুনঃ প্রণাম ॥ ২৬৩ ॥

ত্বয়ি সম্পূজয়ামীশং নারায়ণমনাময়ম্।
রহিতা শিল্পিদোষৈস্ত্বমৃদ্ধিযুক্তা সদা ভব।
এবং বিজ্ঞাপ্য প্রতিমাং নয়েত্তাং স্নানমণ্ডপম্ ॥ ইতি ॥ ২৬৪ ॥

অনুবাদ—নির্ম্মল পরমেশ্বর নারায়ণকে আপনাতেই পূজা করিতেছি। শিল্পিদোষ রহিত হইয়া আপনি সর্ব্বদা ঋদ্ধিযুক্তা হউন। এইরূপ প্রার্থনা করিয়া ঐ প্রতিমাকে স্নানমণ্ডপে লইয়া যাইবেন॥২৬৪

টীকা—স্তুতিমেবাহ—নমস্ত ইতি দ্বাভ্যাম্। প্রকর্ষেণ ভাবিতস্য স্বয়মেবোৎপাদিতস্য অশেষজগতো ধাত্রি ধারণ-পোষণকর্ত্রি। যদ্বা, প্রভাবিতং প্রভাবযুক্তং কৃতমশেষং যয়া সা চাসৌ জগদ্ধাত্রী চ, তৎসম্বোধনম্ ॥ ২৬৩-২৬৪ ॥

অথ শিল্পিপরিতোষণম্

ততঃ সপরিবারাংশ্চ শ্রীমূর্ত্ত্যাবিবিধায়িনঃ।
শিল্পিনোঽভ্যর্চ্চ্য বিবিধৈর্দ্রব্যৈর্বাক্যৈশ্চ তোষয়েৎ ॥২৬৫

অনুবাদ—অনন্তর শিল্পি তোষণ—অতঃপর সপরিবারে শ্রীমূর্ত্তি আবির্ভাবকারী শিল্পিগণকে বিবিধ দ্রব্য ও মধুর বাক্যে সন্তুষ্ট করিবেন ॥ ২৬৫ ॥

টীকা—বাক্যৈশ্চ পশ্চাৎ বিবিধৈঃ ক্ষমধ্বমিত্যাদিরূপৈঃ।' ২৬৫ ॥

তথা চ ভবিষ্যে—

ততো বিষ্ণুং সমানীয় সুধৌতং সুপরীক্ষিতম্।
শিল্পিনঃ পূজয়েৎ পশ্চাদ্ বস্ত্রালঙ্করণাদিভিঃ।
অন্যে চ পূজনীয়াশ্চ যে চাত্র পরিচারকাঃ ॥২৬৬॥

অনুবাদ—সেইরূপই ভবিষ্যপুরাণে—অনন্তর সুধৌত সুপরীক্ষিত বিষ্ণুকে স্নানমণ্ডপে আনিয়া পরে বস্ত্র, অলঙ্কারাদি দ্বারা শিল্পিগণকে সম্মান করিবেন। অন্য যাহারা পরিচারক এখানে ছিলেন তাহাদিগকেও পূজা সম্মান করিবেন ॥ ২৬৬ ॥

মাৎস্যে—

আনীয় লিঙ্গমর্চ্চাং বা শিল্পিনঃ পূজয়েদ্বুধঃ।
বস্ত্রাভরণরত্নৈশ্চ যে চ তৎপরিচারকাঃ।
ক্ষমধ্বমিতি তান্ ব্রূয়াদ্যজমানো হ্যতঃপরম্ ॥২৬৭॥

অনুবাদ—মৎস্যপুরাণে—স্নানমণ্ডপে লিঙ্গ বা অর্চ্চামূর্ত্তিকে আনিয়া অভিজ্ঞ ব্যক্তি শিল্পিগণকে এবং যাহারা তাহাদের পরিচারক ছিল, তাহাদিগকে বস্ত্র, অলঙ্কার, রত্নাদিদ্বারা পূজা করিবেন। অতঃপর যজমান তাহাদের প্রত্যেককে 'ক্ষমা কর' এইরূপ বলিবে ॥ ২৬৭ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে—

পূজয়িত্বা তু প্রতিমাং শিল্পিনং তোষয়েত্ততঃ।
গন্ধপুষ্পাদিভির্বিপ্রং তোষয়েৎ কটকাদিভিঃ ॥২৬৮॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—প্রতিমাকে পূজা করিয়া শিল্পিকে সন্তুষ্ট করিবে। গন্ধপুষ্পাদি ও অলঙ্কারাদি দ্বারা বেদজ্ঞ ব্রাহ্মণকে তুষ্ট করিবেন ॥ ২৬৮ ॥

টীকা—পূজয়িত্বেতি শিল্পিশালায়াং পূজানন্তরমেব শিল্পিতোষণভিপ্রেতম্ ॥ ২৬৮ ॥

সর্ব্বেঽথ কর্ম্মিণস্তস্যাস্তস্মিন্ কালে পৃথক্ পৃথক্ ।
ক্ষমাপয়ীত তান্ সর্ব্বান্ প্রিয়প্রশ্নেন সর্ব্বথা ॥ ইতি ॥
॥ ২৬৯ ॥

অনুবাদ—অনন্তর ঐ কালে যাহারা কর্ম্মে নিযুক্ত ছিল, তাহাদের সকলকে পৃথক্ পৃথক্ মধুর বাক্যে প্রিয় প্রশ্ন দ্বারা সর্ব্বপ্রকারে ক্ষমা প্রার্থনা করিবেন ॥ ২৬৯ ॥

অথ স্নপনম্

কুশাদ্যাস্তরণে ন্যস্য পীঠে বা স্নাপয়েত্ততঃ ।
দিব্যবাদ্যাদিনা পঞ্চকাষায়সলিলাদিভিঃ ॥ ২৭০ ॥

অনুবাদ—অনন্তর প্রতিমার স্নপন—কুশাদির বিছানায় রাখিয়া বা পীড়িতে বসাইয়া দিব্য বাদ্যাদি-সহ পঞ্চকষায় জল দ্বারা স্নান করাইবে ॥ ২৭০ ॥

টীকা—কুশৈঃ, আদি-শব্দাৎ কোমলবংশদলাদিভির্যদাস্তরণং শয্যাবিশেষস্তস্মিন্ ন্যস্য শ্রীমূর্ত্তিম্ । এতচ্চ 'প্রাগগ্রৈর্দর্ভবংশৈস্ত রাজন্ দিব্যজলৈঃ শুভৈঃ' ইত্যাদিনাধিবাসনমণ্ডপান্তর্গৎ শয্যাবিরচনং ভবিষ্যোক্তং, তদনুসারেণ কেষাঞ্চিচ্ছিষ্টানাং সম্মতং লিখিতম্ । ভদ্রপীঠে বেতি চ হয়শীর্ষোক্তানুসারেণ । অত্র চ যথাস্বসম্প্রদায়মেব ব্যবহর্ত্তব্যম্, এবমন্যত্রাপ্যূহ্যম্ । দিব্যেন বাদ্যেন, আদি-শব্দাদ্‌গীতেন নৃত্যেন বেদঘোষনামসংকীর্ত্তনাদিনা চ । পঞ্চকষায়াশ্চ বটাশ্বত্থপলাশবিল্বোডুম্বরাস্তৈঃ সংস্কৃতজলেন । আদি-শব্দাৎ পঞ্চগব্যাদি । এতচ্চাগ্রে ব্যক্তমেব ভাবি ॥ ২৭০ ॥

তথা চ ভবিষ্যে—
স্নপনং তু ততঃ কার্য্যং দিব্যমঙ্গলনাদিতম্ ।
যথানুরূপৈর্বিবিধৈর্বাদিত্রনিনদৈঃ শুভৈঃ ।
কাষায়ৈঃ পঞ্চগব্যৈশ্চ তীর্থবল্মীকমৃজ্জলৈঃ ॥২৭১॥

অনুবাদ—ঐ রূপই ভবিষ্যপুরাণে—অনন্তর দিব্য মঙ্গলধ্বনি সহ, যথাযথ মঙ্গল বিবিধ গীত, বাদ্য, নৃত্য, মঙ্গলধ্বনি সহ, পঞ্চ কষায় জল, পঞ্চগব্য, তীর্থবারি, বল্মীক-মৃত্তিকা, জল দ্বারা, স্নান করাইতে হইবে ॥ ২৭১ ॥

টীকা—কাষায়ৈ পঞ্চকষায়জলৈঃ, পঞ্চগব্যৈস্তীর্থজলৈর্বল্মীকমৃজ্জলৈশ্চেত্যেবং চতুর্ভিঃ ॥ ২৭১ ॥

অথ তত্র মন্ত্রাঃ

সমুদ্রজ্যেষ্ঠাঃ সলিলস্য মধ্যাদ্-
যা আপো দিব্যা উত বা স্রবন্তি
যাসাং রাজা বরুণো যাতি মধ্যে
যাসু রাজা বরুণো যাসু সোমঃ ॥ ইতি ॥২৭২॥

অনুবাদ—অনন্তর স্নানমন্ত্র সমূহ—'সমুদ্র জ্যেষ্ঠা' ইত্যাদি মন্ত্র চতুষ্টয় দ্বারা ক্রমে স্নান করান হয়—সমুদ্র গর্ভ হইতে যে সলিলের উৎপত্তি, যে দিব্য জল সর্ব্বদা প্রবাহিত হইতেছে, বরুণদেব যাহাদের রাজা, যে সলিল মধ্যে বরুণদেব ও সোমদেব অধিষ্ঠিত আছেন সেই সলিল দ্বারা স্নান করাইতেছি ॥ ইতি ॥ ॥ ২৭২ ॥

টীকা—সমুদ্রজ্যেষ্ঠা ইত্যাদিচতুর্মন্ত্রৈঃ ক্রমেণ স্নপনমিতি জ্ঞেয়ম্ ॥ ২৭২ ॥

মাৎস্যে—
ততো লিঙ্গমথার্চ্চাং বা নীত্বা স্নপনমণ্ডপম্ ।
গীতমঙ্গলশব্দেন স্নপনং তত্র কারয়েৎ ॥ ২৭৩ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—অনন্তর লিঙ্গ বা অর্চ্চা মূর্ত্তিকে স্নানমণ্ডপে লইয়া গীত ও মঙ্গলধ্বনি সহ স্নান করাইবেন ॥ ২৭৩ ॥

পঞ্চগব্যৈঃ কষায়েণ মৃদ্ভির্ভস্মোদকেন চ ।
শৌচং তত্র প্রকুর্ব্বীত বেদমন্ত্রচতুষ্টয়াৎ ॥ ২৭৪ ॥

অনুবাদ—পঞ্চগব্য দ্বারা, কষায় জল দ্বারা, তীর্থ মৃত্তিকা জল দ্বারা, ভস্মজল দ্বারাও বেদমন্ত্র চতুষ্টয় সহ মণ্ডপে স্নান করাইবে ॥ ২৭৪ ॥

টীকা—পঞ্চগব্যৈঃ পঞ্চকষায়ৈশ্চ তীর্থাদিমৃদ্ভিঃ ভস্মোদকেন চেত্যেবং চতুর্ভিঃ । সমুদ্রজ্যেষ্ঠা ইত্যাদি-বেদমন্ত্রচতুষ্টয়াৎ ক্রমেণ স্নপনং কারয়েৎ ॥ ২৭৪ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে—

ধ্রিয়মাণ-বিতানেন ব্রহ্মঘোষেণ তাং বুধঃ।
তত্র পীঠে সমারোপ্য ভদ্রং কর্ণেতি কীর্ত্তয়ন্।
স্নাপয়েচ্ছুদ্ধতোয়েন শুদ্ধবত্যা তু দেশিকঃ ॥ ২৭৫ ॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—উপরে চাঁদোয়া ধরিয়া বেদধ্বনি সহ অভিজ্ঞ ব্যক্তি ঐ প্রতিমাকে স্নান মণ্ডপে আরোপণ করিয়া 'ভদ্রং কর্ণেতি' বেদধ্বনি কীর্ত্তন করিতে করিতে আচার্য্য 'শুদ্ধবতী' মন্ত্রে শুদ্ধ জল দ্বারা স্নান করাইবেন ॥ ২৭৫ ॥

টীকা—শুদ্ধবত্যা মন্ত্রেণ ॥ ২৭৫ ॥

স্নাপিতা গন্ধতোয়েন শিল্পিদোষৈর্বিমুচ্যতে।
মন্ত্রৈর্গন্ধাদিনাভ্যর্চ্চ্য চ্ছাদয়েচ্ছুদ্ধবাসসা ॥ ২৭৬ ॥

অনুবাদ—পবিত্র সুবাসিত জল দ্বারা স্নান করাইলে শিল্পিদোষসমূহ হইতে মুক্ত হয়, মন্ত্রপূত চন্দনাদি দ্বারা অর্চ্চন করিয়া শুদ্ধ বস্ত্রদ্বারা আচ্ছাদন করিবে ॥ ২৭৬ ॥

অথ নেত্রোন্মীলনম্

ততশ্চোন্মীলয়েন্নেত্রে তন্মন্ত্রেণ বিচক্ষণঃ।
তয়োশ্চ জ্যোতিরুৎকীর্য শুভাং দৃষ্টিং প্রকল্পয়েৎ ॥ ২৭৭ ॥

অনুবাদ—অনন্তর নেত্র উন্মীলন—অনন্তর বিচক্ষণ ব্যক্তি নেত্র উন্মীলন মন্ত্র দ্বারা নেত্রদ্বয়কে উন্মীলিত করিবেন অর্থাৎ নেত্রদ্বয়ের জ্যোতি উৎকীর্ণ করিয়া শুভদৃষ্টি সম্পাদন করিবেন ॥ ২৭৭ ॥

টীকা—উৎকীর্য উজ্জ্বাল্য দৃষ্টিভেদান্ জ্ঞাত্বা দৃষ্টিং শুভাং প্রকল্পয়েদিত্যর্থঃ ॥ ২৭৭ ॥

তথা চ মাৎস্যে—

দেবঃ প্রস্তরণে কৃত্বা নেত্রে জ্যোতিঃ প্রকল্পয়েৎ ॥২৭৮

অনুবাদ—ঐরূপই মৎস্যপুরাণে—শ্রীবিগ্রহকে প্রস্তরণে করিয়া নয়নদ্বয়ের জ্যোতি প্রস্ফুটিত করিবে ॥ ২৭৮ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে চ—

যজমানস্ততো ভক্ত্যা দেশিকং পরিতোষয়েৎ।
কাংস্যদোহাং বস্ত্রকণ্ঠাং তাম্রপৃষ্ঠাং পয়স্বিনীম্ ॥২৭৯
রৌপ্যাঙ্ঘ্রিং স্বর্ণশৃঙ্গীং তাং সুশীলাং তরুণীং শুভাম্।
প্রণম্য বিধিনা ধেনুং দদ্যাদ্বাগভিঃ ক্ষমাপয়েৎ ॥২৮০

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রেও—যজমান ভক্তিপূর্ব্বক আচার্য্যকে পরিতুষ্ট করিবেন। গোদহনের কাংস্য পাত্র, গাভীর কণ্ঠে বস্ত্র, পৃষ্ঠে তাম্রময়, দুগ্ধবতী, রৌপ্যবদ্ধ পদচতুষ্টয়, স্বর্ণবদ্ধ শৃঙ্গদ্বয়, এমন সুশীলা তরুণী মঙ্গলা সবৎসা গাভীকে যথাবিধি প্রণাম করিয়া আচার্য্যকে দান করতঃ মধুরবাক্যে ক্ষমা প্রার্থনা করিবেন ॥ ২৮০ ॥

অবধার্য্য জগচ্ছান্তিং নেত্রে চোন্মীলয়েদ্বুধঃ।
চিত্রং দেবেতি মন্ত্রেণ জ্যোতির্দেবস্য চোৎকিরেৎ ॥২৮১

অনুবাদ—অভিজ্ঞ ব্যক্তি জগতের শান্তি নির্দ্ধারণ করিয়া প্রতিমার নয়নদ্বয়ের সোম্যজ্যোতি 'চিত্রং দেবেতি' মন্ত্রদ্বারা প্রস্ফুটিত করিবেন ॥ ২৮১ ॥

অগ্নিজ্যোতীতিমন্ত্রেণ জ্ঞাত্বা দৃষ্টিং প্রকল্পয়েৎ।
দৃষ্টিভেদাংস্তু সকলান্ বর্ণয়িষ্যে তবোপরি ॥২৮২॥

অনুবাদ—'অগ্নিজ্যোতি' এইমন্ত্র দ্বারা দৃষ্টিভেদ জানিয়া সৌম্য দৃষ্টি সম্পাদন করিবেন, তোমার নিকট সর্ব্ববিধ দৃষ্টিভেদ বর্ণনা করিব ॥ ২৮২ ॥

তথা চ তত্রৈব লেপ্যার্চাস্থাপন প্রসঙ্গে—

চিত্রং দেবেতি-মন্ত্রেণ সৌম্যাং দৃষ্টিং তু কারয়েৎ ॥ ২৮৩ ॥

অনুবাদ—সেইরূপ উক্ত গ্রন্থে মৃন্ময়ী মূর্ত্তি স্থাপন প্রসঙ্গে—'চিত্রং দেবেতি' মন্ত্রদ্বারা সৌম্য দৃষ্টি সম্পাদন করাইবে ॥ ২৮৩ ॥

দৃষ্টয়ো বহুধা নাট্যশাস্ত্রেষু পরিকীর্তিতাঃ।
কিং ত্বত্রোদ্দেশতো বক্ষ্যে দৃষ্টীনাং লক্ষণং দ্বিজ ॥২৮৪

অনুবাদ—হে দ্বিজ! নাট্যশাস্ত্রসমূহে বহুবিধ

দৃষ্টি উল্লিখিত আছে। কিন্তু এস্থলে দৃষ্টি সমূহের লক্ষণ উল্লেখ মাত্র করিব ॥ ২৮৪ ॥

হসিতা ঘূর্ণিতা ক্ষিপ্তা তথান্তর্বেদনাতুরা।
বিদ্বিষ্টা লজ্জিতা ক্রূরা প্রসন্না মদনাতুরা ॥ ২৮৫॥
লজ্জিতা কম্পিতা তৃপ্তা দীনান্তর্নিহিতা তথা।
বিশালান্তরবিক্ষিপ্তা উর্দ্ধক্ষিপ্তা সুবণিতা ॥ ২৮৬ ॥
পার্শ্বাবলোকনী চাধঃক্ষিপ্তা নাসাগ্রগোচরা।
সমাবলোকিনী ক্রান্তা যোগদৃষ্টিস্তথা শুভা। ২৮৭॥
বীভৎসা করুণালোকা ঈষৎক্ষিপ্তা চ কেকরা।
বিভ্রান্তা লুলিতা চান্তঃকোপহর্ষসমন্বিতা।
এবং জ্ঞাত্বা দৃষ্টিভেদান্ প্রতিমাসু প্রয়োজয়েৎ ॥ইতি ॥ ২৮৮ ॥

অনুবাদ—হসিতা, ঘূর্ণিতা, ক্ষিপ্তা, অন্তর্বেদনাতুরা, বিদ্বিষ্টা, লজ্জিতা, ক্রূরা, প্রসন্না, মদনাতুরা, লজ্জিতা, কম্পিতা, তৃপ্তা, দীনা, অন্তর্নিহিতা, বিশালা, অন্তর বিক্ষিপ্তা, উর্দ্ধক্ষিপ্তা, সুবণি, শাস্ত্রাবলোকিনী, অধঃ-ক্ষিপ্তা, নাসাগ্রগোচরা, সমাবলোকিনী, ক্রান্তা, যোগ-দৃষ্টি, শুভা, বীভৎসা, করুণালোকা, ঈষৎ ক্ষিপ্তা, কেকরা, বিভ্রান্তা, লুলিতা, অন্তঃকোপ, হর্ষ সমন্বিতা —এইরূপ দৃষ্টিভেদ সমূহ জানিয়া প্রতিমা সমূহে যোজনা করিবে ॥ ২৮৫-২৮৮ ॥

টীকা—হসিত-ঘূর্ণিতাদীনামবলোকনভেদেনেষদ-বান্তরভেদঃ কল্পয়িতব্যঃ ॥ ২৮৫ ॥

অথ নেত্রাভ্যঞ্জনম্

তত্রৈব—

ততঃ শুক্লানি পুষ্পানি ঘৃতসিদ্ধার্থকং তথা।
দূর্ব্বাং কুশাগ্রং দেবস্য দদ্যাচ্ছিরসি দেশিকঃ।
পঠন্ রক্ষোহণং সর্ব্বমন্ত্রমাথর্ব্বণং তথা ॥ ২৮৯॥
রৌপ্যং ভাজনমাদায় মধুরত্রয়সংযুতম্।
মধুবাতেতি মন্ত্রেণ মন্ত্রয়িত্বাষ্টধা পুনঃ ॥ ২৯০ ॥
শলাকয়া সুবর্ণস্য নেত্রে চাভ্যঞ্জয়েদ্ গুরুঃ।
হিরণ্যগর্ভমন্ত্রেণ ইমং মে ইতি কীর্ত্তয়েৎ ॥ ২৯১ ॥

অনুবাদ—অনন্তর নেত্রাভ্যঞ্জন, উক্ত শাস্ত্রে—তৎ-পরে শ্বেতপুষ্প সমূহ, ঘৃত, শ্বেতসর্ষপ, দূর্ব্বা, কুশাগ্র আচার্য্য প্রতিমার মস্তকে দিবেন এবং রাক্ষস নিবারণ মন্ত্রসমূহ ও আথর্ব্বণ মন্ত্রসমূহ পাঠ পূর্ব্বক ঘৃত, মধু, শর্করাযুক্ত রৌপ্য পাত্রে মধুবাতেতি মন্ত্রদ্বারা আটবার অভিমন্ত্রিত করিয়া সুবর্ণ শলাকাদ্বারা শ্রীগুরুদেব নয়নদ্বয়ে অঞ্জন দিবেন এবং 'হিরণ্য-গর্ভ' মন্ত্রপাঠ করিয়া 'ইমং মে' ইহা কীর্ত্তন করিবেন ॥ ২৮৯-২৯১ ॥

অথার্ঘ্যার্পণাদি

সমর্প্য চার্ঘ্যং দেবায় যা দিব্যা আপ ইত্যতঃ।
ইন্দ্রাদিভ্যো বলিং দদ্যাৎ সিদ্ধার্থঘৃতপায়সৈঃ ॥২৯২॥

অনুবাদ—অনন্তর অর্ঘ্য অর্পণাদি—'যা বিদ্যা আপ' এইমন্ত্রে ইষ্টদেবকে অর্ঘ্য সমর্পণ করিয়া সিদ্ধার্থ ঘৃত, পায়স ইন্দ্রাদি দেববৃন্দকে উপহার দিবেন ॥ ২৯২ ॥

তত্র অর্ঘ্যদ্রব্যাণি

মাৎস্যে—

দধ্যক্ষতকুশাগ্রাণি ক্ষীরং দূর্ব্বাং তথা মধু।
যবাঃ সিদ্ধার্থকাস্তদ্বদষ্টাঙ্গোহর্ঘ্যং ফলৈঃ সহঃ ॥
ইতি ॥ ২৯৩ ॥

অনুবাদ—উক্ত অর্ঘ্য দ্রব্যসমূহ, মৎস্যপুরাণে—দধি, অক্ষত, কুশাগ্র, ক্ষীর, দূর্ব্বা, মধু, যব, সিদ্ধার্থ ফল সহ ঐ অষ্টদ্রব্য অষ্টাঙ্গ অর্ঘ্য নামে প্রসিদ্ধ ॥ ২৯৩ ॥

টীকা—অক্ষতাশ্চাত্র খণ্ডতণ্ডুলাঃ, ভবিষ্যোক্তার্ঘ্য-দ্রব্যাণি চ পূর্ব্বং নিত্যপূজায়ামর্ঘ্যপ্রসঙ্গে লিখিতানি সন্তি। ভবিষ্য-হয়শীর্ষোক্তার্ঘ্যদ্রব্যভেদশ্চ ফলাদিভেদং কল্পয়িত্বা সোঢ়ব্যঃ, এবমন্যত্রাপি ॥ ২৯৩ ॥

অথ মাঙ্গল্যাচরণামঙ্গলনিবারণঞ্চ

দেবং পুষ্পৈরলঙ্কৃত্য ধূপয়িত্বা প্রণম্য চ।
পরিধাপ্য চ বস্ত্রে দ্বে ব্রাহ্মণান্ স্বস্তি বাচয়েৎ ॥ ২৯৪

অনুবাদ—অনন্তর মঙ্গলাচরণ ও অমঙ্গল নিবারণ

—শ্রীবিগ্রহকে পুষ্পসমূহ দ্বারা অলঙ্কৃত করিয়া ধূপদান ও প্রণাম করিয়া বস্ত্রদ্বয় পরিধান করাইয়া ব্রাহ্মণগণকে স্বস্তিবাচন করিতে আদেশ দিবেন ॥২৯৪

ততো্যেহথ দক্ষিণাং দত্ত্বা হোমাচার্য্যায় গামপি ।
আবাহ্য মন্ত্রয়েদ্দেবং নমো ভগবতে ইতি ॥ ২৯৫ ॥

অনুবাদ—ব্রাহ্মণগণকে দক্ষিণা দিয়া হোমাচার্য্যকে গাভীদান করিয়া ইষ্টদেবকে আবাহন পূর্ব্বক মন্ত্র উচ্চারণ করিবেন—'নমো ভগবতে' ইতি ॥ ২৯৫ ॥

বিলিখন্ কাঞ্চনেনাথ শ্রীমূর্ত্তিং মঙ্গলানি তু ।
কারয়েদ্ গীতবাদ্যাদীন্যমাঙ্গল্যঞ্চ বারয়েৎ ॥ ২৯৬ ॥

অনুবাদ—উক্ত মন্ত্র পাঠকালে শ্রীমূর্ত্তিকে স্বর্ণখড়িকা দ্বারা অঞ্জন পরাইবে, গীত বাদ্যাদি দ্বারা মঙ্গলাচরণ করাইবে এবং অমঙ্গল নিবারণ করিবে ॥ ২৯৬ ॥

তথা চ ভবিষ্যে—
অর্ঘ্যং দত্ত্বা নমস্কৃত্য অর্চ্চয়িত্বা যথাক্রমম্ ।
দত্ত্বা সগুগ্গুলুং ধূপং দেবদেবস্য ধীমতঃ ।
প্রচ্ছাদ্য বস্ত্রযুগ্মেন ততঃ কার্য্যং তু লক্ষণম্ ॥ ২৯৭ ॥

অনুবাদ—ঐরূপ ভবিষ্যপুরাণে উক্ত হইয়াছে—অর্ঘ্যদান, প্রণাম ও অর্চ্চন যথাক্রমে সম্পাদন করিয়া ভগবৎপ্রিয় গুগ্‌গুল সহ ধূপদান করিয়া বস্ত্রদ্বয় দ্বারা সম্মুখভাগ আচ্ছাদন পূর্ব্বক নয়নদ্বয়ে অঞ্জন ও শ্রীবৎস চিহ্নাদি অঙ্কন করিবেন ॥ ২৯৭ ॥

টীকা—লক্ষণং কাঞ্চনেন লিখনাদি, তচ্চ শ্রীবৎসলক্ষণাদি ॥ ২৯৭ ॥

মাৎস্যে—
সর্ব্বতস্তু বলিং দত্ত্বা সিদ্ধার্থঘৃতপায়সম্ ।
শুক্লপুষ্পৈরলঙ্কৃতং ঘৃতগুগ্গুলুধূপিতম্ ।
বিপ্রেণ বাচনং কুর্য্যাৎ দত্ত্বা শক্ত্যা চ দক্ষিণাম্ ॥২৯৮
গামেকাং কনকং তদ্বৎ স্থাপকায় নিবেদয়েৎ ।
লক্ষণং কারয়েদ্ভক্ত্যা মন্ত্রেণানেন বৈ দ্বিজঃ ॥ ২৯৯ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—চতুর্দ্দিকে পরিকর দেবগণকে উপহার সিদ্ধার্থ, ঘৃত-পায়স দান করিয়া শুক্ল পুষ্পদ্বারা শ্রীমূর্ত্তিকে অলঙ্কৃত ও ঘৃত, গুগ্‌গুল ধূপদান পূর্ব্বক ব্রাহ্মণগণ দ্বারা স্বস্তিবাচন করাইয়া তাহাদিগকে যথাশক্তি দক্ষিণাদানান্তে স্থাপক আচার্য্যকে একটি স্বর্ণ ভূষিত গোদান করিবে। ব্রাহ্মণ ভক্তিসহ মন্ত্রপাঠ করিতে করিতে অঞ্জন দানাদি ও শ্রীবৎস চিহ্নাদি ভগবৎ লক্ষণ প্রকাশ করিবেন ॥ ২৯৯ ॥

তত্র মন্ত্রঃ

ওঁ নমো ভগবতে তুভ্যং শিবায় হরয়ে নমঃ ।
হিরণ্যরেতসে বিষ্ণো বিষ্ণুরূপায় তে নমঃ ॥ ৩০০ ॥

অনুবাদ—অঞ্জন দান মন্ত্র—হে বিষ্ণো ! ভগবান্ তোমাকে প্রণাম, মঙ্গলময় শ্রীহরি তোমাকে প্রণাম, হিরণ্যরেতা বিষ্ণুরূপ তোমাকে প্রণাম ॥ ৩০০ ॥

মন্ত্রোঽয়ং সর্ব্বদেবানাং নেত্রজ্যোতিঃস্বপি স্মৃতঃ ।
এবমামন্ত্র্য দেবেশং কাঞ্চনেন বিলেখয়েৎ ॥ ৩০১ ॥

অনুবাদ—এইমন্ত্র দেবগণের নেত্রজ্যোতি প্রকাশেও প্রযোজ্য। এইমন্ত্র পাঠ করিয়া শ্রীভগবান্‌কে স্বর্ণ খড়িকা দ্বারা অঞ্জনাদি পরাইবে ॥ ৩০১ ॥

মঙ্গলানি নিবেদ্যানি ব্রহ্মঘোষঞ্চ গীতকম্ ।
ঋদ্ধ্যর্থং কারয়েদ্বিদ্বানমাঙ্গল্যনিবারণম্ ॥ ৩০২ ॥

অনুবাদ—বিদ্বান্ ব্যক্তি মঙ্গল স্তবপাঠ, বেদধ্বনি ও গীত করাইবে মঙ্গল বৃদ্ধি ও অমঙ্গল নিবারণের জন্য ॥ ৩০২ ॥

অথ পুনর্বিশেষতঃ স্নপনম্

হস্তমাত্রমিতে ভদ্রপীঠে ক্ষীরিতরুদ্ভবে ।
বিন্যস্য স্নাপয়েদ্দেবং পঞ্চগব্যাদিভিস্ততঃ ॥ ৩০৩ ॥

অনুবাদ—অনন্তর পুনরায় বিশেষ স্নপন—উডুম্বর প্রভৃতি ক্ষীরি বৃক্ষের কাষ্ঠ নির্ম্মিত হস্ত পরিমিত

ভদ্রপীড়িতে স্থাপন করিয়া শ্রীভগবান্‌কে পঞ্চগব্যাদি বিশেষ স্নান করাইবে ॥ ৩০৩ ॥

টীকা—ক্ষীরিতরবঃ ক্ষীরযুক্তবৃক্ষা উড়ুম্বরাদয়স্ত-দুত্তবে ॥ ৩০৩ ॥

———

মাৎস্যে—

গজাশ্বরথ্যাবল্মীকবরাহোৎখাতমণ্ডলাৎ ।
অগ্ন্যাগারাত্তথা তীর্থাদ্ হ্রদাদ্‌গোমণ্ডলাদপি ।
কুম্ভেষু মৃত্তিকাং দদ্যাদুদ্ধৃতাসীতি মন্ত্রবিৎ ॥ ৩০৪ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—হস্তিশালার মৃত্তিকা, অশ্বশালার মৃত্তিকা, চৌরাস্তা মৃত্তিকা, উইচিপি, বরাহোৎখাত মৃত্তিকা, হোমগৃহ মৃত্তিকা, তীর্থ-হ্রদ-গোশালাদির মৃত্তিকা পূর্ণ কুম্ভে রাখিয়া মন্ত্রবিৎ 'উদ্ধৃতাসি' মন্ত্রপাঠ সহ স্নান করাইবেন ॥ ৩০৪ ॥

———

শন্নো দেবীত্যপাং মন্ত্র আপো হিষ্ঠেতি যা ঋচঃ ।
সাবিত্র্যাদায় গোমূত্রং গন্ধদ্বারেতি গোময়ম্ ॥ ৩০৫ ॥
আপ্যায়স্বেতি চ ক্ষীরং দধিক্রাব্ণেতি বৈ দধি ।
তেজোঽসীতি ঘৃতং তদ্বদ্দেবস্য ত্বেতি চোদকম্ ।
কুশমিশ্রং জপেদ্বিদ্বান্ পঞ্চগব্যং ভবেত্ততঃ ॥ ৩০৬ ॥

অনুবাদ—তৎপরে 'শন্নো দেবী' মন্ত্রে ও 'আপো হিষ্ঠা' এই ঋক্‌বেদীয় মন্ত্রে শুদ্ধ জল দ্বারা, সাবিত্রী উচ্চারণ পূর্ব্বক গোমূত্রদ্বারা, 'গন্ধদ্বারা' মন্ত্রে গোময়-জল দ্বারা, 'আপ্যায়স্ব' মন্ত্রে দুগ্ধদ্বারা, দধিক্রাব্ণেতি মন্ত্রে দধিদ্বারা, তেজোঽসীতি মন্ত্র ঘৃতদ্বারা, দেবস্যত্বা মন্ত্রে কুশজল দ্বারা ইহাদের মিশ্রণে পঞ্চগব্য হয় ॥ ৩০৫-৩০৬ ॥

টীকা—মন্ত্রবিদিত্যুক্তম্ ; তন্মন্ত্রানেবাভিব্যঞ্জয়তি—শন্ন ইতি । অপাং মন্ত্রো যঃ, যাশ্চ আপো হিষ্ঠেত্যাচঃ, ত এব স্নানে মন্ত্রা ইত্যর্থঃ । অত্র পঞ্চগব্য-পঞ্চকষায়েণেত্যাদি-পূর্ব্বলিখিত-মাৎস্যবচনাৎ পঞ্চগব্যাদিভিশ্চতুর্ভিঃ সমুদ্রজ্যেষ্ঠা ইত্যাদি মন্ত্রচতুষ্টয়েন যথাক্রমং পূর্ব্ববদাদৌ স্নপনমিতি কেষাঞ্চিৎ সতাং মতম্ । অন্যানপি দর্শয়তি—সাবিত্র্যাদিনা ॥ ৩০৪-৩০৫ ॥

টীকা—কুশমিশ্রমুদকং চ দেবস্য ত্বেতি জপেদভি-মন্ত্রয়েৎ ॥ ৩০৬ ॥

———

স্নাপ্যাথ পঞ্চগব্যেন দধ্না শুদ্ধেন বৈ ততঃ ।
দধিক্রাব্ণেতি মন্ত্রেণ কর্ত্তব্যমভিমন্ত্রণম্ ॥ ৩০৭ ॥

অনুবাদ—পঞ্চগব্য স্নানের পর পঞ্চামৃতে স্নান—কেবল দধিদ্বারা দধিক্রাব্ণেতি মন্ত্রে দধি অভিমন্ত্রিত করিবে ॥ ৩০৭ ॥

টীকা—অথ জপানন্তরং, পঞ্চগব্যেন স্নাপয়িত্বা পঞ্চামৃতস্নপনমাহ—দধ্নেত্যাদি ॥ ৩০৭ ॥

———

আপ্যায়স্বেতি পয়সা তেজোঽসীতি ঘৃতেন চ ।
মধুবাতেতি মধুনা ততঃ পুষ্পোদকেন চ ।
'সরস্বত্যৈ ভৈষজ্যেন' কার্য্যং তস্যাভিমন্ত্রণম্ ॥৩০৮॥

অনুবাদ—'আপ্যায়স্ব' মন্ত্রে দুগ্ধদ্বারা, 'তেজোসীতি' মন্ত্রে ঘৃতদ্বারা, 'মধুবাতেতি' মন্ত্রে মধুদ্বারা, 'অপাংরস' মন্ত্রে শর্করা দ্বারা, 'সরস্বত্যৈ ভৈষজ্যেন' মন্ত্রে পুষ্পজল দ্বারা শ্রীভগবানের অভিষেক কর্ত্তব্য ॥ ৩০৮ ॥

টীকা—অত্র চ শর্করাস্থানে পুষ্পোদকং জ্ঞেয়ম্ । তত্র সরস্বত্যৈ ভৈষজ্যেনেতি মন্ত্রঃ । এবং সর্ব্বত্রোহ্যম্ ॥ ৩০৮ ॥

———

হিরণ্যাক্ষেতি মন্ত্রেণ স্নাপয়েদ্রত্নবারিণা ।
কুশাম্ভসা ততঃ স্নানং দেবস্য ত্বেতি কারয়েৎ ॥৩০৯

অনুবাদ—হিরণ্যাক্ষ মন্ত্রে রত্নজল দ্বারা স্নান করাইবে, দেবস্যত্বা মন্ত্রে কুশ জল দ্বারা ভগবানের অভিষেক করাইবে ॥ ৩০৯ ॥

———

ফলোদকেন চ স্নানমগ্ন আয়াহি কারয়েৎ ।
ততস্তু গন্ধতোয়েন সাবিত্র্যা চাভিমন্ত্রয়েৎ ॥৩১০॥

অনুবাদ—অগ্ন আয়াহি মন্ত্রে ফল ও জল দ্বারা, সাবিত্রী মন্ত্রে চন্দন সুবাসিত জল দ্বারা অভিষেক করিবে ॥ ৩১০ ॥

———

ততো ঘটসহস্রেণ সহস্রার্দ্ধেন বা পুনঃ।
তস্যাপ্যর্দ্ধেন বা কুর্য্যাদথবাষ্টশতেন বা ॥ ৩১১ ॥
চতুঃষষ্ট্যা তদর্দ্ধেন তদর্দ্ধেনাথবা পুনঃ।
চতুর্ভিরথবা কুর্য্যাদ্ঘটানামপি বিত্তবান্ ॥ ৩১২ ॥

অনুবাদ—অনন্তর সহস্র ঘট জল দ্বারা বা তদর্দ্ধ ঘট জল দ্বারা বা তাহারও অর্দ্ধেক ঘট জল দ্বারা, অথবা অষ্টোত্তর শত ঘট জল দ্বারা, অথবা চৌষট্টি ঘট জল দ্বারা অথবা তদর্দ্ধ অথবা তদর্দ্ধ ঘট জল দ্বারা অভিষেক করিবে ॥ ৩১১-৩১২ ॥

টীকা— অষ্টশতেন — অষ্টোত্তরশতেনেত্যর্থঃ। ক্রমেণ সংখ্যানুক্তেঃ ॥ ৩১১ ॥

সৌবর্ণৈ রাজতৈর্বাপি তাম্রৈর্বা রীতিকোদ্ভবৈঃ।
কাংস্যৈর্বা পার্থিবৈর্বাপি স্নপনং শক্তিতো ভবেৎ ॥৩১৩

অনুবাদ—বিত্তবান্ ব্যক্তি সুবর্ণ কলস জল দ্বারা অথবা রৌপ্য কলস অথবা তাম্র ঘট অথবা পিত্তল ঘট অথবা কাংস্য ঘট অথবা শক্তি অনুসারে মৃন্ময় ঘট জল দ্বারা অভিষেক করিবে ॥ ৩১৩ ॥

টীকা—রীতিকং—পিত্তলম্ ॥ ৩১৩ ॥

সহদেবী বচা ব্যাঘ্রী বলা চাতিবলা তথা।
শঙ্খপুষ্পী তথা সিংহী অষ্টমী চ সুবর্চলা।
মহৌষধ্যষ্টকং হ্যেতন্মহাস্নানেষু যোজয়েৎ ॥৩১৪॥

অনুবাদ—সহদেবী, বচা, ব্যাঘ্রী, বলা, অতিবলা, শঙ্খ, পুষ্পী, সিংহী ও সুবর্চলা—এই অষ্ট মহৌষধী মহাস্নানে যোজনা করিবেন ॥ ৩১৪ ॥

টীকা—সহদেব্যাদ্যোষধ্যষ্টকং যবাদিব্রীহ্যষ্টকং চ তথা কুম্ভেষু মৃত্তিকাদিকং দদ্যাদিতি পূর্ব্বোক্তগজ-স্থানাদিমৃত্তিকাষ্টকমুক্তেষু কুম্ভেষু নিক্ষিপ্য সর্ব্বত্র স্নানে নিয়োজয়েদিত্যর্থঃ। তত্র ব্যাঘ্রী ক্ষুদ্রবার্ত্তাকুঃ, সিংহী কণ্টকারিকা, শাটয়ঃ শালয়ঃ, প্রিয়ঙ্গবঃ কঙ্গবঃ, ব্রীহয়ঃ ষষ্টিকাঃ ॥ ৩১৪ ॥

যবগোধূমনীবারতিলশ্যামাকশাটয়ঃ।
প্রিয়ঙ্গবো ব্রীহয়শ্চ স্নানেষু পরিকল্পয়েৎ ॥৩১৫॥

অনুবাদ—যব, গম, উড়ীধান্য, তিল, শ্যামা, শাটি-ধান্য, প্রিয়ঙ্গু, ব্রীহি—এই অষ্টবিধ বীজ মহাস্নানে যোজনা করিবে ॥ ৩১৫ ॥

ভবিষ্যে—
পঞ্চগব্যং দধি ক্ষীরং তথা মধু ঘৃতং নৃপ।
রত্নবারি কুশাম্ভশ্চ ফলগন্ধাদিকং তথা ॥ ৩১৬ ॥
উপস্নানৈঃ কষায়ৈশ্চ দিব্যৌষধিভিরেব চ।
বল্মীকাৎ পর্ব্বতাগ্রাচ্চ সরস্তীর্থাদ্ধ্রদাদ্গজাৎ।
অগ্ন্যাগারাত্তু গৃহ্ণীয়াদষ্টমীঞ্চ চতুষ্পথাৎ ॥৩১৭॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—হে রাজন্! পঞ্চগব্য, দধি, ক্ষীর, মধু, ঘৃত, রত্নজল, কুশজল, ফলজল, চন্দনজল, উপস্নানে পঞ্চকষায়, দিব্যৌষধি, বল্মীক হইতে, পর্ব্বতাগ্র হইতে, সরোবর তীর্থ হইতে, হ্রদ হইতে, গজস্থান হইতে, যজ্ঞশালা হইতে এবং চৌরাস্তা এই অষ্টস্থান হইতে মৃত্তিকা গ্রহণ করিবেন ॥ ৩১৬-৩১৭ ॥

টীকা—পঞ্চগব্যাদিকং কষায়াদিভিঃ সহ গৃহ্ণী-য়াদিত্যুত্তরেণান্বয়ঃ। উপস্নানৈঃ স্নানোপযুক্তৈরি-ত্যর্থঃ, অষ্টমীং মৃত্তিকামিতি শেষঃ ॥ ৩১৬-৩১৭ ॥

উদ্ধৃতাসীতি মন্ত্রেণ মর্দ্দয়েত্তু সমালভেৎ।
উপমানিকেতি প্রথমং মন্ত্রেণানেন লেপয়েৎ ॥৩১৮॥

অনুবাদ—উদ্ধৃতাসি মন্ত্রে মৃত্তিকা সকলকে মর্দ্দন ও মিলন করিয়া উপমানিক মন্ত্রে প্রথমে শ্রীমূর্ত্তির গাত্রে লেপন কর্ত্তব্য ॥ ৩১৮ ॥

টীকা—লেপয়েন্মৃদৈব ॥ ৩১৮ ॥

স্নানমন্ত্রাংস্ততশ্চান্যান্ বক্ষ্যামি তে মহীপতে।
গায়ত্র্যা চৈব গোমূত্রং গন্ধদ্বারেতি গোময়ম্ ॥ ৩১৯ ॥
আপ্যায়স্বেতি চ ক্ষীরং দধিক্রাব্ণেতি বৈ দধি।
তেজোঽসি শুক্রমিত্যাজ্যং দেবস্যত্বা
কুশোদকম্ ॥ ৩২০ ॥

অনুবাদ—হে রাজন্! অন্য স্নানমন্ত্রসমূহ তোমাকে বলিব—গায়ত্রী মন্ত্রে গোমূত্র দ্বারা স্নান, গন্ধ

দ্বারা মন্ত্রে গোময়, আপ্যায়স্ব মন্ত্রে দুগ্ধ, দধিক্রাবেুতি মন্ত্রে দধি, তেজোঽসি শুক্রম্ মন্ত্রে ঘৃত, দেবস্যত্বা মন্ত্রে কুশজল ॥ ৩১৯-৩২০ ॥

এভিস্তু পঞ্চভির্মন্ত্রৈঃ প্রথমং স্নাপয়েদ্ধরিম্ ।
দ্বিতীয়ে দধিক্রাবেুতি দধ্না চ স্নানমাচরেৎ ॥ ৩২১ ॥
আপ্যায়স্বেতি মন্ত্রেণ ক্ষীরেণ স্নাপয়েদ্‌বুধঃ ।
তেজোঽসীতি ততঃ পশ্চাদ্‌ঘৃতেন
স্নানমাচরেৎ ॥ ৩২২ ॥

অনুবাদ—এই পঞ্চমন্ত্র দ্বারা প্রথমে পঞ্চগব্যে শ্রীহরিকে স্নান করাইবে। দ্বিতীয়বারে পঞ্চামৃত স্নান—দধিক্রাবেুতি মন্ত্রে দধিদ্বারা, আপ্যায়স্ব মন্ত্রে দুগ্ধদ্বারা স্নান করাইবে। তেজোঽসি মন্ত্রে ঘৃতদ্বারা স্নান করাইবে ॥ ৩২২ ॥

তদন্তে মধুনা স্নানং মধুবাতা ঋতায়তে ।
রত্নবারি ততঃ পশ্চাদ্ধিরণ্যাক্ষেতি মন্ত্রয়েৎ ॥ ৩২৩ ॥

অনুবাদ—এপাংরস মন্ত্রে শর্করা দ্বারা, শেষে মধুবাতা ঋতায়তে মন্ত্রে মধু দ্বারা স্নান, তৎপরে হিরণ্যাক্ষেতি মন্ত্রে রত্নজল দ্বারা ॥ ৩২৩ ॥

কুশাম্ভসা ততঃ স্নানং দেবস্য ত্বেতি মন্ত্রয়েৎ ।
ফলোদকৈস্ততঃ স্নানং অগ্ন আয়াহি বীতয়ে ॥৩২৪॥
দদ্যাত্তু গন্ধতোয়ানি সাবিত্র্যা ত্বভিমন্ত্রয়েৎ ।
কারয়েচ্চ মহাস্নানং ততঃ স্নানাদনন্তরম্ ॥ ৩২৫॥

অনুবাদ—দেবস্যত্বা মন্ত্রে কুশজল দ্বারা, অগ্ন আয়াহি বীতয়ে মন্ত্রে ফল, জল দ্বারা স্নান, সাবিত্রী মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া চন্দন সুবাসিত জল দিবে, এই স্নানের পর মহাস্নান করাইবে ॥ ৩২৪-৩২৫ ॥

কলসানাং সহস্রেণ কুর্য্যাৎ পঞ্চশতেন বা ।
অথবা তস্য সার্দ্ধেন তথা চাষ্টশতেন বা ॥ ৩২৬ ॥
চতুঃষষ্ট্যা তদর্দ্ধেন ষোড়শৈরষ্টভিস্তথা ।
যথালাভং যথাকালং যথাবিত্তবমাত্মনঃ ॥ ৩২৭ ॥
অকালমূলৈঃ কলসৈঃ সুপক্বৈঃ সুদৃঢ়ৈর্নবৈঃ ।
রাজতৈস্তাম্রসৌবর্ণৈঃ কাংস্যারৈতিকপার্থিবৈঃ ॥৩২৮॥

অনুবাদ—সহস্র কলস দ্বারা বা পঞ্চশত কলস দ্বারা, অথবা তাহার অর্দ্ধ অথবা একশত অষ্ট কলস, অথবা চতুঃষষ্টি, তদর্দ্ধ বত্রিশ, তদর্দ্ধ ষোড়শ বা অষ্ট কলস দ্বারা নিজ বৈভব অনুসারে যথাকালে কালদাগ রহিত স্থাপক সুদৃঢ় নূতন সুবর্ণ, রৌপ্য, তাম্র, কাংস্য, পিত্তল বা মৃন্ময় কলস গঙ্গাজলে পূর্ণ কলস সমূহের দ্বারা অভিষেক করাইবে ॥ ৩২৬-৩২৮ ॥

বলা চাতিবলা চৈব শঙ্খপুষ্পী সুবর্চলা ।
সহদেবী চ সিংহী চ বচা ব্যাঘ্রী তথৈব চ ।
ওষধীনাং গণেনৈবং স্নাপয়েদ্দেবমচ্যুতম্ ॥
ইতি ॥ ৩২৯ ॥

অনুবাদ—বলা, অতিবলা, শঙ্খ, পুষ্পী. সুবর্চলা, সহদেবী, সিংহী, বচা, ব্যাঘ্রী—ইহারা ওষধিগণ বা সর্ব্বৌষধি দ্বারা শ্রীঅচ্যুতদেবকে স্নান করাইবে ॥৩২৯

অথ বিশেষান্তরম্

তত্রৈব—
ফলোদস্নপনাৎ পশ্চাচ্চূর্ণৈরুদ্বর্ত্ত্য শোভনৈঃ ।
স্নাপয়িত্বা কদুষ্ণাদ্ভিঃ স্নাপয়েৎ শীতবারিণা ॥৩৩০
চন্দনাদ্যৈর্বিলিপ্যাথ শুক্লমাল্যাম্বরাদিনা ।
ভূষয়িত্বোপবীতং চ দন্তকাষ্ঠং তথার্পয়েৎ ॥ ৩৩১ ॥

অনুবাদ—অনন্তর স্নানে বিশেষ প্রভেদ, ভবিষ্যপুরাণেই—ফল, জল দ্বারা স্নপনের পর দন্তকাষ্ঠ অর্পণ ও সুগন্ধি দ্রব্যযুক্ত যবচূর্ণ দ্বারা শ্রীমূর্তির গাত্র মর্দ্দন করিয়া ঈষৎ উষ্ণ জল দ্বারা স্নান করাইয়া, পরে শীতল জলে স্নান করাইয়া চন্দনাদি লেপনপূর্ব্বকও শুক্ল পুষ্পমাল্য ও বস্ত্র অলঙ্কারাদি ভূষিত করিয়া উপবীতও প্রদান করিবে ॥ ৩৩০-৩৩১ ॥

টীকা—শোভনৈঃ যবাদিসম্ভবৈঃ সুগন্ধিদ্রব্যযুতৈঃ ॥ ৩৩০ ॥

টীকা—চন্দনেন, আদ্য-শব্দাৎ কুঙ্কুমাদিভিশ্চ মিশ্রিতৈর্বিলিপ্য যজ্ঞোপবীতঞ্চ শুক্লমেবার্পয়েৎ, তথেতি সমুচ্চয়ে ॥ ৩৩১ ॥

ততশ্চ কারয়েৎ স্নানং সুগন্ধিসলিলাদিনা।
ইতোবমত্র বিজ্ঞেয়ো বিশেষঃ শিষ্টসম্মতঃ ॥ ৩৩২ ॥

অনুবাদ—অতঃপর সুগন্ধি জলাদি দ্বারা স্নান করাইবে। এইরূপই এস্থলে শিষ্ট সম্মত বিশেষ জানিবে ॥ ৩৩২ ॥

টীকা—ততঃ দন্তকাষ্ঠার্পণাদনন্তরং তু 'দদ্যাত্তু গন্ধতোয়ানি' ইত্যাদিনা ফলোদকস্নানানন্তরং যৎ সুগন্ধি-সলিলাদিনা স্নানমুক্তং তৎ কারয়েদিত্যর্থঃ। সুগন্ধি-সলিলঞ্চ-তগর-মুক্তক-হ্রীবেরাগুরু-তুরুষ্ক-চন্দন-কর্পূর-কুঙ্কুম-মৃগমদৈঃ পরমসুগন্ধিদ্রব্যৈঃ সংস্কৃতং জলম্ ॥ ৩৩২ ॥

তথ চ হয়শীর্ষপঞ্চরাত্রে—
ঘৃতেনাভ্যঞ্জয়েৎ পশ্চাৎ পঠন্ ঘৃতবতীং বুধঃ।
মসূরচূর্ণেনোদ্বর্ত্তেদতো দেবেতি কীর্ত্তয়ন্ ॥ ৩৩৩ ॥

অনুবাদ—ঐরূপ হয়শীর্ষপঞ্চরাত্রে—অভিজ্ঞ ব্যক্তি শ্রীমূর্ত্তির গাত্র ঘৃতদ্বারা 'ঘৃতবতী' মন্ত্র পাঠ করিতে করিতে মর্দন করিবে, মসূর চূর্ণ দ্বারা উদ্বর্ত্তন করিবে 'অতো দেবেতি' মন্ত্র কীর্ত্তন করিতে করিতে ॥৩৩৩॥

টীকা—পশ্চাৎ নেত্রাভ্যঞ্জনাদরন্তরং, 'শলাকয়া সুবর্ণস্য' ইত্যাদিশ্লোকস্য ঘৃতেনেত্যাদিপাঠাৎ ॥ ৩৩৩॥

ক্ষালয়েদুষ্ণতোয়েন সপ্ততেঽগ্নেতি দেশিকঃ।
চন্দনেনানুলিপ্যেত দ্রুপদাদিব ইত্যৃচা ॥ ৩৩৪ ॥

অনুবাদ—আচার্য্য উষ্ণজল দ্বারা উদ্বর্ত্তন প্রক্ষালন করিবেন—সপ্ততেঽগ্নেতি মন্ত্রে, দ্রুপদাদ্ ইব এই ঋক্‌মন্ত্রে চন্দনদ্বারা অনুলেপন করিবেন ॥ ৩৩৪ ॥

নাদেয়ৈঃ স্নাপয়েত্তোয়ৈরাপো হিষ্ঠেতি দেশিকঃ।
স্নাপয়েদ্রত্নতোয়েন পাবমানীভিরেব চ ॥ ৩৩৫ ॥

অনুবাদ—আচার্য্য 'আপো হিষ্ঠা' এই মন্ত্রে নদী জল দ্বারা স্নান করাইবেন, রত্নজল দ্বারা স্নান করাই-বেন—পাবমানী মন্ত্রে ॥ ৩৩৫ ॥

সমুদ্রং গচ্ছ মন্ত্রেণ স্নাপয়েচ্চন্দনোদকৈঃ।
নাগকেশরতোয়েন শ্রীশ্চ তেত্যভিষেচয়েৎ ॥ ৩৩৬ ॥

অনুবাদ—চন্দনজলে স্নান করাইবেন সমুদ্রং গচ্ছ মন্ত্রে, নাগকেশর জলদ্বারা অভিষেক করিবেন শ্রীশ্চতে মন্ত্রে ॥ ৩৩৬ ॥

গায়ত্র্যা পদ্মতোয়েন পঞ্চমৃত্তিকয়া ততঃ।
হিরণ্যবর্ণাঃ শুচয়ঃ ইতি মন্ত্রেণ সেচয়েৎ ॥ ৩৩৭ ॥

অনুবাদ—পদ্মজলদ্বারা গায়ত্রী মন্ত্রে, পঞ্চমৃত্তিকা জলদ্বারা অভিষেক করিবেন হিরণ্য বর্ণা শুচয় ইত্যাদি মন্ত্রে ॥ ৩৩৭ ॥

টীকা—পদ্মতোয়েন পদ্মমূলমৃজ্জলেন, এবমন্যত্রাপি পূর্ব্বোক্তানুসারেণোহ্যম্। পঞ্চমৃত্তিকাঃ তীর্থাদি-স্থানপঞ্চকমৃদঃ, তাভিশ্চ হিরণ্যেত্যাদিমন্ত্রেণাভিষে-চয়েৎ। মৃত্তিকয়েত্যেকবচনান্তমার্ষম্ ॥ ৩৩৭ ॥

ইমংমেতি চ মন্ত্রেণ স্নাপয়েৎ সিকতাজলৈঃ।
বল্মীকতোয়েন হরিং তদ্বিষ্ণোরিতি স্নাপয়েৎ ॥৩৩৮

অনুবাদ—নদীবালুকাজলে স্নান করাইবেন ইমংমেতি মন্ত্রে, বল্মীক জলদ্বারা শ্রীহরিকে স্নান করাইবেন তদ্বিষ্ণোঃ এইমন্ত্রে ॥ ৩৩৮ ॥

যা ওষধীতি মন্ত্রেণ স্নানমোষধিমঙ্গলম্।
যজ্ঞযজ্ঞেতি মন্ত্রেণ দদ্যাৎ কাষায়জং জলম্ ॥৩৩৯॥

অনুবাদ—মঙ্গল ওষধি জলদ্বারা স্নান করাইবেন 'যা ওষধীতি মন্ত্রে, পঞ্চকষায় জলে স্নান যজ্ঞযজ্ঞেতি মন্ত্রে ॥ ৩৩৯ ॥

টীকা—ওষধিভির্মঙ্গলং যৎ যৎ স্নানম্ ॥৩৩৯॥

পয়ঃ পৃথিব্যা মন্ত্রেণ পঞ্চগব্যেন স্নাপয়েৎ।
যাঃ ফলিনীরিতি হরিং ফলতোয়েন সেচয়েৎ ॥৩৪০

অনুবাদ—পঞ্চগব্যে স্নান পয়ঃ পৃথিব্যা মন্ত্রে, ফল, জল দ্বারা শ্রীহরির অভিষেক যাঃ ফলিনী মন্ত্রে ॥ ৩৪০ ॥

বিশ্বতশ্চক্ষুরিত্যুক্ত্বোত্তরকুম্ভেন সেচয়েৎ।
মূর্দ্ধানং দিবমন্ত্রেণ কুর্য্যাদুদ্বর্ত্তনং হরে॥ ৩৪১॥

অনুবাদ—উত্তরপার্শ্বস্থিত কুম্ভজলে অভিষেক 'বিশ্বতশ্চক্ষুঃ' এইমন্ত্রে, শ্রীহরির উদ্বর্ত্তন করিবে মূর্দ্ধানং দিব মন্ত্রে॥ ৩৪১॥

ধাত্রীফলং মুরামাংসীযুতং শিরসি স্নাপয়েৎ।
মানস্তোকেতি মন্ত্রেণ ততো গন্ধোদকৈঃ পুনঃ॥ ৩৪২॥
গন্ধদ্বারেতি মন্ত্রেণ ততঃ স্নপনমাচরেৎ।
একাশীতিপদন্যস্তৈর্ঘটৈর্মলয়ভূষিতৈঃ।
ইদমাপেতি মন্ত্রেণ সর্ব্বৈরেবাভিষেচয়েৎ॥ ইতি॥ ৩৪৩॥

অনুবাদ—ধাত্রীফল বাটা, জটামাংসী বাটা মস্তকে দিয়া স্নান মানস্তোকেতি মন্ত্রে, তৎপরে সুগন্ধিজলে পুনঃ স্নান গন্ধদ্বারা মন্ত্রে, তৎপরে একাশীতি পদে স্থাপিত ঘটে মলয়চন্দন বাসিত জলে ইদমাপেতি মন্ত্রে সকলে মিলিতভাবে অভিষেক করিবেন॥৩৪২-৩৪৩

অথবা পঞ্চকাষায়জলাদিস্নপনং সকৃৎ।
কার্য্যমন্যচ্চ সকলং তথা লিখিতমেব তৎ॥ ৩৪৪॥

অনুবাদ—অথবা পঞ্চকষায় জলাদি দ্বারা একবার স্নপন কর্ত্তব্য, অন্যান্য সকল উল্লিখিত এই গ্রন্থানুসারে॥ ৩৪৪॥

টীকা—বিমলং ত্রিবিধং হেমবিমলং তারবিমলং, কাংস্যবিমলমিতি প্রসিদ্ধং; পুষ্পং লোহবিশেষঃ, যত্র পঙ্কজাকারা বিন্দবো বর্ত্তন্তে। লোহাভাবে কাঞ্চনং ধাতুম্, ওষধ্যভাবে সহদেবীং দদ্যাদিতি জ্ঞেয়ম্। এতচ্চ সর্ব্বমগ্রে হয়শীর্ষপঞ্চরাত্রবচনতো বিবৃতং ভাবি। তত্র কৃচিদ্বিরোধশ্চ ফলভেদাদি-কল্পনয়া পরিহরণীয় ইতি লিখিতমেবিতি দিক্। অন্যৎ সুগমম্ ॥ ৫০৩ ॥

কাঞ্চনং হরিতালঞ্চ সর্ব্বাভাবে বিনিক্ষিপেৎ।
দদ্যাদ্বীজৌষধিস্থানে সহদেবীং যবানপি ॥ ৫০৪ ॥

অনুবাদ—সর্ব্বদ্রব্যাভাবে স্বর্ণ ও হরিতাল নিক্ষেপ করিবেন, বীজস্থানে যব, ওষধিস্থানে সহদেবী নিক্ষেপ করিবেন ॥ ৫০৪ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে—

নপুংসকশিলায়াস্তু রত্নন্যাসং সমাচরেৎ।
বস্ত্রাভরণগন্ধাদ্যৈঃ পূর্ব্ববদ্ভূষিতো গুরুঃ ॥ ৫০৫ ॥
হুত্বাহুতিশতং বিপ্র নারসিংহেন বা পুনঃ।
তেনৈবামন্ত্র্য রত্নাদীন্ পিণ্ডিকাং শ্বভ্রকে ন্যসেৎ ॥৫০৬

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—নপুংসক শিলা-(ব্রহ্মশিলা) তেই রত্নন্যাস কর্ত্তব্য। বস্ত্র, অলঙ্কার, গন্ধাদি দ্বারা পূর্ব্ববৎ শ্রীগুরুদেব ভূষিত হইয়া হে বিপ্র! নারসিংহ মন্ত্রদ্বারা শতবার আহুতি দান করিয়া অথবা ঐ মন্ত্রদ্বারা আমন্ত্রণ পূর্ব্বক রত্নাদি এবং পিণ্ডিকা গর্ত্তে স্থাপন করিবেন ॥ ৫০৫-৫০৬ ॥

গুগ্‌গুলুং দ্রাবয়িত্বাথ গর্ত্তে তু বিনিবেশয়েৎ।
রত্নাদীনাং তু ন্যস্তানাং নিশ্চলীকরণায় তু ॥৫০৭॥

অনুবাদ—গুগ্‌গুল দ্রব করিয়া গর্ত্তে নিক্ষেপ করিবে কারণ বিন্যস্ত রত্নাদির নিশ্চলভাবে স্থাপনের জন্য ॥ ৫০৭ ॥

ততো নিবেশয়েত্তাংস্তু দিশাসু বিদিশাসু চ।
প্রথমাবরণে ব্রীহীন্ রত্নান্যপি দ্বিতীয়কে।
তৃতীয়ে বিন্যসেদ্ধাতুন্ লোহং চাপি চতুর্থকে ॥৫০৮॥

অনুবাদ—অনন্তর ঐ সকল দ্রব্য চারিদিকে ও চারিকোণে বিন্যাস করিবে। প্রথম আবরণে ধান্যাদি বীজসমূহ, দ্বিতীয়ে রত্নসমূহ, তৃতীয়ে ধাতুসমূহ বিন্যাস করিবে, চতুর্থে লৌহ ॥ ৫০৮ ॥

প্রত্যাবরণগর্ত্তে তু পঞ্চমাবরণে দ্বিজ।
চন্দনাদীংশ্চ বিপ্রেন্দ্রশ্চাণ্টদিক্ষু নিবেশয়েৎ।
একৈকং দিক্ষু বিন্যস্য মধ্যে চৈবাপরং ন্যসেৎ ॥৫০৯

অনুবাদ—হে দ্বিজ! প্রতি আবরণ গর্ত্তে এবং পঞ্চমাবরণে চন্দনাদি ও অণ্টদিকে বিন্যাস করিবে। এক এক বস্তু দিকসমূহে বিন্যাস করিয়া মধ্যেও অন্য সমূহ বিন্যাস করিবে ॥ ৫০৯ ॥

ঐন্দ্র্যাঞ্চ চন্দনং নাস্যমাগ্নেয্যাং রক্তচন্দনম্।
কৃষ্ণাগুরুং দক্ষিণস্যাং নির্ঋত্যামপরাগুরুম্ ॥৫১০॥
উশীরং পশ্চিমে ভাগে বিষ্ণুক্রান্তামথাপরে।
সহদেবীমুদীচ্যাং তু লক্ষণামীশগোচরে।
ব্রাহ্মীং সুবর্চ্চলাং মধ্যে বৃদ্ধিং ব্রাহ্মে নিবেশয়েৎ ॥ ৫১১ ॥

অনুবাদ—পূর্ব্বদিকে চন্দন বিন্যাস কর্ত্তব্য, অগ্নি-কোণে রক্তচন্দন, দক্ষিণে কৃষ্ণাগুরু, নৈর্ঋতে অন্য অগুরু, পশ্চিমভাগে উশীর, বায়ুকোণে বিষ্ণুক্রান্তা, উত্তরে সহদেবী, ঈশানে লক্ষণা, ব্রাহ্মী ও সুবর্চ্চলা মধ্যে, বৃদ্ধি ব্রাহ্মে অর্থাৎ ঈশান ও পূর্ব্বের মধ্যে বিন্যাস করিবে ॥ ৫১০-৫১১ ॥

ধান্যমৈন্দ্র্যাং নিবেশ্যাথ আগ্নেয্যাং তু কুলত্থকম্।
যবান্ দক্ষিণভাগে তু গোধূমং নৈর্ঋতে ন্যসেৎ ॥৫১২

অনুবাদ—ধান্য পূর্ব্বদিকে বিন্যাস করিয়া, অগ্নি-কোণে কুলত্থ, যব দক্ষিণে, গোধুম নৈর্ঋতে বিন্যাস করিবে ॥ ৫১২ ॥

তিলাংস্তু পশ্চিমে দদ্যান্নীবারং বায়ুগোচরে।
মুদ্গমুত্তরতো দদ্যান্নিষ্পাবমীশগোচরে।
মধ্যে সিদ্ধার্থকং দদ্যাদ্রত্নন্যাসং সমাচরেৎ ॥৫১৩॥

অনুবাদ—তিল পশ্চিমে দিবে, নীবার বায়ু-কোণে, মুগ উত্তরে দিবে, শীম ঈশানে, মধ্যে শ্বেত সর্ষপ দিবে। পরে রত্ন বিন্যাস করিবে ॥ ৫১৩ ॥

বজ্রং তু পূর্ব্বতো দদ্যাদাগ্নেয্যাং মৌক্তিকং তথা।
বৈদূর্য্যং দক্ষিণে দদ্যাচ্ছঙ্খং নির্ঋতিগোচরে ॥৫১৪॥

অনুবাদ—হীরক পূর্ব্বদিকে দিবে, অগ্নিকোণে মুক্তা, বৈদূর্য্য দক্ষিণে দিবে, শঙ্খ নৈর্ঋতে ॥ ৫১৪ ॥

স্ফটিকং বারুণে দদ্যাৎ পদ্মরাগং তু বায়বে।
উত্তরে চন্দ্রকান্তং তু ঐশান্যামিন্দ্রনীলকম্।
পদ্মরাগং ন্যসেন্মধ্যে যথাবদ্দ্বিজসত্তম ॥ ৫১৫ ॥

অনুবাদ—হে দ্বিজসত্তম! স্ফটিক পশ্চিমে দিবে, পদ্মরাগ বায়ুকোণে, উত্তরে চন্দ্রকান্ত, ঈশানে ইন্দ্রনীলমণি। পদ্মরাগ মধ্যে যথাযথ বিন্যাস করিবে ॥৫১৫

হরিতালং ন্যসেৎ পূর্ব্বে আগ্নেয্যাং তু মনঃশিলাম্।
অঞ্জনং দক্ষিণে দদ্যান্মাক্ষিকং ব্রহ্মগোচরে ॥৫১৬॥
সৌরাষ্ট্রীং বারুণে দদ্যাদ্বায়ব্যাং গৈরিকং তথা।
সীসং চৈবোত্তরে দদ্যাদৈশান্যাং গন্ধকং তথা।
পারদং তু ন্যসেন্মধ্যে যথাবত্ত্রিদশেশ্বর ॥ ৫১৭ ॥

অনুবাদ—হে দেবরাজ! পূর্ব্বে হরিতাল বিন্যাস করিবে, অগ্নিকোণে মনঃশিলা, অঞ্জন দক্ষিণে দিবে, স্বর্ণ মাক্ষিক ব্রহ্মকোণে, সৌরাষ্ট্রী পশ্চিমে দিবে, বায়ুকোণে গৈরিক, উত্তরে সীসা দিবে। ঈশানে গন্ধক, পারদ মধ্যে যথাযথ বিন্যাস করিবে ॥ ৫১৬-৫১৭॥

হিরণ্যং পূর্ব্বতো দদ্যাদাগ্নেয্যাং তারমুত্তমম্।
আয়সং দক্ষিণে ন্যস্য নৈঋ‍র্ত্যাং ত্রপুষং তথা।৫১৮॥
পশ্চিমে বিন্যসেদ্ঘোষং নারং বায়ব্যগোচরে।
সিহলকং চোত্তরে ন্যস্য শুল্বমীশানগোচরে ॥৫১৯॥

অনুবাদ—স্বর্ণ পূর্ব্বদিকে দিবে, অগ্নিকোণে উত্তম মুক্তা, দক্ষিণে লৌহ বিন্যাস, নৈঋ‍র্তে সীসা, পশ্চিমে কাংস্য, বায়ুকোণে জল, উত্তরে সিহলক গন্ধদ্রব্য, ঈশাণ কোণে তাম্র ॥ ৫১৮-৫১৯ ॥

পদ্মং কূর্ম্মং তথানন্তং পৃথ্বীং মধ্যে নিবেশয়েৎ।
সুমেরুঞ্চ সুরশ্রেষ্ঠ সর্ব্বমেতদ্ধিরণ্ময়ম্ ॥ ৫২০ ॥

অনুবাদ—পদ্ম, কূর্ম্ম, অনন্ত ও পৃথিবীকে মধ্যে নিবেশ করিবে, এই সকল সুবর্ণময় ॥ ৫২০ ॥

এষামেকতমং মধ্যে ন্যসেৎ সর্ব্বাণ্যথাপি বা।
নমো হিরণ্যমন্ত্রেণ ব্রহ্মস্থানে নিবেশয়েৎ ॥ ৫২১ ॥

অনুবাদ—এই সকলের একতম মধ্যে ন্যাস করিবে অথবা সকলগুলিকে 'নমো হিরণ্য' মন্ত্রে ব্রহ্ম স্থানে নিবেশ করিবে ॥ ৫২১ ॥

কিঞ্চ—
ওষধীনামলাভে তু বিষ্ণুক্রান্তাং বিশাম্পতে।
বীজানামপ্যলাভে তু যবং সর্ব্বত্র দাপয়েৎ ॥ ৫২২ ॥

অনুবাদ—আরও—ওষধি সকলের অভাবে হে রাজন্ বিষ্ণুক্রান্তা, বীজ সকলের অপ্রাপ্তে যব সর্ব্বত্র দান করিবে ॥ ৫২২ ॥

অলাভে সর্ব্বরত্নানাং মুক্তা সর্ব্বত্র শস্যতে।
অলাভে সর্ব্বধাতূনাং হরিতালং বিনিক্ষিপেৎ।
অলাভে সর্ব্বলোহানাং কাঞ্চনানি প্রদাপয়েৎ ॥৫২৩

অনুবাদ—সকল রত্নের অভাবে মুক্তা সর্ব্বত্র প্রশস্ত। সকল ধাতুর অভাবে হরিতাল নিক্ষেপ করিবে। সকল লোহার অভাবে কাঞ্চন প্রদান করিবে ॥ ৫২৩ ॥

অথ অস্ত্রন্যাসমন্ত্রঃ

ভবিষ্যে—
ইন্দ্রস্তু মহসা দীপ্তঃ সর্ব্বদেবাধিপো মহান্।
দম্ভোলিহস্তঃ সত্ত্বাঢ্যস্তস্মৈ নিত্যং নমো নমঃ ॥
ইতি পূর্ব্বদিশি ॥ ৫২৪ ॥

অনুবাদ—অনন্তর রত্নন্যাস মন্ত্র, ভবিষ্যপুরাণে—মহাতেজো দীপ্ত দেবরাজ ইন্দ্র, মহাস্ত্র, বজ্রহস্ত, মহাবলীয়ান্, সেই ইন্দ্রকে পুনঃ পুনঃ প্রণাম। ইহা পূর্ব্বদিকের মন্ত্র ॥ ৫২৪ ॥

আগ্নেয়ঃ পুরুষো দীপ্তঃ সর্ব্বদেবময়োঽব্যয়ঃ।
ধূমকেতুরনাধৃষ্যস্তস্মৈ নিত্যং নমো নমঃ ॥
ইতি আগ্নেয্যাম্ ॥ ৫২৫ ॥

অনুবাদ—যিনি তেজোদীপ্ত সর্ব্বদেবময় অব্যয়

ধূমকেতু অনভিভবনীয় সেই অগ্নিদেবকে প্রণাম এই মন্ত্রে অগ্নিকোণে বিন্যাস করিতে হয় ॥ ৫২৫ ॥

যমশ্চোৎপলবর্ণাভঃ পুরুষো দণ্ডধৃঙ্মহান্ ।
ধর্ম্মসাক্ষী বিশুদ্ধাত্মা তস্মৈ নিত্যং নমো নমঃ ॥
ইতি দক্ষিণস্যাম্ ॥ ৫২৬ ॥

অনুবাদ—যিনি উৎপলকান্তি পুরুষ দণ্ডধারী মহান্ ধর্ম্মসাক্ষী বিশুদ্ধাত্মা সেই যমরাজকে নিত্য পুনঃ পুনঃ প্রণাম করি এই মন্ত্রে দক্ষিণ দিকে বিন্যাস করিবে ॥ ৫২৬ ॥

নৈর্ঋতং পুরুষঃ কৃষ্ণঃ সর্ব্বরক্ষোঽধিপো মহান্ ।
খড়্গহস্তো মহাসত্ত্বস্তস্মৈ নিত্যং নমো নমঃ ॥
ইতি নৈর্ঋত্যাম্ ॥ ৫২৭ ॥

অনুবাদ—কৃষ্ণবর্ণ পুরুষ সর্ব্বরাক্ষসগণের অধিপতি মহান্, খড়্গহস্ত মহাবলীয়ান্ সেই নৈর্ঋত পুরুষকে নিত্য পুনঃ পুনঃ প্রণাম ॥ ইতি ॥ ৫২৭ ॥

বরুণঃ সবলো ধীমান্ পুরুষো নিম্নগাধিপঃ ।
পাশহস্তো মহাবাহুস্তস্মৈ নিত্যং নমো নমঃ ॥
ইতি পশ্চিমদিশি ॥ ৫২৮ ॥

অনুবাদ—জলাধিপতি সবল ধীমান্ পাশহস্ত মহাবাহু সেই বরুণদেব তাঁহাকে নিত্য পুনঃ পুনঃ প্রণাম ॥ ইহা পশ্চিমে ॥ ৫২৮ ॥

বায়ুর্বৈ শ্যামবর্ণোঽয়ং সর্ব্বগন্ধবহঃ শুচিঃ ।
পুরুষো ধ্বজহস্তশ্চ তস্মৈ নিত্যং নমো নমঃ ॥
ইতি বায়ব্যাম্ ॥ ৫২৯ ॥

অনুবাদ—শ্যামবর্ণ ইনি সর্ব্বগন্ধবহ পবিত্র পুরুষ ধ্বজহস্ত। সেই বায়ুদেবকে পুনঃ পুনঃ প্রণাম। ইহা বায়ুকোণের মন্ত্র ॥ ৫২৯ ॥

আত্রেয়ঃ পুরুষঃ সৌম্যঃ সর্ব্বৌষধিসমন্বিতঃ ।
নক্ষত্রাধিপতিঃ সোমস্তস্মৈ নিত্যং নমো নমঃ ॥
ইতি উদীচ্যাম্ ॥ ৫৩০ ॥

অনুবাদ—আত্রেয় পুরুষ সৌম্যমূর্ত্তি সর্ব্বৌষধি সমন্বিত নক্ষত্রাধিপতি সেই সোম, তাঁহাকে নিত্য পুনঃ পুনঃ প্রণাম। ইহা উত্তর দিক মন্ত্র ॥ ৫৩০ ॥

ঈশানঃ পুরুষঃ শুভ্রঃ সর্ব্ববিদ্যাধিপস্তথা ।
শূলহস্তো বিরূপাক্ষস্তস্মৈ নিত্যং নমো নমঃ ॥
ইতি ঐশান্যাম্ ॥ ৫৩১ ॥

অনুবাদ—ঈশান পুরুষ শুভ্রবর্ণ সর্ব্ববিদ্যাধিপতি শূলহস্ত বিরূপাক্ষ সেই মহাদেবকে নিত্য পুনঃ পুনঃ প্রণাম। ইহা ঈশান কোন মন্ত্র ॥ ৫৩১ ॥

পদ্মযোনিশ্চ তন্মূর্ত্তির্বেদব্যাসঃ পিতামহঃ ।
যজ্ঞাধ্যক্ষশ্চ সততং তস্মৈ নিত্যং নমো নমঃ ॥
ইতি ঊর্দ্ধে ॥ ৫৩২ ॥

অনুবাদ—যিনি পদ্মভূ, তাঁহার মূর্ত্তি বেদব্যাস, পিতামহ সতত যজ্ঞাধ্যক্ষ ব্রহ্মা, তাঁহাকে নিত্য পুনঃ পুনঃ প্রণাম। ইহা ঊর্দ্ধে বা শিব ও ইন্দ্রের মধ্যে ॥ ৫৩২ ॥

যোঽসাবনন্তরূপেণ ব্রহ্মাণ্ডং সচরাচরম্ ।
পুষ্পবদ্ধারয়েন্মূর্দ্ধ্নি তস্মৈ নিত্যং নমো নমঃ ॥
ইতি অধঃ ॥ ৫৩৩ ॥

অনুবাদ—যিনি এই অনন্তদেব রূপে চরাচর ব্রহ্মাণ্ডকে পুষ্পবৎ মস্তকে ধারণ করেন সেই অনন্তদেবকে নিত্য পুনঃ পুনঃ প্রণাম। ইহা অধোদিকে বা বরুণদেবের দক্ষিণে ॥ ৫৩৩ ॥

মাৎস্যে চ প্রায়ঃ সর্ব্বমেবমেব ।

কিঞ্চ—

ওঁকারপূর্ব্বিকা হ্যেতে ন্যাসে বলিনিবেদনে ।
মন্ত্রাঃ স্যুঃ সর্ব্বদেবানাং ঋদ্ধিপুত্রফলপ্রদাঃ ॥ ৫৩৪ ॥

॥ মৎস্যপুরাণেও প্রায় সকলই এইরূপ ॥

অনুবা—আরও—প্রণব পুটিত করিয়া এই সকল মন্ত্র দেবগণের রত্ন বিন্যাসে এবং উপহার নিবেদনে

প্রযোজ্য, এই সকল মন্ত্র যজমানের উন্নতি ও পুত্র ফল-প্রদ ॥ ৫৩৪ ॥

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে—
দিগীশানাং তু মন্ত্রেণ রত্নাদীন্ বিনিবেশয়েৎ ॥৫৩৫

অনুবাদ—শ্রীহয়শীর্ষ পঞ্চরাত্রে—দিক্ পতিগণের মন্ত্র উচ্চারণ সহ রত্নাদির বিন্যাস গর্ত্তে ব্রহ্মশিলার উপর বা রত্নবেদী মধ্যে কর্ত্তব্য ॥ ৫৩৫ ॥

তদ্‌যথা—
ওঁ শক্রঃ সুরপতিঃ শ্রীমান্ সহস্রনয়নোজ্জ্বলঃ।
যষ্টা যঃ ক্রতুমুখ্যানাং নমস্তস্মৈ মহাত্মনে।
ওঁ ত্রাতারমিতি মন্ত্রেণ সান্নিধ্যং তত্র কারয়েৎ ॥
ইতি পূর্ব্বস্যাম্ ॥ ৫৩৬ ॥

অনুবাদ—তাহা এই—প্রণব উচ্চারণ পূর্ব্বক ইন্দ্র দেবরাজ শ্রীমান্ সহস্র নয়নে উজ্জ্বল, অশ্বমেধ যজ্ঞ সমূহের যজনকারী সেই মহাত্মাকে নমস্কার, ওঁ ত্রাতারম্ এই বেদমন্ত্রে সান্নিধ্য প্রার্থনা ঐস্থলে করিবে, ইহা পূর্ব্বদিকে ॥ ৫৩৬ ॥

ওঁ অজঃ সর্ব্বগতঃ শক্তির্যস্য ছায়েব রাজতে।
হব্যকব্যবহো যো বৈ নমস্তস্মৈ মহাত্মনে।
ওঁ অগ্ন আয়াহি মন্ত্রেণ সান্নিধ্যং তস্য কারয়েৎ ॥
ইতি আগ্নেয্যাম্ ॥ ৫৩৭ ॥

অনুবাদ—প্রণব সহ অজ সর্ব্বগত যাহার শক্তি ছায়ার ন্যায় বিরাজিত, যিনি হব্যকব্য বহনকারী সেই মহাত্মা অগ্নিদেবকে নমস্কার। ওঁ অগ্ন আয়াহি মন্ত্রদ্বারা তাঁহার সান্নিধ্য প্রার্থনা করিবে। ইহা অগ্নিকোণে ॥ ৫৩৭ ॥

ওঁ কৃষ্ণাঞ্জননিভো রৌদ্রো দণ্ডপানিঃ প্রওজ্জ্বলঃ।
সর্ব্বপ্রেতাধিপো দেবো নমস্তস্মৈ মহাত্মনে।
সান্নিধ্যকরণে তস্য মন্ত্রস্ত্বসি যমঃ স্মৃতঃ ॥
ইতি দক্ষিণস্যাম্ ॥ ৫৩৮ ॥

অনুবাদ—প্রণব সহ কৃষ্ণাঞ্জন সদৃশবর্ণ উগ্রমূর্তি দণ্ডহস্ত উজ্জ্বল মাল্যবান্ সর্ব্বপ্রেতগণের অধিপতি সেই মহাত্মা যমদেবকে নমস্কার। তাহার সান্নিধ্য-করণে মন্ত্র 'অসি যমঃ' ইত্যাদি স্মরণ করিবে। দক্ষিণ দিকে ॥ ৫৩৮ ॥

ওঁ ঘোরদংষ্ট্রাকরালস্তু খড়্গপানিঃ সুভৈরবঃ।
রাক্ষসাধিপতির্দেবো নমস্তস্মৈ মহাত্মনে।
সান্নিধ্যার্থং তস্য মন্ত্র এষ তে নির্ঋতে স্মৃতঃ ॥
ইতি নৈর্ঋত্যাম্ ॥ ৫৩৯ ॥

অনুবাদ—প্রণবসহ ভয়ঙ্কর দন্ত করালবদন খড়্গহস্ত শ্রেষ্ঠ ভৈরব রাক্ষসাধিপতি মহাত্মা সেই নৈর্ঋতদেবকে নমস্কার। তাঁহার আবাহন মন্ত্র এষ তে নির্ঋতে স্মরণ করিবে। ইহা নৈর্ঋত কোণে ॥ ৫৩৯ ॥

ওঁ সপ্তসাগরদেহস্তু পাশপানির্মহাদ্যুতিঃ।
যাদসাং পতিরেকো যো নমস্তস্মৈ মহাত্মনে।
তস্যানভনমন্ত্রস্তু 'পদ্মনদ্যঃ সরস্বতী' ॥
ইতি পশ্চিমায়াম্ ॥ ৫৪০ ॥

অনুবাদ—প্রণব সহ সপ্তসাগর যাঁর দেহ পাশ-হস্ত মহাজ্যোতি যিনি একমাত্র জলজ প্রাণীর রাজা সেই মহাত্মা বরুণদেবকে নমস্কার। তাঁহার আবা-হনমন্ত্র 'পদ্মনদ্য সরস্বতী'। ইহা পশ্চিমদিকে ॥৫৪০॥

ওঁ সপ্তস্বরানুগা যস্য যোনির্গীতা মনীষিভিঃ।
অশরীরেতি বিখ্যাতো নমস্তস্মৈ মহাত্মনে।
মন্ত্রস্তস্যাপি সান্নিধ্যে 'বাত আবাতু ভেষজম্' ॥
ইতি বায়ব্যাম্ ॥ ৫৪১ ॥

অনুবাদ—প্রণবসহ মনীষিগণ কর্ত্তৃক গীত সপ্ত-স্বরানুগা যাঁহার উৎপত্তি স্থান অশরীরী নামে বিখ্যাত সেই মহাত্মা বায়ুদেবকে নমস্কার। তাঁহার আবা-হন মন্ত্র 'বাত আবাতু ভেষজম্'। ইহা বায়ুকোণে। ॥ ৫৪১ ॥

ওঁ ধনাধিপো হ্রস্বমূর্ত্তির্গদাহস্তো নরবাহনঃ।
উত্তরাশাধিপঃ শ্রীমান্ নমস্তস্মৈ মহাত্মনে।
সোমং রাজেতি মন্ত্রোঽয়ং তস্য সান্নিধ্যকারকঃ॥
ইতি উদীচ্যাম্ ॥ ৫৪২ ॥

অনুবাদ—প্রণবসহ ধনাধিপতি, ছোট মূর্ত্তি, গদা-হস্ত, নরবাহন, উত্তরদিক্ পতি মহাত্মা শ্রীমান্ কুবের দেবকে নমস্কার। তাঁহার আবাহন মন্ত্র সোম রাজেত। ইহা উত্তর দিকে ॥ ৫৪২ ॥

———

ওঁ বিদ্যাধিপো বৃষারূঢ়ঃ শূলপাণির্মহাবলঃ।
ত্রৈলোক্যবন্দিতঃ শ্রীমান্ নমস্তস্মৈ মহাত্মনে।
ঈশাবাস্যেতি মন্ত্রেণ তৎসান্নিধ্যং প্রকল্পয়েৎ॥
ইতি ঐশান্যাম্ ॥ ৫৪৩ ॥

অনুবাদ—প্রণবসহ বিদ্যার অধিপতি বৃষরূঢ় শূলহস্ত মহাবল, ত্রৈলোক্য বন্দিত ও শ্রীমান্ সেই মহাত্মা ঈশানদেবকে নমস্কার। ইঁহার আবাহন মন্ত্র ঈশান কোণে ॥ ৫৪৩ ॥

———

ওঁ ব্রহ্মা চতুর্ম্মুখঃ স্বামী সর্ব্বলোকপিতামহঃ।
কমণ্ডলুধরঃ শ্রীমান্নমস্তস্মৈ মহাত্মনে।
ব্রহ্মা দেবেতি মন্ত্রেণ সান্নিধ্যঃ তস্য কল্পয়েৎ॥
ইতি ঊর্দ্ধে ॥ ৫৪৪ ॥

অনুবাদ—প্রণবসহ ব্রহ্মা চতুর্ম্মুখ স্বামী সর্ব্ব-লোক পিতামহ কমণ্ডলুধর শ্রীমান্ সেই মহাত্মা ব্রহ্মাকে নমস্কার। তাঁহার আবাহন মন্ত্র 'ব্রহ্মা দেব' ইতি। উর্ধ্বদিকে শ্রীশিব ও ইন্দ্রের মধ্যে ॥ ৫৪৪ ॥

———

ওঁ য ইমাং সকলাং পৃথ্বীং সপ্তসাগরভূষিতাম্।
বিভর্ত্তি মালাপ্রতিমাং নমস্তস্মৈ মহাত্মনে।
নমোঽস্তু সর্পমন্ত্রেণ সান্নিধ্যং তস্য কল্পয়েৎ॥
ইতি অধঃ ॥ ৫৪৫ ॥

অনুবাদ—প্রণবসহ—যিনি সপ্তসাগর ভূষিত এই সমগ্র পৃথিবীকে পুষ্পমালার মত মস্তকে ধারণ করি-তেছেন সেই মহাত্মা অনন্তদেবকে নমস্কার করি। ইহার আবাহন মন্ত্র 'নমোঽস্তু সর্প'। ইহা অধো-দেশে অর্থাৎ বরুণদেবের দক্ষিণে ॥ ৫৪৫ ॥

———

অথ কামবিশেষেণ দ্রব্যবিশেষন্যাসঃ

ভবিষ্যে—

ক্ষীরবৃক্ষত্বচং পুষ্পমষ্টমঙ্গলসংযুতম্।
শ্রীকামস্তু ন্যসেৎ সম্যগ্‌দেশবৃদ্ধিকরং শুভম্ ॥৫৪৬

অনুবাদ—অনন্তর বাসনা বিশেষ দ্রব্য বিশেষ ন্যাস, ভবিষ্যপুরাণে—সমগ্রদেশ বৃদ্ধিকর শুভ ক্ষীর-কূল বৃক্ষের ছাল, পুষ্প ও অষ্টমঙ্গল দ্রব্যসহ সম্পদ বৃদ্ধিকামী ব্যক্তি নিক্ষেপ করিবেন ॥ ৫৪৬ ॥

———

পারদং ঘৃতগোধূমান্ দূর্ব্বাং রোচনয়া সহ।
গোশৃঙ্গমৃত্তিকাং চৈব কূর্চ্চেন সহ নিক্ষিপেৎ।
স্থিতস্য তস্য দেবস্য শ্রিয়ো বৃদ্ধিঃ সদা ভবেৎ ॥৫৪৭

অনুবাদ—পারদ, ঘৃত, গম, দূর্ব্বা গোরচনা সহ নিক্ষেপ করিলে প্রতিষ্ঠিত দেবের সম্পদ বৃদ্ধি সর্ব্বদা হইবে ॥ ৫৪৭ ॥

টীকা—স্থিতস্য তত্তদ্দ্রব্যোপর্য্যবস্থিতে সতীত্যর্থঃ ॥ ৫৪৭ ॥

———

কৃষরং কাঞ্চনং চৈব পদ্মেন সহ বিন্যসেৎ।
স্থিতস্য তস্য দেবস্য চাতুর্বর্ণ্যহিতং ভবেৎ।
চতুষ্পাদাশ্চ বর্দ্ধন্তে দৌর্ভাগ্যঞ্চ প্রণশ্যতি ॥ ৫৪৮ ॥

অনুবাদ—কৃষর স্বর্ণ পদ্মের সহিত বিন্যাস করিলে প্রতিষ্ঠিত দেবের নিম্নে, বর্ণ চতুষ্টয়ের হিত হয়, চতুষ্পদ প্রাণি বৃদ্ধি হয়, দুর্ভাগ্য নষ্ট হয় ॥৫৪৮॥

———

লাক্ষা মধু ঘৃতঞ্চৈব শমী চাশ্বত্থমেব চ।
বেদ্যা সহ চ দাতব্যা যজ্ঞোৎসবকরাস্তথা ॥ ৫৪৯ ॥

অনুবাদ—যজ্ঞোৎসব বৃদ্ধিকর লাক্ষা, ঘৃত, শমী ও অশ্বত্থ বেদীর সহিত নিক্ষেপ কর্ত্তব্য ॥ ৫৪৯ ॥

———

মৃত্তিকা পর্ব্বতস্যাথ হ্রদাদাদায় মৃত্তথা।
যথাক্রমেণ দাতব্যা রাষ্ট্রবৃদ্ধিকরী নৃপ ॥ ৫৫০ ॥

অনুবাদ—হে রাজন্! পর্ব্বত, মৃত্তিকা ও হ্রদ হইতে আনীত মৃত্তিকা, রাষ্ট্রবৃদ্ধিকরীর যথাক্রমে প্রদান কর্ত্তব্য ॥ ৫৫০ ॥

কাঞ্চনং সর্ব্ববীজানি মেদিন্যা সহ বিন্যসেৎ।
স্থিতস্য তস্য কৃষ্ণস্য প্রজা রাজা চ বৰ্দ্ধতে ॥৫৫১॥

অনুবাদ—প্রতিষ্ঠিত শ্রীকৃষ্ণের বেদীতে স্বর্ণ, সর্ব্ববীজ, মৃত্তিকা সহ বিন্যাস করিলে প্রজা ও রাজা বৃদ্ধি প্রাপ্ত হয় ॥ ৫৫১ ॥

ব্রহ্মস্থানে চ বিন্যস্য সর্ব্বকামার্থদং শুভম্।
ন ভয়ং ন দুর্ভিক্ষং তত্তদ্দ্রব্যে ব্যবস্থিতে ॥
ইতি ॥ ৫৫২ ॥

অনুবাদ—ব্যবস্থিত সেই সেই দ্রব্য ব্রহ্মস্থানে বিন্যাস করিলে সর্ব্বকাম, অর্থ ও শুভপ্রদ হয়, ভয় ও দুর্ভিক্ষ হয় না ॥ ৫৫২ ॥

শ্রীহয়গ্রীবদেবেন রত্নন্যাসাদনন্তরম্—
রত্নে শান্ত্যম্বুসেকে তু প্রাসাদে বিজয়ো মতঃ ॥৫৫৩

অনুবাদ—রত্ন বিন্যাসের পর শ্রীহয়গ্রীবদেবের উক্তি - শান্তি জলষেক সম্পন্ন হইলে পর শ্রীবিগ্রহ প্রাসাদে বিজয় করিবেন ॥ ৫৫৩ ॥

যথা হয়শীর্ষে—
রত্নন্যাসবিধিং কৃত্বা প্রতিষ্ঠামারভেদ্গুরুঃ ॥৫৫৪॥

অনুবাদ—যথা শ্রীহয়শীর্ষ পঞ্চরাত্রে—শ্রীগুরুদেব রত্নন্যাস বিধি সমাপ্ত করিয়া প্রতিষ্ঠা আরম্ভ করিবেন ॥ ৫৫৪ ॥

টীকা—এবং মৎস্য-ভবিষ্যপুরাণোক্ত্যনুসারিণাং সতাং মতে প্রথমং প্রাসাদে শ্রীমূর্ত্তেবিজয়স্ততো রত্নাদিন্যাস ইতি লিখিতম্। শ্রীহয়শীর্ষমতে চ তদ্বিপরীতমিত্যুল্লিখন্ তত্রৈব পদ্যমপি কৃত্যবিশেষং লিখতি—রত্নন্যাসমিত্যাদিনা নিবেদয়েদিত্যন্তেন ॥ ৫৫৪ ॥

সশলাকৈর্দর্ভপিঞ্জৈঃ সহদেবীসমন্বিতৈঃ।
মহাক্ষৈতস্তু সংকৃত্য পঞ্চগব্যেন শোধয়েৎ।
প্রোক্ষয়েদ্গন্ধতোয়েন নদীতীর্থোদকেন চ ॥ ৫৫৫ ॥

অনুবাদ—শলাকা দর্ভপিঞ্জ সহদেবী সমন্বিত মহাক্ষত সমূহ দ্বারা সৎকার করিয়া পঞ্চগব্য দ্বারা শোধন করিবেন। গন্ধজল ও গঙ্গাজল দ্বারা প্রোক্ষণ করিবেন ॥ ৫৫৫ ॥

হোমার্থে স্থণ্ডিলং কুর্য্যাৎ সিকতাভিঃ সমন্ততঃ।
সার্দ্ধং হস্তপ্রমাণন্তু চতুরস্রং সুশোভনম্ ॥ ৫৫৬ ॥

অনুবাদ—হোমের জন্য চতুর্দ্দিকে বালুকা দ্বারা স্থণ্ডিল প্রস্তুত করিবেন, সার্দ্ধহস্ত প্রমাণে সমচতুষ্কোণ স্থণ্ডিল সুশোভন হইবে ॥ ৫৫৬ ॥

অষ্টদিক্ষু যথান্যায়ং কলসানপি পূজয়েৎ।
মন্ত্রেণাষ্টাক্ষরেণৈব পূজাদিক্রমযোগতঃ ॥ ৫৫৭ ॥

অনুবাদ—যথাবিধি অষ্টদিকে পূর্ণকলস সমূহও পূজা করিবেন। পূজাবিধি ক্রমানুসারে অষ্টাক্ষর মন্ত্রেই পূজা করিবেন ॥ ৫৫৭ ॥

আনীয় সংস্কৃতং বহ্নিং ত্বমগ্নে প্রয়তেত্যৃচা।
পলাশসমিধানাং তু ঘৃতাক্তানাং সুরেশ্বর ॥ ৫৫৮ ॥
শতং বাথ সহস্রং বা গায়ত্র্যা বিষ্ণুসংজ্ঞয়া।
জুহুয়াচ্চ শতং দদ্যাদাজ্যমষ্টাক্ষরেণ তু ॥ ৫৫৯ ॥

অনুবাদ—অগ্নি আনয়ন ও সংস্কার পূর্ব্বক 'ত্বমগ্নে প্রয়তে' এই ঋক্ মন্ত্রে, হে সুরেশ্বর! ঘৃতযুক্ত পলাশদ্বারা শত সহস্র সংখ্যা বিষ্ণুগায়ত্রী দ্বারা হোম করিবেন, অষ্টাক্ষর মন্ত্রে শতবার ঘৃত প্রদান করিবেন ॥ ৫৫৮-৫৫৯ ॥

পূর্ণাহুতিং শান্তিতোয়ং কুর্য্যাত্তত্র বিচক্ষণঃ।
কলসেষূদকং গৃহ্য তাম্রপাত্রে নিবেশয়েৎ ॥৫৬০॥

অনুবাদ—বিচক্ষণ ব্যক্তি হোমান্তে পূর্ণাহুতি ও

শান্তিজল প্রক্ষেপ করিবেন, কলস সমূহ হইতে শান্তি-জল লইয়া তাম্রপাত্রে রাখিবেন ॥ ৫৬০ ॥

মন্ত্রয়েচ্ছতবারাংস্তু মূলমন্ত্রেণ দেশিকঃ।
সেচয়েদ্দেবতামূর্দ্ধ্নি শ্রীশ্চ তেত্যনয়াঽনঘ ॥ ৫৬১ ॥

অনুবাদ—আচার্য্য মূলমন্ত্র দ্বারা শতবার অভি-মন্ত্রিত করিয়া, হে অনঘ! বিগ্রহ মস্তকে সেচন করিবেন 'শ্রীশ্চতে' এই মন্ত্র দ্বারা ॥ ৫৬১ ॥

ব্রহ্মযানেন চোদ্ধৃত্য উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে।
ত্বং বিষ্ণোরিতি মন্ত্রেণ প্রাসাদাভিমুখং নয়েৎ ॥৫৬২

অনুবাদ—ব্রাহ্মণ বাহিত যানে 'উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে ত্বং বিষ্ণো এইমন্ত্রে উঠাইয়া প্রাসাদের অভিমুখে লইবে ॥ ৫৬২ ॥

শিবিকায়াং হরিং স্থাপ্য রথে বাথ সুযন্ত্রিতম্।
ভ্রাময়ীত পুরং সর্ব্বমথবায়তনং স্বকম্ ॥ ৫৬৩ ॥

অনুবাদ—শিবিকাতে শ্রীহরিকে স্থাপন করিয়া অথবা সাবধানে সুযন্ত্রিত রথে আরোহণ করাইয়া পুরীর সর্ব্বত্র অথবা নিজ মন্দির আয়তনে ভ্রমণ করাইবে ॥ ৫৬৩ ॥

টীকা—সুযন্ত্রিতং সাবধানং রথেন সহ সংযো-জিতমিত্যর্থঃ। অন্যৎ সুগমম্ ॥ ৫৬৩ ॥

প্রদক্ষিণেন দেবেশং সর্ব্বশোভাসমন্বিতম্।
ততো মঙ্গলঘোষৈশ্চ গীতৈর্মধুরনিস্বনৈঃ ॥ ৫৬৪ ॥
স্তুবদ্ভির্মাগধৈঃ সূতৈর্বাদ্যৈর্নানাবিধৈঃ শুভৈঃ।
গায়দ্ভির্ব্রাহ্মণৈঃ সাম শঙ্খাকারেণ সর্ব্বশঃ ॥৫৬৫॥

অনুবাদ—শ্রীহরিকে প্রদক্ষিণ দ্বারা সর্ব্বশোভা সমন্বিত মঙ্গলধ্বনি, গীত, সুমধুর ধ্বনি সহ, সূত-মাগধবন্দীগণ দ্বারা স্তবপাঠ সহ, নানাবিধ মঙ্গল বাদ্য-সহ সামগানরত ব্রাহ্মণগণ সহ শঙ্খাকারে ভ্রমণ করা-ইবে ॥ ৫৬৪-৫৬৩ ॥

পতাকাভির্বিচিত্রাভির্ধ্বজৈর্নানাবিধৈঃ শুভৈঃ।
দেবদেবং মহাদেবং হরিং সর্ব্বজগদ্গুরুম্ ॥৫৬৬॥
সংসারার্ণবসন্তারপোতভূতং সুরেশ্বরম্।
কর্তৃণাং স্থপতীনাং চ শিল্পিনাং পুরবাসিনাম্ ॥৫৬৭
স্থাপকানাং চ ভৃত্যানাং পাবকং পুণ্যবর্দ্ধকম্।
ভ্রাম্য প্রাসাদাভিমুখং কৃত্বা দেবং নিবেশয়েৎ ॥৫৬৮

অনুবাদ—বিচিত্র পতাকা নানাবিধ শুভ ধ্বজা সহ দেবদেব মহাদেব শ্রীহরি সর্ব্বজগদগুরু সংসার-সাগর পারের পোতস্বরূপ সুরেশ্বরকে, কর্ত্তা, সূত্রধার, শিল্পী, পুরবাসী, স্থাপক ও ভৃত্যগণের পবিত্রকারক ও পুণ্যবর্দ্ধক প্রভুকে ভ্রমণ করাইয়া মন্দির অভিমুখে প্রবেশ করাইবে ॥ ৫৬৬-৫৬৮ ॥

অথ তত্র মঙ্গলস্নপনম্

এরকায়াং তু সংস্থাপ্য স্নপয়েন্মঙ্গলান্বিতম্ ॥৫৬৯॥

অনুবাদ—অনন্তর মণ্ডপে মঙ্গলস্নপন—রথ হইতে এরকাতৃণে (হোগ্‌লাতে) স্থাপন পূর্ব্বক মঙ্গলধ্বনি সহ স্নান করাইবে ॥ ৫৬৯ ॥

চতস্রোঽবিধবাস্তত্র দিব্যমন্ত্রাভিমন্ত্রিতাঃ।
সব্যাপসব্যসূত্রেণ বেষ্ট্য স্পৃশ্য কুশেন তু ॥ ৫৭০ ॥
আচার্য্যেণাভ্যনুজ্ঞাতা ঘটৈর্মলয়ভূষিতৈঃ।
স্নপয়ন্তি হরিং ভক্ত্যা অষ্টমঙ্গলসংযুতম্ ॥ ৫৭১ ॥

অনুবাদ—চারিজন সধবা ইষ্টমন্ত্রে দীক্ষিতা দক্ষিণে ও বামে সূত্রদ্বারা বেষ্টন করিয়া কুশদ্বারা স্পর্শ করিয়া আচার্য্য কর্ত্তৃক আদিষ্ট হইয়া মলয়-চন্দন ভূষিত অষ্টমঙ্গল দ্রব্যযুক্ত ঘট জলদ্বারা ভক্তি-পূর্ব্বক শ্রীহরিকে স্নান করাইবে ॥ ৫৭০-৫৭১ ॥

ততো গন্ধাদিনাভ্যর্চ্চ্য মূলমন্ত্রেণ দেশিকঃ।
শুক্লবস্ত্রেণ সংছাদ্য অষ্টাঙ্গার্ঘ্যং নিবেদয়েৎ ॥৫৭২॥

অনুবাদ—অনন্তর আচার্য্য মূলমন্ত্রে গন্ধাদি দ্বারা অর্চ্চন করিয়া শুক্লবস্ত্র পরিধান করাইয়া অষ্টাঙ্গ অর্ঘ্য নিবেদন করিবেন ॥ ৫৭২ ॥

এবং ক্রমো বহুবিধঃ কৃত্যং চ বিবিধং ভবেৎ।
প্রতিমায়াং বুধৈশ্চাত্র কার্য্যং স্বগুরুসম্মতম্॥ ৫৭৩॥

অনুবাদ—এইভাবে বহুবিধ ক্রম ও বহুবিধ করণীয় প্রতিমা স্থাপনে দৃষ্ট হয়। এস্থলে অভিজ্ঞ-ব্যক্তি স্বগুরু সম্মত কার্য্য করিবেন॥ ৫৭৩॥

টীকা—নন্বেবং কৃত্যে ক্রমে চ পুরাণাগমাদি-বচনতো বিরোধাপত্ত্যা কথং ব্যবহর্ত্তব্যম্? তত্র লিখতি—এবমিতি। নিজগুরুসম্প্রদায়াচারানুসারেণ তত্র তত্র ব্যবহারঃ কর্ত্তব্য ইত্যর্থঃ। এবং সর্ব্বত্রে-বোহ্যম্। সর্ব্বত্র বিবিধবিরোধদর্শনাৎ পুনঃপুনরেব লিখ্যতে ইত্যুন্নেয়ম্॥ ৫৭৩॥

অথ গর্ত্তলেপনাদি

পায়সেনোপলিপ্যাদৌ গর্ত্তমাচ্ছাদ্য বাসসা।
অগ্ন্যাদিভ্যস্তু জুহুয়াৎ সিদ্ধ্যর্থং তস্য দক্ষিণে॥৫৭৪॥

অনুবাদ—অনন্তর গর্ত্তলেপনাদি—প্রথমতঃ গর্ত্তকে পায়সদ্বারা উপলেপন করিয়া, বস্ত্রদ্বারা আচ্ছাদন পূর্ব্বক গর্ত্তের দক্ষিণে সিদ্ধির নিমিত্ত অগ্ন্যাদিদেব-গণের উদ্দেশ্যে হোম করিবেন॥ ৫৭৪॥

তথা চ মাৎস্যে—
ন্যাসং কৃত্বা তু রত্নানাং পায়সেনানুলেপিতম্।
পটেনাচ্ছাদয়েচ্ছুভ্রং শুক্লেনোপরি ধারয়ন্॥ ৫৭৫॥

অনুবাদ—ঐরূপ মৎস্যপুরাণে—রত্নন্যাস পূর্ব্বক গর্ত্তকে পায়সদ্বারা অনুলেপন করিয়া শুক্লবস্ত্রে আচ্ছা-দন করিবে এবং উপরে শুক্ল বস্ত্রদ্বারা চাঁদোয়া দিবে॥ ৫৭৫॥

ভবিষ্যে চ—
রত্নন্যাসে কৃতে পশ্চাৎ পায়সেনোপলেপয়েৎ।
পটেন মহতা পশ্চাচ্ছুক্লেনোপরি ছাদয়েৎ॥৫৭৬॥

অনুবাদ—ভবিষ্যপুরাণেও—রত্নবিন্যাস করা হইলে পর পায়সদ্বারা গর্ত্তকে উপলেপন করিবে এবং বৃহৎ বস্ত্রদ্বারা আচ্ছাদনপূর্ব্বক উপরে শুক্ল বস্ত্রদ্বারা চন্দ্রাতপ দিবে॥ ৫৭৬॥

কিঞ্চ—
শ্বভ্রস্য দক্ষিণে পার্শ্বে সর্ষপান্ জুহুয়াদ্বুধঃ।
অগ্নয়ে ব্রহ্মণে চৈব রুদ্রায় চৈব বিষ্ণবে।
স্কন্দায় গণরাজায় গণমাতৃভ্য এব চ॥ ৫৭৭॥

অনুবাদ—আরও—অগ্নি, ব্রহ্মা, রুদ্র ও শ্রীবিষ্ণুর উদ্দেশ্যে এবং কার্ত্তিক গণপতি ও মাতৃগণের উদ্দেশ্যে গর্ত্তের দক্ষিণ পার্শ্বে অভিজ্ঞ ব্যক্তি সর্ষপ দ্বারা হোম করিবে॥ ৫৭৭॥

টীকা—কেভ্যো জুহুয়াৎ? তানেব নির্দ্দিশতি। অত্র প্রয়োগঃ—ওঁ অগ্নয়ে স্বাহা, ওঁ ব্রহ্মণে স্বাহেত্যাদি॥ ৫৭৭॥

অথেন্দ্রাদি-বলিদানম্

দদ্যাৎ শ্রীমূর্ত্তিমুত্থাপ্য শক্রাদিভ্যো বলিং বুধঃ।
তত্তন্নাম্না চতুর্থ্যন্ত-নমোঽন্ত-প্রণবাদিনা॥ ৫৭৮॥

অনুবাদ—অনন্তর ইন্দ্রাদি দেবগণকে উপহার দান—শ্রীমূর্ত্তি স্থাপনের পর অভিজ্ঞ ব্যক্তি ইন্দ্রাদি দেবগণকে উপহার দিবে, সেই সেই দেবের নামের সহ চতুর্থী বিভক্তিযোগে, নমঃ শব্দ অন্তে এবং প্রণব আদিতে সংযোগ দিবে॥ ৫৭৮॥

তথা চ তত্রৈব—
ইন্দ্রাদীন্ লোকপালাংশ্চ আদিত্যাংশ্চ বসূংস্তথা।
বিশ্বদেবাংস্তথা সর্ব্বান্ স্বনাম্না চোপলক্ষিতান্॥
ওঁকারাদ্যান্নমোঽন্তাংশ্চ কৃত্বোত্থাপ্য বলিং হরেৎ॥ ৫৭৯॥

অনুবাদ—সেইরূপই উক্ত গ্রন্থে—ইন্দ্রাদি দশ-দিকপালগণকে, দ্বাদশাদিত্য, অষ্টবসু ও একাদশ বিশ্বদেবগণকে নিজ নিজ নাম দ্বারা উপলক্ষিত দেব-গণকে তাঁহাদের নামের সহিত প্রথমে ওঁকার এবং শেষে নমঃ শব্দ যুক্ত করিয়া পায়স উপহার দিবেন॥ ৫৭৯॥

অথ প্রাসাদান্তঃ শ্রীমূর্ত্তিপ্রবেশনম্

দেবং গোবালরজ্জ্বাঽভিবেষ্ট্য স্বস্ত্যভিবাচয়েৎ।
আচার্য্যো বিধিবত্তঞ্চ প্রাসাদান্তঃ প্রবেশয়েৎ॥৫৮০॥

অনুবাদ—অনন্তর প্রাসাদ মধ্যে শ্রীমূর্ত্তি প্রবেশন—আচার্য্য শ্রীবিগ্রহকে গোপুচ্ছ রজ্জু দ্বারা অভি-বেষ্টিত করিয়া স্বস্তিবাচন সহ বিধিবৎ প্রাসাদ মধ্যে প্রবেশ করাইবেন ॥ ৫৮০ ॥

অথ তদ্বিধি-বিশেষঃ

তত্রৈব—

উত্থিতং তত্র দেবেশং বালরজ্জ্বাহিদণ্ডবৎ ।
ততঃ সুযন্ত্রিতং কৃত্বা ব্রাহ্মণান্ স্বস্তিবাচ্য চ ।
জীবদানং ততঃ কৃত্বা দেবদেবং সমুৎক্ষিপেৎ ॥৫৮১

অনুবাদ—অনন্তর তাহার বিশেষ বিধি উক্তশাস্ত্রে—শ্রীহরিকে সর্পগাত্রবৎ গোপুচ্ছদ্বারা নির্ম্মিত কোমল রজ্জুদ্বারা বেষ্টন করিয়া ব্রাহ্মণগণকে স্বস্তিবাচন করাইয়া, প্রাণ প্রতিষ্ঠার পর প্রভুকে উঠাইবে ॥৫৮১॥

টীকা—ইন্দ্রাদিভ্যশ্চ পায়সবলিং তত্তন্নামমন্ত্রেণ দদ্যাৎ; তত্র প্রয়োগঃ—ওঁ ইন্দ্রায় নম ইত্যাদি ॥৫৭৮

টীকা—দণ্ডবদ্বালরজ্জ্বা সুযন্ত্রিতং কৃত্বা 'যত্তু' ইত্যাদিজীবসূক্তেন জীবদানং কৃত্বা ॥ ৫৮১ ॥

স্থাপকঃ স্থাপয়েদ্দেবং মূর্ত্তিপৈর্বলবত্তরৈঃ ।
পুণ্যাহজয়শব্দৈশ্চ ব্রহ্মঘোষৈশ্চ পুষ্কলৈঃ ॥ ৫৮২ ॥
আচার্য্যস্ত্বগ্রতো গচ্ছেদর্ঘ্যহস্তঃ সমাহিতঃ ।
পৃষ্ঠতো যজমানস্তু ভক্ত্যা দেবন্তু সংস্পৃশন্ ।
পুত্রভ্রাতৃকলত্রৈশ্চ বন্ধুভিঃ পরিবেষ্টিতঃ ॥ ৫৮৩ ॥

অনুবাদ—অতিশয় বলবান্ মূর্ত্তিপগণের সহিত স্থাপক প্রভুকে উত্থাপন করিবেন। পুণ্যাহ বাচন, জয়শব্দ, বেদধ্বনি পরিপূর্ণ সহ আচার্য্য অর্ঘ্যহস্তে সংযত চিত্তে অগ্রভাগে গমন করিবেন, যজমান পশ্চাতে ভক্তিসহ প্রভুকে স্পর্শ করিয়া পুত্র, ভ্রাতৃপরি-বার বন্ধুগণ সহ পরিবেষ্টিত হইয়া গমন করিবেন ॥ ৫৮২-৫৮৩ ॥

সর্ব্বেঽন্যোঽন্যমসংলগ্না ধ্যায়মানা জনার্দ্দনম্ ।
দ্বারদেশে সমানীয় অর্ঘ্যং তস্মৈ নিবেদয়েৎ ॥৫৮৪॥

অনুবাদ—অন্যান্য সকলে অস্পৃষ্টভাবে শ্রীজনা-র্দ্দনকে ধ্যান করিতে করিতে পশ্চাৎ গমন করিবেন। দ্বারদেশে আনীয়া প্রভুকে অর্ঘ্য নিবেদন করিবেন ॥ ৫৮৪ ॥

টীকা—সর্ব্বেঽন্যোঽন্যমসংলগ্নাঃ সন্তো গচ্ছেয়ুরিতি শেষঃ। দ্বারদেশে চ সর্ব্বগন্ধজলৈঃ 'দ্বারি সন্তিষ্ঠতে নমঃ' ইতি দেবং স্নাপয়েৎ, ততোঽর্ঘ্যং নিবেদয়েদিতি কেষাঞ্চিন্মতম্ ॥ ৫৮৪ ॥

ততঃ প্রবেশয়েদ্দেবং ন দ্রুতং ন বিলম্বিতম্ ।
তির্য্যগূর্দ্ধমধশ্চৈবমস্পৃশন্তং প্রবেশয়েৎ ॥ ৫৮৫ ॥

অনুবাদ—অনন্তর গৃহমধ্যে প্রভুকে অতিদ্রুত নহে, অতিবিলম্বিত নহে, টেড়াভাবে বা উপরে নীচে স্পর্শ না লাগে এইভাবে প্রবেশ করাইবে ॥ ৫৮৫ ॥

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে—

পাশেন যন্ত্রিতং কৃত্বা ততো দেবেতি চালয়েৎ ।
অদ্বারবন্ধে প্রাসাদে দ্বারেণৈব প্রবেশয়েৎ ॥ ৫৮৬ ॥

অনুবাদ—শ্রীহয়শীর্ষ পঞ্চরাত্রে—কোমল রজ্জু-দ্বারা বেষ্টিত করিয়া 'দেব' এইমন্ত্রে চালনা করিবে, মুক্তদ্বার প্রাসাদে দ্বার দিয়াই প্রবেশ করাইবে ॥৫৮৬

দ্বারবন্ধে কৃতে দেবমাকাশেন প্রবেশয়েৎ ।
দ্বারবন্ধে কৃতে চাপি অস্পৃশন্তং প্রবেশয়েৎ ।
দেবস্য ত্বেতি মন্ত্রেণ তির্য্যগূর্দ্ধমধস্তথা ॥ ৫৮৭ ॥

অনুবাদ—দ্বারবদ্ধ প্রাসাদে প্রভুকে আকাশ পথে প্রবেশ করাইবে। দ্বারবদ্ধ থাকিলেও অস্পর্শ ভাবে প্রভুকে প্রবেশ করাইবে 'দেবস্য ত্বা' এই মন্ত্রে, টেড়া উর্দ্ধ অধঃস্পর্শ না হয় ॥ ৫৮৭ ॥

অথ পিণ্ডিকান্যাসাদি

পাদ্যং দত্ত্বা পিণ্ডিকাঞ্চ বিন্যস্য বিধিনা চ তাম্ ।
প্রক্ষাল্যাভ্যর্চ্চ তদ্গর্ত্তং পায়সেনোপলেপয়েৎ ॥৫৮৮

অনুবাদ—অনন্তর পিণ্ডিকা ন্যাসাদি—পাদ্য দানানন্তর পিণ্ডিকাকে বিন্যাস পূর্ব্বক বিধিবৎ

তাহাকে প্রক্ষালন ও অর্চ্চনা করিয়া ঐ গর্ত্ত পায়স দ্বারা উপলেপন করিবেন ॥ ৫৮৮ ॥

টীকা—বিধিনেতি—প্রতিপদসীতি মন্ত্রেণ পিণ্ডিকাং বিন্যস্য পঞ্চগব্যেন কষায়োদকেন চ প্রক্ষাল্য লক্ষ্মীমন্ত্রেণাভ্যর্চ্চ্যেতি। পূর্ব্বমধিবাসে প্রক্ষালনাদিকমস্যাপি লিখিতং, ইদানীঞ্চ প্রাসাদান্তঃ স্থাপনা ইতি ভেদঃ ॥ ৫৮৮ ॥

ভবিষ্যে—

বিষ্ণুপীঠং ন্যসেৎ পশ্চাদর্ঘ্যং দত্ত্বা সমাহিতঃ।
কপিলাক্ষীরসংস্নিগ্ধং পরমান্নং তু সংস্কৃতম্।
কপিলাজ্যেন সংমিশ্রং তৈঃ শ্বভ্রমুপলেপয়েৎ ॥৫৮৯॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—অর্ঘ্য দান করিয়া স্থিরচিত্তে বিষ্ণুপীঠ পিণ্ডিকা বিন্যাস করিবে। কপিলা গোদুগ্ধে সুস্নিগ্ধ পায়সান্ন পাক করিয়া গোঘৃত সংমিশ্রণ পূর্ব্বক তাহা দ্বারা গর্ত্ত উপলেপন করিবেন ॥ ৫৮৯ ॥

হয়শীর্ষে—

রত্নন্যাসমিমং কৃত্বা নপুংসকশিলাতলে।
ন্যসেৎ পাদশিলাং তত্র স্ত্রীলিঙ্গৈরুপলক্ষিতাম্ ॥৫৯০॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—এইরূপে ব্রহ্মশিলাতলে রত্নন্যাস করিয়া সেই স্থানে শক্তি উপলক্ষিত পাদশিলা পিণ্ডিকা বিন্যাস করিবে ॥ ৫৯০ ॥

তত্র সংপূজয়েদ্বিদ্বান্ পিণ্ডিকাং শক্তিরূপিণীম্।
সহ রঙ্গেন বস্ত্রেণাচ্ছাদ্য গন্ধাদিনার্চ্চয়েৎ ॥ ৫৯১ ॥

অনুবাদ—অভিজ্ঞব্যক্তি শক্তিরূপিণী পিণ্ডিকাকে সেই স্থানে সম্পূর্ণ রূপে পূজা করিয়া রঙ্গিন শাটিকাবস্ত্রদ্বারা আচ্ছাদন পূর্ব্বক গন্ধাদি দ্বারা অর্চ্চনা করিবেন ॥ ৫৯১ ॥

পুষ্পৈর্মূলৈঃ ফলৈর্হৃদ্যৈঃ সিতয়া চার্দ্রকেণ চ।
অভ্যর্চ্চ্য বিন্যসেদ্বিদ্বান্ লক্ষ্মীবীজং সমাহিতঃ ॥৫৯২

অনুবাদ—পুষ্প, ফল, মূল, হৃদয়গ্রাহী মিছরি ও আর্দ্রক সহ অর্চ্চনা করিয়া অভিজ্ঞ ব্যক্তি স্থিরচিত্তে লক্ষ্মীবীজ বিন্যাস করিবেন ॥ ৫৯২ ॥

কৃত্বৈব পিণ্ডিকাকর্ম্ম তদূর্দ্ধ্বং প্রতিমাং ন্যসেৎ।
প্রাসাদানাং তু সর্ব্বেষাং প্রতিমা বীজ উচ্যতে ॥৫৯৩

অনুবাদ—পিণ্ডিকা ন্যাস কর্ম্ম সম্পাদনপূর্ব্বক তাহার উপর শ্রীমূর্ত্তি স্থাপন করিবেন, প্রাসাদ সমূহের প্রতিমা বীজ নামে অভিহিত ॥ ৫৯৩ ॥

প্রতিমানাং তু সর্ব্বাসাং পাদপীঠঃ শিলাময়ঃ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন পীঠোর্দ্ধ্বং প্রতিমাং ন্যসেৎ ॥ ৫৯৪ ॥

অনুবাদ—সর্ব্ববিধ প্রতিমার পাদপীঠ শিলাময় অতএব সর্ব্বভাবে প্রযত্ন সহ পীঠের উপর প্রতিমা স্থাপন করিবেন ॥ ৫৯৪ ॥

টীকা—পীঠস্যোর্দ্ধ্বমুপরি ॥ ৫৯৪ ॥

অথ শ্রীমূর্ত্তিস্থাপনম্

গন্ধপুষ্পাদিনাভ্যর্চ্চ্য বিবিধৈর্মঙ্গলস্বনৈঃ।
গীতাদিভিশ্চ তাং মূর্ত্তিং স্থাপয়েৎ পিণ্ডিকোপরি ॥৫৯৫

অনুবাদ—অনন্তর শ্রীমূর্ত্তি স্থাপন—ঐ শ্রীমূর্ত্তিকে গন্ধ পুষ্পাদি দ্বারা অর্চ্চনা করিয়া বিবিধ মঙ্গল ধ্বনি সহ পিণ্ডিকার উপরে স্থাপন করিবেন ॥ ৫৯৫ ॥

মাৎস্যে—

তত উত্থাপ্য দেবেশমিণ্টাংশে তু সুভাজনে।
ধ্রুবা দ্যৌরিতি মন্ত্রেণ শ্বভ্রোপরি নিবেশয়েৎ ॥৫৯৬॥

অনুবাদ—মৎস্যপুরাণে—শ্রীহরিকে উত্থাপন করিয়া ব্রহ্মভাগে উত্তম পিণ্ডিকার উপর 'ধ্রুবা দ্যৌঃ' এইমন্ত্রে গর্ত্তে পিণ্ডিকার উপর স্থাপন করিবেন ॥৫৯৬

টীকা—ইণ্টে স্থাপনযোগ্যে অংশে প্রদেশভাগে, তত্র চ সুভাজনে সৎপাত্রে পিণ্ডিকোপরীত্যর্থঃ ॥৫৯৬॥

ভবিষ্যে চ—

স্থাপয়েত্তমসংলগ্নমদ্রুতঞ্চাবিলম্বিতম্ ।
পুণ্যাহজয়শব্দৈশ্চ ব্রহ্মঘোষৈশ্চ পুষ্কলৈঃ ।
শঙ্খভেরীনিনাদৈশ্চ গীতবাদিত্রনিস্বনৈঃ ॥ ৫৯৭ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণেও—শ্রীবিগ্রহকে কোথাও না লাগে, অতিদ্রুত বা অতি বিলম্বিত নহে, পুণ্যাহ-বাচন, জয়ধ্বনি, বেদধ্বনি পরিপূর্ণ শঙ্খ ভেরীধ্বনি, গীতবাদ্য, নৃত্যধ্বনি সহ স্থাপন করিবেন ॥ ৫৯৭ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে—

পিণ্ডিকোর্দ্ধং ততো দেবং যন্ত্রিতো ধারয়েৎ ক্ষণম্ ।
ততঃ শঙ্খঘটীতোয়ৈর্দৈবজ্ঞান্ লগ্নমাদিশেৎ ॥৫৯৮॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—অনন্তর শ্রীবিগ্রহকে রজ্জুদ্বারা বেষ্টন করিয়া ক্ষণকাল বিশ্রামের পর শঙ্খ ঘটিকা যন্ত্রের দ্বারা দৈবজ্ঞগণকে শুভলগ্ন নির্দ্দেশ করিবেন ॥ ৫৯৮ ॥

টীকা—আদিশেৎ পৃচ্ছেদিত্যর্থঃ ॥ ৫৯৮ ॥

জ্ঞাত্বা সম্যক্ স্থিরং লগ্নমলগ্নং বা নিবেশয়েৎ ।
পিণ্ডিকায়াং সুরশ্রেষ্ঠ মন্ত্রেণানেন দেশিকঃ ।
ওঁ ত্রৈলোক্যবিক্রান্তায় ত্রিবিক্রমায় নমো নমঃ ॥
ইতি ॥ ৫৯৯ ॥

অনুবাদ—হে সুরশ্রেষ্ঠ। সম্পূর্ণ স্থির লগ্ন বা অলগ্ন জানিয়া আচার্য্য বক্ষ্যমাণ মন্ত্র উচ্চারণ সহ পিণ্ডিকাতে স্থিরলগ্নে স্থাপন করিবেন। মন্ত্র—ওঁ ত্রৈলোক্য বিক্রান্তায় ত্রিবিক্রমায় নমো নমঃ ইতি ॥ ৫৯৯ ॥

সংস্থাপ্য পিণ্ডিকায়াস্তু স্থিরং কুর্য্যাদ্বিচক্ষণঃ ।
ধ্রুবা দ্যৌরিতি মন্ত্রেণ বিশ্বতশ্চক্ষুরিত্যপি ॥
ইতি ॥ ৬০০ ॥

অনুবাদ—বিচক্ষণ ব্যক্তি পিণ্ডিকাতে সংস্থাপনের পর স্থির করিবেন—'ধ্রুবা দৌঃ' এইমন্ত্রে এবং 'বিশ্বতশ্চক্ষুঃ' এই মন্ত্রেও ॥ ৬০০ ॥

অথ শ্রীমূর্ত্তিস্থাপনানন্তরকৃত্যানি

ততঃ স্বর্ণাদিনা দেবং সংস্নাপ্যার্ঘ্যং প্রদায় চ ।
ধূপাদি দত্ত্বাবহিতো মহামন্ত্রং জপেদ্‌গুরুঃ ॥৬০১॥

অনুবাদ—অনন্তর শ্রীমূর্ত্তি স্থাপনের পর কৃত্য সমূহ—তৎপরে স্বর্ণাদিসহ শ্রীমূর্ত্তিকে স্নান করাইয়া অর্ঘ্যদানের পর ধূপাদি দান করিয়া শ্রীগুরুদেব অব-হিত হইয়া মহামন্ত্র জপ করিবেন ॥ ৬০১ ॥

টীকা—আদি-শব্দাৎ মধুসর্পিষা, তথা পুরা শান্তি-ঘটন্যস্তাবশিষ্টসম্পাতাহুতিজলেন চ অবহিতঃ নিঃ-শব্দতাদ্যাপাদনেন সাবধানঃ সন্ মহামন্ত্রং দ্বাদশাক্ষরং জপেৎ ॥ ৬০১ ॥

ভবিষ্যে—

স্থিতমাত্রং সুবর্ণেন স্নাপয়েদথ সর্পিষা ।
তস্যান্তে স্নাপয়েত্তেন সংপাতাহুতিবারিণা ॥ ৬০২ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—শ্রীমূর্ত্তি স্থাপনের পরই সুবর্ণ সহ ঘৃত দ্বারা স্নান করাইবেন। তৎপরে সংপাতাহুতি জলদ্বারা স্নান করাইবেন ॥ ৬০২ ॥

টীকা—তেন পূর্ব্বং শান্তিঘটন্যস্তেন ॥ ৬০২ ॥

অর্ঘ্যং দত্ত্বা নমস্কৃত্য অর্চ্চয়িত্বা যথাবিধি ।
সঘৃতং গুগ্‌গুলুং দদ্যান্নিঃশব্দং কারয়েত্ততঃ ॥৬০৩॥
ঐশানে তু দিশাভাগে স্থিতস্তু ষ্ণীং সুসংযতঃ ।
উচ্চারয়েন্মহামন্ত্রং দ্বাদশাক্ষরমদ্রুতম্ ।
তেন বৈ জপ্যমানেন বিধেরচ্ছিদ্রতা ভবেৎ ॥৬০৪॥

অনুবাদ—অর্ঘ্যদানের পর নমস্কারান্তে যথাবিধি অর্চ্চন করিয়া ঘৃতসহ গুগ্‌গুল ধূপ দিবে, তৎপরে নিঃশব্দ করাইয়া ঈশান দিকে অবস্থান পূর্ব্বক মৌন ও সুসংযত হইয়া দ্বাদশাক্ষর মহামন্ত্র অদ্রুতভাবে উচ্চারণ করিবেন। ঐ ভাবে জপ করিলে অনুষ্ঠান বিধির ত্রুটি মার্জ্জনা হইবে ॥ ৬০৩-৬০৪ ॥

টীকা—অর্পয়িত্বেতি পাঠে আদৌ মন্ত্রেণার্ঘ্যং বিসৃজ্য পশ্চাত্তেন অর্ঘ্যং কৃত্বা, যদ্বা, অর্পয়িত্বা অর্চ্চয়ি-ত্বেত্যেবার্থঃ ॥ ৬০৩ ॥

টীকা—বিধেঃ—কর্ম্মণঃ ॥ ৬০৪ ॥

মন্ত্রহীনো বিধির্যশ্চ অঙ্গহীনশ্চ যো ভবেৎ।
হীনো বৈ দক্ষিণাভিশ্চ ন প্রশস্তঃ কদাচন।
এষ গুহ্যবিধিঃ প্রোক্তঃ সংহিতোক্তো ময়া তব ॥৬০৫

অনুবাদ—যে অনুষ্ঠান মন্ত্রহীন, বিধিহীন, অঙ্গহীন এবং দক্ষিণাদি হীন হয় তাহা কখনও প্রশস্ত নহে। আমি তোমার নিকট সংহিতা উক্ত এই গোপনীয় বিধি বলিলাম ॥ ৬০৫ ॥

টীকা—ছিদ্রতামেব দর্শয়তি—মন্ত্রহীন ইতি ॥৬০৫

অথ মন্ত্রৈঃ শ্রীমদঙ্গালভনম্

ওঁ যজ্জাগ্রত ইত্যাদ্যৈর্মন্ত্রৈঃ ষড়্ভিঃ ক্রমাৎ স্পৃশেৎ।
দেবস্য দক্ষিণং পার্শ্বং বামং পৃষ্ঠং শিরঃ পদৌ ॥৬০৬

অনুবাদ—অনন্তর মন্ত্রসহ শ্রীঅঙ্গ স্পর্শ—'ওঁ যজ্জাগ্রত' ইত্যাদি ছয়টি মন্ত্র উচ্চারণ সহ ক্রমে শ্রীবিগ্রহের দক্ষিণ পার্শ্ব, বামপার্শ্ব, পৃষ্ঠদেশ, মস্তক ও চরণদ্বয়—এই ছয় অঙ্গ স্পর্শ করিবে ॥ ৬০৬ ॥

টীকা—অগ্রে লেখ্যৈঃ ষড়্ভির্মন্ত্রৈঃ ক্রমেণ দেবস্য দক্ষিণপার্শ্বাদি-স্থানষট্কং স্পৃশেৎ ॥ ৬০৬ ॥

ভবিষ্যে—

অধুনা বৈদিকং বক্ষ্যে বিধিং সামান্যযোগতঃ।
এতাভির্ঋগ্ভিঃ ষড়্ভিশ্চ বিষ্ণুং সর্ব্বত্র সংস্পৃশেৎ ॥ ৬০৭ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—অধুনা বৈদিক বিধি সামান্যত বলিব। এই ছয়টি ঋক্‌বেদীয় মন্ত্র উচ্চারণ সহ শ্রীবিষ্ণুর সর্ব্বগাত্র স্পর্শ করিবেন ॥ ৬০৭ ॥

দক্ষিণং পশ্চিমং চৈব উত্তরং পূর্ব্বমেব চ।
মূর্দ্ধ্নি মূলে চ যত্নেন সংস্পৃশেৎ প্রযতো বুধঃ ॥৬০৮

অনুবাদ—অভিজ্ঞ ব্যক্তি সংযত চিত্তে শ্রীবিগ্রহের দক্ষিণ, পশ্চিম, উত্তর ও পূর্ব্ব, মস্তক ও শ্রীচরণদ্বয় স্পর্শ করিবেন ॥ ৬০৮ ॥

অথ মন্ত্রাঃ

ওঁ যজ্জাগ্রতো দূরমুদৈতি দৈবম্ ॥ ইতি ॥ ৬০৯ ॥
ওঁ যেন কর্ম্মণ্যপসো মনীষিণো যজ্ঞে ॥ ইতি ॥৬১০॥
ওঁ যৎ প্রজ্ঞানমুত চেতো ধৃতিশ্চ ॥ ইতি ॥ ৬১১ ॥
ওঁ যেনেদম্ভূতং ভুবনং ভবিষ্যৎ ॥ ইতি ॥ ৬১২ ॥
ওঁ যস্মিন্নৃচঃ সামযজূংষি যস্মিন্ ॥ ইতি ॥৬১৩॥
ওঁ সুষারথিরশ্বানিব যন্মনুষ্যান্ ॥ ইতি ॥ ৬১৪ ॥

অনুবাদ—অনন্তর মন্ত্র সমূহ—ওঁ যজ্জাগ্রতো ইত্যাদি ছয়টি মন্ত্রদ্বারা শ্রীবিগ্রহকে স্পর্শ করিবেন ॥ ৬০৯-৬১৪ ॥

মাৎস্যে—

দেবধ্যানৈকচেতাস্তু মন্ত্রানেতানুদীরয়েৎ ॥ ৬১৫ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—শ্রীবিগ্রহধ্যানে একচিত্ত আচার্য্য নিম্নোক্ত মন্ত্রসমূহ উচ্চারণ করিবেন ॥৬১৫॥

ওঁ যজ্জাগ্রতো দূরমুদৈতি, ইতি, ততো বিরাড়্‌জায়ত ইতি, সহস্রশীর্ষা পুরুষ ইতি, অভিত্বা শূর নোনুম ইতি। ওঁ পুরুষ এবেদং সর্ব্বমিতি, ওঁ যেনেদং ভূতং ভুবনমিতি, ওঁ ন ত্বা বা অন্য ইতি ॥ ৬১৬ ॥

অনুবাদ—ওঁ যজ্জাগ্রতো ইত্যাদি, ততো বিরাড়্‌জায়ত ইত্যাদি, সহস্র শীর্ষা পুরুষ ইত্যাদি অভিত্বা শূর নো নুম ইত্যাদি, ওঁ পুরুষ এবেদং সর্ব্ব ইতি, ওঁ যে মেদং ভূতং ইত্যাদি, ওঁ ন ত্বা বা অন্য ইত্যাদি ॥ ৬১৬ ॥

সর্ব্বাস্বেতান্ প্রতিষ্ঠাসু জপ্ত্বা মন্ত্রান্ পুনঃ পুনঃ।
চতুষ্ক্‌ত্বঃ স্পৃশেদদ্ভির্ম্মূলে মধ্যে শিরস্যপি ॥৬১৭॥

অনুবাদ—সর্ব্ব প্রতিমার প্রতিষ্ঠা কার্য্যে এইমন্ত্র সমূহ পুনঃ পুনঃ জপ করিয়া শ্রীবিগ্রহের চরণে মধ্যদেশে ও মস্তকে প্রতি অঙ্গে জলদ্বারা চারিবার স্পর্শ করিবেন ॥ ৬১৭ ॥

অথ জপবিধিবিশেষঃ

দেবমূর্দ্ধ্নি করং ন্যস্য দেবং ধ্যায়ন্ জপেদ্গুরুঃ।
সুজ্ঞান্যথাঅতত্ত্বঞ্চ ভাবয়িত্বা পঠেন্মনূন্ ॥ ৬১৮ ॥

অনুবাদ—অনন্তর জপবিধি বিশেষ—শ্রীগুরুদেব প্রতিমার মস্তকে হস্ত রাখিয়া ইষ্টদেবের ধ্যান করিতে করিতে সূক্ত সমূহ পাঠ করিবেন এবং আত্মতত্ত্বও ভগবদ্দাস আমি ভাবনা করিয়া মন্ত্রসমূহ পাঠ করিবেন ॥ ৬১৮ ॥

টীকা—সূক্তানি দেবব্রতাদীনি জপেৎ, আত্মতত্ত্বং 'ভগবদ্দাসোহস্মি' ইত্যেবং ধ্যাত্বা ॥ ৬১৮ ॥

———

তত্রৈব—

ততঃ স্থিরীকৃতস্যাস্য হস্তং দত্ত্বা তু মস্তকে ।
ধ্যাত্বা পরমসদ্ভাবং দেবদেবন্তু নিষ্কলম্ ॥ ৬১৯ ॥
দেবব্রতং তথা সাম রুদ্রসূক্তং তথা পঠেৎ ।
আত্মানমীশ্বরং ধ্যাত্বা নানাভরণভূষিতম্ ।
যস্য দেবস্য যদ্রূপং তদ্ধ্যানে সংস্মরেৎ সদা ॥৬২০

অনুবাদ—উক্ত গ্রন্থেই—অনন্তর শ্রীবিগ্রহকে স্থির-ভাবে স্থাপন করিয়া ইহার মস্তকে হস্ত দিয়া পরম-সদ্ভাব দেবদেব পরিপূর্ণ পুরুষকে ধ্যান করিয়া দেব-ব্রত সূক্ত, সেইরূপ সাম, রুদ্রসূক্ত পাঠ করিবেন, পরমাত্মা ঈশ্বরকে নানা অলঙ্কার ভূষিত যে দেবের যে রূপ তাঁহার ধ্যানে সর্ব্বদা সেই রূপ স্মরণ করি-বেন ॥ ৬১৯-৬২০ ॥

টীকা—আত্মানং সর্ব্বান্তর্য্যামিণম্ ॥ ৬২০ ॥

———

অথ মন্ত্রাশ্চ

তত্রৈব—

অতসীপুষ্পসঙ্কাশং শঙ্খচক্রগদাধরম্ ।
সংস্থাপয়ামি দেবেশং দেবো ভূত্বা জনার্দ্দনম্ ॥৬২১

অনুবাদ—অনন্তর মন্ত্রসমূহ, উক্ত গ্রন্থেই—অতসী পুষ্প সদৃশ শ্রীবিগ্রহের বর্ণ, শঙ্খ, চক্র, গদাধর দেব-দেব শ্রীহরি জনার্দ্দনকে সম্যক্‌ভাবে স্থাপন করি-তেছি, নিজকে তাঁহার দাস ভাবনা করিয়া ॥ ৬২১ ॥

টীকা—দেবঃ দেবস্যাধীনো দাস ইত্যর্থঃ ॥৬২১॥

———

কিঞ্চ—

বেদমন্ত্রাংস্তথা মন্ত্রান্ রুদ্রস্য স্থাপনে জপেৎ ।
বিষ্ণোস্তু বৈষ্ণবাংস্তদ্বদ্‌ব্রাহ্মাংশ্চ ব্রহ্মণো বুধঃ ॥৬২২
সৌরাঃ সূর্য্যস্য জপ্তব্যাস্তথান্যেষু তদাশ্রয়াঃ ।
বেদমন্ত্রপ্রতিষ্ঠা তু যস্মাদানন্দদায়িনী ॥ ৬২৩ ॥

অনুবাদ—আরও—রুদ্রদেবের স্থাপনের রুদ্র সম্বন্ধীয় বৈদিক মন্ত্র সমূহ জপ কর্ত্তব্য, বিষ্ণু-স্থাপনে বিষ্ণু সম্বন্ধীয় বৈদিকমন্ত্র সমূহ, ব্রহ্মস্থাপনে ব্রহ্মাসম্ব-ন্ধীয়, সূর্য্যদেবের স্থাপনে সৌরসূক্ত সমূহ জপ কর্ত্তব্য। সেইরূপ অন্য অন্য দেবস্থাপনে সেই সেই বৈদিকমন্ত্র সমূহ জপ সুধীব্যক্তির কর্ত্তব্য যেহেতু বেদমন্ত্র প্রতিষ্ঠা আনন্দদায়িনী ॥ ৬২২-৬২৩ ॥

টীকা—বেদমন্ত্রজপে হেতুমাহ—বেদেতি । অতো বৈদিকমন্ত্রপ্রধানৈরেব প্রতিষ্ঠা কার্য্যেতি ভাবঃ ॥৬২২-৬২৩ ॥

———

কিঞ্চ—

স্থাপয়েদ্‌যস্তু দেবেশং প্রধানন্তং প্রকল্পয়েৎ ।
তস্য পার্শ্বে স্থিতানন্যান্ স্মরেত্তৎ পরিবারবৎ ॥৬২৪

অনুবাদ—আরও—যিনি শ্রীহরিকে স্থাপন করি-বেন, তাঁহাকে প্রধান রূপে ভাবিবেন এবং তাঁহার পার্শ্বে অবস্থিত অন্য দেবগণকে তাঁহার পরিকর তদ-ধীন রূপে স্মরণ করিবেন ॥ ৬২৪ ॥

টীকা—পরিবারবৎ স্মরেৎ, পরিবারান্ জানীয়াৎ ॥ ৬২৪ ॥

———

হয়শীর্ষপঞ্চরাত্রে—

পঞ্চগব্যেন তং স্নাপ্য ক্ষাল্য গন্ধোদকেন তু ।
পূজয়েৎ সকলীকৃত্য সাঙ্গং সাবরণং হরিম্ ॥৬২৫॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—শ্রীবিগ্রহকে পঞ্চ-গব্য দ্বারা স্নান করাইয়া গন্ধচন্দনোদক দ্বারা প্রক্ষা-লন পূর্ব্বক সকলীকরণান্তে সাঙ্গ আবরণ সহ শ্রী-হরিকে পূজা করিবেন ॥ ৬২৫ ॥

টীকা—শ্রীহয়শীর্ষদেবেন চ 'সংস্থাপ্য পিণ্ডিকায়াং তু' ইতি পদ্যেন পিণ্ডিকায়াং স্থিরীকরণমুক্ত্বা তদনন্তর-কৃত্যং যদুক্তং, তল্লিখতি,—পঞ্চগব্যেত্যাদিনা । অন্যৎ সুগমম্ । তত্র ধ্যানাদাবর্থবিশেষশ্চ শ্রীভাগবতানাং হৃদয়বেদ্য এব ॥ ৬২৫ ॥

———

ধ্যায়েত্তং পরমাত্মানং নিষ্কলং নির্ম্মলং বিভুম্ ॥৬২৬

অনুবাদ—সেই পরমাত্মাকে পরিপূর্ণ বিশুদ্ধ সর্ব্ব-গতরূপে ধ্যান করিবে ॥ ৬২৬ ॥

গমনং তস্য মূর্ত্তিস্তু পৃথিবী তস্য পিণ্ডিকা।
কল্পয়েদ্বিগ্রহং তস্য তৈজসৈঃ পরমাণুভিঃ ॥ ৬২৭ ॥

অনুবাদ—গমন তাঁহার মূর্ত্তি, পৃথিবী তাঁহার পিণ্ডিকা, তাঁহার বিগ্রহকে তৈজস পরমাণু সকল দ্বারা গঠিত ভাবনা করিবে ॥ ৬২৭ ॥

তেজোময়ং ততো ধ্যায়েচ্ছঙ্খচক্রগদাধরম্।
মন্ত্রমূর্ত্তিং ততঃ কুর্য্যাৎ মূলমন্ত্রেণ বৈ হরিম্ ॥৬২৮

অনুবাদ—শঙ্খ, চক্র, গদাধরকে তেজোময় ধ্যান করিবে। মূলমন্ত্র দ্বারা শ্রীহরিকে মন্ত্রমূর্ত্তি রচনা করিবে ॥ ৬২৮ ॥

স্থিতে সতি স্থিতিন্যাসমাসীনে সৃষ্টিসংজ্ঞিতম্।
শয়িতে সংহৃতিন্যাসং যানস্থে সর্ব্বমেব চ ॥৬২৯॥
এবং ন্যাসবিধিং কৃত্বা ধ্যায়েদ্বিষ্ণুং সুরেশ্বরম্।
হৃত্তামরস-মধ্যস্থং সর্ব্বকর্ম্মৈকসাক্ষিণম্।
ক্ষেত্রজ্ঞং চিৎস্বভাবন্তমণীয়াংসমণোরপি ॥ ৬৩০ ॥
অদোষপরমর্ষ্যাদীন্ প্রতিমায়াং নিবেশয়েৎ।
সজীবকরণং কৃত্বা প্রণবেন নিরোধয়েৎ ॥ ৬৩১ ॥

অনুবাদ—বিশ্বের পালন কার্য্যে তাঁহার দণ্ডায়মান মূর্ত্তি, অবস্থান মূর্ত্তি তাঁহার সৃষ্টি কার্য্যে, সংহার কার্য্যে শয়নমূর্ত্তি এবং যানস্থ অবস্থায় সকল কার্য্য—এইরূপে ন্যাস বিধি করিয়া সুরেশ্বর বিষ্ণুকে ধ্যান করিবে। হৃদয়কমল মধ্যস্থ সর্ব্বকর্ম্মের একমাত্র সাক্ষি, ক্ষেত্রজ্ঞ চিৎস্বভাব, তাঁহাকে অণু হইতেও অণু, অদোষ পরম ঋষি আদিকে প্রতিমাতে নিবেশ করিবে। প্রাণ প্রতিষ্ঠা করিয়া প্রণব দ্বারা নিরোধ করিবে ॥৬২৯-৬৩১ ॥

সান্নিধ্যকরণার্থায় হৃদয়ং স্পৃশ্য দেশিকঃ।
পৌরুষন্তু জপেৎ সূক্তং ধ্যায়েদ্দেবং সুরেশ্বরম্ ॥৬৩২

অনুবাদ—আচার্য্য সান্নিধ্য করণ নিমিত্ত হৃদয় স্পর্শ করিয়া পৌরুষসূক্ত পাঠ করিবেন এবং সুরেশ্বর শ্রীহরিকে ধ্যান করিবে। ৬৩২ ॥

জপেত্তথাপরং মন্ত্রমিমং গুহ্যং সনাতনম্ ॥৬৩৩॥

অনুবাদ—সেইরূপ অন্য এই গোপনীয় সনাতন মন্ত্র জপ করিবেন ॥ ৬৩৩ ॥

ওঁ নমস্তুভ্যং সুরেশায় সন্তোষবিভবাত্মনে।
জ্ঞানবিজ্ঞানরূপায় ব্রহ্মতেজোঽনুশালিনে ॥ ৬৩৪ ॥

অনুবাদ—প্রণব সহ সুরেশ সন্তোষ বিভব স্বরূপ, জ্ঞান-বিজ্ঞান রূপ ব্রহ্মতেজ শালি তোমাকে নমস্কার ॥ ৬৩৪ ॥

গুণানুক্রান্তবেশায় পুরুষায় মহাত্মনে।
অক্ষয়ায় পুরাণায় বিষ্ণো সন্নিহিতো ভব ॥৬৩৫॥

অনুবাদ—গুণাতীতবেশ পুরুষ মহাত্মা অক্ষয় পুরাণ তোমাকে নমস্কার, হে বিষ্ণু! সন্নিহিত হও ॥ ৬৩৫ ॥

যচ্চ তে পরমং তত্ত্বং যচ্চ জ্ঞানময়ং বপুঃ।
তৎ সর্ব্বমেকতো লীনমস্মিন্ দেহে বিবুধ্যতাম্ ॥৬৩৬

অনুবাদ—যে তোমার পরমতত্ত্ব, যে তোমার জ্ঞানময় বিগ্রহ সেই সকল একত্র এই বিগ্রহে লীন আছেন, বিশেষ জ্ঞান করিবে ॥ ৬৩৬ ॥

অনেন সন্নিধীকৃত্য দেবং দেবারিসূদনম্।
ব্রহ্মাদিপরিবারাংস্তু স্বনাম্না স্থাপয়েৎ পৃথক্ ॥৬৩৭॥

অনুবাদ—দেবারিসূদন দেবকে এই ভাবে সন্নিধী করিয়া ব্রহ্মাদি পরিকরগণকে তাহাদের নিজ নিজ নামে পৃথক্ স্থাপন করিবে ॥ ৬৩৭ ॥

আয়ুধান্যস্য মন্ত্রৈস্তু নমোঽন্তৈঃ স্থাপয়েদ্‌বুধঃ।
ততঃ সন্দর্শয়েৎ পশ্চাৎ স্বকাং মুদ্রাং পৃথক্ পৃথক্।
সান্নিধ্যন্তু পৃথক্ কুর্য্যাৎ প্রণবেন প্লুতেন তু ॥৬৩৮॥

অনুবাদ—শ্রীহরির শঙ্খ, চক্রাদি অস্ত্রসমূহকে অভিজ্ঞ ব্যক্তি তাহাদের নামের অন্তে নমো যুক্ত করিয়া স্থাপন করিবে। অনন্তর নিজ নিজ মুদ্রা পৃথক্ পৃথক্ প্রদর্শন করিবে। পৃথক্ ভাবে সান্নিধ্য করিবে অতি উচ্চস্বরে প্রণব পাঠ দ্বারা ॥ ৬৩৮ ॥

অথ মহাপূজা

কৃষ্ণে ন্যস্য গুরুশ্চিত্তং মন্ত্রৈরাবাহনাদিকম্।
কৃত্বা তু স্নাপয়েদ্‌গীতাদিনা পঞ্চামৃতাদিভিঃ ॥৬৩৯॥

অনুবাদ—অনন্তর মহাপূজা—শ্রীগুরুদেব শ্রীকৃষ্ণে চিত্ত অভিনিবিষ্ট করিয়া মন্ত্রদ্বারা আবাহনাদি করিয়া পঞ্চামৃতাদি দ্বারা গীতবাদ্যাদিসহ স্নান করাইবেন ॥ ৬৩৯ ॥

টীকা—মন্ত্রৈরগ্রে লেখ্যৈঃ—ওঁ আগচ্ছেত্যাদিভিঃ, অন্যৈশ্চোপযুক্তৈরাবাহনম্। আদি-শব্দেন ধ্যানাদি চ কৃত্বা। গীতেন, আদি-শব্দাৎ নৃত্যবেদঘোষাদিনা চ। ইত্যাদি সর্ব্বমগ্রে ব্যক্তং ভাব্যেব ॥ ৬৩৯ ॥

তথা চ ভবিষ্যে—
পশ্চাদাবাহনং কুর্য্যাদ্দেবদেবস্য শার্ঙ্গিণঃ।
ধ্যাত্বা পরমসদ্ভাবং চতুর্ব্ব্যূহং চতুর্ভুজম্ ॥ ৬৪০ ॥

অনুবাদ—ঐ রূপই ভবিষ্যপুরাণে—পরমসদ্ভাব চতুর্ব্ব্যূহ চতুর্ভুজ মূর্ত্তির ধ্যান করিয়া পরে শার্ঙ্গধারী দেবদেব শ্রীহরির আবাহন করিবে ॥ ৬৪০ ॥

তত্র সন্ধায় চিত্তং তু নিশ্চলং কুরুনন্দন।
আবাহনং ততঃ কুর্য্যান্মুনিভির্মন্ত্রসংযুতৈঃ ॥ ৬৪১ ॥

অনুবাদ—হে কুরুনন্দন! তাঁহাতে নিশ্চলভাবে চিত্ত অভিনিবেশ করিয়া মন্ত্রযুক্ত মুনিগণ সহ অনন্তর আবাহন করিবে ॥ ৬৪১ ॥

তত্র মন্ত্রাঃ

ওঁ আগচ্ছাগচ্ছ ভগবন্ননুগ্রাহয় জনার্দ্দন।
শাশ্বতঃ পুরুষঃ পূজাং প্রতিগৃহ্ণাতু নমো নমঃ ॥৬৪২

অনুবাদ—আবাহন মন্ত্র—হে জনার্দ্দন! হে ভগবন্ আমাদের প্রতি অনুগ্রহের জন্য আগমন করুন! শাশ্বত পুরুষ পূজা গ্রহণ করুন, তোমাকে নমস্কার ॥ ৬৪২ ॥

ওঁ স্বাগতং ভগবতে সগণায় সপরিবারায়।
প্রতিগৃহ্ণাতু ভগবান্ মন্ত্রপূতমিদমর্ঘ্যং পাদ্যমাচমনীয়ং চৈতদাসনং ব্রহ্মণা বিহিতং স্বয়ম্ ॥ ৬৪৩ ॥

অনুবাদ—হে ভগবন্ স্বাগত হউন, সগণ সপরিবার মন্ত্রপূত এই অর্ঘ্য, পাদ্য, আচমনীয় ও এই আসন গ্রহণ করুন, স্বয়ং ব্রহ্মা এই বিধান করিয়াছেন ॥ ৬৪৩ ॥

মাৎস্যে—
ততঃ পুণ্যাহঘোষেণ ব্রহ্মঘোষৈশ্চ পুষ্কলৈঃ।
স্নাপয়ীত ততো দেবং দধিক্ষীরঘৃতেন চ।
মধুশর্করয়া তদ্বৎ পুণ্যগন্ধোদকেন তু ॥ ৬৪৪ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—অনন্তর শ্রীহরিকে পুণ্যাহবাচন, বেদধ্বনি পরিপূর্ণ গীতবাদ্যাদি ধ্বনিসহ দধি, দুগ্ধ, ঘৃত, মধু, শর্করাযুক্ত পঞ্চামৃত দ্বারা, সেইরূপ পবিত্র চন্দন, গন্ধ জল দ্বারা স্নান করাইতে হইবে ॥ ৬৪৪।

টীকা—ততঃ স্থাপনানন্তরম্, অত্র চ স্নপনানন্তরং কেষাঞ্চিন্মতমিদম্—'ওঁ যজ্জাগ্রতো দূরম্' ইত্যাদিমন্ত্রান্ জপ্ত্বা ত্রিকৃত্বো মূলে মধ্যে শিরসি পুনর্দেবমভিস্পৃশেৎ, সর্ব্বাসু প্রতিষ্ঠাসু এতান্ মন্ত্রান্ জপ্ত্বা পুনঃ পুনরিতি পূর্ব্বলিখিত-মাৎস্যবচনাৎ। ততো দেবাগ্রেঽগ্নিমাধায় পরিস্তীর্য্য গায়ত্র্যা বৈষ্ণবেন চ মন্ত্রেণ চতসৃভিরাহুতিভিরেকৈকং জাতকর্ম্মনামকরণনিষ্ক্রমণান্নপ্রাশন-চূড়াকরণোপনয়নাদিকাং ক্রিয়াং কুর্য্যাৎ। ততশ্চতুর্দিক্ষু 'ওঁ ত্রাতারম্' ইত্যাদি-চতুর্মন্ত্রৈঃ ক্রমেণাজ্যাহুতিং দত্ত্বা বিধিবৎ যাগং কৃত্বা স্বিষ্টিকৃতং জুহুয়াৎ ॥ ৬৪৪ ॥

কৃত্বাথোদ্বর্ত্তনং দত্ত্বা বস্ত্রাদি বিধিবদ্বুধঃ ।
নত্বা প্রদক্ষিণীকৃত্য স্তুত্বা চাভ্যর্থয়েৎ প্রভুম্ ॥৬৪৫॥

অনুবাদ—অনন্তর উদ্বর্ত্তন দিয়া অভিজ্ঞ ব্যক্তি বিধিবৎ বস্ত্রাদি দিয়া প্রণাম করিয়া প্রদক্ষিণ ও স্তবাদি করিয়া শ্রীহরিকে অভ্যর্থনা করিবে ॥ ৬৪৫ ॥

টীকা—অথ পঞ্চামৃতাদি স্নপনানন্তরং দেবস্যোদ্বর্ত্তনং সুগন্ধিচূর্ণৈঃ কৃত্বা, বস্ত্রং, আদি-শব্দাৎ গন্ধপুষ্পাদি। বিধিবদ্বুধ ইতি—যথা যেন মন্ত্রেণ যদ্দাতুমুপযুজ্যতে, তথা তেন তদ্দত্ত্বেত্যর্থঃ। এবমগ্রেঽপি বোদ্ধব্যং; স্তুত্যর্চ্চনয়োঃ প্রকারবিশেষশ্চাগ্রে ব্যক্তো ভাবী ॥ ৬৪৫ ॥

ভবিষ্যে—
ততঃ পূজাং প্রকুর্ব্বীত সংহিতোক্তান্তু মন্ত্রবিৎ ।
চন্দনাগুরুকর্পূর-কুঙ্কুমাদ্যৈশ্চ লেপয়েৎ ॥ ৬৪৬ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—তৎপরে পূজা করিবেন, সংহিতাবিধি অনুসারে মন্ত্রবিৎ চন্দন, অগুরু, কর্পূর, কুঙ্কুম আদিও লেপন করিবেন ॥ ৬৪৬ ॥

নারায়ণেতি মন্ত্রেণ বস্ত্রৈর্ধূপৈশ্চ যোজয়েৎ ।
এবং সুপূজিতং কৃত্বা দেবদেবং জনার্দ্দনম্ ।
প্রণম্য দণ্ডবদ্ভূমৌ শনৈর্গচ্ছেৎ প্রদক্ষিণম্ ॥ ৬৪৭ ॥

অনুবাদ—অষ্টাক্ষর নারায়ণ মন্ত্রের সহিত বস্ত্র ও ধূপাদি যোজনা করিবে এবং উত্তমরূপে পূজা করিয়া দেবদেব জনার্দ্দনকে ভূমিতে দণ্ডবৎ প্রণাম করিয়া ধীরে প্রদক্ষিণ করিবে ॥ ৬৪৭ ॥

পুনরাগত্য পুরতো বিজ্ঞপ্যো জনার্দ্দনঃ ।
সুকৃতং দুষ্কৃতং বাপি জ্ঞানতোঽজ্ঞানতোঽপি বা ।
তৎ সর্ব্বমাত্মনা সার্দ্ধং ময়া তুভ্যং নিবেদিতম্ ॥৬৪৮

অনুবাদ—পুনরায় সম্মুখে আসিয়া শ্রীজনার্দ্দনকে বিজ্ঞাপন করিবে, জ্ঞানত বা অজ্ঞানতঃ সুকৃত বা দুষ্কৃত যাহা করিয়াছি সেই সকল আত্মার সহিত আমি আপনাকে নিবেদন করিলাম ॥ ৬৪৮ ॥

কিঞ্চ—
শান্তিং ভবন্ কুরুষ্ব লোকনাথো
রাজ্ঞশ্চ রাষ্ট্রস্য চ ব্রাহ্মণানাম্ ।
সবালবৃদ্ধস্য গবাঞ্চ শান্তিং
কন্যাসু সর্ব্বাসু পতিব্রতাসু ॥ ৬৪৯ ॥

অনুবাদ—আরও—আপনি লোকনাথ শান্তি বিধান করুন, রাজার রাজ্যের ব্রাহ্মণগণের, বালক ও বৃদ্ধগণের, গাভীগণের, কন্যাগণের, পতিব্রতা সকলের শান্তি করুন ॥ ৬৪৯ ॥

নশ্যন্তু রোগা অথ ঈতয়শ্চ
ভবন্তু সর্ব্বে সুখিতাশ্চ ভূতাং
শাকেষু ব্রীহিষ্বথ কর্ষকাণাং
সুভিক্ষকালং কুরু পদ্মনাভ ॥ ৬৫০ ॥

অনুবাদ—রোগ সকল ও ঈতি সকল নাশ হউক, প্রাণিগণ সকলে সুখী হউক, কৃষকদের শাক ও শস্য সমূহের হে পদ্মনাভ! সুভিক্ষকাল করুন ॥ ৬৫০ ॥

হয়শীর্ষে—
কৃত্বাষ্টাঙ্গনমস্কারং প্রণম্যাঞ্জলিমুদ্রয়া ।
সান্নিধ্যকরণাচ্চ ঋত্বিগ্ভিঃ সহিতো গুরুঃ ॥৬৫১॥
স্তুয়াদুপনিষন্মন্ত্রৈর্ঋগ্যজুঃসামসম্ভবৈঃ ।
আবশ্যকং পঠেৎ সর্ব্বং পঞ্চোপনিষদস্তথা ।
স্তুত্বা স্তোত্রৈশ্চ পৌরাণৈর্জপেদষ্টাক্ষরং ততঃ ॥৬৫২॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—অষ্টাঙ্গ প্রণাম করিয়া করযোড়ে অঞ্জলিমুদ্রার সহিত নমস্কার পূর্ব্বক ঋত্বিকগণের সহিত শ্রীগুরুদেব সান্নিধ্যকরণ হেতু স্তব করিবেন—উপনিষদ্ মন্ত্র দ্বারা এবং ঋক্, যজুঃ ও সামবেদোক্ত মন্ত্রসমূহ দ্বারা। আবশ্যকমত পঞ্চোপনিষৎ সমগ্র পাঠ করিবেন। পুরাণোক্ত স্তোত্র সমূহ দ্বারা স্তব করিয়া তৎপরে অষ্টাক্ষর মন্ত্র জপ করিবেন ॥ ৬৫১-৬৫২ ॥

টীকা—শ্রীহয়শীর্ষদেবেন চ পিণ্ডিকায়াং দেবস্য স্থাপনানন্তরং পঞ্চগব্যাদিস্নপনং ধ্যানাদিকং সন্নিধীকরণং চোক্ত্বা পরিবারস্থাপনানন্তরং ভগবৎসান্নিধ্যলক্ষণান্যুক্ত্বা ততঃ প্রণামাদিকমুক্তম্। তত্র চ স্নপনাদি-

সন্নিধীকরণান্তং পূর্ব্বং লিখিতমেব, ইদানীং চাত্র প্রণামাদিপ্রসঙ্গে সান্নিধ্যলক্ষণান্যলিখিত্বা তদুক্তং প্রণামাদিকমেবাদৌ লিখতি—কৃত্বেত্যাদিনা, সান্নিধ্যকরণাদথ অনন্তরঞ্চ ॥ ৬৫১ ॥

টীকা—আবশ্যকং নিত্যপাঠ্যং, প্রতিষ্ঠায়ামবশ্যং পঠনীয়ং বা পুরুষসূক্তাদি। অন্যৎ সুগমম্ ॥৬৫২॥

জপ্ত্বাষ্টাক্ষরমন্ত্রং তু নির্গত্য দ্বারসংস্থিতৌ।
চণ্ডপ্রচণ্ডৌ দ্বারস্থৌ নির্গত্যাভ্যর্চ্চয়েদ্‌গুরুঃ ॥৬৫৩॥

অনুবাদ—অষ্টাক্ষর মন্ত্র জপ করিয়া শ্রীগুরুদেব বাহিরে আসিয়া দ্বারদেশে অবস্থিত চণ্ড প্রচণ্ড দ্বারপালদ্বয়কে অর্চ্চন করিবেন ॥ ৬৫৩ ॥

অগ্রমণ্ডপমাসাদ্য গরুড়ং স্থাপ্য পূজয়েৎ।
দিগীশানথ দিগ্‌দেবান্ স্থাপ্য সম্পূজ্যদেশিকঃ ॥৬৫৪
বিষ্বক্‌সেনন্তু সংস্থাপ্য মূলমন্ত্রেণ পূজয়েৎ।
তথা শঙ্খঞ্চ চক্রঞ্চ পূজয়েন্মন্ত্রবিত্তমঃ।
বিষ্ণুপার্ষদ-দেবাংশ্চ সর্ব্বেভ্যো বলিমাহরেৎ ॥৬৫৫॥

অনুবাদ—অগ্রমণ্ডপে আসিয়া গরুড়কে স্থাপনা করিয়া পূজা করিবেন। আচার্য্য দিক্‌পতি ও দিক্‌দেবগণকে স্থাপন ও পূজন করিয়া মূল মন্ত্রে পূজা করিবেন। সেইরূপ মন্ত্রবিৎ শ্রেষ্ঠ শঙ্খ ও চক্রকে পূজা করিবেন। বিষ্ণুপার্ষদ দেবগণকেও উপহার প্রদান করিবেন ॥ ৬৫৪-৬৫৫ ॥

এবং কৃত্বা গুরুঃ সম্যক্ শুক্লাম্বরধরঃ শুচিঃ।
শতমষ্টোত্তরং জপ্ত্বা দেবং তমভিবাদয়েৎ ॥৬৫৬॥

অনুবাদ—শ্রীগুরুদেব এইভাবে সম্পূর্ণ পূজাদি করিয়া শুক্লবস্ত্র ধারণ পূর্ব্বক পবিত্র হইয়া অষ্টোত্তর শত জপ করিয়া শ্রীহরিকে অভিবাদন করিবেন ॥ ৬৫৬ ॥

প্রণামমুদ্রয়া পশ্চাদষ্টাঙ্গং প্রণিপত্য চ।
নৃত্যং গীতঞ্চ বাদ্যঞ্চ নাট্যঞ্চাপি প্রকারয়েৎ ॥ ইতি ॥ ৬৫৭ ॥

অনুবাদ—পরে প্রণাম মুদ্রাসহ অষ্টাঙ্গ প্রণিপাত করিয়া নৃত্যগীত, বাদ্য ও নাট্য প্রদর্শন করাইবেন ॥ ৬৫৭ ॥

যদ্বা স্থাপনতঃ পশ্চাৎ বর্ণাদিস্নপনং প্রভোঃ।
ধ্যানং জপাঙ্গালভনং পূজাথাবরণার্চ্চনম্ ॥৬৫৮॥

অনুবাদ—অথবা শ্রীমূর্ত্তি স্থাপনের পর শ্রীহরির বর্ণাদিস্নপন, ধ্যান, জপ, অঙ্গস্পর্শ, পূজা তৎপরে আবরণ পূজা করিবেন ॥ ৬৫৮ ॥

টীকা—এবঞ্চ স্থাপনানন্তরমাদৌ দ্বাদশাক্ষরজপঃ, ততো মন্ত্রৈঃ শ্রীমদঙ্গালভনং, তত্রৈব কিঞ্চিদ্ধ্যানং, তন্মন্ত্রজপবিশেষঃ, তত্রৈব ধ্যানবিশেষশ্চ, ততো হয়শীর্ষদেবোক্তপূজাদি চ, ততঃ পুনর্মহাপূজায়াং ধ্যানাদ্যাবাহনাদি, পঞ্চামৃতাদিস্নপনং, বস্ত্রাদিসমর্পণং, ততঃ প্রণামাদি চ লিখিতম্। ইত্থং বারংবারং জপধ্যানপূজাদিকং প্রাপ্তম্। তত্র চ মাৎস্যে—'ততঃ স্থিরীকৃতস্যাস্য' ইত্যাদিনা স্থাপনানন্তরং দেবমূর্দ্ধ্নি হস্তন্যাসপূর্ব্বকং ধ্যানমুক্তং, ততো দেবব্রতাদিসূক্তানাং মন্ত্রাণাং চ পাঠঃ ততো পঞ্চমৃতাদি-স্নপনং, ততো মন্ত্রৈঃ শ্রীমদঙ্গালভনম্। ভবিষ্যে চ—'স্থিতমাত্রং সুবর্ণ-ইত্যাদিনা স্থাপনানন্তরং সুবর্ণাদিস্নপনং, ততো দ্বাদশাক্ষরজপঃ, ততো বৈদিকষড়্‌মন্ত্রৈঃ শ্রীমদঙ্গালভনম্। আবাহনাদিনা পূজনন্তু স্থাপনাৎ পূর্ব্বমেবোক্তম্। কেবলমন্তে স্নপনবিধ্যুক্তানন্তরং, 'ততঃ পূজাং প্রকুর্ব্বীত' ইত্যাদিনা পূজানমস্কারাদিমুক্তম্। হয়শীর্ষপঞ্চরাত্রে চ—'পঞ্চগব্যেন তং স্নাপ্য' ইত্যাদিনা স্থাপনানন্তরং স্নপনং, সকলীকরণপূর্ব্বকং পূজনং, ধ্যানং, ন্যাসজপাদিনা সন্নিধীকরণং চোক্তম্, এবং জপধ্যানপূজাদৌ পৌনঃপুন্যং ক্রিয়ালাঘবং চালোচ্য পূর্ব্বলিখিতং কেষাঞ্চিৎ পদ্ধতিকারাণাং সম্মতং পক্ষং নিরস্য পক্ষান্তরং লিখতি—যদ্বেতি। অথ দেবপূজানন্তরম্, আবরণানাং ব্রহ্মাদিপরিবারাণামর্চ্চনম্। তত্র চ ভবিষ্যোক্তানুসারেণ স্থাপনানন্তরং স্বর্ণাদিস্নপনম্। ততো মাৎস্যোক্তানুসারেণ ধ্যানং, ততশ্চ তদ্দ্বয়োক্তানুসারেণ মন্ত্রজপঃ, মন্ত্রৈঃ শ্রীমদঙ্গালভনঞ্চ। ততশ্চ ভবিষ্যে স্নপনবিধ্যন্তোক্তানুসারেণ শ্রীহয়শীর্ষদেবোক্তানুসারেণ চ আবাহনাদিনা সকলীকরণাদিনা

চ পূজনম্। ততো মৎস্যহয়শীর্ষোক্তানুসারেণ পরিবারপূজনমিত্যেবমপৌনঃপুন্যং জ্ঞেয়ম্ ॥ ৬৫৮ ॥

যদ্বাঽঙ্গালভনাৎ পশ্চাৎ সকলীকরণাদিকম্।
কুর্য্যাৎ শ্রীহয়শীর্ষোক্তং পরিবারার্চ্চনং তথা ॥৬৫৯

অনুবাদ—অথবা—অঙ্গস্পর্শের পরে সকলীকরণাদি করিবেন এবং শ্রীহয়শীর্ষোক্ত পরিকরার্চ্চন করিবেন ॥ ৬৫৯ ॥

টীকা—এবং শ্রীমদঙ্গালভনানন্তরং পূজা লিখিতা। তত্র চ মাৎস্যে, ভবিষ্যে চ স্থপনানন্তরং শ্রীমদঙ্গালভনমেবোক্তং ন চ পূজনম্। শ্রীমদঙ্গালভনানন্তরং চ মাৎস্যে আচার্য্যাদি-পূজনমুক্ত্বা 'ততস্তু মধুনা দেবং প্রথমেঽহনি লেপয়েৎ' ইত্যাদিনা দিনান্তরকৃত্যমেবোক্তম্, ভবিষ্যে চ দিনান্তরকৃত্যমেব। হয়শীর্ষপঞ্চরাত্রেঽপি পূজনং ধূপদীপনৈবেদ্যাদিসমর্পণেন বিশেষতো বিবিচ্য নোক্তং, কিন্তু কেবলং পূজয়েদিত্যেবোক্তং, পশ্চাচ্চ সকলীকরণাদিসন্নিধীকরণান্তমাত্রকৃত্যমুক্তম্। সান্নিধ্যলক্ষণোক্ত্যনন্তরং চ প্রণামাদিকমেব ইত্যেবং বিচার্য্য মহাপূজা-শব্দোল্লিখিতং পূজাবিশেষং ত্যাজয়ন্নিব পূর্ব্বলিখিতপক্ষ এব পক্ষান্তরং লিখতি—যদ্বেতি। সকলীকরণম্, আদিশব্দাৎ ধ্যায়েত্তং পরমাত্মানম্' ইত্যাদিনা পঞ্চরাত্রোক্তানি ধ্যানন্যাসজপসন্নিধীকরণানি চ। ননু মৎস্যভবিষ্যপুরাণয়োঃ শ্রীমদঙ্গালভনান্তরং তৎ কিঞ্চিন্নাস্তি, তত্র লিখতি—হয়শীর্ষোক্তমিতি। অতো মাৎস্যভবিষ্যোক্তমতিক্রম্য শ্রীহয়শীর্ষদেবোক্তানুসারেণ, এবং সর্ব্বত্র প্রায়ো ব্যবহর্ত্তব্যমিতি ভাবঃ। মাৎস্যে শ্রীরুদ্রস্য প্রতিষ্ঠাপ্রাধান্যাৎ, ভবিষ্যে সংক্ষেপোক্তেরিতি দিক্। এতচ্চাগ্রে স্বয়মেব ব্যক্তং লেখ্যম্। ততঃ সন্নিধীকরণানন্তরমেব পরিবারাণামর্চ্চনমিতি সমানমেব ॥ ৬৫৯ ॥

অথ তত্র শ্রীভগবৎসান্নিধ্যলক্ষণানি

হয়শীর্ষে—

তস্মিন্নেব মুহূর্ত্তে তু হর্ষো বাভয়মেব চ।
চক্ষুর্ভ্রমো বিভ্রমো বা ত্রাসো বা জায়তে যদি ॥৬৬০
ব্যামোহঃ পরমোহো বা স্তনিতং পরমং তথা।
অশ্রুতানাং শ্রুতির্ব্বা স্যাদ্‌গাত্রাণাং বাথ বেপথুঃ ॥ ৬৬১ ॥
বৈরাগ্যং নেত্রয়োর্ব্বা স্যাদ্দর্পঃ কন্দর্পঃ এব বা।
পরমো বিস্ময়ো বাথ দিব্যা বা শ্রূয়তে ধ্বনিঃ ॥৬৬২
দিব্যবাদিত্রঘোষো বা গন্ধর্ব্বনগরস্য বা।
দর্শনং জায়তে কালে তস্মিন্ সুরগণার্চ্চিতে ॥৬৬৩॥

অনুবাদ—অনন্তর শ্রীবিগ্রহে শ্রীভগবৎ সান্নিধ্য লক্ষণ সমূহ, হয়শীর্ষ পঞ্চরাত্রে—ঐ মুহূর্ত্তেই হর্ষ, অভয়, চক্ষুভ্রম, বিভ্রম বা ভয় যদি হয়, অথবা—অতিশয় মুগ্ধতা, মূর্চ্ছা, ভীষণ মেঘগর্জ্জন সেইরূপ অশ্রুত বস্তুর শ্রবণ, গাত্রকম্প, নয়নের দৃষ্টি ফিরে আসা, দর্প, কন্দর্প বা পরম বিস্ময়, দিব্যধ্বনি শ্রবণ, দিব্যধ্বনি, নৃত্য, গীত, বাদ্যধ্বনি, গন্ধর্ব্ব নগর দর্শন হয়, সেইকালে শ্রীহরির সান্নিধ্য ॥ ৬৬০-৬৬৩ ॥

টীকা—অভয়ং ভয়াভাবঃ, চক্ষুষো ভ্রমঃ অন্যস্মিন্নন্যদর্শনং, বিভ্রমো ভ্রান্তিবিশেষঃ ॥ ৬৬০ ॥

টীকা—ব্যামোহো মৌঢ্যবিশেষঃ। পরমোহো মূর্চ্ছা ॥ ৬৬১ ॥

টীকা—নেত্রয়োর্বৈরাগ্যং বৈবর্ণ্যদর্শনে নির্ব্বেদো বা ॥ ৬৬২ ॥

টীকা—তস্মিন্ কালে স্থাপনসময়ে ॥ ৬৬৩ ॥

নরা নার্য্যোঽথ দৃশ্যন্তে গায়ন্ত্যোঽপ্যথ হর্ষিতাঃ।
নন্দিতূর্য্যরবো বাপি শ্রূয়তে ছন্দসাং ধ্বনিঃ ॥৬৬৪॥

অনুবাদ—নরনারীগণ দর্শন করে, আনন্দিত হইয়া গান করিতে থাকে। মহাদেবের নন্দিঘোষধ্বনি, তূরীধ্বনি অথবা বেদধ্বনি শ্রুত হয় ॥ ৬৬৪ ॥

দিব্যগন্ধা রসা বাপি একস্যাপি ভবন্তি হি।
লিঙ্গৈরেতৈর্বিজানীয়াত্তত্র সন্নিহিতং হরিম্ ॥৬৬৫॥

অনুবাদ—দিব্যগন্ধ সমূহ, দিব্যরস সমূহ একজনেরও বোধ হয়, এই সকল চিহ্নদ্বারা জানিবে প্রতিমাতে শ্রীহরি সন্নিহিত হইয়াছেন ॥ ৬৬৫ ॥

টীকা—একস্যৈব দ্রব্যস্য দিব্যা বহবো গন্ধা রসা

বা ভবন্তি যদি। তত্র প্রাসাদে, তস্যাং বা প্রতিমায়াম্। অন্যৎ সুগমম্ ॥ ৬৬৫ ॥

প্রভাবৈরবিশেষেণ জলন্তীব চ দৃশ্যতে।
স্ফুরন্তীব চ দৃশ্যেত প্রতিমা চ বিশেষতঃ ॥৬৬৬॥

অনুবাদ—স্বাভাবিক ভাবে প্রতিমা প্রভাবে উজ্জ্বল দৃষ্ট হয়, বিশেষতঃ প্রতিমা হইতে জ্যোতিঃ স্ফুরিত হইতেছে দৃষ্ট হয় ॥ ৬৬৬ ॥

স্ফুরন্নিব জনঃ কশ্চিৎ স্ময়মান ইব কৃচিৎ।
বীক্ষ্যমাণো জনস্তত্র প্রহৃষ্ট ইব লক্ষ্যতে।
এতৈস্তু লক্ষণৈর্জ্ঞেয়স্তত্র সন্নিহিতো হরিঃ ॥৬৬৭॥

অনুবাদ—কোন ব্যক্তিকে স্ফূর্তিশীল দেখাইলে, কাহাকেও বিস্ময়াবিষ্ট বা কোন দর্শনকারী ব্যক্তিকে সেখানে অতিহৃষ্ট দেখাইলে—এই সকল লক্ষণ দ্বারা জানিবে প্রতিমাতে শ্রীহরি সন্নিহিত হইয়াছেন ॥৬৬৭

বিশেষাদথবা পশ্যেচ্ছক্রচাপোপমং কৃচিৎ।
ছবিং বজ্রপ্রভাং পশ্যেৎ পদ্মরাগপ্রভাং তথা ॥৬৬৮॥
সৌদামিনীপ্রভাং পশ্যেৎ প্রতিমায়াং কৃচিদ্ যদি।
এতৈর্লিঙ্গৈস্তু বোদ্ধব্যস্তত্র সন্নিহিতো হরিঃ ॥ ৬৬৯ ॥

অনুবাদ—অথবা বিশেষ ভাবে কোথাও ইন্দ্র-ধনুর মত ছবি দর্শন করে। অথবা—বজ্রপ্রভা বা পদ্মরাগ প্রভা দর্শন করে, বিদ্যুৎ প্রভা কেহ প্রতিমাতে যদি কখন দর্শন করে, এই সকল চিহ্নদ্বারা জানিবে প্রতিমাতে শ্রীহরি সন্নিহিত হইয়াছেন ॥ ৬৬৮-৬৬৯॥

বধিরা ইব কেচিত্তু মূকা ইব তথাপরে।
বিভ্রান্তা ইব কেচিচ্চ জড়া ইব তথাপরে ॥ ৬৭০ ॥
ধাবন্ত ইব কেচিত্তু পতন্ত ইব চাপরে।
নৃত্যন্ত ইব চাপ্যন্যে মত্তা ইব তথা যদি ॥ ৬৭১ ॥
চিত্রস্থা ইব কেচিত্তু বিবশা ইব কেচন।
ভবন্তি তত্র চোন্মত্তাঃ প্রমত্তা ইব চাপরে।
লিঙ্গৈরেতৈস্তু বোদ্ধব্যস্তত্র সন্নিহিতো হরিঃ ॥ ৬৭২ ॥

অনুবাদ—কেহ কেহ বধিরের ন্যায়, অন্যে সেবার ন্যায় কেহ, বিভ্রান্তের ন্যায় কেহ, কেহ জড়বৎ, কেহ কেহ ধাবিতের ন্যায়, অপরে পতিতের ন্যায়, কেহ কেহ নৃত্যশীল, সেইরূপ কেহ কেহ মত্তবৎ, কেহ কেহ ছবির মত অচল, কেহ কেহ বিবশের ন্যায়, সেস্থলে কেহ কেহ উন্মত্তের ন্যায়, কেহ প্রমত্তের দৃষ্ট হয়, এই সকল চিহ্ন দ্বারা জানিবে প্রতিমাতে শ্রীহরি সন্নিহিত হইয়াছেন ॥ ৬৭০-৬৭২ ॥

আচার্য্যাদি-সম্মাননম্

সম্মানয়েদথাচার্য্যং শক্ত্যা বস্ত্রাদিনা ততঃ।
মূর্ত্তিপাংশ্চাপরান্ বিপ্রান্ বৈষ্ণবাংশ্চাপরানপি ॥৬৭৩

অনুবাদ—অনন্তর আচার্য্যাদি সম্মানন—অনন্তর বস্ত্রাদিদ্বারা আচার্য্যকে যথাশক্তি সম্মান করিবে, তৎপরে মূর্ত্তিরক্ষক ও অপর বিপ্রগণকে এবং বৈষ্ণবগণকেও সম্মান করিবে ॥ ৬৭৩ ॥

টীকা—শক্ত্যা স্বশক্ত্যনুসারেণ যথাবিভবমিত্যর্থঃ। অপরান্ দীনান্ধাদীনপি তত্রাগতান্ ॥ ৬৭৩ ॥

মাৎস্যে—
স্থাপিতে তু ততো দেবে যজমানঃ সমূর্ত্তিপম্।
আচার্য্যং পূজয়েদ্ভক্ত্যা বস্ত্রালঙ্কারভূষণৈঃ।
দীনান্ধকৃপণাংস্তদ্বদ্‌যে চান্যে সমুপস্থিতাঃ ॥৬৭৪॥

অনুবাদ—মৎস্যপুরাণে—শ্রীবিগ্রহ স্থাপন সুসম্পন্ন হইলে পর যজমান মূর্ত্তিরক্ষকগণের সহিত আচার্য্যকে ভক্তিসহ পূর্ব্বক বস্ত্র ও অলঙ্কারাদিসহ পূজা করিবেন। সেইরূপ অনুষ্ঠানে আগত অন্য দীন, অন্ধ, কৃপণ ও অন্ত্যজাদিকেও সম্মানিত করিবেন ॥ ৬৭৪ ॥

টীকা—দীনা দরিদ্রাঃ, কৃপণা রাগাদি দুঃখিতাঃ, যে চান্যেঽন্ত্যজাদয়স্তানপি ॥ ৬৭৪ ॥

ভবিষ্যে—
ততঃ সম্পূজয়েদ্ভক্ত্যা স্থাপকং বিধিবন্নৃপ।
ভূমিদানাদিভির্দানৈর্গোদানৈশ্চ মহীপতে।
যথা স তুষ্যতে রাজংস্তথা কার্য্যং প্রযত্নতঃ ॥৬৭৫॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—হে রাজন্‌! ভক্তি-পূর্ব্বক বিধিবৎ স্থাপককে পূজা করিবেন। হে মহীপতে! ভূমিদান ও গোদানাদি দ্বারা যাহাতে তিনি সন্তুষ্ট হন, সেই ভাবে প্রযত্ন করিবে ॥ ৬৭৫ ॥

টীকা—ভবিষ্যে চ সর্ব্বান্তে প্রোক্তমপ্যাচার্য্যাদি-সম্মাননং যথাপ্রসঙ্গমত্রৈব লিখতি—তত ইতি ত্রিভিঃ ॥ ৬৭৫ ॥

যথাশক্ত্যনুসারেণ পূজ্যাশ্চাপি দ্বিজাতয়ঃ।
দীনান্ধকৃপণানাঞ্চ পূজা কার্য্যা প্রযত্নতঃ।
গণাংশ্চ নর্ত্তকাংশ্চৈব যথাশক্তি প্রপূজয়েৎ ॥৬৭৬॥

অনুবাদ—শক্তি অনুসারে দ্বিজাতিগণকে পূজা করিবে। যত্নসহ দরিদ্র, অন্ধ, কৃপণ ব্যক্তিগণকে সম্মান কর্ত্তব্য, যথাশক্তি গায়ক, নর্ত্তকগণকে সম্মান করিবেন ॥ ৬৭৬ ॥

হয়শীর্ষে—
মণ্ডলে কমলে বাপি স্থাপয়িত্বা গুরুং যজেৎ।
প্রিয়প্রশ্নৈঃ ক্ষমাপ্যেনং বিষ্ণুবদ্‌পূজয়েদ্‌বুধঃ।
পাদয়োঃ প্রণিপত্যাথ দক্ষিণাঞ্চ নিবেদয়েৎ ॥৬৭৭॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—অভিজ্ঞ ব্যক্তি সর্ব্বতোভদ্রাদি মণ্ডলে বা পদ্মের উপর শ্রীবিগ্রহ স্থাপনের পর শ্রীগুরুদেবকে প্রিয় প্রশ্ন সমূহ দ্বারা ক্ষমা প্রার্থনা করিয়া বিষ্ণুবৎ পূজা করিবেন। তাঁহার চরণদ্বয়ে প্রণিপাত করিয়া দক্ষিণাও নিবেদন করিতে হয় ॥ ৬৭৭ ॥

টীকা—মণ্ডলে—সর্ব্বতোভদ্রাদৌ। যদ্যপি 'যাগোপযোগি-দ্রব্যাণি সর্ব্বাণ্যস্মৈ নিবেদয়েদ্‌' ইত্যাদিনা দানানন্তরমেবাশেষ-যাগোপকরণদ্রব্যার্পণমপি শ্রীহয়শীর্ষদেবেন প্রসঙ্গাদেকত্রৈবোক্তং, তথাপি তত্র পৃথক্‌কৃত্য মাৎস্যোক্তানুসারেণ পুনরাচার্য্য-সম্মাননেহগ্রে লেখ্যং, চতুর্থী-কর্ম্মাদি-শেষকৃত্যসমাপ্তিপদেন যাগদ্রব্যসামগ্র্যাঃ সিদ্ধেঃ ॥ ৬৭৭ ॥

আচার্য্য-দক্ষিণাং দদ্যান্নগরং গ্রামমেব চ।
সুবর্ণং রজতং বস্ত্রং গাঞ্চৈব সমলঙ্কৃতাম্‌।
দক্ষিণাং বিধিবদ্‌দত্ত্বা দদ্যাদাভরণাদিকম্‌ ॥৬৭৮॥

অনুবাদ—আচার্য্যকে দক্ষিণাস্বরূপে নগর, গ্রাম ও সুবর্ণ, রৌপ্য, বস্ত্র, গাভী অলঙ্কৃত করিয়া বিধিবদ্‌ দান করিয়া অলঙ্কারাদিও দিবে ॥ ৬৭৮॥

আচার্য্য-দক্ষিণার্দ্ধন্তু প্রদদ্যাদ্‌ব্রহ্মদক্ষিণাম্‌।
মূর্ত্তিপান্‌ পূজয়েৎ পশ্চাদ্‌গোবস্ত্রাভরণৈর্দ্বিজ ॥৬৭৯॥

অনুবাদ—হে দ্বিজ! আচার্য্য দক্ষিণার অর্দ্ধেক ব্রহ্ম দক্ষিণা দিবে, পরে মূর্ত্তিপগণকে গো, বস্ত্র অলঙ্কারাদি দ্বারা পূজা করিবে ॥ ৬৭৯ ॥

সর্ব্বাংস্তু পূজয়েত্তত্র বৈষ্ণবানাগতান্‌ দ্বিজান্‌।
ভোজয়েদ্‌ব্রাহ্মণান্‌ ভক্ত্যা অত্যাদরমতন্দ্রিতঃ ॥৬৮০

অনুবাদ—উৎসবে আগত বৈষ্ণবগণকে ব্রাহ্মণগণকে সকলকে যথাযোগ্য পূজা করিবে। আর ব্রাহ্মণগণকে ভক্তিপূর্ব্বক অত্যাদরে অনলসভাবে ভোজন করাইবে ॥ ৬৮০ ॥

টীকা—বৈষ্ণবান্‌ বিপ্রান্‌ সম্পূজয়েৎ, অন্যাংশ্চ ব্রাহ্মণান্‌, তদনন্তরমেব তান্‌ ভোজয়েদিত্যর্থঃ ॥৬৮০॥

কিঞ্চ—
যজ্ঞঃ সুপুষ্কলঃ সর্ব্বঃ কর্ত্তব্যো ধর্ম্মলিপ্সয়া।
মন্ত্রহীনো গুরুং হন্যাদ্‌রাষ্ট্রমন্যোন বর্জ্জিতঃ।
ধর্ম্মঞ্চ যজমানঞ্চ হান্যাদ্দক্ষিণয়া বিনা।।ইতি।৬৮১॥

অনুবাদ—আরও—সকলে ধর্ম্ম লাভেচ্ছায় যজ্ঞ সুসম্পূর্ণ করিবেন। মন্ত্রহীন হইলে অনিষ্ট হইবে। অন্য দ্রব্যহীন হইলে রাষ্ট্রের অমঙ্গল, দক্ষিণা বর্জ্জিত হইলে ধর্ম্ম ও যজমানের অনিষ্ট হইবে ॥ ৬৮১ ॥

টীকা—দক্ষিণাদিকং চাবশ্যমেব দেয়মিত্যাহ—যজ্ঞ ইতি সার্দ্ধেন। সর্ব্বো যজ্ঞঃ সুপুষ্কলঃ সম্পূর্ণ এব কর্ত্তব্যঃ, অন্যথা চ পরমানর্থ এবেত্যাহ—মন্ত্রেতি ॥ ৬৮১ ॥

অথবা স্থাপনাৎ পশ্চাদ্ধ্যানাদ্যাবাহনাদি চ।
পঞ্চামৃতাদিনা স্বর্ণাদিন্যান্যস্নপনং ততঃ ॥ ৬৮২ ॥

বস্ত্রাদিদানৈর্বিধিবৎ পূজা-মন্ত্রজপাদিকম্ ।
নতিঃ প্রদক্ষিণা যাচ্ঞা গুর্ব্বাদ্যর্চ্চেত্যয়ং ক্রমঃ ॥৬৮৩

অনুবাদ—অথবা স্থাপনের পর ধ্যান, আবাহন, পঞ্চামৃত দ্বারা ও স্বর্ণাদি সহ স্নান, পরে বস্ত্রাদি দান সহ বিধিবৎ পূজা, মন্ত্রজপাদি, প্রণাম, প্রদক্ষিণ, প্রার্থনা, অতঃপর শ্রীগুরু আদির অর্চ্চনা এইরূপ ক্রম ॥ ৬৮২-৬৮৩ ॥

টীকা—এবং লিখিতস্যাস্য প্রতিষ্ঠাবিধিক্রমস্য পূর্ব্বলিখিত-নিত্যপূজাবিধিক্রমেণ বিরোধমাশঙ্ক্য পূর্ব্ব-সূচিতক্রমে পক্ষান্তরং লিখতি—অথবেতি। আদি-শব্দৈর্গৃহীতানি পূর্ব্বলিখিতানুসারেণোন্নেয়ানি। এবং ক্রমলিখনেন বিধিরপি দর্শিত এব। ততশ্চ পূর্ব্ব-লিখিতে দ্বিতীয়পক্ষে পরিত্যক্তমপি পূজনং প্রসাদান্তঃ পিণ্ডিকোপরিস্থাপনরূপে মুখ্যকৃত্যে অস্মিন্নবশ্যমেবা-পেক্ষ্যমিতি তদত্র লিখিতমিতি জ্ঞেয়ম্। এতচ্চাখিলং পূর্ব্বলিখিত-মাৎস্যাদিবচনার্থ-বিচারেণ প্রায়ঃ পর্য্যব-স্যত্যেব। যত্র যত্র চ বিরুধ্যেত, তত্র তত্র চ গ্রন্থান্ত-রেণ সহৈকবাক্যতার্থং বচনপৌর্ব্বাপর্য্যাদি-বিচারেণা-ভিজ্ঞৈর্বিরোধঃ পরিহরণীয় এব সর্ব্বত্রৈব তথাত্বাদিতি দিক্ ॥ ৬৮২-৬৮৩ ॥

অথ শ্রীমূর্ত্তিস্থিরতাপাদনম্

মূর্ত্তিং ন চালয়েজ্জাতু যত্নাৎ সুস্থিরতাং নয়েৎ।
তস্যাং প্রচলিতায়াঞ্চ কুর্য্যাৎ স্বস্ত্যয়নাদিকম্ ॥৬৮৪॥

অনুবাদ—অনন্তর শ্রীমূর্ত্তির স্থিরতা সম্পাদন —কখনও মূর্ত্তিকে চালনা করিবে না, যত্নপূর্ব্বক সুস্থিরতা সম্পাদন করিবে। মূর্ত্তি প্রচলিত হইলে স্বস্ত্যয়নাদি করিবে ॥ ৬৮৪ ॥

টীকা—মূর্ত্তিমিত্যাদি ততঃ পরমিত্যন্তং সুগমমেব ॥ ৬৮৪ ॥

তথা চ মাৎস্যে —
স্থিরং ন চালয়েদ্দেবমন্যথা পাপভাগ্ ভবেৎ।
পূরয়েৎ সিকতাভিশ্চ নিশ্ছিদ্রং সর্ব্বতো ভবেৎ ॥৬৮৫

অনুবাদ—সেইরূপই মৎস্যপুরাণে—স্থির মূর্ত্তিকে চালনা করিবে না, চালনা করিলে পাপভাগী হইবে। বালিদ্বারা পূরণ করিবে, যাহাতে সর্ব্বভাবে নিশ্চিদ্র হয় ॥ ৬৮৫ ॥

লোকপালস্য দিগ্‌ভাগে যস্য সঞ্চলতে বিভুঃ।
তস্য লোকপতেঃ শান্তির্দেয়াশ্চৈমাশ্চ দক্ষিণাঃ ॥৬৮৬

অনুবাদ—শ্রীমূর্ত্তি যে দিক্‌পালের দিকে চালিত হয়, সেই লোকপালের শান্তি বিধান করিবে এবং এই সকল দক্ষিণা দান করিতে হয় ॥ ৬৮৬ ॥

ইন্দ্রায় বারণং দদ্যাৎ কাঞ্চনং বাল্পবিত্তবান্।
অগ্নেঃ সুবর্ণমেষঞ্চ যমস্য মহিষং তথা ॥ ৬৮৭ ॥
অজং সকাঞ্চনং দদ্যান্নির্ঋতিং রাক্ষসং প্রতি।
বরুণং প্রতি মুক্তানি সশুক্তীনি প্রদাপয়েৎ ॥৬৮৮॥
রীতিকাং বায়বে দদ্যাদ্ বস্ত্রযুগ্মেন সংযুতাম্।
সোমায় ধেনুর্দাতব্যা রাজতস্তু বৃষঃ শিবে ॥ ৬৮৯॥

অনুবাদ—ইন্দ্রকে পূর্ব্বদিকে হস্তি দিবে, অল্প-বিত্তবান্ স্বর্ণ দিবে। অগ্নিদেবকে সুবর্ণমেষ, যম-রাজকে মহিষ, নির্ঋতিরাক্ষসকে কাঞ্চন সহ ছাগ দিবে, বরুণদেবকে শুক্তী সহ মুক্তা দিবে, বায়ু-দেবকে বস্ত্রদ্বয় সহ পিত্তল দিবে। সোমদেবকে ধেনু দিবে, ঈশানে শিবকে রৌপ্য বৃষ দিবে ॥ ৬৮৭-৬৮৯ ॥

যস্যাং যস্যান্তু চলতে শান্তিঃ স্যাত্তত্র তত্র তু।
অন্যথা তু ভবেদ্‌ঘোরং ভয়ং কুলবিনাশনম্।
অচলং কারয়েত্তস্মাৎ সিকতাভিঃ সুরেশ্বরম্ ॥৬৯০

অনুবাদ—যে যে দিকে চলে সেই সেই স্থানে শান্তি বিধান হইবে। তাহা না করিলে ঘোর ভয় ও কুলনাশন হইবে। অতএব শ্রীহরিকে বালুকা দ্বারা অচল করিবে ॥ ৬৯০ ॥

ভবিষ্যে—
স্থিরং ন চালয়েদ্দেবং কদাচিদপি পণ্ডিতঃ।
হন্যাদ্বিচালিতোঽজ্ঞানাত্তস্মাত্তং ন বিচালয়েৎ ॥৬৯১

অনুবাদ—ভবিষ্যে—স্থিরমূর্ত্তিকে কখনও পিণ্ডিকা হইতে চালনা করিবে না। অজ্ঞান বশতঃ চালিত হইলে চালকের বিঘ্ন হয়। অতএব অচলমূর্ত্তিকে বিচালিত করিবে না ॥ ৬৯১ ॥

যাং যাং দিশং চলেদ্দেবস্তাং তাং শান্তিন্তু কারয়েৎ।
অন্যথা তু ভবেদ্ ঘোরং ভয়ং কুলবিনাশনম্ ॥৬৯২

অনুবাদ—যে যে দিকে শ্রীমূর্ত্তি চলিবে সেই সেই দিকে শান্তি বিধান করিবে। শান্তি বিধান না করিলে প্রচণ্ড ভয় ও কুল বিনাশন হয় ॥ ৬৯২ ॥

যথা ন চলতে দেবস্তথা বধ্নীত পিণ্ডিকাম্।
শীঘ্রমেব তু কর্ত্তব্যং ন বিলম্বেৎ কদাচন।
প্রতিমাং সুস্থিরাং কুর্য্যান্নোর্ধ্বদৃষ্টিং কদাচন ॥৬৯৩

অনুবাদ—যে প্রকারে মূর্ত্তি না চলে সেইভাবে পিণ্ডিকাকে বন্ধন করিবে। শীঘ্রই অচল করিবে, কখনও বিলম্ব করিবে, কখনও বিলম্ব করিবে না। প্রতিমাকে সুস্থির করিবে, কখনও উর্ধ্ব দৃষ্টি করিবে না ॥ ৬৯৩ ॥

অথ দিনান্তরোৎসবঃ

রাত্রৌ গীতাদিকং কুর্ব্বন্ দিবসে চ মহার্চ্চনম্।
মহোৎসবেনাহরেকং শক্ত্যা বা কতিচিন্নয়েৎ ॥৬৯৪

অনুবাদ—অনন্তর দিনান্তরোৎসব—রাত্রিতে গীত-বাদ্যাদি করিবে, দিবসে মহার্চ্চন করিবে, মহা আনন্দ উৎসব দ্বারা এক অহোরাত্র সমর্থ হইলে কয়েক দিন এই ভাবে মহোৎসব চালিত করিবে ॥ ৬৯৪ ॥

ভবিষ্যে—
ত্রিরাত্রং সপ্তরাত্রং বা দশরাত্রমথাপি বা।
পুণ্যাহ জয়ঘোষৈশ্চ কুর্য্যাদ্দেব-মহোৎসবম্ ॥৬৯৫॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—তিনরাত্র, সপ্তরাত্র অথবা দশরাত্র, পুণ্যাহবাচন জয়ধ্বনি প্রভৃতি সহ শ্রীবিগ্রহের মহোৎসব করিবে ॥ ৬৯৫ ॥

কিঞ্চ—
রাত্রৌ মহোৎসবং কুর্য্যাৎ শঙ্খভের্য্যাদিনিস্বনৈঃ।
একরাত্রং ত্রিরাত্রং বা সপ্তরাত্রমথাপি বা।
তস্মাদ্বিষ্ণুঃ সদায়াতি ইত্যেষা ফলসম্প্রদা ॥৬৯৬॥

অনুবাদ—আরও—রাত্রিতে মহোৎসব করিবে, শঙ্খ, ভেরী প্রভৃতি ধ্বনিদ্বারা একরাত্র, তিনরাত্র, অথবা সপ্তরাত্র, এই কারণে শ্রীবিষ্ণু সর্ব্বদা অবস্থান করেন, এইরূপ অনুষ্ঠান সম্পূর্ণ ফলপ্রদ ॥ ৬৯৬ ॥

মাৎস্যে—
রাত্রৌ দিনে চ গীতাদ্যৈঃ পুণ্যাহ-জয়মঙ্গলৈঃ।
ত্রি পঞ্চ সপ্ত দশ বা দিনানি স্যান্মহোৎসবঃ ॥৬৯৭॥

অনুবাদ—মৎস্যপুরাণে—রাত্রিতে এবং দিনেও গীতবাদ্যাদি, পুণ্যাহবাচন, জয়ধ্বনি, মঙ্গলধ্বনি সহ তিনদিন, পঞ্চদিন, সপ্তদিন বা দশদিন মহোৎসব হইবে ॥ ৬৯৭ ॥

অথ তত্র কৃত্যবিশেষেণ ফলবিশেষঃ

মাৎস্যে—
ততস্তু মধুনা দেবং প্রথমেঽহনি স্নপয়েৎ।
হরিদ্রয়াথ সিদ্ধার্থৈর্দ্বিতীয়েঽহনি তত্ত্বতঃ ॥৬৯৮॥
চন্দনেন যবৈস্তদ্বৎ তৃতীয়েঽহনি লেপয়েৎ।
মনঃশিলাপ্রিয়ঙ্গুভ্যাং চতুর্থেঽহনি লেপয়েৎ ॥৬৯৯॥

অনুবাদ—অনন্তর মহোৎসবে কৃত্য বিশেষ দ্বারা ফল বিশেষ প্রাপ্তি, মৎস্যপুরাণে—অনন্তর প্রথম দিনে শ্রীবিগ্রহকে মধুদ্বারা স্নান করাইবে, হরিদ্রা ও সিদ্ধার্থ সমূহ দ্বারা দ্বিতীয় দিনে স্নান করাইবে, চন্দন দ্বারা ও যবসমূহ দ্বারা তৃতীয় দিনে লেপন করিবে, মনঃ-শিলা ও প্রিয়ঙ্গু দ্বারা চতুর্থ দিনে লেপন করিবে ॥ ৬৯৮-৬৯৯ ॥

সৌভাগ্যং শুভদং যস্মাৎ লেপনম্ ব্যাধিনাশনম্।
মনঃ-প্রীতিকরং নৃণামেতদ্বেদবিদো বিদুঃ ॥ ৭০০ ॥

অনুবাদ—ঐরূপ লেপন সৌভাগ্যপ্রদ ও মঙ্গলপ্রদ

এবং ব্যাধি নাশন মানবগণের মনঃপ্রীতিকর ইহা বেদবিদগণ জানেন ॥ ৭০০ ॥

কৃষ্ণাঞ্জনং তিলাংস্তদ্বৎ পঞ্চমেঽহ্নি নিবেদয়েৎ।
ষষ্ঠে তু সঘৃতং দদ্যাচ্চন্দনং পদ্মকেশবম্ ॥ ৭০১ ॥
রোচনাং নাগপুষ্পঞ্চ সপ্তমেঽহনি দাপয়েৎ।
যত্র সদ্যোঽধিবাসশ্চ তত্র সর্ব্বং নিবেদয়েৎ ॥৭০২।

অনুবাদ—পঞ্চম দিনে সেইরূপ কৃষ্ণাঞ্জন ও তিলবাটা লেপন করিবে, ষষ্ঠদিনে ঘৃতসহ চন্দন, পদ্মকেশর লেপন করিবে, সপ্তমদিনে গোরোচনা ও নাগ পুষ্পকেশর লেপন করিবে। যেস্থলে সদ্য অধিবাস সেস্থলে একদিনে সকল নিবেদন করিবেন ॥ ৭০১-৭০২ ॥

ভবিষ্যে—
মধুবাতেতি মধুনা অভ্যঙ্গং প্রথমেঽহনি।
পুণ্যদং সর্ব্বরোগাণাং সর্ব্বনাশায় তৎ প্রভোঃ ॥৭০৩

অনুবাদ—ভবিষ্যপুরাণে—'মধুবাতা' এইমন্ত্রে প্রথম দিনে মধুদ্বারা অভ্যঙ্গ। প্রভুর এই অভ্যঙ্গ পুণ্যপ্রদ ও সর্ব্ববিধ রোগের নাশকর ॥ ৭০৩ ॥

হরিদ্রাসর্ষপৈশ্চৈব দ্বিতীয়েঽহনি লেপয়েৎ।
পিত্তরোগভয়ঞ্চৈব ন ভবেত্তু কদাচন ॥ ৭০৪ ॥

অনুবাদ—হরিদ্রা ও শ্বেতসর্ষপ দ্বারা দ্বিতীয় দিনে প্রভুর গাত্রে লেপন করিবে, পিত্তরোগ ও ভয় কখনও হইবে না ॥ ৭০৪ ॥

তণ্ডুলেন যবৈশ্চৈব তৃতীয়েঽহনি লেপয়েৎ।
শিরোঽক্ষিমক্ষিরোগঞ্চ কর্ণশূলঞ্চ নাশয়েৎ ॥ ৭০৫ ॥

অনুবাদ—তণ্ডুল ও যব দ্বারা তৃতীয় দিনে লেপন করিবে, শিরোরোগ, অক্ষিরোগ ও কর্ণশূল ইহা বিনাশ করিবে ॥ ৭০৫ ॥

মনঃশিলাং প্রিয়ঙ্গুঞ্চ চতুর্থেঽহনি লেপয়েৎ।
সৌভাগ্যং হেন সততং যজমানস্য বর্দ্ধতে ॥ ৭০৬ ॥

অনুবাদ—মনঃশিলা ও প্রিয়ঙ্গু চতুর্থ দিনে লেপন করিবে, যাহা দ্বারা সর্ব্বদা যজমানের সৌভাগ্য বর্দ্ধিত হয় ॥ ৭০৬ ॥

কৃষ্ণাঞ্জনং তিলাংশ্চৈব পঞ্চমেঽহনি দাপয়েৎ।
পিতরস্তস্য তৃপ্যন্তি যাবজ্জীবং সুখপ্রদাঃ ॥ ৭০৭ ॥

অনুবাদ—কৃষ্ণাঞ্জন ও তিলদ্বারা পঞ্চম দিনে প্রভুর অঙ্গে লেপন দিবে। তাহার পিতৃগণ তৃপ্ত হয় এবং যাবজ্জীবন সুখপ্রদ হয় ॥ ৭০৭ ॥

সুরভিং চন্দনঞ্চৈব সঘৃতং পদ্মকেশরম্।
ষষ্ঠেঽহনি চ দাতব্যং শক্রদোষবিনাশনম্ ॥ ৭০৮ ॥

অনুবাদ—শক্রদোষ বিনাশের জন্য সুরভি চন্দন, সঘৃত, পদ্মকেশর ষষ্ঠদিনে দান কর্ত্তব্য ॥ ৭০৮ ॥

রোচনাং নাগপুষ্পঞ্চ সপ্তমেঽহনি দাপয়েৎ।
ক্ষেমং গো-বহুলং চাপি ধনধান্যং বিবর্দ্ধতে ॥ ৭০৯॥

অনুবাদ—গোরোচনা, নাগকেশর পুষ্প সপ্তম দিনে দান কর্ত্তব্য, মঙ্গললাভ, গো-বৃদ্ধি ও ধনধান্য বৃদ্ধি হয় ॥ ৭০৯ ॥

এবং সপ্তাহমভ্যঙ্গং কাপিলেন ঘৃতেন তু।
দদ্যাদ্বিভবতঃ শক্ত্যা যদিচ্ছেচ্ছি্ শ্রমাত্মনঃ ॥ ৭১০ ॥

অনুবাদ—এইরূপে সপ্তাহ কপিলা গব্যঘৃত সহ অভ্যঙ্গ বৈভব শক্তি অনুসারে প্রদান করিবে, যদি আত্মার সম্পদ ইচ্ছাকর ॥ ৭১০ ॥

দীপা ঘৃতেন দাতব্যাশ্চত্বারশ্চ প্রদক্ষিণাঃ।
সপ্তাহং মন্ত্রযুক্তাংশ্চ বিভবেন ততঃ পরম্ ॥ ৭১১ ॥

অনুবাদ—বৈভব থাকিলে সপ্তাহ যাবৎ ঘৃতদীপ

চারিটি প্রদান করিবে এবং মন্ত্রযুক্ত চারিবার প্রদক্ষিণ প্রতিদিন করিবে ॥ ৭১১ ॥

অথ চতুর্থীকর্ম্ম

চতুর্থে চ দিনে প্রাপ্তে চতুর্থীকর্ম্ম কারয়ন্।
অর্ঘ্যং সমর্প্য দেবেশং প্রাগ্বৎ স্নপনমাচরেৎ ॥৭১২॥

অনুবাদ—অনন্তর চতুর্থী কর্ম্ম—পূর্ব্বে স্নপন মণ্ডপে লিখিত স্নানবিধি অনুসারে চতুর্থ দিবসেও প্রভুকে স্নান করাইবেন অর্ঘ্য দানের পর ॥ ৭১২ ॥

টীকা—প্রাগ্বদিতি—স্নপনমণ্ডপে লিখিতস্নান-বিধ্যনুসারেণ ইত্যর্থঃ। তথা হি—গীতবাদ্যাদি-মহোৎসবে বল্মীকাদিমৃত্তিকাদিভিরুদ্ধৃতাসীতি মন্ত্রেণ দেবং বিলিপ্য পঞ্চগব্যাদিনা তত্তন্মন্ত্রেণ স্নাপয়িত্বা যথাশক্তি সম্পাদিতৈর্নিক্ষিপ্তাষ্টমৃত্তিকৌষধিব্রীহিকৈঃ কলসৈস্তত্তন্ত্রেণ স্নাপয়েদিতি ॥ ৭১২ ॥

পুনশ্চ দত্ত্বাষ্টাঙ্গার্ঘ্যং গোময়স্বস্তিকাদিভিঃ।
দেবং নীরাজ্য গন্ধাদ্ভির্দদ্যাদাচমনং বুধঃ ॥ ৭১৩ ॥

অনুবাদ—গোময়-স্বস্তিকাদিসহ পুনরায় অষ্টাঙ্গ অর্ঘ্য দান করিয়া প্রভুকে নীরাজন করিয়া গন্ধজল দ্বারা আচমন দিবেন ॥ ৭১৩ ॥

টীকা—গোময়কৃতৈঃ স্বস্তিকাদিভির্দেবং নীরাজ্য, আদি-শব্দেন গোময়কৃতপদ্মকাদি-সপ্তপঞ্চবর্ণৌদনাদি চ এতচ্চাগ্রে বিশেষতো ব্যক্তং ভাবি ॥ ৭১৩ ॥

ততো বস্ত্রযুগং দত্ত্বা দিব্যং দত্ত্বানুলেপনম্।
পুষ্পাদি ধূপদীপাদি তত্তন্মন্ত্রেণ চার্পয়েৎ ॥ ৭১৪ ॥

অনুবাদ—অনন্তর পরিধেয় ও উত্তরীয় বস্ত্রদ্বয় দানের পর দিব্য গন্ধ অনুলেপন, পুষ্পাদি, ধূপ, দীপাদি সেই সেই মন্ত্রদ্বারা অর্পণ করিবেন ॥ ৭১৪ ॥

টীকা—তত্তন্মন্ত্রেণ বস্ত্রাদ্যর্পণমন্ত্রেণ, স চাগ্রে ব্যক্তো ভাবী ॥ ৭১৪ ॥

ইত্থং সম্পূজ্য বিধিবদ্দণ্ডবত্তং প্রণম্য চ।
বিজ্ঞাপয়ন্ মুহুর্ভক্ত্যা তত্তৎ পদ্যং প্রকীর্ত্তয়েৎ ॥৭১৫

অনুবাদ—শ্রীহরিকে এইরূপে সম্পূর্ণ পূজা করিয়া যথাবিধি দণ্ডবৎ প্রণামান্তে প্রার্থনা করিতে করিতে ভক্তিসহ পুনঃ পুনঃ সেই সকল পদ্য কীর্ত্তন করিবেন ॥ ৭১৫ ॥

টীকা—তত্তৎ পূর্ব্বলিখিতং 'সুকৃতং দুষ্কৃতং বাপি' ইত্যাদি প্রকীর্ত্তয়েৎ, ভক্ত্যা বদ্ধাঞ্জলিঃ সন্ পঠেৎ ॥ ৭১৫ ॥

মাৎস্যে—

চতুর্থেঽহ্নি মহাস্নানং চতুর্থীকর্ম্ম কারয়েৎ।
দক্ষিণা চ পুনস্তদ্বদ্দেয়া তত্রাপি শক্তিতঃ ॥ ৭১৬ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—চতুর্থ দিনে মহাস্নান চতুর্থী কর্ম্ম করাইবে। ঐ দিনও শক্তি থাকিলে পূর্ব্ববৎ পুনরায় দক্ষিণা ও দান কর্ত্তব্য ॥ ৭১৬ ॥

কিঞ্চ—

স্বস্তিকং পদ্মকং শঙ্খমুৎপলং কমলং তথা।
শ্রীবৎসং দর্পণং তদ্বন্নন্দ্যাবর্ত্তমথাষ্টকম্।
এতানি গোময়ৈঃ কুর্য্যান্মৃদা বা শুভয়া ততঃ ॥৭১৭
পঞ্চবর্ণৌদনং তদ্বৎ পঞ্চবর্ণরজস্তথা।
দূর্ব্বা কৃষ্ণতিলং তদ্বন্নীরাজনবিধির্মতঃ ॥ ৭১৮ ॥
এবং নীরাজনং কৃত্বা দদ্যাদাচমনং বুধঃ।
মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্ ॥ ৭১৯ ॥

অনুবাদ—আরও—স্বস্তিক, পদ্মক, শঙ্খ, উৎপল, কমল, শ্রীবৎস, দর্পণ ও নন্দ্যাবর্ত্ত—এই অষ্ট দ্রব্য গোময় বা পবিত্র মৃত্তিকা দ্বারা রচনা করিবে এবং পঞ্চবর্ণ তণ্ডুল, সেইরূপ পঞ্চবর্ণ গুড়ি, দূর্ব্বা কৃষ্ণতিল—এই সকল দ্বারা নীরাজন করিয়া বিচক্ষণ ব্যক্তি প্রভুকে আচমন দিবেন সর্ব্বপাপ হর পবিত্র গঙ্গোদক দ্বারা ॥ ৭১৭-৭১৯ ॥

টীকা—চতুর্থীকর্ম্মণি মাৎস্যোক্তং স্নপনবিধিং পূর্ব্বলিখিতত্বাত্ততোঽন্যং বিশেষমেব লিখতি—স্বস্তিক-মিত্যাদিনা ॥ ৭১৭ ॥

টীকা—'নীরাজন-বিধির্মতঃ' ইতি গোময়েন মৃদা বা বিরচিতৈঃ স্বস্তিকাদিভিস্তথা পঞ্চবর্ণৌদনৈঃ পঞ্চবর্ণতণ্ডুলচূর্ণাদিভিশ্চ দেবং নীরাজয়েদিত্যর্থঃ ॥৭১৮

ততো বস্ত্রযুগং দদ্যান্মন্ত্রেণানেন যত্নতঃ।
দেবসূত্রসমাযুক্তে যজমানসমন্বিতে।
সর্ব্ববর্ণৈঃ শুভে দেব বাসসী নবনির্ম্মিতে ॥ ৭২০ ॥

অনুবাদ—অনন্তর যত্নপূর্ব্বক এইমন্ত্রে পরিধেয় বস্ত্রদ্বয় দিবে—দিব্য সূত্র নির্ম্মিত যজমান সমন্বিত সর্ব্ববর্ণযুক্ত নবনির্ম্মিত পবিত্র বস্ত্রদ্বয়, হে দেব! গ্রহণ করুন ॥ ৭২০ ॥

টীকা—মন্ত্রমেবাহ—দেবসূত্রেতি। যজমান ইতি বস্ত্রার্পণাদৌ স এব কর্ত্তেতি শিষ্টসম্মত্যা জ্ঞেয়ম্। এবমগ্রেঽপি ॥ ৭২০ ॥

ততশ্চ চন্দনং দদ্যাৎ সমং কর্পূরকুঙ্কুমৈঃ।
ইমমুচ্চারয়েন্মন্ত্রং দর্ভপাণিঃ প্রযত্নতঃ ॥ ৭২১ ॥
শরীরন্তে ন জানামি চেষ্টাং নৈব চ নৈব চ।
ময়া নিবেদিতান্ গন্ধান্ প্রতিগৃহ্য বিলিপ্যতাম্ ॥৭২২

অনুবাদ—তৎপরে চন্দন, কর্পূর, কুঙ্কুম সহ দিবে, এইমন্ত্র উচ্চারণ সহ কুশহস্তে যত্নপূর্ব্বক—হে প্রভো আপনার শরীর ও চেষ্টা জানি না, আমা কর্ত্তৃক নিবেদিত গন্ধ দ্রব্যসমূহ গ্রহণপূর্ব্বক শরীরে লেপন করুন ॥ ৭২২ ॥

কিঞ্চ—
চত্বারিংশত্ততো দীপান্ দদ্যাচ্চৈব প্রদক্ষিণাম্।
ত্বং সূর্য্যচন্দ্রজ্যোতীংষি বিদ্যুদগ্নিস্তথৈব চ।
ত্বমেব সর্ব্বজ্যোতীংষি দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্ ॥৭২৩

অনুবাদ—আরও—অতঃপর চত্বারিংশৎ দীপ ও প্রদক্ষিণ দিবে, মন্ত্র যথা—হে শ্রীহরি! তুমি সূর্য্য, চন্দ্র, নক্ষত্র, বিদ্যুৎ, অগ্নি, সেইরূপ তুমিই সর্ব্ববিধ জ্যোতিঃ স্বরূপ—এই দীপ গ্রহণ কর ॥ ৭২৩ ॥

টীকা—দীপার্পণে মন্ত্রশ্চ ত্বং সূর্যেত্যাদি, পুষ্প-ধূপাদ্যর্পণমন্ত্রেষু পূর্ব্বতো বিশেষাভাবাৎ কেবলমিম-মিত্যাদ্যেব লিখিতম্ ॥ ৭২৩ ॥

অথাবভৃথস্নানম্

হয়শীর্ষে—
অতঃপরং প্রবক্ষ্যামি দেবস্যাবভৃথং তব ॥ ৭২৪ ॥

অনুবাদ—অনন্তর অবভৃথ স্নান, হয়শীর্ষ পঞ্চরাত্রে—অতঃপর তোমার নিকট শ্রীহরির অবভৃথ স্নান বিষয় বলিব ॥ ৭২৪ ॥

টীকা—শ্রীমাৎস্যোক্ত-চতুর্থীকর্ম্মৈব প্রতিষ্ঠা-কর্ম্ম-সমাপ্তৌ ক্রিয়মানত্বাদবভৃথমিতি শ্রীহয়শীর্ষদেবেন যদুক্তং, তচ্চতুর্থীকর্ম্মপ্রসঙ্গত এব লিখতি—অতঃপর-মিত্যাদি ॥ ৭২৪ ॥

শোধয়েদ্গোময়ৈর্বিপ্র যাগস্থানং তু সর্ব্বতঃ।
সিক্ত্বা গন্ধোদকেনাথ পঞ্চগব্যেন শোধয়েৎ ॥ ৭২৫ ॥

অনুবাদ—হে বিপ্র! গোময়দ্বারা যাগস্থান সর্ব্বত্র শোধন করিবে। চন্দন জল সেচনান্তে পুনঃ পঞ্চ-গব্য দ্বারা শোধন করিবে ॥ ৭২৫ ॥

বিকিরৈঃ শোধয়েদ্ভূমিং বিতানেন বিভূষয়েৎ।
পুষ্পদামৈরধশ্চোর্দ্ধ্বং পার্শ্বতশ্চাপি শোভয়েৎ ॥৭২৬॥

অনুবাদ—বীজাঙ্কুর সমূহ দ্বারা ভূমি শোধন করিবে, চন্দ্রাতপ দ্বারা ঊর্দ্ধ্বে বিভূষিত করিবে, পুষ্প মালা দ্বারা অধঃ ঊর্দ্ধ্ব পার্শ্ব শোভিত করিবে ॥ ৭২৬ ॥

টীকা—বিকিরৈঃ—অঙ্কুরাদিভিঃ ॥ ৭২৬ ॥

জুহুয়াদ্বৈষ্ণবে বহ্নৌ ঘৃতমষ্টোত্তরং শতম্।
বিষ্ণোর্নুকেতি মন্ত্রেণ সমিধোঽষ্টশতং তথা ॥৭২৭॥

অনুবাদ—বৈষ্ণবাগ্নিতে অষ্টোত্তরশত ঘৃত হোম করিবে, বিষ্ণোর্নুকেতি মন্ত্রে সমিধ হোম অষ্টোত্তর শত সেইরূপ করিবে ॥ ৭২৭ ॥

বেদ্যামালিখ্য বিধিনা একাশীতিপদং বুধঃ।
বৈষ্ণবং কলসং মধ্যে আজিঘ্রেতি নিবেশয়েৎ ॥৭২৮

অনুবাদ—অভিজ্ঞ ব্যক্তি বেদীতে বিধানানুসারে একাশীতিপদ অঙ্কন করিয়া তন্মধ্যে আজিঘ্রেতি মন্ত্রে বৈষ্ণবকলস স্থাপন করিবেন ॥ ৭২৮ ॥

টীকা—একাশীতিপদ-লিখনবিধিশ্চাগ্রে প্রাসাদাদি-

নির্ম্মাণপ্রসঙ্গে সুব্যক্তো ভাবী। মধ্যম্ একাশীতি-পদান্তঃ ॥ ৭২৮ ॥

একাশীতিপদে কুম্ভান্ শ্রীসূক্তেন নিবেশয়েৎ।
শন্নো দেবীতি মন্ত্রেণ কলসানভিমন্ত্রয়েৎ ॥ ৭২৯ ॥

অনুবাদ—একাশীতিপদে অনন্য কুম্ভ সমূহ শ্রীসূক্তপাঠ সহ স্থাপন করিবে। শন্নোদেবী এইমন্ত্রে কলস সমূহকে অভিমন্ত্রিত করিবে ॥ ৭২৯ ॥

কলসে বিন্যসেৎ পঞ্চগব্যং মন্ত্রৈর্বিশেষতঃ।
ফলং পুষ্পং ন্যসেত্তত্র দ্রাবিতং কদলীজলম্।
মন্ত্রয়ীত দ্বয়ং চৈতদ্‌যাঃ ফলনীতি সত্তমঃ ॥৭৩০॥

অনুবাদ—একটি কলসে বিশেষ বিশেষ মন্ত্র সহ পঞ্চগব্য বিন্যাস করিবে। অন্য কলসে ফল, জল, কদলীফল দ্রব করিয়া পুষ্প দিবে। যাঃ ফলিনীতি মন্ত্রে উভয় একত্র মন্ত্রিত করিবে ॥ ৭৩০ ॥

টীকা—তত্রেতি, কলসে একস্মিন্ ফলপুষ্পজল-মন্যস্মিংশ্চ কদলীফলজলমিতি বোদ্ধব্যম্। অগ্রে স্নপনে তয়োঃ পৃথগুক্তেঃ। এতন্ন্যস্তফল-পুষ্প-জলং ন্যস্ত-কদলী-ফল-জলং চেতি কলসদ্বয়ম্ ॥ ৭৩০ ॥

ঐক্ষবঞ্চ রসং বিদ্বান্ যা দিব্যেতি নিবেশয়েৎ।
মন্ত্রতোয়ং ন্যসেন্মধ্যে নবকানাং সুরোত্তম ॥ ৭৩১ ॥

অনুবাদ—অভিজ্ঞ ব্যক্তি অন্য কলসে ইক্ষুরস যা বিদ্যা মন্ত্রে স্থাপন করিবে, হে সুরোত্তম! নয়টি কলস মধ্যে মন্ত্রিত জল বিন্যাস করিবে ॥ ৭৩১ ॥

টীকা—নবকানাং পদানাং মধ্যে ॥ ৭৩১ ॥

তরৎ স ইত্যৃচা বিদ্বান্ বস্ত্রপূতং সমাহিতাঃ।
নদীনদতড়াগোত্থৈঃ শেষাংস্তোয়ৈঃ প্রপূরয়েৎ ॥৭৩২॥

অনুবাদ—'তরৎ স' এই ঋক্ মন্ত্রে বিদ্বান্ ব্যক্তি বস্ত্রপূত জল একচিত্তে অর্থাৎ নদীনদ তড়াগ হইতে আনীত জল অবশিষ্ট কলসে পূর্ণ করিবে ॥ ৭৩২ ॥

টীকা—শেষান্—কলসান্ ॥ ৭৩২ ॥

অপরাজিতেন মন্ত্রেণ সর্ব্বানেবাভিমন্ত্রয়েৎ।
নবেন শুক্লবস্ত্রেণ সর্ব্বানেবাভিমন্ত্রয়েৎ ॥ ৭৩৩ ॥

অনুবাদ—অপরাজিত মন্ত্রে সর্ব্ব কলস অভি-মন্ত্রিত করিবে। নূতন শুক্লবস্ত্র সহ কলস সমূহকে অভিমন্ত্রিত করিবে ॥ ৭৩৩ ॥

গায়ত্রীং বৈষ্ণবীং জপ্ত্বা মূলমন্ত্রং শতং জপেৎ।
জপ্ত্বা ধ্যায়ন্ হরিং সম্যক্ প্রবিশ্যাভ্যন্তরং শুচিঃ।
কৃষ্ণোঽসীতি চ নির্ম্মাল্যং বিষ্বক্‌সেনায়
নিক্ষিপেৎ ॥ ৭৩৪ ॥

অনুবাদ—বৈষ্ণবী গায়ত্রী জপ করিয়া মূলমন্ত্র শতবার জপ করিবে। জপান্তে শ্রীহরিকে ধ্যান করিয়া পবিত্র ভাবে মধ্যে প্রবেশ করিয়া কৃষ্ণোঽসীতি মন্ত্রে বিষ্বক্‌সেনকে নির্ম্মাল্য প্রসাদী নিক্ষেপ করিবে ॥ ৭৩৪ ॥

অর্ঘ্যং দত্ত্বা শুদ্ধবত্যা শুদ্ধতোয়েন সেচয়েৎ।
অগ্নির্মূর্দ্ধেত্যুষ্ণজলৈঃ স্নাপ্য স্নানং সমাচরেৎ ॥৭৩৫॥

অনুবাদ—শুদ্ধবতী মন্ত্রে অর্ঘ্যদান করিয়া শুদ্ধ-জল দ্বারা সেচন করিবে। 'অগ্নির্মূর্দ্ধা' এইমন্ত্রে উষ্ণ-জল দ্বারা স্নান করাইয়া স্নান সমাপন করিবেন ॥৭৩৫

গোমূত্রেণ হরিং ক্ষাল্য গোময়েন বিলেপয়েৎ।
ক্ষীরেণ স্নাপয়েৎ পশ্চাদ্ দধিনা তদনন্তরম্ ॥৭৩৬॥

অনুবাদ—ক্রম যথা—প্রথমে শ্রীহরিকে গোমূত্র-দ্বারা প্রক্ষালন, তৎপরে গোময়দ্বারা লেপন, দুগ্ধ দ্বারা স্নাপন, পরে দধি দ্বারা ॥ ৭৩৬ ॥

ঘৃতেন স্নাপ্য বিধিনা ধূপং দদ্যাৎ সগুগ্‌গুলুম্।
প্রক্ষাল্য কোষ্ণতোয়েন ফলতোয়েন সেচয়েৎ ॥৭৩৭॥

অনুবাদ—ঘৃত দ্বারা স্নান, বিধিপূর্ব্বক গুগ্‌গুল সহ ধূপ দান, ঈষৎ উষ্ণজলে স্নান, ফলজলে সেচন ॥ ৭৩৭ ॥

স্নাপয়েৎ কদলীতোয়ৈস্ততস্ত্বিক্ষুরসেন চ।
যৈর্মন্ত্রৈর্মন্ত্রয়েত্তোয়ং তৈর্মন্ত্রৈঃ স্নাপয়েদ্ধরিম্ ॥৭৩৮॥

অনুবাদ—কদলীজলে স্নান, তৎপরে ইক্ষুরসে, যে সকল মন্ত্রে জল অভিমন্ত্রিত ঐ সকল মন্ত্র দ্বারা স্নান করাইবে ॥ ৭৩৮ ॥

টীকা—উক্তগোমূত্রাদি-স্নানমন্ত্রানুদ্দিশতি—যৈরিতি ॥ ৭৩৮ ॥

পঞ্চনদ্যেত্যৃচা পশ্চান্নদীনদতড়াগজৈঃ।
স্নাপয়িত্বা বিধানেন বস্ত্রযুগ্মমুপাহরেৎ ॥ ৭৩৯ ॥

অনুবাদ—'পঞ্চনদ্য' এই ঋক্‌মন্ত্রে নদী, নদ, তড়াগজলে স্নান করাইয়া বিধানানুসারে বস্ত্রদ্বয় পরিধান করাইবে ॥ ৭৩৯ ॥

কার্পাসং পট্টসূত্রং বা কৌশেয়ং বাথ ভূষিতম্।
বৃহস্পতেতি মন্ত্রেণ পরিধাপ্যার্চ্চয়েৎ ক্রমাৎ ॥৭৪০॥

অনুবাদ—কার্পাসসূত্র, পট্টসূত্র বা তসরবস্ত্র 'বৃহস্পতেতি' মন্ত্রে পরিধান করাইয়া অলঙ্কারে ভূষিত করিয়া ক্রমে অর্চ্চন করিবে ॥ ৭৪০ ॥

টীকা—ভূষিতং গন্ধপুষ্পাদিভিরলঙ্কৃতং সন্তমর্চ্চয়েৎ ॥ ৭৪০ ॥

গন্ধাদিভিঃ সমভ্যর্চ্চ্য পার্ষদান্ পূজয়েত্ততঃ।
নিবেদয়ীত নৈবেদ্যং ভক্ষ্যভোজ্যং সুপুষ্কলম্ ॥৭৪১॥

অনুবাদ—গন্ধাদি দ্বারা সম্পূর্ণ অর্চ্চন করিয়া তৎপরে পার্ষদগণকে পূজা করিবে, প্রভুকে ভক্ষ্য, ভোজ্য উত্তম পরিপূর্ণভাবে নৈবেদ্য নিবেদন করিবে ॥ ৭৪১ ॥

টীকা—ততঃ ভগবদর্চ্চনানন্তরং গন্ধাদিভিঃ ক্রমেণ পার্ষদান্ সমভ্যর্চ্চ্য বিধিবৎ পূজয়েৎ ॥ ৭৪১ ॥

পেয়ং চূষ্যং তথা লেহ্যং প্রভূতং দ্বিজসত্তম।
বলিং বিনিক্ষিপেৎ পশ্চাদ্দিশাসু বিদিশাসু চ ॥৭৪২॥

অনুবাদ—হে দ্বিজসত্তম! পানীয়, চূষ্য, লেহ্য প্রভূত ভাবে নিবেদন করিবে, পরে দিক্‌বিদিক্ অষ্টদিকে পরিকরগণকে প্রসাদ নির্ম্মাল্য উপহার নিক্ষেপ করিবে ॥ ৭৪২ ॥

টীকা—প্রভূতং—প্রচুরম্ ॥ ৭৪২ ॥

ওঁ নমঃ পার্ষদেভ্যোঽথ বলিং পীঠে
বিনিক্ষিপেৎ ॥ ৭৪৩ ॥

অনুবাদ—ওঁ নমো পার্ষদেভ্যো এইমন্ত্রে বলিপীঠে প্রসাদ নির্ম্মাল্য নিক্ষেপ করিবে ॥ ৭৪৩ ॥

ততঃ প্রদক্ষিণীকৃত্য মণ্ডলং ব্রাহ্মণেন তু।
প্রবিশ্য ভবনং ভূয়ঃ সর্ব্বমাবশ্যকং পঠেৎ ॥৭৪৪॥

অনুবাদ—তৎপরে ব্রাহ্মণ সহ মণ্ডলকে প্রদক্ষিণ করিয়া পুনরায় প্রাসাদে প্রবেশ করিয়া সর্ব্ববিধ আবশ্যকীয় স্তোত্রপাঠ করিবেন ॥ ৭৪৪ ॥

পৌরাণৈশ্চ স্তবৈঃ স্তুত্বা মহাপুরুষপূর্ব্বকৈঃ।
দণ্ডবৎ প্রণমেৎ পশ্চান্নৃত্যগীতাদি কারয়েৎ ॥৭৪৫॥

অনুবাদ—প্রথমে মহাপ্রভু স্তোত্র পুরাণোক্ত স্তব সমূহ দ্বারা স্তব করিয়া পুরুষ সূক্ত দ্বারা স্তব করিবেন, পরে দণ্ডবৎ প্রণাম করিবেন, পরে নৃত্য, গীতবাদ্যাদি করাইবেন ॥ ৭৪৫ ॥

দদ্যাৎ সুবর্ণং গাং বস্ত্রং দক্ষিণাং দেশিকায় তু।
বৈষ্ণবান্ পূজ্য শক্ত্যা তু ব্রাহ্মণেভ্যশ্চ দক্ষিণাম্।
আচার্য্যং তোষ্য যত্নেন সন্ধ্যায়াং বলিমাহরেৎ ॥৭৪৬
বলিকর্ম্মবিধিশ্চায়ং হয়শীর্ষে চ বিস্তরাৎ।
উক্তোঽতিব্যক্তমেকত্র জ্ঞেয়স্তৎ পঞ্চরাত্রতঃ ॥ ৭৪৭ ॥

অনুবাদ—আচার্য্যকে সুবর্ণ, গাভী, বস্ত্র, দক্ষিণা দিবে, বৈষ্ণবগণকে পূজা করিয়া শক্তি অনুসারে দক্ষিণা দিবে, যত্নপূর্ব্বক আচার্য্যকে সন্তুষ্ট করিয়া সন্ধ্যাকালে দেবগণকে উপহার দিবে। এই উপহার প্রদান বিধি হয়শীর্ষ পঞ্চরাত্রে বিস্তার ভাবে উল্লেখ আছে, একত্রে সেখান হইতে জানিবেন ॥ ৭৪৭ ॥

টীকা—বলিমাহরেদিতি, বলিদানবিধিরপেক্ষিত-স্তত্র লিখতি—বলীতি। তস্য হয়শীর্ষপঞ্চরাত্রতো বিস্তরেণ সুব্যক্তমেকত্রৈবোক্ত্যা সুজ্ঞেয়ত্বাদত্র চ গ্রন্থ-বিস্তারভয়ান্ন লিখতি ইতি ভাবঃ ॥ ৭৪৬-৭৪৭ ॥

অথ হোমসমাধানম্

স্বস্বগৃহ্যোক্তবিধিনা সমুপাধায় পাবকম্।
পর্য্যুক্ষ্য ত্রির্ব্যাহৃতিভির্দদ্যাদাহুতিকং বুধঃ ॥৭৪৮॥

অনুবাদ—অনন্তর হোম সমাধান—নিজ নিজ গৃহ্যোক্ত বিধি অনুসারে অগ্নি সঞ্চয়নপূর্ব্বক অগ্নি-সংস্কার করিয়া ব্যাহৃতিত্রয় দ্বারা অভিজ্ঞ ব্যক্তি আহুতি প্রদান করিবেন ॥ ৭৪৮ ॥

টীকা—মাৎস্যাদ্যনুক্তমপি হোমসমাধানং যুক্ত-ত্বাচ্ছিষ্টসম্মত্যা লিখতি স্বস্বেতি। পাবকমেব পর্য্যুক্ষ্য ॥ ৭৪৮ ॥

তারেণাথাগ্নিমভ্যুক্ষ্য গায়ত্র্যাহুতিপঞ্চকম্।
হুত্বৈকবৈষ্ণবেনৈবং জুহুয়াদ্বারপঞ্চকম্ ॥ ৭৪৯ ॥

অনুবাদ—প্রণবদ্বারা অগ্নিকে অভ্যুক্ষণ করিয়া গায়ত্রী দ্বারা পঞ্চ আহুতি প্রদান পূর্ব্বক একই বিষ্ণু-মন্ত্রে পাঁচবার আহুতি দিবে ॥ ৭৪৯ ॥

টীকা—এবং লিখিতপ্রকারেণ একেন বৈদিক-বৈষ্ণবেন বারপঞ্চকং জুহুয়াৎ ॥ ৭৪৯ ॥

ততো ব্যাহৃতিভির্হুত্বা দ্বাদশাক্ষরমন্ত্রতঃ।
হুত্বা পূর্ণাহুতিং বিদ্বান্ কুশকুণ্ডীং সমাপয়েৎ ॥৭৫০॥

অনুবাদ—তৎপরে ব্যাহৃতি সমূহ দ্বারা হোম করিয়া দ্বাদশাক্ষর মন্ত্রে আহুতি দিয়া বিদ্বান্ ব্যক্তি পূর্ণাহুতি ও কুশণ্ডিকা সমাপন করিবেন ॥ ৭৫০ ॥

টীকা—তদনন্তরং ব্যাহৃতিভিঃ সকৃৎ হুত্বা দ্বাদ-শাক্ষরমন্ত্রেণ পূর্ণাহুতিং হুত্বা ॥ ৭৫০ ॥

অথ যজমানাভিষেকঃ

আভিষেচনিকৈর্মন্ত্রৈঃ শান্তিকুম্ভাম্ভসা ততঃ।
আচার্য্যাদ্যা দ্বিজাঃ কুর্য্যুর্যজমানাভিষেচনম্ ॥ ৭৫১॥

অনুবাদ—অনন্তর যজমান অভিষেক—অনন্তর অভিষেক বিষয়ক মন্ত্রসমূহ সহ শান্তি কুম্ভস্থিত জল-দ্বারা আচার্য্যাদি দ্বিজগণ যজমানের অভিষেক করি-বেন ॥ ৭৫১ ॥

টীকা—ভবিষ্যে চাভিষেকমন্ত্রাশ্চাগ্রে ব্যক্তা ভবিষ্যন্তি ॥ ৭৫১ ॥

মাৎস্যে—

অনেন বিধিনা কৃত্বা সপ্তরাত্রমহোৎসবম্।
দেবকুম্ভৈস্ততঃ কুর্য্যাদ্‌যজমানাভিষেচনম্ ॥ ৭৫২ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—পূর্ব্বোক্ত বিধি অনুসারে সপ্তরাত্র মহোৎসব অনুষ্ঠানের পর দশদিকপাল দেব-গণের কুম্ভজল দ্বারা যজমানের অভিষেক করিবেন ॥ ৭৫২ ॥

টীকা—দেবস্য কুম্ভৈঃ, দেবো যৈঃ স্নাপিতঃ, তৈরেব প্রসাদরূপৈঃ কলসৈরিত্যর্থঃ ॥ ৭৫২ ॥

চতুর্ভিরষ্টভির্বাপি দ্বাভ্যামেকেন বা পুনঃ।
সপঞ্চরত্নকনকৈঃ সিতবস্ত্রাববেষ্টিতৈঃ ॥ ৭৫৩ ॥
দেবস্য ত্বেতি মন্ত্রেণ সাম্না চাথর্ব্বণেন চ।
অভিষেকে ইমে মন্ত্রা নবগ্রহমখে স্মৃতাঃ ॥ ৭৫৪ ॥

অনুবাদ—চতুর্দ্দিকের চারটি ঘট দ্বারা, অথবা অষ্টদিকের অষ্ট ঘট দ্বারা বা ইন্দ্রঘট ও শ্রীভগবদ্ ঘট দ্বারা অথবা সর্ব্বঘটের জল একটি ঘটে লইয়া স্বর্ণ ও পঞ্চরত্ন সহ শুক্লবস্ত্রদ্বয় বেষ্টিত করিয়া 'দেবস্য ত্বা' মন্ত্র, সামবেদোক্ত এবং অথর্ব্ববেদোক্ত মন্ত্র দ্বারা, অভিষেকে এই সকল মন্ত্র ও নবগ্রহ যজ্ঞে স্মরণীয় মন্ত্রসমূহ দ্বারা যজমানকে অভিষেক করিবে ॥ ৭৫৩-৭৫৪ ॥

টীকা—আভিষেচনিক-সাম্নাথর্ব্বণেন চ মন্ত্রেণ। নবগ্রহমখে মন্ত্রাশ্চ—'সুরাস্ত্বামভিষিঞ্চন্তু' ইত্যাদয়ঃ। তৈশ্চ যজমানাভিষেচনং কুর্য্যাদিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ৭৫৪ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে চ—

প্রাঙ্মুখং যজমানন্তু স্থাপয়িত্বা যথাবিধি।
ফলং সমর্পয়েত্তস্মৈ পরিতুষ্টমনা গুরুঃ ॥ ৭৫৫ ॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—শ্রীগুরুদেব যজমানকে পূর্ব্বমুখে যথাবিধি স্থাপন করাইয়া পরিতুষ্ট মনে তাহাকে ফল সমর্পণ করিবেন ॥ ৭৫৫ ॥

টীকা—ফলং কিঞ্চিন্মঙ্গলাত্মকং ফলং পুণ্যং বা প্রতিষ্ঠিতদেবং বা ॥ ৭৫৫ ॥

———

অথ পুনরাচার্য্যাদিসম্মাননম্

যজমানোঽভিষিক্তঃ সন্ দেবমভ্যর্চ্চ্য শক্তিতঃ।
আচার্য্যং পূজয়িত্বাস্মৈ প্রতিষ্ঠাদ্রব্যমর্পয়েৎ ॥৭৫৬॥

অনুবাদ—অনন্তর পুনরায় আচার্য্যাদি সম্মানন—যজমান অভিষিক্ত হইয়া শ্রীহরির পূজা করিয়া যথাশক্তি আচার্য্যকে পূজা করিয়া তাঁহাকে প্রতিষ্ঠা দ্রব্য সমর্পণ করিবে ॥ ৭৫৬ ॥

টীকা—শক্তিতঃ নিজশক্ত্যনুসারেণাচার্য্যং পূজয়িত্বা বস্ত্রভূষণ-দানাদিনা সম্মান্য, অস্মৈ চাচার্য্যায় ॥ ৭৫৬ ॥

———

মাৎস্যে—

সিতাম্বরধরঃ স্নাত্বা দেবং সম্পূজ্য যত্নতঃ।
স্থাপকং পূজয়েদ্ভক্ত্যা বস্ত্রালঙ্কারভূষণৈঃ ॥ ৭৫৭ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—যজমান স্নান করিয়া শ্বেতবস্ত্র পরিধান পূর্ব্বক যত্নসহ শ্রীহরিকে পূজা করিয়া ভক্তিসহ বস্ত্র, অলংকার, ভূষণসমূহ দ্বারা শ্রীমূর্ত্তি স্থাপককে পূজা করিবেন ॥ ৭৫৭ ॥

———

যজ্ঞভাণ্ডানি সর্ব্বাণি মণ্ডপোপস্করাদিকম্।
যচ্চাস্য দয়িতং গেহে তদাচার্য্যায় দাপয়েৎ।
সুপ্রসন্নে গুরৌ যস্মাৎ তুষ্যন্তি সর্ব্বদেবতাঃ ॥৭৫৮॥

অনুবাদ—যজ্ঞভাণ্ড সকল, মণ্ডপের উপস্করাদি এবং যজমান গৃহে আচার্য্যের প্রিয়বস্তু যাহা তাহাও আচার্য্যকে প্রদান করিবে। যেহেতু গুরুদেব সুপ্রসন্ন হইলে দেবতা সকল তুষ্টি লাভ করেন ॥ ৭৫৮ ॥

টীকা—যচ্চাচার্য্যস্য দয়িতং স্বগৃহে তিষ্ঠেৎ তদপি দদ্যাৎ ॥ ৭৫৮ ॥

———

হয়শীর্ষে—

যাগোপযোগিদ্রব্যাণি সর্ব্বাণ্যস্মৈ নিবেদয়েৎ।
স্নানীয়মণ্ডপোপেতং সর্ব্বোপস্করণাদিকম্।
মূলযজ্ঞগৃহং দদ্যাদাচার্য্যায় তথাপরম্ ॥ ৭৫৯ ॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—যাগের উপযোগি দ্রব্য সমূহ আচার্য্যকে নিবেদন করিবে। স্নান মণ্ডপস্থ সর্ব্ববিধ উপস্করণাদি, মূলযজ্ঞ, গৃহ এবং অন্যান্য তৎসম্বন্ধীয় আচার্য্যকে দিবেন ॥ ৭৫৯ ॥

টীকা—তথাপরং পরমপি কলসাদিমণ্ডপম্ ॥৭৫৯

———

ততঃ প্রতিষ্ঠাং কুর্ব্বীত দ্বারপ্রাসাদয়োর্বুধঃ।
বিজ্ঞায় শ্রীহয়গ্রীবপঞ্চরাত্রাচ্চ তদ্বিধিম্ ॥ ৭৬০ ॥

অনুবাদ—অনন্তর অভিজ্ঞ ব্যক্তি দ্বার ও প্রাসাদের প্রতিষ্ঠা করিবেন। উহার বিধি শ্রীহয়শীর্ষ পঞ্চরাত্র হইতে জানিয়া ॥ ৭৬০ ॥

টীকা—শ্রীহয়শীর্ষদেবেন প্রতিষ্ঠাপঞ্চকাখ্যানে বলিদানপটলানন্তরং দ্বারপ্রাসাদয়োঃ প্রতিষ্ঠাপ্রকারশ্চোক্তোঽস্তি। স চ বলিদানবিধিস্তেনৈব সুব্যক্তমেকত্রৈব বিস্তরেণ দর্শিতোঽস্তীতি সুজ্ঞেয়ত্বাদ্গ্রন্থবিস্তরভয়াচ্চ তং পূর্ব্ববদলিখিত্বা সমাসেন দর্শয়তি—তত ইতি। কুর্ব্বীতেতি দ্বারস্য প্রাসাদস্য চ প্রতিষ্ঠায়া আবশ্যকত্বং দর্শিতম্। ননু তর্হি তত্তদ্বিধিলিখ্যতাং, তত্রলিখতি—বিজ্ঞায়েতি। তস্য দ্বারপ্রাসাদ প্রতিষ্ঠায়া বিধিং, তত্র দ্বারপ্রতিষ্ঠা প্রথমমেকেন পটলেনৈবোক্তোঽস্তি। প্রাসাদপ্রতিষ্ঠা চ হৃৎপ্রতিষ্ঠাপটলে, যতঃ প্রাসাদপ্রতিষ্ঠৈব হৃৎপ্রতিষ্ঠেতি। তথা চ তত্রৈব—অতঃপরং প্রবক্ষ্যামি প্রতিষ্ঠাং বেদনির্ম্মিতাম্। প্রাসাদস্য মহাভাগহৃৎপ্রতিষ্ঠেতি বিশ্রুতাম্ ইতি ॥৭৬০

———

অথ ধ্বজারোপণম্

তত্রৈব—

অতঃপরং প্রবক্ষ্যামি ধ্বজারোপণমুত্তমম্।
যৎ কৃত্বা পুরুষঃ সম্যক্ সমগ্রং ফলমাপ্নুয়াৎ ॥৭৬১

অনুবাদ—অনন্তর ধ্বজারোপণ, হয়শীর্ষ পঞ্চরাত্রে—অনন্তর উত্তম ধ্বজারোপণ বিধি বলিব। যাহা করিবে মানব সকল অনুষ্ঠানের সমগ্র ফল প্রাপ্ত হয় ॥ ৭৬১ ॥

টীকা—যদ্যপি ধ্বজারোপণস্য বিধিরপি তেনৈকত্রৈব বিস্তরেণ সুব্যক্তমুক্তোঽস্তি, তথাপি তস্য মাহাত্ম্যবিশেষাৎ পরমনিত্যত্বাচ্চ তং বিশেষতো লিখতি—অতঃপরমিত্যাদিনা। সমগ্রং সম্পূর্ণং, প্রতিষ্ঠা-প্রাসাদ-নির্ম্মাণাদি-ফলং সম্যক্ প্রাপ্নুয়াৎ। ৭৬১ ॥

যাতুধানা গুহ্যকাশ্চ কুষ্মাণ্ডাঃ খেচরাস্তথা।
বিঘ্নয়ন্ত্যমরশ্রেষ্ঠ ধ্বজহীনং সুরালয়ম্ ॥ ৭৬২ ॥

অনুবাদ—হে অমর! শ্রেষ্ঠ ধ্বজাহীন দেবালয়ে রাক্ষস, যক্ষ, কুষ্মাণ্ড, খেচর সকল বিঘ্নকরে ॥ ৭৬২॥

ধ্বজেন রহিতে বিপ্র প্রাসাদে তু বৃথা ভবেৎ।
পূজাহোমাদিকং সর্ব্বং জপাদ্যং যৎ কৃতং বুধৈঃ ॥ ৭৬৩ ॥

অনুবাদ—হে বিপ্র! ধ্বজাহীন প্রাসাদে পূজা, হোমাদি ও জপাদি যাহা কিছু অভিজ্ঞ ব্যক্তিগণ করিবেন, তাহা সকলই বৃথা হইবে ॥ ॥ ৭৬৩ ॥

রক্ষণেন বিনা যদ্বৎ ক্ষেত্রং নশ্যেত ক্ষেত্রিণাম্।
ধ্বজং বিনা দেবগৃহং তথা নশ্যেত সর্ব্বথা ॥৭৬৪॥

অনুবাদ—রক্ষণ ব্যতীত ক্ষেত্রীগণের ক্ষেত্র যেমন নষ্ট হয়, ধ্বজ বিহীন দেবগৃহ সেইরূপ সর্ব্বপ্রকারে নষ্ট হয় ॥ ৭৬৪ ॥

রুদ্রস্য পার্ষদাঃ ক্রূরাঃ কুষ্মাণ্ডাদ্যাশ্চ যে স্মৃতাঃ।
পূজাদিকন্তু গৃহ্ণন্তি দৈবং দৃষ্ট্বা ন রক্ষিতম্ ॥৭৬৫॥

অনুবাদ—রুদ্রদেবের ক্রূর পার্ষদগণ ও কুষ্মাণ্ডাদি যাহারা প্রসিদ্ধ, দেবমন্দির ধ্বজাদ্বারা রক্ষিত না দেখিলে পূজাদি বলপূর্ব্বক গ্রহণ করে ॥ ৭৬৫ ॥

টীকা—দৈবং দেবগৃহং ন রক্ষিতং, ধ্বজারোপণেনারক্ষিতং দৃষ্টা। যদ্বা, দৈবং দেবোদ্দেশেন কৃতমপি পূজাদিকং গৃহ্ণন্তি, বলাদাচ্ছিদ্য ভুঞ্জতে। বিঘ্নন্তি ইতি পাঠে বিঘ্নয়ন্তি, ন গৃহ্ণন্তীতি বা পাঠঃ। ততশ্চ যে বিষ্ণুপার্ষদাঃ, যে চ কুষ্মাণ্ডাদ্যাঃ ক্রূরাস্তেঽপি ন স্বীকুর্ব্বন্তি। অন্যৎ সমানম্। দ্বিতীয়পাঠশ্চায়ং চিন্ত্যঃ ॥ ৭৬৫ ॥

দৃষ্ট্বা ধ্বজং তু দেবস্য জ্বলজ্জ্বলনবর্চ্চসম্।
নশ্যন্তি তদ্ভিয়ৈবার্করশ্মিক্ষিপ্তং তমো যথা ॥ ৭৬৬ ॥

অনুবাদ—শ্রীহরির ধ্বজকে প্রজ্বলিত অগ্নির ন্যায় তেজস্বী দেখিয়া তাহার ভয়েই পলায়ন করে, যেমন সূর্য্যরশ্মি দ্বারা বিতাড়িত অন্ধকার ॥ ৭৬৬ ॥

প্রাসাদবিম্বদ্রব্যাণাং যাবন্তঃ পরমাণবঃ।
তাবদ্বর্ষসহস্রাণি তৎকর্ত্তা বিষ্ণুলোকভাক্।
এতৎ পুণ্যং কোটিগুণং ভবেদারোপিতে ধ্বজে ॥৭৬৭

অনুবাদ—প্রাসাদ ও প্রতিমার মধ্যে যে পরিমাণ পরমাণু আছে। তত সহস্রবর্ষ তৎকর্ত্তা বিষ্ণুলোকে অবস্থান করে, ইহার কোটিগুণ পুণ্য ধ্বজারোপণ করিলে হয় ॥ ৭৬৭ ॥

টীকা—বিম্বং শ্রীমূর্ত্তিং প্রাসাদবিম্বয়োঃ শিলাদি-দ্রব্যাণাম্ ॥ ৭৬৭ ॥

কুষ্মাণ্ডবেদী-বিম্বানাং ভ্রমণাদ্বায়ুনানঘ।
কণ্ঠস্য বেষ্টনাজ্জ্ঞেয়ং ফলং কোটিগুণং ভবেৎ ॥ ৭৬৮ ॥

অনুবাদ—হে অনঘ! বায়ু কর্ত্তৃক ভ্রমিত ধ্বজ, কুষ্মাণ্ড, বেদী, বিম্ব ও কণ্ঠকে বেষ্টন করিলে ফল কোটিগুণ হয় জানিবে ॥ ৭৬৮ ॥

ধ্বজং নিবেশয়েদ্দেণ্ডে দিশাসু বিদিশাসু চ।
সূত্রাত্মানং বিজানীহি ধ্বজদণ্ডং ব্যবস্থিতম্।
চিচ্ছক্তিং বিদ্ধি তস্যৈব ধ্বজরূপাং চলাননাম্ ॥৭৬৯

অনুবাদ—মন্দিরের উপরিভাগে ধ্বজ, দিক্ চতু-

ণ্টয় ও বিদিক্ চতুণ্টয় দণ্ডে নিবেশিত করিবে। অবস্থিত ধ্বজদণ্ডকে সূত্রাত্মা জানিবে। চঞ্চলবদনা ধ্বজরূপাকে তাঁহারই চিচ্ছক্তি জানিবে ॥ ৭৬৯ ॥

টীকা—দণ্ডং প্রাসাদোপরিতনভাগবিশেষ স্তস্মিন্ ॥ ৭৬৯ ॥

পতাকাং প্রকৃতিং বিদ্ধি দণ্ডং পুরুষবিগ্রহম্।
প্রাসাদং বাসুদেবস্য মূর্তিভূতং নিবোধ মে ॥ ৭৭০ ॥

অনুবাদ—পতাকাকে প্রকৃতি জানিবে, দণ্ডকে পুরুষ বিগ্রহ, প্রাসাদকে বাসুদেবের মূর্তিস্বরূপ আমার নিকট জান ॥ ৭৭০ ॥

টীকা—মূর্তিভূতং বিগ্রহস্বরূপং, যদ্বা পুরুষরূপং মে মত্তো নিবোধ শৃণু ॥ ৭৭০ ॥

ধারণাদ্ধরণীং বিদ্ধি আকাশং শুষিরাত্মকম্।
তেজস্তৎপাদজং বিদ্ধি বায়ুস্পর্শগতং তথা ॥ ৭৭১ ॥
পাষাণাদিষ্বেব জলং পার্থিবং পৃথিবীগুণম্।
প্রতিশব্দোত্তরং শব্দং স্পর্শং স্যাৎ কর্কশাত্মকম্ ॥৭৭২
শুক্লাদিকং ভবেদ্রূপং রসমাত্মনিদর্শনম্।
ধূপাদিগন্ধো গন্ধস্তু বাগ্‌গীতাদিষু সংস্থিতা ॥ ৭৭৩ ॥

অনুবাদ—ধারণ করে এইহেতু পৃথিবীর নাম ধরণী, আকাশ ছিদ্রস্বরূপ। তেজকে বাসুদেবের পাদজাত, বায়ু স্পর্শগত, পাষাণাদিতে জল, পার্থিবকে পৃথিবীগুণ, প্রতি শব্দের উত্তরকে শব্দ, কর্কশাত্মককে স্পর্শ, শুক্লাদিকে রূপ, আত্মনিদর্শনকে রস, ধূপাদি গন্ধ, গীতাদিতে অবস্থিতা বাগ্ ॥ ৭৭১-৭৭৩ ॥

টীকা—এতদেব পঞ্চভূতময়ত্বাদি বিবিচ্য দর্শয়তি—ধারণাদিতি সার্দ্ধৈঃ ষড়্‌ভিঃ ॥ ৭৭১ ॥

শুকনাসা স্মৃতা নাসা বাহূ ভদ্রকরৌ স্মৃতৌ।
শিরস্ত্বণ্ডং নিগদিতং কলসং মূর্দ্ধজং স্মৃতম্ ॥৭৭৪॥

অনুবাদ—শুকনাসাকে নাসা, বাহুদ্বয়কে মঙ্গলকর জানিবে। প্রাসাদের শির অণ্ডস্থানীয় বলা হয়, প্রাসাদোপরি কলস কেশ জানিবে ॥ ৭৭৪ ॥

কণ্ঠং কণ্ঠমিতি জ্ঞেয়ং স্কন্ধং বেদী নিগদ্যতে।
পায়ূপস্থে প্রণালে তু ত্বক্ সুধা পরিকীর্ত্তিতা ॥৭৭৫॥
মুখং দ্বারং ভবেদস্য প্রতিমা জীব উচ্যতে।
তচ্ছক্তিং পিণ্ডিকাং বিদ্ধি প্রকৃতিঞ্চ
তদাকৃতিম্ ॥ ৭৭৬ ॥

অনুবাদ—কণ্ঠকে কণ্ঠ, বেদীকে স্কন্ধ, প্রণালীকে পায়ু ও উপস্থ, ত্বককে অমৃত, দ্বারকে বদন, প্রতিমাকে জীব, পিণ্ডিকাকে তাঁহার শক্তি, তদাকৃতিকে প্রকৃতি জানিবে ॥ ৭৭৫-৭৭৬ ॥

নিশ্চলত্বং তু গর্ভোঽস্য অধিষ্ঠাতাস্য কেশবঃ।
এবমেষ হরিঃ সাক্ষাৎ প্রাসাদত্বেন সংস্থিতঃ ॥ ৭৭৭ ॥

অনুবাদ—নিশ্চলত্ব ইহার গর্ভ, ইহার অধিষ্ঠাতা কেশব। এইভাবে প্রাসাদ সাক্ষাৎ হরি স্বরূপে অবস্থিত ॥ ৭৭৭ ॥

জঙ্ঘান্তেঽস্য শিবো জ্ঞেয়স্ত্বং স্কন্ধান্তে ব্যবস্থিতঃ।
ঊর্দ্ধ্বভাগে স্থিতো বিষ্ণুরেবমেতদবস্থিতম্ ॥ ৭৭৮ ॥

অনুবাদ—ইহার জঙ্ঘান্তে শিব জান, স্কন্ধান্তে ব্রহ্মা তুমি, উর্ধ্বভাগে বিষ্ণু অবস্থিত, এইভাবে ইহা অবস্থিত ॥ ৭৭৮ ॥

টীকা—ত্বং—ব্রহ্মা ॥ ৭৭৮ ॥

এবং স্থিতস্য চৈতস্য প্রাসাদস্য যথাবিধি।
প্রতিষ্ঠাং ধ্বজরূপেণ শৃণু মে সাম্প্রতং স্ফুটম্ ॥৭৭৯॥

অনুবাদ—এইরূপে অবস্থিত এই প্রাসাদের প্রতিষ্ঠা যথাবিধি বলা হইল। সম্প্রতি স্পষ্টভাবে ধ্বজরূপের প্রতিষ্ঠা আমার নিকট শ্রবণ কর ॥ ৭৭৯॥

পূর্ব্বে দেবাসুরে যুদ্ধে বিজয়ার্থং তদামরৈঃ।
কৃত্বা লক্ষ্মাণি হ্যুপরি বাহনান্যায়ুধানি চ।
জিতং দৈত্যবলং সর্ব্বং তদাদৌ ধ্বজসংস্থিতিঃ ॥৭৮০

অনুবাদ—পুরাকালে দেবাসুর সংগ্রামে বিজয়ার্থে অমরগণ কর্ত্তৃক নিজ নিজ রথের উপরে বাহনসমূহ

ও অস্ত্রসমূহে চিহ্ন ধারণ করিয়া দৈত্যসৈন্যসমূহকে জয় করা হইয়াছিল, তখনই প্রথম ধ্বজা স্থাপন বিধি অনুসরণ করা হয় ॥ ৭৮০ ॥

টীকা—তদাদৌ তত আরভ্যেত্যর্থঃ। ধ্বজস্য সংস্থিতিঃ প্রবৃত্তিঃ ॥ ৭৮০ ॥

অণ্ডোর্দ্ধং কলসং ন্যস্য তদূর্দ্ধং বিন্যসেদ্ধ্বজম্।
বিম্বার্দ্ধমানং চক্রং তু ত্রিভাগেনাথ কারয়েৎ ॥৭৮১॥

অনুবাদ—গোলাকার মন্দিরের উপরে কলস স্থাপন পূর্ব্বক তাহার উপরে ধ্বজা বিন্যাস করিবে। প্রতিমার অর্দ্ধ পরিমাণে শ্রীবিষ্ণুর চক্র বা ত্রিভাগে নির্ম্মাণ করাইবে ॥ ৭৮১ ॥

টীকা—অথেতি বিকল্পে, বিম্বতৃতীয়ভাগেন কারয়েৎ। অন্যৎ সুগমম্ ॥ ৭৮১ ॥

দ্বাত্রিংশদঙ্গুলং জ্যেষ্ঠং কনিষ্ঠং ত্বষ্টহানিতঃ।
প্রতিমাতুর্য্যভাগেন কারয়েদ্বা সুদর্শনম্ ॥ ৭৮২ ॥

অনুবাদ—জ্যেষ্ঠ বত্রিশ অঙ্গুল, কনিষ্ঠ চব্বিশ অঙ্গুল, অথবা প্রতিমার চারিভাগে সুদর্শন চক্র করাইবেন ॥ ৭৮২ ॥

লোহজং শৈলজং বাপি কারয়েচ্চিহ্নপূর্ব্বকম্।
অষ্টারং দ্বাদশারং বা মধ্যে মূর্ত্তিসমন্বিতম্।
নারসিংহেন রৌদ্রেণ বিশ্বরূপেণ বা পুনঃ ॥ ৭৮৩ ॥

অনুবাদ—লৌহজাত বা প্রস্তরজাত চিহ্ন সহ করাইবে। অষ্ট আরা বা দ্বাদশ আরা মধ্যে মূর্ত্তি সমন্বিত, নরসিংহ মূর্ত্তি, বা রুদ্রমূর্ত্তি বা বিশ্বরূপ ॥ ৭৮৩ ॥

দ্বারস্য দৈর্ঘ্যাদ্দ্বিগুণং দণ্ডং বা পরিকল্পয়েৎ ॥৭৮৪॥

অনুবাদ—দ্বারের দ্বিগুণ দীর্ঘ ধ্বজার দণ্ড পরিকল্পনা করিবে ॥ ৭৮৪ ॥

ধ্বজযষ্টির্দেবগৃহে ঐশান্যাং দিশি দেশিকৈঃ।
বায়ব্যে স্থাপনীয়া বা সাম্প্রতং ধ্বজ উচ্যতে ॥৭৮৫॥

অনুবাদ—আচার্য্য কর্ত্তৃক দেবগৃহের ঈশান কোণে ধ্বজদণ্ড বা বায়ুকোণে স্থাপন কর্ত্তব্য, সম্প্রতি উহাকে ধ্বজ বলা হয় ॥ ৭৮৫ ॥

পট্টকার্পাসক্ষৌমাদ্যৈর্ধ্বজং কুর্য্যাৎ সুশোভনম্।
একবর্ণং বিচিত্রং বা ঘণ্টাচামরভূষিতম্ ॥ ৭৮৬ ॥
কিঙ্কিণীজালিকোপেতং বর্হিপত্রবিভূষিতম্।
শুক্লাদিবর্ণৈর্বিপ্রাদিঃ ক্রমাদ্বা কারয়েদ্ধ্বজম্ ॥৭৮৭॥

অনুবাদ—পট্টবস্ত্র, কার্পাস বা তসর বস্ত্রাদি দ্বারা সুশোভন ধ্বজা করিবে। একবর্ণ বা বিচিত্র বর্ণ, ঘণ্টা, চামরাদি ভূষিত, কিঙ্কিণী জালিকাযুক্ত, ময়ূরপুচ্ছ বিভূষিত অথবা শুক্লবর্ণের বিপ্রগৃহে, রক্তবর্ণের ক্ষত্রিয় গৃহে, পীতবর্ণের বৈশ্য গৃহে ক্রমে ধ্বজা করাইবে ॥ ৭৮৬-৭৮৭ ॥

দণ্ডাগ্রাদ্ধরণীং যাবদ্ধস্তৈকং বিস্তরেণ তু।
মহাধ্বজস্তু বিখ্যাতং সর্ব্বকামপ্রদং শুভম্ ॥ ৭৮৮ ॥

অনুবাদ—দণ্ডের অগ্র হইতে ভূমি পর্য্যন্ত, একহস্ত বিস্তৃত, মহাধ্বজ সর্ব্বকামপ্রদ ও শুভপ্রদ বিখ্যাত ॥ ৭৮৮ ॥

তূর্য্যাংশহীনা বিখ্যাতা ধ্বজা সুরগণার্চ্চিতা।
ধ্বজিকার্দ্ধেন বিজ্ঞেয়া পতাকা মানবর্জ্জিতা ॥৭৮৯॥

অনুবাদ—এক চতুর্থাংশ কম দেবগণ পূজিতা বিখ্যাত ধ্বজা। অর্দ্ধপরিমিত ধ্বজিকা জানিবে, পতাকা পরিমাণ বর্জ্জিতা ॥ ৭৮৯ ॥

বিস্তারেণ ধ্বজা কার্য্যা বিংশত্যঙ্গুলসম্মিতা।
ষোড়শাঙ্গুলমানেন ধ্বজিকা বিস্তরাৎ স্মৃতা ॥ ৭৯০ ॥

অনুবাদ—ধ্বজার বিস্তার বিংশ অঙ্গুল কর্ত্তব্য, ধ্বজিকার বিস্তার ষোড়শ অঙ্গুল পরিমিত জানিবে ॥ ৭৯০ ॥

অধিবাস্য বিধানেন চক্রং দণ্ডং ধ্বজং তথা।
দেববৎ সকলং কৃত্বা মণ্ডপস্নপনাদিকম্ ॥ ৭৯১ ॥
নেত্রোন্মীলনকং কৃত্বা পূর্ব্বোক্তং সর্ব্বমাচরেৎ।
অধিবাসয়েত বিধিনা শয্যায়াং স্থাপ্য দেশিকঃ ॥৭৯২

অনুবাদ—শাস্ত্রবিধান অনুসারে চক্র, দণ্ড ও ধ্বজকে অধিবাস করিয়া দেববৎ মণ্ডপ স্নানাদি সকল কৃত্য সমাধান করিয়া নেত্রোন্মীলন করিয়া পূর্ব্বোক্ত সকল কার্য্য করিবে। আচার্য্য শয্যায় স্থাপন করিয়া বিধিনানুসারে অধিবাস করিবেন ॥৭৯১-৭৯২॥

———

ততঃ সহস্রশীর্ষেতি সূক্তং চক্রে ন্যসেদ্ বুধঃ।
তথা সৌদর্শনং মন্ত্রং মনস্তত্ত্বং নিবেশয়েৎ ॥ ৭৯৩ ॥

অনুবাদ—তৎপরে 'সহস্রশীর্ষা' এইসূক্ত অভিজ্ঞ ব্যক্তি চক্রে ন্যাস করিবেন, সেইরূপ সুদর্শন মন্ত্র, মনস্তত্ত্ব নিবেশ করিবেন ॥ ৭৯৩ ॥

———

মনোঽনুরূপেণাস্যৈব সজীবকরণং স্মৃতম্।
অরেষু মূর্ত্তয়ো ন্যস্যাঃ কেশবাদ্যাঃ সুরোত্তম ॥৭৯৪॥

অনুবাদ—মনের অনুরূপ বা মন্ত্রের অনুরূপ ইহার প্রাণ প্রতিষ্ঠা কর্ত্তব্যা, প্রতি আরাতে হে সুরোত্তম! কেশবাদি তত্ত্ব ন্যাস করিবেন ॥ ৭৯৪ ॥

———

নাভ্যক্ষ-প্রধিনেমীষু ন্যসেত্তত্ত্বানি দেশিকঃ।
নারসিংহং বিশ্বরূপমক্ষমধ্যে নিবেশয়েৎ ॥ ৭৯৫ ॥

অনুবাদ—নাভি, অক্ষ, প্রধি ও নেমীতে আচার্য্য তত্ত্বসমূহ ন্যাস করিবেন, নরসিংহ মূর্ত্তি বা বিশ্বরূপ মূর্ত্তি অক্ষ মধ্যে নিবেশ করিবে ॥ ৭৯৫ ॥

———

সকলং বিন্যসেদ্দণ্ডে সূত্রাত্মানং সজীবকম্।
নিষ্কলং পরমাত্মানং ধ্বজে ধ্যায়ন্ ন্যসেদ্ধরিম্।
তচ্ছক্তিং ব্যাপিনীং ধ্যায়েদ্ ধ্বজারূপাং চলাননাম্ ॥ ৭৯৬ ॥

অনুবাদ—দণ্ডে সকলই বিন্যাস করিবেন সূত্রাত্মাকে বীজসহ, ধ্বজে নিষ্কল পরমাত্মাকে ধ্যান কালে শ্রীহরিকে ন্যাস করিবে। তৎ শক্তিকে ব্যাপিনী ধ্বজারূপা চঞ্চলবদনাকে ধ্যান করিবেন ॥ ৭৯৬ ॥

———

ততো মণ্ডপমধ্যে তু স্নাপ্য পূজ্য যথাবিধি।
পূর্ব্বোক্তেন বিধানেন হোমং কুণ্ডেষু কারয়েৎ ॥৭৯৭॥

অনুবাদ—তৎপরে মণ্ডপ মধ্যে স্নান করাইয়া যথাবিধি পূজা করিয়া পূর্ব্বোক্ত বিধানে কুণ্ড সমূহে হোম করাইবেন ॥ ৭৯৭ ॥

———

ততঃ প্রভাতসময়ে মূর্ত্তিপৈঃ সহ দেশিকঃ।
কলসে স্বর্ণসকলং ন্যস্ত্বা রত্নানি পঞ্চ চ ॥ ৭৯৮ ॥
স্থাপয়েচ্চক্রমন্ত্রেণ স্বর্ণং চক্রমধস্ততঃ।
পারদেন তু সংপ্লাব্য নেত্রপট্টেন স্থাপয়েৎ ॥ ৭৯৯ ॥

অনুবাদ—অতঃপর প্রভাতকালে মূর্ত্তিপগণসহ আচার্য্য কলসে স্বর্ণখণ্ড ও পঞ্চরত্ন নিক্ষেপ করিয়া, চক্রমন্ত্রে চক্রের অধোদেশে স্বর্ণখণ্ডকে পারদ দ্বারা প্লব করিয়া নেত্রপট সহ স্থাপন করিবেন ॥৭৯৮-৭৯৯

———

ততো নিবেশয়েচ্চক্রং দ্বাদশারং সুদর্শনম্।
দুর্নিরীক্ষ্যং সুরৈর্দৈত্যৈর্ভ্রমদ্বহ্নিস্ফুলিঙ্গকম্ ॥৮০০॥

অনুবাদ—অনন্তর সুরগণ ও দৈত্যগণের দুর্দর্শনীয় ভ্রমণকালে অগ্নিস্ফুলিঙ্গচ্ছুরিতবৎ দ্বাদশার সুদর্শন চক্রকে স্থাপন করিবেন ॥ ৮০০ ॥

———

তন্মধ্যে চিন্তয়েদ্দেবং নৃসিংহং দৈত্যনির্দ্দলম্।
স্ফুরৎ-সৌদামনীজিহ্বং জ্বলজ্জ্বলনকেশরম্ ॥৮০১॥
দীপ্তার্কনয়নং চন্দ্রকোটিভাস্বরদংষ্ট্রিণম্।
তপ্তস্য তপনীয়স্য সদৃশং পরুষাননম্।
সর্ব্বদুষ্টহরং দেবং দুষ্প্রেক্ষ্যং দেবদানবৈঃ ॥৮০২॥
সর্ব্ববর্ণান্তবীজেন চতুর্দ্দশযুতেন চ।
বিন্দুনালঙ্কৃতেনাদৌ প্রবণেনাপ্লুতেন চ।
অন্তে প্রণতিযুক্তেন স্থাপয়েদ্দুষ্টনাশকম্ ॥ ৮০৩ ॥

অনুবাদ—সুদর্শন চক্রমধ্যে দৈত্যনিসূদন নৃসিংহদেবকে চিন্তা করিবে। স্ফূর্ত্তিপ্রাপ্ত বিদ্যুৎ,

জিহ্ব, প্রজ্বলিত অগ্নিবৎ কেশর, উদ্দীপ্ত অর্কনয়ন, কোটি চন্দ্রের ন্যায় উজ্জ্বল দন্ত বিশিষ্ট, তপ্তকাঞ্চন সদৃশ পুরুষবদন, সর্ব্বদুষ্ট নাশন দেবদানবগণের দুর্দর্শনীয় প্রভু, সর্ব্বর্ণান্ত ক্ষ-বীজ সহ চতুর্দ্দশ স্বর-যুক্ত অনুস্বার দ্বারা অলঙ্কৃত, আদিতে প্রণব পুটিত অন্ত্যে নমঃযুক্ত মন্ত্রসহ দুষ্টনাশক সুদর্শনকে স্থাপন করিবেন ॥ ৮৫১-৮০৩ ॥

ততো ধ্বজং গৃহীত্বা তু যজমানঃ সবান্ধবঃ ।
প্রদক্ষিণং তু কুর্ব্বীত তূর্য্যমঙ্গলনিস্বনৈঃ ॥ ৮০৪ ॥

অনুবাদ—অনন্তর সবান্ধব যজমান ধ্বজ লইয়া তুরীভেরী, মঙ্গলধ্বনি সহ প্রদক্ষিণ করিবেন ॥ ৮০৪॥

ততো নিবেশয়েদ্দণ্ডং মন্ত্রেণাষ্টাক্ষরেণ তু ।
মুঞ্চামি ত্বেতি সূক্তেন ধ্বজং মুঞ্চেদ্বিচক্ষণঃ ॥৮০৫॥
দধিভক্তযুতে পাত্রে ধ্বজস্যাগ্রং নিবেশয়েৎ ।
ধ্রুবাদ্যেন ফড়ন্তেন ধ্বজং মন্ত্রেণ পূজয়েৎ ॥ ৮০৬ ॥

অনুবাদ—তৎপরে অষ্টাক্ষর মন্ত্রে দণ্ড স্থাপন করিবেন 'মুঞ্চামি ত্বেতি' সূক্তে বিচক্ষণ ব্যক্তি ধ্বজকে মোচন করিয়া দধি, অন্ন সমন্বিত পাত্রে ধ্বজাগ্র সন্নিবেশ করিবেন, ধ্রুবাদ্য ও ফড়ন্ত মন্ত্রে ধ্বজকে পূজা করিবে ॥ ৮০৫-৮০৬ ॥

শিরস্যাধায় তৎপাত্রং নারায়ণমনুস্মরন্ ।
মুক্তমাত্রে ধ্বজে দদ্যাৎ জীবমাচার্য্যসত্তমঃ ॥ ৮০৭ ॥

অনুবাদ—ঐ পাত্রকে মস্তকে রাখিয়া নারায়ণকে স্মরণ করিতে করিতে আচার্য্য সত্তম মুক্তপাত্রে ধ্বজে জীবন দান করিবেন ॥ ৮০৭ ॥

প্রভিন্নং কুঞ্জরং দদ্যাৎ অশ্বং বা লক্ষণান্বিতম্ ।
দাসং বা পেশলং বাপিদাসীং বালসবর্জ্জিতাম্ ।
মহাশৃঙ্গীং প্রদদ্যাত্তু গ্রামঞ্চ গুরুতুষ্টয়ে ॥ ৮০৮ ॥

অনুবাদ – তৎপরে শ্রীগুরুদেবের তুষ্টির জন্য মদমত্ত হস্তি, সুলক্ষণযুক্ত অশ্ব, নিপুণ দাস বা নির-লস দাসী, মহাশৃঙ্গী গাভী ও গ্রাম দান করিবেন ॥ ৮০৮ ॥

আচার্য্যং ভোজয়িত্বা তু মূর্ত্তিপান্ পূজয়েদ্বুধঃ ।
সুবর্ণবস্ত্রদানেন বৈষ্ণবানপি পূজয়েৎ ॥ ৮০৯ ॥

অনুবাদ—অভিজ্ঞ ব্যক্তি আচার্য্যকে ভোজন করাইয়া মূর্ত্তিপগণকে পূজা করিবেন, সুবর্ণ ও বস্ত্র-দান সহ বৈষ্ণবগণকেও পূজা করিবেন ॥ ৮০৯ ॥

অনিবারিতমন্নাদং সর্ব্ববর্ণেষু কারয়েৎ ।
ততো নৃত্যঞ্চ বাদ্যঞ্চ বলিং দদ্যাত্তথা পুনঃ ॥৮১০॥

অনুবাদ—পরে সর্ব্ববর্ণকেই অনিবারিত অন্নদান করাইবেন । অনন্তর নৃত্যগীত বাদ্য সহ দেবপরি-গণকে উপহার পুনঃ প্রদান করিবেন ॥ ৮১০ ॥

কুর্য্যাদ্যো দেবসদনে ধ্বজং বিধিবিধানতঃ ।
তস্য স্যাদক্ষয়ো লোকো বৈষ্ণবো নাত্র সংশয়ঃ ॥৮১১

অনুবাদ—যে মানব দেবগৃহে বিধিবিধানে ধ্বজা-রোপণ করেন, তাহার অক্ষয় লোক বৈকুণ্ঠ প্রাপ্তি হয় ইহাতে সংশয় নাই ॥ ৮১১ ॥

কদাচিদ্যদি মানুষ্যলোকমায়াতি স্বেচ্ছয়া ।
তদা সর্ব্বেষু ভূতেষু ধ্বজীভূতঃ প্রকাশতে ॥ ৮১২ ॥

অনুবাদ—স্বেচ্ছায় কখনও যদি মনুষ্যলোকে আসে, তখন সর্ব্বপ্রাণির নিকট ধ্বজী স্বরূপ প্রকাশ থাকে ॥ ৮১২ ॥

আধারভূতঃ সর্ব্বেষাং বন্ধুনাং ধনিনাং তথা ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন ধ্বজং কুর্য্যাৎ সুরালয়ে ॥৮১৩॥

অনুবাদ—সকল বন্ধুগণ ও ধনীগণ মধ্যে আধার স্বরূপ হইয়া থাকেন অতএব সর্ব্বপ্রযত্নে দেবালয়ে ধ্বজ আরোপণ করিবেন ॥ ৮১৩ ॥

ধ্বজে যষ্টিপ্রদানেন বপুষ্মান্ জায়তে নরঃ।
ধ্বজমানেন চাপ্নোতি লোকং শক্রস্য দুর্লভম্ ॥
ইতি ॥ ৮১৪ ॥

অনুবাদ—ধ্বজে কোন ব্যক্তি যষ্টি দান করিলে মানব প্রশংসনীয় দেহ পায়, ধ্বজমানে ইন্দ্র দুর্লভ লোক প্রাপ্ত হয় ॥ ৮১৪ ॥

অথ লক্ষ্ম্যাঃ সুপর্ণাদিপরিবারগণস্য চ।
প্রতিষ্ঠাং হয়শীর্ষোক্তসুব্যক্তবিধিনাচরেৎ ॥ ৮১৫ ॥

অনুবাদ—অনন্তর লক্ষ্মীদেবীর ও গরুড়াদি পরিবারগণের মূর্ত্তি প্রতিষ্ঠা হয়শীর্ষ পঞ্চরাত্রোক্ত সুস্পষ্ট বিধি অনুসারে সম্পাদন করিবে ॥ ৮১৫ ॥

টীকা—হয়শীর্ষোক্তেন সুব্যক্তেন বিধিনেতি, তদুক্তং পঞ্চরাত্রে তদ্বিধিরত্যন্তস্ফুটতয়া বর্ত্তত ইতি তল্লিখনবিস্তরেণালমিতি পূর্ব্ববদভিপ্রায়ঃ ॥ ৮১৫ ॥

সর্ব্বমেতাং প্রতিষ্ঠাঞ্চ বিপ্রেণ বিদুষা সতা।
গৃহিণা বৈষ্ণবেনৈব কারয়েন্নেতরেণ তু ॥ ৮১৬ ॥

অনুবাদ—এই সকল প্রতিষ্ঠা সৎ, বিদ্বান্ বিপ্র কর্ত্তৃক গৃহীবৈষ্ণব দ্বারাই করাইবেন, অন্য দ্বারা নহে ॥ ৮১৬ ॥

টীকা—বিদুষা প্রতিষ্ঠাবিধ্যভিজ্ঞেন, সত্য সুশীলেন, ন তু ইতরেণ লিখিতাদন্যেন কারয়েৎ। যদ্যপি পূর্ব্বমাচার্য্যলক্ষণলিখনেনৈতদ্বোধিতমেবাস্তি, তথাপি তদন্যথাত্বে মহান্ দোষসঞ্চয়ঃ স্যাদিতি তদ্দার্ঢ্যার্থমেব লিখিতমিতি দিক্ ॥ ৮১৬ ॥

তথা চ মাৎস্যে—

নৈতদ্বিশীলেন ন দাম্ভিকেন
ন লিঙ্গিনা স্থাপনমত্র কার্য্যম্।
বিপ্রেণ কার্য্যং শ্রুতিপারগেণ
গৃহস্থধর্ম্মাভিরতেন নিত্যম্ ॥ ৮১৭ ॥

অনুবাদ—ঐরূপই মৎস্যপুরাণে—শীলতা বিহীন দাম্ভিক এবং ধর্ম্মধ্বজী ব্যক্তিদ্বারা মূর্ত্তি স্থাপন কার্য্য করাইবে না। বেদপারগ গৃহস্থধর্ম্মাভিরত বিপ্রদ্বারা সর্ব্বদা প্রতিষ্ঠা কার্য্য করাইবে ॥ ৮১৭ ॥

পাষণ্ডিনং যস্তু করোতি বুদ্ধ্যা
বিহায় বিপ্রান্ শ্রুতিধর্ম্মযুক্তান্।
গুরুং প্রতিষ্ঠাদিষু তত্র নূনং
কুলক্ষয়ঃ স্যাদচিরায় পূর্ব্বম্ ॥ ৮১৮ ॥

অনুবাদ—যে ব্যক্তি জ্ঞানতঃ বেদধর্ম্ম পরায়ণ বিপ্রগণকে বর্জ্জন করিয়া পাষণ্ডীকে প্রতিষ্ঠাদি কার্য্যে গুরুরূপে বরণ করে, সেস্থলে নিশ্চয়ই প্রথমত অচিরে কুলক্ষয় হয় ॥ ৮১৮ ॥

টীকা—পাষণ্ডিলক্ষণঞ্চ পাদ্মোত্তরখণ্ডে শ্রীমহাদেবেনোক্তম্—'যেঽন্যদেবং পরত্বেন বদন্ত্যজ্ঞানমোহিতাঃ। নারায়ণং জগন্নাথত্বে বৈ পাষণ্ডিনঃ স্মৃতাঃ। শঙ্খচক্রোর্ধ্বপুণ্ড্রাদিচিহ্নৈঃ প্রিয়তমৈর্হরেঃ। রহিতা যে দ্বিজা দেবি তে বৈ পাষণ্ডিনঃ স্মৃতাঃ ॥' ইত্যাদি পূর্ব্বমচিরেণ কুলক্ষয়ঃ স্যাৎ ॥ ৮১৮ ॥

স্থানং পিশাচৈঃ পরিগৃহ্যতে তৎ-
পূজ্যতাং যাত্যচিরেণ লোকে।
বিপ্রৈঃ কৃতং যচ্ছুভদং কুলে স্যাৎ
তৎ পূজ্যতাং যাতি চিরঞ্চ কালম্ ॥৮১৯॥ ইতি

অনুবাদ—সেইস্থান পিশাচগণ কর্ত্তৃক অধিকৃত হয়, অচিরে লোকসমাজে অপূজ্য হয়। আর বেদজ্ঞ বিপ্রগণ কর্ত্তৃক প্রতিষ্ঠিত হইলে কুলে মঙ্গলপ্রদ হয়, তাহা সমাজে চিরকাল পূজ্যতা প্রাপ্ত হয় ॥ ৮১৯ ॥

টীকা—তৎ শ্রীমূর্ত্তিস্থাপনসম্বন্ধিস্থানম্। স্থাপিতশ্রীমূর্ত্তিঃ স্থাপকো বা লোকেঽপূজ্যতাং যাতি। যৎ স্থাপনং বিপ্রৈঃ কৃত্বা কৃত্যম্ ॥ ৮১৯ ॥

অথ চলশ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠা—

চলমূর্ত্তেশ্চ বিবিধাঃ প্রতিষ্ঠাবিধয়ঃ স্মৃতাঃ।
তেষ্বাদৌ শ্রীহয়গ্রীবদেবোক্তো লিখ্যতে বিধিঃ ॥৮২০

অনুবাদ—অনন্তর চল শ্রীমূর্ত্তি প্রতিষ্ঠা—চলমূর্ত্তিরও বিবিধ প্রতিষ্ঠা বিধি প্রসিদ্ধ আছে। তাহা-

দের মধ্যে প্রথমতঃ শ্রীহয়গ্রীবদেবোক্ত বিধি লিখিত হইতেছে ॥ ৮২০ ॥

টীকা—অপ্যর্থে চকারঃ, যথা স্থিরমূর্ত্তেঃ প্রতিষ্ঠা-বিধয়ো বহুপ্রকারাস্তথা চলমূর্ত্তেরপি স্মৃতা অভিজ্ঞৈঃ। আদাবিতি পশ্চাদন্যোঽপি লেখ্য ইত্যর্থঃ ॥ ৮২০ ॥

হয়শীর্ষে চ—

অচলশ্চ চলশ্চৈব দ্বিবিধো বিষ্ণুরুচ্যতে।
অচলো হ্যাদিপুরুষঃ প্রাদুর্ভাবগতশ্চলঃ ॥ ৮২১ ॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—অচল ও সচল দ্বিবিধ বিষ্ণুমূর্ত্তি কথিত হয়, অচল আদি পুরুষ, প্রাদুর্ভাব প্রাপ্ত চল মূর্ত্তি ॥ ৮২১ ॥

টীকা—আদিপুরুষঃ পরমাত্মা পরমেশ্বরো ভগবান্ শ্রীবাসুদেবঃ অচলঃ, সর্ব্বব্যাপকত্বাৎ। প্রাদুর্ভাবগতো লীলয়া স্বীকৃতজন্মা, চলঃ ভক্তবাৎসল্যাদি-লীলয়া ইতস্ততঃ পরিভ্রমণাৎ ॥ ৮২১ ॥

প্রাসাদে হ্যচলস্তদ্বদ্‌গৃহেষু চ চলাচলঃ।
সভামঠস্থো হ্যচলো গৃহস্থানাং মঠে চলঃ ॥৮২২॥

অনুবাদ—প্রাসাদে অচল মূর্ত্তি, সেইরূপ গৃহসমূহে চল ও অচল। সভা মঠস্থিত অচল, গৃহস্থগণের গৃহে চলমূর্ত্তি ॥ ৮২২ ॥

টীকা—এবং যথাসৌ দ্বিবিধঃ, তথা তৎপ্রতিমাপি দ্বিবিধা ইত্যাহ—প্রাসাদ ইতি ॥ ৮২২ ॥

চলে রত্নাদিবিন্যাসঃ পিণ্ডিকাযোজনাদিকম্।
যতো ন বিদ্যতে তস্মাৎ পিণ্ডিকা তস্য নেদৃশী।
অতো বিশেষাদ্বক্ষ্যামি চলানাং যাদৃশো বিধিঃ ॥৮২৩

অনুবাদ—চল মূর্ত্তিতে রত্নাদি বিন্যাস, পিণ্ডিকা যোজনাদি যেহেতু নাই, অতএব তাহার পিণ্ডিকা এই-রূপ নহে। সেইহেতু বিশেষ ভাবে চলমূর্ত্তির যেরূপ বিধি তাহাই বলিব ॥ ৮২৩ ॥

প্রতিবিম্বাহতং শস্ত্রৈরুৎকীর্ণং পাকজং তথা।
ত্রিবিধঞ্চ সমুদ্দিষ্টং বিষ্ণুরূপং বিচক্ষণৈঃ ॥৮২৪॥

অনুবাদ—বিচক্ষণ ব্যক্তিগণ কর্ত্তৃক ত্রিবিধ বিষ্ণু-রূপ উল্লিখিত হইয়াছে—প্রতিবিম্বাহত, শস্ত্রদ্বারা উৎ-কীর্ণ ও পাকজ ॥ ৮২৪ ॥

প্রতিবিম্বাহতং পূজ্যং তাবৎ কালং তু পার্থিবম্।
ন তত্র কশ্চিৎ সংস্কারঃ কেবলং তত্ত্বযোজনম্।
পূজনান্তে বিসর্গশ্চ পুনর্নেষ্টং তদার্চ্চনম্ ॥৮২৫॥

অনুবাদ—মৃন্ময়রূপ প্রতিবিম্বাহত সেইকাল পর্য্যন্ত পূজ্য। সেস্থলে কোন সংস্কার নাই, কেবল তত্ত্ব-যোজন, পূজনের পর বিসর্জ্জন পুনরায় তাহার অর্চ্চন অভিলষিত নহে ॥ ৮২৫ ॥

টীকা—পার্থিবং প্রতিবিম্বাহতং ছায়াবৎ স্থণ্ডি-লেঽঙ্কিতা শ্রীমূর্ত্তিঃ। তাবৎকালং সদ্য এব, ন তু কালান্তরেণ পুনঃ পূজাম্ ॥ ৮২৫ ॥

শস্ত্রোৎকীর্ণং বহুবিধং শিলারত্নাদিভেদতঃ।
দারবং শৈলজং রূপং প্রাসাদে স্থাপয়েৎ পরম্ ॥৮২৬

অনুবাদ—শস্ত্রদ্বারা উৎকীর্ণ বহুবিধ শিলা রত্নাদি ভেদে দারুময়ী, শৈলী মূর্ত্তি প্রাসাদে স্থাপন কর্ত্তব্য ॥৮২৬

রত্নজং নির্ম্মিতং শস্ত্রৈঃ পিণ্ডিকাসহিতং শুভম্।
পিণ্ডিকারহিতং বাপি তদেবং দ্বিবিধং পুনঃ ॥৮২৭॥

অনুবাদ—রত্নজ শস্ত্রদ্বারা নির্ম্মিত, পিণ্ডিকা সহিত শুভপ্রদ অথবা পিণ্ডিকা বিহীন, তাহাই পুনরায় দ্বিবিধ ॥ ৮২৭ ॥

রত্নজস্য তু রূপস্য পিণ্ডিকা ধাতবী স্মৃতা।
শৈলী তু শৈলজস্যেষ্টা রত্নজস্য তু নেষ্যতে ॥৮২৮॥

অনুবাদ—রত্নজ মূর্ত্তির পিণ্ডিকা ধাতু নির্ম্মিতা জানিবে, শৈলী কিন্তু শৈলজের ইচ্ছামত, রত্নজ মূর্ত্তির পিণ্ডিকা প্রয়োজন নাই ॥ ৮২৮ ॥

টীকা—পিণ্ডিকাসহিতং পিণ্ডিকারহিতং বেতি তৎ, রত্নজমেব তদ্দ্বিবিধম্। রূপস্য শ্রীমূর্ত্তেঃ ॥৮২৭-৮২৮

পিণ্ডিকাসহিতং কার্য্যং চলং রত্নাদিনির্ম্মিতম্ ।
পাকজং ধাতুজং বিম্বং পিণ্ডিকাসহিতং তু তৎ ॥৮২৯

অনুবাদ—পিণ্ডিকা সহিত রত্নাদি নির্ম্মিত চল মূর্ত্তির কর্ত্তব্য। পাকজ, ধাতুজ, বিম্ব (মূর্ত্তি) পিণ্ডিকা সহিত কর্ত্তব্য ॥ ৮২৯ ॥

তেষাং প্রতিষ্ঠাং বক্ষ্যামি সংক্ষেপাদ্বেদনির্ম্মিতাম্ ॥৮৩০

অনুবাদ—চলমূর্ত্তির প্রতিষ্ঠা বিধি সংক্ষেপে বেদ নির্ম্মিতা বলিব ॥ ৮৩০ ॥

দশহস্তপরীমাণং মণ্ডপং কারয়েচ্ছুভম্ ।
কুর্য্যাৎ পঞ্চকরাং বেদীং তদ্বৎ কুণ্ডানি কারয়েৎ ॥ ৮৩১ ॥

অনুবাদ—দশহস্ত পরিমিত মণ্ডপ করাইবে উহা মঙ্গলপ্রদ। তন্মধ্যে পঞ্চহস্ত বেদী, সেইরূপ কুণ্ডসমূহ করাইবে ॥ ৮৩১ ॥

টীকা—তদ্বৎ পূর্ব্ববৎ ॥ ৮৩১ ॥

তোরণধ্বজকুম্ভানাং স্থাপনং পূর্ব্ববৎ স্মৃতম্ ।
বিষ্ণুকুম্ভং তথা স্থাপ্য লোকপান্ পূর্ব্ববদ্‌যজেৎ ॥৮৩২

অনুবাদ—তোরণ, ধ্বজ, কুম্ভসমূহ পূর্ব্ববৎ জানিবে। বিষ্ণু, কুম্ভ পূর্ব্ববৎ স্থাপনান্তে লোকপালগণকে পূর্ব্ববৎ যজনা করিবে ॥ ৮৩২ ॥

সর্ব্বতোভদ্রকং বেদ্যাং লিখেদুজ্জ্বলবর্ণকৈঃ ।
বৈষ্ণবাগ্নিং তথা কুর্য্যাৎ যাম্যে শয্যাং তু পাতয়েৎ ॥ ৮৩৩ ॥

অনুবাদ—উজ্জ্বল বর্ণসমূহের দ্বারা বেদীর উপর সর্ব্বতো ভদ্র মণ্ডল অঙ্কন করিবে। পূর্ব্ববৎ বৈষ্ণবাগ্নি প্রজ্বালিত করিবে, দক্ষিণে শয্যা পাতিবে ॥৮৩৩

ঐশান্যাং ভদ্রপীঠং তু ন্যস্য কুম্ভং তু বিন্যসেৎ ।
সর্ব্বৌষধিযুতান্ সর্ব্বানষ্টাশীতিপদে তথা ॥৮৩৪॥

অনুবাদ—ঈশান কোণে ভদ্রপীঠ রচনা করিয়া তাহার উপর কুম্ভ বিন্যাস করিবে, সর্ব্বৌষধি যুক্ত কুম্ভ সমূহ অষ্টাশীতি পদে বিন্যাস করিবে ॥ ৮৩৪॥

অথোত্তরে মণ্ডপস্য স্নানবেদ্যাং তু পশ্চিমে ।
ভূমিং প্রলিপ্য তত্রাদৌ তণ্ডুলৈঃ পঞ্চবর্ণকৈঃ ॥৮৩৫
চতুরস্রং বিলিখ্যাদৌ স্বস্তিকং কল্পয়েদ্‌গুরুঃ ।
তন্মধ্যে পীঠকং ন্যস্য প্রতিমাং তত্র বিন্যসেৎ ॥৮৩৬

অনুবাদ—মণ্ডপের উত্তরে স্নানবেদীর পশ্চিমে ভূমি লেপন করিয়া তাহাতে পঞ্চবর্ণ তণ্ডুল দ্বারা চতুষ্কোণ লিখিয়া শ্রীগুরুদেব স্বস্তিক রচনা করিবেন। তাহার মধ্যে পীঠক বিন্যাস করিয়া প্রতিমাকে তাহাতে বিন্যাস করিবে ॥ ৮৩৫-৮৩৬ ॥

শঙ্খতূর্য্যরবৈস্তদ্বৎ পঞ্চগব্যাদিনা স্নপেৎ ।
পুষ্পগন্ধাদিভিঃ পূজ্য চ্ছাদয়েচ্ছুক্লবাসসা ॥ ৮৩৭ ॥

অনুবাদ—শঙ্খ, তুরীধ্বনি সহ পূর্ব্ববৎ পঞ্চগব্যাদি দ্বারা স্নান করাইবে। গন্ধপুষ্পাদি দ্বারা পূজা করিয়া শুক্লবস্ত্র দ্বারা আচ্ছাদন করিবে ॥ ৮৩৭ ॥

টীকা—স্নপেৎ স্নাপয়েৎ, আদি-শব্দেন পঞ্চামৃত-পঞ্চকষায়াষ্টমৃত্তিকাজলাদি ॥ ৮৩৭ ॥

উত্থাপ্য ত্বভিষেকার্থং নিনয়েৎ স্নানমণ্ডপম্ ।
শঙ্খপুণ্যাহঘোষেণ স্নানপীঠে নিবেশয়েৎ ॥ ৮৩৮ ॥

অনুবাদ—অতঃপর প্রতিমাকে উঠাইয়া অভিষেকের জন্য স্নান মণ্ডপে লইবে। শঙ্খ, বাদ্য, পুণ্যাহবাচন ধ্বনিসহ স্নানপীঠে প্রবেশ করাইবে ॥ ৮৩৮ ॥

অবধার্য্য জগচ্ছান্তিং তোষয়েৎ কর্ম্মিণস্তথা ।
দেশিকস্য তদা দদ্যাৎ পূর্ব্ববত্তরুণীং শুভাম্ ।
সপুত্রাং বস্ত্রসংযুক্তাং হেমশৃঙ্গীং সদক্ষিণাম্ ॥৮৩৯॥

অনুবাদ—জগতের শান্তি অবধারণ করিয়া কর্ম্মীগণকে তুষ্ট করিবে, আচার্য্যকে পূর্ব্ববৎ মঙ্গলা তরুণী সপুত্রা বস্ত্রাচ্ছাদিতা হেমশৃঙ্গী গাভী দক্ষিণাসহ দান করিবে ॥ ৮৩৯ ॥

টীকা—জগচ্ছান্তিমবধার্য্যেতি স্বস্তিবাচনাদিকং কৃত্বেত্যর্থঃ ॥ ৮৩৯ ॥

ততো বেদাদিমন্ত্রৈস্তামালভেদ্দেশিকোত্তমঃ ।
পৌরুষেণ তু সূক্তেন মূলবীজেন চালয়েৎ ॥ ৮৪০ ॥

অনুবাদ—অনন্তর বেদাদিমন্ত্র সমূহ দ্বারা শ্রেষ্ঠ আচার্য্য প্রতিমার সর্ব্বাঙ্গে স্পর্শ করিবেন। পুরুষ-সূক্ত মূলবীজমন্ত্রে চালনা করিবে ॥ ৮৪০ ॥

টীকা—তাং প্রতিমামালভেৎ স্পৃশেৎ ॥ ৮৪০ ॥

কৌতুকং মূলবীজেন তৎকরে ত্বধিরোপয়েৎ ।
চিত্রং দেবেতি মন্ত্রেণ নেত্রে চোন্মীলয়েদ্‌গুরুঃ ॥৮৪১

অনুবাদ—মূলবীজমন্ত্রে প্রতিমার করে কৌতুক রক্ষা বন্ধন করিবেন, 'চিত্রং বেদ' এইমন্ত্রে শ্রীগুরুদেব নেত্রদ্বয় উন্মীলন করিবেন ॥ ৮৪১ ॥

হৈমর্য্যাভ্যঞ্জয়েন্নেত্রে শ্লক্ষয়া তু শলাকয়া ।
ঘৃতেন মধুনা তদ্বৎ মধুবাতেতি দেশিকঃ ॥ ৮৪২ ॥

অনুবাদ—ঘৃত, মধুসহ 'মধুবাতা' এইমন্ত্রে আচার্য্য মসৃণ স্বর্ণ খড়িকা দ্বারা নেত্রদ্বয়ে অঞ্জন দিবেন ॥ ৮৪২ ॥

ততঃ শুদ্ধেন তোয়েন স্নাপ্য মন্ত্রৈঃ সমালভেৎ ।
বেদাদ্যেন চ সূক্তেন চতুর্ভির্মূর্ত্তিপৈঃ সহ ॥ ৮৪৩ ॥

অনুবাদ—অতঃ চারিজন মূর্ত্তিপসহ মিলিত হইয়া বেদাদি সূক্ত পাঠ পূর্ব্বক শুদ্ধ জলদ্বারা স্নান করাইয়া মন্ত্রসহ সর্ব্বাঙ্গ স্পর্শ করিবেন ॥ ৮৪৩ ॥

অতো দেবেতি চাবাহ্য বাসুদেবং জগদ্‌গুরুম্ ।
বিশুদ্ধস্ফটিকাভাসং হিমকুন্দেন্দুসন্নিভম্ ॥ ৮৪৪ ॥
কিরণৈঃ শীতলৈঃ সৌম্যৈঃ প্রীণয়ন্তঞ্চরাচরম্ ।
লাবণ্যামৃততোয়েন সিঞ্চন্তমিব সর্ব্বতঃ ॥ ৮৪৫ ॥
সুনাভং বারিজং পদ্মং ধারয়ন্তং গদাং শুভাম্ ।
ভূষিতং মালয়া তদ্বদ্দীপিতং মণিকাঞ্চনৈঃ ।
শ্রী-পুষ্টি-গরুড়াদ্যৈস্তু সমন্তাৎ পরিবারিতম্ ॥৮৪৬॥

অনুবাদ—অতঃপর 'দেবেতি' মন্ত্রে জগদ্‌গুরু বাসুদেবকে আবাহন করিয়া ধ্যান করিবেন—বিশুদ্ধ স্ফটিকবৎ জ্যোতি, হিম, কুন্দপুষ্প, চন্দ্রবৎ বর্ণ, সৌম্য, শীতলকিরণসমূহ দ্বারা চরাচর বিশ্বকে প্রীতিদান করিতেছেন। লাবণ্যামৃত জলদ্বারা সর্ব্ব-দিক সেচন করিতেছেন। চক্র, শঙ্খ, পদ্ম, গদাধারী, পবিত্র মালা দ্বারা ভূষিত, মণি কাঞ্চন অলঙ্কারে উজ্জ্বল। শ্রী-পুষ্টি গরুড়াদি পরিকর সহ চতুর্দ্দিক বেষ্টিত ॥ ৮৪৪-৮৪৬ ॥

এবং ধ্যাত্বা ততঃ কুম্ভৈরভিষিঞ্চেৎ সমন্ততঃ ।
আপো হিষ্ঠেতি মন্ত্রেণ কুম্ভেনাসেচয়েদ্‌গুরুঃ ॥৮৪৭॥

অনুবাদ—এইরূপ ধ্যান করিয়া পরে চতুর্দ্দিকের কুম্ভসমূহ দ্বারা অভিষেক করিবেন—আপো হিষ্ঠেতি মন্ত্রে শ্রীগুরুদেব কুম্ভবারি দ্বারা অভিষেক করিবেন ॥ ৮৪৭ ॥

সমুদ্রং গচ্ছ মন্ত্রেণ দক্ষিণেনাভিষেচয়েৎ ।
সোমং রাজেতি মন্ত্রেণ উত্তরেণাভিষেচয়েৎ ॥৮৪৮॥

অনুবাদ—সমুদ্রং গচ্ছ মন্ত্রে দক্ষিণ ভাগের কুম্ভ-দ্বারা অভিষেক করিবেন। সোমং রাজেতি মন্ত্রে উত্তর কুম্ভদ্বারা অভিষেক করিবেন ॥ ৮৪৮ ॥

ঘৃতেনাভ্যঞ্জয়েদ্দেবং তেজোঽসীতি ততো গুরুঃ ।
দ্রুপদেতি সমুদ্বর্ত্ত্য দদ্যাদামলকং শুভম্ ॥ ৮৪৯ ॥

অনুবাদ—শ্রীগুরুদেব তেজোঽসীতি মন্ত্রে ঘৃত মর্দ্দন করিবেন, দ্রুপদেতি মন্ত্রে আমলকী বাটা দ্বারা উদ্বর্ত্তন দিবে ॥ ৮৪৯ ॥

যাঃ ফলিনীতি মন্ত্রেণ ফলেনীরাজয়েৎ প্রভুম্ ।
কাণ্ডাৎ কাণ্ডেতি মন্ত্রেণ হরিং নির্ম্মঞ্ছয়েৎ পুনঃ ॥৮৫০

অনুবাদ—যাঃ ফলিনীতি মন্ত্রে ফলসমূহ দ্বারা প্রভুকে নীরাজন করিবেন, কাণ্ডাৎ কাণ্ডেতি মন্ত্রে শ্রীহরিকে পুনঃ নির্মঞ্ছন করিবেন ॥ ৮৫০ ॥

ফলতোয়েন সিঞ্চেত গায়ত্র্যা দেশিকোত্তমঃ ।
তদ্বিষ্ণোরিতি মন্ত্রেণ পঞ্চগব্যেন সেচয়েৎ ॥৮৫১॥

অনুবাদ—আচার্য্য শ্রেষ্ঠ ফল, জল দ্বারা গায়ত্রী-মন্ত্রে এবং তদ্বিষ্ণোরিতি মন্ত্রে পঞ্চগব্য দ্বারা অভিষেক করিবেন ॥ ৮৫১ ॥

কাষায়েণ তু তোয়েন বরুণস্যেতি সেচয়েৎ ।
সুমঙ্গলীতি মন্ত্রেণ বিদ্বানোষধিবারিণা ॥ ৮৫২ ॥

অনুবাদ—পঞ্চ কষায় জলদ্বারা বরুণস্যেতি মন্ত্রে অভিষেক, সর্বৌষধি জলদ্বারা সুমঙ্গলীতি মন্ত্রে বিদ্বান্ ব্যক্তি অভিষেক করিবেন ॥ ৮৫২ ॥

মূর্দ্ধানং দিবমন্ত্রেণ বল্মীকেনাভিষেচয়েৎ ।
ইমং মেতি চ মন্ত্রেণ স্নাপয়েৎ সিকতাজলৈঃ ॥৮৫৩

অনুবাদ—মূর্দ্ধানং দিব মন্ত্রে বল্মীকমৃত্তিকা-জলদ্বারা অভিষেক করিবেন। ইমং মেতি মন্ত্রে গঙ্গা-বালুকাজলদ্বারা স্নান করাইবেন ॥ ৮৫৩ ॥

দেবো বরাহ মন্ত্রেণ মৃত্তোয়েনাভিষেচয়েৎ ।
সেচয়েৎ পদ্মমৃত্তোয়ৈঃ শন্নো দেবীতি দেশিকঃ ॥৮৫৪
ঋতং চেত্যাদি-সূক্তেন তীর্থমৃৎকুম্ভবারিণা ।
নাগকেশরতোয়েন শ্রীশ্চ তেত্যভিষেচয়েৎ ॥৮৫৫॥

অনুবাদ—দেবো বরাহ মন্ত্রে বরাহদন্তমৃত্তিকা-জলদ্বারা অভিষেক, আচার্য্য শন্নো দেবীতি মন্ত্রে পদ্ম-মৃত্তিকা জলদ্বারা অভিষেক, ঋতং চেত্যাদি সূক্তদ্বারা তীর্থমৃত্তিকা কুম্ভ জল দ্বারা, শ্রীশ্চতে মন্ত্রে নাগকেশর জলদ্বারা অভিষেক করিবেন ॥ ৮৫৪-৮৫৫ ॥

চন্দনোদককুম্ভেন পাবমান্যাভিষেচয়েৎ ।
প্লবসাম্না ততঃ পঞ্চরত্নতোয়েন সেচয়েৎ ॥ ৮৫৬ ॥

অনুবাদ—পাবমানী মন্ত্রে চন্দনোদক কুম্ভ দ্বারা অভিষেক, প্লব সামমন্ত্রে পঞ্চরত্ন জলদ্বারা অভিষেক করিবেন ॥ ৮৫৬ ॥

পঞ্চ নদ্যোত্যৃচা দেবং নদীনদতড়াগজৈঃ ।
যাসাং রাজেতি মন্ত্রেণ একাশীতিঘটৈর্হরিম্ ।
স্নাপয়েদর্চ্চয়েদ্ভক্ত্যা প্রতিদ্রব্যং সমাহিতঃ ॥৮৫৭॥

অনুবাদ—পঞ্চ নদ্য এই ঋক্‌মন্ত্রে শ্রীহরিকে নদী, নদ, তড়াগ জলদ্বারা এবং যাসাং রাজেতি মন্ত্রে একাশী ঘট জলদ্বারা শ্রীহরিকে স্নান করাইয়া ভক্তি-সহ প্রতিদ্রব্য আহরণ পূর্ব্বক অর্চ্চন করিবেন ॥৮৫৭

অগ্ন আয়েতি মন্ত্রেণ দেবমুষ্ণোদকেন তু ।
শুদ্ধতোয়েন দেবেশং শুদ্ধবত্যাভিষেচয়েৎ ॥ ৮৫৮ ॥

অনুবাদ—অগ্ন আয়েতি মন্ত্রে উষ্ণজল দ্বারা শ্রী-হরিকে এবং শুদ্ধজল দ্বারা শুদ্ধবত্যা মন্ত্রে দেবদেব শ্রীহরিকে অভিষেক করিবেন ॥ ৮৫৮ ॥

অতোঽর্চ্চয়েৎ সুরেশানং জিতন্ত ইতি দেশিকঃ ॥৮৫৯

অনুবাদ—অতঃপর আচার্য্য দেবদেব শ্রীহরিকে জিতন্ত এই মন্ত্রে অর্চ্চন করিবেন ॥ ৮৫৯ ॥

পাদ্যন্তু মূলমন্ত্রেণ মধুপর্কন্তথৈব চ ।
স্নানীয়মথবাচামং গায়ত্র্যা বিনিবেদয়েৎ ॥ ৮৬০ ॥

অনুবাদ—পাদ্য ও মধুপর্ক মূলমন্ত্রে দিবেন, স্নানীয় বা আচমনীয় গায়ত্রী দ্বারা নিবেদন করিবেন ॥ ৮৬০ ॥

সুরাসুরেতি যুগ্মং তু দদ্যাত্তদ্বৎ পবিত্রকম্ ।
বেদাহমিত্যুত্তরীয়ং রোচনাং প্রণবেন তু ॥ ৮৬১ ॥

অনুবাদ—সুরাসুরেতি মন্ত্রে বস্ত্রদ্বয় ও পবিত্র দান করিবেন, বেদাহম্ এইমন্ত্রে উত্তরীয়, প্রণবযোগে গোরোচনা তিলক দান করিবে ॥ ৮৬১ ॥

টীকা – যুগ্মং—পরিধানোত্তরীয়-বস্ত্রদ্বয়ম্। পবিত্রকং—যজ্ঞোপবীতম্। রোচনাং—গোরোচনাতিলকম্ ॥ ৮৬১ ॥

অঞ্জনমঞ্জতেত্যেবং গন্ধং গন্ধবতীতি চ।
পুষ্পবত্যা তথা পুষ্পং ধূপং ধূরসি চেত্যৃচা ॥৮৬২॥

অনুবাদ—অঞ্জতেতি মন্ত্রে অঞ্জন, গন্ধবতীতি মন্ত্রে গন্ধচন্দন, পুষ্পবতী মন্ত্রে পুষ্প, ধূরসি ঋক্‌মন্ত্রে ধূপ দান করিবে ॥ ৮৬২ ॥

তেজোঽসীতি তথা দীপমগ্নির্মূর্দ্ধেতি প্রাপণম্।
ইন্দ্রচ্ছত্রেতি বৈ ছত্রং বিকর্ণেন তু চামরম্ ॥৮৬৩॥
আজ্যদোহেন চাদর্শং বাত আবেতি বীজয়েৎ।
ত্বমিন্দ্রেতি ধ্বজং দদ্যাৎ পতাকামোমিতি স্মরন্ ॥৮৬৪
দেবব্রতেন সাম্না তু দদ্যাদাভরণাদিকম্।
স্তুয়াৎ পুরুষসূক্তেন সাকল্যেন জনার্দ্দনম্ ॥৮৬৫॥

অনুবাদ—তেজোঽসীতি মন্ত্রে দীপ, অগ্নির্মূর্দ্ধা মন্ত্রে নৈবেদ্য। ইন্দ্রচ্ছত্রেতি মন্ত্রে ছত্র, বিকর্ণেতি মন্ত্রে চামর আজ্যদোহেতি মন্ত্রে আয়না, বাত আবেতি মন্ত্রে ব্যজন, ত্বমিন্দ্রেতি মন্ত্রে ধ্বজ, ওঁম্ স্মরণপূর্ব্বক পতাকা, দেবব্রতেতি সাম মন্ত্রে অলঙ্কারাদি, সমগ্র পুরুষসূক্ত দ্বারা জনার্দ্দনকে স্তব করিবেন ॥ ৮৬৩-৮৬৫ ॥

টীকা—প্রাপণং—নৈবেদ্যম্ ॥ ৮৬৩ ॥

দীর্ঘায়ুষ্যেতি সম্পূজ্য কিরেদ্দূর্ব্বাক্ষতং বুধঃ।
যা ওষধীতি মন্ত্রেণ পুষ্পাণি বিকিরেদ্‌গুরুঃ ॥৮৬৬॥

অনুবাদ—অভিজ্ঞ ব্যক্তি দীর্ঘায়ুষ্যেতি মন্ত্রে পূজা করিয়া দূর্ব্বা অক্ষত বিকিরণ করিবেন, যা ওষধীতি মন্ত্রে শ্রীগুরুদেব পুষ্প বিকিরণ করিবেন ॥ ৮৬৬ ॥

পুনর্বৃহদ্রথৈঃ স্তুত্বা চক্রসাম্না জনার্দ্দনম্।
শিবসংকল্পসূক্তেন শাকুনেন জনার্দ্দনম্।
উত্তিষ্ঠেতি সমুত্থাপ্য শয্যায়াং বিনিবেশয়েৎ ॥৮৬৭॥

অনুবাদ—পুনরায় বৃহদ্রথ মন্ত্রে স্তব করিয়া চক্র, সাম মন্ত্রে, শিবসংকল্প সূক্তে এবং শাকুনসূক্তে জনার্দ্দনকে স্তব করিবেন, উত্তিষ্ঠেতি মন্ত্রে সমুত্থাপন করিয়া শয্যায় বসাইবেন ॥ ৮৬৭ ॥

টীকা—শাকুনেন সূক্তেন ॥ ৮৬৭ ॥

অপরাজিত-মন্ত্রেণ ধ্যায়েৎ সকলনিষ্কলম্।
ব্যাপিনস্তু পুনর্দ্ধ্যাত্বা তত্ত্বানি বিনিযোজয়েৎ ॥৮৬৮॥

অনুবাদ—অপরাজিতা মন্ত্রে সকল পরিপূর্ণ ধ্যান করিবেন। সর্ব্বব্যাপি পুরুষকে পুনরায় ধ্যান করিয়া তত্ত্বসমূহ বিন্যাস করিবে ॥ ৮৬৮ ॥

টীকা—সকলঃ সগুণশ্চাসৌ নিষ্কলো নির্গুণশ্চ, তম্ ॥ ৮৬৮ ॥

সকলীকরণং কৃত্বা পূর্ব্বোক্তবিধিনা হরেঃ।
ততঃ সহস্রশীর্ষেতি প্রত্যৃচং পূজয়েদ্‌বুধঃ ॥ ৮৬৯ ॥
গন্ধপুষ্পাদিভিঃ সম্যক্ নৈবেদ্যাদি নিবেদয়েৎ।
অতো দেবেতি সূক্তেন গৃহোপকরণানি চ ॥ ৮৭০ ॥

অনুবাদ—পূর্ব্বোক্ত বিধি দ্বারা শ্রীহরির সকলীকরণ করিয়া পরে সহস্রশীর্ষা পুরুষসূক্তের প্রতি মন্ত্র দ্বারা বিচক্ষণ ব্যক্তি পূজা করিবেন, গন্ধপুষ্পাদি দ্বারা সম্পূর্ণ নৈবেদ্যাদিও নিবেদন করিবেন। অতো দেবেতি সূক্তে গৃহের উপকরণাদিও দান করিবেন ॥ ৮৬৯-৮৭০ ॥

নিদ্রাকলসবিন্যাসং কৃত্বা পূজ্যস্তু মণ্ডলে।
সর্ব্বতোভদ্রকে দেবো গন্ধপুষ্পাদিভিঃ ক্রমাৎ ॥৮৭১

অনুবাদ—নিদ্রা কলস বিন্যাস করিয়া সর্ব্বতোভদ্র মণ্ডলে শ্রীহরিকে গন্ধপুষ্পাদি ক্রমে পূজা করিবে ॥ ৮৭১ ॥

টীকা—সর্ব্বতোভদ্রমণ্ডলে দেবঃ পূজ্যঃ ॥ ৮৭১ ॥

প্রভৃতৈর্যাজ্ঞিকৈর্দ্রব্যৈর্হেমপুষ্পৈঃ সমুজ্জ্বলৈঃ।
বৈষ্ণবে মণ্ডলে পশ্চাজ্জ্বালয়েদ্বৈষ্ণবানলম্ ॥ ৮৭২ ॥

অনুবাদ—বহু যাজ্ঞিক বহু দ্রব্য সহ সমুজ্জ্বল সুবর্ণ পুষ্প সমূহ দ্বারা, পরে বৈষ্ণবমণ্ডলে বৈষ্ণবাগ্নি প্রজ্বালিত করিবে ॥ ৮৭২ ॥

নয়ম্মন্ত্রেস্তু তং পশ্চাৎ কুম্ভেষু দ্বিজসত্তমঃ ।
জুহুয়াচ্চ শতং সাষ্টং পলাশসমিধা দ্বিজ ॥৮৭৩॥

অনুবাদ—হে দ্বিজ ! দ্বিজসত্তম শ্রীহরিকে পরে মন্ত্র সকল দ্বারা কুম্ভসমূহে আনয়ন করিয়া পলাশ কাষ্ঠদ্বারা অষ্টোত্তর শত হোম করিবেন ॥ ৮৭৩ ॥

টীকা—তম্—অনলম্ ॥ ৮৭৩ ॥

তিলাংশ্চ জুহুয়াদাজ্যৈর্বৈষ্ণবং প্রপচেচ্চরুম্ ।
তিলতণ্ডুলদুগ্ধেস্তু ঘৃতেনাঘার্য্য সাধয়েৎ ॥ ৮৭৪ ॥

অনুবাদ—ঘৃতসহ তিলহোম করিবে, বৈষ্ণব চরু পাক করিবে—তিল, তণ্ডুল দুগ্ধসহ, পরে ঘৃতযোগে-সিক্ত করিবে ॥ ৮৭৪ ॥

অবতার্য্যাভিঘার্য্যৈব মন্ত্রেরেভিস্তু হোময়েৎ ॥৮৭৫॥

অনুবাদ—চরু নামাইয়া নিম্নোক্ত মন্ত্র সমূহ দ্বারা হোম করিবে ॥ ৮৭৫ ॥

বিষ্ণবে শিপিবিষ্টায় বিষ্ণবে নির্গুণেতি চ ।
ইদং বিষ্ণিতি মন্ত্রেণ তদ্বিষ্ণোরিতি দেশিকঃ ॥৮৭৬॥
ইরাবতীতি মন্ত্রেণ ত্বং বিষ্ণোরিতি চৈব হি ।
প্রতদ্বিষ্ণিতি মন্ত্রেণ বিষ্ণোর্নুকেতি চৈব হি ॥৮৭৭॥
তথা পুরুষসূক্তেন সম্যক্ ষোড়শ আহুতীঃ ।
চরুং হুত্বা পুনঃ পশ্চান্মন্ত্রেরেভিস্তু হোময়েৎ ॥৮৭৮॥

অনুবাদ—বিষ্ণবে শিপিবিষ্টায়, বিষ্ণবে নির্গুণায়, ইদং বিষ্ণু এইমন্ত্রে, তদ্বিষ্ণোঃ ইতি, ইরাবতি মন্ত্রে, ত্বং বিষ্ণোঃ ইতি, প্রতদ্বিষ্ণু এই মন্ত্রে, বিষ্ণো র্নুকং ইতি, সেইরূপ সমগ্র পুরুষ সূক্ত দ্বারা ষোড়শ আহুতি, চরুহোম করিয়া পুনরায় পরে কথিত এই মন্ত্র সমূহ দ্বারা হোম করিবে ॥ ৮৭৬-৮৭৮ ॥

তত্র হোমমন্ত্রাঃ

ওঁ বিষ্ণবে স্বাহা । ওঁ পুরুষোত্তমায় স্বাহা ।
ওঁ ত্রৈলোক্যমোহনায় স্বাহা । ওঁ বৈকুণ্ঠায় স্বাহা ।
ওঁ লক্ষ্মীপতয়ে স্বাহা । ওঁ লক্ষ্মীনিবাসায় স্বাহা ।
ওঁ হৃষীকেশায় স্বাহা । ওঁ হয়শীর্ষায় স্বাহা ।
ওঁ নমো নারায়ণায় স্বাহা । ওঁ ব্রহ্মণে স্বাহা ।৮৭৯॥

অনুবাদ—উক্ত হোম মন্ত্রসমূহ—'ওঁ বিষ্ণবে স্বাহা' ইত্যাদি মূলে উক্ত মন্ত্রসমূহ দ্বারা হোম করিবেন ॥ ৮৭৯ ॥

হুত্বা ব্যাহৃতিভিঃ পূর্ব্বং গায়ত্র্যা হোময়েদ্গুরুঃ ।
এবং হুত্বা তু জুহুয়াচ্চক্রাদীনাং যথাক্রমম্ ॥৮৮০॥

অনুবাদ—শ্রীগুরুদেব প্রথমে ব্যাহৃতি সমূহদ্বারা হোম করিয়া গায়ত্রী দ্বারা হোম করিবেন । এইভাবে করিয়া যথাক্রমে চক্রাদির হোম করিবেন ॥ ৮৮০ ॥

লক্ষ্ম্যাদীনাং ততো হুত্বা গ্রহাণাং হোময়েত্ততঃ ।
লোকেশানাং তু নাগানাং হোময়েত্তদনন্তরম্ ॥৮৮১॥

অনুবাদ— তৎপরে লক্ষ্মী প্রভৃতি শক্তিগণের হোম করিয়া গ্রহগণের হোম করিবেন, লোকপালগণের ও নাগগণের হোম করিবেন ॥ ৮৮১ ॥

নারায়ণায় হুত্বা তু দদ্যাৎ পূর্ণাহুতিং বুধঃ ।
ততো বিভজ্য বিদ্বাংস্তু দদ্যাৎ কনকদক্ষিণাম্ ॥৮৮২

অনুবাদ—অভিজ্ঞব্যক্তি নারায়ণের হোম করিয়া পূর্ণাহুতি দিবেন । তৎপরে বিদ্বান ব্যক্তি বিভাগ করিয়া সুবর্ণ দক্ষিণা দিবেন ॥ ৮৮২ ॥

ব্রহ্মঘোষাদিনা দেবং সমুত্থাপ্য বিচক্ষণঃ ।
ততো মণ্ডলমধ্যে তু স্থাপয়িত্বার্চ্চয়েৎ পুনঃ ।
প্রত্যৃচং নিজসূক্তেন গন্ধপুষ্পাদিভিঃ ক্রমাৎ ॥৮৮৩॥

অনুবাদ—বেদধ্বনি সহ শ্রীহরিকে উত্থাপিত করিয়া বিচক্ষণ ব্যক্তি তৎপরে মণ্ডল মধ্যে স্থাপন

করিয়া পুনরায় অর্চ্চন করিবেন, বিষ্ণুসূক্তের প্রতি মন্ত্রদ্বারা গন্ধ পুষ্পাদি ক্রমে ॥ ৮৮৩ ॥

টীকা—নিজসূক্তেন সহস্রশীর্ষাদিনা ॥ ৮৮৩ ॥

সান্নিধ্যং পূর্ব্ববৎ কৃত্বা সজীবকরণং গুরুঃ ।
প্রণবেন নিরুধ্যাথ ধ্যায়েৎ সকল-নিষ্কলম্ ॥৮৮৪॥

অনুবাদ—শ্রীগুরুদেব পূর্ব্ববৎ আবাহন করিয়া প্রাণ প্রতিষ্ঠা করিবেন, প্রণব দ্বারা নিরোধ করিয়া পরে সকল-নিষ্কল ধ্যান করিবেন ॥ ৮৮৪ ॥

পিণ্ডিকা-যোজনীয়াদি মনসৈব বিচিন্তয়েৎ ।
ন্যাসং কৃত্বার্চ্চয়েৎ পশ্চাৎ পূর্ব্ববদ্‌বিধিনা গুরুঃ ॥৮৮৫

অনুবাদ—পিণ্ডিকা যোজনাদি মনে মনে চিন্তা করিবেন, ন্যাস করিয়া পরে শ্রীগুরুদেব বিধিসহ অর্চ্চন করিবেন ॥ ৮৮৫ ॥

টীকা—মনসৈব চিন্তয়েৎ, ন তু পূর্ব্ববৎ সাক্ষাদ্‌-ব্রহ্মশিলাদি-ন্যাসেনেত্যর্থঃ ॥ ৮৮৫ ॥

বলিং দদ্যাত্তু ভূতেভ্যঃ পার্ষদেভ্যশ্চ দেশিকঃ ।
প্রণিপত্য ততো দদ্যাদ্দক্ষিণাং গুরবে সুধীঃ ॥৮৮৬॥

অনুবাদ—আচার্য্য প্রাণিগণকে ও পার্ষদগণকে প্রসাদ উপহার দিবেন, সুধী ব্যক্তি শ্রীগুরুদেবকে প্রণাম করিয়া দক্ষিণা দিবে ॥ ৮৮৬ ॥

সুবর্ণসহিতং পাত্রং তিলৈঃ পূর্ণং সযুগ্মকম্ ।
ধেনুং স্বলঙ্কৃতাং দদ্যাদ্ধেমশৃঙ্গীং তু দক্ষিণাম্ ।
ব্রহ্মণে কনকং দদ্যান্মূর্ত্তিপেভ্যস্তথৈব চ ॥ ৮৮৭ ॥

অনুবাদ—সুবর্ণ সহিত পাত্র তিল দ্বারা পূর্ণ করিয়া বস্ত্রদ্বয়, স্বর্ণশৃঙ্গী সুষ্ঠু অলঙ্কৃতা ধেনু দক্ষিণা শ্রীগুরুদেবকে দিবে, ব্রাহ্মণগণকে স্বর্ণদান করিবে, মূর্ত্তিপগণকেও তাহাই দিবে ॥ ৮৮৭ ॥

টীকা—সযুগ্মকং—বস্ত্রদ্বয়সহিতম্ ॥ ৮৮৭ ॥

অশ্বত্থপত্রে কৃত্বা তু দেশিকং কারুকস্তথা ।
চরুং সংপ্রাশয়েদ্দন্তৈরস্পৃশন্ প্রণবেন তু ॥৮৮৮॥

অনুবাদ—আচার্য্যকে ও কারুককে অশ্বত্থ পাত্রে করিয়া প্রণবসহ চরু ভোজন করাইবে, তাহা যেন দন্তসমূহে স্পর্শ না করে ॥ ৮৮৮ ॥

টীকা—সিতযুগ্মেন—শুক্লবস্ত্রদ্বয়েন ॥ ৮৮৮ ॥

তাং রাত্রিং বৈষ্ণবৈঃ সার্দ্ধং জাগ্রত্তিষ্ঠেদতন্দ্রিতঃ
॥ ৮৮৯ ॥

অনুবাদ—ঐ রাত্রি বৈষ্ণবগণের সহিত অনলস-ভাবে জাগরণ করিবে ॥ ৮৮৯ ॥

প্রভাতসময়ে স্নাত্বা দেবমুত্থাপ্য যত্নতঃ ।
ভদ্রপীঠে সমারোপ্য স্নাপয়েদচ্ছবারিণা ॥ ৮৯০ ॥

অনুবাদ—প্রভাতকালে স্নান করিয়া শ্রীহরিকে যত্নসহ উত্থাপিত করিয়া সর্ব্বতোভদ্রপীঠে আরোপণ পূর্ব্বক নির্ম্মল জল দ্বারা স্নান করাইবে ॥ ৮৯০ ॥

টীকা—যত্নতঃ ব্রহ্মঘোষাদিনা, অচ্ছেন—নির্ম্মলেন ॥ ৮৯০ ॥

একাশীতিঘটৈর্দেবং মূলমন্ত্রেণ সেচয়েৎ ।
বৈষ্ণবেন তু কুম্ভেন ঐন্দ্রাদিকলসৈস্তথা ॥ ৮৯১ ॥

অনুবাদ—মূলমন্ত্রে একাশীতি ঘট জলদ্বারা অভি-ষেক করিবে, একটি বিষ্ণুকলস এবং ইন্দ্রাদি দশ-দিকপাল কলস জলদ্বারা ॥ ৮৯১ ॥

সেচয়েৎ ফলতোয়েন পঞ্চগব্যাদিনা তথা ।
সুগন্ধেন তথাজ্যেন স্নাপ্য গন্ধাদিনার্চ্চয়েৎ ।
পৌরুষেণ তু সূক্তেন প্রত্যৃচং চন্দনাদিভিঃ ॥৮৯২॥

অনুবাদ—ফল, জল, পঞ্চগব্য, সুগন্ধিজল, ঘৃত-দ্বারা স্নান করাইয়া গন্ধপুষ্পাদি দ্বারা অর্চ্চন করিবে, পুরুষসূক্তের প্রতিমন্ত্র পাঠপূর্ব্বক চন্দনাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ৮৯২ ॥

সিতযুগ্মেন সংবেষ্ট্য ধূপয়িত্বা গৃহং নয়েৎ।
ব্রহ্মঘোষাদিনা সম্যগ্বিনিবেশ্যার্চ্চয়েৎ সুধীঃ ॥৮৯৩

অনুবাদ—শ্বেতবস্ত্রদ্বয় সংবেষ্টন করিয়া ধূপ জ্বালাইয়া বেদধ্বনি সহ, প্রভুকে গৃহে লইয়া যাইবে, সুধীব্যক্তি সম্পূর্ণ স্থাপন করিয়া অর্চ্চন করিবেন ॥৮৯৩

দক্ষিণাং দেশিকে দদ্যাৎ কনকং ছত্রমেব চ।
ব্রাহ্মণান্ ভোজয়িত্বাথ স্বয়ং ভুঞ্জীত বাগ্যতঃ ॥৮৯৪

অনুবাদ—আচার্য্যকে স্বর্ণ ও ছত্র দক্ষিণা দিবে, ব্রাহ্মণগণকে ভোজন করাইয়া পরে স্বয়ং মৌনভাবে ভোজন করিবে ॥ ৮৯৪ ॥

সভৃত্যবন্ধুবর্গং তু দীনানাথাংস্তু ভোজয়েৎ ॥৮৯৫॥

অনুবাদ—ভৃত্য ও বন্ধুবর্গকে, দীন অনাথগণকে ভোজন করাইবে ॥ ৮৯৫ ॥

অথ চলশ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠামাহাত্ম্যম্

তত্রৈব—

যস্য গেহে সদা তিষ্ঠেৎ মূর্ত্তির্দেবস্য চক্রিণঃ।
ন তত্র মারী দৌর্ভাগ্যং ন বালক্ষ্মীর্ন দুষ্কৃতম্ ॥৮৯৬

অনুবাদ—অনন্তর চল শ্রীমূর্ত্তি প্রতিষ্ঠা মাহাত্ম্য, হয়শীর্ষ পঞ্চরাত্রে—যাহার গৃহে চক্রধারী শ্রীহরিদেবের মূর্ত্তি সর্ব্বদা থাকেন, সেই গৃহে মারী দৌর্ভাগ্য অলক্ষ্মী বা দুষ্কৃত কার্য্য থাকে না ॥ ৮৯৬ ॥

অনেনৈব বিধানেন সংস্কৃত্য প্রতিমাং হরেঃ।
বিষ্ণুলোকমবাপ্নোতি পুনরাবৃত্তিদুর্ল্লভম্ ॥৮৯৭॥ ইতি

অনুবাদ—উক্ত বিধান অনুসারে প্রতিমাকে সংস্কার করিয়া পুনরাবৃত্তিহীন বিষ্ণুলোক প্রাপ্ত হন ॥৮৯৭

টীকা—যদ্যপি মূর্ত্তিরিতি প্রতিমামিতি চ সামান্যতো নির্দ্দেশঃ, তথাপি চলমূর্ত্তিপ্রতিষ্ঠায়া উক্তত্বাদত্রৈব লিখিতম্ ॥ ৮৯৬-৮৯৭ ॥

অধুনা চলমূর্ত্তেহি প্রতিষ্ঠায়াঃ পরো বিধিঃ।
লিখ্যতে পদ্ধতিশ্রেণীদৃষ্টিতঃ সম্মতঃ সতাম্ ॥৮৯৮॥

অনুবাদ—সাধুগণের সম্মত পদ্ধতি শ্রেণী দৃষ্টে এক্ষণে চলমূর্ত্তির অন্য প্রকার প্রতিষ্ঠা বিধি লিখিত হইতেছে ॥ ৮৯৮ ॥

টীকা—এবং হয়শীর্ষোক্তশ্চল-শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠাবিধিং লিখিত্বা ইদানীং ততঃ সংক্ষিপ্তং বৌধায়নাদিশিষ্টবর্গসম্মতং সৎসাম্প্রদায়িক-বহুলপদ্ধত্যনুসারেণ পরমপি লিখতি—অধুনেতি। এবার্থে হি-শব্দঃ, চলমূর্ত্তেরেবান্যোঽপি প্রতিষ্ঠাবিধিঃ শ্রীকৃষ্ণদেবাচার্য্যসম্মতঃ। তথা চ শ্রীকৃষ্ণদেবাচার্য্যপদ্ধতৌ বৌধায়নাদিসন্মূলাস্ত্রৈবিক্রম্যাদিপদ্ধতীঃ। বীক্ষ্য বক্ষ্যামি বিষ্ণবাদিচলার্চ্চাস্থাপনে বিধিম্' ইতি ॥ ৮৯৮ ॥

অথ বৌধায়নাদ্যুক্তচলশ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠাবিধিঃ

স্থিরমূর্ত্তিপ্রতিষ্ঠানুসারেণাত্রাপি বৈষ্ণবৈঃ।
প্রতিষ্ঠাবিধিরূহ্যেয়ো বিশেষোঽন্যশ্চ লিখ্যতে ॥৮৯৯॥

অনুবাদ—অনন্তর বৌধায়নাদি উক্ত চল শ্রীমূর্ত্তি প্রতিষ্ঠা বিধি—স্থিরমূর্ত্তি প্রতিষ্ঠা বিধি অনুসারে এস্থলেও বৈষ্ণববৃন্দ কর্ত্তৃক প্রতিষ্ঠা বিধি গ্রহণ কর্ত্তব্য, অন্য যাহা কিছু বিশেষ লিখিত হইতেছে ॥ ৮৯৯ ॥

টীকা—তত্র চ মণ্ডপনির্ম্মাণাদিপ্রকারবিশেষঃ স্নপনাদৌ মন্ত্রাদিকঞ্চ প্রায়ঃ পূর্ব্বলিখিত-স্থিরমূর্ত্তিপ্রতিষ্ঠাবিধিবদ্বিজ্ঞেয়মিতি লিখতি—স্থিরেতি ॥ ৮৯৯ ॥

অথ তত্র মণ্ডপাদিনির্ম্মাণবিধিঃ

প্রাসাদতো দিশি প্রাচ্যামুদীচ্যাং বাথ মণ্ডপম্।
ঐশান্যাং বা চরেৎ স্থানেঽদূরেঽঙ্গারাদিবর্জ্জিতে ॥৯০০

অনুবাদ—অনন্তর ঐস্থলে মণ্ডপাদি নির্ম্মাণ বিধি—প্রাসাদ হইতে পূর্ব্বে, উত্তরে বা ঈশান কোণে অদূরে অঙ্গারাদি বর্জ্জিত স্থানে মণ্ডপ নির্ম্মাণ করিবে ॥ ৯০০ ॥

টীকা—প্রাসাদোঽত্র ভগবদাবাসালয়ঃ তস্মাৎ, অঙ্গারেণ আদি-শব্দাৎ তুষাস্থ্যাদিনা চ রহিতে অদূরেঽনতিদূরে ঽনতিনিকটে চেত্যর্থঃ। মণ্ডপমাচরেৎ রচয়েৎ ॥ ৯০০ ॥

দশহস্তং চতুর্দ্বারং চতুরস্রং সমং শুভম্ ।
চতুস্তোরণসংযুক্তং সপতাকঞ্চ পূর্ব্ববৎ ॥ ৯০১ ॥

অনুবাদ—পূর্ব্ববৎ সমচতুষ্কোণ দশহস্ত পরিমিত চতুর্দ্বারবিশিষ্ট শুভ চারিটি তোরণ-দ্বার-সংযুক্ত পতাকামণ্ডিত হইবে ॥ ৯০১ ॥

টীকা—পূর্ব্ববদিতি স্থিরমূর্ত্তিপ্রতিষ্ঠায়াং তোরণ-পতাকা-স্থাপনাদিবিধির্যথা পূর্ব্বং লিখিতোঽস্তি তথৈবেত্যর্থঃ। যদ্যপি মণ্ডপপরিমাণাদিকমপি পূর্ব্বলিখনাদ্বিজ্ঞাতং স্যাদেব, তথাপি তদেব স্মারয়তাত্র লিখিতমশক্তাবল্যপক্ষং চাঙ্গীকুর্ব্বতা কিঞ্চিদ্বিশেষং দর্শয়তা তল্লিখিতম্। এবমগ্রেঽপ্যূহ্যম ॥ ৯০১ ॥

———

তস্মিংশ্চ বিধিবৎ কুর্য্যাৎ সযোন্যাস্যত্রিমেখলম্ ।
আগ্নেয্যাং কুণ্ডমাশায়াং চতুরস্রং কারোন্মিতম্ ॥৯০২

অনুবাদ—তাহাতেও বিধিবৎ অগ্নিকোণে সযোনি ত্রিমেখলা কুণ্ড চতুষ্কোণ একহস্ত পরিমিত হইবে॥৯০২

টীকা—তস্মিন্মণ্ডপে যোনিঃ আস্যঞ্চ বক্ত্রং তিস্রো মেখলাশ্চ তৈঃ সহিতমাগ্নেয্যামাশায়াং দিশি বিধিযুক্তং যথা স্যাত্তথা কুর্য্যাৎ। তদ্বিধিশ্চ পূর্ব্বং দীক্ষাবিধৌ বিস্তার্য্য লিখিতোঽস্তি। করোন্মিতম্ একহস্তপরিমিতম্ ॥ ৯০২ ॥

———

প্রাচ্যাং বেদীং করোচ্ছ্রায়বিস্তারাং চতুরস্রিকাম্ ।
ঐশান্যাং স্থানমেকঞ্চ দেবস্য স্নপনোচিতম্ ॥৯০৩॥

অনুবাদ—পূর্ব্বদিকে বেদী একহস্ত উচ্চ ও বিস্তার চতুষ্কোণ, ঈশান কোণে শ্রীহরির স্নানোচিত একটি বেদী হইবে ॥ ৯০৩ ॥

টীকা—করঃ একহস্তপ্রমাণঃ উচ্ছ্রায়ো বিস্তারশ্চ যস্যাস্তাম্। স্নপনোচিতমিতি দেব-স্নপনস্য তদুপকরণ-স্থাপনস্য চোপযুক্তমিত্যর্থঃ ॥ ৯০৩ ॥

———

অথ তত্র মণ্ডলবিধিঃ

মণ্ডপস্য চ নৈঋর্ত্যাং বিধিবদ্বাস্তুমণ্ডলম্ ।
মধ্যে চ দেবতার্চ্চার্থং সর্ব্বতোভদ্রমালিখেৎ ॥৯০৪॥

অনুবাদ—অনন্তর ঐ মণ্ডপে মণ্ডল বিধি—মণ্ডপের নৈঋর্ত কোণে বিধিবৎ বাস্তুমণ্ডল। মধ্যে শ্রীহরির অর্চ্চনের জন্য সর্ব্বতোভদ্রমণ্ডল অঙ্কিত করিবে ॥ ৯০৪ ॥

টীকা—বাস্তুমণ্ডলং চৈবং পূর্ব্বোত্তরগাভির্নবনবভী রেখাভিশ্চতুঃষষ্টিপদং মণ্ডলং বিধায় তত্র বহিশ্চতুষ্কোণেষু কোণাত্তির্য্যগ্‌রেখা দত্ত্বাষ্টাবদ্ধপদানি চতুর্দিক্ষু চতুর্বিংশতিপদানি মধ্যে রেখাদ্বয়মার্জ্জনেন চতুষ্পদমেকম্ তথা তৎপ্রাচ্যাদিচতুর্দিক্ষু চত্বারি চতুষ্পদানি, তচ্চতুষ্কোণেষু মধ্যবর্ত্তিরেখাদ্বয়মার্জ্জনেনাষ্টৌ দ্বিপদানি কুর্য্যাৎ। এবং পথ চত্বারিংশদ্দেবতাস্থানানি ভবন্তি। দেবতাশ্চৈতাঃ—মধ্যচতুষ্পদে ব্রহ্মা, তৎপ্রাগাদি-চতুষ্পদেষু ক্রমেণ আপ-সাবিত্র-জয়রুদ্রাঃ, কোণস্থেষ্বষ্টসু দ্বিপদেষু ঈশানকোণাদিক্রমেণ অর্য্যমসবিতৃবিবস্বদ্বিবুধাধিপ-মিত্র- রাজযক্ষ্মপৃথ্বীধরাপবৎসকাঃ। তথা চ মাৎস্যে—'দ্বাত্রিংশদ্বাহ্যতঃ পূজ্যাঃ পূজ্যাশ্চান্তস্ত্রয়োদশ', তথা,—ঈশানকোণাদিষু সুরান্ পূজয়েচ্চ বিধানতঃ। তথা—ঈশানাদি-চতুষ্কোণসংস্থিতান্ পূজয়েদ্বুধঃ, আপশ্চৈবাথ সাবিত্রো জয়ো রুদ্রস্তথৈব চ ॥ মধ্যে চতুষ্পদে ব্রহ্মা তস্যাষ্টৌ চ সমীপগাঃ। অর্য্যমা সবিতা চৈব বিবস্বান্ বিবুধাধিপঃ ॥ মিত্রোঽথ রাজযক্ষ্মা চ তথা পৃথ্বীধরঃ ক্রমাৎ। অষ্টমশ্চাপবৎসস্তু পরিতো ব্রহ্মণঃ স্মৃতাঃ। ইতি বাহ্যদ্বাত্রিংশৎপদেষু চ ঈশানাদিক্রমেণৈব দ্বিতীয়ার্দ্ধপদতঃ শিখ্যাদয়ো দ্বাত্রিংশদ্দেবতাঃ। তথা চ তত্রৈব—'শিখী চৈবাথ পর্জ্জন্যো জয়ন্তঃ কুলিশায়ুধঃ। সূর্য্যঃ সত্যো ভৃশশ্চৈব আকাশো বায়ুরেব চ;' পূষা চ বিতথশ্চৈব গৃহক্ষতযমাবুভৌ। গন্ধর্ব্বো ভৃঙ্গরাজশ্চ মৃগঃ পিতৃগণস্তথা। দৌবারিকোঽথ সুগ্রীবঃ পুষ্পদন্তো জলাধিপঃ। অসুরঃ শোষপাপৌ চ রোগোঽহিমুর্খ্য এব চ। ভল্লাটঃ সোমসর্পৌ চ অদিতিশ্চ দিতিস্তথা' ইতি। 'এবং সর্ব্বাঃ পঞ্চচত্বারিংশদ্দেবতা বাস্তুমণ্ডলে। তদ্বহিরীশানাদিক্রমেণ তু বকী স্কন্দা বিদারী অর্য্যমা পূতনা জম্ভকা পাপরাক্ষসী লিপিচ্ছা চেত্যষ্টৌ দেবতাঃ ইতিঃ। এবময়ং চতুঃষষ্টিপাদ-মণ্ডলদেবতাস্থানবিভাগো হয়শীর্ষপঞ্চরাত্রস্যানুসারী, ন তু মৎস্যপুরাণস্য। এতচ্চ সর্ব্বমগ্রে প্রাসাদ-নির্ম্মাণেঽবশ্যলেখ্যত্বাদত্র বিস্তার্য্য ন লিখিতং, তত্রৈব বিশেষতো ব্যক্তং ভাবি। এতচ্চ বাস্তুমণ্ডলং বিবিধ-

রজশালিপিষ্টপূরিতং কার্য্যম্। মণ্ডপমধ্যে চ মণ্ডলদেবতাপূজার্থং সর্ব্বতোভদ্রাখ্যং মণ্ডলং কুর্য্যাৎ। তচ্চ সুপ্রসিদ্ধমেব ॥ ৯০৪ ॥

সকর্ণিকঞ্চ তন্মধ্যে পদ্মং বিরচয়েত্তথা।
স্বস্তিকং চোত্তরে কৃত্বা তত্র শয্যাং নিবেশয়েৎ ॥৯০৫

অনুবাদ—তাহার মধ্যে কর্ণিকারযুক্ত পদ্ম রচনা করিবে এবং উত্তরে স্বস্তিক করিয়া সেস্থানে শয্যা বিন্যাস করিবে ॥ ৯০৫ ॥

টীকা—তস্য সর্ব্বতোভদ্রস্য মধ্যে চ কর্ণিকাসহিতং পদ্মং তথেতি বিধিবদ্বিরচয়েৎ। তন্মণ্ডলদেবতাশ্চৈতাঃ—মধ্যে ব্রহ্মা, মণ্ডলপ্রান্তে পূর্ব্বাদ্যষ্টদিক্ষু ক্রমেণ ইন্দ্রাদয়োঽষ্টলোকপালাঃ, ঈশেন্দ্রাদ্যন্তরালাষ্টকে চ বসবো রুদ্রা আদিত্য অশ্বিনৌ পিতরো নাগাঃ স্কন্দো বৃষশ্চেত্যষ্টৌ। ঈশানাদিপদ্মদলেষ্বষ্টসু ক্রমেণ দক্ষো বিষ্ণুর্দুর্গা স্বধাকারো মৃত্যুরোগঃ সসমুদ্রাঃ সরিতো মরুতো গণপতিশ্চেত্যষ্টৌ। পদ্মকর্ণিকায়াশ্চাধঃ পৃথিবী, উপরি মেরুঃ, তদুপরি স্থাপ্যদেবতাঃ। মণ্ডলস্য বাহ্যতঃ প্রাগাদিদিক্‌পালানামায়ুধানি বাহনানি চ, তদ্বাহ্যে চ গৌতম ভরদ্বাজ-বিশ্বামিত্র-কশ্যপ-জমদগ্নি-বশিষ্ঠাদয়ঃ সপ্তর্ষয়ঃ ততো বহ্নির্নবগ্রহাঃ, ততশ্চ বহ্ন্যাদ্যষ্টসু ক্রমেণ ঐন্দ্রী কৌমারী ব্রাহ্মী, বারাহী, চামুণ্ডা, বৈষ্ণবী, মাহেশ্বরী, বৈনায়কী চেত্যষ্টৌ শক্তয় ইতি। উত্তরে তৎসর্ব্বতোভদ্রমণ্ডলাদুত্তরতঃ স্বস্তিকং মণ্ডলং চ কৃত্বা তদুপরি শয্যাং স্থাপয়েৎ ॥ ৯০৫ ॥

অথ ব্রাহ্মণ-বরণাদিবিধিঃ

যজমানশ্চ পূর্ব্বেদ্যুঃ প্রতিষ্ঠায়াঃ সমাচরেৎ।
পুণ্যাহবাচনং বিপ্রৈর্মণ্ডপস্থাপনং তথা ॥ ৯০৬ ॥

অনুবাদ—অনন্তর ব্রাহ্মণ-বরণাদি বিধি—যজমান প্রতিষ্ঠার পূর্ব্বদিন বিপ্রগণ দ্বারা পুণ্যাহবাচন ও মণ্ডপ স্থাপন করিবেন ॥ ৯০৬ ॥

টীকা—এবং মণ্ডপরচনাদিকং লিখিত্বা পুণ্যাহবাচনাদিপূর্ব্বকমাচার্য্যাদিবরণং যজমানস্য কৃত্যবিশেষং লিখতি—যজমানশ্চেতি পঞ্চভিঃ। প্রতিষ্ঠাসময়াৎ পূর্ব্বেদ্যুঃ পূর্ব্বদিবসে বিপ্রৈঃ কৃত্বা পুণ্যাহবাচনং মণ্ডপপ্রতিষ্ঠাং চ সম্যগাচরেৎ ॥ ৯০৬ ॥

মণ্ডপস্য চ বায়ব্যাং মাতৃর্গন্ধাদিনার্চ্চয়েৎ।
প্রণবাদিনমোঽন্তৈশ্চ নামভির্বিধিবদ্বুধঃ ॥ ৯০৭ ॥

অনুবাদ—মণ্ডপের বায়ুকোণে গন্ধাদি দ্বারা অভিজ্ঞ ব্যক্তি বিধিবৎ ষোড়শ মাতৃগণের নামের আদিতে প্রণব ও অন্ত্যে নমঃ শব্দ যোগ করিয়া অর্চ্চন করিবেন ॥ ৯০৭ ॥

টীকা—গন্ধেন, আদি-শব্দাৎ অক্ষতপুষ্পাদিভিশ্চ মাতৃঃ পূজয়েৎ। মাতৃপূজনে মন্ত্রান্ লিখতি—প্রণবাদীতি। মাতরশ্চ ষোড়শ পূর্ব্বমচলমূর্ত্তি প্রতিষ্ঠারম্ভে লিখিতা এব। প্রয়োগঃ—'ওঁ গৌর্য্যৈ নমঃ' ইত্যাদিঃ। বিধিবদিতি সর্ব্বত্রৈবাগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ম্ ॥ ৯০৭ ॥

নান্দীশ্রাদ্ধং ততঃ কৃত্বা সদ্বিপ্রং বৃণুয়াদ্‌গুরুম্।
মধুপর্কাদিনাভ্যর্চ্চ্য দত্ত্বা বস্ত্রাদি শক্তিতঃ ॥ ৯০৮ ॥

অনুবাদ—তৎপরে নান্দী শ্রাদ্ধ করিয়া পূর্ব্বোক্ত লক্ষণান্বিত সদ্বিপ্রকে আসন, পাদ্য, অর্ঘ্য, মধুপর্ক যথাশক্তি বস্ত্রাদি দ্বারা পূজা করিয়া গুরুরূপে বরণ করিবে ॥ ৯০৮ ॥

টীকা—সদ্বিপ্রং পূর্ব্বলিখিতলক্ষণং ব্রাহ্মণং মধুপর্কেণ, আদি-শব্দাৎ আসনপাদ্যার্ঘ্যাদিনা চ সম্পূজ্য শক্তিতঃ যথাবিভবং বস্ত্রাদিকং দত্ত্বা, আদি-শব্দেন ভূষণাদি গুরুবরণবিধিশ্চ পূর্ব্বমেব লিখিতোঽস্তি ॥ অমুকগোত্রঃ অমুকশর্ম্মাহম্ অমুকগোত্রামুকশর্ম্মাণং ত্বাং প্রতিষ্ঠাচার্য্যত্বেন বৃণে। স চ বৃতোঽস্মীতি প্রব্রূয়াদিত্যাদিরূপঃ ॥ ৯০৮ ॥

তদর্দ্ধদানাদ্‌ব্রহ্মাণং পুরাণস্তুতিপাঠকম্।
সূক্তজাপকমপ্যেবং ত্রীন্ বিপ্রান্ বৃণুয়াৎ পরান্ ॥৯০৯

অনুবাদ—তাহার অর্দ্ধেক দান দ্বারা ব্রহ্মাকে, পুরাণস্তুতি পাঠককে এবং বেদোক্ত সূক্ত জাপককে এইরূপে তিনজন বিপ্রকে বরণ করিবেন ॥ ৯০৯ ॥

টীকা—তথা মধুপর্কাদি-পূজাপুরঃসরং গুরুসম্প্র-

দানকবস্ত্রাদ্যর্দ্ধদানেন ব্রহ্মাণং বৃণুয়াৎ। পুরাণ-স্তুতি-পাঠক-সূক্তজাপকৌ চ মধুপর্কাদিনা তথৈবাভ্যর্চ্চ্য তদর্দ্ধদানেন যথাবিভবং বা বস্ত্রাদিদানেন বৃণুয়াদি-ত্যাদিরূপশ্চ ॥ ৯০৯ ॥

তোরণানি ততোঽভ্যর্চ্চ্য দ্বারাণুত্তরতস্তথা।
পূর্ব্ববৎ বৃণুয়াদ্বিপ্রাংশ্চতুরো দ্বারজাপকান্ ॥৯১০॥

অনুবাদ—তোরণদ্বারসমূহ উত্তর দিক হইতে অর্চ্চনা করিয়া পূর্ব্ববৎ চারজন বিপ্রকে দ্বার জাপক-রূপে বরণ করিবে ॥ ৯১০ ॥

টীকা—তদনন্তরং চ উত্তরত উত্তরমারভ্য 'তোর-ণায় নমঃ' ইতি-ক্রমেণ তোরণানি, তথা দ্বারাণি চত্বারি 'শ্রিয়ৈ নমঃ' ইত্যভ্যর্চ্চ্য। পূর্ব্ববৎ যথাশক্তি মধুপর্কবাসোঽলঙ্কারাদিদানেনেত্যর্থঃ ॥ ৯১০ ॥

অথ বাস্তুদেবপূজাদিবিধিঃ

আচার্য্যো মণ্ডপেঽভ্যেত্য প্রাণায়ামান্ বিধায় চ।
আপো হিষ্ঠেতি দর্ভাদ্যৈর্যাগস্যাভ্যুক্ষয়েদ্ভুবম্ ॥৯১১॥

অনুবাদ—অনন্তর বাস্তুদেব পূজাবিধি—আচার্য্য মণ্ডপে আসিয়া প্রাণায়াম করিয়া আপো হিষ্ঠেতি মন্ত্রে কুশাদি দ্বারা যাগভূমি প্রোক্ষণ করিবেন ॥ ৯১১ ॥

টীকা—প্রতিষ্ঠামণ্ডপে অভ্যেত্য আগত্য, যাগস্য ভুবং দেবপূজাস্থলম্ ॥ ৯১১ ॥

বিকীর্য্য সর্ষপান্ শুক্লান্ রক্ষাং কৃত্বা চ মন্ত্রতঃ।
বিধিবৎ পূজয়েদ্বাস্তুদেবতা বাস্তুমণ্ডলে ॥ ৯১২ ॥

অনুবাদ—শ্বেতসর্ষপ বিকীর্ণ করিয়া মন্ত্রদ্বারা রক্ষা করিয়া বাস্তুমণ্ডলে বাস্তুদেবতা পূজা বিধিবৎ করিবেন ॥ ৯১২ ॥

টীকা—বিধিবদিতি, প্রণবাদিনমোঽন্তনামমন্ত্রৈঃ ষোড়শোপচারৈঃ প্রত্যেকং পূজয়েদিত্যর্থঃ ॥ ৯১২ ॥

অথ তত্র মন্ত্রঃ

দেবা আয়ান্তু, যাতুধানাস্তুপযান্তু।
বিষ্ণো দেবযজনং রক্ষস্ব ॥ ৯১৩ ॥ ইতি ॥

অনুবাদ—অনন্তর উক্ত পূজা-মন্ত্র—দেবগণ আগমন করুন, রাক্ষসগণ দূরে যাউক। হে বিষ্ণো! দেবযজন রক্ষা করুন ॥ ৯১৩ ॥

টীকা—মন্ত্রত ইতি লিখিতং, তমেব মন্ত্রং লিখতি—দেবা ইত্যাদি ॥ ৯১৩ ॥

ঈশানাদিক্রমেণাথ কুশপুষ্পযুতাক্ষতৈঃ।
শিখ্যাদি-দেবতাভ্যশ্চ বিশেষবলিমর্পয়েৎ ॥ ৯১৪ ॥

অনুবাদ—অনন্তর ঈশান কোণ হইতে ক্রমে কুশ পুষ্পযুক্ত অক্ষত সমূহ দ্বারা শিখি দেবতাগণকে বিশেষ উপহার অর্পণ করিবেন ॥ ৯১৪ ॥

টীকা—শিখি বাস্তুমণ্ডপস্যেশানকোনার্দ্ধপদবর্ত্তী। তদাদিসর্ব্বদেবতাভ্যোঽগ্রে লেখ্য-তত্তদ্বিহিতদ্রব্যা-সম্ভবে পুষ্পাদিভির্বিশেষবলিং দদ্যাৎ ॥ ৯১৪ ॥

আগত্য কুণ্ডপার্শ্বে তু হোমং কুর্য্যাদ্‌যথাবিধি।
তত্রাবশ্যং প্রতিদ্রব্যং হোমান্তে প্রতিমাং স্পৃশেৎ ॥৯১৫

অনুবাদ—কুণ্ড পার্শ্বে আগমন করিয়া যথাবিধি হোম করিবেন, প্রতি দ্রব্যের হোমান্তে অবশ্যই প্রতি-মাকে স্পর্শ করিবেন ॥ ৯১৫ ॥

টীকা—যথাবিধীতি অগ্নিং প্রতিষ্ঠাপ্যান্বাধায় গোক্ষীরে নীরসে চরুং স্থাপ্যদেবতাকং শ্রপয়িত্বাজ্য ভাগান্তে পলাশোড়ুম্বরাশ্বত্থ-ন্যগ্রোধাপামার্গসমিদ্ভিঃ প্রত্যেকমষ্টোত্তরশতমষ্টোত্তরসহস্রমষ্টাবিংশতিং বা লোকপালানুদ্দিশ্য তত্তন্মন্ত্রৈর্ব্যাহৃতিভির্বা জুহুয়াৎ। তাবৎসংখ্যকমাজ্যহোমং স্থাপ্যদেবতালিঙ্গকেন মন্ত্রেণ কৃত্বা সমিত্তিলাজ্যানাং প্রতিদ্রব্যং তেনৈব মন্ত্রেণ দশ-হুতীর্দত্ত্বা অগ্নির্যজুভিরিত্যনুবাকং জপ্ত্বা স্থাপ্যদেবতা-মন্ত্রেণৈব চরোর্দশপ্রধানাহুতীর্দত্ত্বা চরুশেষেণ যদস্য কর্ম্মণ ইতি স্বিষ্টকৃতে জুহুয়াৎ। যথাশক্তি স্থাপ্য-দেবতামন্ত্রমাবর্ত্ত্য ব্রহ্মবিসর্জ্জনান্তং কুর্য্যাৎ' ইতি বিধির্জ্ঞেয়ঃ ॥ ৯১৫ ॥

অথ স্নপনবিধিঃ

আচার্য্যায় বরং দত্ত্বা নিজশক্ত্যনুসারতঃ।
বিপ্রান্ গন্ধাদিনাভ্যর্চ্চ্য পুণ্যাহং বাচয়েৎ পুনঃ ॥৯১৬

অনুবাদ—অনন্তর স্নাপন বিধি—যজমান আচার্য্যকে বরণ করিয়া নিজ সামর্থ্যানুসারে বিপ্রগণকে গন্ধমাল্যাদি দ্বারা অর্চ্চনা করিয়া পুনরায় পুণ্যাহ বাচন করাইবে ॥ ৯১৬ ॥

টীকা—যজমানকৃত্যং লিখতি—বয়ম্ আচার্য্যাপেক্ষিতং বস্ত্রালঙ্কারাদি নিজশক্ত্যনুসারেণ দত্ত্বা ॥৯১৬

ততশ্চ যজমানানুমোদিতোঽর্চ্চাং বিশোধয়ন্ ।
আচার্য্যঃ প্রণিপত্যাদৌ দেবং সংপ্রার্থয়েদিদম্ ॥৯১৭

অনুবাদ—অনন্তর আচার্য্য যজমানের অনুমোদন ক্রমে প্রতিমাকে বিশোধিত করিয়া প্রণাম পূর্ব্বক প্রথমে শ্রীহরিকে এইরূপ প্রার্থনা করিবেন ॥ ৯১৭ ॥

তদুক্তম্—
স্বাগতং দেবদেবেশ বিশ্বরূপ নমোঽস্তু তে ।
শুদ্ধেঽপি ত্বদধিষ্ঠানে শুদ্ধিং কুর্ম্মঃ ক্ষমস্ব মাম্ ॥৯১৮
ইতি ॥

অনুবাদ—প্রার্থনা মন্ত্র—হে দেবদেবেশ বিশ্বরূপ তোমাকে নমস্কার, তোমার অধিষ্ঠান শুদ্ধ হইলেও পুনঃ শুদ্ধ করিব আমাকে ক্ষমা করুন ॥ ৯১৮ ॥

ততশ্চ নবপীঠোপবেশিতাং প্রতিমাং গুরুঃ ।
মৃদ্ভির্দ্বাদশকৃতস্তাং সংশোধ্য ক্ষালয়েৎ জলৈঃ ॥৯১৯

অনুবাদ—তৎপরে গুরুদেব নূতন পীঠে স্থাপিত প্রতিমাকে মৃত্তিকাদি দ্বারা দ্বাদশবার করিয়া জলদ্বারা প্রক্ষালন করিবেন ॥ ৯১৯ ॥

পঞ্চগব্যৈস্তথা পঞ্চামৃতৈস্তন্মন্ত্রতো বুধঃ ।
সংস্নাপ্য হবিষাভ্যজ্য চূর্ণৈরুদ্বর্ত্তয়েচ্ছুভৈঃ ॥৯২০॥

অনুবাদ—অভিজ্ঞ ব্যক্তি পঞ্চগব্য ও পঞ্চামৃত দ্বারা সেই সেই মন্ত্রে স্নান করাইয়া ঘৃত মাখাইয়া পবিত্র চূর্ণ দ্বারা উদ্বর্ত্তন করিবেন ॥ ৯২০ ॥

অথ তন্মন্ত্রাঃ

পঞ্চগব্যস্নপনে পয়ঃ পৃথিব্যামিতি,
ক্ষীরাদিচতুঃস্নপনে পূর্ব্ববদেব,
শর্করাস্নপনে চ আয়ং গৌরিতি ॥ ৯২১ ॥

অনুবাদ—অনন্তর উক্ত মন্ত্রসমূহ—পয়ঃ পৃথিব্যাং মন্ত্র পঞ্চগব্য দ্বারা স্নানে, দুগ্ধাদি চারিদ্রব্য স্নানে পূর্ব্ববৎই, শর্করা স্নপনে আয়ং গৌঃ এইমন্ত্র ॥ ৯২১ ॥

কোষ্ণোদকেন প্রক্ষাল্য সুগন্ধেনানুলিপ্য চ ।
ততঃ সংস্রবকুম্ভাদ্ভিঃ সংস্নাপ্য প্রণমেচ্চ তাম্ ॥৯২২

অনুবাদ—ঈষৎ উষ্ণজলে স্নান করাইয়া সুগন্ধ চন্দন অনুলেপন করিয়া পরে ঝরণা, কুম্ভজলে স্নান করাইয়া শ্রীহরিকে প্রণাম করিবে ॥ ৯২২ ॥

টীকা—সম্যক্ স্রবতি জলানি বহুলচ্ছিদ্রতয়েতি সংস্রবঃ, তাদৃশকুম্ভস্য জলেন 'শন্নো দেবীঃ ॥' ইতি মন্ত্রেণ সংস্নাপ্য তাং প্রতিমাং প্রণমেৎ ॥ ৯২২ ॥

অভিষিঞ্চেদর্চ্চিতৈস্তু চতুষ্কুম্ভৈঃ সপল্লবৈঃ ।
সমুদ্রজ্যেষ্ঠা ইত্যাদি চতুর্মন্ত্রৈঃ পরৈরপি ॥ ৯২৩ ॥

অনুবাদ—সপল্লব পূজিত চতুষ্কুম্ভের জলে অভিষেক করিবে, সমুদ্র জ্যেষ্ঠা ইত্যাদি মন্ত্র চতুষ্টয় দ্বারা অন্য কুম্ভজল দ্বারাও ॥ ৯২৩ ॥

টীকা—অর্চিতৈর্গন্ধাক্ষতাদিভিঃ পূজিতৈঃ, পরৈঃ আ কলসেষু ধাবতীত্যাদিভিরন্যৈশ্চ কলসলিঙ্গমন্ত্রৈস্তামভিষিঞ্চেৎ ॥ ৯২৩ ॥

পদ্মাস্তঃ স্বস্তিকপ্রান্তে পীঠে চৌড়ুম্বরে শুভে ।
অন্যক্ষীরদ্রুমীয়ে বা শ্রীমূর্ত্তিমুপবেশয়েৎ ॥ ৯২৪ ॥

অনুবাদ—পবিত্র উড়ুম্বরের পীঠে মধ্যে পদ্ম কোণে স্বস্তিক রচিত বা অন্য ক্ষীরিবৃক্ষের পীঠে শ্রীমূর্ত্তিকে উপবেশন করাইবে ॥ ৯২৪ ॥

টীকা—শুভে ত্রিহস্তদৈর্ঘ্য-তদর্দ্ধবিস্তারেণ যথাসম্ভবং, পরিমাণাদিনা বা সুন্দরে ॥ ৯২৪ ॥

অথাষ্টৌ স্থাপয়েৎ কুম্ভান্ অষ্টদিক্ষ্বম্বুপূরিতান্ ॥৯২৫

অনুবাদ—অনন্তর অষ্টদিকে জলপূর্ণ অষ্টকুম্ভ স্থাপন করিবেন ॥ ৯২৫ ॥

টীকা—অষ্টাদিক্ষু শ্রীমূর্ত্তেঃ প্রাচ্যাদিষু ॥ ৯২৫ ॥

তেষ্বাদ্যে সঙ্গমক্রোড়োৎখাতবল্মীকমৃত্তিকাম্ ।
অশ্বহস্তিনদীতীরদ্বয়মৃৎস্নাঞ্চ নিক্ষিপেৎ ॥ ৯২৬ ॥

অনুবাদ—তাহাদের মধ্যে প্রথম কলসে সঙ্গম-মৃত্তিকা, বরাহোৎখাত মৃত্তিকা, বল্মীক মৃত্তিকা, অশ্বশালা, হস্তিশালা, নদীতীরদ্বয় মৃত্তিকাও নিক্ষেপ করিবে ॥ ৯২৬ ॥

টীকা—তেষু কুম্ভেষু মধ্যে য আদ্যঃ প্রাচীস্থাপিত-কুম্ভস্তস্মিন্ সঙ্গমাদিস্থানসপ্তকমৃত্তিকাং নিক্ষিপেৎ ॥ ৯২৬ ॥

দ্বিতীয়েঽশ্বত্থচূতাদিপল্লবাশ্মন্তকত্বচম্ ।
অন্যেষু চ ক্রমাৎ ষট্সু পবিত্রান্ প্রস্রবোদকম্ ।
শান্তিবার্য্যথ গন্ধোদমক্ষতান্ কুসুমানি চ ॥ ৯২৭ ॥

অনুবাদ—দ্বিতীয় কলসে—অশ্বত্থ, আম্রাদিপল্লব, অশমন্তক ছাল, অন্য সকলে ক্রমে ছয়টিতে পবিত্র ঝরণাজল, শান্তিবারি, গন্ধজল, অক্ষত পুষ্পসমূহ দিতে হইবে ॥ ৯২৭ ॥

টীকা—অশ্বত্থচুতয়োঃ আদিশব্দাদর্জ্জুনাদীনাঞ্চ পল্লবান্ অশমন্তকত্বচং চ নিক্ষিপেৎ। অন্যেষু ষট্সু কুম্ভেষু পবিত্রাদিষড়্দ্রব্যাণি ক্রমেণ নিক্ষিপেৎ ॥৯২৭॥

স্থাপয়েৎ সত্বিগাচার্য্যস্তৈঃ কুম্ভৈরষ্টমন্ত্রতঃ ।
আপো হিষ্ঠেতি ত্রিতয়ং হিরণ্যেতি চতুষ্টয়ম্ ।
তথৈব পবমানেত্যাদ্যানুবাকং পরো মনুঃ ॥ ৯২৪ ॥

অনুবাদ—আচার্য্য ঋত্বিক্ সহ অষ্টমন্ত্রে অষ্ট-কুম্ভ স্থাপন করিবেন, আপো হিষ্ঠেতি মন্ত্রত্রয়, হিরণ্যেতি মন্ত্র চতুষ্টয়, পবমান ইত্যাদি অনুবাক মন্ত্র পাঠ পূর্ব্বক স্থাপন করিবেন ॥ ৯২৮ ॥

টীকা—তৈরষ্টভিঃ কুম্ভৈঃ। অষ্ট মন্ত্রান্ এব লিখতি—আপ ইতি। হিরণ্যেতি—হিরণ্যবর্ণাঃ শুচয়ঃ পাবকা ইতি ঋক্চতুষ্টয়ম্। পবমানং সুবর্জ্জন ইত্যানুবাকঞ্চ ॥ ৯২৮ ॥

অথ বস্ত্রাদ্যর্পণবিধিঃ

অভিবস্ত্রেতি মন্ত্রে দ্বে আহতে পরিধাপ্য চ ।
দত্ত্বোপবীতং গন্ধাদ্যৈরুপচারৈশ্চ পূজয়েৎ ॥ ৯২৯ ॥

অনুবাদ—অনন্তর বস্ত্রাদি অর্পণ বিধি—অভিবস্ত্রেতি মন্ত্রে নব বস্ত্রদ্বয় পরিধান করাইয়া যজ্ঞোপবীত দান করিয়া গন্ধাদি উপচার সমূহ দ্বারা পূজা করিবে ॥ ৯২৯ ॥

টীকা—যজ্ঞোপবীতং চ অভিবস্ত্রেত্যনেনৈব মন্ত্রেণ দত্ত্বা ॥ ৯২৯ ॥

হিরণ্যগর্ভ ইত্যাদীনষ্টৌ মন্ত্রান্ জপন্ শুভৈঃ ।
কুর্য্যান্নীরাজনং পিষ্টময়ৈর্দ্দীপৈরথাষ্টভিঃ ॥৯৩০॥

অনুবাদ—হিরণ্যগর্ভ ইত্যাদি অষ্ট মন্ত্র জপসহ পবিত্র পিষ্টদ্বারা রচিত অষ্টদীপ দ্বারা নীরাজন করিবে ॥ ৯৩০ ॥

গন্ধেন চিত্রং দেবানামিত্যর্দ্ধর্চ্চেন লোচনে ।
দেবস্যোন্মীলয়েৎ পার্শ্বে স্থিত্বা স্বর্ণশলাকয়া ।
দেবস্য পুরতস্তিষ্ঠেত্তদানীঞ্চ ন কশ্চন ॥ ৯৩১ ॥

অনুবাদ—'চিত্রং দেবানাং' এই অর্দ্ধ ঋক্মন্ত্রে গন্ধ লইয়া স্বর্ণশলাকা দ্বারা শ্রীহরির দক্ষিণ পার্শ্বে থাকিয়া নয়নদ্বয় উন্মীলন করিবেন। আবরণ দিয়া তৎকালে শ্রীহরির সম্মুখে কেহ থাকিবেন না ॥৯৩১॥

অঞ্জনেনাঞ্জয়েন্মন্ত্রে অঞ্জন্তি ত্বামিতি স্ফুটম্ ।
দেবস্য ত্বেতি মধ্বাজ্যসিতাভিঃ পুনরঞ্জয়েৎ ।
অথাদর্শং প্রদর্শ্যাথ বিবিধং ভোজ্যমর্পয়েৎ ॥৯৩২॥

অনুবাদ—'অঞ্জন্তি ত্বাম্' এইমন্ত্রে নয়নদ্বয় অঞ্জন দ্বারা চিত্রিত করিবেন, দেবস্য ত্বেতি মন্ত্রে মধু, ঘৃত, শর্করা দ্বারা পুনরায় অঞ্জন দিবেন। তৎপরে দর্পণ দেখাইয়া বিবিধ ভোজ্য নিবেদন করিবেন ॥ ৯৩২ ॥

টীকা—সিতা শর্করা, মধ্বাদিভির্দেবস্য ত্বেতি মন্ত্রেণ পুনরভ্যাজয়েৎ ॥ ৯৩২ ॥

অথ স্তুতিবলিদানাদি

অথাচার্য্যঃ কুশাসীনঃ সংস্তূয়াদ্ধারয়ন্ কুশান্ ।
দেবং পুরুষসূক্তেন প্রত্যৃচং প্রণবং পঠন্ ॥ ৯৩৩ ॥

অনুবাদ—অনন্তর স্তুতি উপহার প্রদানাদি—অনন্তর আচার্য্য কুশাসনে উপবিষ্ট হইয়া কুশধারণ পূর্ব্বক শ্রীহরিকে পুরুষসূক্তের প্রতিমন্ত্রে প্রণব যোগ করিয়া স্তব করিবেন ॥ ৯৩৩ ॥

পঞ্চবর্ণকধান্যান্নং পাত্রে সংস্থাপ্য বৈণবে ।
তেন নীরাজয়েদ্দেবং বিগতাচারবিপ্রতঃ ॥ ৯৩৪ ॥

অনুবাদ—বংশপাত্রে পঞ্চবর্ণ তণ্ডুল রাখিয়া তাহার দ্বারা শ্রীহরিকে নীরাজন করিবেন বিগতাচার বিপ্রদ্বারা ॥ ৯৩৪ ॥

টীকা—পঞ্চবর্ণ-ধান্যনিষ্পন্নং ক্ষিপ্রৌদনং বৈণবে পাত্রে নিধায় তেনান্নেন দেবং নিরাচারবিপ্রহস্তেন নীরাজয়েৎ ॥ ৯৩৪ ॥

তদ্ধস্তেন বলিং দদ্যাদ্রুদ্রায় চ চতুষ্পথে ।
নমো রুদ্রায়েতি মন্ত্রং স-ধ্রুবঞ্চ স্বয়ং জপেৎ ॥৯৩৫

অনুবাদ—উক্ত বিপ্র হস্তে চৌরাস্তায় স্বয়ং মন্ত্র জপ করিতে করিতে ওঁ নমোরুদ্রায় মন্ত্রে রুদ্রকে উপহার দিবেন ॥ ৯৩৫ ॥

টীকা—সধ্রুবং প্রণবসহিতম্, তথা হি—'ওঁ নমো রুদ্রায় সর্ব্বভূতাধিপতয়ে দীপ্তশূলধরায়োমাদয়িতায় বিশ্বাধিপতয়ে রুদ্রায় বৈ নমঃ শিবমগহিতং কর্ম্মাস্তু স্বাহা ইতি ॥ ৯৩৫ ॥

ব্রহ্মাণঞ্চ প্রতিষ্ঠাপ্য তন্মন্ত্রেণ তদাদিকাঃ ।
উপচারৈ র্ষোড়শভির্যজেন্মণ্ডলদেবতাঃ ॥ ৯৩৬ ॥

অনুবাদ—ব্রহ্মাকেও তাহার মন্ত্রে, প্রতিষ্ঠিত করিয়া ষোড়শ উপচারে ব্রহ্মাদি মণ্ডল দেববৃন্দের যজন করিবেন ॥ ৯৩৬ ॥

টীকা—তন্মন্ত্রেণ ব্রহ্মপ্রতিষ্ঠামন্ত্রেণ ব্রহ্মজজ্ঞানমিত্যাদিনা ব্রহ্মাণং প্রতিষ্ঠাপ্য ॥ ৯৩৬ ॥

স্থাপ্যদেবমথাবাহ্যার্চ্চায়াং তল্লিঙ্গমন্ত্রতঃ ।
কর্ণিকায়াং মণ্ডলস্য তামর্চ্চামুপবেশয়েৎ ॥৯৩৭॥

অনুবাদ—প্রতিমাতে স্থাপনীয় দেবকে তাঁহার নাম মন্ত্রে আবাহন করিয়া সর্ব্বতোভদ্র মণ্ডলের মধ্যে কর্ণিকাতে ঐ প্রতিমাকে উপস্থাপিত করিবেন ॥৯৩৭॥

টীকা—তল্লিঙ্গমন্ত্রতঃ স্থাপ্যদেবলিঙ্গমন্ত্রেণস্থাপ্যদেবমার্চ্চায়াং প্রতিমায়ামাবাহ্য ॥ ৯৩৭ ॥

সুপ্রতিষ্ঠো ভবেত্যেতাং সম্প্রতিষ্ঠাপ্য তত্র চ ।
পুনঃ সমর্চ্চয়েদ্গন্ধাদ্যুপচারৈস্তু পঞ্চভিঃ ॥ ৯৩৮ ॥

অনুবাদ—'প্রভো সুপ্রতিষ্ঠিত হও' এই বলিয়া কর্ণিকা মধ্যে সম্যক্ প্রতিষ্ঠিত করিয়া পুনরায় গন্ধাদি পঞ্চোপচারে পুনঃ অর্চ্চন করিবেন ॥ ৯৩৮ ॥

কুণ্ডান্তিকমথাগত্য তিলাজ্যৈর্জুহুয়াৎ কৃতী ।
তদ্দেবতানাং প্রত্যেকং নামমন্ত্রৈর্দশাহুতীঃ ॥৯৩৯॥

অনুবাদ—অনন্তর কৃতী কুণ্ড সমীপে আসিয়া ঘৃতসিক্ত তিলদ্বারা মণ্ডলস্থ ব্রহ্মাদি প্রত্যেক দেবকে তাঁহাদের নামমন্ত্রে দশবার আহুতী দিবেন ॥ ৯৩৯ ॥

অথাধিবাসনবিধিঃ

অথ স্বস্তিকবত্তিন্যাং শয্যায়াং ব্রাহ্মণৈঃ সহ ।
শ্রীমূর্ত্তিং প্রাঙ্মুখং দিব্যাস্তরণেষু নিবেশয়েৎ ॥৯৪০॥

অনুবাদ—অনন্তর অধিবাসন বিধি—অনন্তর ব্রাহ্মণগণ সহ স্বস্তিকমণ্ডলে শয্যাতে দিব্য আস্তরণের উপর পূর্ব্বমুখ করিয়া শ্রীমূর্ত্তিকে শয়ন করাইবেন ॥ ৯৪০ ॥

ততঃ পুরুষসূক্তেনোত্তরনারায়ণেন চ ।
উপস্থাপ্য ততোঽর্চ্চায়াং ন্যসেত্তত্ত্বানি তত্ত্বতঃ ॥৯৪১

অনুবাদ—তৎপরে পুরুষসূক্ত ও উত্তর নারায়ণ সূক্ত পাঠ করতঃ অর্চ্চামূর্ত্তিতে তত্ত্বসমূহের ন্যাস করিবেন ॥ ৯৪১ ॥

টীকা—তত্ত্বতঃ যথাবিধীত্যর্থঃ। তচ্চৈবম্—পুরুষাত্মনে নমঃ, প্রাণাত্মনে নম ইতি শিরসি; প্রকৃতিতত্ত্বায় নমঃ, বুদ্ধিতত্ত্বায় নমঃ, অহঙ্কারতত্ত্বায় নমঃ, মনস্তত্ত্বায় নম ইতি হৃদি; তথা শব্দতত্ত্বায় নম ইতি শিরসি; স্পর্শতত্ত্বায় নম ইতি ত্বচি; রূপতত্ত্বায় নম ইতি হৃদি। এবং রস-গন্ধশ্রোত্রত্বক্-চক্ষুর্জিহ্বা-ঘ্রাণ-বাক্‌পাণিপাদপায়ূপস্থ-পৃথিব্যপ্‌তেজোবায়্বাকাশাখ্যানি তত্ত্বানি বস্তিপাদকর্ণত্বক্-চক্ষুর্জিহ্বাঘ্রাণশিখাসু যথাসম্ভবং বিন্যস্য দেহে বিন্যসেদিতি ॥ ৯৪১ ॥

ন্যসেৎ পুরুষসূক্তঞ্চ গন্ধাদ্যৈরর্চ্চয়েত্ততঃ।
শয্যায়াং স্থাপয়েদ্দেবং সুখশায়ী ভবেতি তম্ ॥৯৪২॥

অনুবাদ—পুরুষসূক্তও ন্যাস করিবেন, তৎপরে গন্ধাদি দ্বারা অর্চ্চন করিবেন, 'সুখশায়ী ভাব' এই বলিয়া শ্রীমূর্ত্তিকে শয্যাতে শয়ন করাইবেন ॥ ৯৪২ ॥

টীকা—পুরুষসূক্তন্যাসশ্চৈবম্—'অস্য পুরুষসূক্তমন্ত্রস্য নারায়ণঋষি পুরুষো দেবতা দেবস্যাঙ্গন্যাসে বিনিয়োগঃ' ইতি সহস্রশীর্ষাদি স্মৃত্বা, আদ্যমৃগ্‌দ্বয়মগ্রকরয়োঃ, উপরিতনং জানুনোঃ, তদুপরিতনং কট্যোঃ, সম্ভূম্যাদান্তিস্রো নাভিহৃদয়কণ্ঠেষু। তদুপরিতনমৃগ্‌দ্বয়ং বাহ্বোস্তদুপরিতনমক্ষ্ণোঃ, অন্ত্যামৃচং মস্তকে ন্যসেদিতি ॥ ৯৪২ ॥

অন্তরালে ন গন্তব্যং কৈশ্চিন্মণ্ডলশয্যয়োঃ।
নিষিধ্যৈবং দেবতাভ্যো বলিং বিধিবদর্পয়েৎ ॥৯৪৩॥

অনুবাদ—মণ্ডল ও শয্যার মধ্যে কেহ গমন করিবে না—এইভাবে নিষেধ করিয়া বিধিবৎ দেবতাদিগকে প্রসাদাংশ উপহার দিবেন ॥ ৯৪৩ ॥

টীকা—মণ্ডলশয্যয়োরন্তরালে মধ্যে কৈশ্চিন্ন গন্তব্যমিত্যেবং নিষেধং কৃত্বা। বিধিবদিতি ক্ষীরৌদনং ব্রহ্মণে, ঘৃতাম্নমুদকাভিঘারিতমিন্দ্রায়, আজ্যৌদনমগ্নয়ে, যাষ্যান্নং যমায়, কৃষ্ণব্রীহ্যন্নং পুরাণেন ঘৃতেন নির্ঋতয়ে, নবনীতৌদনং বরুণায়, যবৌদনং বায়বে, প্রৈয়ঙ্গবং সোমায়, গামীশায় বলিং দদ্যাদিতি জ্ঞেয়ম্ ॥ ৯৪৩ ॥

নৈবারিকচরুস্থালীমানীয় শয়নস্থলে।
দিগ্‌বলিং চরুশেষেণ বিতরেদ্বিধিবদ্‌বুধঃ ॥৯৪৪॥

অনুবাদ—শ্যামা তণ্ডুলের একথালি চরু শয়ন স্থলে আনীয়া অবশিষ্ট চরু দ্বারা অভিজ্ঞ ব্যক্তি চতুর্দ্দিকে বিধিবৎ প্রাণিগণের উদ্দেশ্যে ছিটাইয়া দিবেন ॥ ৯৪৪ ॥

কৃত্বাধিবাসনং ত্বেবং গীতবাদ্যাদিভিঃ শুভৈঃ।
সোৎসাহং সোৎসবস্তাঞ্চ রজনীমতিবাহয়েৎ ॥৯৪৫

অনুবাদ—এইভাবে অধিবাসন করিয়া মঙ্গল গীতবাদ্যাদি সহ অতি উৎসাহের সহিত উক্ত রজনী জাগরণ করিয়া অতিবাহিত করিবেন ॥ ৯৪৫ ॥

অথোত্থাপন-বিধিঃ

অরুণোদয়কালে সত্ত্যুত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে।
মন্ত্রেণানেন বাদ্যাদ্যৈর্দেবমুত্থাপয়েত্ততঃ ॥ ৯৪৬ ॥
স্তুত্বা পুরুষসূক্তেনোত্তরনারায়ণেন চ।
সঘৃতব্রীহিণা কুণ্ডে বিধিবচ্ছ্রপয়েচ্চরুম্ ॥ ৯৪৭ ॥

অনুবাদ—অনন্তর উত্থাপন-বিধি—অরুণোদয়-কালে 'উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে' এইমন্ত্রে শ্রীহরিকে বাদ্যাদি সহ উত্থাপন করাইবেন এবং পুরুষসূক্ত ও উত্তর নারায়ণ সূক্ত দ্বারা স্তব করিয়া ঘৃতসহ ব্রীহি দ্বারা হোমকুণ্ডে বিধিবৎ চরুপাক করাইবেন ॥৯৪৬-৯৪৭॥

টীকা—উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে ইত্যনেন মন্ত্রেণ ॥৯৪৬

ততশ্চাজ্যেনাভিঘার্য্য জুহুয়ান্নামমন্ত্রতঃ।
দশাহুতীঃ স্থাপ্যদেবমন্ত্রতো হবিষা দশ ॥ ৯৪৮ ॥

অনুবাদ—তৎপরে ঘৃতদ্বারা চরুকে সেচন করিয়া স্থাপনীয় শ্রীহরির নামমন্ত্রে চরু-হোম করিবে দশবার এবং ঘৃতদ্বারা দশবার আহুতি দিবে ॥ ৯৪৮ ॥

টীকা—নামমন্ত্রেণ দশাহুতীঃ স্থাপ্যদেবমন্ত্রেণ চ ঘৃতেন দশাহুতীর্জুহুয়াৎ ॥ ৯৪৮ ॥

অবদানানি হুত্বা চ চরুশেষেণ মন্ত্রতঃ ।
পূর্ণাহুতিঞ্চ জুহুয়াৎ তন্মন্ত্রদ্বয়তো বুধঃ ॥ ৯৪৯ ॥

অনুবাদ—মন্ত্রোচ্চারণ পূর্ব্বক চরু শেষ দ্বারা অবদান হোম করিয়া অভিজ্ঞ ব্যক্তি মন্ত্রদ্বয় দ্বারা পূর্ণাহুতি হোম করিবেন ॥ ৯৪৯ ॥

টীকা—চরুশেষেণ মন্ত্রতোঽবদানানি কৃত্বা । তন্মন্ত্রশ্চায়ম্—'অগ্নয়ে স্বাহা, সোমায় স্বাহা, ধন্বন্তরবে কুহ্বৈ অনুমত্যৈ প্রজাপতয়ে বিশ্বেভ্যো দেবেভ্যঃ, ওঁ সর্ব্বেভ্যো দেবেভ্যঃ, ওঁ ভূর্ভুবঃস্বঃ অগ্নয়ে স্বিষ্টকৃতে স্বাহা' ইতি । তন্মন্ত্রদ্বয়তঃ পূর্ণাহুতিহবনমন্ত্রাভ্যাং সপ্ত তে অগ্নে পুনস্ত্বামিত্যেতাভ্যাং, বুধ ইতি তত্তৎপ্রকারং তত্তন্মন্ত্রাংশ্চ জানাতীতি তদ্বিশেষলিখনপরিশ্রমেণ কিমিতি ভাবঃ । এবং সর্ব্বত্রৈব বোদ্ধব্যম্ ॥ ৯৪৯ ॥

ততো দত্ত্বা ধেনুমুখ্যাং শক্ত্যাচার্য্যায় দক্ষিণাম্ ।
মেরোরভিমুখং বেদ্যাং দেবং কুর্য্যাদ্দিনোদয়ে ॥৯৫০

অনুবাদ—অনন্তর সামর্থ্য থাকিলে শ্রেষ্ঠ গাভী আচার্য্যকে দান করিয়া দক্ষিণা দিবে । প্রভাতে শ্রীহরিকে বেদীর উপর মেরুর অভিমুখে বসাইবে ॥৯৫০

টীকা—দিনোদয়ে সূর্য্যে উদিতে সতি ॥ ৯৫০ ॥

ওষধীরিতি মন্ত্রেণ ততো দেবায় দর্শয়েৎ ।
সর্ব্বৌষধি-পুষ্পমূলফলানি বিবিধানি চ ॥ ৯৫১ ॥

অনুবাদ—অনন্তর শ্রীহরিকে ওষধীঃ এইমন্ত্রে সর্ব্বৌষধী বিবিধ পুষ্প, ফলমূল দেখাইবে ॥ ৯৫১ ॥

তাম্রপাত্রেঽথ মূলেন শতবারাভিমন্ত্রিতম্ ।
শান্ত্যম্বু গুরুরাদায় সিঞ্চেদ্দেবস্য মস্তকে ॥ ৯৫২ ॥

অনুবাদ—অনন্তর শ্রীগুরুদেব তাম্রঘটে মূলমন্ত্র দ্বারা শতবার অভিমন্ত্রিত শান্তিজল লইয়া শ্রীহরির মস্তকে অভিষেক করিবেন ॥ ৯৫২ ॥

টীকা—অথানন্তরং তাম্রপাত্রে স্থাপ্যদেবতামূলমন্ত্রেণ শতবারানভিমন্ত্রিতং শান্তিকলসতোয়মাদায়াচার্য্যো মূলমন্ত্রেণৈবাভিষেকং কুর্য্যাৎ ॥ ৯৫২ ॥

বিশ্বতশ্চক্ষুরিত্যেতমুপস্থাপ্য প্রকল্পয়েৎ ।
দেবাধো ধ্যানতো ব্রহ্মশিলাং রত্নাষ্টকান্বিতাম্ ।

অনুবাদ—বিশ্বতশ্চক্ষুঃ এইমন্ত্রে উপস্থাপনা করিয়া শ্রীহরির চরণের অধোদেশে ব্রহ্মশিলা অষ্টরত্নযুক্ত ধ্যান করিবেন ॥ ৯৫৩ ॥

টীকা—এতং দেবমুপস্থাপ্য, বজ্রমৌক্তিকবৈদূর্য্যশঙ্খস্ফটিক-পুষ্পরাগেন্দ্রনীল-মহানীলেতি রত্নাষ্টকোপেতাং ব্রহ্মশিলাং ধ্যানেন দেবস্যাধস্তাৎ প্রকল্পয়েৎ ॥ ৯৫৩ ॥

অথ দর্ভেষূপবিষ্টো ধৃতদর্ভঃ কৃতাঞ্জলিঃ ।
ব্রহ্মণে নম ইত্যাদিমন্ত্রং সপ্রণবং জপেৎ ॥ ৯৫৪ ॥

অনুবাদ—অনন্তর শ্রীগুরুদেব কুশাসনে উপবিষ্ট হইয়া কুশহস্তে করযোড়ে ব্রহ্মণে নমঃ ইত্যাদি মন্ত্র প্রণব সহ জপ করিবেন ॥ ৯৫৪ ॥

টীকা—'ওঁ ব্রহ্মণে নমো বিষ্ণবে নমো রুদ্রায় নমঃ । এবমিন্দ্রায় অগ্নয়ে যমায় নির্ঋতয়ে বরুণায় বায়বে সোমায় ঈশানায় বসুভ্যো রুদ্রেভ্যঃ আদিত্যেভ্যোঽশ্বিভ্যাম্, মরুদ্ভ্যঃ কুবেরায় গঙ্গাদিভ্যো মহানদীভ্যোঽগ্নীসোমাভ্যামিন্দ্রাগ্নীভ্যাং, দাব্যাপৃথিভ্যাং ধন্বন্তরয়ে সর্ব্বেষায় বিশ্বেভ্যো দেবেভ্যঃ ব্রহ্মণে নমঃ' ইতি মন্ত্রং জপেৎ ॥ ৯৫৪ ॥

ততোঽম্ভঃপূরিতং কুম্ভং ক্ষিপ্তসর্ব্বৌষধিং নবম্ ।
অভ্যর্চ্চ্য যজমানস্য পুরতঃ স্থাপয়েদ্গুরুঃ ॥৯৫৫॥

অনুবাদ—তৎপরে নব জলপূর্ণ ঘটে সর্ব্বৌষধি নিক্ষেপ করিয়া অর্চ্চনা করিয়া শ্রীগুরুদেব যজমানের অগ্রে স্থাপন করিবেন ॥ ৯৫৫ ॥

টীকা—অভ্যর্চ্চ্য কুম্ভমেব গন্ধাক্ষতাদিনা সম্পূজ্য ॥ ৯৫৫ ॥

হস্তং কুম্ভমুখে ন্যস্য বারানষ্টৌ চ বিংশতিম্।
ততোয়মভিমন্ত্র্যাস্মিংস্তীর্থান্যাবাহয়েত্ততঃ ॥ ৯৫৬ ॥

অনুবাদ—কুম্ভমুখে হস্ত স্থাপন পূর্ব্বক আঠাইশ-বার ঐ জলকে অভিমন্ত্রিত করিয়া ঐ ঘটে তীর্থ-সমূহকে আবাহন করিবেন ॥ ৯৫৬ ॥

———

তেনাভিষিঞ্চেদ্দেবাগ্রে যজমানং সহর্ত্বিজৈঃ।
ইমা আপঃ শিবতমা ইত্যাদিমনুভির্গুরুঃ ॥৯৫৭॥

অনুবাদ—তৎপরে শ্রীগুরুদেব ঋত্বিকগণ সহ শ্রীহরির অগ্রে যজমানকে ঐ তীর্থবারি দ্বারা অভি-ষেক করিবেন—ইহা আপঃ শিবতমাঃ ইত্যাদি মন্ত্র-সমূহ দ্বারা ॥ ৯৫৭ ॥

———

সুমুহূর্ত্তে কৃতন্যাসো জপ্ত্বা মূলমনুং ততঃ।
ভগবন্ প্রতিতিষ্ঠেতি মনস্যুচ্চারয়ন্ মুহুঃ ॥ ৯৫৮ ॥
কুসুমাঞ্জলিনা গীতবাদ্যমঙ্গলঘোষতঃ।
দেবং মূর্ত্তৌ প্রতিষ্ঠাপ্য তাং চ স্পৃষ্ট্বা জপেদৃচম্ ॥ ৯৫৯ ॥

অনুবাদ—তৎপরে সুমুহূর্ত্তে ন্যাস করিয়া মূল-মন্ত্র জপ করিয়া পরে 'হে ভগবন্ প্রতিষ্ঠিত' মনে বার বার উচ্চারণ করিতে করিতে গীতবাদ্য, মঙ্গল-ধ্বনি সহ কুসুমাঞ্জলি প্রদান পূর্ব্বক শ্রীহরিকে মূর্ত্তিতে প্রতিষ্ঠিত করিয়া প্রতিমাকে স্পর্শ করিয়া ঋক্‌মন্ত্র জপ করিবেন ॥ ৮৫৮-৯৫৯ ॥

টীকা—তাঞ্চ মূর্ত্তিং স্পৃষ্ট্বা 'ধ্রুবাঃ দ্যৌঃ ইত্যা-চং জপেৎ। অথ তঞ্চ দেবং পুরুষসূক্তেনোপতিষ্ঠেৎ, ভক্ত্যা স্তুবীত ॥ ৯৫৯ ॥

———

ধ্রুবা দ্যৌরিতি তং চোপতিষ্ঠেৎ পুরুষসূক্ততঃ।
যজমানঃ সভার্য্যোঽথ বিতরেৎ কুসুমাঞ্জলিম্ ॥৯৬০

অনুবাদ—'ধ্রুবা দৌঃ' ইতি 'তং চোপতিষ্ঠেৎ' পুরুষসূক্ত হইতে এইমন্ত্র জপ করিবেন। যজমান ভার্য্যা সহ পুষ্পাঞ্জলি বিতরণ করিবেন ॥ ৯৬০ ॥

———

তত্র মন্ত্রঃ

স্বাগতং দেবদেবেশ মদ্ভাগ্যাত্ত্বমিহাগতঃ।
প্রাকৃতত্বমদৃষ্ট্বা মাং বালবৎ প্রতিপালয় ॥৯৬১॥
॥ ইতি ॥

অনুবাদ—পুষ্পাঞ্জলি মন্ত্র—হে দেবদেবেশ স্বাগ-তং, আমার ভাগ্যে তুমি এখানে আসিয়াছ, আমাকে প্রাকৃতবৎ না দেখিয়া পুত্রবৎ প্রতিপালন কর ॥৯৬১॥

———

শান্তিকুম্ভাম্ভসা দেবং গুরুঃ পঞ্চামৃতৈরপি।
অভিষিচ্য স্নাপয়েত্তং রক্তপুষ্পকুশাম্বুনা ॥ ৯৬২ ॥

অনুবাদ—শ্রীগুরুদেব শান্তিঘটের জলদ্বারা এবং পঞ্চামৃত দ্বারা অভিষেক করিয়া শ্রীহরিকে রক্তপুষ্প ও কুশজল দ্বারা স্নান করাইবেন ॥ ৯৬২ ॥

———

সচ্চিদানন্দমিত্যাদি-মন্ত্রেণ কুসুমাঞ্জলৌ।
পরিভাব্যাগতং দেবং ন্যসেৎ প্রতিকৃতৌ ততঃ ॥৯৬৩

অনুবাদ—সচ্চিদানন্দম্ ইত্যাদি মন্ত্রে পুষ্পা-ঞ্জলীতে শ্রীহরি আসিয়াছেন—এই ভাবনা করিয়া প্রতিমাতে অর্পণ করিবেন ॥ ৯৬৩ ॥

টীকা—সচ্চিদানন্দং ব্রহ্মৈব ভক্তানুগ্রহায় গৃহীত-বিগ্রহং করচরণাদ্যবয়বিনং শঙ্খচক্রগদাদ্যায়ুধবন্তং নিজবাহনাদ্যুপেতং নিজহৃৎকমলমধ্যেঽবস্থিতং সর্ব্ব-লোকসাক্ষিণমণীয়াংসং 'পরমেষ্ঠ্যসি পরমাং মাং শ্রিয়ং গময়' ইতি মন্ত্রেণ কুসুমযুক্তাঞ্জলাবাগতং পরি-ভাব্য প্রতিকৃতৌ শ্রীমূর্ত্তৌ বিন্যসেৎ ॥ ৯৬৩ ॥

———

নিরুধ্য প্রণবেনাথ প্রাদুর্ভূতং বিচিন্ত্য তম্।
স্পৃষ্ট্বাঙ্‌ঘ্রিনাভিমস্তেষু ইহৈবৈষীতি ত্রির্জপেৎ ॥৯৬৪।

অনুবাদ—অনন্তর প্রণবদ্বারা নিরোধ করিয়া, তৎপরে শ্রীহরি প্রাদুর্ভূত হইয়াছেন এইরূপ ভাবনা ইহৈ বৈষীতি মন্ত্রে শ্রীচরণ, নাভি ও মস্তকে স্পর্শ করিয়া তিনবার জপ করিবেন ॥ ৯৬৪ ॥

টীকা—অর্চ্চাসু তত্তৎপ্রতিমাসু প্রতিষ্ঠাপয়েৎ, তদভাবে চ শ্রীমূর্ত্তৌ মুখ্যভগবৎপ্রতিমায়ামেব তাঃ সর্ব্বাঃ বিচিন্তয়েৎ ॥ ৯৬৪ ॥

———

স্বস্বমন্ত্রৈঃ পরীবারদেবতাঃ পূর্ব্ববদ্বুধঃ।
প্রতিষ্ঠাপয়েদর্চ্চাসু শ্রীমূর্ত্তৌ বা বিচিন্তয়েৎ ॥৯৬৫॥

অনুবাদ—অভিজ্ঞব্যক্তি পরিকর দেবতাগণকে নিজ নিজ মন্ত্রে পূর্ব্ববৎ অর্চ্চা বিগ্রহ সমূহে অথবা শ্রীমূর্ত্তিতে বিশেষ ভাবে চিন্তা করিবেন ॥ ৯৬৫ ॥

সকলীকৃত্য দেবং চ মূলমন্ত্রেণ পূজয়েৎ।
উপচারৈঃ ষোড়শভিঃ পরিবারান্বিতং ততঃ ॥৯৬৬॥
অষ্টোত্তরশতং মূলমন্ত্রমাবর্ত্ত্য শক্তিতঃ।
প্রণম্য দণ্ডবদ্দেবং ব্রাহ্মণান্ স্বস্তি বাচয়েৎ ॥৯৬৭॥

অনুবাদ—শ্রীহরিকে সকলীকরণ করিয়া মূল-মন্ত্রেও পূজা করিবেন, ষোড়শ উপচার দ্বারা পরিবার সমন্বিত, তৎপরে যথাশক্তি অষ্টোত্তর শতবার মূল-মন্ত্র আবৃত্তি করিয়া শ্রীহরিকে দণ্ডবৎ প্রণাম করিয়া ব্রাহ্মণগণকে স্বস্তিবাচন পাঠ করাইবেন ॥৯৬৬-৯৬৭

টীকা—শক্তিতঃ যথাশক্তি দেবং দণ্ডবৎ প্রণম্য যজমানার্থং স্বস্তি বাচয়েৎ ॥ ৯৬৭ ॥

অথাচার্য্যাদিসম্মাননম্

যজমানস্ততো দদ্যাদাচার্য্যায় তু দক্ষিণাম্।
গবাং শতং তদর্দ্ধং বা গামেকাং বাত্যশক্তিতঃ ॥৯৬৮

অনুবাদ—অনন্তর আচার্য্যাদি সম্মানন—তৎপরে যজমান আচার্য্যকে দক্ষিণা দিবেন—একশত গাভী বা তদর্দ্ধ অথবা অত্যন্ত অশক্ত হইলে একটি গাভী দান করিবেন ॥ ৯৬৮ ॥

টীকা—দক্ষিণামেব লিখতি—গবামিতি। অত্য-শক্তিত ইতি, পঞ্চাশত্যশক্তৌ পঞ্চবিংশতিং, তত্র চাশক্তৌ দ্বাদশ, তত্রাপ্যশক্তৌ তিস্রঃ, অত্যন্তাশক্তৌ চৈকামেবেত্যর্থঃ ॥ ৯৬৮ ॥

দদ্যাত্তদর্দ্ধমৃত্বিগ্ভ্যো জাপিভ্যশ্চ তদর্দ্ধকম্।
অন্যেভ্যশ্চ যথাশক্তি বিবিধং দানমাচরেৎ ॥৯৬৯॥

অনুবাদ—ঋত্বিকগণকে তাহার অর্দ্ধেক, জপ-কারীগণকে তাহার অর্দ্ধেক অন্য সকলকে যথাশক্তি বিবিধ দ্রব্য দান করিবেন ॥ ৯৬৯ ॥

ততো গুরুর্হৃষ্টমনাঃ সর্ব্বকামিতলব্ধয়ে।
সুক্ষণে যজমানাঙ্কে শ্রীমূর্ত্তিং তাং সমর্পয়েৎ ॥৯৭০॥

অনুবাদ—অনন্তর শ্রীগুরুদেব হৃষ্টচিত্তে সর্ব্ব-বিধ বাসনা সিদ্ধির জন্য শুভক্ষণে ঐ শ্রীমূর্ত্তিকে যজ-মানের ক্রোড়ে সমর্পণ করিবেন ॥ ৯৭০ ॥

টীকা—তাং প্রতিষ্ঠিতাং চলাং শ্রীমূর্ত্তিং যজ-মানস্য অঙ্কে ক্রোড়ে সমর্পয়েদিতি প্রায়শ্চলশ্রীমূর্ত্তে-র্গৃহস্থাপনেন অল্পপরিমাণাদ্যপেক্ষয়া, কিংবা যজমানস্য ভাববিশেষজননাভিপ্রায়েনেতি দিক্ ॥ ৯৭০ ॥

ততঃ সর্ব্বং পতাকাদি-মণ্ডপস্থং সমর্প্য চ।
আচার্য্যায় নমস্কৃত্য শক্ত্যা বিপ্রাংশ্চ ভোজয়েৎ ॥৯৭১

অনুবাদ—তৎপরে মণ্ডপস্থ পতাকাদি সকল বস্তু আচার্য্যকে সমর্পণ করিয়া নমস্কার করিয়া যথাশক্তি বিপ্রগণকে ভোজন করাইবেন ॥ ৯৭১ ॥

অথ প্রতিষ্ঠাফলম্

উক্তঞ্চ বৌধায়নেন—
এবং কুর্ব্বন্ প্রতিষ্ঠাঞ্চ যজ্ঞানাং ফলমাপ্নুয়াৎ।
দীর্ঘায়ুর্লব্ধলক্ষ্মীকো বসেৎ স্বর্গে চিরং সুখী ॥৯৭২॥

অনুবাদ—অনন্তর প্রতিষ্ঠার ফল, বৌধায়ন বলি-য়াছেন—এইভাবে প্রতিষ্ঠা করিলে যজ্ঞ সকলের ফল প্রাপ্ত হওয়া যায়। দীর্ঘায়ু ও সম্পদ লাভ করিয়া স্বর্গে দীর্ঘকাল সুখে বাস করেন ॥ ৯৭২ ॥

মর্ত্ত্যলোকে চ জায়েত সর্ব্বকামসমৃদ্ধিমান্।
ততোঽক্ষয়সুখে লোকে বৈকুণ্ঠে রমতে সদা ॥৯৭৩॥

অনুবাদ—সর্ব্বকাম সমৃদ্ধিমান্ হইয়া মর্ত্ত্য-লোকেও জন্মগ্রহণ করে। অনন্তর অক্ষয় সুখে বৈকুণ্ঠলোকে সর্ব্বদা ক্রীড়া করে ॥ ৯৭৩ ॥

অথৈকাধ্বরমার্গেণ চলার্চ্চাস্থাপনে বিধিঃ ।
সংক্ষিপ্তো লিখ্যতে বৌধায়নাদুক্তানুসারতঃ ॥৯৭৪॥

অনুবাদ—অনন্তর একাধ্বর প্রতিষ্ঠা বিধি অনুসারে চল বিগ্রহ স্থাপন বিধি বৌধায়নাদির উক্তি অনুসারে সংক্ষিপ্ত ভাবে লিখিত হইতেছে ॥ ৯৭৪ ॥

অথৈকাধ্বরপ্রতিষ্ঠাবিধিঃ

কুণ্ডমণ্ডপবেদীনাং নাত্রাপেক্ষাস্তি তাদৃশী ॥৯৭৫॥

অনুবাদ—অনন্তর একাধ্বর প্রতিষ্ঠা বিধি—একাধ্বর প্রতিষ্ঠা বিধিতে কুণ্ড, মণ্ডপ, বেদী প্রভৃতির পূর্ব্ববৎ প্রয়োজন নাই ॥ ৯৭৫ ॥

যজমানঃ পুণ্যকালে পুণ্যদেশে কৃতক্রিয়ঃ ।
স্বস্তিবাচনপূর্ব্বন্তু নান্দীশ্রাদ্ধং সমাচরেৎ ॥ ৯৭৬ ॥

অনুবাদ—যজমান শুভক্ষণে পবিত্র দেশে নিত্যকর্ম্ম করিয়া স্বস্তিবাচন পূর্ব্বক নান্দীশ্রাদ্ধ করিবেন ॥৯৭৬॥

আচার্য্যমেকং বৃণুয়াৎ নর্ত্তিগাদীংশ্চ কাংশ্চন ।
বিদধ্যাৎ সর্ব্বমাচার্য্যো ইত্যেকাধ্বরিকো বিধিঃ ॥৯৭৭

অনুবাদ—ঋত্বিকাদি কাহাকেও বরণ না করিয়া একমাত্র একজন আচার্য্যকে বরণ করিবেন, সর্ব্বকার্য্যের ভার আচার্য্যের উপর ন্যস্ত করিবেন—ইহাই একাধ্বর প্রতিষ্ঠা বিধি ॥ ৯৭৭ ॥

টীকা—তাদৃশী পূর্ব্ববদত্রাপেক্ষা নাস্তি, তাঃ কৃতা অকৃতা বেত্যাগ্রহো নাস্তিত্যর্থঃ । কৃতাঃ ক্রিয়া নিত্যকর্ম্মাণি যেন । আচার্য্যমেবৈকং বৃণুয়াৎ, ন ত্বন্যান্ কাংশ্চন বৃণুয়াৎ ॥ ৯৭৭ ॥

আচার্য্যো যজমানানুজ্ঞয়া সংকল্পমাচরেৎ ।
স্থণ্ডিলেঽগ্নিং প্রতিষ্ঠাপ্য ব্রীহিণা শ্রপয়েচ্চরুম্ ॥৯৭৮

অনুবাদ—আচার্য্য যজমানের আদেশে সংকল্প করিবেন। স্থণ্ডিলে অগ্নি প্রতিষ্ঠা করিয়া ব্রীহি দ্বারা চরুপাক করিবেন ॥ ৯৭৮ ॥

আজ্যভাগান্তমাচার্য্যো মূর্ত্তিং বারাষ্টকং মুদা ।
স্নাপয়েৎ পূর্ব্ববৎ পঞ্চগব্যৈঃ পঞ্চামৃতৈরপি ॥৯৭৯॥

অনুবাদ—আজ্যভাগান্তে আচার্য্য আনন্দের সহিত পূর্ব্ববৎ পঞ্চগব্য ও পঞ্চামৃত দ্বারা শ্রীমূর্ত্তিকে অষ্টবার স্নান করাইবেন ॥ ৯৭৯ ॥

অষ্টভিশ্চাভিষিঞ্চেত্তামাপো হিষ্ঠেতি মন্ত্রতঃ ।
কুম্ভৈঃ সদূর্ব্বাসিদ্ধার্থপঞ্চপল্লবতোয়কৈঃ ॥ ৯৮০ ॥

অনুবাদ—আপো হিষ্ঠেতি মন্ত্রে দূর্ব্বা সিদ্ধার্থ পল্লবযুক্ত অষ্ট কুম্ভজল দ্বারা শ্রীমূর্ত্তিকে অভিষেক করিবেন ॥ ৯৮০ ॥

টীকা—দূর্ব্বাদিসহিতৈরষ্টভিঃ কুম্ভৈস্তাং শ্রীমূর্ত্তিমভিষিঞ্চেৎ স্নাপয়েৎ ॥ ৯৮০ ॥

অভ্যর্চ্য বস্ত্রগন্ধাদ্যৈরর্চ্চাং তাং নামমন্ত্রতঃ ।
সর্ব্বতোভদ্রমধ্যস্থ-ভদ্রপীঠে নিবেশয়েৎ ॥ ৯৮১ ॥

অনুবাদ—শ্রীমূর্ত্তির নামমন্ত্রে তাঁহাকে বস্ত্র ও গন্ধাদি দ্বারা অর্চ্চন করিয়া সর্ব্বতোভদ্র মণ্ডলের মধ্যস্থিত ভদ্রপীঠে স্থাপন করিবেন ॥ ৯৮১ ॥

টীকা—নামমন্ত্রেণাভ্যর্চ্চ্য সর্ব্বতোভদ্রমণ্ডলমধ্যবর্ত্তিনি ভদ্রপীঠে স্থাপয়েৎ ॥ ৯৮১ ॥

তৎপ্রাগাদ্যষ্টদিক্ষ্বষ্টৌ সগন্ধাক্ষতপল্লবান্ ।
কুম্ভান্ জলভৃতাম্ন্যস্যেদ্দীপান্ প্রজ্বালয়েত্তথা ॥৯৮২॥

অনুবাদ—সর্ব্বতোভদ্রমণ্ডলের পূর্ব্বাদি অষ্টদিকে গন্ধ অক্ষত পল্লবযুক্ত জলপূর্ণ অষ্টকুম্ভ বিন্যাস করিবে, তৎসহ অষ্টদীপও প্রজ্বালিত করিবে ॥ ৯৮২

টীকা—তথৈবাষ্টৌ দীপান্ প্রজ্বালয়েৎ ॥ ৯৮২॥

নেত্রে চ প্রাগ্বদুন্মীল্য মধুনাক্তং প্রদায় চ ।
চিত্রান্নবলিমাত্মেষ্টদেবমাহাত্ম্যকং স্মরেৎ ॥৯৮৩॥

অনুবাদ—পূর্ব্ববৎ নেত্রদ্বয় উন্মীলন করিয়া মধু মিশ্রিত চিত্রান্ন উপহার দিয়া নিজ ইষ্টদেবের মাহাত্ম্য স্মরণ করিবে ॥ ৯৮৩ ॥

টীকা—চিত্রান্নবলিং প্রদায় চ ॥ ৯৮৩ ॥

স্তুত্বা পুরুষসূক্তেন পরিপূজ্যাঙ্গদেবতাঃ ।
প্রত্যেকং জুহুয়াৎ সাষ্টশতন্তু সমিদাদিভিঃ ॥৯৮৪॥

অনুবাদ—পুরুষসূক্ত দ্বারা স্তব করিয়া অঙ্গদেবতার পূজা করিয়া সমিদাদি দ্বারা প্রত্যেক অষ্টোত্তর শত হোম করিবেন ॥ ৯৮৪ ॥

টীকা—সমিদাদিভিঃ—সমিদাজ্যচরুতিলৈঃ ॥৯৮৪

একৈকদ্রব্যহোমান্তে স্পৃশেদ্দেবঞ্চ পূর্ব্ববৎ ।
ক্ষিপেদাহুতিসংঘাতং ন্যস্তেঽগ্ন্যুত্তরতো ঘটে ॥৯৮৫॥

অনুবাদ—এক এক দ্রব্যের হোম শেষে শ্রীহরিকে পূর্ব্ববৎ স্পর্শ করিবে, অগ্নির উত্তর দিকে স্থাপিত ঘটে আহুতি শেষ নিক্ষেপ করিতে হইবে ॥ ৯৮৫ ॥

টীকা—অগ্নেরুত্তরতো ন্যস্তে পুরাস্থাপিতে আহুতিসংঘাতং পূর্ব্ববদেব নিক্ষিপেৎ ॥ ৯৮৫ ॥

ততঃ পূর্ণাহুতিং হুত্বা হোমশেষং সমাপয়েৎ ।
ততঃ কৃতাঙ্গন্যাসঃ সন্ দেবং হৃদি বিচিন্তয়েৎ ॥৯৮৬

অনুবাদ—অতঃপর পূর্ণাহুতি প্রদান করিয়া হোম শেষ করিবে। অতঃপর অঙ্গন্যাস করিয়া হৃদয়পদ্মে শ্রীহরিকে চিন্তা করিবে ॥ ৯৮৬ ॥

মূলমুচ্চারয়ন্মন্ত্রং দেবং হৃৎস্থঞ্চ সুক্ষণে ।
কুসুমেন প্রতিষ্ঠাপ্য শ্রীমূর্ত্তৌ স্থাপয়েদথ ॥ ৯৮৭ ॥

অনুবাদ—মূলমন্ত্র উচ্চারণ করিতে করিতে হৃদয় পদ্মস্থিত শ্রীহরিকে শুভক্ষণে পুষ্পাঞ্জলীতে আনিয়া শ্রীমূর্ত্তিতে স্থাপন করিবে ॥ ৯৮৭ ॥

ধ্রুবসূক্তৈঃ প্রতিষ্ঠাপ্য সুপ্রতিষ্ঠো ভবেতি তম্ ।
প্রণবেন নিরুধ্যেষ্টং সংপ্রার্থ্য স্তুতিমাচরেৎ ॥৯৮৮॥

অনুবাদ—অনন্তর ধ্রুব সূক্তদ্বারা প্রতিষ্ঠা করিয়া 'সুপ্রতিষ্ঠো ভব' এই বলিয়া শ্রীহরিকে প্রণবদ্বারা নিরোধ করিয়া অভিলষিত প্রার্থনান্তে পুরুষ সূক্তাদিদ্বারা স্তব করিবে ॥ ৯৮৮ ॥

টীকা—ইষ্টং নিজবাঞ্ছিতং সম্যক্ প্রার্থ্য পুরুষসূক্তাদিনা স্তুবীত ॥ ৯৮৮ ॥

অথাগ্র্যোদককুম্ভস্যাভিমন্ত্রপুরঃসরম্ ।
মূলেনাচমনীয়ান্তানাসনাদীন্ সমর্পয়েৎ ॥ ৯৮৯ ॥

অনুবাদ—অনন্তর প্রথম জলঘট অভিমন্ত্রণ পূর্ব্বক আসনাদি আচমনীয়ান্ত উপচার মূলমন্ত্রে সমর্পণ করিবেন ॥ ৯৮৯ ॥

টীকা—আসনম্, আদি-শব্দেন আবাহন-পাদ্যার্ঘ-মধুপর্কাচমনীয়ানি ॥ ৯৮৯ ॥

সংস্নাপ্যাথ কৃতন্যাসং দেবং পঞ্চামৃতৈঃ সুখম্ ।
সম্পাতকলসোদেন বিশুদ্ধাম্ভোদকেন চ ॥ ৯৯০ ॥
শঙ্খাপিতেন সংস্নাপ্য তন্মন্ত্রৈর্বারসপ্তকম্ ।
বস্ত্রালঙ্কারগন্ধাদীনুপচারান্ প্রকল্পয়েৎ ॥ ৯৯১ ॥

অনুবাদ—প্রথম ঘট জলদ্বারা শ্রীহরিকে স্নান করাইয়া পরে ন্যাসান্তে সানন্দে পঞ্চামৃত দ্বারা সম্পাত কলস জলদ্বারা, বিশুদ্ধ অন্নজল দ্বারা শঙ্খে করিয়া মূলমন্ত্রে সপ্তবার স্নান করাইয়া বস্ত্র অলঙ্কার গন্ধাদি উপচার সমূহ নিবেদন করিবে ॥ ৯৯০-৯৯১ ॥

টীকা—তন্মন্ত্রৈরিতি, 'ইমা আপঃ শিবতমাঃ' ইতি, সম্পাতকলসোদকেন তন্মূলমন্ত্রেণ চ শুদ্ধাম্ভোদকেন বারসপ্তকং সপ্তকৃত্বঃ সংস্নাপ্য ॥ ৯৯০ ৯৯১ ॥

নৈবেদ্যানি বিচিত্রাণি পুরুষাহারসম্মিতম্ ।
সঘৃতং শর্করোপেতং পায়সং বা নিবেদয়েৎ ॥৯৯২॥

টীকা—ননু শিলাধিবাসনাদিবিধিঃ কীদৃশঃ? ইত্যপেক্ষায়াং লিখতি—স্বয়মিতি। স্ফুটমিতি—একত্রৈব ব্যক্তং তত্র বর্ত্তমানত্বাদত্র ন লিখিত ইতি ভাবঃ। তথা চ তত্র শিলাধিবাসনপটলে—'নবৈব পরিগৃহ্ণীয়াত্তাম্রকুম্ভান্ সুশোভনান্। আহৃত্য সর্ব্বসম্ভারানিণ্টকামধিবাসয়েৎ ॥ ঐশান্যাং মণ্ডপং কৃত্বা তদ্বৎ প্রাচ্যাং চ মণ্ডপম্ ॥ কুম্ভানামিণ্টকানাঞ্চ ততঃ স্নপনমাচরেৎ ॥ অথ পঞ্চকষায়েণ সর্বৌষধিজলেন চ। গন্ধতোয়েন চ তথা কুম্ভৈস্তোয়সুপূরিতৈঃ ॥ হিরণ্যব্রীহিসংযুক্তৈর্গন্ধচন্দনচর্চ্চিতৈঃ। আপো হিষ্ঠেতি তিসৃভিঃ শন্নো দেবীতি চাপ্যথ ॥ তরৎ সমন্দীতি তথা পাবমানীভিরেব চ। উদুত্তমং বরুণেতি ইমম্মেতি তথৈব চ। বরুণস্যেতি মন্ত্রেণ হংসঃ শুচিষদিত্যপি। শ্রীসূক্তেন তথা কুম্ভৈঃ স্নাপয়েদিণ্টকাং তথা ॥ শ্রাবণীয়ং পঠন্ সূক্তং কুম্ভাংস্তান্ স্নাপয়েদ্বুধঃ। ততোঽনুলেপনং কার্য্যং চন্দনেন সুগন্ধিনা। আচ্ছাদনং ততঃ কুর্য্যাদ্বাসোভিঃ কুসুমৈস্ততঃ। শয্যায়াং তু প্রকুণ্টায়াং মণ্ডপে স্থাপ্য পূজয়েৎ ॥ নানাপ্রখ্যে দনৈশ্চৈব গন্ধৈঃ পুষ্পৈর্মনোহরৈঃ। ধূপং দীপঞ্চ নৈবেদ্যং তেষাং যত্নান্নিবেদয়েৎ ॥ এবং কৃত্বা ততঃ সম্যগিণ্টকাহোমমাচরেৎ। তস্মিংস্তু মণ্ডপে লিখ্য বৈষ্ণবং মণ্ডলং শুভম্ ॥ বিষ্ণুমভ্যর্চ্চয়েত্তত্র কুণ্ডেঽগ্নিং জুহুয়াত্ততঃ। বৈষ্ণবাগ্নিং জ্বলিত্বাদৌ যথাবিধি সমাহিতঃ ॥ কুর্য্যাচ্চ সমিদাধানং দ্বাদশাক্ষরবিদ্যয়া। আঘারাজ্যদ্বিভাগৌ তু প্রণবেনৈব কারয়েৎ ॥ অণ্টাক্ষরৈস্ততো ব্যস্তৈঃ কুর্য্যাদণ্টাহুতীঃ ক্রমাৎ। আজ্যং ব্যাহৃতিভির্হুত্বা লোকেশানাং ক্রমেণ তু ॥ অগ্নয়ে চৈব সোমায় গ্রহেভ্য ইতি চৈব হি। পুরুষোত্তমায়েতি হুত্বা ব্যাহৃতীর্জুহুয়াত্ততঃ ॥ প্রায়শ্চিত্তং ততো হুত্বা দদ্যাৎ পূর্ণাহুতিং ততঃ। দ্বাদশাক্ষরমন্ত্রেণ বেদাদ্যৈরথবানঘ। কুণ্ডেষু মূর্ত্তিপাঃ সম্যক্ জুহুয়ুঃ সঘৃতাংস্তিলান্ ॥' অথ পাতালযাগপটলে চ—'কুম্ভন্যাসং ততঃ কুর্য্যাদিণ্টকান্যাসমেব চ। দেশিকো প্রাঙ্মুখো ভূত্বা সর্ব্বালঙ্কারভূষিতঃ ॥ বিলিপ্য গোময়ৈর্ভূমিং বিন্যসেৎ কলসানব। অণ্টদিক্ষু যথান্যায়ং মধ্যে চৈকং তথা ন্যসেৎ ॥ পঞ্চরত্নসমাযুক্তান্মঙ্গলৌষধিসংযুতান্। পারদেন সমাযুক্তান্ কৃত্বা বস্ত্রেণ ভূষিতান্ ॥ শঙ্খং চৈব মহাপদ্মং মকরং

কচ্ছপং তথা। মুকুন্দঞ্চ তথা নন্দং নীলং শঙ্খঞ্চ পদ্মিনীম্। এতাস্ত দেবতাঃ কুম্ভে ন্যসনীয়া যথাক্রমম্॥ এবং বিন্যস্য কলসান্ পুনর্নৈতান প্রচালয়েৎ। কুম্ভস্যোপরি বিন্যস্য ইণ্টকাণ্টৌ যথাক্রমম্। ঐশানে চ তথা কোণে ইণ্টকাং প্রথমাং ন্যসেৎ। প্রদক্ষিণক্রমেণৈব ইণ্টকান্যাস ইষ্যতে। শক্তয়ো বিমলাদ্যাস্ত ইণ্টাকানাং তু দেবতাঃ। ন্যাসনীয়া যথান্যায়ং মধ্যে ন্যস্যাস্ততো গ্রহাঃ। অব্যঙ্গে চাক্ষতে পূর্ণে মুনেরঙ্গিরসঃ সুতে। ইণ্টকে ত্বং প্রযচ্ছেণ্টং প্রতিষ্ঠাং কারয়াম্যহম্। মন্ত্রেণানেন বিন্যস্য ইণ্টকাং দেশিকোত্তমঃ। গর্ভাধানং ততঃ কুর্য্যান্মধ্যস্থানে সমাহিতঃ॥' ইত্যাদি। অত্র কেষাঞ্চিচ্ছিণ্টানাং মতমেবম্—প্রাসাদস্য চতুষ্কোণেষু চতুরো গর্ত্তান্ বিধায় প্রতিগর্ত্তোপরি বেদীং নির্ম্মায়, তদুপরি শুক্লতণ্ডুলান্ নিক্ষিপ্য তদুপর্য্যাগ্নেয়াদিকোণেষু প্রশস্তাঃ নন্দাদ্যাঃ শিলা ইণ্টকা বা বিধায় প্রতিবেদিসন্নিধৌ সুলক্ষণং পঞ্চপল্লবাদিযুতং নির্ম্মলজলপূরিতম্। কলসং সংস্থাপ্যাগ্নেয়াদিষু স্বস্ববেদ্যুপরি নন্দাদ্যাঃ স্থাপয়েৎ। ততঃ প্রশস্তেন কেনাপি বারিণা প্রত্যেকং প্রণবেন সংস্নাপ্য অস্ত্রায় ফড়িতি পুনরপি স্নাপয়েৎ, বস্ত্রেণ তোয়মপনয়েচ্চ। এবং চতসৃণামপি প্রত্যেকং স্নপনং বিধায় 'ওঁ নন্দায়ৈ নমঃ' ইতি গন্ধপুষ্পাদিভিরুপচারৈঃ প্রত্যেকমর্চ্চয়েৎ। ততো বক্ষ্যমাণমন্ত্রৈর্বিজ্ঞাপ্য গীত-বাদ্য-বেদনির্ঘোষৈঃ স্ব-স্ব-দিক্ষ্ববতারয়েৎ। প্রথমশিলাবতারণে প্রশস্তশকুনাদিকমপি নিরূপণীয়ম্। শিলাস্ত প্রাগুত্তরপ্লবা ন্যস্তব্যাঃ, ন তু দক্ষিণ-পশ্চিমপ্লবাঃ। অথোদকান্তরেণাস্ত্রায় ফড়িতি স্নাপয়িত্বা মন্ত্রবারিণা স্নাপয়েৎ। ততো দিব্যরূপাং হেমাভাং সুভূষিতাং স্মিতাননাং তাং ধ্যাত্বা মন্ত্রমুচ্চার্য্য 'ওঁ ভগবতি নন্দে ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইত্যাবাহ্য বৈদিকৈরপি মন্ত্রৈঃ প্রতিষ্ঠাপ্য পূর্ব্বদিক্স্থকুম্ভোদকেন মন্ত্রেণ স্নাপয়িত্বা অবশিণ্ট-কুম্ভোদকেন 'ওঁ নন্দায়ৈ নমঃ' ইতি স্নাপয়েৎ। ততো বস্ত্রেণ তোয়মপনীয় বস্ত্রগন্ধাদিভিরুপচারৈঃ প্রত্যেকমর্চ্চয়েৎ। ততো ধূপয়িত্বা পুনরভ্যর্চ্চ্য সামান্যমুদ্রাং বদ্ধা দধিমাংসাদিনৈবেদ্যং নিবেদ্য 'ওঁ নন্দায়ৈ নমঃ', 'ওঁ নন্দে ত্বং নন্দসে পুংসাং রক্ষ মাং স্থাপয়াম্যহম্। অস্মিন্ সন্তিষ্ঠ সংহৃণ্টা যাবদাচন্দ্রতারকম্॥ আয়ুঃ কামং প্রিয়ং নন্দে দদাসি সর্ব্বদা নৃণাম্। অস্মিন্ রক্ষা ত্বয়া কার্য্যা প্রাসাদে জয়তঃ সদা॥' ইতি মন্ত্রেণ নন্দাং স্থাপয়িত্বা পূর্ব্ববদুপচারৈর্ভদ্রামভ্যর্চ্চ্য 'ওঁ ভদ্রায়ৈ নমঃ', 'ওঁ ভদ্রে ত্বং সর্ব্বদা ভদ্রং পুংসাং কুরু হিতাবহম্। আয়ুষ্কামপ্রদা দেবি শ্রীপদা সর্ব্বদা ভব।' ততো জয়াং প্রতি, 'ওঁ জয়ায়ৈ নমঃ, ওঁ জয়ে ত্বং সর্ব্বদা ভদ্রে সন্তিষ্ঠ স্থাপিতা ময়া। নিত্যং জয়ং জয়ে দেবি স্বামিনো জয়দা ভব॥' ততঃ পূর্ণাং প্রতি, 'ওঁ পূর্ণায়ৈ নমঃ, ওঁ পূর্ণে ত্বং চ মহাবিদ্যে সর্ব্বসন্দোহলক্ষণে। সর্ব্বং সম্পূর্ণমেবাত্র প্রসাদং কুরু সম্পদা॥' এবং প্রসাদয়েৎ। ততঃ প্রভৃতি শিলানামিণ্টকানাঞ্চ চালনং ন কর্ত্তব্যম্। ততশ্চ 'যান্ত দেবগণাঃ সর্ব্বে পূজামাদায় পার্থিবাৎ। ইণ্টকামপ্রসিদ্ধ্যর্থং পুনরাগমনায় চ' ইতি পঠিত্বা ক্ষমধ্বমিতি চোক্ত্বাচার্য্যো দেবতা বিসর্জ্জয়েৎ। ততো যজমানঃ প্রাঙ্মুখোপবিণ্টায়াচার্য্যায় দক্ষিণাং গাং বস্ত্রাদিকং চ দদ্যাৎ। অথ স্বস্তিবাচকান্ দৈবজ্ঞস্থপতি-বৈষ্ণবাংশ্চ সম্পূজ্য শক্ত্যা ব্রাহ্মণান্ ভোজয়েদিতি॥ ২৩১॥

অথ পীঠবন্ধনম্

হয়শীর্ষে—

পীঠবন্ধং ততঃ কুর্য্যান্মহাপ্রাসাদমানতঃ।
পীঠোত্তমং চোচ্ছ্রয়েণ প্রাসাদস্যোর্দ্ধমানতঃ॥২৩২
পাদহীনং মধ্যমং স্যাৎ কন্যসং চার্দ্ধমানতঃ।
উত্তমং বাসুদেবস্য কুর্য্যাৎ পীঠং বিচক্ষণঃ॥২৩৩॥

অনুবাদ—অনন্তর পীঠবন্ধন, হয়শীর্ষ পঞ্চরাত্রে—অনন্তর শ্রীবাসুদেবের মহাপ্রাসাদের পরিমাণ অনুসারে পীঠবন্ধন কর্ত্তব্য। প্রাসাদের উচ্চতার অর্দ্ধপরিমাণে পীঠবন্ধ হইলে উহা উত্তম, ইহার একপাদ (চতুর্থাংশ) কম হইলে মধ্যম ইহার অর্দ্ধেক হইলে কনিষ্ঠ। বিচক্ষণ ব্যক্তি বাসুদেবের প্রাসাদের পীঠবন্ধন (প্রাসাদের মূল হইতে ভূমির উপর পর্য্যন্ত) উত্তম মানের করিবেন॥ ২৩২-২৩৩॥

টীকা—পীঠবন্ধো নাম প্রাসাদস্য মূলাদ্ভূম্যুপরিতনভাগং যাবৎ॥ ২৩২॥

অথ প্রাসাদাদি লক্ষণানি

মাৎস্যে—

এবং বাস্তুবলিং কৃত্বা ভজেৎ ষোড়শভাগিকম্ ।
তস্য মধ্যে চতুর্ভিস্তু ভাগৈর্গর্ভঞ্চ কারয়েৎ ॥২৩৪॥

অনুবাদ—অনন্তর প্রাসাদাদি লক্ষণ, মৎস্যপুরাণে—পূর্ব্বোক্তরূপে বাস্তুবলি প্রদান পূর্ব্বক বাস্তুকে ষোড়শ ভাগ করিবে, তাহার মধ্যে চারিভাগ দ্বারা গর্ভ মন্দির করাইবে ॥ ২৩৪ ॥

টীকা—ষোড়শভাগিকং ভজেৎ ষোড়শভাগান্ কুর্য্যাদিত্যর্থঃ। তথা চোক্তং শ্রীহয়শীর্ষদেবেন। 'চতুরস্রীকৃতং ক্ষেত্রং ভজেৎ ষোড়শধা পুনঃ' ইতি। এবমগ্রে লেখ্যহয়শীর্ষপঞ্চরাত্রবচনানুসারেণাগ্রেহন্যত্রাপ্যর্থো বোদ্ধব্যঃ ॥ ২৩৪ ॥

ভাগদ্বাদশকং তত্র ভিত্ত্যর্থং পরিকল্পয়েৎ ।
চতুর্ভাগেন ভিত্তীনামুচ্ছ্রায়ঃ স্যাৎ প্রমাণতঃ ।
দ্বিগুণঃ শিখরোচ্ছ্রায়ো ভিত্ত্যুচ্ছ্রায়াৎ প্রমাণতঃ ॥ ২৩৫ ॥

অনুবাদ—অবশিষ্ট দ্বাদশ ভাগ ভিত্তির জন্য পরিকল্পনা করিবেন। চারিভাগ দ্বারা ভিত্তির উচ্চতার পরিমাণ হইবে ॥ ২৩৫ ॥

শিখরার্দ্ধস্য চার্দ্ধেন বিধেয়া তু প্রদক্ষিণা ।
চতুর্দিক্ষু তদা জ্ঞেয়ো নির্গমস্তু তথা বুধৈঃ ॥ ২৩৬ ॥

অনুবাদ—শিখরের অর্দ্ধের অর্দ্ধ পরিমাণ প্রদক্ষিণা কর্ত্তব্য। অভিজ্ঞ ব্যক্তি সেইরূপ চতুর্দ্দিকে নির্গমন পথ জানিবেন ॥ ২৩৬ ॥

টীকা — প্রদক্ষিণাদয়শ্চ প্রাসাদোপরিতনভাগ বিশেষাঃ শিল্পিশাস্ত্রতঃ স্থপতিষু প্রসিদ্ধা এব, তথেতি প্রদক্ষিণাতুল্যমান ইত্যর্থঃ ॥ ২৩৬ ॥

গর্ভসূত্রদ্বয়ং ভাগো বিস্তারো মণ্ডপস্য তু ।
আয়তঃ স্যাৎ ত্রিভির্ভাগৈর্ভদ্রযুক্তঃ সুশোভনঃ ॥২৩৭

অনুবাদ—মণ্ডপের বিস্তার কিন্তু গর্ভসূত্রের ভাগ-সূত্রের ভাগদ্বয় সদৃশ, আর আয়ত হইবে গর্ভসূত্রের ত্রিভাগ সদৃশ এবং সর্ব্বতোভদ্র মণ্ডলযুক্ত ও সুশোভন ॥ ২৩৭ ॥

টীকা—ত্রিভির্ভাগৈর্মণ্ডপ আয়তঃ স্যাৎ ॥২৩৭॥

পঞ্চভাগেন সংভজ্য গর্ভমানং বিচক্ষণঃ ।
ভাগমেকং গৃহীত্বা তু প্রাগ্‌গ্রীবং কল্পয়েদ্‌বুধঃ ॥২৩৮

অনুবাদ—বিচক্ষণ ব্যক্তি গর্ভ পরিমাণকে পঞ্চভাগে ভাগ করিয়া, তাহার একভাগ গ্রহণ করিয়া অভিজ্ঞ ব্যক্তি প্রাগ্‌গ্রীব রচনা করিবেন ॥ ২৩৮ ॥

গর্ভসূত্রসমো ভাগাদগ্রতো মুখমণ্ডপঃ ।
এতৎ সামান্যমুদ্দিষ্টং প্রাসাদস্যেহ লক্ষণম্ ॥২৩৯॥

অনুবাদ—গর্ভসূত্র সমভাগ হইতে সম্মুখে মুখমণ্ডপ, ইহা প্রাসাদের সামান্য লক্ষণ এস্থলে উপদিষ্ট হইল ॥ ২৩৯ ॥

কিঞ্চ—

মেরু-মন্দর-কৈলাস-কুম্ভ-সিংহ-মৃগাস্তথা ।
বিমানচ্ছন্দকস্তদ্বচ্ছ্রীবৃক্ষোঽথ মৃগাধিপঃ ॥ ২৪০ ॥
বলভীচ্ছন্দকস্তদ্বদ্বর্ত্তুলঃ সর্ব্বভদ্রকঃ ।
গজশ্চ নন্দনশ্চৈব নন্দিবর্দ্ধন এব চ ॥ ২৪১ ॥
হংসো বৃষঃ সুপর্ণশ্চ পদ্মকোঽথ সমুদ্‌গকঃ ।
প্রাসাদা নামতঃ প্রোক্তা বিভাগং শৃণুত দ্বিজাঃ ॥২৪২

অনুবাদ—আরও—প্রাসাদের বিভিন্ন প্রকার নাম মাত্র উল্লেখ করা হইতেছে মেরু, মন্দর, কৈলাস, কুম্ভ, সিংহ, মৃগ সেইরূপ বিমানছন্দক, শ্রীবৃক্ষ, সিংহ, বলভীচ্ছন্দক, বর্ত্তুল, সর্ব্বভদ্রক, গজ, নন্দন, নন্দীবর্দ্ধন, হংস, বৃষ, গরুড়, পদ্মক, সমুদ্‌গক—ইহাদের বিভাগ হে দ্বিজগণ। শ্রবণ করুন ॥ ২৪০-২৪২ ॥

টীকা—নামতো লক্ষণতো মানতশ্চ বিংশতি-প্রাসাদানাহ—মেৰ্বিত্যাদিনা শুভলক্ষণ ইত্যন্তেন ॥২৪০

শতশৃঙ্গশ্চতুর্দ্বারো ভূমিকা-ষোড়শোচ্ছ্রিতঃ ।
নানাবিচিত্রশিখরো মেরু-প্রাসাদ উচ্যতে ॥ ২৪৩ ॥

অনুবাদ—শতচূড় চতুর্দ্বার ভূমিকা ষোড়াংশ উচ্চ, নানা বিচিত্র শিখর—ইহাকে মেরু প্রাসাদ বলা হয় ॥ ২৪৩ ॥

মন্দরো দ্বাদশ প্রোক্তঃ কৈলাসো দশভূমিকঃ।
বিমানচ্ছন্দকস্তদ্বদনেকশিখরাননঃ ॥ ২৪৪ ॥
স চাষ্টভূমিকস্তদ্বৎ সপ্তভির্নন্দিবর্দ্ধনঃ।
বিংশাণ্ডকসমাযুক্তো নন্দনঃ সমুদাহৃতঃ ॥ ২৪৫ ॥

অনুবাদ—মন্দর দ্বাদশ ভূমিক, কৈলাশ দশ-ভূমিক, বিমানছন্দক সেইরূপ অনেক শিখর ও মুখ বিশিষ্ট, তাহা অষ্টভূমিক, সেইরূপ সপ্তভূমিক নন্দি-বর্দ্ধন, বিংশান্তক যুক্ত নন্দন বিখ্যাত ॥ ২৪৪-২৪৫ ॥

টীকা—দ্বাদশেতি দ্বাদশভূমিকঃ। এবমগ্রেঽপ্যূহ্যম্ ॥ ২৪৪ ॥

ষোড়শাণ্ডকসংযুক্তো নানারূপসমন্বিতঃ।
অনেকশিখরস্তদ্বৎ সর্ব্বতোভদ্র উচ্যতে ॥ ২৪৬ ॥

অনুবাদ—ষোড়শ অন্তকযুক্ত নানারূপ বিশিষ্ট, অনেক শিখরযুক্ত 'সর্ব্বতোভদ্র' বলা হয় ॥ ২৪৬ ॥

চন্দ্রশালা-সমোপেতো বিজ্ঞেয়ঃ পঞ্চভূমিকঃ।
বলভীচ্ছন্দকস্তদ্বচ্ছুকনাসাত্রয়ান্বিতঃ ॥ ২৪৭ ॥

অনুবাদ—চন্দ্রশালাযুক্ত পঞ্চভূমিক ও শুকনাসা-যুক্ত প্রাসাদে—'বলভীচ্ছন্দক' ॥ ২৪৭ ॥

বৃষস্যোচ্ছ্রায়তস্তুল্যো বর্ত্তুলশ্চাস্রবর্জ্জিতঃ।
সিংহঃ সিংহাকৃতির্জ্ঞেয়ো মৃগো মৃগসমস্তথা।
কুম্ভঃ কুম্ভাকৃতিস্তদ্বৎ ভূমিকানবকোচ্ছ্রয়ঃ ॥২৪৮॥

অনুবাদ—'বৃষভ' প্রাসাদ বৃষতুল্য উচ্চ, বর্ত্তুল কোণ বর্জ্জিত, সিংহ সিংহাকৃতি, 'মৃগ' মৃগসম, 'কুম্ভ'—কুম্ভাকৃতি, নব ভূমিক উচ্চ ॥ ২৪৮ ॥

অঙ্গুলীপুটসংস্থানপঞ্চাণ্ডকবিভূষিতঃ।
ষোড়শাস্রঃ সমন্তাত্তু বিজ্ঞেয়ঃ স সমুদ্গকঃ।
পার্শ্বয়োশ্চন্দ্রশালাস্য উচ্ছ্রায়ো ভূমিকাদ্বয়ম্ ॥২৪৯॥

অনুবাদ—অঙ্গুলীপুট সংস্থান, পঞ্চাণ্ডক বিভূষিত চতুর্দ্দিকে ষোড়শ কোণ বিশিষ্ট—'সমুদ্গক' জানিবে উভয় পার্শ্বে চন্দ্রশালা, উচ্চতা ভূমিকা দ্বয় ॥ ২৪৯ ॥

হংসো হংসসমাকারো নাতিদীর্ঘো ন চোচ্ছ্রিতঃ।
ষোড়শাস্রঃ স বিজ্ঞেয়ো বিচিত্রশিখরঃ শুভঃ ॥২৫০॥

অনুবাদ—'হংস' প্রাসাদ হংস সম আকৃতি, অতিশয় দীর্ঘ নয়, উচ্চও নয়। ষোড়শ কোণ বিশিষ্ট, বিচিত্র শিখরযুক্ত পবিত্র ॥ ২৫০ ॥

মৃগরাজস্তু বিখ্যাতচন্দ্রশালাবিভূষিতঃ।
প্রাগ্গ্রীবেণ বিশালেন ভূমিকাসু ষড়ুন্নতঃ ॥ ২৫১॥

অনুবাদ—'মৃগরাজ' প্রাসাদ বিখ্যাত চন্দ্রশালা বিভূষিত, বিশাল পূর্ব্বগ্রীব সহ ষড়্ভূমিক উন্নত ॥২৫১

অনেকচন্দ্রশালাস্তু গজপ্রাসাদ উচ্যতে।
পর্য্যন্তগৃহরাজো বৈ গরুড়ো নাম নামতঃ ॥ ২৫২॥

অনুবাদ—'গজ প্রাসাদ'—অনেক চন্দ্রশালাযুক্ত, কথিত হয়, 'গরুড়' প্রাসাদ—গৃহরাজ নামে প্রসিদ্ধ ॥ ২৫২ ॥

সপ্তভূম্যুচ্ছ্রয়স্তদ্বচ্চন্দ্রশালাত্রয়ান্বিতঃ।
ভূমিকাষড়শীতিস্তু বাহ্যতঃ সর্ব্বতো ভবেৎ ॥২৫৩॥

অনুবাদ—সপ্ত ভূমিক উচ্চ, চন্দ্রশালাত্রয়যুক্ত বহির্ভাগে সর্ব্বদিগে ষড়শীতিভূমিকা ॥ ২৫৩ ॥

তথান্যো গরুড়ে তদ্বদুচ্ছ্রায়ো দশভূমিকঃ।
পদ্মকঃ ষোড়শাস্রস্তু ভূমিদ্বয়সমন্বিতঃ।
পদ্মতুল্যপ্রমাণেন শ্রীবৃক্ষক ইতি স্মৃতঃ ॥ ২৫৪ ॥

অনুবাদ—দ্বিতীয় 'গরুড়' প্রাসাদে দশ ভূমিক উচ্চতা। 'পদ্মক' প্রাসাদ ষোড়শ কোন বিশিষ্ট, ভূমিদ্বয় সমন্বিত। 'শ্রীবৃক্ষ' প্রাসাদ পদ্মতুল্য পরি-মাণ জানিবে ॥ ২৫৪ ॥

পঞ্চাণ্ডকস্ত্রিভূমিস্তু গর্ভে হস্তচতুষ্টম্‌ ।
বৃষো ভবতি নাম্না যঃ প্রাসাদঃ সার্ব্বকামিকঃ ॥২৫৫

অনুবাদ—'বৃষ' নামক প্রাসাদ সর্ব্ববিধ কাম্য ফলপ্রদ, পঞ্চাণ্ডক, ত্রিভূমিক, গর্ভে হস্ত চতুষ্টয় ॥ ২৫৫ ॥

সপ্তাষ্টৌ পঞ্চধা চৈব প্রাসাদা যে ময়োদিতাঃ ।
সিংহস্য তে সমা জ্ঞেয়া যে চান্যে তৎপ্রমাণতঃ ॥২৫৬

অনুবাদ—আমাকর্ত্তৃক কথিত প্রাসাদসমূহ বিংশতি সংখ্যক—প্রথম ভাগে সপ্ত, দ্বিতীয় ভাগে অষ্ট, তৃতীয় ভাগে পঞ্চ প্রকার। সিংহের সমান, অন্য যে সকল প্রাসাদ সেই পরিমাণ ॥ ২৫৬ ॥

চন্দ্রশালৈঃ সমোপেতাঃ সর্ব্বে প্রাগ্‌গ্রীবসংযুতাঃ ।
ঐষ্টিকা দারবাশ্চৈব শৈলা বা স্যুঃ সতোরণাঃ ॥ ২৫৭॥

অনুবাদ—চন্দ্রশালা যুক্ত সকল প্রাসাদই পূর্ব্ব গ্রীব যুক্ত। ইষ্টকাময়, দারুময় বা শিলাময় হইলে তোরণদ্বার যুক্ত হইবে ॥ ২৫৭ ॥

মেরুঃ পঞ্চাশদ্ধস্তঃ স্যান্মন্দরঃ পঞ্চহীনকঃ ।
চত্বারিংশত্তু কৈলাসশ্চতুস্ত্রিংশদ্বিমানকঃ ॥ ২৫৮ ॥

অনুবাদ—মেরু প্রাসাদ পঞ্চাশ হস্ত হইবে, মন্দর পঞ্চহস্ত কম পঞ্চ চত্বারিংশৎ হস্ত, কৈলাশ চত্বারিংশৎ হস্ত, বিমান—চতুস্ত্রিংশৎ হস্ত ॥ ২৫৮ ॥

নন্দিবর্দ্ধনকস্তদ্বদ্‌দ্বাত্রিংশৎ সমুদাহৃতঃ ।
ত্রিংশতা নন্দনঃ প্রোক্তঃ সর্ব্বতোভদ্রকস্তথা ।
বর্ত্তুলঃ পদ্মকশ্চৈব বিংশদ্ধস্ত উদাহৃতঃ ॥ ২৫৯ ॥
মৃগঃ সিংহশ্চ কুম্ভশ্চ বলভীচ্ছন্দকস্তথা ।
এতে ষোড়শহস্তাঃ স্যুশ্চত্বারো দেববল্লভাঃ ॥২৬০॥

অনুবাদ—নন্দিবর্দ্ধন—দ্বাত্রিংশৎ হস্ত, ত্রিংশৎ হস্ত নন্দন, সর্ব্বতোভদ্রকও সেই প্রকার, বর্ত্তুল ও পদ্মক প্রাসাদ বিংশহস্ত উদাহৃত। মৃগ, সিংহ, কুম্ভ, বলভী-চ্ছন্দক—এই চারিটি প্রাসাদ দেবগণের প্রিয় ষোড়শ হস্ত হইবে ॥ ২৫৯-২৬০ ॥

টীকা—বর্ত্তুল এব মণ্ডল ইত্যুক্তপরিমাণং কার্য্য-মন্যত্র চাত্মহস্তৈনৈবেত্যর্থঃ ॥ ২৫৯ ॥

শ্রীবৃক্ষৌ মৃগরাজশ্চ সমুদ্‌গকগজৌ তথা ।
এতে দ্বাদশহস্তাঃ স্যুরেতেষাং হংসকঃ সমঃ ॥২৬১

অনুবাদ—শ্রীবৃক্ষ, মৃগরাজ, সমুদ্‌গক ও গজ—ইহারা দ্বাদশ হস্ত হইবে, ইহাদের হংসক সমান ॥ ২৬১ ॥

গরুড়োঽষ্টকরো জ্ঞেয়ো বৃষা দশ উদাহৃতঃ ।
এবমেতে প্রমাণেন কর্ত্তব্যাঃ শুভলক্ষণাঃ ॥ ২৬২ ॥

অনুবাদ—গরুড় অষ্ট হস্ত জানিবে, বৃষ দশহস্ত কথিত। এইরূপ ইহাদের পরিমাণ ও শুভ লক্ষণ কর্ত্তব্য ॥ ২৬২ ॥

যক্ষরাক্ষসনাগানাং মাতৃহস্তঃ প্রশস্যতে ।
তথা মের্বাদয়ঃ সপ্ত জ্যেষ্ঠলিঙ্গে সুখাবহাঃ ॥২৬৩॥
শ্রীবৃক্ষকাদয়শ্চাষ্টৌ মধ্যমস্য উদাহৃতাঃ ।
তথা হংসাদয়ঃ পঞ্চ কন্যসে শুভদা মতাঃ ॥২৬৪॥

অনুবাদ—যক্ষ, রাক্ষস ও নাগগণের প্রাসাদ মাতৃহস্ত প্রশস্ত। সেইরূপ মেরু আদি সপ্ত প্রাসাদ উত্তম পরিমাণে সুখপ্রদা, শ্রীবৃক্ষাদি অষ্ট প্রাসাদ মধ্যম পরিমাণে এবং হংসাদি পঞ্চ প্রাসাদ কনিষ্ঠ পরিমাণে শুভপ্রদ সম্মত ॥ ২৬৩-২৬৪ ॥

টীকা—কন্যসে—কনিষ্ঠলিঙ্গে ॥ ২৬৪ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে চ—
প্রাসাদং সম্প্রবক্ষ্যামি সর্ব্বসাধারণং শৃণু ॥ ২৬৫ ॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রেও—সর্ব্বসাধারণ প্রাসাদের কথা বলিব শ্রবণ কর ॥ ২৬৫ ॥

চতুরস্রীকৃতং ক্ষেত্রং ভজেৎ ষোড়শধা পুনঃ।
মধ্যে তস্য চতুর্ভিস্তু কুর্য্যাদ্দ্বারসমন্বিতম্।
দ্বাদশৈব তু ভাগানি ভিত্ত্যর্থং পরিকল্পয়েৎ ॥২৬৬॥

অনুবাদ—ক্ষেত্রকে চতুষ্কোণ করিয়া ষোড়শ ভাগে বিভক্ত করিবে। পুনরায় তাহার মধ্যে চারিটি বিভাগ দ্বারা একটি বিভাগে চারিটি দ্বারযুক্ত করিবে এবং দ্বাদশটি ভাগই ভিত্তির নিমিত্ত পরিকল্পনা করিবে ॥ ২৬৬ ॥

টীকা—ভজেৎ—বিভজেৎ ॥ ২৬৬ ॥

জঙ্ঘোচ্ছ্রায়ন্তু কুর্ব্বীত চতুর্ভাগেন চায়তম্।
জঙ্ঘয়োর্দ্বিগুণোচ্ছ্রায়ং মঞ্জর্য্যাঃ কল্পয়েদ্‌বুধঃ ॥২৬৭

অনুবাদ—অভিজ্ঞ ব্যক্তি জঙ্ঘার উচ্চতা ও আয়তন চতুর্ভাগ দ্বারা করিবেন। জঙ্ঘাদ্বয়ের দ্বিগুণ উচ্চতা অভিজ্ঞ ব্যক্তি মঞ্জরীর কল্পনা করিবেন ॥২৬৭

চতুর্ভাগেন মঞ্জর্য্যাঃ কার্য্যা সম্যক্ প্রদক্ষিণা।
তন্মানং নির্গমং কার্য্যমুভয়োঃ পার্শ্বয়োঃ সমম্ ॥২৬৮

অনুবাদ—মঞ্জরীর চতুর্ভাগ দ্বারা সম্পূর্ণ প্রদক্ষিণা রচনা করিবেন। উভয় পার্শ্বের সমান সেই পরিমাণে নির্গম কর্ত্তব্য ॥ ২৬৮ ॥

শিখরেণ সমং কার্য্যমগ্রে জগতি বিস্তরম্।
ত্রিগুণেনাপি কর্ত্তব্যং যথাশোভানুরূপতঃ ॥২৬৯॥

অনুবাদ—শিখরের সহিত সমান অগ্রে জগতি বিস্তার কর্ত্তব্য। যথাযথ শোভার অনুরূপ ত্রিগুণ দ্বারাও কর্ত্তব্য ॥ ২৬৯ ॥

বিস্তারং মণ্ডপস্যাগ্রে গর্ভসূত্রদ্বয়েন তু।
দৈর্ঘ্যাৎ পাদাধিকং কুর্য্যান্মধ্যে স্তম্ভৈর্বিভূষিতম্ ॥২৭০

অনুবাদ—মণ্ডপের অগ্রে গর্ভসূত্রদ্বয় দ্বারা বিস্তার কর্ত্তব্য। দৈর্ঘ্য অপেক্ষা একপাদ অধিক করিয়া মধ্যে স্তম্ভসমূহ দ্বারা বিভূষিত করিবেন ॥ ২৭০ ॥

প্রাসাদগর্ভমানং বা কুর্ব্বীত মুখমণ্ডপম্।
একাশীতিপদৈর্বাস্তুমিষ্ট্বা মণ্ডপমারভেৎ ॥ ২৭১ ॥

অনুবাদ—অথবা প্রাসাদের গর্ভ পরিমাণে মুখমণ্ডপ করিবেন। একাশীতিপদ অঙ্কন পূর্ব্বক তন্মধ্যে বাস্তু যাগ করিয়া মণ্ডপ আরম্ভ করিবেন ॥ ২৭১ ॥

শুকাঢ্যদ্বারি বিন্যাসে পদান্তস্থান্ যজেৎ সুরান্।
তথা প্রাকারবিন্যাসে যজেদ্দ্বাত্রিংশদন্তগান্ ॥২৭২॥

অনুবাদ—শুকযুক্ত দ্বারদেশ বিন্যাস পূর্ব্বক পদমধ্যস্থিত দেবগণকে পূজন করিবে। সেইরূপ প্রাকার বিন্যাস পূর্ব্বক অন্তস্থিত বত্রিশদেবকে পূজন করিবেন ॥ ২৭২ ॥

সর্ব্বসাধারণঞ্চৈতৎ প্রাসাদস্য তু লক্ষণম্।
মানেন প্রতিমা যা বা প্রাসাদমপরং শৃণু ॥ ২৭৩ ॥

অনুবাদ—এইরূপ সর্ব্বসাধারণ প্রাসাদের লক্ষণ কথিত হইল। প্রতিমা পরিমাণে অন্যরূপ প্রাসাদ লক্ষণ শ্রবণ কর ॥ ২৭৩ ॥

প্রতিমায়াঃ প্রমাণেন কর্ত্তব্যা পিণ্ডিকা শুভা।
গর্ভস্তু পিণ্ডিকার্দ্ধেন গর্ভমানাত্তু ভিত্তয়ঃ ॥ ২৭৪ ॥

অনুবাদ—প্রতিমার পরিমাণে মঙ্গলপ্রদা পিণ্ডিকা কর্ত্তব্যা। পিণ্ডিকার অর্দ্ধসহ গর্ভ মন্দির, গর্ভ মন্দিরের পরিমাণে ভিত্তিসমূহ ॥ ২৭৪ ॥

ভিত্তেরায়ামমানেন উচ্ছ্রায়ন্তু প্রকল্পয়েৎ।
ভিত্ত্যুচ্ছ্রায়াত্তু দ্বিগুণং শিখরং কল্পয়েদ্‌গুরুঃ ॥২৭৫॥

অনুবাদ—ভিত্তির আয়াম্ পরিমাণে উচ্চতা কল্পনা করিবেন। ভিত্তির উচ্চতা হইতে দ্বিগুণ শিখর শ্রীগুরুদেব কল্পনা করিবেন ॥ ২৭৫ ॥

শিখরস্য তু তুর্য্যেণ ভ্রমণং পরিকল্পয়েৎ।
শিখরস্য চতুর্থেন অগ্রতো মুখমণ্ডপম্ ॥ ২৭৬॥

অনুবাদ—শিখরের তুর্য্যাংশ প্রদক্ষিণা রচনা করিবেন। শিখরের চতুর্থাংশ অগ্রস্থিত মুখমণ্ডপ ॥২৭৬॥

অষ্টকাংশেন গর্ভস্য রথকানান্তু নির্গমঃ।
পরিধেগুণভাগেন রথকাংস্তত্র কল্পয়েৎ ॥ ২৭৭ ॥

অনুবাদ—গর্ভ মন্দিরের অষ্টমাংশে রথকগণের নির্গম। পরিধির গুণভাগ দ্বারা রথকসমূহ রচনা করিবেন ॥ ২৭৭ ॥

তত্তৃতীয়েন বা কুর্য্যাদ্রথকানান্তু নির্গমম্।
রামত্রয়ং স্থাপনীয়ং রথকত্রিতয়ে সদা ॥ ২৭৮ ॥

অনুবাদ—অথবা তাহার তৃতীয়াংশ দ্বারা রথকগণের নির্গম। রথক তিনটিতে সর্ব্বদা রামমূর্ত্তিত্রয় স্থাপন করিবেন ॥ ২৭৮ ॥

টীকা—ভ্রমণং প্রদক্ষিণাং, রথকাদিলক্ষণং চ শিল্পিমুখাদেঃ সম্যক্ জ্ঞাতং ভবতীতি তদ্বিস্তারেণালম্। অন্যচ্চ স্পষ্টমেব ॥ ২৭৬-২৭৮ ॥

শিখরার্থং চ সূত্রাণি রত্নানি বিনিপাতয়েৎ।
শিখরস্যার্দ্ধভাগস্থং সিংহং তত্র চ কারয়েৎ ॥২৭৯॥

অনুবাদ—শিখরনিমিত্ত সূত্রসমূহ ও রত্নসমূহ পাতন করিবেন। শিখরের অর্দ্ধভাগ স্থানে সিংহ রচনা করিবেন ॥ ২৭৯ ॥

শুকনাসাং স্থিরীকৃত্য মধ্যসন্ধৌ নিধাপয়েৎ।
অপরে চ তথা পার্শ্বে তত্তৎ সূত্রং বিধারয়েৎ ॥২৮০।

অনুবাদ—শুকানাসাকে স্থাপন করিয়া মধ্য সন্ধিতে স্থাপন করিবেন। সেইরূপ অপর পার্শ্বেও সেই সেই সূত্র পাতন করিবেন ॥ ২৮০ ॥

তদূর্দ্ধ্বং তু ভবেদংশঃ কণ্ঠঃ শ্যামলসারবান্।
স্কন্ধভুগ্নং তু কর্ত্তব্যং বিকরালং তথৈব চ।
উদ্ধতং বেদিকামানাৎ কলসং পরিকল্পয়েৎ ॥২৮১॥

অনুবাদ—তাহার উর্দ্ধে শ্যামল ও সারবান্ কণ্ঠ। কলসকে নিম্ন স্কন্ধ ও বিকরাল কর্ত্তব্য, সেইরূপ বেদিকা পরিমাণ হইতে উন্নত কল্পনা করিবেন ॥ ২৮১ ॥

কিঞ্চ—
গরুড়ন্তং তথা কুর্য্যাদুপরিষ্টাচ্চতুর্গুণম্।
কুর্য্যাদ্দিক্ প্রতিমায়ামান্ দিক্ষু চাষ্টসু চোপরি ॥২৮২

অনুবাদ—আরও—উপরিভাগে চতুর্গুণ গরুড় করিবেন। উপরে অষ্টদিকে অষ্ট প্রতিমা রচনা করিবেন ॥ ২৮২ ॥

মহাবরাহমৈন্দ্র্যাং তু নরসিংহন্তু দক্ষিণে।
প্রতীচ্যাং শ্রীধরং দেবমুদীচ্যাং হয়শীর্ষকম্ ॥২৮৩॥
আগ্নেয্যাং জামদগ্ন্যঞ্চ নৈর্ঋতে রামমেব চ।
বামনঞ্চৈব বায়ব্যাং বাসুদেবমথাপরে ॥ ২৮৪ ॥

অনুবাদ—পূর্ব্বদিকে মহাবরাহ, দক্ষিণে নরসিংহ, পশ্চিমে শ্রীধরদেব, উত্তরে হয়শীর্ষ। অগ্নিকোণে পরশুরাম, নৈর্ঋতে শ্রীরামচন্দ্র, বায়ুকোণে শ্রীবামনদেব, ঈশান কোণে বাসুদেব মূর্ত্তি স্থাপন করিবেন ॥ ২৮৩-২৮৪ ॥

কিঞ্চ—
পূর্ব্বভূমৌ তু শয়নং দ্বিতীয়ে চাসনং ভবেৎ।
স্থানমেব তৃতীয়ে তু চতুর্থে যানমেব চ ॥ ২৮৫ ॥
পঞ্চমে যোগনিদ্রা চ ষষ্ঠে যোগাসনং ভবেৎ।
স্থানং যোগসমাযুক্তং সপ্তমে পরিকল্পয়েৎ ॥২৮৬॥

অনুবাদ—আরও—পূর্ব্বভূমিতে শয়ন, দ্বিতীয়ে আসন হইবে। তৃতীয়ে স্থান এবং চতুর্থে যান, পঞ্চমে যোগনিদ্রা, ষষ্ঠে যোগাসন হইবে, সপ্তমে যোগযুক্ত স্থান পরিকল্পনা করিবেন ॥ ২৮৫-২৮৬ ॥

নানাগবাক্ষকৈর্যত্নাৎ পত্রবল্ল্যাদিভূষিতম্।
নানাপ্রকার পুষ্পাদ্যৈর্যথাশোভং প্রকল্পয়েৎ ॥২৮৭॥

অনুবাদ—যত্নপূর্ব্বক নানা গবাক্ষদ্বারে পত্র ও লতাদি ভূষিত করিবেন, নানা প্রকার পুষ্পাদি দ্বারা যথাযথ শোভা রচনা করিবেন ॥ ২৮৭ ॥

কনিষ্ঠমধ্যজ্যেষ্ঠানাং প্রাসাদানাং যথাক্রমম্ ।
বসুভার্গবঋত্বিগ্‌ভিঃ প্রদেয়াচরণা বুধৈঃ ॥ ২৮৮ ॥
দ্বারস্য চাষ্টমে যুক্তে নবমে দশমে তথা ।
ললাটবেধো নৈবং স্যাদায়ামং শৃণু সাম্প্রতম্ ॥২৮৯॥

অনুবাদ—অভিজ্ঞ ব্যক্তি কনিষ্ঠ ও জ্যেষ্ঠ প্রাসাদসমূহের যথাক্রমে বসু, ভার্গব ও ঋত্বিক্‌গণ দ্বারা চারণা প্রদান কর্ত্তব্য, দ্বারের অষ্টমে নবমে ও দশমে, যেন ললাট বেধ না হয়। সম্প্রতি আয়াম শ্রবণ কর ॥ ২৮৮-২৮৯ ॥

যাবদ্ধস্তৈরভিপ্রেতঃ প্রাসাদঃ কর্ত্তৃণানঘ ।
তাবদ্ভিরঙ্গুলৈরাপো বসুভাগেন বা ভবেৎ ॥ ২৯০ ॥

অনুবাদ—হে অনঘ! যত হস্ত পরিমাণে প্রাসাদ নির্ম্মাণ কর্ত্তার ইচ্ছা, তত অঙ্গুলি দ্বারা বা অষ্টাংশ দ্বারা আপ হইবে ॥ ২৯০ ॥

একস্তম্ভো ধ্বজো জ্ঞেয়ো দ্বিস্তম্ভা বেদিকা মতা ।
দশভূম্যন্তরে নিত্যং চতুঃস্তম্ভং প্রকল্পয়েৎ ॥ ২৯১ ॥

অনুবাদ—একস্তম্ভ মণ্ডপকে 'ধ্বজ' বলা হয়, দ্বিস্তম্ভ মণ্ডপকে 'বেদী' এবং দশভূমি মণ্ডপে সর্ব্বদা চতুঃস্তম্ভ রচনা করিবেন ॥ ২৯১ ॥

অথ মণ্ডপলক্ষণবিশেষঃ

মাৎস্যে—
অথাতঃ সংপ্রবক্ষ্যামি মণ্ডপানাং তু লক্ষণম্ ।
মণ্ডপান্ প্রবরান্ বক্ষ্যে প্রাসাদস্যানুরূপতঃ ॥২৯২॥

অনুবাদ—অনন্তর মণ্ডপ লক্ষণ বিশেষ, মৎস্যপুরাণে—অনন্তর মণ্ডপ সকলের লক্ষণ সম্পূর্ণ বলিব। প্রাসাদের অনুরূপ শ্রেষ্ঠ মণ্ডপ সমূহের লক্ষণ বলিব ॥ ২৯২ ॥

বিবিধা মণ্ডপাঃ কার্য্যা জ্যেষ্ঠমধ্য-কনীয়সঃ ।
নামতস্তান্ প্রবক্ষ্যামি শৃণুধ্বং দ্বিজসত্তমাঃ ॥২৯৩॥

অনুবাদ—জ্যেষ্ঠ মধ্যম ও কনিষ্ঠ ভেদে মণ্ডপ বিবিধ প্রকার কর্ত্তব্য। হে দ্বিজসত্তমগণ! নাম উল্লেখ পূর্ব্বক সেই সকল বলিব শ্রবণ করুন ॥২৯৩

পুষ্পকঃ পুষ্পভদ্রশ্চ সুব্রতোঽমৃতনন্দনঃ ।
কৌশল্যো বুদ্ধিসঙ্কীর্ণো রাজভদ্রো জয়াবহঃ ॥২৯৪॥
শ্রীবৃক্ষো বিজয়শ্চৈব বাস্তুকীর্ণঃ শ্রুতিন্ধরঃ ।
যজ্ঞভদ্রো বিশালশ্চ সংশ্লিষ্টঃ শক্রমর্দ্দনঃ ॥২৯৫॥
ভাগপঞ্চো নন্দনশ্চ মানবো মানভদ্রকঃ ।
সুগ্রীবো হর্ষণশ্চৈব কর্ণিকারঃ পদার্দ্ধকঃ ॥২৯৬॥
সিংহশ্চ শ্যামভদ্রশ্চ সুভদ্রশ্চ তথৈব চ ।
সপ্তবিংশতিবিখ্যাতা লক্ষণং শৃণুত দ্বিজাঃ ॥২৯৭॥

অনুবাদ—পুষ্পক, পুষ্পভদ্র, সুব্রত, অমৃত নন্দন, কৌশল্য, বুদ্ধিসংকীর্ণ, রাজভদ্র, জয়াবহ। শ্রীবৃক্ষ, বিজয়, বাস্তকীর্ণ, শ্রুতিন্ধর, যজ্ঞভদ্র, বিশাল, সংশ্লিষ্ট শক্রমর্দ্দন, ভাগপঞ্চ, নন্দন, মানব, মানভদ্রক, সুগ্রীব, হর্ষণ, কনিকার পদার্ধক, সিংহ, শ্যামভদ্র ও সুভদ্র—এই সপ্তবিংশতি প্রকার বিখ্যাত। হে দ্বিজগণ ইহাদের লক্ষণ শ্রবণ করুন ॥ ২৯৪-২৯৭ ॥

স্তম্ভা যত্র চতুঃষষ্টিঃ পুষ্পকঃ স উদাহৃতঃ ।
দ্বাষষ্টিঃ পুষ্পভদ্রস্তু ষষ্টিঃ সুব্রত উচ্যতে ॥২৯৮॥
অষ্টপঞ্চাশকঃ স্তম্ভঃ কথ্যতেঽমৃতনন্দনঃ ।
কৌশল্যঃ ষট্ চ পঞ্চাশৎ চতুঃপঞ্চাশতা পুনঃ ।
নাম্না তু বুদ্ধিসংকীর্ণো দ্বিহীনো রাজভদ্রকঃ ॥২৯৯
জয়াবহস্তু পঞ্চাশৎ শ্রীবৃক্ষস্তু দ্বিহীনকঃ ।
বিজয়স্তু দ্বিহীনঃ স্যাদ্বাস্তুসঙ্কীর্ণকস্তথা ।
দ্বাভ্যামেব প্রহীয়েত ততঃ শ্রুতিন্ধরঃ পরঃ ॥৩০০॥
চত্বারিংশদ্‌যজ্ঞভদ্রো দ্বিহীনোঽথ বিশালকঃ ।
ষট্‌ত্রিংশচ্চৈব সংশ্লিষ্টো দ্বিহীনঃ শক্রমর্দ্দনঃ ॥৩০১
দ্বাত্রিংশদ্ভাগপঞ্চস্তু ত্রিংশতা নন্দনঃ স্মৃতঃ ।
অষ্টাবিংশো মানবস্তু মানভদ্রো দ্বিহীনকঃ ॥৩০২॥

অনুবাদ—যে মণ্ডপে চতুঃষষ্টি স্তম্ভ তাহাকে পুষ্পক বলা হয়। দ্বিষষ্টি স্তম্ভযুক্ত পুষ্পভদ্র, ষষ্টি

স্তম্ভযুক্ত সুবৃত্ত নামে কথিত। অষ্ট পঞ্চাশ স্তম্ভ—অমৃতনন্দন, কৌশল্য ষট্ পঞ্চাশ, চতুঃপঞ্চাশ স্তম্ভযুক্ত বুদ্ধি সংকীর্ণ, দ্বি পঞ্চাশৎ স্তম্ভ রাজভদ্রক। জয়াবহ মণ্ডপ পঞ্চাশ স্তম্ভ, শ্রীবৃক্ষ অষ্টচত্বারিংশ স্তম্ভযুক্ত, বিজয়—ষট্ চত্বারিংশ, বাস্তু সংকীর্ণ—চতুঃচত্বারিংশ, শ্রুতিন্ধর—দ্বিচত্বারিংশ, চত্বারিংশৎ হইলে যজ্ঞভদ্র, বিশাল—অষ্টত্রিংশ,—সংশ্লিষ্ট ষট্ত্রিংশ, শত্রুমর্দ্দন—চতুঃত্রিংশ, দ্বাত্রিংশস্তম্ভ—ভাগপঞ্চ, ত্রিংশস্তম্ভযুক্ত নন্দন। অষ্টাবিংশ স্তম্ভ—মানব, মানভদ্রক—ষড়্ বিংশস্তম্ভ ॥ ২৯৮-৩০২ ॥

চতুর্বিংশস্তু সুগ্রীবো দ্বাবিংশদ্ধর্ষণো মতঃ।
বিংশতিঃ কনিকারঃ স্যাদষ্টাদশপদার্দ্ধকঃ ॥৩০৩॥
সিংহো ভবেদ্দ্বিহীনশ্চ শ্যামভদ্রো দ্বিহীনকঃ।
সুভদ্রস্তু তথা প্রোক্তো দ্বাদশস্তম্ভসংযুতঃ।
মণ্ডপাঃ কথিতা হ্যেতে যথাবল্লক্ষণান্বিতাঃ ॥৩০৪॥

অনুবাদ—সুগ্রীব—চতুর্বিংশস্তম্ভ, হর্ষণ—দ্বাবিংশ, কনিকার—বিংশ, পদাধিক—অষ্টাদশ, সিংহ—ষোড়শ, শ্যামভদ্র—চতুর্দ্দশ, সুভদ্র—দ্বাদশস্তম্ভযুক্ত মণ্ডপ। এই সকল মণ্ডপ যথাযথ লক্ষণযুক্ত কথিত হইল ॥ ৩০৩-৩০৪ ॥

ত্রিকোণং বৃত্তমধ্যস্থমষ্টকোণং দ্বিরষ্টকম্।
চতুষ্কোণঞ্চ কর্ত্তব্যং সংস্থানং মণ্ডপস্য তু ॥ ৩০৫ ॥

অনুবাদ—মণ্ডপের সংস্থান ত্রিকোণ, বৃত্তমধ্য, অষ্টকোণ, ষোড়শকোণ ও চতুষ্কোণ কর্ত্তব্য ॥ ৩০৫॥

রাজ্যঞ্চ বিজয়শ্চৈব আয়ুর্বর্দ্ধনমেব চ।
পুত্রলাভঃ শ্রিয়ঃ পুষ্টিস্ত্র্যস্রাদিষু ভবেৎ ক্রমাৎ।
এবং তু শুভদাঃ প্রোক্তা অন্যথা তু ভয়াবহাঃ ॥৩০৬

অনুবাদ—রাজ্য লাভ, বিজয় লাভ, আয়ুবর্দ্ধন, পুত্রলাভ ও সম্পদ বৃদ্ধি ক্রমে ত্রিকোণাদি মণ্ডপের ফল হয়। এই প্রকার লক্ষণ যুক্ত হইলে শুভপ্রদ, বিপরীত হইলে ভয়প্রদ কথিত হইয়াছে ॥ ৩০৬ ॥

অথ তত্র দ্বারনির্ণয়ঃ

হয়শীর্ষপঞ্চরাত্রে—
গ্রামমধ্যে চ পূর্ব্বে চ প্রত্যক্‌দ্বারং প্রকল্পয়েৎ।
বিদিশাসু চ সর্ব্বাসু তথা প্রত্যঙ্মুখং ভবেৎ।
দক্ষিণে চোত্তরে চৈব পশ্চিমে প্রাঙ্মুখং ভবেৎ ॥৩০৭

অনুবাদ—অনন্তর মণ্ডপে দ্বার নির্ণয়, হয়শীর্ষ পঞ্চরাত্রে—গ্রামমধ্যে ও পূর্ব্বে পশ্চিমদ্বার কল্পনা করিবেন, কোণসমূহে পশ্চিমমুখ দ্বার হইবে। দক্ষিণে, উত্তরে ও পশ্চিমে পূর্ব্বমুখ দ্বার হইবে ॥ ৩০৭ ॥

কিঞ্চ-
বিস্তারাদ্দ্বিগুণং দ্বারং কর্ত্তব্যং তু সুশোভনম্।
জাতরূপং সরজতং তদ্বদৌড়ুম্বরৈর্বৃতম্ ॥ ৩০৮ ॥

অনুবাদ—আরও—বিস্তার অপেক্ষা দ্বিগুণ উচ্চ সুশোভন দ্বার কর্ত্তব্য, উহা স্বর্ণ, রৌপ্য বা তাম্রমণ্ডিত করিতে হয় ॥ ৩০৮ ॥

উড়ুম্বরোর্দ্ধ্বতঃ স্বর্ণং দ্বাদশাখ্যং ন্যাসেদ্‌বুধঃ।
তুর্য্যমঙ্গলঘোষেণ ব্রাহ্মণান্ স্বস্তিবাচ্য চ ॥ ৩০৯ ॥

অনুবাদ—অভিজ্ঞ ব্যক্তি তাম্রের ঊর্ধ্বদিকে দ্বাদশাখ্য স্বর্ণ মণ্ডিত করিবেন, তুরী, ভেরী প্রভৃতি মঙ্গলধ্বনি সহ ব্রাহ্মণগণকে স্বস্তিবাচন পাঠ করাইয়া ॥ ৩০৯ ॥

দ্বারস্য তু চতুর্থাংশে কার্য্যৌ চণ্ডপ্রচণ্ডকৌ।
দণ্ডহস্তৌ চ কর্ত্তব্যৌ বিষ্বক্‌সেনোপমাবুভৌ ॥৩১০॥

অনুবাদ—দ্বারের চতুর্থাংশ সেনাপতি বিষ্বক্‌সেনের ন্যায় দুইজন দ্বাররক্ষক দণ্ডধারী চণ্ড ও প্রচণ্ডকে রচনা করিবেন ॥ ৩১০ ॥

শাখোর্দ্ধ্বং ন্যস্য রত্নানি ন্যসেদূর্দ্ধ্বমুড়ুম্বরম্।
তস্য মধ্যে স্থিতা দেবী সাক্ষাল্লক্ষ্মীঃ সুরেশ্বরী ॥৩১১

কর্ত্তব্যা দিগ্‌গজৈঃ সা তু স্নাপ্যমানা ঘটেন তু।
শাখোড়ুম্বরকৌ কার্য্যৌ পত্রবল্ল্যাদিভূষিতৌ ॥৩১২॥

অনুবাদ—শাখার উপরিভাগে রঙ্গসমূহ বিন্যাস পূর্ব্বক তাহার উপরিভাগে তাম্র মণ্ডিত করিবেন, তাহার মধ্যে সুরেশ্বরী সাক্ষাৎ লক্ষ্মীদেবী অবস্থিত তাঁহাকে দিক্‌গজগণ ঘটজল দ্বারা স্নান করাইতেছেন। তাম্র নির্ম্মিত বৃক্ষশাখাদ্বয় নির্ম্মাণ করিবেন যাহাতে পত্র ও লতাদি ভূষিত থাকে ॥ ৩১১-৩১২ ॥

একশাখং ত্রিশাখং বা ষট্‌শাখং দ্বারমিষ্যতে।
নবশাখঞ্চ কুর্ব্বীত অত উর্দ্ধং ন কারয়েৎ।
বিষ্ণুবতাররূপাদৈঃ শাখাং যত্নাদ্বিভূষয়েৎ ॥৩১৩॥

অনুবাদ—দ্বারটি একশাখ, ত্রিশাখ অথবা ষট্‌শাখ ও নবশাখ পর্য্যন্ত করাইতে পারেন, ইহার উর্ধ্ব করাইবেন না। শ্রীবিষ্ণুর অবতারাদি অঙ্কন দ্বারা যত্নপূর্ব্বক শাখাকে বিভূষিত করিবেন ॥ ৩১৩ ॥

মাৎস্যে—
চতুঃষষ্টিপদং কৃত্বা মধ্যে দ্বারং প্রকল্পয়েৎ ॥৩১৪॥

অনুবাদ—মৎস্যপুরাণে—চতুঃষষ্টি পদ করিয়া মধ্যে দ্বার রচনা করিবেন ॥ ৩১৪ ॥

বিস্তারাদ্দ্বিগুণোচ্ছ্রায়স্ত্রিভাগা কটির্ভবেৎ ॥
বিস্তারার্দ্ধাত্তবেদ্‌গর্ভো ভিত্তয়োহন্যাঃ সমন্ততঃ ॥৩১৫

অনুবাদ—বিস্তার অপেক্ষা দ্বিগুণ উচ্চ, তাহার ত্রিভাগ কটি হইবে। বিস্তারের অর্দ্ধ পরিমিত গর্ভ হইবে, চতুর্দ্দিকে ভিত্তিসমূহ অন্য ॥ ৩১৫ ॥

গর্ভপাদেন বিস্তীর্ণং দ্বারং দ্বিগুণমায়তম্।
উচ্ছ্রায়াৎ পাদবিস্তীর্ণা শাখাতদ্বদুড়ুম্বরঃ ॥ ৩১৬ ॥

অনুবাদ—গর্ভ মন্দিরের এক চতুর্থাংশ বিস্তীর্ণ দ্বার দ্বিগুণ আয়তন। উচ্চতার চতুর্থাংশ বিস্তীর্ণা উড়ুম্বর শাখা ॥ ৩১৬ ॥

বিস্তারপাদপ্রতিমং বাহল্যং শাখয়োঃ স্মৃতম্।
ত্রিপঞ্চসপ্তনবভিঃ শাখাভির্দ্বারমিষ্যতে ॥ ৩১৭ ॥

অনুবাদ—বিস্তারের চতুর্থাংশ সদৃশ শাখাদ্বয়ের বাহল্য হইবে। তিন, পাঁচ, সাত ও নয় শাখা বিশিষ্ট দ্বার শিষ্ট সম্মত ॥ ৩১৭ ॥

কনিষ্ঠং মধ্যমং জ্যেষ্ঠং যথাযোগং প্রকল্পয়েৎ ॥৩১৮

অনুবাদ—কনিষ্ঠ, মধ্যম ও উত্তম যথাযোগ্য দ্বার রচনা করিবে ॥ ৩১৮ ॥

অঙ্গুলীনাং শতং সার্দ্ধং চত্বারিংশদ্ভিরুত্তমম্।
ধন্যমুত্তমমায়ুষ্যং ধনধান্যদমেব চ ॥ ৩১৯ ॥

অনুবাদ—একশত চত্বারিংশৎ অঙ্গুলী পরিমিত দ্বার উত্তম। ইহা প্রশংসনীয় উত্তম আয়ুপ্রদ ও ধনধান্যপ্রদ ॥ ৩১৯ ॥

শতং চাশীতিসহিতং বাতনির্গমনং ভবেৎ।
অধিকং দশভিস্তদ্বন্মধ্যং ষোড়শভিঃ শতম্।
বিজ্ঞেয়ং বৈ তৃতীয়ন্তু ভবত্যশীতিভিস্তথা ॥ ৩২০ ॥

অনুবাদ—একশত অশীতি সংখ্যক গবাক্ষ যুক্ত হইলে শ্রেষ্ঠ। একশত ষড়্‌বিংশ অঙ্গুলি হইলে মধ্যম, অশীতি অঙ্গুলী হইলে কনিষ্ঠ ॥ ৩২০ ॥

শুভদ্বারাণি চৈতানি ক্রমেণোক্তানি সর্ব্বদা।
অন্যানি বর্জ্জনীয়ানি মানসোদ্বেগদানি তু ॥ ৩২১ ॥

অনুবাদ—সর্ব্বদা শুভপ্রদ দ্বার এই সকল ক্রমে বলা হইল। অন্য প্রকার দ্বার মনে উদ্বেগ প্রদ, বর্জ্জনীয় ॥ ৩২১ ॥

দ্বারবেধং তু যত্নেন সর্ব্ববাস্তুষু বর্জ্জয়েৎ ॥ ৩২২॥

অনুবাদ—সকল বাস্তুতে যত্নপূর্ব্বক দ্বারবেধ বর্জ্জন কর্ত্তব্য ॥ ৩২২ ॥

বৃক্ষকোণাচ্চ ভৃঙ্গারাৎ স্তম্ভকূপধ্বজাদপি।
কুল্যাশ্বভ্রেণ বা বিদ্ধং ন দ্বারং শুভদং ভবেৎ ॥৩২৩

অনুবাদ—বৃক্ষকোণ, ভৃঙ্গার, স্তম্ভ, কূপ, ধ্বজ, কুল্যা ও গর্ত্ত এই সকল দ্বারা দ্বার বিদ্ধ হইলে ঐদ্বার শুভপ্রদ হইবে না ॥ ৩২৩ ॥

———

ক্ষয়শ্চ দুর্গতিশ্চৈব প্রবাসঃ ক্ষুদ্ভয়ং তথা।
দৌর্ভাগ্যং বন্ধনং রোগো দারিদ্র্যং কলহং তথা।
বিরোধশ্চার্থনাশশ্চ সর্ব্ববেধে ভবেৎ ক্রমাৎ ॥৩২৪॥

অনুবাদ—দ্বারবেধ দোষ থাকিলে ক্ষয়, দুর্গতি, প্রবাস, ক্ষুধা, ভয়, দৌর্ভাগ্য, বন্ধন, রোগ, দারিদ্র্য, কলহ, বিরোধ, অর্থনাশ—ক্রমে এই সকল অশুভ হয় ॥ ৩২৪ ॥

———

অথ প্রাকারাদি নির্ণয়ঃ

হয়শীর্ষপঞ্চরাত্রে—
প্রাসাদস্য চতুর্ভাগৈঃ প্রাকারস্যোচ্ছ্রয়ো ভবেৎ।
পঞ্চহস্তস্য দেবস্য একহস্তা তু পীঠিকা ॥ ৩২৫ ॥
তস্মাত্তু দ্বিগুণঃ প্রোক্তস্তথা গরুড়মণ্ডপঃ।
একহস্তাদি কুর্ব্বীত ত্রিংশদ্ধস্তান্তমেব চ ॥ ৩২৬ ॥

অনুবাদ—অনন্তর প্রাকারাদি নির্ণয়, হয়শীর্ষ পঞ্চরাত্রে—প্রাসাদের চতুর্থাংশ প্রাচীরের উচ্চতা হইবে, পঞ্চহস্ত প্রতিমার একহস্তা পীঠিকা। তাহার দ্বিগুণ গরুড় মণ্ডপ, একহস্ত হইতে ত্রিংশ হস্ত পর্য্যন্ত উচ্চ গরুড়স্তম্ভ হইতে পারে ॥ ৩২৫ ॥

———

অথ বৃক্ষরোপণনির্ণয়ঃ

মাৎস্যে—
পূর্ব্বেণ ফলিনো বৃক্ষাঃ ক্ষীরবৃক্ষাস্তু দক্ষিণে।
পশ্চিমেন জলং শ্রেষ্ঠং পদ্মোৎপল বিভূষিতম্।
উত্তরেণ নলৈস্তালৈঃ শুভা স্যাৎ পুষ্পবাটিকা ॥৩২৭॥

অনুবাদ—অনন্তর বৃক্ষরোপণ নির্ণয়, মৎস্যপুরাণে —শ্রীমন্দিরের পূর্ব্ব দিকে ফলবান্ বৃক্ষসমূহ রোপণ করিবেন, দক্ষিণে ক্ষীরবৃক্ষসমূহ, পশ্চিমে পদ্ম উৎপল বিভূষিত শ্রেষ্ঠ জলাশয়। উত্তরে নল, তাল বৃক্ষ ও পুষ্প বাটিকা ॥ ৩২৭ ॥

———

সর্ব্বতস্তু জলং শ্রেষ্ঠং স্থিরমস্থিরমেব চ।
সর্ব্বতশ্চাপি কর্ত্তব্যং পরিখাবলয়াদিকম্ ॥ ৩২৮ ॥

অনুবাদ—চতুর্দ্দিকে স্থির বা অস্থির শ্রেষ্ঠ জলাশয় এবং সর্ব্বদিকে পরিখা ও বলয়াদি কর্ত্তব্য ॥ ৩২৮ ॥

———

যাম্যে তপোবনস্থানমুত্তরে মাতৃকাগৃহম্।
মহানসং তথাগ্নেয়ে নৈর্ঋতে তু বিনায়কঃ ॥৩২৯॥

অনুবাদ—দক্ষিণে তপোবন স্থান, উত্তরে মাতৃকা গৃহ, অগ্নিকোণে রন্ধনশালা নৈর্ঋতে শ্রীগণেশ মন্দির ॥ ৩২৯ ॥

———

বারুণে শ্রীনিবাসশ্চ বায়ব্যে গৃহমালিকা।
উত্তরে যজ্ঞশালা তু নির্ম্মাল্যস্থানমেব চ ॥ ৩৩০ ॥
বারুণে সোমদৈবত্যে বলিনির্ব্বপণং স্মৃতম্।
পুরতো গরুড়স্থানং তথান্যেষাং যথোচিতম্।
এবমায়তনং কুর্য্যাচ্ছুভমণ্ডপসংযুতম্ ॥ ৩৩১ ॥

অনুবাদ—পশ্চিমে শ্রীনিবাস লক্ষ্মীমন্দির, বায়ুকোণে গৃহমালিকা, উত্তরে যজ্ঞশালা ও নির্ম্মাল্যস্থান। পশ্চিমে ও উত্তরে বলি অর্পণের স্থান, সম্মুখে গরুড়স্থান এবং অন্যদের যথাযোগ্য স্থান এইরূপ শুভমণ্ডপ সংযুক্ত আয়তন করিবেন ॥ ৩৩০-৩৩১ ॥

———

ঘণ্টা-বিতানক-সতোরণ-চিত্রযুক্তং
নিত্যোৎসবপ্রমুদিতেন জনেন সার্দ্ধম্।
যঃ কারয়েৎ সুরগৃহং বিবিধধ্বজাঢ্যং
শ্রীস্তং ন মুঞ্চতি সদা দিবি পূজ্যতে চ ॥৩৩২॥

অনুবাদ—মণ্ডপে ঘণ্টা, চন্দ্রাতপ, চিত্রযুক্ত তোরণ দ্বার নিত্য উৎসবানন্দিত ভক্তজনের সহিত বিবিধ ধ্বজাযুক্ত দেবগৃহ নির্ম্মাণ করান, লক্ষ্মীদেবী তাহাকে ত্যাগ করেন না এবং সর্ব্বদা স্বর্গে পূজিত হন ॥ ৩৩২ ॥

———

অথ জীর্ণোদ্ধারঃ

বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে—

যস্য রাজস্তু বিষয়ে দেববেশ্ম বিশীর্য্যতে ।
তস্য সীদতি তদ্রাজ্যং দেববেশ্ম যথা তথা ॥৩৩৩॥

অনুবাদ—অনন্তর জীর্ণ উদ্ধার, বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে—যে রাজার রাজ্যে দেবগৃহ জীর্ণ হইয়া পড়িতেছে, দেবগৃহবৎ তাহার সেই রাজ্যও দুঃখপায় ॥ ৩৩৩ ॥

———

কৃত্বা শীর্ণস্য সংস্কারং তথা দেবেশ-বেশ্মনি ।
দ্বিগুণং ফলমাপ্নোতি নাত্র কার্য্যা বিচারণা ॥৩৩৪॥

অনুবাদ—শ্রীহরিমন্দিরে জীর্ণ সংস্কার করিয়া নূতন নির্ম্মাণে দ্বিগুণ ফল প্রাপ্ত হয়, এ বিষয়ে সন্দেহ নাই ॥ ৩৩৪ ॥

———

বিষ্ণুরহস্যে—

পতিতস্য চ যঃ কর্ত্তা পতমানস্য রক্ষিতা ।
বিষ্ণোরায়তনস্যেহ স নরো বিষ্ণুলোকভাক্ ॥৩৩৫॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে—পতিত শ্রীবিষ্ণু মন্দিরের যিনি নির্ম্মাণ কর্ত্তা, আর পতমান মন্দিরের যিনি রক্ষিতা সেই মানব বিষ্ণুলোকে বাস করিবার উপযুক্ত ॥ ৩৩৫ ॥

———

অগ্নিপুরাণে—

পতিতং পতমানন্তু তথার্দ্ধস্ফুটিতং নরঃ ।
সমুদ্ধৃত্য হরের্দ্ধাম দ্বিগুণং ফলমাপ্নুয়াৎ ॥ ৩৩৬ ॥

অনুবাদ—অগ্নিপুরাণে—পতিত, পতমান এবং অর্দ্ধ স্ফুটিত শ্রীহরি মন্দিরের উদ্ধার কর্ত্তা মানব নবমন্দির নির্ম্মাণের দ্বিগুণ ফল প্রাপ্ত হয় ॥ ৩৩৬ ॥

———

দেবীপুরাণে—

মূলাচ্ছতগুণং পুণ্যং প্রাপ্নুয়াজ্জীর্ণকারকঃ ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন জীর্ণস্যোদ্ধারমাচরেৎ ॥৩৩৭॥

অনুবাদ—দেবীপুরাণে—নূতন মন্দির নির্ম্মাণ কর্ত্তা অপেক্ষা জীর্ণ সংস্কারকারী শতগুণ পুণ্য প্রাপ্ত হয়, সুতরাং সর্ব্বপ্রযত্নে জীর্ণ মন্দিরের রক্ষা করিবেন ॥ ৩৩৭ ॥

———

হয়শীর্ষপঞ্চরাত্রে চ—

বাপীকূপতড়াগানাং সুরধাম্নাং তথানঘ ।
প্রতিমানাং সভানাঞ্চ সংস্কর্ত্তা যো নরো ভুবি ।
পুণ্যং শতগুণং তস্য ভবেন্মূলান্ন সংশয়ঃ ॥৩৩৮॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—হে অনঘ ! এই জগতে যে মানব বাপী, কূপ, তড়াগসমূহের, দেবগৃহের, প্রতিমার ও সভাগৃহসমূহের সংস্কার করেন প্রথম মন্দির কর্ত্তা অপেক্ষা, তাহার শতগুণ পুণ্য হয় ইহাতে সংশয় নাই ॥ ৩৩৮ ॥

———

প্রতিষ্ঠায়া বিধিঃ কার্য্যস্তথা মন্দিরনির্ম্মিতে ।
প্রায়ঃ শ্রীহয়শীর্ষোক্তেরনুসারেণ বৈষ্ণবৈঃ ॥ ৩৩৯ ॥

অনুবাদ—প্রতিষ্ঠা বিধি এবং মন্দির নির্ম্মাণ কার্য্য অধিকাংশ শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রের উক্তি অনুসারে বৈষ্ণবগণের কর্ত্তব্য ॥ ৩৩৯ ॥

———

দেবালয়প্রতিষ্ঠা চ খ্যাতা তল্লিখনেন কিম্ ?
শ্রীমূর্ত্তিস্থাপনেনৈব সংপূর্ণা সা বিশেষতঃ ॥৩৪০ ॥

অনুবাদ—দেবালয় প্রতিষ্ঠা বিধি বিখ্যাত তাহা লিখনের কি প্রয়োজন ? শ্রীমূর্ত্তি স্থাপন বিধি লিখনের দ্বারাই দেবালয় প্রতিষ্ঠা বিধি বিশেষত সম্পূর্ণা হইয়াছে ॥ ৩৪০ ॥

———

যথোক্তং তত্রৈব—

দেবগৃহং দেবতায়াঃ প্রতিষ্ঠাবিধিনা সদা ।
সংস্কার্য্যং মনুজানান্তু সমুদায়োক্তকর্ম্মণা ॥ ৩৪১ ॥

অনুবাদ—ঐ গ্রন্থে এইরূপ উক্ত হইয়াছে—দেবতার প্রতিষ্ঠা বিধির সমুদায় কর্ম দ্বারা সর্ব্বদা দেবগৃহ সংস্কার করা মানবগণের কর্ত্তব্য ॥ ৩৪১ ॥

———

অথ শ্রীতুলসীং ধন্যাং বিবাহ্য প্রভুণা সমম্।
সম্প্রতিষ্ঠাপয়েচ্ছক্ত্যা বৈষ্ণবঃ কৃষ্ণতুষ্টিকৃৎ ॥৩৪২॥

অনুবাদ—অনন্তর শ্রীকৃষ্ণতুষ্টিকারী বৈষ্ণব প্রশংসনীয়া, শ্রীতুলসীকে প্রভুর সহিত বিবাহ দিয়া সামর্থ্য অনুসারে সম্যক্ প্রতিষ্ঠা করিবেন ॥ ৩৪২ ॥

অথ তুলসীবিবাহঃ প্রতিষ্ঠাবিধিশ্চ

শ্রীবশিষ্ঠ উবাচ—
বিবাহং সম্প্রবক্ষ্যামি তুলস্যাস্তু যথাবিধি।
যথোক্তং পঞ্চরাত্রে বৈ ব্রহ্মণা ভাষিতং পুরা ॥৩৪৩॥

অনুবাদ—অনন্তর শ্রীতুলসী বিবাহ ও প্রতিষ্ঠা বিধি, শ্রীবশিষ্ঠ বলিলেন—শ্রীতুলসীদেবীর বিবাহ আমি যথাবিধি সম্পূর্ণ বলিব। পুরাকালে ব্রহ্মা-কর্ত্তৃক ভাষিত পঞ্চরাত্রে যথাযথ উক্ত ॥ ৩৪৩ ॥

আদাবেব বনে বাপ্য তুলসীং স্বগৃহেঽপি বা।
বর্ষত্রয়েণ পূর্ণেন ততো যজনমারভেৎ ॥ ৩৪৪ ॥

অনুবাদ—বনে বা নিজগৃহে প্রথমতঃ শ্রীতুলসীকে রোপণ করিয়া বর্ষত্রয় পূর্ণ হইলে তৎপরে যজন আরম্ভ করিবেন ॥ ৩৪৪ ॥

সৌম্যায়নে প্রকর্ত্তব্যং গুরুশুক্রোদয়ে তথা।
অথবা কার্ত্তিকে মাসি ভীষ্মপঞ্চদিনেষু চ।
বৈবাহিকেষু ঋক্ষেষু পূর্ণিমায়াং বিশেষতঃ ॥৩৪৫॥

অনুবাদ—উত্তরায়ণে এবং গুরু ও শুক্রের উদয়ে, অথবা কার্ত্তিক মাসে ভীষ্মপঞ্চক দিনে বিবাহযোগ্য নক্ষত্রে বিশেষতঃ পূর্ণিমা তিথিতে ॥ ৩৪৫ ॥

মণ্ডপং কারয়েত্তত্র কুণ্ডবেদীং যথা পুনঃ।
শান্তিকঞ্চ প্রকর্ত্তব্যং মাতৄণাং স্থাপনং তথা।
মাতৃশ্রাদ্ধাদিকং সর্ব্বং বিবাহবৎ সমাচরেৎ ॥৩৪৬॥

অনুবাদ—প্রথমতঃ বিবাহ মণ্ডপ নির্ম্মাণ করাইয়া সেস্থলে কুণ্ড ও বেদী রচনা করাইয়া শান্তিকর্ম্ম ও মাতৃগণের স্থাপন কর্ত্তব্য। বিবাহবৎ মাতৃশ্রাদ্ধাদি সকল কার্য্য সম্পাদন করিবেন ॥ ৩৪৬ ॥

ব্রাহ্মণাংশ্চ শুচিস্নাতান্ বেদবেদাঙ্গপারগান্।
ব্রহ্মা বা দেশিকশ্চৈব চত্বারশ্চ তথর্ত্বিজঃ ॥ ৩৪৭ ॥

অনুবাদ—অতঃপর বেদবেদাঙ্গবিৎ পবিত্র স্নাতক ব্রাহ্মণ মধ্য হইতে ব্রহ্মা বা উপদেষ্টা এবং চারিজন ঋত্বিক বরণ করিবেন ॥ ৩৪৭ ॥

বৈষ্ণবেন বিধানেন বর্দ্ধনীকলসং যজেৎ।
মণ্ডপং কারয়েত্তত্র লক্ষ্মীনারায়ণং শুভম্ ॥৩৪৮॥

অনুবাদ—তৎপরে বৈষ্ণব বিধানে বর্দ্ধনীঘটকে পূজা করিবেন। বিবাহ মণ্ডপ রচনা করিয়া সেস্থলে লক্ষ্মীনারায়ণের শুভ বিজয় করাইবে ॥ ৩৪৮ ॥

গৃহযজ্ঞং পুরঃ কৃত্বা মাতৄণাং যজনং তথা।
কৃত্বা নান্দীমুখং শ্রাদ্ধং সৌবর্ণং স্থাপয়েদ্ধরিম্ ॥৩৪৯

অনুবাদ—প্রথমে গৃহযজ্ঞ এবং মাতৃগণের যজন করিয়া নান্দীমুখশ্রাদ্ধের পর স্বর্ণময় শ্রীহরিকে স্থাপন করিবেন ॥ ৩৪৯ ॥

কৃত্বারৌপ্যাঞ্চ তুলসীং লগ্নে ত্বস্তমিতে রবৌ।
বাসঃশতেন মন্ত্রেণ বস্ত্রযুগ্মেন বেষ্টয়েৎ ॥ ৩৫০ ॥

অনুবাদ—আর রৌপ্যময়ী তুলসীকে শুভলগ্নে সূর্য্য অস্তগেলে 'বাসঃশতেন' মন্ত্রে পরিধেয় ও উত্তরীয় বস্ত্রদ্বয় দ্বারা বেষ্টন করিবে ॥ ৩৫০ ॥

যদাবধ্নেতি মন্ত্রেণ কঙ্কণং পাণিপল্লবে।
কোঽদাদিতি চ মন্ত্রেণ করগ্রাহো বিধীয়তে ॥৩৫১॥

অনুবাং—যদাবধ্নেতি মন্ত্রে হস্তদ্বয়ে কঙ্কণ, কোঽদাদিতি মন্ত্রে কর গ্রহণ বিধান ॥ ৩৫১ ॥

ততঃ কুণ্ডে সমাগত্য আচার্য্যঃ সহ ঋত্বিজৈঃ ।
আচার্য্যো বেদিকাকুণ্ডে জুহুয়াচ্চ নবাহুতীঃ ।।৩৫২।।

অনুবাদ—অনন্তর আচার্য্য কুণ্ড নিকটে আসিয়া ঋত্বিকগণ সহ আচার্য্য বেদিকা কুণ্ডে নবাহুতী হোম করিবেন ॥ ৩৫২ ॥

বিবাহকর্ম্মবৎ সর্ব্বং বৈষ্ণবং দেশিকোত্তমৈঃ ।
কর্ত্তব্যশ্চ ততো হোমো বিশেষাদ্বিধিপূর্ব্বকম্ ।।৩৫৩

অনুবাদ—বৈষ্ণবীয় বিবাহ কর্ম্মবৎ সকল কার্য্য উত্তম আচার্য্য কর্ত্তৃক কর্ত্তব্য। তৎপরে বিশেষতঃ বিধিপূর্ব্বক হোম কর্ত্তব্য ॥ ৩৩৩ ॥

ওঁ নমো ভগবতে কেশবায় নমঃ স্বাহা, নারায়ণায় স্বাহা। মাধবায় গোবিন্দায় বিষ্ণবে মধুসূদনায় ত্রিবিক্রমায় বামনায় শ্রীধরায় হৃষীকেশায় পদ্মনাভায় দামোদরায় উপেন্দ্রায় প্রদ্যুম্নায় অনিরুদ্ধায় অচ্যুতায় অনন্তায় গদিনে চক্রিণে বিষ্বক্সেনায় বৈকুণ্ঠায় জনার্দ্দনায় মুকুন্দায় অধোক্ষজায় স্বাহা। ইতি হোমঃ ॥ ৩৫৪ ॥

অনুবাদ—ওঁ নমো ভগবতে কেশবায় নমঃ স্বাহা—এইরূপে নিম্নোক্ত নাম সমূহ দ্বারা চতুর্ব্বিংশতি কর্ত্তব্য নারায়ণায়, মাধবায়, গোবিন্দায়, বিষ্ণবে, মধুসূদনায়, ত্রিবিক্রমায়, বামনায়, শ্রীধরায়, হৃষীকেশায়, পদ্মনাভায়, দামোদরায়, উপেন্দ্রায়, প্রদ্যুম্নায়, অনিরুদ্ধায়, অচ্যুতায়, অনন্তায়, গদিনে, চক্রিণে, বিষ্বক্সেনায়, বৈকুণ্ঠায়, জনার্দ্দনায়, মুকুন্দায়, অধোক্ষজায়, স্বাহা। ইতি হোম ॥ ৪৫৪ ॥

যজমানঃ সপত্নীকো অন্যে যে গোত্রবান্ধবাঃ ।
প্রদক্ষিণাশ্চ কর্ত্তব্যাশ্চত্বারো বিষ্ণুনা সহ ॥ ৩৫৫ ॥

অনুবাদ—সপত্নীক যজমান এবং অন্য যে সকল গোত্রজ ও বান্ধবগণ বিষ্ণুসহ শ্রীতুলসীকে চারিবার প্রদক্ষিণ করিবেন ॥ ৩৫৫ ॥

তুলস্যাঃ পাণিগ্রহণে বেদিকায়াং বিভাবসৌ ।
শতং কুম্ভং জপেৎ সূক্তং পাবমানীং বিশেষতঃ ।।৩৫৬
তথৈব শান্তিকাধ্যায়ং নবসূক্তং তথৈব চ ।
জীবসূক্তং পুনর্জ্জপ্ত্বা তথা বৈষ্ণবসংহিতাম্ ।।৩৫৭।।

অনুবাদ—শ্রীতুলসীদেবীর বিবাহে বেদিকাতে, অগ্নিতে শতকুম্ভ সূক্ত ও পাবমানী সূক্ত বিশেষত জপ করিবেন ॥ ৩৫৬ ॥

শঙ্খঝল্লরিনির্ঘোষৈর্ভেরীতূর্য্যস্য নিস্বনৈঃ ।
গায়ন্তে মঙ্গলা নার্য্যো মাঙ্গল্যাং বিধিনাচরেৎ ।
দদ্যাৎ পূর্ণাহুতিং পশ্চাদভিষেকবিধিং ততঃ ।।৩৫৮

অনুবাদ—সেইরূপ শান্তিক অধ্যায়, নবসূক্ত, জীবসূক্ত পুনরায় জপ করিয়া এবং বৈষ্ণব সংহিতা পাঠ করিয়া, শঙ্খ, ঝল্লরি ধ্বনি ও ভেরী, তূরী ধ্বনি সহ নারীগণ মঙ্গল গীতি গান ও বিধিপূর্ব্বক মাঙ্গল্য আচরণ করিবেন, পরে পূর্ণাহুতি প্রদান করিয়া তৎপরে অভিষেক বিধি আচরণ করিবেন ॥ ৩৫৮ ॥

ব্রহ্মণে বৃষভং দদ্যাদাচার্য্যং পরিধাপ্য চ ।
গাং পটঞ্চ তথা শয্যামাচার্য্যায় প্রদাপয়েৎ ।
ঋত্বিগ্‌ভ্যো দাপয়েদ্বস্ত্রাণ্যেষাং দদ্যাচ্চ দক্ষিণাম্ ।।৩৫৯

অনুবাদ—ব্রহ্মাকে বৃষ দিবেন, আচার্য্যকে বস্ত্র-পরিধান করাইয়া গাভী, বস্ত্র এবং শয্যা প্রদান করাইবেন। ঋত্বিকগণকে বস্ত্রদান করিবেন এবং অন্যান্য দক্ষিণা দিবেন ॥ ৩৫৯ ॥

এবং প্রতিষ্ঠিতাং দেবীং বিষ্ণুনা চ সমর্চ্চয়েৎ ।
আজন্মোপার্জ্জিতং পাপং দর্শনেন প্রণশ্যতি ।।৩৬০।।

অনুবাদ—এইভাবে প্রতিষ্ঠিত শ্রীতুলসীদেবীকে বিষ্ণুসহ অর্চ্চন করিবেন, যাঁহার দর্শনে আজন্ম উপার্জ্জিত পাপ সম্পূর্ণ নষ্ট হয় ॥ ৩৬০ ॥

রোপয়েত্তুলসীং যস্তু সেচয়েচ্চ প্রযত্নতঃ ।
প্রতিষ্ঠাপ্য যথোক্তেন বিষ্ণুনা সহ মানবঃ ॥ ৩৬১॥

স মোক্ষং লভতে জন্তুর্বিষ্ণুলোকং তথাক্ষয়ম্ ।
প্রাপ্নোতি বিপুলান্ ভোগান্ বিষ্ণুনা সহ মোদতে ॥ ৩৬২ ॥

অনুবাদ—যে মানব তুলসীকে রোপণ করেন এবং যত্নপূর্ব্বক জল সেচন করেন, শাস্ত্র বিধিমত প্রতিষ্ঠা করিয়া বিষ্ণুর সহিত বিবাহ দান করেন। সেই মানব মোক্ষলাভ করেন এবং অক্ষয় বৈকুণ্ঠ-লোক প্রাপ্ত হন। বিপুল ভোগ প্রাপ্ত হইয়া শ্রীবিষ্ণুর সহিত আনন্দে থাকেন ॥ ৩৬১-৩৬২ ॥

প্রতিষ্ঠা শ্রীতুলস্যাস্তু লিখিতা বিষ্ণুযামলে ॥ ৩৬৩ ॥

অনুবাদ—বিষ্ণু যামলে শ্রীতুলসীর প্রতিষ্ঠা বিধি লিখিত আছে ॥ ৩৬৩ ॥

অথোপসংহারঃ

যো যো বিশেষোঽপেক্ষ্যঃ স্যাদন্যোঽপি লিখিতেঽবিহ ।
তত্তচ্ছাস্ত্রাৎ স স জ্ঞেয়ো নিতরাঞ্চ গুরোর্মুখাৎ ॥৩৬৪

অনুবাদ—অথ উপসংহার—এই শ্রীহরিভক্তি-বিলাস গ্রন্থে যাহা লিখিত হইয়াছে, তদ্‌ভিন্ন অন্য যাহা যাহা বিশেষ কিছু জানিবার অপেক্ষা হয়, সেই সেই শাস্ত্র হইতে সেই সেই বিষয় জানিবে অন্য সকল শ্রীগুরুমুখ হইতে অবশ্য জানিবে ॥ ৩৬৪ ॥

সন্ত্যন্যেঽপি সদাচারা বহবঃ শাস্ত্রদর্শিতাঃ ।
ন লিখ্যন্তেঽত্র তে সর্ব্বে গ্রাহকাভাবতোঽধুনা ॥৩৬৫

অনুবাদ—শাস্ত্র প্রদর্শিত অন্য বহু সদাচার আছে, সম্প্রতি গ্রাহক অভাবহেতু সে সকল এই গ্রন্থে লিখিত হইল না ॥ ৩৬৫ ॥

কৃত্যান্যেতানি তু প্রায়ো গৃহিণাং ধনিনাং সতাম্ ।
লিখিতানি ন তু ত্যক্তপরিগ্রহমহাত্মনাম্ ॥ ৩৬৬ ॥

অনুবাদ—এই সকল কর্ত্তব্য বিষয় কিন্তু অধিকাংশ ধনী সদ্ গৃহস্থের জন্য লিখিত হইল, ত্যাগী মহাত্মাগণের জন্য নহে ॥ ৩৬৬ ॥

অবশ্যং তানি সর্ব্বাণি তেষাং তাদৃক্‌ত্বসিদ্ধয়ে ।
প্রাগপেক্ষ্যাণি ভক্তির্হি সদাচারৈকসাধনা ॥ ৩৬৭ ॥

অনুবাদ—এই সকল সদাচার ত্যাগী-মহাত্মা হইবার জন্য পূর্ব্বে অবশ্য প্রয়োজন। কারণ এক-মাত্র সদাচার সাধন হইতেই বিধিভক্তি আবির্ভূত হন। শ্রীশ্রীগৌরকৃষ্ণ প্রকটিতযুগে সদাচার সহ শ্রী-নামসংকীর্ত্তন যুক্ত হইলে প্রেমভক্তি আবির্ভূত হন ॥৩৬৭

তেষাঞ্চ পূর্ব্বলিখিতাৎ কৃত্যান্যৈকান্তিলক্ষণাৎ ।
ব্যক্তিং যাতান্যথাপ্যন্তে লিখ্যন্তেঽল্পানি কানিচিৎ ॥ ৩৬৮ ॥

অনুবাদ—সংসারত্যাগী মহাত্মাগণেরও অবশ্য কর্ত্তব্য সমূহ পূর্ব্বলিখিত (১০ম বিঃ) একান্তিলক্ষণ মধ্যে প্রকাশিত আছে। অন্য প্রকার ও অল্প কিছু এক্ষণে লিখিত হইতেছে ॥ ৩৬৮ ॥

অথৈকান্তিকৃত্যম্

প্রাক্‌প্রেমভক্তিসম্পত্তেশ্চিহ্নানি লিখিতানি হি ।
তান্যেবৈকান্তিনাং প্রায়ো জ্ঞাপকানি বিদুর্বুধাঃ ॥৩৬৯

অনুবাদ—অনন্তর একান্তি কৃত্য—পূর্ব্বে ১০ম ভক্তি সম্পত্তির চিহ্নসমূহ লিখিত হইয়াছে। ঐ গুলিই প্রায় অধিকাংশ একান্তিগণের বিজ্ঞাপক অভিজ্ঞ ব্যক্তি জানিবেন ॥ ৩৬৯ ॥

সর্ব্বত্যাগেঽপ্যহেয়াযাঃ সর্ব্বানর্থভুবশ্চ তে ।
কুর্য্যুঃ প্রতিষ্ঠা বিষ্ঠায়া যত্নমস্পর্শনে বরম্ ॥৩৭০॥

অনুবাদ—সকল কিছু ত্যাগ করিলেও যাহা ত্যাগ করা যায় না, সর্ব্ববিধ অনর্থের জন্মভূমি ঈদৃশী প্রতিষ্ঠা বিষ্ঠার অস্পর্শনে যত্ন করা শ্রেয় ॥ ৩৭০ ॥

অতএবোক্তমেকাদশে শ্রীভগবতা (১৮।২৮)—
জ্ঞাননিষ্ঠো বিরক্তো বা মদ্ভক্তো বানপেক্ষকঃ ।
সলিঙ্গানাশ্রমাংস্ত্যক্ত্বা চরেদবিধিগোচরঃ ॥ ইতি ॥ ৩৭১ ॥

অনুবাদ—অতএব শ্রীমদ্ভাগবত একাদশ স্কন্ধে শ্রীভগবান বলিয়াছেন—পরিপক্ক জ্ঞানবান্ ও নিষ্কাম আমার ভক্ত মোক্ষেও অনাদরকারী প্রেমিক ভক্ত আশ্রম চিহ্ন সহ আশ্রম সমূহ ত্যাগ করিয়া বিধি নিষেধের অধীন না হইয়া বিচরণ করিবেন ॥ ৩৭১॥

———

একান্তিতাং গতানাং তু শ্রীকৃষ্ণচরণাব্জয়োঃ ।
ভক্তিঃ স্বতঃ প্রবর্ত্তেত তদ্বিঘ্নৈঃ কিং ব্রতাদিভিঃ ?
॥ ৩৭২ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণচরণ কমলদ্বয়ে একনিষ্ঠতা প্রাপ্ত ভক্তগণের ভক্তি স্বাভাবিকই উদিত হয়, তদ্‌বিঘ্ন-জনক উৎকট ব্রতাদিতে কি প্রয়োজন ? ৩৭২ ॥

———

ন ময্যেকান্তভক্তানাং গুণদোষোদ্ভবা গুণাঃ ।
সাধূনাং সমচিত্তানাং বুদ্ধেঃ পরমুপেয়ুষাম্ ॥৩৭৩॥

অনুবাদ—শ্রীকৃষ্ণ বলিতেছেন—রাগাদি রহিত সর্ব্বত্র সমবুদ্ধি সম্পন্ন, প্রকৃতির অতীত ভগবদ্ বস্তু প্রাপ্ত মদীয় একান্ত ভক্তগণের বিহিত বা নিষিদ্ধ কর্ম্ম জন্য পুণ্য বা পাপের সম্ভাবনা নাই ॥ ৩৭৩ ॥

———

তথা ব্রহ্মবৈবর্ত্তে—
যথা কথমপি শ্রীমান্ শ্রীকান্তং সমুপাশ্রিতঃ ।
কুরুতেঽখিলপাপানাং প্রলয়ং কিং পুনর্ব্রতৈঃ ? ৩৭৪

অনুবাদ—সেইরূপ ব্রহ্মবৈবর্ত্তপুরাণে—যে কোন ভাবে ভক্ত শ্রীমাধবকে সম্পূর্ণ আশ্রয়কারী সর্ব্ববিধ-পাপের ধ্বংস করিয়া থাকেন, সুতরাং ভজন বিঘ্ন-কারী ব্রতসমূহের কি প্রয়োজন ॥ ৩৭৪ ॥

———

বিষ্ণুরহস্যে ব্রহ্মনারদসংবাদে মাসোপবাস-কথনান্তে—
ইন্দ্রিয়ার্থেঽবসক্তানাং সদৈব বিমলা মতিঃ ।
পরিতোষয়তো বিষ্ণুং নোপবাসোঽজিতাত্মনঃ ॥৩৭৫

অনুবাদ—বিষ্ণুরহস্যে ব্রহ্মনারদ-সংবাদে মাস-ব্যাপি উপবাস কথনারম্ভে—ইন্দ্রিয় গ্রাহ্য প্রাকৃত শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ বিষয়ে অনাসক্ত ব্যক্তিগণের বুদ্ধি সর্ব্বদাই নির্ম্মল এবং শ্রীবিষ্ণুকে সন্তোষ প্রদান-রত, অতএব তাহাদের জন্য উৎকট ব্রতের প্রয়োজন নাই। অজিতেন্দ্রিয় ব্যক্তিগণের জন্য উপবাসের প্রয়োজন ॥ ৩৭৫ ॥

———

কিং তস্য বহুভিস্তীর্থৈঃ স্নানহোমজপব্রতৈঃ ?
যেনেন্দ্রিয়গণো ঘোরো নির্জ্জিতোঽদুষ্টচেতসা ? ৩৭৬

অনুবাদ—যিনি ভয়ঙ্কর ইন্দ্রিয়গণকে দমন করি-য়াছেন নির্ম্মল চিত্তদ্বারা, তাঁহার পক্ষে বহুতীর্থ ভ্রমণের কি প্রয়োজন এবং স্নান, হোম, জপ, ব্রতসমূহের কি প্রয়োজন ॥ ৩৭৬ ॥

———

জিতেন্দ্রিয়ঃ সদা শান্তঃ সর্ব্বভূতহিতে রতঃ ।
বাসুদেব পরো নিত্যং ন ক্লেশং কর্ত্তুমর্হতি ॥ ৩৭৭॥

অনুবাদ—যিনি জিতেন্দ্রিয় সর্ব্বদা শান্ত, সর্ব্ব-প্রানির মঙ্গল চিন্তারত আছেন, নিত্য শ্রীকৃষ্ণাশ্রিত, তিনি উপবাসাদি দ্বারা ক্লেশ সহ্য করিতে পারেন না ॥ ৩৭৭ ॥

———

যে স্মরন্তি সদা বিষ্ণুং বিশুদ্ধেনান্তরাত্মনা ।
তে প্রযান্তি ভয়ং ত্যক্ত্বা বিষ্ণুলোকমনাময়ম্ ॥৩৭৮॥

অনুবাদ—যাঁহারা বিশুদ্ধ চিত্তদ্বারা সর্ব্বদা শ্রী-বিষ্ণুকে স্মরণ করিতেছেন, তাঁহারা সর্ব্ববিধ ভয় পরিত্যাগ করিয়া নিরাময় শ্রীবিষ্ণুলোকে গমন করেন ॥ ৩৭৮ ॥

———

প্রভাতে চার্দ্ধরাত্রে চ মধ্যাহ্নে দিবসক্ষয়ে ।
কীর্ত্তয়ন্তি হরিং যে বৈ তে তরন্তি ভবার্ণবম্ ॥৩৭৯॥

অনুবাদ—যাঁহারা প্রভাতে, অর্দ্ধরাত্রে, মধ্যাহ্নে ও দিনান্তে শ্রীহরিকে কীর্ত্তন করেন, তাঁহারা নিশ্চয়ই ভবসমুদ্র তরিয়া যান ॥ ৩৭৯ ॥

———

আনন্দিতোঽথবা চার্ত্তঃ ক্রুদ্ধঃ শান্তোঽথবা হরিম্ ।
যোঽনুকীর্ত্তয়তে ভক্ত্যা স গচ্ছেদ্বৈষ্ণবীং পুরীম্ ।।৩৮০

অনুবাদ—যিনি আনন্দিত অথবা রোগাদি পীড়িত, ক্রুদ্ধ অথবা শান্ত যে কোন অবস্থায় নিরন্তর ভক্তিসহ শ্রীহরিকে কীর্ত্তন করেন, তিনি শ্রীবিষ্ণুপুরী বৈকুণ্ঠে গমন করেন ।। ৩৮০ ।।

গর্ভ-জন্ম-জরা-রোগ-দুঃখ-সংসারবন্ধনৈঃ ।
ন বাধ্যতে নরো নিত্যং বাসুদেবমনুস্মরন্ ।।৩৮১।।

অনুবাদ—যে মানব নিত্য নিরন্তর শ্রীকৃষ্ণকে স্মরণ করেন, তিনি কি গর্ভবাসে, কি জন্মকালে, কি জরাগ্রস্ত হইয়া রোগাদি ভোগকালে, সংসার বন্ধনে কোন দুঃখ বা স্মরণে বাধা পান না ।। ৩৮১ ।।

এবমেকান্তিনাং প্রায়ঃ কীর্ত্তনং স্মরণং প্রভোঃ ।
কুর্ব্বতাং পরমপ্রীত্যা কৃত্যমন্যন্ন রোচতে ।। ৩৮২ ।।

অনুবাদ—এইভাবে একাশ্রিত শ্রীকৃষ্ণ ভক্তগণের মধ্যে প্রায়শই পরমপ্রীতি সহ প্রভুর কীর্ত্তন ও স্মরণ-কারীগণের অন্য কিছু করণীয় রুচিকর হয় না ।। ৩৮২ ।।

ভাবেন কেনচিৎ প্রেষ্ঠশ্রীমূর্ত্তেরঙ্ঘ্রিসেবনে ।
স্যাদিচ্ছৈষাং স্বমন্ত্রেণ স্বরসেনৈব তদ্বিধিঃ ।। ৩৮৩ ।।

অনুবাদ—ইঁহাদের মধ্যে কাহারও কোন দাস্য সখ্যাদি ভাব অনুসারে প্রেষ্ঠ শ্রীমূর্ত্তির চরণ সেবায় ইচ্ছা হয়, তাহা হইলে নিজ ইষ্টমন্ত্র দ্বারা নিজ রস-পুষ্টির সহিতই সেবন বিধি ।। ৩৮৩ ।।

বিহিতেষ্বেব নিত্যেষু প্রবর্ত্তন্তে স্বয়ং হি তে ।
ইত্যাদ্যেকান্তিনাং ভাতিমাহাত্ম্যং লিখিতং হি তৎ ।। ৩৮৪ ।।

অনুবাদ—শাস্ত্র সদাচার বিহিত নিত্যকৃত্য সমূহেই তাহারা স্বয়ং প্রবর্ত্তিত হন, ইত্যাদি একান্ত শ্রীকৃষ্ণ ভক্তবৃন্দের মহিমা শাস্ত্রসমূহে বিরাজিত এবং তাহাই লিখিত হইল ।। ৩৮৪ ।।

সদা সদাচারপরাস্তু যে নরা
ভবন্তি দামোদরভক্ত্যপেক্ষয়া ।
তদীয়পাদাম্বুজধূলিধূসরং
কদা ভবেদস্য শিরোঽধমস্য মে ? ৩৮৫ ।।

অনুবাদ—যে সকল মানব শ্রীশ্রীরাধাদামোদরের শ্রীচরণে ভক্তি লাভের প্রয়োজনে সর্ব্বদা সদাচার পরায়ণ তাঁহাদের পাদপদ্মের ধূলি দ্বারা কবে এই অধম আমার মস্তক ধূসরিত হইবে ? ৩৮৫ ।।

শ্রীনন্দসুন্দর মুকুন্দপদারবিন্দ-
প্রেমামৃতাব্ধিরস-তুন্দিলমানসা যে
নানার্থবৃন্দমনুসন্দধতে ন চ স্বং
তেষাং পদাব্জমকরন্দমধুব্রতঃ স্যাম ।।৩৮৬।।

ইতি শ্রীগোপালভট্ট-বিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে
প্রাসাদিকো নাম বিংশতিতমো বিলাসঃ ।।
সমাপ্তশ্চায়ং শ্রীহরিভক্তিবিলাসো গ্রন্থঃ

অনুবাদ—যে শ্রীনন্দনন্দনের সৌন্দর্য্যে মুক্তি কুৎসিত হয়, সেই মুকুন্দের শ্রীচরণকমলের প্রেমামৃত সিন্ধুর রসে পরিপূর্ণ মানস সরোবর যাঁহাদের এবং যাঁহারা স্বপ্রয়োজনে নানা পুরুষার্থ সমূহ অনুসন্ধান করেন না, তাঁহাদের চরণকমল মধুপায়ী ভ্রমর আমি যেন হইতে পারি ।। ৩৮৬ ।।

ইতি শ্রীল গোপাল ভট্ট বিলিখিত শ্রীভগবদ্ভক্তি-বিলাসে প্রাসাদিক নামক বিংশতিতম বিলাস ।। ২০ ।। সম্পূর্ণ গ্রন্থ ১৪৬৫ শকাব্দে সূর্য্য তুলারাশিতে গমন করিলে কার্ত্তিকমাসে এই গ্রন্থ বৃন্দাবনান্তর্গত শ্রীনন্দালয়ে সমাপ্ত হইলেন ।।

।। শ্রীশ্রীহরিভক্তিবিলাস গ্রন্থ সমাপ্ত ।।